যুগাবতার শ্রীকৃষ্ণচৈতন্য

ডঃ হংসনারায়ণ ভট্টাচার্যএম্. এ. (ট্রিণ্ল্) পি-এইচ্, জি.
কাব্যপুরাণতীর্থ, সাহিত্যভারতী, বি**ছার্ণ**ব।



কার্মা কেএলএম প্রাইভেট লিমিটেড ক্যিকাডা • • ১১৪৮ क्षकान :

ক্ষুলী কেএলএম (প্রাইভেট) লিমিটেড, ২০ পবি, বিপিন বিহারী গাস্থলী ব্লীট, কলিকাতা-৭০০ ০১২

প্ৰথম মূদ্ৰণ: কলিকাতা, ১৯৪৮

মূজাকর:
শ্রীহুরেজনাথ জানা
মর্শ্ববাণী প্রেস
১৭এ, যোগীপাড়া বাই সের্নি,
ক্রিকাডা-৭০০ ০০০

প্রকাশনা জগতের স্মরণীয় পুরুষ এই গ্রন্থ রচনার মূল প্রেরণাস্বরূপ আমার অকৃত্রিম শুভামুধ্যায়ী অগ্রক্ষোপম অশেষবিভামুরাগী

স্বৰ্গত কানাইলাল মুখোপাধ্যায়ের

ভৃত্তি কামনায় তাঁরই পুণাস্মৃতির উদ্দেশ্যে
⁴যুগাবতার **শ্রীকৃফ**টৈতক্স' উৎসর্গ কর**লা**ম।

—এছকার

গৌরচব্রিকা

মহাপ্রস্থা ক্ষান্ত করেব অংলা কিক জীবন গাছিনী নিম্নে ইংরাজী, বালালা ও সংস্কৃত ভাষায় অসংখ্য জীবনী, কাব্য, নাটক, যাত্রাপালা প্রভৃতি রচিত হয়েছে এবং হচ্ছে। স্থত্যাং নতুন কবে প্রীচৈতত সম্পর্কিত গ্রন্থ বচনার কি প্রয়োজন ছিল ? এ প্রশ্ন স্বাভাবিক। সামার মনে হয়, প্রীচৈততের জীবন ও কর্মের ম্বার্থ মুলায়ন এখনও হয় নি। এই গ্রন্থ তার্ই দীন প্রয়াস।

সন্ত-প্রয়াত কার্যা কে এলএম-এব কর্ণধাব কানাইলাল মুখোপাধাার একদা তাঁর অফিসে বদে বলেডিলেন, চৈত্তভাদেবকে নিয়ে অনেকে ভজিতে গদগদ হয়ে তাঁকে ভগবান বানিয়েছেন, অনেকে আবাব ছ্হাতে তাঁর গায়ে কাদা ছিটিয়ে তাঁর লোকে'ন্তর মিনাকে ধ্নিয়াৎ করেছেন। কিন্তু প্রক্রতপক্ষেতিন কি ছিলেন ? সমাজে সংস্কৃতিতে তাঁর দান কতটুকু? তিনি কি মনেকানেক ধর্মগুরুর মত একদল শিশুভক্ত নিয়ে 'হরে রুফ' 'হরে রুফ' করতে করতে নাচ-গান করে কাটিয়েছেন ? তাঁব জাবনী ও কার্যাবলীর পরিপ্রেক্ষিতে নিরপেক্ষ দৃষ্টিতে একটি বই লিথে দিতে পারেন? কানাইবাব্র প্রস্তাবে সম্মত ছয়েছিলাম। কিন্তু বিষয়টি তাঁর মনকে এতই অধিকার করেছিল যে তিনি মাঝে মাঝেই গ্রন্থবিদার অগ্রাতি সম্পর্কে থোঁজথবর নিয়েছেন। প্রকাশনার কাজ যথন চলছে কথনও প্রকাশ কেবার সময়ে তিনি উচ্ছুসিত প্রশংসা করেছেন। কিন্তু ছ্র্ভাগ্যের বিষয় এই যে, গ্রন্থের প্রকাশ যথন সমাসত্র, তথনই তিনি অকম্মৎ ইত্লোক ডেডে চলে গেলেন। গ্রন্থটিয় প্রকাশ তিনি দেখে যেতে পারলেন না, এ আক্ষেপ রইলো চিরস্তন।

কানাইবাব্র ইচ্ছাকে মর্বাদা দিয়ে যথাদাধ্য নিরপেক দৃষ্টিতে প্রীচৈতন্তের দ্বানন ও সাধনাকে বিচার করতে প্রদাসী হয়েছি। এই কার্বে প্রধানতঃ ক্ষুস্বণ কবেছি প্রীচৈতক্তের সহপাঠী ও ভক্ত মুবারি গুণের কড়চা নামে প্রশিদ্ধ প্রক্রিক্তান্তক্ত চরিতান্ত্রম কাব্য, কবিকর্ণপুর পরমানন্দ সেনের প্রীকৃষ্ণচৈতক্ত চরিতান্তম্ মহাকাব্য ও চৈতক্তচন্দ্রোদয় নাটক, বৃন্দাবন দাসের চৈতক্তভাগবড, ক্ষুণান কবিবান্তের প্রীকৃষ্ণতৈতক্তচিরিতান্ত কাব্য, জয়ানন্দের চৈতক্তমন্দল ও লোচন দাসের হৈতক্তমন্দল ও ব্যাকর প্রক্রেশ্ব হৈতক্তমন্দল । এইগুলিই চৈতক্তচিরতের প্রাকর প্রক্রণে

পরিচিত। এ ছাড়াও মধ্যবুগে বহু বৈক্ষব মোহাছের জীবনী রচিত হয়েছে, প্রসক্ষমে অনেক গ্রন্থেই শ্রীচৈতন্তের প্রসঙ্গ আলোচিত হয়েছে। ইংরাজী ও বাঙ্গালা ভাষার আধুনিক কালে বহু দেশী বিদেশী পণ্ডিত শ্রীচৈতন্ত সম্পর্কে মূল্যবান গ্রন্থ প্রবন্ধ ইত্যাদি রচনা করেছেন। এই সকল গ্রন্থের বেটিকে সংগ্রন্থ করতে পেরেছি, তাকেই আমি কাজে লাগাবার চেটা করেছি।

কিছ প্রধান অস্থবিধা এই যে আধুনিক পণ্ডিতদের অনেকের রচনার যেমন স্ববিরোধিতা বর্তমান, তেমনি আবার বিভিন্ন লেখকের দৃষ্টিভকীর বৈপরীত্যও স্থান্ত। অনেকের রচনাই একদেশদশী। আবার আকরপ্রাক্তিনিভেও স্ববিরোধ যথেষ্ট, একের বিবরণের সঙ্গে অপরের বিবরণের অনেক গরমিল, চৈতক্তজাবনের সকল ঘটনা সকল গ্রন্থে স্থান পায় নি। লেখকগণ নিজ নিজ উদ্থেক্ত ও দৃষ্টিভকী অস্থসারে চৈতক্তচরিত রচনা ও ব্যাখ্যা করেছেন। স্বলে শ্রিচৈতক্তের জাবন ও সাধনা সম্পর্কে বিভান্তির স্থযোগ যেমন যথেষ্ট, তেমান যথার্থ সভ্যটি নিরূপণ করাও ত্ঃসাধ্য। অনেকেই তাই চৈতক্তচরিতের মনপ্রভাব্যাখ্যা দিয়েছেন, নির্মাণ করেছেন মনগভা থিয়োবা।

আরও একটি প্রধান প্রতিবন্ধকতা, চৈতক্সচরিত গ্রন্থগুলির অক্লব্রিমতা সম্পক্তে সংশয়। কোন্ গ্রন্থে কতটা হতাবলেপ ঘটেছে—নির্ণয় সম্ভব নয়। গোবিক্ষদাস কর্মকারের বড়চা, ঈশান নাগরের অবৈতপ্রকাশ, প্রাছার মিশ্রেব প্রক্রকচৈতক্রোদ্যাবলী প্রভৃতি গ্রন্থাবলীর প্রামাণিকতায় সন্দেহ অনেকেরই। এমন কি প্রতিতক্তের পার্বদ ও সহপাঠী ম্রারিগুপ্তের কড়চাকেও অনেকে খাঁটি রচনা বলতে কৃত্তিত। কড়চা মানে দিনপঞ্জী বা Diary। ম্রারির কড়চা নামক গ্রন্থটি সংস্কৃত ভাষায় একটি পূর্ণাক্ষ মহাকারের আকারে পাওয়া যায়। স্তর্বাং গ্রন্থটি ম্বাবির মৌলিক রচনা কিনা, অথবা কড়চা বা তাঁর নিজের ভা নির্ণয় করাও সঞ্জব নয়।

স্থতবাং মতারণ্যের তুর্গমতার মধ্যে প্রবেশের চেটা করা নিরর্থক জেনেই প্রাচীন অর্বাচীন বিশুদ্ধ অবিভ্রম সকল গ্রন্থেরই বজব্য আলোচনা করেছি, বিভিন্ন প্রস্থা বেকে যথেষ্ট উদ্ধৃতি দিয়ে লেখকদের বজব্য তুলে ধরতে চেটা করেছি এবং বৈপরীত্যের মধ্য থেকে সম্ভাব্য গ্রহণযোগ্য স্থাটি খুঁজে বার করার চেটা করেছি। প্রীচৈতজ্ঞের জীবনের যে সকল ঘটনা পণ্ডিত সমাজে বিভাকের স্থাটী করেছে, বিশেষভাবে সেই বিভক্তিত বিষয়প্তাল বিচার বিশ্লেষণে

প্রদানী হয়েছি। স্থামার সিদান্ত যে নর্বণা স্থান্ত দে দাবী করা সন্তব নর, নর্বন্ধই যে প্রকৃত সভাটি নির্ণর করা সন্তব হয়েছে ভাও নর; তথাপি কোন প্রকার মতবাদের হারা প্রভাবিত না হয়ে নিরপেক্ষ দৃষ্টিতে প্রীচৈতন্তের জীবনসাধনা আলোচনার চেষ্টা করেছি, এই স্থামার সান্থনা।

গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ভূক একজন সন্ন্যাসী আমাকে উপদেশ দিয়ে বলেছিলেন, মহাপ্রভূব পাঞ্চতি তিক দেহ ছিল না। তিনি ছিলেন চিন্ময়বিপ্রহ, এই আলোকে চৈত্রুচরিত বিচার করা কর্তব্য। মহাপ্রভূব আলোকিক চরিত্র ও কার্যাবলী তাঁকে ঈশব্যত্ব প্রতিষ্ঠিত করেছে ঠিকই—ঘরে ঘরে তার বিগ্রহও প্রজিত হচ্ছে। তার বিগ্রহকে কেন্দ্র করে ব্যবসায়িক সাক্ষণ্যও গোপন ব্যাপার নম্ন, কিন্তু পাঞ্চতিত দেহ নিয়েই শচীমাতার গর্ভ থেকে তিনি ভূমিন্ন হয়েছিলেন, এ ঘটনা ত কল্পনা নম্ন। ঐটচতন্তের অপাধিব সাধনার রহজ্যোপলন্ধি সাধাবের মাহবের তুরধিগম্য। তার মানবিক লীলা প্রত্যক্ষ করেই আমরা ধরা।

এই গ্রন্থে তাই শ্রীচৈতন্তের মানবিক শীলার বিচার বিশ্লেষণই গুরুত্ব পেয়েছে। শ্রীচৈতন্ত তার জীবৎকানে ই ঈশব্বতে প্রতিষ্ঠিত হয়েছিলেন। তাঁব ভক্ত জীবনীকারগণ তাঁকে ভগবান শ্রীরফ অথবা রাধারুফের মিলিত বিগ্রহরপের দেখেছেন এবং উপাদনা করেছেন। তাই তার মর্ভালীলাতেই বুলাবনলীলা আবোপিত হয়েছে, ভক্ত কবিগণ ব্লফ্-বিফুর বরাহ-নুসিংহাদি অবতার, চতুভূজ-মড়ভুজ মৃতি, ফুদর্শনধারী রক্ষ প্রভৃতি মহাপ্রভুর বিভিন্ন ভাবপ্রকাশ বর্ণনা করেছেন। এ সকল বিষয় ভক্তের অমুভূতির বিষয়, প্রাকৃতজ্ঞনের অধিকাব বহিছুতি। গভীর অহুভূতি প্রত্যয় ও নিষ্ঠাদশ্যর ভক্তজনেব মনে আঘাত দেওয়া আমার উদ্দেশ্ত নয়। মহাপ্রভুর অলোকিক লীলা নিয়ে অনেক প্রস্থই রচিত হয়েছে এবং হচ্ছে। কিন্তু তাঁর চরিতগ্রন্থ সমূহে তাঁর যে মানবিক মৃতিটি প্রকাশিত অলোকিকতা বাদ দিয়েও তার মহিমা সাধারণ নয়। মর্তের মাত্রৰ হিসাবে বিশ্বস্তব মিশ্র তথা সন্ন্যামী শ্রীকৃষ্টেচতত্ত্বের জীবনের ঘটনাবলা, চারিজিক বৈশিষ্ট্য, দেশের সমাজে সংস্থাততে সাহিত্যে তার যে অপারমেয় দান, তরিদেশিত সহজ ধর্মচরণের পথ, তৎসম্পব্দিত ভক্তগণ কর্তৃক স্ট বিচিত্র তত্ত্ব ইত্যাদি বিষয়গুলি এই প্রয়ের আলোচ্য। আমার ধারণা, প্রীচৈতন্যের আবির্ভাবের এত বিষ্যুত মূল্যায়ন ইতঃপূর্বে কোন গ্রন্থে করা হয় নি।

ৰীষীর পঞ্চশ-বোড়শ শতাখাতে অথও বালালা দেশের রাজনৈতিক,

সামাজিক ও ধর্মীর জীবনে বে জয়াবহ বিপর্বর, যে সাবিক অধােগতি ও অবক্ষর তা থেকে মৃক্তির পথনির্দেশের জন্য প্রেজন হরেছিল পরিবােতা শ্রীকৃষ্ণতৈতনার। কেই বৃশের পরিপ্রেক্তিতে শ্রীচৈতনাের ভূমিকাটির প্রতি অকুলি নির্দেশের উদ্দেশ্যেই গ্রন্থের নামকরণ করেছি যুগাবতার শ্রীকৃষ্ণচৈতনা। যুগের প্রয়োজনে শ্রীচৈতনাের আবির্ভাব হলেও শুধু তাঁর যুগেই নয়, তাঁর বহুবাাপ্ত প্রভাব যুগ থেকে যুগান্তরে প্রদারিত হয়ে সর্বদেশে সর্বকালের মান্থ্যের মৃক্তির পথ নির্দেশ কবে চলেছে এবং চলবে।

শ্রীতৈ তন্যের জীবনাদর্শ এবং শিক্ষা বাঙ্গালী তথা ভারতবাসী বিশ্বত হয়েছে।
আগামী ১৯৮৬ খ্রীষ্টাকের দোল পূর্ণিমায় মহাপ্রভূর পঞ্চণত আবির্ভার
তিথি উপলক্ষ্যে উৎসবের আযোদন শোনা যাচ্ছে দিকে দিকে। কিছা
পথস্তই লক্ষ্যহারা বাঙ্গালী তথা ভারতীয়দের শ্রীতৈতন্যের শিক্ষা পাণ্ডার সন্ধান
দিক, সঞ্চীবনী মন্তের কাজ করুক—এই আকাজ্ক্যা আজ সকল শুভরুদ্ধি সম্পার
মাহারের। এই গন্থে শ্রীতৈতনাের সামগ্রিক জ'বন সাধনা ও চবিক্রাদর্শের
ব্যাপক আলোচনা যদি পিছু সংখ্যক মাহারেরও শুভরুদ্ধি স্থাপ্তত করে, তাঁর
সম্পাকে কারােমন থেকে যদি লাস্ত ধাবণার নির্দেন হয়, তারেই সকল জ্ঞান
করবাে আমার প্রয়াস, আর স্বর্গত কানাইবারের সদিচ্ছা।

এই গ্রন্থ বচনায় তুর্ন ভ বৈষ্ণবীয় গ্রন্থ ল দেখবার ও প্রবাব স্থানে দিয়ে-ছিলেন নিজানন্দ বংশাবজংশ প্রভুপাদ শ্রীনিমাই চাঁদ গোষামা তাঁর ব্যক্তিগত গ্রন্থাবার থেকে। তাই তাঁর প্রতি আমার ক্রজ্ঞতার শেব নেই। কল্যানীয়া শ্রমতী রেখা মুখোপাধ্যায় গ্রন্থ র শক্ষ্তী প্রস্তুতে সহায়তা করে আমার শ্রম লাঘ্য করেছে। তার আগুরিক কল্যাণ কামনা করি। বন্ধুবর ভঃ রামজীবন আচার্য স্বত্যবৃত্ত হয়ে শ্রীচৈতনোর কোট্টীবিচার করে গ্রন্থে প্রকাশের অক্সতি দেওয়ায় গাকে অভিনন্দন জানাছি। যথেষ্ট স্তর্ক তা সত্তেও মুখ্রপ্রমাদের অত্কিত আক্রমণ মাঝে মাঝে বিব্রত ক্রার জন্য সন্ধ্র পাঠকের কাছে মার্জনা প্রার্থী।

সূচীপত্র

প্রথম অধ্যায় কোও কাল:

পৃষ্ঠা

1- R

বাঙ্গালা দেশে মুসলমান বাজশক্তির প্রতিষ্ঠার পর থেকে বোড়শ শতাকী পর্যন্ত মুসলমান বাজশক্তি ও রাজশক্তিপৃষ্ট পীর ফকির দরবেশদের লারা হিন্দুদের উপর অত্যাচার-উৎপীডন —দেবমন্দির ও দেববিগ্রহ ধ্বংস—নবদ্ধীপে মুসনমানের অত্যাচার —সমকালীন সাহিত্যের বিবরণ—হোসেন শাহের উদারতা সত্ত্বেও জনগণের সন্দেহ—হিন্দু সমাজের সংকীর্বতা—হিন্দুদের ইসলামধর্মগ্রহণ—পঞ্চদশ বোড়শ শতাকীতে নবদ্বীপের সামাজিক আছা —লৌকিক দেবদেবীর পূজা —আমোদ প্রমোদ, নব-দাপের বিভাগ্যাতি —ভিন্হীনতা, নৈতিক অধোগতি—বিক্ষব পারমণ্ডল—অবৈতের নেতৃত্বে বৈষ্ণবদের হরিনাম সংকীর্ভন—অবৈত ও হরিদাসের সাধনায় প্রীচৈতত্তের আবির্ভাব।

বিতীয় অধ্যায় বংশ পরিচয়:

81-44

মধুকর মিশ্র থেকে জগন্নাথ মিশ্র পর্যন্ত শ্রীচৈতক্তের পূর্বপূক্ষদের বিবরণ— শ্রীষ্ট থেকে জগন্নাথ মিশ্র, নীলাম্বর
চক্রবর্তী প্রভৃতির নবদ্বীপে আগমন—জগন্নাথ মিশ্রের
বিভাবতা ও অক্তান্ত গুণাবলী—শচীর বিবাহ — শচীর
চরিত্র — শচীর সম্ভান-বিনষ্টি— বিশ্বরপের জন্ম, পাঙিত্য
ভ সন্ন্যাস গ্রহণ।

তৃতীয় অধ্যায়

ŋ하 <u>.</u>

বন্ধ ও পোগওলীলা :

49--- 90

নিমাই-এর জন্ম-নামকরণ-বাল্যের ত্বস্তপনা, গঙ্গার
ঘাটে পুরুষ ও মহিলাদের উপর উপক্রব-ভবিশ্বৎ
চরিত্রের আভাস।

চতুৰ্থ অধ্যায়

बिरगीतारकत विवार्कन:

98----

বিষ্ণারম্ভ — বিছাভ্যাদে অসাধারণ প্রতিভার পরিচয় —
বিশ্বরূপের সন্ন্যাদ গ্রহণের পর নিমাই-এর শান্তভাব—
বিষ্ণাভ্যাদে অসাধারণ অনুরাগ — বিছার্জনে জগন্নাথের
নিবেধ — নিমাই-এব আগ্রহাভিশয্যে জগন্নাথের অনুমতিপ্রদান — নিমাই-এর শিক্ষাগুরু — অধ্যাপক ও সহপাঠীদেব
প্রশংসা অর্জন — বিছার্জন সমাধি।

পঞ্চম অখ্যায়

শ্রীগোরাজের বিছাবতা:

.....

শ্রীগোরাঙ্গের বিভিন্ন বিষয়ে পাণ্ডিত্য সম্পর্কে বিভিন্ন পণ্ডিতের মত—ব্যাবরণ, অপংকার ও কাণ্যে বৃংপত্তি—শান্তিপুরে সবৈতের কাছে বেদ অধ্যয়ন—বিছাদাণর উপাধি—বাস্থদেব দার্বভৌমের গুরু-শিক্স সম্পর্কে বিচার—ভাগবতে জ্ঞান—ম্বৃত্পান্তে পাণ্ডিত্য—ক্সায়শান্তে অধিকার—বদুনাথ শিরোমণির সহপাঠিত বিচার—বেদান্তে পাণ্ডিত্য—বৌদ্ধদর্শনে জ্ঞান—বিভিন্ন ভাষার বৃংপত্তি।

ষষ্ঠ অথ্যায়

পিভৃবিয়োগ ও লক্ষী পরিণয়:

775-756

বিশ্বরূপের সন্ন্যানে শচী ও জগন্নাথের শোক—নিমাই-এর
পিছ্মাভূদাখনা—জগন্নাথের আকম্মিক মৃত্যু—শচী ও
বিশ্বরের শোক ও শোকের উপশম—বিদ্যার্জন

নমান্তির পর নিমাই-এর অধ্যাপনা— গঙ্গাতীরে লক্ষ্মী-কেবীর সঙ্গে পরিচয়—লক্ষ্মীপরিণরে গোঁরাঙ্গের আগ্রহ —বনমালীর ঘটকালি—লক্ষ্মী পরিণয়—লক্ষ্মীর গুণে সকলের সংস্কাষ—ঈশরপুরীর নববীপে আগমন—নিমাই-এর রোগ—রোগারোগ্য—নিমাই পণ্ডিভের জনসংযোগ — দিখিজয়ী জয়ের ঘটনা পর্যালোচনা।

সভম অধ্যায়

নদীয়া লালা: গার্হস্থ্য জীবন ও রূপান্তর:

>53-176

গৌরচন্দ্রের পৃববঙ্গ ভ্রমণ— পূর্ববঙ্গ ভ্রমণের উদ্দেশ্র বিচার
—পূর্ববঙ্গে বিশ্বাদান— তপন মিশ্রেব সথ্যে সাক্ষাৎকার
—শ্রীহাসন— লক্ষ্মীর মৃত্যু — নিমাই-এর প্রভ্যাবতন ও
শোক—বিষ্ণুপ্রিয়া পরিণয়— অধ্যাপনায় মনোনিবেশ—
গর্মাযাত্রা— গর তে প্রেমভক্তির উদয় — ঈশ্বরপূরীর নিকট
দীক্ষা গ্রহণ — গৃহে প্রভ্যাবর্তন—কৃষ্ণভক্তিবিহরলতা—
নবদ্বীপের বৈষ্ণবদের সঙ্গে মিলন — অধ্যাপনা ত্যাগ —
বান্ধ্রোগের প্রেনোপ হরিনাম সংকীতন ও কৃষ্ণের
আবেশ— হরিনাম প্রচার — জগাই মাধাই উদ্ধার, কাজি
শাসন—শ্রীধরের লোহপাত্রে জলপান—কা'জ-কাহিন'র
সভ্যভা বিচার।

অপ্তম অখ্যায়

वियार जन्मान :

143-453

শ্রীগোরাঙ্গের নামকীর্তনে ভাবাবেশ—গোপী ভাব—
সন্ন্যাসের প্রস্তাব— ভক্তদের শোক— শচীমাতাকে সাম্বনা
— বিষ্ণুপ্রিয়াকে প্রবোধদান—সন্ন্যাসের উদ্দেশ ও কারণ
— সন্ন্যাস গ্রহণের বিবরণ—সন্ন্যাসের পরে শ্রীগোরাঙ্গের
শান্তিপুরে আগমন—শান্তিপুর থেকে নীলাচলে যাত্রা—
নীলাচলের পথে সঙ্গী— নীলাচলের পথ—নীলাচলে
উপস্থিতি।

নবম অথ্যায়

সাৰ্বভোম মিলন :

240-285

নীলাচলে বাহ্নদেব সার্বভৌমের সঙ্গে প্রথম সাক্ষাৎকার — সার্বভৌমের ব্যবস্থাপনায় প্রীচৈতত্ত্যের জগন্ধাধ দর্শন — প্রীচৈতত্ত্যকে বেদাও শিক্ষা দেওয়ায় সার্বভৌমের আকাক্ষা –সার্বভৌমেব পরাজয় ও চৈতত্ত্যের শর্ম গ্রহণ।

দশম অধ্যায়

দাক্ষিণাত্য পরিক্রমা:

282-2**46**

দাক্ষিণাত্য গননেব উদ্দেশ্য —দাক্ষিণাত্য ভ্রমণের সঙ্গী — পথে।বভিন্নতীর্থ দর্শন গোদাববীতীবে রামানন্দ মিলন — পথেব বিবরণ ও ভীর্থ পণ্টন – দ্ব্যু-বারাঙ্গনা-বৌদ্ধ ইত্যাদি উদ্ধাব –বামেশ্ব দেত্বন্ধ থেকে বারকা গমনের সম্ভাব্যতা ি তাব —দাক্ষিণাত্য ভ্রমণের ফল।

একাদশ অধ্যায়

রায় রামানন্দ মিলন:

-29.

কবিকর্ণপূব প্রাদত্ত বিবরণ—কবিরাজ্ঞ গোস্বামীব সাধ্যা-সাধ্য নির্ণয়ত্ত্ব।

ৰাদশ অধ্যায়

প্রভাপরুদ্র উদ্ধার:

305-39A

রাজদর্শনে মহাপ্রভুর অনিচ্ছা—প্রতাপক্ষের কু**ণাপ্রাথি** —কুণালাভের কাল।

ত্রয়োদশ অধ্যায়

শ্রীচৈভয়ের গোড়ভ্রমণ:

294-250

দাক্ষিণাত্য থেকে মহাপ্রভুর প্রত্যাবর্তনের পর গৌড়ীয় লক্ষ্যণের আগমন —রথযাত্তার পর ভক্তগণের প্রস্থান- প্রভুর সার্বভৌমগৃহে আভিথ্যগ্রহণ — বৃন্ধাবন যাত্তার আকাজ্ঞা—চার বংসর পরে গৌড়ের পথে

नुष्टी

বৃশাবন যাত্রা –পথে ববন শাসকের সহায়ত্তা—মহা-প্রভ্র সৌড়ে আগমন—স্থলতান হোসেন শাহের উদার ব্যবহার—রূপ সনাতনের প্রতি মহাপ্রভূব রূপা— ভক্তদেব ইচ্ছার গোড় থেকে নীলাচলে প্রত্যাবর্ডনের শথে শান্তিপুরে আগমন—মহাপ্রভূব আগম প্রমণের মন্তাব্যতা।

চতুর্দশ অখ্যায়

ৰুষ্ণাবন পরিক্রমা:

4.6-865

নীলাচল থেকে একাকী বৃন্ধাবন যাত্রা—বারাণসীতে ভুপন মিশ্রের গৃহে আতিথ্য গ্রহণ—বৃন্ধাবন থেকে প্রভাবর্তনকালে পাঠান বিজুলী থান ও তাঁর অন্থচরদের প্র'ত প্রভুর ক্রপা—কাশীতে সনাতনের সঙ্গে সাক্ষাংকার —প্রভুর বিতীয় বার গৌড়দেশে আগমন—কুলিয়া নবছাপে উপস্থিতি বিফ্পপ্রিয়ার গোরাঙ্গ বিগ্রহ পূজার অন্থমতি প্রাপ্তির সম্ভাব্যতা বিচার—কাশীতে প্রকাশানম্ম উদ্ধার কাহিনীর পর্যালোচনা।

পথাদেশ অথ্যায়

चखानीनाः

420-C.C

শেষ বাদশ বংসর মহাপ্রভূর দিব্যোরাদ অবস্থার বিবরণ।

শেড়শ অথ্যায় '

ৰহাপ্ৰভুৱ অপ্ৰকট:

978-006

ৰহাপ্ৰভূব নিকট অবৈত প্ৰেরিত তর্জা—তর্জার বিভিন্ন
আর্থ—তর্জাপাঠে প্রভূব তীব্র কৃষ্ণবিরহ—লীলা সম্বরণের
কাল—প্রীচৈতন্যের অপ্রকট সম্পর্কে নানাবিধ কাহিনী
ও বত্তবাদ আলোচনা—গুপ্তহত্যা সম্পর্কে ডঃ জরদেব
মুখোপাধ্যায়ের মঙ্কবাদের পর্বালোচনা—বিভিন্ন বৈক্ষর
নাধক ভক্ত সম্পর্কে বৃত্যুর অলোকিক কাহিনী।

সপ্তদশ অধ্যায়

এতৈত্ত চরিত্র:

346-466

শ্রীচৈতন্তের দিব্যকান্তি ও ব্যক্তিশ্ব—প্রতিভা— নির্ভীকতা—জীবে দরা—ভক্তবংসগতা—পিতৃভক্তি— মাতৃভক্তি—সন্ন্যাসধর্মের কঠোরতা—ভোজন-রসিকতা —কৌতৃকপ্রিয়তা—বিনয়।

অপ্তাদশ অথ্যায়

এতৈভক্ত ও নারী:

992-992

নারী সম্পকে কঠোর মনোভাব—ঔদার্য—নারীর সঙ্গে প্রাকৃষ বিচিত্র আচরণ—বিভিন্ন চরিতগ্রন্থে বিবরণের ভিন্নতা।

উনবিংশ অথায়

শ্রীচৈতভার ধর্ম ও চৈতগাতত্ব:

999-8 · ¢

চৈতন্তের ধর্মে উদারতা—ভাগবত ধর্ম—নারদীর মত—
শংকরাচার্ধের নিবিশেষ রক্ষবাদ—মধুস্পন সবস্থতীর
মত—গ্রীধর স্থামীর মত—মাধ্য সম্প্রদায়—নিম্বাক
সম্প্রদায়—শ্রীচৈতন্যের ধর্মে পূর্ববর্তী মতের প্রভাব—
চৈতন্ত সম্প্রদায়—আলোরার সম্প্রদায়—স্থামত ও
শ্রীচৈতন্যে শিক্ষা—সহজিয়া সাধনা ও শ্রীচৈতন্য—
বৈক্ষবীর পঞ্চরস—মহাপ্রভূব দাসভাব ও রাধাভাব—
শ্রীচৈতন্যের রাধাক্ষের অবর বিগ্রাব্রণে প্রতিষ্ঠা—
গৌরপার্যাবাদ—বিবর্তভোগবিলান্বাদ।

বিংশ অথ্যায়

এচৈতন্যাবদান — সাহিত্য ও সংস্কৃতিতে:

8.4-133

নংম্বত সাহিত্যে ঐচৈতন্যের দান—সংম্বত জীবনী কাব্য — দর্শন— দ্বতি — ছন্দোগ্রহ রচনা— বালালা সাহিত্যে ঐচৈতন্যের দান—জীবনী কাব্য—সাধ্বা নিবশ্ব—পদাবলী সাহিত্য—পদ সংকলন—বাদালা সাহিত্যের অন্যান্য শাখায় বৈষ্ণব প্রভাব—বাউলগানে শ্রীচৈতন্য—কীর্তন গান—উড়িয়া সাহিত্য—অসমীয়া সাহিত্য।

একবিংশ অধ্যায়

যুগাবভার জ্রীকৃষ্ণচৈত্তন্য:

800-808

জাতির জাতা প্রীচৈতন্য—বৈষ্ণৰ সমাজের শক্তিবৃদ্ধি—
জনশক্তির জাগরণ —লোক শিক্ষা—জাতিভেদ ও
প্রীচৈতন্য—পতিতের ভগবান প্রীকৃষ্ণ চতন্য— শৃত্রের
মর্বাদা—সহজ্ঞ ধর্মাচরণ—হিন্দু সমাজের আত্মরক্ষার
ব্যবস্থা—ভক্তদের মধ্যে প্রীচৈতন্যের আদর্শ—প্রীচৈতত্তও
ম্সলমান সমাজ— চৈতন্যোত্তরকালে চৈতক্তথর প্রচার—
দক্ষিণ ভারতে চৈতন্যপ্রভাব—বৈষ্ণৰ সংস্কৃতির কেন্দ্র
বৃষ্ণাবন—শংকর দেব ও প্রীচৈতন্ত্য লানক ও প্রীচৈতন্য
—পশ্চিম ভারতে চৈতন্যপ্রভাব—প্রীচেতন্য ও বৃদ্ধদেব—
সমাজ সংস্কার—চৈতন্য প্রভাবে বাঙ্গালীর বীর্বহীনতা ?
—উভিন্থার পতনে প্রীচৈতন্যের দায়িত্ব—প্রীচৈতন্যের
যুগাবতাবক্রপে প্রতিষ্ঠা।

পবিশিষ্ট

676<u>2</u> 6764

শ্রীচৈতন্যরচিত শ্লোকাবলী — শ্রীচৈতন্যের রাশিচক্রে ধর্মভাব বিশ্লেষ্ণ ।

এছপঞ্চী


144-69.

শব্দগৃচী

111-824

ব্গাবতাব শ্রীবৃষ্ণচৈতন্য






ৰড়ভুঞ্জ চৈতনা, ভূবনেশ্বৰ

সোনাব গোবাঙ্গ, নবশ্বীপ

ধ্গাবতার গ্রীকৃষ্ণচিতন্য

বিষণ্টিয়া প্ৰিত মহাপ্তভুর বিগ্ৰহ নক্বীপ







প্রথম অধ্যার দেশ ও কাল

১২০০ অথব। ১२০১ औष्टोरम वथ् जियात थिनको निषया वा नवधील क्या करान বঙ্গাধিপতি মহাবাজ লক্ষাদেন পূর্বক্ষে পলায়ন ক'রে আরও কিছুকাল, সম্ভবত: ১২০৬ খ্রীষ্টাদা পর্যন্ত বাজাত্ব করেন। লক্ষ্মণদেনের প্রেও তাঁব বংশধরগণ অন্ততঃপক্ষে অর্থতা দীকাল পূর্ব ও দক্ষিণ বঙ্গে বাজত্ব করেছিলেন। কবি উমাপতিধর ও কবি শর্বেব র'চিত ছটি শ্লোক এবং লক্ষ্ণদেনের পুত্র বিশ্বরপ-দেন ও কেশবদেনের তামলিপি থেকে মুসলমানদের সঙ্গে লক্ষণসেন ও তাঁর পুত্রবয়ের সংঘর্ষের ইঙ্গিত পাওয়া যায় ৷ কিন্তু ত্রয়োদশ শতাব্দীর শেষভাগে সমগ্র বঙ্গদেশ মুসলমান শক্তির বাবা বিজিত হয়েছিল। বথ তিয়ার থিল্জী নবদ্বীপ লুঠন করেছিলেন, কিন্তু অধিকার করতে পারেন নি। ৬৫৩ হিজরায় (১২৫৫ औ:) अथवा তার किय़ ९ कान शूर्व वानानात वाधीन स्नाजान भृत्रेन, উদ্দিন যুক্তবক্ নবন্ধীপ অয় করে বিজয়ের শ্বতি হিসাবে নৃতন মূলা প্রচলন করেছিলেন। বথ্তিয়ার থিল্ফীর নবছীপ অধিকার সম্বন্ধে রাথালদাস বন্দ্যোপাধ্যারের অভিমত: "বথ্তিয়ার থিস্জি লক্ষ্ণাবতী নগর ও তাহার চতুপার্যান্তত সামাত্র ভূমিষাত্র অধিকার করিয়াছিলেন। বথ্তিয়ারের মৃত্যুকালে ববেজ্রভূমির কিয়দংশমাত তাঁহার পদানত হইয়াছিল। এই সময়ে গঙ্গাতীর হইতে দেবকোট পর্যন্ত পঞ্চশত ক্রোশ পরিমিত ভূমি তাঁহার অধিকার-ভুক ছিল।^{*৩}

> "মনে হয়, অয়োদশ শতকের পেঁব পর্বন্ত পৃথি ও দক্ষিণ বন্ধ কোন রক্ষ করিয়া মৃস্যমানাধিকারের হাত হইতে নিজেদের খাতর্য রক্ষা করিয়াছিল,—কোধাও সেনবংশীর রাজাবার
নায়কছে কোধাও অন্ত কোন ছানীর রাজাবা সামন্তের নায়কছে।… অয়োদশ শতকের
পর বাংলাদেশেব কোধাও আর কোন খাধীন বত্ত হিন্দু নরপতির নাম শোনা বাইভেছে
না।' (বাঙ্গালীর ইতিহাস—আদিপর্ব—নীহারবন্ধন রায়, পৃঃ ১১৬)

२ वाकामात्र ইতিহাস—त्राधानपान वत्माभाषात्र—२४, पृ: ७-৮

७ छहिन, शृ: १

অতঃপর ধীরে ধীরে বাঞ্চালাদেশে মুসলমান আধিপত্য প্রসারিত হতে থাকে। স্থলতান গিয়াস-উদ্দিন ইউয়জের মৃত্যুর পর লক্ষণাবতী দিল্লীর হলতানের শাসনাধীন হয়। ১২৫৮ খ্রীষ্টাব্দে উদ্ধৃ বক নিহত হন। "সপ্তগ্রাম অঞ্চল বিজিত হয় আরপ্ত প্রায় বছর চল্লিশেক পরে। এ কাজ করেছিলেন কক্ন্ কৈকাউস (১২১১—১৩০২ খ্রীঃ)। এর সেনাপতি জাফর থাঁ পাণ্ড্রা জিবেণী অঞ্চলের মন্দির প্রাসাদ ইত্যাদি ধ্বংস ক'রে মস্জিদ বানিয়েছিলেন ৬৯৮ হিজরায় (১২৯৮ খ্রীঃ)। তালি চ্বাদি ধ্বংস ক'রে মস্জিদ বানিয়েছিলেন শতাকী পেরিয়ে যেতে হয়েছিল।" দক্ষিণবন্ধ সম্পূর্ণরূপে বিজিত হয় ৮৭০ হিজরায় বা তার কিছুপূর্বে স্থলতান ক্ষক্ম্মিন বরবক্ শাহের রাজ্যকালে (১৪৫৯—৭৪ খ্রীঃ)। কৈকায়ুস শাহের ক্রিট ল্রাতা স্থলতান শমস্-উদ্দিন ক্রিরোজ শাহের রাজ্যকালে (হিজরা ৭০২-২২ অর্থাৎ ১৩০২—১৩২২ খ্রীঃ) পূর্ববন্ধ বিজিত হয়।

দিলীর শাসনকালে বাঙ্গালাদেশে রাষ্ট্রীয় ব্যবস্থা অত্যন্ত শিথিল হয়ে পড়েছিল। ১৩৪২ খ্রীষ্টান্দে সমস্তদিন ইলিয়াস শাহ লখ্নোতির সিংহাসনে আরোহণ ক'রে ইলিয়াস শাহী বংশর প্রতিষ্ঠা করলে বাঙ্গালার রাজনৈতিক জীবনে স্থামিত্ব আদে। ইলিয়াস শাহী বংশ ১৪০০ খ্রীঃ পর্যন্ত স্থাধীনভাবে বাঙ্গালাদেশে রাজত্ব করেছিলেন। এরপর রাজা গণেশ ও তাঁর ধর্মান্তরিত পুত্র জালাকৃদিন ও পৌত্র আহমদ শাহু ১৪৪২ খ্রীঃ পর্যন্ত করেন। রাজা গণেশের বংশধরদের রাজত্বের অন্তে ইলিয়াস শাহী বংশের পুনরুখান ঘটে নাসিরুদ্দিন মাহ্ম্দ শাহের (১৪৪২—৫০ খ্রীঃ) রাজ্যালাভের সঙ্গে সঙ্গে। এই বংশের শেষ রাজা জালাকৃদ্দিন ফতে শাহু (১৪৮২—৮৭ খ্রীঃ)। মাহ্ম্দশাহীবংশ নামে এই বংশ ইতিহাসে স্থারিচিত। অতঃপর ১৯৮৭ থেকে ১৪৯৩ খ্রীষ্টান্দ পর্যন্ত সাত বংসর হাব্শী রুজদাসরা একের পর এক বাঙ্গালার মসনদে বসে অত্যাচারের স্রোভ বইয়ে দেশে অরাজকতা স্পন্তি ক'য়ে গেছেন। শেষ হাব্শী রাজা সামস্থাদিন ম্লাফরের অত্যাচার সম্পর্কে ঐতিহাসিকের অভিমত: "But his rule was a fitting climax to the infamous Abyssinian epoch in Bengal for his was a perfect reign of terror.

১ বঙ্গপূমিকা—ডঃ কুকুমার সেন—পৃঃ ১০৮

२ बाजानात्र रेजिराम – बाथानराम बस्माप्राधात्र. २३, शृ: ৮

Anxious to root out all opposition, he was not satisfied with merely purging the government, but commenced a ruthless destruction of the noble and learned men of the capital. His sword equally fell on the Hindu nobility and princes suspected of opposition to his sovereignty."

মহাপ্রভু ঐটিচতন্যের জন্ম ১৪৮৬ এটাকে জালালুদিন কতে শাহের রাজস্ব-কালে। কিন্তু তাঁর কর্ম ও সাধনার সময়ে বাঙ্গালার সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন আলাউদিন হোসেন শাহ। এই স্থদীর্ঘ মুসলমান শাসনকালে বাঙ্গালী হিন্দুবৌদ্ধের উপরে অত্যাচার অবিচারের বক্তা বয়ে গিয়েছিল। মঠ মন্দির দেব-বিগ্রহ ধ্বংস করা বা অপবিত্র করা, নির্বিচারে বিধর্মী কান্দেরকে হত্যা করা অথবা বলপূর্বক ধর্মান্তরিত করা বিজ্ঞেতা জাতির পবিত্র কর্তব্য কর্মে প্রবিস্তিত হয়েছিল। এই সময়ে উৎপীড়ন-অত্যাচার-অবিচারের বিবরণ যেমন সমকালীন কাব্যে হুনভ, তেমনি আধুনিক কান্সের পণ্ডিতবর্গণ্ড এ বিষয়ে ব্যাপকভাবে আলোচনা করেছেন।

প্রীষ্টায় অয়োদশ শতাকা থেকেই মৃদলমান শাদকের দৈক্সদল এবং পাঁর ফকির গাজাদের উপদ্রবে হিন্দুসমাজ উৎসরে যাবার উপক্রম হয়েছিল, শাদককুল পরাজিত হিন্দুদের নির্বিচারে হত্যা করে কথনও বা বলপূর্বক ধর্মান্তরিত করে মৃদলমানের সংখ্যা বৃদ্ধি করতে থাকেন। হিন্দুদের প্রাণত্যাগ ও ধর্মত্যাপের মধ্যে একটি বেছে নেওয়া ছাড়া গতান্তর ছিল না। হিন্দুকে স্বধর্ম আনমন করা ছিল মৃদলমানের পবিত্র কর্ম। হোদেন শাহের পূর্ব পর্যন্ত একই রীতির পুনরাবৃত্তি হয়েছে। ধর্মান্তরীকরণ, হিন্দুর মন্দির, বৌদ্ধ সন্ধারাম ও দেব বিত্রাহ ধ্বংস কয়া এবং মন্দির, সম্থারামের ভরাশে দিয়ে মসজিদ নির্মাণ করাও সমানভাবে চলেছে। সিকান্দার শাহ (১০৫৭-৮৯ প্রী:) বহু মন্দির সন্থারাম ধ্বংস করিয়ে তন্ধারা মসজিদ নির্মাণ করিয়েছিলেন। ইউস্কৃত্ব, শাহের আমলে পাণ্ডুয়ার স্ক্রমন্দির ও নারায়ণ মন্দিরকে মসজিদ ও মিনারে পরিণত করা হয়েছিল।

আর একজন পণ্ডিতের মস্তব্য: "দেশ আতঙ্কপূর্ণ এবং থণ্ড থণ্ড রাজ্যে

> History of Bengal-vol. II, Ducca University, p. 140.

২ বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, ২মু, পৃঃ ২৪২-২৪৩

বিভক্ত। তাহার উপর উপদ্রব লাগিয়াই আছে। বাজপুষ্ট ব্রাহ্মণ কবি পণ্ডিত এখন অনাথ, সমুদ্ধ বৌদ্ধ বিহারগুলিও বিধ্বস্ত।"

সিকান্দার শাহ কর্তৃক গোড়-পাঙ্রার বিখ্যাত আ দন। মদজিদ নির্মাণ সম্পর্কে ঐতিহাসিক রাখাল দাস বন্দ্যোপাধ্যায় লিখেছেন,

" রজনী কাস্ত চক্রবর্তী মহাশয়ের মতান্তসারে একটি বৌদ্ধ তুপ ধ্বংস করিয়া ইহা নির্মিত হইযাছিল। আদিনার ধ্বংসাবশেষ মধ্যে পাবাণ নির্মিত বহু হিন্দু দেবদেবী ও মন্দিরের উপকরণ আবিদ্ধৃত হইযাছে। আদিনা মসজিদে বেদীর (সিম্বব) নিম্নে ভগ্ন সোপানাবলী মধ্যে অল্লদিন পূর্বে একটি ভগ্ন দশভূজা মূর্তি দেখিতে পাওযা যাইত।" ব

ত্বু কি তাই ? "হগলী ত্রিবেণীতে জাকর থাঁব আন্তানা বা সমাধি মান্দবে ব্যবহৃত পাথরগুলিতে বহু দেবদেবীর মূর্তি উৎকীর্ণ। এই আন্তানার অভ্যন্তরে উৎকীর্ণ টুকরো টুকরো লিপি থেকে জানা যায় যে জাকর থাঁর আন্তানাটি পূর্বে একটি বিষ্ণু মন্দিব ছিল। মন্দিরের গায়ে বামায়ণ ও মহাভারতের অসংখ্য চিত্রাবলী থোদাই করা ছিল।"

সপ্তথাম ত্রিবেণীর শক্তিশালী হিন্দু সামস্ত রাজাদেব সঙ্গে যুদ্ধে এবং হিন্দু
নিধন য জ এই জাফর খাঁ নাযকেব ভূমিকা নিয়েছিলেন। ৬৯৮ হিজবাব
একটি ি শলিপিতে জাফর খাঁ গাজীকে সিংহবিক্রম এবং অবিশ্বাসীদেব থজা ও
ভল্ল দিখে নিধনকাবী বলে উল্লিখিত আছে।

অবাপক স্থমর মুথোপাধ্যার আদিনা মদজিদ সম্পর্কে লিথেছেন, "মুদল-মান আমলে হিনু মলিরের উপকরণে যে সমস্ত মদজিদ তৈরি হত, তাতে সাধারণতঃ দেবদেবীর মৃতিগুলিকে নিশ্চিহ্ন বা বিক্বত করা হত। অথবা উল্টে রাধা হত, কিন্তু আদিনা মদজিদেব মধ্যে যে সব দেবদেবীও মৃতি দেখতে পাওয়া যায় তাদের অধিকাংশই অবিক্বত এবং সেগুলি সোজাহ্বজিভাবে বদানো আছে, তাদের অনেকগুলি মদজিদের বাইরের দেওয়ালে ও ভেতরে বেশ ভাল জারগার প্রতিষ্ঠিত আছে। বিতামত, এই মসজিদের কয়েকটি দবজার উপবের

১ ৰাঙ্গালা সাহিত্যের ইতিহাস-১ম, পুৰার্-ডঃ হকুমার সেন, এর্থ সং, পৃঃ ৮১

२ वाकानात हेरिहाम-द्राधानमाम, २व, 9: ১১७

৩ পশ্চিষবক্ষের সংস্কৃতি-বিনয় বোষ-পু: ৪৮٠

৪ তদেব, পঃ ৪৯৩

পানেশে খুব স্থানবভাবে হিন্দুদেবভার মূর্তি খোদাই করা আছে; ঐ প্যানেল-গুলি ব'ইরের থেকে আনা হলেছে বলে মনে কথা শক্ত, কারণ এগুলি দরজার মাণেব সঙ্গে অবিকল মিলে যায়। "

মাহমূদ শাহী বংশের ইউস্থক সাহ অত্যন্ত হিন্দু বিদ্বেষী ছিলেন। তাঁর আমলেই ছগলী পাণ্ড্যার হিন্দুব মন্দির ভেলে মসজিদ তৈরি হয়েছিল, নারায়ণ ও স্থা মন্দিবকৈ মসজিদ ও মিনারে পরিণত কবা হযেছিল। ও অধিকাংশ মুসলমান রাজাই হিন্দুদেশী ছিলেন এবং হিন্দুদেশ উপবে নির্মম অত্যাচার করতেন। এমন কি, রাজ। গণেশের পুত্র যতু ইসলাম ধর্ম গ্রহণ ক'রে জালালুদ্দিন নামে গোড়েব সিংহাসনে বগে হিন্দুর উপরে অত্যাচার করেছিলেন।

এই সময়ে পীর ফকির দরবেশ প্রভৃতি ইসলাম ধর্ম প্রচারকরাও বলপূর্বক ইসলাম ধর্ম প্রচার কার্যে এবং হিন্দু নিধনে পশ্চাৎপদ হতেন না। এরা নানা কৌশলে এবং বলপ্রয়োগের দ্বারা হিন্দু সমাজের নিম্ন বর্ণের মধ্যে ইস্লাম ধর্মকে প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন। এরা হিন্দুর মানসিকতার দিকে লক্ষ্য রেথে দরগা-খানকা স্থাপন করতেন, আবার ম্সলমান শাসকদের সঙ্গে যোগ গিরে তরবারি হস্তে হিন্দু নিধনেও যোগ দিতেন। পাণ্ডিত্য ও ধার্মিকতার জন্ম এবং অলৌকিক ক্রিয়াকলাপের জন্ম খ্যাত অনেক স্থকী সাধক হিন্দু তান্ত্রিক সাধকদের স্থান গ্রহণ ক'রে স্ব স্থ প্রভাবে ও উপদেশে হিন্দুদের ধর্মান্তরিত করতেন। এ সম্বন্ধে বহুতব ঐতিহাসিক প্রমাণ রয়েছে। প্রীহট্টের শাহ জালাল পীর ৩৬০ জন দরবেশ সেনা নিয়ে প্রীহট্টের রাজ্যা গৌর গৌরিন্দকে পরাজিত ক্রেছিলেন। ইব্রাহিম মালিক বাজু নামে এক ক্ষরির রোটাস্গড়ের রাজকুমার হংসকুমারকে আক্রমণ করায় উভয়েই নিহত হয়েছিলেন। মৃকুটবায় নামক এক জ্মিদার ধর্মান্তরীকরণে বাধা দিতে গিয়ে নিহত হন। হামিজুদ্দিন নামে এক গাজী বীর-ভূমের বহু হিন্দুকে মুসলমান করেছিলেন।

ড: রমেশচন্দ্র মজুমদার পীর, দরবেশদের কীর্তি সম্পর্কে লিখেছেন, "There is a tradition that Sāh Jalal, a Sufi Darvish, under his preceptor's orders and in the company of 700 of the latter's disciples, engaged in many wars, conquered many small Hindu

[›] বাংলার ইতিহাসের দুল' বছর, পৃ: es ২ বাংলার ইতিহাসের দুল' বছর, পু: ২১৪

৩ বাঙ্গালা সাহিত্যের ইতিহন্ত, ১ম, পৃ: ২০০ । বাঙ্গালা সাহিত্যের ইতিহৃত, ১ম, পৃ: ২০০

kingdoms and established Islam in those territories. At the end he defeated the king of Sylhet, occupied the country and settled down there with his followers. He very likely won the battle with the help of the army of the sultan of Bengal Some Pirs were appointed governors by the Sultan and there are instances of Muslim generals, being decorated with the title Pir on the conquest of a Hindu king lom, and receiving the honour and distinction of a Pir. It would thus appear that the Pirs were as deft in the use of aims as they were learned in the scriptures. They helped in the expansion of Muslim authority in Bengal and also in the spread of Islam there as much by their religious preachings as by their participation in military actions."

ৰীটান্ত পঞ্চদশ শতাদীর মধ্যভাগে মৈথিলী কবি বিদ্যাপতি 'কীতিলতা' নামক কাব্যে ধাবনিক অত্যাচারের একটি চিত্র তুলে ধরেছেন—

কতহঁ তুরক বরকর,
বাট জাইতেঁ বেগার ধর॥
ধরি আনএ বাঁভন বুড়য়া।
কোট চাট জনউ তোড়,
উপর চড়াব এ চাই ঘোড়॥
ধা আ উড়িধানে মদিরা সাঁধ,
দেউল ভাগি মনাদ বাঁধ॥
গোরী গোমঠ পুরলি মহী।
হিন্দু বোলি দুরহি নিকার,
ছোটে ও তুরুকা ভড়কী মার॥

—(পদ্মবাদ) কড তুরুক রাস্তায় যেতে বেগার ধরে। ব্রাহ্মণ বটুকে ধঞে এনে তার মাধার চড়িয়ে দের গরুর রাঙ। কোঁটা চাটে, পৈতা ছেড়ে, ঘোড়ার

> History of Mediaeval Bengal-R. C. Majumdar, p. 192.

উপৰ চাষ চডাতে। ধোষ, উডি ধানে মদ চোল'ই কবে, দেউল ভেঙ্গে মসজিদ বানায়। গোৱেও গোমঠে মহী হল পূর্ণ। পা দেবার একটুও স্থান নেই। হিন্দুকে বলে দূবে নিকানো। তুকক ছোট হলেও বডকে মায়তে যায়।

বিনা কাবণেই তুককেরা কুপিত হয়, আব তাদের বদন হয় তপ্ত তামার টাটেব মত লাল—"বিত্ব কাবণাট কোহাএ বএন তাতল তম্কুণ্ডা " তুক্ত সোধার হাটে ঘুরে বেডার ফডা অর্থাং তোলা মাগে; তারা আডদৃষ্টতে চাব, দাড়ি আঁচড়ায় আর থুণু কেলে—

তুকক লোখাবতি চলল হাট ভূমি ফেব। মাঙ্কট। আজী-দাঠি নিহাবি দবলি দাবী থুক বাহট॥

অত্যাচার-উৎপাজনে এবং ভয়ে অনেক হিন্দু মুদ্দমান ধর্ম গ্রহণ করে। রাজা গণেশের পূত্র যত্ ধর্ণাস্তরিত হয়ে জালালুদ্দিন নাম নিয়ে দি হাসনে বদে হিন্দুর উপরে অত্যাচাব ও করেছেন, বহু হিন্দুবে ধর্মাস্তবিত ও করেছেন।

"তাঁর হিনুধর্মের প্রকি বিষেষ জন্ম-মূদলমানদেব চেগেও বেশী হযে দাঁভিয়ে-ছিল। পিতা মৃত্যুব পব সংহাসন অধিকাব করেই তিনি অনেক হিনুর উপর অত্যাচাব কবেন, এ কথ ছুট বববাীতে পাই। 'রিযাজ-উদ-দালাভীনে' পাই, তিনি বছ হিনুকে মূলমান ধর্ম ধর্মান্তবিদ কবেন এবং যে দমন্ত ব্রাহ্মণ তাঁবি অনুষ্ঠানে স্বর্ণান্তি গাভার অংশ নিয়েছিল, তাদের যন্ত্রণা দিয়ে শেষপর্যস্ত গোমাংদ থেতে বাধ্য কবেন বুকাননের বিবরণীতে পাই, 'দিংহাসন অধিকার করে জালাল্দিন হিনুদেব উপর অত্যাচাব করতে হুক কবেন এবং ত দের মূদলমান হতে বাধ্য করেন, ফলে অনেক হিনু করতোয়া নদীর ওপারে কামরূপ দেশে পালিয়ে যায়।" জালাল্দিনের পুত্র শামন্ত্রদিন আহমদ শাহও অত্যাচাবী ছিলেন। "বিরাজ' এ পাওয়া বাচ্ছে তিনি অত্যস্ত বদ্যেজাজী, অত্যাচারী এবং রক্তপিশান্ত ছিলেন। বিনা কারণে তিনি রক্তপাত করতেন, এবং গর্ভবতী মেয়েদের পেট চিরতেন।"

শীচৈতন্তের আবিভাবকালে বাঙ্গালার স্থলতান ছিলেন জালালুদ্দিন ফতেহ শাহ। ইনিও অক্তান্ত অনেক হিন্দুছেবী মুসলমান নরপতির মতই হিদ্দুর উপত্তে

১ মধাৰ্গের বাংলাও বাঙালী গ্রন্থে ড: হুকুমার সেন কভূকি উদ্বত ও অনুদিত—পৃ: • ৭

२ छएन्न, शृ: १

ও বাংলার ইতিহাদের ছুন' বছর--পৃ: ১৬১ 🛭 ৪ বাংলার ইতিহাসের ছুন' বছর--পৃ: ১৬৭

আত্যাচার করতেন। তারপর অত্যাচারী কুখ্যাত হাব্সীদের শাসনকাল। এই সময়ে নবছাপের তথা বান্ধালা দেশের অবস্থা সম্পর্কে বিস্তৃত বিবরণ পাওয়া যায় সমকালীন সাহিত্যে। জয়ানন্দ রচিত চৈতক্তমঙ্গল কাব্যে নবদ্বীপে মুসলমান শাসকদের অত্যাচারের বিবরণ আছে:

আচমিতে নবদীপে হৈল রাজ্ভর।
বান্ধণ ধরিয়া রাজা লাতিপ্রাণ লয়॥
নবদীপে শব্ধদ্ধনি ভনে যায় ঘরে।
ধনপ্রাণ লএ তার জাতি নাশ করে॥
কপালে তিলক দেখে যজ্জম্জ কাজে।
ঘরষার লুটে তার লোহপাশে বাজে॥
দেউল দেহারা ভাঙ্গে উপাডে তুল্সী।
জীবন ভয়ে স্থির নহে নবদ্বীপবাসী॥
গঙ্গান্ধান বিরোধিল হাট মাঠ যত।
অশ্বথ পন্স বুক্ষ কাটে শত শত॥
১

এই সময়ে নবদীপ অঞ্চলে গুজৰ বটেছিল যে গোড়ে ব্রাহ্মণ রাজা হবে।
এই গুজৰ তৎকালীন গোডের স্থলতানের কানেও উঠেছিল। স্থতরাং নদীয়ায়
যাবনিক অত্যাচার চরমে উঠেছিল। নিকটবতী পিরল্যা গ্রামের (বর্তমান
পাক্ষণিয়া ?) মুসলমানগণও এই স্থাোগে হিন্দু নিধনযক্তে মেতে উঠেছিল।

পিরল্যা গ্রামেতে বক্তে যতেক যবনে।
উচ্ছর করিল নবদীপের ত্রাহ্মণে ॥
বাহ্মণে যবনে বাদ যুগে যুগে আছে।
বিষম পিরল্যা গ্রাম নবদীপ কাছে ॥;
গোড়েশ্বর বিভ্যানে দিল মিপ্যাবাদ।
নবদীপের বিপ্র ভ্যার করিব প্রমাদ ॥
গোড়ে বাহ্মণ বাহ্মা হবে হেন আছে।
নিশ্চিত্ত না থাকিহ প্রমাদ হব গাছে।
নবদীপের বাহ্মণ অবক্ত হব রাহ্মা।
গহুবে লিখন আছে ধহুর্যর প্রহ্মা।

> हिस्स महान---१।३१-२३

এই মিথ্যা কথা রাজার মনেতে লাগিল। নদীয়া উচ্ছন্ন কর রাজা আজ্ঞা দিল॥

এই অত্যাচারে নবন্ধীপে অনেক ব্রাহ্মণ পণ্ডিতই ভিটা-ম।টি ত্যাগ করেছিলেন। প্রথাত নৈয়ায়িক ও বৈদান্তিক পণ্ডিত বাহ্মদেব সার্বভৌম সপরিবারে নবন্ধীপ ত্যাগ করে উড়িক্সা চলে গিয়েছিলেন।

ঈশান নাগর-রচিত 'অবৈত প্রকাশ'-এ মৃসলমানদের অত্যাচারের অহরণ বিবরণ আছে। যবন হরিদাস অবৈত আচার্যের কাছে অত্যাচারের বিবরণ দিতে গিয়ে বলেছেন—

দেব প্রতিমা ভাঙ্গি করে থগু থগু।
দেব-পূজার দ্রব্য সব করে লগু ভগু॥
শ্রীমদ্ ভাগবত আদি ধর্মশাস্ত্রগণে।
বল করি পোড়াইয়া ফেলায় আগুনে॥
বান্ধণের শঙ্খবন্টা কাড়ি লঞা যায়।
অঙ্গের তিলক মূদ্রা বলে চাটি থায়॥
শ্রী তুলসা বৃক্ষে মূতে কুকুরের সনে।
দেবগৃহে মলত্যাগ করে তুই মনে॥
পূজায় বদিলে দেয় কুলকুচা জল।
সাধ্রে ভাড়না করে বিশিয়া পাগল॥
হেনমতে কত শত তুই ব্যবহারে।
অবহেলে সর্ব ধর্ম কর্ম নই করে॥
১

এই সকল ঘটনার সত্যতার প্রমাণ পাওয়া যায় একটি ঐতিহাসিক বিবরণ থেকে। Von Nero লিখিত Life of Akbar গ্রন্থে পাঠান আমলের হিন্দু-নিপীড়ন সম্পর্কে বলা হয়েছে যে ম্পলমান রাজস্ব সংগ্রাহকগণ রাজস্ব আদায়-কালে যদি কোন হিন্দুর মূথে পৃথু কেলতে ইচ্ছা করতো হিন্দুদের হাঁ করতে হোত।

১ हि. म. २ उहामन, बारम ७ उहामन, बार्थ 8 व्यः श्री: ३ व्यः

Chaitanya and his age-Dr. D. C. Sen-p. 54

বিষয় শুপ্তের পদ্মাপুরাণে (মনসা মঙ্গল কাব্য) হাসান-হোসেন পালায় হিন্দুর উপর মুসলমানদের অত্যাচাবের যে বিবরণ আছে, তঃ পঞ্চশ বোডশ শতাকীর বাঙলা দেশের ইতিহাসেব একটি কলংকিত চিত্র । বিজয়গুপ্ত লিখেছেন—

তুলদীব পত্র পাএ যাহ'র মাথাতে।

চুলে বলি আনে ক'রে আপনা সাক্ষাতে।

সোগার তলে মাথা থৃইয়া মারে উভাকিল।

ঝডে যেন আকাশ হতে পড়ে দাকণ শিল।

বাক্ষণে অপমান করে পৈতা পাইয়া কাজে।

প্যাদা সকলে তারা হাতে গলে বাদ্ধে।।

রাখালদের সঙ্গে বিবাদের পরিণামে মোলার দল হিন্দু নিধনে যাত্রা করে হসন কাজীর সঙ্গে। তারা বলতে থাকে,—

> যদি গিয়া লাগ পাম যতেক হিন্দুয়া। জাতি নাশ করিব অ'জ গোস্ত থিলাইযা।

বিজয়গুপ্তের পুঁথির একটি পাঠান্তব:-

বাছিমা বাছিষা ব্রাহ্মণ পায় পৈতা যাহার কান্দে।
পেদীগণ পাইলে লাগ হ'তে গলায বান্দে।
কেহ নেঃ ঝাডি পাটা কেহ নেয় পাটা।
লগুভগু করে কেহ লেহায কোটা।
বাহ্মণ পাইলে হয় বড়ই কোতুক।
কেহ গায়ে ভাত ঘদে কেহ দেয় থুক।

অধ্যাপক স্থমর ম্থোপাধ্যার বাংলাব ই তিহাসের ছুশো বছর গ্রন্থে বিজয় ভাগের হাসান হোসেন পালার যে পাঠান্তর উল্লেখ করেছেন, তাও এখানে উদ্ধৃত করিছি:

হাসান হোলেন তারা হুই ভাইর নাম।

ত্ইজনে করে তারা বিপরীত কাম।

কাজিয়ানী করে তারা জানে বিপরীত।

তাদের সমূথে নাহি হিনুয়ালি রীত।

> नचानुः, क वि.—नृः ১२२ २ उत्तव, नृः ১२१ ७ उत्तव, नृः ১১२

এক বেটা হালদাব তার নাম ত্লা।
বড় অহক।বে কবে হোসেনেব শলা॥
সর্বক্ষণ হোসেনের আগে আগে আসে।
তাব ভবে হিন্দু সব পলায় তরাসে॥
যাহার মাথায় দেখে তুলসীব পাত।
হাতে গলে বান্ধি নেয় কাজির সাক্ষাৎ॥
বৃক্ষতলে থ্ইয়া মারে বজ্ঞ কিল।
পাথরের প্রমাণ যেন ঝরে পড়ে শিল॥

ধে যে আহ্মণের পৈতা দেখে তাবা কান্ধে।
পেয়াদা বেটা লাগ পাইলে তাব গলা বান্ধে॥
আহ্মণ পাইলে লাগ পরম কৌতুকে।
কাব পৈতা ছিড়ি ফেলে থুখু দেয় মুখে।

অধ্যাপক মুখোপাধ্যায় যথার্থই বলেছেন যে এ বিবরণ প্রতাক্ষদর্শীব। কংলজ্ঞাপক প্রাব অন্ধ্রুলারে ১৪০৬ শকে অর্থাৎ ১৪৮৪-৮৫ খ্রীগ্রাদ্ধে হোদেন শ'হের রাজত্বকালে বিজয়গুপ্ত কাবা রচনা করেছিলেন। কিন্তু হোদেন শাহের রাজত্বকাল ১৪৯৩ থেকে ১৫১৯ খ্রীষ্টান্ধ। তাই কোন কোন পণ্ডিত কালজ্ঞাপক প্রার্থিটি ভূল মনে করে ১৪৯৪ ২৫ খ্রীষ্টান্ধ বিজয় গুপ্তের কাব্য বচনাকাল বলে স্থির করেছেন। অধ্যাপক মুখোপাধ্যায়ের মতে অত্যাচারী শাসক জালালুদ্দিন কতে শাহের রাজত্বকালে ১৪৮৪-৮৫ খ্রীষ্টান্ধে এই কাব্য রচিত হয়েছিল। এবং বিজয়গুপ্তের কাব্যে বর্ণিত অত্যাচারের ঘটনা ঘটেছিল জালালুদ্দিন কতে শাহের আমলে।

জন্মানন্দের চৈতত্ত্ব মঙ্গলে শ্রীচৈতত্ত্ব দেশের ভবিক্সৎ তুদিনের বর্ণনা প্রসংস্ক বলেছেন—

ষবনে উচ্ছন্ন করিবেক বাবানদী।
পূজা চর্ব্যা হরিবেক জাত দেবালয়।
তীর্থ অগম্য হরিবেক জানিহ নিশ্চয়।

वाःनात्र हेिंग्सामत्र द्वन' वहत्र-शः >२ उत्पत्र- शः २२>

দেউল দেহাৰা মঠ ভাঙ্গিবে যবনে। সন্ধ্যা বেদ দেবাৰ্চনা ছাড়িবে বাহ্মণে॥

এই বিবরণ ভাগীকালের নয়—সমকালের চিত্র। ঐচিতন্তের আবির্ভাবের পূবে যাবনিক অত্যাচারের বিবরণ অস্তান্ত চৈতন্ত রচিত গ্রন্থে স্থলভ। ঐচিতন্তের জন্মের পূর্বে ঐবাস পণ্ডিত যথন তিন প্রাভাব সঙ্গে নিজের ঘরে উচ্চৈঃখরে হরিনাম গান করতেন, তখন যবন রাজার অত্যাচারের ভয় করেছিল অবৈঞ্চব পাষ্ট্রীগণ —

চারি ভাই শ্রীবাদ মিলিয়া নিজ ঘরে।
নিশা হৈলে হরিনাম গায় উচ্চৈঃস্বরে।
শুনিয়া পাষণ্ডী বলে হইল প্রমাদ।
এ ব্রাহ্মণ করিবেক গ্রামের উৎশাত।
মহাতীর নরপতি যবন ইহার।
এ আখ্যান শুনিলে প্রমাদ নদীয়ার॥
*

বৃন্দাবনের চৈতন্ত-ভাগবতে দেখা যায় যে, গঙ্গাদাস পণ্ডিতও একসময়ে যবন-রাজার ভয়ে দেশ (নবখীপ) ছেডে পালিয়েছিলেন। শ্রীগোরাঙ্গ একদিন শ্রীবাসের গৃহে সেই পলায়নের কথা গঙ্গাদাসকে শ্বরণ করিয়ে দিয়েছিলেন—

গন্ধানালে দেখি বোলে, তোর মনে জাগে।
রাজভয়ে পলাইস্ যবে নিশাভাগে ॥
সর্ব পরিকর সনে আসি খেয়াঘাটে।
কোথায় নাহিক নৌকা পডিলা সংকটে ॥
বাত্তি শেষ হৈল তুমি নৌকা না পাইয়া।
কালিতে লাগিলা অতি তু:খিত হইয়া ॥
আর আগে যবনে স্পর্শিবে পরিবার।
গাঙ্গে প্রবেশিতে মন হইল তোমার ॥

যথন যবন হরিদাসকে হরিনাম সংকীর্তন করার অপরাধে বন্দী করা হোল দেই সময়ে অনেক বড় বড় লোক সম্ভবতঃ হিন্দু জমিদার বা ধনী বন্দীশালায় ছিলেন। তাঁরা হরিদাসের বন্দীশালায় আগমনে উৎফুল হয়েছিলেন।

১ হৈ ম বিজয়খণ্ড-- ১/১১-১°

২ চৈতক্ত ভাগৰত-আদি, ২ আ: !

৩ চৈড্ৰ ভাগৰত—মধ্য > অঃ

হরিদান ঠাকুরের শুনি আগমন।
হরিষ বিষাদ হৈল যত স্থসজ্জন।
বড় বড় লোক যত আছে বন্দিদরে।
তারা সব হাই হৈলা শুনিয়া অস্তরে॥

যবন হরিদাস ক্রফভজনা করতেন বলে তাঁর উপরে কাজির আদেশে মূলুকের পতি যে অত্যাচার করেছিল তাও কম ভয়াবহ নয়। কাজি মূলুকের অধিপতির কাছে বলেছিল-

> যবন হইয়া করে হিন্দুর আচার। ভালমতে তারে আনি করহ বিচার॥

তারপর কাজির আদেশে বাইশ বাজারে সর্বসমক্ষে হরিদাসকে বেত্রাঘাতে জর্জনিত করা হয়েছিল।

পতুর্গীঞ্চ পর্যটক বারবোদা ১৫১৪ খ্রীষ্টাব্দে বাঙ্গালাদেশ ভ্রমণ করে যে ভ্রমণ কাহিনী রচনা করেছিলেন তাতে দেখা যায় যে দেই সময়ে একদল লোক হিন্দু বালকদের চুরি করে মুসলমান বণিকদের কাছে বিক্রী করতো এবং পরে দেই বালকদের খোজা করা হোত। খোজা করার পর যারা বেঁচে থাকতো তাদের বড় করে বিশ বা ত্রিশ ডুকাট দামে বিক্রী করে দিত ইরাণীদের কাছে, ইরাণীরা এদের নিয়োগ করতো খ্রীদের রক্ষক হিসাবে।

জয়ানদের চৈতক্সমঙ্গল অন্থসারে এক মুসলমান রাজদৃত ছেলেধরা বালক নিমাইকে চুরি করে পালাবার সময় পথ ভুল করে নিমাই-এর কাছে উচিড শিক্ষা পেয়েছিল। অধ্যাপক স্থথময় মুখোপাধ্যায় মনে করেন যে সেক্ষালের কোন কোন স্থলতান হিন্দুবালকদের অপহরণ করিয়ে খোজা বানিয়ে বড় করতেন ভবিশ্বতে নিজেদের কাজে লাগাবার জন্ত। °

ম্সলমান স্থলতানগণ সকলেই অত্যাচারী ছিলেন না। কোন কোন স্থলতান হিন্দুদের সঙ্গে সন্থাবহারও করতেন। কিন্তু স্থলতানদের অধীনস্থ কাজী ম্লুকপতি প্রভৃতি কর্মচারীবৃন্দও স্থযোগমত হিন্দুদের উপরে অত্যাচার চালাতেন। গয়া প্রত্যাগত শ্রীগোরাকের প্রেরণার নবদীপের ঘরে ঘরে হরিনামের ধনি উঠলে

১ टेक्डना छात्रवरु आपि ३६ आ: २ छराव ७ वांश्नांत ई छिरास्त्रत हुन' वहत-नृ: ३३७-३५

в сь. म. नशीया-->» • वांश्वा ইতিহাসের গ্রশ' বছর--পৃ: २००

স্থানীয় মুসলমানগণ কাজীর কাছে নালিশ করে। ফলে কাজীও ক্রুদ্ধ হয়ে কীর্তন নিষিদ্ধ করে।

শুনিঞা ক্রুদ্ধ হইল সকল যবন।
কাজিপাশে আসি সবে কৈল নিবেদন॥
কোধে সন্ধ্যাকালে কাজি এক ঘরে আইল।
মৃদক ভাঙ্গিয়া লোকে কহিতে লাগিল॥
এতকাল কেহ নাহি কৈলে হিন্দুযানী।
এবে উত্তম চালাও কোন্বল জানি॥

আর যদি কীর্তন করিতে লাগ পাইম্।
সর্বস্থ দণ্ডিষা তার জাতি যে লইম্॥
হবিনাম কোলাহল চতুর্দিগে মাত্র।
শুনিঞা শুঙরে কাজি আপনার শান্ত।
কাজি বোলে ধব ধর আজি করোঁ কার্য।
আজি বা কি করে তোব নিমাই আচাযা॥

নরহরি চক্রবর্তী লিখেছেন—

কাজি নামে যবন প্রতাপ অতিশয।
নবদীপ আদি তাব অধিকাব হয়॥
গোডেতে যবন বাজা তার প্রিয় অতি।
কাজিবে লজ্মিতে নাহি কাহার শক্তি॥
এদেশের লোক সব কাঁপে তার ভরে।
দেবপুজা অচ্ছন্দে করিতে কেহ নারে।

শ্রীবাস পণ্ডিত যথন কীর্তন করছেন, তথনও গুদ্ধব রটেছে যে নৌকা করে বাজার লোক আসছে বৈষ্ণব ধরে নিয়ে যাবার জন্তু।

এইমত কথা হৈল নগরে নগরে। রাজ নোকা আইসে বৈষ্ণব ধরিবারে ॥°

১ চৈত্ত চরিতামূত—আদি ১৭ পরি ২ ভক্তি রছাকর, ২র তরজ—পৃ: ৫৪ ৬ চৈ. ভা. মধ্য, ২ আ:

এই জনরবকেও সকলে বিশ্বাস করে ও ভয় করে —থেই কথা ভনে সেই প্রভায় তাঁহার।
যবনের রাজ্য দেখি মনে হৈল ভয়॥

ৰামচন্দ্ৰ খান বাজাকে কর না দেওয়ার অপরাধে মৃদলমান উদ্ধির তাঁকে সায়েস্তা করতে তাঁর ঘরে আন্তানা গেড়ে তাঁর জাতি ধর্ম নাশ করেছিল।

দস্যবৃত্তি বামচন্দ্র বাজায় না দেয় কর।
কুদ্ধ হইয়া মেছে উজির আইল তার ঘর॥
আদি সেই দুর্গা মগুপে বাসা কৈল।
অবধ্য বধ করি ঘরে মাংস রাক্ষাইল॥
স্ত্রীপুত্র সহিতে রামচন্দ্রেরে বান্ধিয়া।
তার ঘর গ্রাম লুটে তিনদিন রহিয়া॥
দেই ঘরে তিনদিন অবধ্য রন্ধন।
আর দিন সভা লইয়া করিল রন্ধন॥
জাতি জন মানের সকল লইল।
বহুদিন প্যস্ত গ্রাম উজাত হইল।।
বহুদিন প্যস্ত গ্রাম উজাত হইল।।

জয়ানন্দের বিবরণ অফুসারে গৌরীদাস পণ্ডিত মুসলমানের ভয়ে সাতদিন জলে লুকিয়ে ছিলেন—

> কাজি সনে বাদ করি প্রেম-উন্মাদে। সাতদিন গৌরী দাস ছিলা গঙ্গা হলে ॥°

গদাধর দাস প্রাণ বিসর্জন দিয়েছিলেন সম্ভবতঃ ধর্মত্যাগে বাধ্য হওয়ার জু:থে —

কাজি সনে বিবাদ করি গদাধর দাস। অগ্নিকুণ্ডে ঝাঁপ দিলা দেখি লোকে আস ॥

প্রীচৈতন্ত উড়িয়া থেকে গোড়ে স্বাগমনকালে গোড় রাজ্যের দীমানায় প্রবেশ করলে রাজকর্মচারী তাঁকে বলেছিল—

> মদ্যপ যবন রাজার আগে অধিকার। ভার ভয়ে পথে কেহু নারে চলিবার।।

১ हि. छा. मधा, २ जाः

২ চৈ. চ. অস্তা, ৩ পরি

৩ চৈ. ম. উত্তৰ-১৬৯

८ इटाइन->१)

পিছলদা পর্যস্ত সব তার অধিকার। তার ভয়ে নদী কেহ হতে নারে পার।।

ষদিও শ্রী চৈতন্তের সমকালীন গৌডেশ্বব স্থলতান হোসেন শাহ মোটামুটি হিন্দুদের প্রতি উদার মনোভাব সম্পন্ন ছিলেন, তথাপি তাঁর আমলেও হিন্দুদেব যবনভীতি দ্বীভূত হয় নি। হোসেন শাহ তাঁর প্রথম জীবনেব প্রতিপালক প্রভূ স্থুদ্ধি রায়ের জাতি নাশ করেছিলেন পত্নীর মনোবাস্থা পূর্ণ কবতে। তিনি উড়িয়া আক্রমণ করে উড়িয়ার দেববিগ্রহ ও দেবমন্দির ধ্বংস কবেছিলেন—

যে হুসেন সর্ব উডিয়ার দেশে। দেবমূর্তি ভাঙ্গিলেক দেউল বিশেষে॥°

মহাপ্রভু শ্রীচৈতক্ত যথন গৌড়ে আগমন করেন তথন হোসেন শাহ শ্রীচৈতক্ত সম্বন্ধে কৌতৃহলী হয়ে কেশব থানকে চৈতক্ত বিষয়ে জিজ্ঞাসাবাদ করেছিলেন।

যদিও গোড়েশ্বর মহাপ্রভুর মহিমা স্বীকার করে নিয়ে তাঁর রাজ্যে নিরুপদ্রবে স্বেচ্ছামত অবস্থানের অনুমতি দিয়েছিলেন, তথাপি ভক্তবৃন্দ নিঃসন্দিশ্ধ হতে পারেন নি। হোসেন শাহ এখন যদিও উদার মনোভাব প্রকাশ করেছেন, কিন্তু কারো কুমন্ত্রণা পেলে তিনি আবার ছিন্দুছেবী হয়ে উঠতে পারেন, এই আশহায় ভক্তবৃণ সমবেত হয়ে মন্ত্রণা করতে লাগলেন —

স্বভাবেই রাজা মহাকাল থবন।
মহা তমো গুণ বৃদ্ধি জন্মে ঘন ঘন।।
গুডু দেশে কোটি কোটি প্রতিমা প্রাসাদ।
ভা দিলেক কত কত করিল প্রমাদ।।
দৈবে আদি দত্ত্ত্বণ উপজিল মনে।
তেই ভাল কহিলেক আমা সভাত্বানে।।

আর কোন পাত্র আসি কুমন্ত্রণা দিলে। আর বার কুবুদ্ধি আসিয়া পাছে মিলে॥

জয়ানন্দ লিথেছেন যে যাজা (থোদেন শাহ) মহাপ্রভুকে ধরে আনতে বলায় ম হাপ্রভু উত্তর বন্ধ ছেড়ে শান্তিপুরে চলে গিয়েছিলেন।

রাজা বলে কেশব থাঁ ধরিয়া আন এথা।
কেমন রুফ চৈতক্ত ভারে গাছে হুঙাএ মাথা।।
তা শুনি নিবর্ত হুইল চৈতক্ত ঠাকুর।
সর্ব পারিষ্ট সক্ষে গেলা শান্তিপুর।।

শাসক শক্তির অত্যাচার এবং বলপূর্বক ধর্মান্তরিতকরণ ছাড়াও জাতিভেদ্ধ প্রথা অধ্যাধিত হিন্দু সমাজে নিম্নবর্ণের প্রতি উচ্চবর্ণের অবজ্ঞা ও ঘুণা-মিপ্রিত মনোভাব ও আচরণ অনেক নিম্নবর্ণের হিন্দুকে শ্রেণীহান সাম্যের আদর্শে প্রতিষ্ঠিত ইসলাম ধর্মের প্রতি আরুষ্ট করেছিল স্বাভাবিকভাবেই। এই স্থান্যে অনেক পার কবির নিম্নবর্ণের হিন্দুকে উদার শ্রেণীহান ইদলাম ধর্মের আশ্রেমে আসার জন্ত প্রশুক্ক করছিলেন। একজন ঐতিহাসিক এ সম্পর্কে লিখেছেন—"In Bengal the suppressed and un-orthodox lower classes nursed a grievance against the Brahmanas......But it is a fact that a large number of un-touchables and socially repressed people of Bengal accepted Islam partly lured by prospect of bettering their social and economic status and partly attracted by the magnetic personality and sincere piety of some of the early Muslim saints ""

বান্ধণ পণ্ডিতের। এই সময়ে উদার দৃষ্টিভঙ্গির সঙ্গে ধর্মান্তরিত ব্যক্তিদের হিন্দুসমাজে কিবে আসার পথ খুলে না রেথে আত্মরক্ষার তাগিদে শমুক বৃত্তির অফুসারী হওয়ায় সমাজের গুণ্ডীকে আরও কঠোর, আরও সংকীর্ণ ক'রে তুলছিলেন স্বতিশান্তর পর স্বতিশান্ত প্রণয়ন করে।

১ ठ हे. छा. काळा. ३ व्हाः २ हे. म. विकास-8

Islam and its impact on India-K R. Kanungo, p. 26

s ".....the proselytising zeal of Islam strengthened conservatism in the orthodox circles of the Hindus, who with a view to fortifying their position against the spread of the Islamic faith, increased the stringency of the caste rules and formulated a number of rules in

রামাই পণ্ডিতের শৃত্তপুরাণে নিরঞ্জনের ক্ষম। শীর্ষক অধ্যারে ধর্ম ঠাকুর কর্তৃক যবনরূপ ধারণ করে অক্তান্ত দেবতাদের সহযোগিতার হিন্দুর মন্দির দেববিপ্রক্ ধ্বংস করার কোতুককর বিবরণ আছে:

> धर्म देशना क्रवनक्रि মাথা এ ত কাল টপি হাতে সোভে ত্রিকচ কামান। চাপিয়া উত্তম হয় ত্রিভ্বন লাগে ভয় খোদায় বলিয়া এক নাম।। নিব্ৰম নিবাকাৰ হৈলা ভেন্ত অবতার মুখে ত বলে ত দম্বদাব। জতেক দেবতাগণ সভে হয়া একমন আনন্দেতে পরিল ইজার।। ব্ৰহ্মা হৈল মহামদ विकृ देश्ना (भकाषद वाक्क देशन जनभानि। গণেশ হইন্সা গাজী কান্তিক হৈল কাঞ্জি ফকির হইল্যা জত মুনি।। তেজিয়া আপন ভেক নারদ হইলা দেক পুरुष्पद हरेन भनना। 5स रूर्य जानि *(म*र्व भाषिक ह्या मिर्व সভে মিলি বান্ধায় বান্ধনা।। আপুনি চণ্ডিকা দেবী তিছঁ হৈল্যা হাল্লা বিবি পদ্মাবভী হল্য বিবি নুর। জতেক দেৰতাগৰ হয়া সভে একমন প্রবেশ করিল বাজপুর।

the Smriti works. The most famous writers of this class were Madhava of Vijayanagara, whose commentary on a Parasara Smriti work entitled Kalanirnaya was written between A.-D. 1335-1360; Visves'vara, author of Madanaparijata, a smriti work written for king Madanapala (A. D. 1360-1370); the famous commentator of Manu, Kulluka, a Bengali author belonging to Beneras school by domicile; and Raghunandana of Bengal, a contemporary of Chaitanya... (Advanced History of India, 1953, p. 403)

পেউল দেহারা ভাকে কাড়্যা ফিড়া। খার রঙ্গে পাখড় পাখড় বোলে বোল ॥

শৃষ্ণপুরাণের এই কোঁত্হলোদীপক বিবরণটি সম্পর্কে ড: কালিকারঞ্জন কাহনগো অভিযত প্রকাশ করেছেন যে, বে সকল নিরবর্ণের হিন্দু মুস্লমানধর্ম গ্রহণ করে নি, অথচ উচ্চবর্ণের প্রতি বিশ্বিষ্ট মনোভাব পোষণ করতো, তাদেরই মনোভাব এখানে প্রকাশিত হয়েছে। মুস্লমানের হিন্দুর প্রতি অত্যাচারে তাদের সম্ভোষ এখানে স্কুল্প্ট।

পতুর্গীক্ষ বণিক বারবোসায় বিবরণে (১৫১৪ খ্রী:) হিন্দ্দের স্বেচ্ছায় ইন নাম ধর্ম গ্রহণের উল্লেখ আছে। মুননমান রাজসরকারের উচ্চপদ লাভের আশায় অনেক সম্রাপ্ত হিন্দুও ইন নাম ধর্ম গ্রহণ করেছে, বাববোনা তারই উল্লেখ করেছেন। তাছাড়া জ্ঞান্ডদারে বা অজ্ঞান্ডদারে মুননমান-স্পৃথ থাত পানীয় গ্রহণ করলেই জ্ঞান্ডিন্রই হতে হতো, এমন কি নিষিদ্ধ মাংসের গদ্ধ আত্মান করনেও জ্ঞান্ডিচ্নতি ঘটতো। হিন্দু সমাজের এই সংকীর্ণ মনোভাবও ম্বনমান সংখ্যা বৃদ্ধির অক্সন্তম কারণ। ত

এইভাবে খ্রীষ্ট্রীর অয়োদশ শতাকী থেকে বোড়ল শ গ্রাকার মধ্যে বাঙ্গালাদেশের জনসংখ্যার একটি বিরাট অংশ মুদলমান ধর্ম গ্রহণ করেছিল। কেউ
কেউ বাঙ্গালাদেশ ছেড়ে পালিয়েছে অপেকারুত নিরাপদ স্থানে। বৌঝধর্মাবলম্বী তথনও যারা ছিল, তারাও তথন নিরাশ্রয়,—হিন্দুমাজ তাদের
স্থান দের নি। নেড়ানেড়ী নামে তারা ছিল অবজ্ঞার পাত্র। পরে নিত্যানন্দতনর বীরভন্ত এই নেড়ানেড়ীদের বৈঞ্চবধর্মে দীকা দিয়েছিলেন।

भिन्शाक-उक्तित्व विवत् अञ्माद नृषिषा हिन मश्राक लक्ष्मारमञ्ज

> Those among the lower classes out-side the pale of Brahmanism who did not renounce their religion, nevertheless, rejoiced over the destruction of the Brahmanas and their temples by the yavanas as we read in the curious old Bengali poem named Sunyapurana"—p. 26

२ "এই ज्ञानक्षित्र लोक्किक्या अञहर ज्यानक्ष्य प्राण्यान) स्टार वात्र भागक्ष्य ज्यान भाषात ज्ञान ।"—वालानात रेक्सिम्ब इत्या वस्य-भू: ३>१ ।

History of Mediaeval Bengal-R. C. Majumdar-p 120

বাজধানী। আইন-ই-আকবরীতে এই সংবাদের সমর্থন মেলে। এই ন্দিরাকেই পণ্ডিতরা পরবর্তীকালের নবন্ধীপ বলে সিদ্ধান্ত করেছেন। অরানন্দ জানিরেছেন থে একসমরে নবন্ধীপ বাঙ্গালাদেশের রাজধানী ছিল—পূর্বে যেন ছিল নবন্ধীপ রাজধানী। জয়ানন্দের বিবরণে মহাপ্রাভূ औঠচতক্তের জন্মের পূর্বে নবন্ধীপ একটি সমৃদ্ধ নগর ছিল। নবন্ধীপের বর্ণনার জয়ানন্দ লিখেছেন—

নানা চিত্ৰে ধাতু

বিচিত্ত নগৰী

নানা জাতি বস্তে তথা।

চূৰ্ণ বিলেপিত

দেউল দেহারা

নানা বৰ্ণে বৃক্ষপতা॥

প্র'ত ঘরের উপরি

বিচিত্ৰ কলস

চঞ্চল পতাকা উড়ে।

পূৰ্বে যেন ছিল

व्याधा नगरी

বিজুরী ছটাকে পড়ে ।

নাট পাঠশাল

দীঘি সরোবব

কুপ তড়াগ সোপান।

ষঠ মণ্ডপ

স্থিত্ৰিত চত্ত্বর

कुम जुननी छेन्नान ॥

ইপ্লকা বচিত

প্রাচীর প্রাক্তন

স্বান্তিত গৃহস্বার।

হিছুল হরিতালে

কাচ চাল

होश्खी होतात मान 1°

[&]quot;At that time (Raja Neo=Nanja) when the cup of life was filled to the brims was succeeded in the government by Luckmeenyah (Lakshmaneya), the son of Luckmen. At that time Nuddea (Nadia) was the capital of Pengal, when it abounded with wisdom."—Ain takbari.

২ ''এই নুষিলা বা বোদিরা স্পষ্টতই গলাতীরে এবং পরবর্তী কালের নদীরা ও নববীপেত পূর্বরূপ (*—বল্পুনিক)—ড: কুকুমার সেন—পৃ: ১০৪

७ हि. म. नवीशां—8184

s है. य.-नवीवा--º

জন্বানশের কাব্যে নবদীপে বিভিন্ন শ্রেণীর ব্যবদায়ী ও কারিগরের বিবরণ আছে। নবদীপ দেকালে বাণিজ্যের কেন্দ্রও ছিল। ভঃ স্ক্মার সেন লিখেছেন, "নবদীপ পূর্ব ও উত্তর-পূর্ব বঙ্গের সঙ্গে বাণিজ্যিক যোগাযোগের কেন্দ্র ছিল বলিয়াই দেখানে পঞ্চদশ শভাব্দে চাটিগাঁ ও সিলেট প্রভৃতি স্থান হইছে ধনী ও সংস্কৃতিমান্ ব্যক্তিদের অনেকে উঠিয়া আদিয়া বাস করিয়াছিল। ইহার পিছনে স্থানীয় রায়ীয় বিপর্যয় থাকাও সন্তব।"

ব্রীষ্টার সপ্তদশ শতাব্দীতেও নবদীপ অট্টালিকা-বেষ্টিত একটি সমৃদ্ধ নগরীছিল। বিখ্যাত পর্যটক ট্রাভারনিয়ের নবদীপের উপর দিয়ে গঙ্গাপথে যাওয়ার কালে নবদীপ সহবের উল্লেখ করেছেন—"On the 19th February, 1666, I passed a large town called Nadia, and it is the farthest point to which the tide reaches."

मुननमान नामनकारन हिन्तु ममाझ क्रमणः मःकीर्ग हरव आमहिन। स्मन বাজাদেব আমল থেকেই হিন্দুসমাজে বর্ণভেদ দততর —প্রমজীবী প্রেণী অবজ্ঞাত। এই যুগের দামাজিক অবস্থা সম্পর্কে ডঃ নী হারবঞ্জন রায়ের হিন্দ সমণজের বক্তব্য: ''দামস্ভতন্ত্র দমভাবে দক্রিয়। উত্তরোত্তর ভূমির সংকীৰ্ণতা চাহিদা বাড়িতেছে, পুরোহিত ত্রান্ধণেরাও ভূমি সংগ্রছে তৎপর হইয়া উঠিয়াছেন, সমাজ ক্রমশ: ভূমিনির্ভর কৃষিনির্ভর হইয়া উঠিতেছে। অথচ বৃ'ষ্ট্রের দৃষ্টিতে কেত্রকর বা ক্বক সম্প্রদায় অবজ্ঞ।ত। -----পইই দেখিতেছি, দেন-মূগে বাষ্ট্রের দামাজিক দৃষ্টি দংকীর্ণ হইয়া আদিয়াছে।" এই সংকীর্ণনষ্ট ক্রমে ক্রমে সংকীর্ণতর হয়ে আসতে থাকে। স্থতরাং জাতিভেদের গণ্ডীও দটতর হতে থাকে। ড: ফুকুমার সেন লিখেছেন, "খাধীন স্থলতানদের আমলে ত্রান্ধণণাসিত উচ্চবর্ণের সমাজ ধীরে ধীরে আপনাকে গুছাইয়া লইতে-ছিল। বুহম্পতি শ্বতিবত্বহার রচনা করিয়াছিলেন। আরও অনেকে শ্বতি লিখিলেন। দ্রাতিভেদের গঞ্জীর প্রসার বাড়াইয়া শৃত্রের মধ্যে 'সং' 'অসং' বিচারপূর্বক বিবিধ কম্পার্টমেন্টে ভাগ করিয়া হিন্দুর ছত্তিশ জাতি মানিয়া লওরা হইল। সব জাতির পক্ষেই সংস্কার ব্যবস্থা করা হইল।"s

> বাঙ্গালা সাহিত্যের ইতিহাস—>ম, পূর্বার্ধ—পৃঃ ২০০

[₹] Travernier's Travels in India—vol. I

৩ বাদানীর ইতিহাস--পৃ: ৫১%

वाकामा माहिरछात्र देखिहाम, ३म भूवीय — भृः २००

এই অবস্থায় উচ্চবর্ণের খারা অবহেলিত অবজ্ঞাতশ্রেণী সহজেই ইসলাম ধর্মের প্রতি আৰুষ্ট হতে পেরেছিল। ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যার হিন্দুসমাজের শংকীর্ণ মনোভাব সম্পর্কে লিখেছেন, "প্রথমত তাহারা স্মার্ড হিন্দু সমাজের নিকট মুম্মাতের সামায়তম অধিকার হুটতে বঞ্চিত ছিল। ইতিপর্বেই হিন্দ नमास्क याहाता 'अथम नकत' विनया निम्मिष्ठ हिन-अर्थाए हैं। जान, वाकहे. চামার, চলে, মালো এভতি অস্তাজগণ—বর্ণহিন্দর জীবনাদর্শের সহিত ইংাদের বিশেষ কোন বোগাযোগ ছিল না। তাই ইহাদের পক্ষে নব মানবতার বাণী উপেক্ষা করা সহজ ছিল না। উপরস্ক হিন্দুসমাজে অপ্রাক্তর পাৰঙী বৌদ্বগণও নানাদিক দিয়া এমনভাবে নিপীভিত হইতেছিলেন যে. বাংলায় কেবলমাত্র ইদলাম কেন, যেকোন হিন্দু বিরোধী রাষ্ট্র শক্তির আবিতাৰ হইলেই এই নিমু শ্রেণীয় জনসমূহ তাহাকে বরণ করিয়া লইত। পাশ্চাত্য বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ বয়েন্দ্রবাসী রামচন্দ্র কবিভারতী (১৩শ শতকের মধ্যভাগ) বৌদ্ধ হইয়াছিলেন বলিয়া হিন্দু সমাজের উৎপীড়নে ভাঁহাকে দেশতাাগ করিয়া সিংহল যাত্রা করিতে হইয়াছিল। গণেশের পুত্র যতু প্রথমবার ইসলাম ধর্মে দীক্ষিত হইবার পর পিতা 'স্থবর্ণ ধেয়' নামক প্রায়শ্চিত্ত করাইয়াচিলেন: তথাপি ষত্র (জালালুদ্দিন) হিন্দু সমাজে গৃহীত হন নাই। ইহার প্রতিক্রিয়ার তিনি পীর ফকিরদের প্রবোচনায় হিন্দর উপর নির্মম অত্যাচার করিয়াছিলেন : কালা পাহাডের কাহিনীর অনেকটা গল্প হইলেও ইহার পশ্চাতে হিন্দু সমাজের আৰু সংকীৰ্ণভাৱ ঐতিহাসিক চিত্ৰই প্ৰকটিত হইয়াছে।"

ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায় এ সম্পর্কে লিথেছেন, "হিন্ধর্মের প্রক্রখানের সহিত গোড়ে ও বঙ্গে বৌদ্ধর্ম হীনবল হইয়া পড়িরাছিল এবং আদ্ধান প্রচলিত কঠোর সমাজ শাসনে বৌদ্ধ ভিদ্ধ ও ভিদ্ধূণীগণ হিন্ধু সমাজে মিশিরা যাইতে পারে নাই। নব প্রচলিত ধর্মে বর্ণাশ্রম বিচার ছিল না। পূবে সমাজপ্রই ও জাতিপ্রই নরনারী প্রক্রজ্যা গ্রহণ করিয়া বৌদ্ধ সক্রে আপ্রয় লাভ্নিছত। বৌদ্ধর্ম পৃথপ্রায় হইলে এই সকল নরনারী নিক্রপায় হইরাছিল। ইহারা ঐতীয় পঞ্চদশ শতাকীর শেষভাগে ও বোড়শ শতাকীর প্রথমভাগে বাদালাদেশে নেড়ানেড়ী নামে পরিচিত ছিল।"

> বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, ১ম, পৃঃ ২০৭

२ वाजानाव रेडिशम-२व, १: २०१

ব্রাহ্মণ পণ্ডিত অধ্যুষিত এককালের রাজধানী নবদীপেও কিছু বৌদ্ধের বাস ছিল। চূড়ামণি দাসকৃত গৌরাঙ্গ বিজয় কাব্যে নবদীপে পঞ্চদশ শতকে বৌদ্ধদের বসবাসের উল্লেখ পাই—

> বৌদ্ধ তাৰিক মৈমাংগিক বৈদান্তিক। সভাকার নাটে কহে ইবে দেখি ধিক।।

বুন্দাবন দাসের চৈত্রভাগবতে উল্লিখিত পাষ্ডীগণ বৌদ্ধ হওয়া অসম্ভব নয়। বিলীয়মান বৌদ্ধ মহাযান বজ্ঞযান কালচক্রযান মতবাদের প্রভাব-বিক্লত তান্ত্ৰিক আচাৰ—ম্জাসক্তি—সহজিয়া প্ৰভাবান্থিত ধৰ্মচৰ্বার নামে ব্যাভিচারের ব্যাপকতা –ধর্মের নামে নিস্তাণ লোকিক আচারসর্বস্থতা—লোকিক দেবদেবীর পূজা- লোকিক দেবদেবীর মঞ্চলগান-আমোদপ্রমোদ শ্বতিশাস্ত্র-শাসিত হিন্দুসমাজের দূতবন্ধনকে ক্রমাণ্ড আঘাত হেনে চুবল করে কেলছিল। অপ্রদিকে প্রাচীন বেদবিহিত যাগ্যজ্ঞাদি পৌরাণিক পজাপার্বণও উচ্চবর্ণের বিশেষত: ত্রেল্প পণ্ডিত সমাজে প্রচলিত ছিল। ড: নী হারবঞ্জন রায় সেন-রাজতের অবসানের পরে বাঙ্গালার হিন্দ সমাজের ধর্মাচরণ সম্পর্কে বিস্তৃত আলোচনা করেছেন। ^{এখ্রীয় পঞ্চদশ শতাব্দীতে বাঙ্গালার ধর্মার্চনা সম্পর্কে} ড: রমেশচন্ত্র মজম্পার লিখেছেন, "The decline of faith in the vedic sacrifices and rituals, and the substitution in its place of sectarian religious and numerous ceremonies and festivals connected therewith, continued during the middle age. Buddhism as a religious sect practically vanished, though some scholars trace its influence, or even survival in the worship of Dharma Thakur, referred to in the S'unya Purāna, prevalent among the lower classes of people. Jainism maintained a precarious existence in Bengal. S'aivism, S'aktism and Vaishnavism with numerous sub-sects became very popular, though less papular sects of old like Saura, Ganapatya, Pasupata, Pancharatra, Kapalika etc. were not altogether unknown. The Tantrik religion also flourished very much and its mantras, mudras and mandalas acquired wide popularity."

১ मी. वि.--गृ: ১৪ २ वाकानीत हेल्हि।म-व्यक्तिन्न भू: ७११-१४

[&]quot; History of Mediaeval Bengal-p. 195.

পঞ্চল শতালীর বাঙ্গালার সমাজের স্বলাষ্ট বিবরণ দিয়েছেন ব্নাবন দাস। তিনি লিখেছেন—

ধর্মকর্ম লোক সব এইমাত্র জানে।
মকলচণ্ডীর সীত করে জাগরণে।।
দক্ত করি বিষহরি পুজে কোন জন।
পুত্তলি করয়ে কেহ দিয়া বহু ধন।।
ধন নই করে পুত্রকন্যার বিভায়।
এই মত জগতের বার্থকাল যায়।।
যেবা ভট্টাচার্য চক্রবর্তী মিত্র সব।
ভাহারাই না জানে সব গ্রন্থ অহুভব।।
শাল্র পড়াইয়া সবে এই কর্ম করে।
লো বাখানে যুগধর্ম কুফের কার্তন।
দোর বিনা গুণ কার না কবে কখন।।
যেবা সব বিরক্ত তপন্থী অভিমানী।
ভা সবার মুখতেও নাহি হরিধানি॥

ভক্তিধর্মের প্রসার সেকালে ছিল না। ছিল আমোদ প্রমোদ আর ধর্মের নামে তামসিকতা ও দেবপুদার নামে অনাচার। তাই বৃদ্ধাবন আরও বলেছেন,

কৃষ্ণপৃষ্ধা বিষ্ণৃভক্তি কারো নাহি বাসে।।
বাস্থলী পৃজরে কেহু নানা উপহারে।
মন্তমাংস দিয়া কেহু যক্ষপৃক্ষা করে।।
নিরবধি নৃত্যাশীত বান্ত কোলাহল।
না শুনি কুষ্ণের নাম প্রম মন্ধ্যা।

সকল সংসার মত্ত ব্যবহার রূসে।

বুন্দাবন আর একস্থানে লিখেছেন—

সকল নদীয়া মন্ত ধনপুত্রবদে।।

শুনিলেই কীর্ডন কররে পরিহান।

> देह. छा. चाषि—र चः

र हैं . जा. जावि—२ थः

७ खराव--> खः

बराशकृत व्याविकारिय পূर्व नवशैराय मामामिक व्यवहात छेव्हन हिन्न कृति উ:र्राष्ट्र वृक्षांवरमञ्ज वर्षमाञ्च:-

> ধর্মকর্ম লোক সব এই মাত্র জানে। মঙ্গলচঞীর গীতে করে জাগরণে।। দেবতা জানেন সবে ষষ্ঠা বিষহরি। তাও যে পূজেন সেহো মহাদম্ভ করি।। धन वः " वाहुक कविद्या कामा मत्न। মন্তমাংদে দানব পুৰুয়ে কোন জনে II যোগিপার ভোগিপার মহীপারের গীত। ইহা শুনিবাত্তে সর্বলোক আনন্দিত ॥³

কঞ্চাস কবিরাজ লিখেছেন---

মঙ্গলচণ্ডী বিষহরি করে জাগরণ ভাতে বাল্ব নৃত্য গীত যোগ্য আচরণ ॥°

মন্ত্ৰমাংসে দানব পূজা যক্ষপূজা যেমন প্ৰচলিত ছিল, তেমনি ভূত প্ৰেত ভাকিনী শাকিনীতে বিশ্বাস্ত ছিল। তাই ডাকিনী-শাকিনীর ভয়ে শচী দেবী পুত্রের নাম বেথেছিলেন নিমাই।

> ডাকিনী শাকিনী হৈতে শঙ্কা উপজিল চিতে ष्ठा नाम श्रेन निमारे ॥^७

জয়ানন্দের চৈতন্যমঙ্গলে শ্রীচৈতন্যের আবির্ভাবের পূর্বে কলিয়ুগে পুথিবীর হরবস্থার কথা বলতে গিয়ে বস্তুরা বলছেন-

> কপটা লোলুপ বিজ শৃদায়ভোজন। স্বলোক হইল শিখোদর প্রায়ণ।। ত্রত উপবাদ নাঞি কার শক্তি। গঙ্গা তুলদীর দেবা নাঞি বিষ্ণুভক্তি।। বাপ মা ছাড়িল পুত্ৰ স্বতন্ত্ৰা যুবতী। পরদারে রত হইল সঙ্গে নিজ সতী। খান সন্ধ্যা দেবার্চন ছাড়িল ব্রাহ্মণে। শুদ্রের জীবিকা করে ভর নাঞি মানে॥

১ हि. बा. व्यक्त-- २ वः

শৃক্ত স্থী সক্ষম করে শৃক্ত ভক্ষ্যে রত। মংগু মাংসে লোলুপ ব্রাহ্মণ সব যত॥

চোর দস্থার উপত্রব যেমন ছিল, তেমনি দস্থারা মন্তমাংস দিয়ে চণ্ড রা,পুজা ও করতো। এইরপ একটি দস্যাদলকে উদ্ধার বরেছিলেন নিতানেল নি সংহাত ভূব.
মূথে ভবিষ্যৎকালে দেশের অনাচার বর্ণনা প্রসাকে জয়ানক বলেছেন—

ব্রাহ্মণে হরিবেক বেদ ইক্স হরিবেক জল।
নানা ছলে রাজা অর্থ হরিবে দক্র ॥
পৃথিবী হরিবেন শশু রাজা মেচ্ছ জাতি।
কপিলা হরিবে কার খতন্ত্রা যুবতী॥
ব্রাহ্মণ হরিবেক বেদ শ্দ্র বৈশ্রাচার।
ভগিনী হরিবেক ভাই যুগের বেভার॥

দেউল দেহারা মঠ ভাঙ্গিবে যবনে। সন্ধ্যা বেদ দেবার্চনা ছাড়িবে আন্ধণে।

পূথিবী ছাড়িব অবধৃত ষতি সতী।
মংশ্র মাংস থাবে সব বিধবা যুবতী॥
পিতা লজ্মিবেক পুত্র গুৰু লজ্মিবেক শিগ্র।
বিধবা বান্ধনী সব থাইব আমিক্স॥
স্বামী লজ্মিবে স্ত্রী কণ্টী সংসার।
ভাল বংশে জন্মিস্সা চবেক তুর্চার॥

কক্সা বেচিবেক যে সর্বশাস্ত্র জানে ॥ ব্রাহ্মণে রাখিব দাড়ি পারক্ত কহিবে। মোজা পাগড়ি হাবে কামান ধরিবে॥ মনসবি আরুত্তি করিব বিক্ষবরে।

> ts. 7. wifi--cla-28

७ हे. म. विकास---६-१, ३७, ३७-३৮

বাকালী ছিল্ সমাজের এই চিত্র সমকালীন যুগচিত্র। বিজেতা মুসলমান শাসকের অন্তাচার ও নিপেবণে সম্ভন্ত, নিম্বর্ণের প্রতি উচ্চবর্ণের উপেকামূলক মনোভাবে পীজ্যত এবং গুৰু জ্ঞানচর্চায় ও নির্বণক ব্যয়বছল উৎসবে প্রমোদে নিমগ্র ধর্মনীতিভক্তিদীন নবদ্বীপের সমাজ তথন সর্বপ্রধার অবক্ষয় ও অধোগতির অতলে তলিয়ে যাচ্ছিল। বাকালী ছিল্পমাজের অবস্থাও এব থেকে তাল ছিল না।' মুসলমান শাসকশক্তির নিপীজন ও সমাজের আভ্যন্তরীণ ঘূর্বলতার বিবরণ দিয়েছেন M. T. Kennedy: "Hindu temples had been transformed into mosques in large numbers in the early days of Moslem rule and instances were not lacking of continuing 'will to power' of the Islamic rulers, expressed in rigorous suppression or aggression, forced conversions and the like. Hinduism was hated by them and heartily despised; its festivals, images and worship tolerated with difficulty, its obliteration desired. Naturally, the religious life of the people was not wholly at ease.

Within Hinduism itself the oppressive aspects of the caste system were not lacking. To the tyranny without was added a social tyranny within out of the more or less chaotic conditions left by a disintegrating Buddhism, the Britmana architects of Hinduism had sought to ensure stability by laying caste foundations solid and strong."?

M. T. Kennedy হৈতক্তপূর্ব বঙ্গদেশে মুসলমান শাসক শক্তির প্রচণ্ড
নিপীড়ন এবং ছিন্দু সমাজে উচ্চ ও নীচ বর্ণের মধ্যে বৈষম্য ও পারম্পরিক
বিদ্বিষ্ট মনোভাব এবং তৎকালীন বাঙ্গালীর ধর্মচর্ধার বৈচিত্রে ও আনর্থক্য সম্পর্কে
বিজ্ঞভাবে আলোচনা করেছেন। বিলীয়মান বৌদ্ধর্মের সাথে সাথে লৌকিক
দেবদেবী পূজার ব্যাপকতা এবং তান্ত্রিক ধর্মচর্ধার প্রসার ও তান্ত্রিকতার নামে
উচ্ছ্র্যুল ব্যভিচারেরও তিনি বিবরণ দিয়েছেন্।

[&]quot;Hindu society, Hindu religion, Hindu culture were in a cheotic condition under the Moslem rule"—Sri Chaitanya's concept of: Theistic Vedanta by Bhakti Vilas Tirtha—p. 18

[₹] The Chaitanya Movement—pp. 1-2

v Гbid —р. 3,

শীতিতন্তের জন্মের পূর্বেই নবৰীপের বিভাবতার খ্যাতি বহুদ্ব প্রদারিত হয়েছিল। আয় বেদান্ত শতি বাাকরণ কাবা ইত্যাদি চর্চার একটি প্রধান কেন্দ্রে পরিণত হয়েছিল নবজীপ; বিশেষভাবে হয়েছিল নবান্তায় চর্চার পাঁঠয়ান। শ্রীতৈতন্তের আবির্ভাবের পূর্বেই বাহ্মদেব সার্বভৌমের পিতা নরহরি বিশারদ বা মহেশর বিশাবদ, বিশারদের জৈটেপুর বাহ্মদেব ও অপর পূরে ভলেশ্বর নবজীপে জায়চচা বাহিনীপতি, বাহ্মদেব-শিল্প রঘুনাথ শিরোমণি প্রভৃতি নবান্তায়ের সর্বজনবন্দিত পণ্ডিতরূপে প্রতিষ্ঠা লাভ করেছিলেন। নবলীপের এই জ্ঞানগরিমার উল্লেখ করতে গিয়ে বৃন্ধাবন দাস বলেছেন—

নানা দেশ হৈতে লোক নবদীপে যায়। নববীপে, পড়িলে সে বিভারস পায়॥ অতএব পড়ুয়ার নাহি সম্চয়। লক্ষ কোটি অধ্যাপক নাহিক নিশ্চয়॥

অধ্যাপকের সংখ্যা উল্লেখের ব্যাপারে অতিশরোক্তি আছে অবস্থাই। তবে নববাপের বিষৎসমাজ সেকালে যে দিগন্তব্যাপী যশের অধিকারী হয়ে ছলেন তাতেও সন্দেহ নেই। কিন্তু এই বিভা ছিল শুক জ্ঞানচর্চা—নব্যক্তারের ক্ট তর্কের অটিলতার আধ্যাত্মিকতা চাপা পড়ে গিয়েছিল, দেবজক্তি ঈশ্ব ভক্তি মহাশ্রে বিলীন হয়ে গিয়েছিল। বৃন্ধাবনের মতে কারের তর্কে বাসকেও দক্ষ ছিল।

সবে মহা অধ্যাপক করি গর্ব ধরে। বাগকেও ভট্টাচার্য্য সনে ককা করে।

কিন্ত যে গুণে লৌ কিক বিদ্ধা শুক জ্ঞানে মাত্র পর্যবদিত না হরে পরিপূর্ণতা লাভ করে — সেই ভক্তিগুণ অধ্যাপকদের ছিল না। তাই আক্ষেপ করেছেন বৃন্দাবন,—

যত অধ্যাপক দব ভর্ক দে বাথানে। তাঁরা দব কফের বিগ্রহ নাহি মানে ॥

সেকালের সমাজ ও অধ্যাপক-পণ্ডিতদের ভক্তিহীনতা সম্পর্কে কুন্দাবন দাস আরও লিখেছেন,—

১ वाजानीत मात्रच अवनान—मीरनन म्य चडेाठा र

२ हे. जा. जाहि, २ ज: ७ हे. जा. जाहि, २ ज: 8 हे. ह. जजा, ६ ज:

ব্যবহারমদে মত্ত সকল সংসার।
না করে বৈঞ্চব-ঘশ-মঞ্চল বিচার॥
পুজাদির মহোৎসবে করে ধন ব্যন্ত।
কৃষ্ণপুঞ্জা কৃষ্ণধর্ম কেহো না জানয়॥
যত অধ্যাপক সব তর্ক সে বাথানে।
কৃষ্ণভক্তি কৃষ্ণপূজা কিছুই না মানে॥
যদি বা পঢ়ার কেহো ভাগবতগীতা।
সে হো না বাথানে ভক্তি করে ৪৯ চিস্তা॥?

শাষ্ত্রক্ত পণ্ডিত অধ্যাপকদের সম্বন্ধে বুন্দাবন আরও লিখেছেন--

না বাথানে যুগধর্ম ক্লফের কীর্তন।
দোষ বিনা গুণ কারো না করে কথন ॥
যেখা সব বিরক্ত তপস্বী অভিমানী।
ভা সবার ম্থেতেও নাহি হরিধ্বনি ॥
অতি বড় স্কর্কতি সে স্নানের সময়।
গোবিন্দ প্গুরীকাক্ষ নাম উচ্চারয়॥
সীতা ভাগবত যে যে জনেতে পড়ায়।
ভক্তির ব্যাথান নাহি তাহার জিহ্বায়॥
*

যে করন্ধন বৈষ্ণব ছিলেন, তাঁরাও ছিলেন উপহাসের পাত্র—"সকল পাষ্ত্রী মিলি বৈষ্ণবেরে হাসে।" ৬

স্বতরাং চৈতক্সভক্ত বৃন্দাবন স্বাভাবিকভাবেই আক্ষেপ করেছেন— বিষ্ণুভক্তিশৃত্য হইল সকল সংসায়। স্বস্তুরে দহয়ে বড় চিত্ত সবাকার॥°

নীলাচলে অবস্থানকালে মহাপ্রভু লোকম্থে গোড়দেশের যে সংবাদ পেয়েছিলেন সেখানেও ভক্তিবিহীন জানচর্চার বিবরণ পাই।

> কেহো কৰে গৌড়দেশে নাহি হবিনাম। সজ্জন হুৰ্জন লোকের নাহি পরিত্রাণ।

১ हि. ७१. त्रशु, २२ जः २ हि. ७१. जानि २ जः ७ हि. ७१. जानि २ जः ■ छदिव

কেহ কহে ভব্লিছাড়ি আচার্য গোদাঞি। মৃক্তিকে প্রধান করি লওয়াইলা ঠাঞি ঠাঞি ॥°

নবৰীপের বিস্থাচর্চা সম্পর্কে অধ্যাপক কেনেভি নিখেছেন, "The spirit of its learning largely secularistic, its chief interest being academic rather than..." ম

ত্রিদণ্ডীখামী শ্রীমং ভক্তিবিশাসতীর্থ নববীপের তংকালীন শিকা ব্যবস্থাকে Golless education অর্থাৎ নিরীশ্বরবাদী শিকা বলেছেন। পণ্ডিবরা পরশার পাণ্ডিত্যের বিতর্কে উন্নসিত, শিকা থেকে ঈশবভাবনা নির্বাসিত, শিক্ষিত ব্যক্তিরা অধিকাংশই হয় সংশ্যবাদী, নয়ত বহু দেবতার বিশ্বাসী। পাণ্ডিত্যের অহংকার ও ঐহিক স্থের বাসনা নববীপকে নীতিহীনভার পংকে নিমঞ্জিত করেছিল। কুদংস্কার ও ইক্রিয়স্থ্য হয়েছিল সাধারণের ধর্ম।

সমাজের শিরোমণিস্থরপ পণ্ডিতসমাজ যদি নান্তিকারাদী বা সংশরবাদীতে পরিণত হন, তাহলে সাধারণ মাহ্ব কোথার পাবে ভক্তির অমৃতানাদন ? সাধারণ মাহ্ব তাই জ্ঞান-ভক্তির অভাবে স্থাপন আপন মত ও বিশাদ মতো অর্থহীন অমৃষ্ঠান ও ব্যারবছদ আমোদ প্রমোদকেই ধর্ম বলে মেনে নিয়েছিল। ভাই সমাজের উচ্চকোটি থেকে নিয়ভম প্যায় পর্যন্ত সংগ্রেই ভ্রমোগুল অধিকার করেছিল। বৃন্ধাবন এই সময়ের নববীপের অবস্থা সম্পর্কে স্থারও লিখেছেন—

কি সন্ন্যাদী কি তপস্বী কিবা জ্ঞানী যত। বড় বড় এই নবৰীপে আছেন কড। কেহ না বাধানে বাণ ক্লেয়ে কীৰ্তন। না ককক বাথা আরো নিজে সর্বক্ষণ॥

নৈতিক অধোগতিও দীর্ঘকাল ধরে হিন্দুসমান্তকে গ্রাস করেছিল, অধোপতির
চরম সীমায় উপনীত হয়েছিল বাঙ্গালী সমাজ। তাত্ত্বিক সাধনার ব্যাপকভার
ছিল্মবেশে নরনারীর ব্যক্তিচার বিবাক্ত ছুক্ততের মত সমাজদেহে প্রসারিত হয়েছিল। সহজিয়া সাধনার ছল্মবেশে
ধর্মের নামে নরনারীর ইন্দ্রিরচর্চা ব্যাপকতা লাভ করেছিল। হিন্দু রাজারাও

১ প্রেমবিলাস--১ম বিলাস

Research Sri Chaitanya's concept of Theistic Vedanta-p. 19.

^{· 25. 61.}

এই লোক থেকে मुक्त ছিলেন না। किश्ववती এই यে সমাট বল্লালগেনের বৃক্ষিত। পদিনী नाडी जन्मत्री हथानक्छ। श्रधाना यहिरोद्द व्यक्षिक यर्थाना छात्र कद्राङा এবং রাজা চণ্ডালী-পরিবেষ্টিত খাল সভাদদবর্গকে ভোলন করতে বাধ্য अवराजन 1º मिक्स अमियांत्र वर्षिक स्टाइट य अवराज अपी अनावकी जन्मन. দেনের সভার নৃত্য করতেন। ব্রুমানের পত্নী পদাবতী সম্পর্কে আর একটি कियन छी এই य পताय को भूरोय अगनाथ मनित्यत त्मरानामी हिल्लन. त्मरान (बरक क्षत्राहर जाँरक मिक्ने हिमार्य निष्य चारमन। शाउनामा देवश्व অভিরাম গোস্বামীর সঙ্গিনী ছিল মালিনী।° হিন্দুবাদ্ধরের অবসানের পরে **এই নৈতিকতাহীন ধর্মতর্ঘা সমাজদেহের সর্বাকে প্রাণারিত হয়েছিল। চর্যাপদে** বে শিধিলবন্ধ সমাজের চিত্র পাই তা প্রধানতঃ শবর, চণ্ডাল, ডোম প্রভৃতি নিম্ন-বর্ণের মধ্যে দীমাবদ্ধ। কিন্তু জয়দেবের গীতগোবিন্দে, বছুগ্রীনাদের শ্রীগ্রু-কার্তনে, মঙ্গলকাব্যে শিবের কোচনী-ডোমনী চণ্ডালী সংদর্গে সমাজের যে চিত্র ফুটে ওঠে তা উচ্চতর নৈতিকতার ধারণা জন্মায় না। দেক্তভোদরার পরিবেশিত একটি উপাধ্যানে বিহাংপ্রতা নামী বারান্ধনা প্রকাশ দিবালোকে বাঞ্চপথে উন্মুক্ত বক্ষ প্রদর্শনের ছারা বিদেশী দেখকে আরুই করতে (চই। করেছে । যদিও সেক্ডভোদ্যায় বণিত ঘটনা সমাট লক্ষানেনের সভাপঞ্জিত প্রাদিক স্মার্ত হলায়ধ মিশ্রের রচনা বলে প্রচলিত, তথাপি পণ্ডিতবর্গের মতে এই গ্রন্থ শ্রীষ্টার ষোড়শ শতাব্দীর মধ্যভাগে রচিত।

রান্ধনৈতিক সামাজিক অর্থনৈতিক ধর্মনৈতিক সকল দিক থেকেই বালালী হিন্দু ক্রমে ক্রমে ধ্বংসের পথে অগ্রসর হচ্ছিল। যুগের এই সংকটজনক মৃহুর্তে আবির্ভাব যুগাবভার মহাপ্রভূ শ্রীকৃষ্ণতৈতক্তের।

লবদীপে বৈক্ষব পরিমণ্ডল—শ্রীচৈতক্তের আবির্ভাবের পূর্বেই নববীপে বৈক্ষবীয় পরিমণ্ডলটি গড়ে উঠেছিল। বীরভূমের কেন্দুবিল-নারুর থেকে অঞ্জরের তীর ধরে কাটোয়া-নবদীপ-শান্তিপুর পর্যন্ত একটি বৈক্ষবীয় আবহাওয়া গড়ে

> Chaita 1ya and his age—Dr. D. C. Sen—p. 6

२ मिक्छरङावद्या—१म षः

o Chaitanya and his age-p. 7 8 Ibid

e Sekasubhodaya-Intrduction-by Dr. S. K. Sen, Asiatic Sociaty

উঠেছিল এই টার খাদশ থেকে পঞ্চদশ শতাকার মধ্যে। নবছীপের বৈষ্ণব সমাজ খদিও অবিখাসী পাযতী ও বিধর্মী শাসকদের খারা উৎপীড়িত হতেন, তবু তাদের প্রভাব ক্রমশ: বর্ধিত হচ্ছিল। নবখীপের বৈষ্ণব সমাজের নেতৃত্ব গ্রহণ করলেন অবৈত আচার্ধ। বিভিন্ন খান থেকে বৈষ্ণবগণ নবখীপে সমবেত হচ্ছিলেন।

কার জন্ম নবখীপে কারো চাটিগ্রামে।
কের রাচ় উড়ুদেশে শ্রীহৃট্রে পশ্চিমে ॥
নানাস্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ।
নবখীপে আসি হৈল সবার মিলন ॥
সব বৈশ্ববের জন্ম নবখীপ গ্রামে।
কোন মহাপ্রিয়দাসের জন্ম অক্সন্থানে ॥
শ্রীবাস পণ্ডিত আর শ্রীরাম পণ্ডিত।
শ্রীচন্দ্রশেশর দেব ব্রৈলোক্যপৃক্তিত ॥
ভবরোগনাশে বৈচ্চ ম্রারী নাম যার।
শ্রীহৃট্রে এসব বৈশ্ববের অবতার ॥
পৃথ্বীক বিভানিধি বৈশ্বব প্রধান।
চৈতন্তবন্ধত দত্ত বাস্থদেব নাম ॥
চাটিগ্রামে হইল তা সবার পরকাশ;
ব্যুচ্নে হইলা অবতীর্ণ হরিদাস ॥

বুন্দাবন দাস পুনর্বার বলেছেন-

নানা স্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ। নবদীপে আসি সবে হইল মিলন ।

चदिछ चाठार्रित क्या ७ वः म शतिहत्र मन्भर्क नवहति हक्कवजीक्षान्छ विवतनः

অবৈতের পিতামহাদি বিখ্যাত। বঙ্গে বাদ পূর্বে শান্তিপুরে গডায়াত। বঙ্গদেশে শ্রীহট্ট নিকট নবগ্রাম। দর্বারাধ্য অবৈভচন্দ্রের প্রিয়ধাম।

১ हि. डा चाहि, २वः

२ हि. जा. जाति, २ जः

তথা রহে বিপ্র শ্রীকুবের মহাশর। মিশ্র পণ্ডিভাচার্য এ খ্যাভি তাঁর হয়॥

নাভা নামে শ্রীকুবের মিশ্রের ঘরণী। অতি পতিত্রতা তেঁকো অধৈত জননী।

নবগ্রামে জন্মিলেন শ্রীঅবৈতচন্দ্র। জন্মকালে ভূবনে ব্যাপিল মহানদ্দ ॥১

বিবাহের পরে অধৈত শান্তিপুরে আগমন করেন। নবদীপেও তাঁর একটি ডেরা ছিল।

ঐছে বহে শান্তিপুবে শ্রীঅবৈত রায়।
করিলেন এক বাসস্থান নদীয়ার ॥
প্রায় শ্রীবাদের গৃহে অবৈতের স্থিতি।
কৃষ্ণ রসাস্থাদে না জানয়ে দিবারাতি॥
কৃষ্ণ শান্তিপুরে কভু রহে নদীরায়।
কৃষ্ণ বিনা কথোদিন উত্থেপে গোঙার ॥
*

নিত্যানন্দ দাসের মতে শ্রীহটের লাউড় রাজ্যে কুবের মিশ্র এবং নাভাদেবী বাদ করতেন। নাভাদেবীর ছর পূজ্ঞ ও এক কক্ষা জন্মগ্রহণ করে। কক্ষাটি জন্মের পরেই মারা যার। ছর পুজের নাম শ্রীকাস্ত, লন্ধীকাস্ত, হরিহরানন্দ, দদাশিব, কুশল দাম ও কীতিচন্ত্র। ছর জনেই তীর্থ পর্যটনে গমন করেছিলেন। তন্মধ্যে চারজন তীর্থপর্যটনকালেই লোকাস্করিত হন। অপর ফুজন কিয়ে আসেন কুবের নবগ্রাম ত্যাগ করার পর। পুজ্ঞাতে কাতর হরে কুবের ও নাভাদেবী নবগ্রাম ত্যাগ করে শান্তিপুরে এসে বসবাস করেন।

পুত্রশোকে নাঁভাদেবী কুবের মহামতি। গঙ্গাতীরে শাস্তিপুরে করিলা বসতি ॥°

শান্তিপুরেই অবৈতের জন্ম হর। তাঁর পিতৃদত্ত নাম ছিল কমলাকান্ত, পরে নাম হর অবৈত আচার্য। স্মৃতি, বেদ, পুরাণ, ভাগবত ইত্যাদি পাঠ সমাপনের পরে পিতৃবিয়োগের পর বিভিন্ন তীর্থ পরিক্রমণ ক'রে অবৈত আচার্য শান্তিপুরে কিবে এলে মদনগোপাল বিগ্রহ প্রতিষ্ঠা করেন। মাধ্যবেরপুরী শান্তিপুরে

১ ভক্তি রত্নাকর---১২ তরক ২ ভ. র.--১২ তরক ও প্রেমবিলাস---২৪ বিলাস

আগমন করলে অবৈত তাঁর কাছে গোপালমন্ত্র দীক্ষা গ্রহণ করেন—
দশক্ষির গোপাল মন্ত্র দীক্ষা তাঁর স্থানে।
মাধবেন্দ্র-শিশ্ব অবৈত সর্বলোকে মানে॥

ভক্তি রত্মাকর অপর একস্থানে বলেছেন যে, কুবের ও নাভাদেবী গঙ্গাতীরে শাস্তিপুরে এসে বসতি স্থাপন করেছিলেন।

> দোঁছে শান্তিপুরে আসি গঙ্গা সন্নিধানে। নিরস্তর মগ্র ক্রফকথা আলাপনে॥

তারপর নাভাদেবী গর্ভবতী হলে কুবের নবগ্রামে ফিরে আসেন এবং অবৈতের জয়ের কিছুকাল পরে তিনি বন্ধুবর্গের সঙ্গে শাস্তিপুরে এসে বসবাস করতে থাকেন। অবৈতপ্রকাশের বিবরণে কুবেরের অনেকগুলি পুত্রসন্তান মারা যাওয়ার পরে তিনি শাস্তিপুরে এসে বসবাস করতে থাকেন। পরে দিবাসিংহ নরপতির রাজত্বকালে কুবের লাউড়ের নবগ্রামে ফিরে গিয়েছিলেন ভার্যার সঙ্গে। সেথানেই অবৈতের জয় হয়। অবৈত বাদশ বংসর বয়সে শান্তিপুরে এসেছিলেন বড়দর্শন অধ্যয়ন করতে।

বাদশবর্ষ বয়ংক্রম শান্তিপুরে গেলা। বড়ুদর্শন শান্ত ক্রমে পড়িতে লাগিলা॥⁸

কিছুকাল পরে সন্ত্রীক কুবের শান্তিপুরে এনে পুত্রের সঙ্গে বসবাস করতে লাগলেন। অবৈত আচার্যের জন্ম শ্রীহট্টেই হোক আর শান্তিপুরেই হোক, তিনি শান্তিপুরেরই অধিবাদী ছিলেন এবং শিক্ষা সমাপ্ত হওয়ার পরে মাধবেন্দ্র পুরীর কাছে দীক্ষা নিয়ে তৎকালীন নদীয়ায় বৈষ্ণব সমাজের নেতৃত্ব গ্রহণ করেছিলেন এবং শ্রীচৈতন্তের আগমনের ক্ষেত্র প্রস্তুত করেছিলেন।

তবে রুফমন্ত্রহান্ত লৈল প্রভু পুরীরাজস্থানে। তবে লোক শিক্ষাইতে প্রভু সম্বতনে।

মহাপ্রস্থ শ্রীচৈতন্তের অন্ততম পার্ষদ পুগুরীক বিষ্ণানিধি চট্টগ্রাম থেকে নবদাপে এসেছিলেন—

পুগুরীক বিছানিধি প্রিয় অতিশয়। সর্বমতে জ্যেষ্ঠ তাঁর বাস বঙ্গদেশে।

১ প্রেমবিলাস—२৪ বিলাস २ छ. त्र.—१।२०८८ 🌞 छ. त्र.—१।२०१०-१२

अदेव ठ भक्षा न--- २ त्र यक्षा त्र व्यव च व्य

চক্ৰশালা নামে গ্ৰাম চাটিগ্ৰাম পাশে ৷ মধ্যে মধ্যে শ্ৰীনবন্ধীপেও দ্বিতি হয়। নবন্ধীপে আছে তাঁর অপূর্ব আলয় I'

প্রেমবিলালের মতে পুগুরীক বিভানিধি ছিলেন বাবেন্দ্র বান্ধণ-চট্টগ্রামের চক্রশাল। গ্রামের জমিদার। মাধবেন্দ্র পুরীর শিশ্ব পুঞ্জীক ছোর বিষয়ীর মত রাজসিক জীবন যাপন করতেন। নবৰীপেও তাঁর একটি বাডী চিল। এখানে তিনি মাঝে মাঝে বাস করতেন।

> চট্টগ্রামের চক্রশালা গ্রামের জমিদার। অতি ধনবান হয় অতি শুদ্ধাচার। বাবেদ্র ব্রাহ্মণ হয় কুলাংশে উত্তম। পুগুরীক বিছানিধি হয় তার নাম !

নবদ্বীপে তার এক আছয়ে আবাস। মাঝে মাঝে নবছীপে আসি করে বাস।

মাধবেন্দ্র পুরীর শিশু এই মহাশয়। বাহে সদা বিষয়ীর ব্যবহার কয়।

অতি গাঢ় রুফভক্তি আছয়ে অস্তরে। বিরক্ত বৈষ্ণব বোলি কেছ চিনিতে না পারে ॥

চট্টগ্রামের বেলেটী গ্রাম নিবাদী পুগুরীকের দহপাঠী মাধবেন্দ্র পুরীর শিষ্ত মাধৰ মিশ্ৰ বা মাধবাচাৰ্যও নবদীপে এসে বসতি স্থাপন করেছিলেন।

> তাঁর প্রিয় দথা শ্রীমাধব মিশ্র হয়। চট্টগ্রামে বেলেটি গ্রামে তাঁহার আলয়। অতি ভৱাচার ইহোঁ বারেন্দ্র বান্ধণ। পরম বৈষ্ণব ইহোঁ কুলাংশে উত্তম ।

> নবদ্বীপে আসি তিঁহো করিলা আলয়। মাধবেজ পুরীর শিক্ত এই মহাশয়। °

२ ८थ. वि.—२२ वि) G. 4.-->517A-7-A

শ্রীবাস পণ্ডিতেরও আদি বাড়ি শ্রীহট্ট—শ্রীবাসের পিতা জলধর পণ্ডিত শ্রীহট থেকে নবদীপে এসেছিলেন। শ্রীবাসের চার ভাই নবদীপে ও কুমারহটে থাকতেন।

শ্রীহটনিবাসী বৈদিক জলধর পণ্ডিত।
নবদীপে বাস করে হইয়া সন্ত্রীক ॥
তাঁর পাঁচ পুত্র হৈল বিধান।
রূপে গুণে শীলে ধর্মে অতি গুণবান্॥
সর্বজ্যেষ্ঠ নলিন পণ্ডিত মহাশয়।
বাঁহার কল্পার নাম নারায়ণী হয়॥
শ্রীবাস পণ্ডিত আর শ্রীবাম পণ্ডিত।
শ্রীপতি পণ্ডিত আর শ্রীবাম পণ্ডিত॥
শ্রীকান্তর অল্প নাম শ্রীনিধি হয়।
চারি সহোদর কৃষ্ণভক্ত অতিশয়॥
কুমারহট্টে বাস নবদীপে আর।
নবদীপে কুমারহট্টে গতায়াত সভার॥
অধিক সময় নবদীপে কররে বসতি।
কথন কথন কুমারহট্টে করে অবন্থিতি॥
বিধান কথন কুমারহট্টে করে অবন্থিতি॥

শ্রীচৈতন্তের নবদীপ লীলার অন্ত হুই সঙ্গী মুকুন্দ দত্ত ও বাহ্মদেব দত্ত নবদীপে এনেছিলেন চট্টগ্রাম থেকে।

চট্টগ্রাম দেশ চক্রশাল গ্রাম হয়।
সম্ভান্ত দত্ত অষষ্ঠ তাহে বসতি করয়।
সেই বংশে জনমিলা ছই ভাগবত।
শ্রীমুক্দদ দত্ত আর বাহুদেব দত্ত।
ত্ইভাই ক্ষণভক্ত জানে সর্বজন।
বাহুদেব জ্যেষ্ঠ মুক্দদ কনিষ্ঠ হন।
ত্ঁহে আদি নবদ্বীপে কল্কিলেন বাদ।
শ্রীকৃষ্ণচৈতক্ত প্রভুর প্রিয় দাদ॥
শ্রীমুক্দদ দত্ত প্রভুর সমাধ্যায়ী হয়।
প্রভুর সঙ্গেতে বিচার হয় সর্বদায়॥

১ थ्रि. वि.—२১ वि २ थ्रि. वि.—२२ वि

শ্রীবাসাদি প্রাভূপঞ্চকের মত প্রসিদ্ধ বৈশ্ব চিকিৎসক এবং শ্রীচৈতঞ্জের সহপাঠী ভক্ত মুরারী গুপ্ত, শ্রীচৈতক্তের মেদো চন্দ্রশেখর আচার্য শ্রীহট্ট থেকে নবদীপে এসে বাস করেছিলেন।

শ্রীবাদ পণ্ডিত আর শ্রীর ম পণ্ডিত।
চন্দ্রশেথর দেব ত্রৈলোক্যপ্র্বিত ॥
ভবরোগ নাশে বৈচ্চ মুরারী নাম যার।
শ্রীহট্টে এদব বৈষ্ণবের অবভার।

চন্দ্রশেশর আচার্য নীলাম্বর চক্রবর্তীর কনিষ্ঠা কল্যা সর্বজন্ধাকে বিয়ে করে সন্ত্রীক নবদ্বীপে এসে জগন্ধাথ মিশ্রের বাড়ীর কাছে বাস করেছিলেন। বন্ধভ ঘোষ, চৈতক্ত লীলার কাব্যকার ভক্ত কবি বাস্থ ঘোষ, মাধব ঘোষ ও গোবিন্দ ঘোষ শ্রীহট্টে পঞ্চথণ্ডের অধিবাসী ছিলেন বলে অনেকে মনে করেন। কবিকর্পপুর পরমানন্দ সেনের পিতা শিবানন্দ সেন শ্রীহট্ট জেলার চৌরান্ধিশ পরগণার আদিপাশা গ্রাম থেকে এসে কুমারহট্টে বসবাস করেছিলেন। এমন কি, বিষ্ণুপ্রিয়ার পিতামহ তুর্গাদাস মিশ্রও শ্রীহট্ট থেকে এসে নবনীপে বসবাস করেছিলেন।

শ্রীহট্ট নিবাসী ছুর্গাদাস মহামতি। সম্বীক নদীয়া আসি করিলা বসতি॥

গিরিজা শঙ্কর রায়চৌধুরী যথার্থ ই বলেছেন, "শ্রীহট্ট ও চট্টগ্রামের বাঙ্গালেরাই নিমাইয়ের জন্মের পূর্বে নবদীপে প্রাক্ চৈডক্ত বৈষ্ণব আবেইনটি গড়িয়া তুলিয়াছিল— পরিপুষ্ট করিয়াছিল।"

নানান্থান থেকে আগত বৈষ্ণবগণের যে সম্মেলন ঘটেছিল নবদীপে তার নেজ্যানীয় ছিলেন অবৈত আচার্য। বৈষ্ণবগণ সংখ্যালঘু এবং উৎপীড়িত হলেও রুষ্ণনামকীর্তন ইত্যাদিতে বিরত ছিলেন না। শ্রীবাসাদি চারিল্রাতা নিজগৃহে রুষ্ণনাম গান করতেন—

> সর্বকাল চারিভাই গায়ে রুঞ্চনাম। ত্রিকাল করয়ে রুঞ্পুন্ধা গলা মান ॥

১ है. छा. जानि २ जः

२ विकृष्टिञ्जानकावनी । পূर्ववकीय भार्वन-वागितक कहारार्व-शः > ।

ত প্রেমবিলাস ৪ চরিতগ্রন্থে এটেডন্ডল-পু: ১৬ ৫ চৈ ভা--আদি ২ অ:

্লীবাদের কীর্ডনগানে স্থানীয় ব্যক্তিরা ধবন ভয়ে ভীত হয়ে শ্রীবাদকে শান্তি দেবার পরামর্শ করছে ভনে অবৈত আচার্য ক্রেছ হয়ে ভগবান্ শ্রীকৃষ্ণকে মর্ডে অবতীর্ণ করার প্রতিজ্ঞা ঘোষণা করলেন—

> শুনিয়া অবৈত কোধে অগ্নি হেন জলে। দিগম্বর হই সব বৈষ্ণবেরে বোলে। শুন শ্রীনিবাস গঙ্গাদাস শুক্লাম্বর। ক্যাইব কুষ্ণ সর্বনয়নগোচর।

দেশের মান্থবের ত্বংথ দৈয় তুর্দশা সম্ভ করতে পারছিলেন না অবৈত আচার্য। তাই তিনি সাধনা করছিলেন শ্রীক্লফের মর্তাবতারের।

স্বভাবে অবৈত বড় কারুণ্য হৃদয়। জীবের উদ্ধার চিন্তে হইয়া সদয়। মোর প্রভু আসি যদি করে অবতার। তবে হয় এ সকল জীবের উদ্ধার॥^১

প্রতিদিন বৈষ্ণবগণ অপরাহে অবৈতাচার্ধের গৃহে সমবেত হয়ে রুঞ্নামগানে কাল্যাপন ক্রেন—

বিকাল হৈলে আসি ভাগবতগণ।
অবৈত সভায় সবে হয়েন মিলন ॥
থেইমাত্ত মৃত্যুল গায়েন রুফগীত।
কেহ নাহি জানি কেবা পড়ে কোন ভিত ॥
কেহ কাল্প কেহ হাসে কেহ নৃত্যু করে।
গড়াগড়ি যায় কেহ বন্ধ না সম্বরে॥
হয়ার করয়ে কেহ মালসাট মারে।
কেহ গিয়া মৃকুন্দের ছই পায়ে ধরে॥
এই মতে উঠয়ে পরমানন্দ হ্রথ।
না জানে বৈশুব সব আয় কোন ছঃখ॥
আই ভিত্তরম্বাকর বলছেন—
ক্ষা বিনা কথোদিন উর্ভেগে গোঙায়॥

১ চৈ. ভা. আদি ২ আ: ২ চৈ. ভা. আদি ২ আ: ৩ চৈ. ভা. আদি ২ আ:

क्रक चार्राश्या मना चान्य श्रकादा। व्हेंना क्षकि कुछ चर्विक व्हादि ॥?

মাধবেল্র-শিশ্র আচার্য অবৈত শ্রীবাসাদি ভক্তগণ সহ যথন নিপীড়নভীত হয়ে গোপনে স্বগৃহে হরিনাম সংকীর্তন করছিলেন আর পরিত্রাতার আবির্ভাবের জন্ম তপস্থা করছিলেন সেই সময়ে যবন হরিদাস এসে অহৈতের সহিত সন্মিলিত হলেন। জন্মভূমি বাঢ়ন গ্রাম থেকে হরিদাস এসে গঙ্গাতীরে শান্তিপুরে বসবাস করতে থাকেন।

> ব্যাঢ়ন গ্রামেতে অবতীর্ণ হরিদাস। সে ভাগো সে সব দেখে কীর্তন প্রকাশ। কতদিন থাকিয়া আইলা গঙ্গাতীরে। আসিয়া বহিলা ফুলিয়ায় শান্তিপুরে ॥ ३

হরিদাস শাস্তিপুরে ফুলিয়ায় গঙ্গামান করতেন আর হরিনাম করতেন— গঙ্গাম্বান করি নিরবধি ছবিনাম।

উচ্চ করি লইয়া বলেন সর্বস্থান 📭

তিনি দৈনিক প্রতাহ তিন লক নাম জপ করতেন— হরিদাস ঠাকুর শাখায় অদ্ভুত চরিত। তিন লক্ষ নাম তেঁহো লয়েন অপতিত 18

নিত্যানন্দ দাসের বিবরণে হরিদাস শান্তিপুরে অবৈতের কাছে ভক্তিশান্ত पशायन करत्रिक्तिन अवः परिकाल निकृष्ठ मोका श्राप्त के दित्र किन किन নামজপে দিন অভিবাহিত করতেন।

> কোন একদিন আইলা শ্রীশান্তিপুরে॥ অবৈত প্রভুর পদে লইলা শরণ। তাঁর ঠাঞি ভক্তিশান্ত কৈল অধ্যয়ন ॥ অবৈতের স্থানে তিঁহো হইলা দীকিতী । তিন লক হরিনাম জপে দিবা বাতি । লক হবিনাম মনে লক কানে ভনে। লক্ষ নাম উচ্চ করি করে সম্বীর্তনে 1%

⁾ 毎. 酒.-->ミ|>9>・->>

२ हे. छा. जापि ३८ जः

७ है. जा. जाहि 58 व:

⁸ Cb. b. प्यापि > शति e প্রেমবিলাস-- २8 वि

ছই পরম বিফুভজের মিলন বৈষ্ণব আন্দোলনের পক্ষে একটি তাৎপর্বপূর্ণ ঘটনা। হরিদানের শান্তিপুর ফুলিরার আগমনে বৈষ্ণবদের নিঃসন্দেহে শজি বর্ধিত হরেছিল। অবৈত ও হরিদান মিলে ক্রফকণা রলে কাল কাটাতে থাকেন। ক্রফদান কবিরাজের ভাষার হরিদান ও অবৈতের মিলনদুর্গ্তঃ

আচার্বে মিনিয়া কৈল দণ্ডবং প্রণাম।
অবৈত আলিকন করি করিল সমান।
গঙ্গাতীরে গোফা করি নির্জনে তারে দিল।
ভগবদ্গীতার ভক্তি অর্থ শুনাইল।
আচার্বের ঘরে নিত্য ভিক্ষা নির্বাহণ।
ছইজনা মিনি রুফক্রণা আস্থাদন।

বৃন্দাবন দাস লিখেছেন—
হরিদাস ঠাকুর অবৈতদেব সঙ্গে।
ভাসেন গোবিন্দ-রস-সমুক্ততরকে॥

নিরবধি হরিদাস গঙ্গা তীরে তীরে। অমেণ কোতুকে রুফ বলি উচ্চৈঃম্বরে॥

হরিদাস ও অবৈত—এই তুই মহাসাধকের সাধনায় 'পরিত্রাণায় সাধ্নাং বিনাশায় চ ছৃদ্ধতাম্' শ্রীকৃষ্ণচৈতক্তের আবির্ভাব। ছুই মহাসাধকের একই উদ্দেশ্য,—ভগবানের অবতার আশু প্রয়োজন।

জগৎ নিস্তার লাগি করেন চিস্তন।
অবৈষ্ণব জগৎ কেমনে হইবে মোচন॥
ফ অবতারিতে অবৈত প্রতিজ্ঞা করিল।
জল তুলসী দিয়া পূজা করিতে লাগিল॥
হরিদাস করে গোকায় নাম সংকীর্তন।
ফুফ অবতীর্ণ হইবেন এই তার মন॥
ফুইজনের ভক্তে চৈতক্ত কৈল অবতার।
নাম প্রেম প্রচারি কৈল জগৎ উদ্ধার॥
ই

ত্ই ভক্ত দাধক যথন আৰ্ডজাতা ভগৰানের আবির্ভাবের জন্ত কঠোর দাধনায় রত সেই সময়ে শ্রীবাদাদি শ্রাভ্বর্গ ও অক্সান্ত ভক্তবৃদ্দের অবিরত নাম সংকীর্ডনে নবৰীপ-শান্তিপুরে বৈষ্ণবীয় পরিমণ্ডল যে একটু একটু করে প্রদারিত হচ্ছিল এবং শক্তিদক্ষর করছিল তা অমুমান করা যায়।

à रेह, ह, खखा ७ পরি २ रेह, छो. खांकि ১৪ खः ७ रेह, ह, खखा ७ পরি

দিডীয় অধ্যায় বংশ পরিচহা

শ্রীচৈতক্তের পিতৃব্য কংসারি মিশ্রের পূত্র প্রছায় মিশ্র বচিত শ্রীক্ষটেতত্তো-দয়াবলী নামক সংস্কৃত গ্রন্থে শ্রীচৈতক্তের পূর্বপুক্ষদের বিবরণ প্রসঙ্গে তাঁদের আদি নিবাস সম্পর্কে বলা হয়েছে—

আসীজুী হট্টমধ্যদ্বো মিশ্র: মধুকরাভিধ:।
পাশাত্যো বৈদিকশৈত তপন্থী বিভিতেন্দ্রিয়:
বারণাথ্যৈব তেনেহ কিয়ন্ত্রমি করোৎকরা।
বরগঙ্গেতাতো দেশ: সজ্জনৈ: পরিগীয়তে ॥

— শ্রীহট্টদেশ, মধ্যে মধুকর নামে জিতেন্দ্রিয় পাশ্চাত্য বৈদিক শ্রেণীভূক্ত মধুকর নামে ব্রাহ্মণ ছিলেন। তিনি বারণাতে কিছু পরিমাণ ভূমি লাভ করে ক্ষবাস করেন। সজ্জনগণ ঐ স্থানকে বরগঙ্গা (বক্লজা) বলে থাকে।

শ্রীকৃষ্ণতৈতন্তোদয়াবলীর সম্পাদক ব্যোমকেশ ভট্টাচার্য লিখেছেন, শ্রীহট বৈদিক সমিতির চতৃশ্চন্তারিংশৎ বার্ষিক অধিবেশন (১৩৫৪ বাং ১০ই পৌষ) আহ্বায়কগণের অভিভাষণে পাওয়া যায় যে বকলা গ্রামের প্রাচীন পূঁথিও বংশাবলীতে উল্লেখ আছে, এতদঞ্চলের কোন রাজার আমন্ত্রণে মিথিলা হইতে বৎস গোত্রীয়য় মধুকর মিশ্র ঐ গ্রামের হিরণ্যগর্ভের কলা চণ্ডীকে বিবাহ করিয়াছিলেন।"

প্রতাম মিশ্র বলেন, মধুকরের চার পুত্র ও এক কক্সা ছিল, তাদের নাম কীর্তিদ, বৃঙ্গদ, উপেন্দ্র, কীতিবাস ও ফণী।

> চত্তারন্তত্ত পূত্রান্ত সকলৈক পঞ্চ বৈ। কীর্তিদো রঙ্গদোপেন্দ্রো কীর্তিবাসন্তথা কণী।

তন্মধ্যে উপেন্দ্র মিশ্র কৈলাসের নিষ্টবর্তী ইন্দু নদীর ধারে গুপ্ত বৃন্দাবনে ভার্যা শোভার সঙ্গে তপক্তা করেছিলেন। উপেন্দ্রমিশ্রের সাতটি গুণবান পুত্র

श्रीकृक्टेठ अख्यानवानी—१००० २ श्रीकृक्टेठ अख्यानवानि—१३ ०

७ के अब

জন্মছিল—সাভটি পুত্তের নাম: কংসারি, প্রমানন্দ, জগন্নাথ, সর্বেশ্বর, পদ্মনাভ, জনার্দন, ত্রিলোকনাথ—

বভূব্: সপ্তপুত্তাশ্চ তন্ত বিপ্রস্ত ধীমত:। ব্রাহ্মণ্যগুণসম্পন্না নারায়ণপ্রায়ণা: ॥ কংসারি: প্রমানন্দো জগন্নাথস্তত: প্র:। সর্বেশ্বর: পদ্মনাজো জনার্দনস্তিলোকপ:॥'

নিত্যানন্দ দাস প্রেমবিলাসে মহাপ্রভুর বংশ পরিচয় সম্পর্কে লিখেছেন— বাংস্তম্নি বংশ্ত বৈদিক বিশুদ্ধ মিশ্র নাম।

বাৎশুম্ন বংশ্ব বৈশ্বক বিশুদ্ধ মিঞ্জ নাম।
বার পুত্র মধ্মিঞ্জ গ্রীহট্টে কৈল ধাম।
বান্ধ পুত্র মধ্মিঞ্জ গ্রীহট্টে কৈল ধাম।
বিয়ে করি মধ্ মিঞ্জ বৈল নেই গ্রামে।
ক্রমে চারিপুত্র হৈল পণ্ডিত প্রধান।
উপেন্দ্র রক্ষদ কীর্তিদ কীর্তিবাদ নাম।
উপেন্দ্রমিশ্রের পত্নী কমলাবতী নাম।
সপ্তপুত্র হৈল তার পণ্ডিতপ্রধান।
কংসারি পরমানন্দ আয় জগরাধ।
পন্মনাভ সর্বেশর জনার্দন ত্রৈলোক্যনাধ।
জগরাধের হৈল মিঞ্জ পুরন্দর পদ্ধতি।
গঙ্গাতীরে আসি নবছীপে ক্ষিল বস্তি।

প্রত্যন্ত্র মিশ্রের প্রবে উপেন্দ্র মিশ্রের পদ্মীর নাম শোভা দেবী ও নিত্যানন্দের প্রবে কমলাবতী। কিন্তু জন্মানন্দের চৈতক্তমঙ্গলে শ্রীগোরাকের সন্মাস প্রহণ উপলক্ষ্যে তাঁর পূর্বপূক্ষদের নামের যে তালিকা প্রদন্ত হয়েছে, সেই তালিকার সক্ষে উপরে উদ্ধৃত তালিকা ছটির মিল নেই। শ্রীগোরাক সন্মাস প্রহণের পূর্বে গঙ্গাজলে পিতৃপূক্ষদের তর্পণ করেছিলেন; জন্মানন্দ সেই তর্পিত পিতৃ-পূক্ষদের নাম উল্লেখ করেছেনঃ—

পিতামত জনার্দন মিশ্র মহাশর। প্রাপিতামত রাজগুরু মিশ্র ধনঞ্জ ॥

১ बैकुक्टेंठल्डाव्यांवली-->।>8->e २ ८थ. वि.--२8 वि

দিখিক্ষী বাদকৃষ্ণ বৃদ্ধ প্রপিতামহ।
তার পিতা বিরপাক্ষ কবীন্দ্র বিগ্রহ ॥
তার পিতা ক্ষীবচন্দ্র অভিনব ব্যাস।
দিব্যরথে আইলা সভে দেখিতে সন্ত্রাস॥
গক্ষাকল ভর্পনে তুষিলা একে একে।

এই তালিকায় মহাপ্রভুর পিতামহের নাম জনার্দন মিশ্র ও প্রপিতামহের নাম ধনক্ষম মিশ্র। কিন্তু ম্রারি গুপ্ত তাঁর কড়চা নামে প্রসিদ্ধ শ্রীক্রফটেডগু-চরিতামৃত কাব্যে মহাপ্রভু শ্রীক্রফটেডগ্রের যে বংশতালিকা দিয়েছেন তদহুসারে ক্রফদাস কবিরাজ্ব বংশতালিকা দিয়েছেন। ক্রফদাসের বিবরণে—

শ্রীহট্ট নিবাসী উপেক্স মিশ্র নাম।
বৈষ্ণব পণ্ডিত ধনী সদ্গুণ প্রধান ॥
সপ্ত পুত্র তাঁর হয় সপ্তথ্য বিবর।
কংসারি পরমানন্দ পদ্মনাভ সর্বেশ্বর ॥
জগরাথ জনার্দন ত্রৈলোক্যনাথ।
নদীয়াতে গঙ্গাবাস কৈল জগরাথ ॥
জগরাথ মিশ্রবর পদ্বী পুরন্দর।
নন্দ বহুদ্বে রূপগুণের সাগ্র ॥
১

কৰিকৰ্ণপূরও গৌরগণোদ্ধেশদীপিকায় শ্রীচৈতক্তের পিতামহের নাম উপেক্স মিশ্র ও পিতামহার নাম কমলাবতী বলে উল্লেখ করেছেন। ত চৈতক্তো-দয়াবলী, প্রেমবিলাস, ম্রারির কড়চা এবং চৈতক্তচিবিতামুতের বিবরণ একই প্রকার। স্থতরাং এই বিকরণই যথার্থ। শ্রীচৈতক্তের পিতামহ জনার্দন মিশ্র নয়, উপেক্স মিশ্র। তবে জনার্দন উপেক্সের নামান্তর হতে পারে।

প্রত্যায় মিশ্র ও নিত্যানন্দ দাসের মতে জগরাথ মিশ্রের পৈত্রিক নিবাস শ্রীষ্ট্র জেলার বরগঙ্গা বা বরুঙ্গা গ্রাম, কিন্তু জয়ানন্দের মতে শ্রীহটের জয়পুর গ্রাম।

> শ্রীহট্ট দেশের মধ্যে জরপুর গ্রাম। সর্বস্থ্যময় স্থান ক্ষিতি অমুপাম॥

১ চৈ. ম. সল্লাস—১।৬-৬ ২ চৈ. চ. আদি ১৩ পরি

७ भौत्रशर्गात्मन- ब्हत्रमशृत मः--७६-७७ साक

জন্নপুরে যত যত ব্রাহ্মণের দর। দিব্যমৃতি মহাবিদ্যা মহাধনেশ্বর ।

হেন বংশে জগরাথ মিশ্রের উৎপত্তি।

শ্রীহট্ট থেকে অনেক জ্ঞানী গুণী ব্যক্তি নবদীপ চলে আসেন খুব সম্ভব কোন কোন বাজনৈতিক উপস্রবেশ্ব জন্মই। এই সময়ে শ্রীহট্টের অবস্থা সম্পর্কে জ্ঞানন্দ লিখেছেন—

> অনাচার দেশে বসতিযোগ্য নহে। শ্রীহটে উত্তম 🗫 তিলার্থ না রহে।

হুতরাং—

নীলাম্বর চক্রবর্তী মিশ্র জগন্নাথে। সবান্ধবে জয়পুর ছাড়িল উৎপাতে ॥?

মতান্তরে প্রতিতভ্তের পূর্বপুরুষগণ শ্রীহট্টজেলার ঢাকাদক্ষিণ বা ঠাকুর বাড়ী প্রামের অধিবাসী ছিলেন। প্রপ্রায় মিশ্র জানিয়েছেন যে উপেন্দ্র মিশ্র জগরাথকে কাতন্ত্র বা কলাপ ব্যাকরণে ব্যুপর করার পর অধিকতর বিভার্জনের জন্ম নববীপ পাঠিয়েছিলেন—

> ধীমস্তং স্বস্তুতং বীক্ষ্য জগদ্ধাথং গুণাৰ্গবম্। কাভদ্ধাদীনি শাস্ত্ৰাণি পাঠ্যামান ন বিজঃ। আবেশং ভক্ত তত্ত্বৈব দৃষ্টা মিশ্ৰ প্ৰতাপবান্। প্ৰস্থাপয়ামান চ তং নবদীপে মনোরমে।

শ্রীহট্ট থেকে জগন্নাথের নবৰীপে আগমনের কারণ রাজনৈতিক অন্থিরতা এবং বিদ্যার্জনের স্পৃহা হুইই হতে পারে। যে কারণে পরবর্তীকালে (বোড়শ শতাব্দীর মধ্যভাগ) কবি মুকুন্দরাম চক্রবর্তীকে দামিল্লা ত্যাগ করে মেদিনীপুর যেতে হয়েছিল, অহুরূপ কোন কারণেই সম্ভবতঃ শ্রীহট্টের জ্ঞাণিগুণী ব্যক্তিরা পূর্ববন্ধ ত্যাগ করে নবৰীপে এসে বসতি করেছিলেন। জন্মানন্দের কাব্যাহ্মসারে শ্রীহট্টে ছর্ভিক্ষ অনাচার মড়ক ইত্যাদির প্রান্ত্র্ভাব হওয়াতেই জগন্নাথ মিশ্র, নীলাম্বর চক্রবর্তী প্রশৃত্তি শ্রীহট্ট ত্যাগ করে নবন্বীপে এসেছিলেন।

> हेठ, ब. नगेशं—>।> २ हेठ, ब. नगेशं—२।२७ ७ हेठ्ड**ट्या**पशांकी—>।>-२

শ্রীহট্ট দেশে অনাচার ছাভিক জারিল।
ডাকা চুবি অনাবৃষ্টি মড়ক লাগিল।
উচ্ছর হইল দেশ অরিষ্ট দেখিয়া।
নানা দেশে সর্বলোক গেল পালাইয়া।
নীলাম্বর চক্রবর্তী মিশ্র জগরাথে।
সবাদ্ধবে জয়পুরে ছাড়িল উৎপাতে।

বিভাবতা এবং ব্যবসাবাণিজ্যের স্থান হিসাবে নবদ্বীপের খ্যাভিই যে এঁদের নবদ্বীপে আকর্ষণ করে এনেছিল সন্দেহ নেই। জয়ানন্দ আর একটি ন্তন সংবাদ দিয়েছেন। তাঁর মতে শ্রীচৈতন্তের পূর্বপূক্ষ উড়িয়ার অন্তর্গত যাজপুরে বাদ করতেন। উড়িয়াধিপ রাজা শ্রমরের অত্যাচারে তারা উড়িয়া থেকে শ্রীহট্টে এসে বসতি স্থাপন করেছিলেন।

চৈতন্ত গোদাঞির

পূব পুৰুষ

আছিল আজপুরে।

শ্রীহাট ছেপেরে

পালাইয়া গেল

বাজা ভ্রমবের ডবে।

বাজা শ্রমরকে অনেকে উৎকলাধীশ কপিলেন্দ্রদেবের (১৪৩৫-৬৬) সঙ্গে অভিন্ন বলে মনে করেন, কারণ রাজা কপিলেন্দ্রদেবের জ্রমর উপাধি ছিল। ত কপিলেন্দ্রদেবের সমরে উড়িয়া রাজ্যের আয়তন বছদ্র বিস্তৃত হয়েছিল। কিছ জ্বানন্দ বাতীত অন্ত কোন্ চরিতকার এই ঘটনার উল্লেখ করেন নি। জ্যানন্দ কথিত বিবরণ যথার্থ হলে এই অর্থ শতান্দীর মধ্যেই জ্রীচৈতন্ত্রের পূর্বপূরুষদের উড়িয়া থেকে জ্রীহট্ট থেকে নবদীপে বাসন্থান পরিবর্তন করতে হয়েছিল। এরপ ঘটনা সম্ভব মনে হয় না। জ্বানন্দ অনেক উন্তট কাহিনী পরিবেশন করেছেন। উড়িয়া থেকে রাজভয়ে পালিয়ে এলে উড়িয়া-সংলয় পশ্চিমবঙ্গেই যে কোন ব্যক্তির পক্ষে বাস করা স্বাভাবিক। উড়িয়া থেকে যাজা করে জ্রীহট্টে গিয়ে বাস করার সক্ষত কারণ বোঝা যায় না। প্রভাম মিল্লের জ্রীকৃষ্ণচৈতন্ত্রোদয়াবলী অন্থসারে গৌরাজদেবের বংশ পাশ্চাত্যবৈদিক শ্রেণীভুক্ত। ব্যোমকেশ ভট্টাচার্য বলেছেন যে, জ্রীগৌরাজের পূর্বপূর্ষ মধুকর মিশ্র বাংক্ত

टि. म. नहीवा-- २ टि. म. नहीवा-- २

⁹ History of Orissa-Harekrishna Mahatab

গোত্রীয় বেদজ্ঞ ব্রাহ্মণ, মিথিলা থেকে এলে শ্রীকট্টের বরগলা নামক প্রামে বলজি দ্বাপন করেছিলেন। ম্বারির কড়চাতেও তিনি বাংস্থগোত্তীয় পাশ্চাত্য বৈদিক শ্রেণীভূক্ত। পিথিলায় চৈতজ্ঞের পূর্বপূরুষদের বাসের সংবাদ ভট্টাচার্য মহাশর কোথায় কিভাবে পেয়েছেন জানি না। তবে উড়িক্সার পাশ্চাত্যবৈদিক শ্রেণীয় ব্রাহ্মণ না থাকায় জয়ানন্দের বিবরণ সমর্থিত হয় না।

যাই হোক্, প্রীচৈতক্ত যে একটি মহৎ বংশে জন্মছিলেন তাতে সন্দেহ নেই।
কাগনাথ মিশ্র একজন প্রতিভাবান্ জ্ঞানী ব্যক্তি ছিলেন। প্রান্ধান্ন বিবরণে
উপেন্দ্র মিশ্র কলাপ ব্যাকরণ সমাপ্ত করার পরে বিভার্জনের জন্ত নযথীপে
প্রেরণ করেছিলেন। নবদীপে এসে জগন্নাথ বেদাদি পাঠ করে গুরুর প্রশংসাভালন ও সর্বজনের প্রিয় হয়েছিলেন—

অধ্যেষ্ট বেদং থলু সাম সম্ভতং। সংধ্যায় নারায়ণমাদি দৈবতম্॥ বিভার্থিভি: পুণানিকেতনো যুবা। ধ্যাে গুরো: সর্জনপ্রিয়ন্ট সং॥

—তিনি সতত বেদ, বিশেষতঃ সামবেদ অধ্যয়ন করতেন, আদিদেব নারায়ণকে ধ্যান করে বিভার্থিগণের পুণ্য আবাস স্বরূপ গুরুর নিকট তিনি প্রশংসিত হয়েছিলেন এবং সকলের প্রিয় হয়েছিলেন।

ম্বারি গুপ্ত জানালেন যে জগরাথ মিশ্র সকল গুণযুক্ত কৃষণভক্ত এবং বেদাচার্য ছিলেন। গুরু তাঁর প্রতি প্রীত হয়ে পুরন্দর মিশ্র উপাধিতে ভূষিত করেছিলেন—

> জগন্নাথন্তন্মিন্ বিজক্ষপয়োধীন্দুস্দৃশো হভবছেদাচার্য্য: সকলগুণযুক্তোগুরুসম:। স কৃষ্ণাভিয় খ্যানপ্রবলতরযোগেন মনসা বিশুদ্ধ: প্রেমার্দ্রো নবশশিকলেবান্ত বরুধে॥৪

—জগন্ধাথ সেই বংশে বিষক্ত সমূত্রে চক্রসদৃশ সকলগুণসম্পন্ন গুরুত্স্য বেদাচার্য হয়েছিলেন। তিনি প্রবলভরযোগে মনে মনে রুফের চরণ ধ্যান করে পবিত্তরূপে রুফপ্রেমসাগরে নবশশিকলার মত বর্ধিত হতে থাকেন।

> অথ তম্ম গুরুদক্তে দর্বশান্তার্থবেদিন:। পদবীমিতি তত্ত্ব: শ্রীমন্ মিশ্র পুরুদর: ॥°

७ हि उरकाषत्रांक्ती—२।८ ८ मू. क.—३।३।२८ ६ मू क.—३।२।३

— অনস্তর দকল শাস্তার্থে অভিজ্ঞ জগন্নাথের তত্ত্ত গুরু তাঁকে মিশ্র প্রন্দর উপাধি দিয়েছিলেন।

কবিকর্ণপুর জগন্নাথ সম্পর্কে লিথেছেন,—
বভো মহাবংশসমূন্তবঃ স্থা রনেকবিদ্যাম্ব্ধিপার পণ্ডিতঃ। বিজ্ঞাতিবংশৈকাবতংসবদ্ যতঃ শ্রীমানু জগন্নাথ ইতীহ বিশ্রুতঃ॥

— মহাবংশে জাত স্থা, জনেক বিদ্যাসমূদ্রের পারে উপনীত, পণ্ডিত, ব্রাহ্মণকুলের অলংকার স্বরূপ শ্রীমান্ জগন্নাথ এই নামে বিখ্যাত শোভা পেতে লাগলেন।

রঘুনন্দন গোস্বামী জগন্নাথের গুণাবলী সম্পর্কে লিথেছেন,—
গান্তীর্থেন নদীপতিং করুণরা শ্রীরান্তিদেবং নৃপং
বৈর্থেনামরভূষণং স্থ্যময়া শ্রীয়ামিনীবল্পত্ম।
বিদ্যাভিদিবিষদ্পুরু মুররিপো ভক্ত্যা কয়াধোঃ স্থতম্
সংপুত্রপ্রসবেন কশ্রপমূনিং যোহসো বিজিগ্যেভূদম ॥
ই

—তিনি থৈর্বের বারা সম্তকে, করুণার বারা রাজা রস্তিদেবকে, থৈর্বের বারা হ্মেক পর্বতকে, সোক্র্যের বারা চন্দ্রকে, বিদ্যার বারা দেবগুরু বৃহস্পতিকে, ভক্তির বারা কয়াধূপুত্র প্রহলাদকে এবং সংপ্রদানের বারা ক্সপ্নৃনিকে অত্যধিক জয় করেছিলেন।

সকল চরিতকারই জগনাথের বংশমর্থানা পাণ্ডিত্য এবং ভগবন্ভক্তি বা রুফভক্তির প্রশংসা করেছেন। জগনাথ মিশ্রের উদার প্রশস্তি করেছেন বৃন্দাবন দাসও:—

নবদীপে আছে জগরাথ মিশ্রবর।
বহুদেব প্রায় তেঁহ স্থধর্মে তৎপর ।
উদার চরিত্র তেঁহ ব্রহ্মণ্যের সীমা।
হেন নাহি যাহা দিয়া করিব উপমা।
কি কশ্রপ দশর্প বহুদেব নন্দ।
সর্বময় তত্ত্ব জগরাথ মিশ্রচক্র ।°

১ শীকুকটৈ গ্ৰন্থ বিভাগৃতন্-বাঃও ২ গৌরাক চম্পু-তাব ও চৈ. ভা. আদি ২ অঃ

অগন্নাথ মিশ্রের পাগুতোর নিম্বন হিসাবে স্থন্দর হস্তাক্ষরে ফ্রটীহীন একটি সংস্কৃত মহাভারতের আদিপর্বের জগন্নাথকত অন্থলিথনের উল্লেথ করেছেন আচার্য দীনেশ চক্র সেন। আচার্য সেনের ভাষাতেই তাঁর বক্তব্য উদ্ধৃত করছি:—

"A copy of the Adiparva of the sanskrit Mahabharata written in Jagannath Miśra's own hand bearing his signature and date of copying, is in the possession of Mahamahopadhyāy Ajit Nath Nāyaratna of Nadia. The date is Saka 1890 (1468 A. D.) or 17 years before the birth of Chaitanya. The hand writing is beautiful......The copy is free from errors... A few years ago Lord Carmichael paid a visit to Pandit's house at Nadia with the intension of seeing the sacred book. The copy of Mahabharata substantiates the statement made by biography that Jagannath Miśra was thoroughly learned in Sanskrit, not a single grammatical error or spelling mistake is met with in this large volume."

'বৃহৎ বঙ্গ' গ্রন্থেও দীনেশচন্দ্র এই বিষয়ের উল্লেখ করেছেন।' জগন্ধাথ স্কাকেজিয়ানন্দের বক্তব্য:

জগন্নাথ মিশ্র হইল মিশ্র পুরন্দর।
সংকবি পণ্ডিত মহা তার্কিক স্থন্দর।
উত্র তপ দেখি সর্বলোক চমৎকার।
স্থান সন্ধ্যা নিত্য শ্রাদ্ধ দেব আচার॥
বলি হোম জপ সন্ধ্যা পূজা ধূপ দীপে।
শ্রীভাগবত পাঠ গোবিন্দ সমীপে।

বিবাহের পাত্র হিদাবে জগন্ধাও অবশ্রই শাঘা। স্থতরাং নীলাম্বর চক্রবর্তী স্বীয় কল্যা শচীর জল্ম পাত্র হিদাবে জগন্নাথকেই মনোনীত করলেন—

> निषमा अनक्षभावि श्रीन देविषक्षमञ्जमः। नौनाषद्या विक्वदद्या स्ट्रेड्र ७९ व्ययस्य मुना॥

১ Chaitanya and his age-pp. 108-4 ২ বৃহৎ বস-পৃ: ৬৯৮

চৈ. ম নদীয়া—৪।১১-১০

দৃট্টা তং নরশার্ম্বাক চক্রবর্তী স্বধর্মাট । তব্দৈ কল্লাং প্রদাসামি স্বশীলার মহাত্মনে ॥১

— বৈদিকশ্রেষ্ঠ নীলাম্বর জগরাথের রূপগুণ শুনে দানন্দে তাঁকে দেখতে গেলেন। স্থামনিরত চক্রবর্তী নরশার্ত্বকে দেখে এই মুশীল মহাজ্মাকে কল্পা দান করবো বলে স্থির করলেন।

> শুণৈ: দমক্তৈঃরমেব শুদ্ধী-রধীত বেদো বরণীয় এব হি। ইতাই নীলাম্বর চক্রবর্তিনা বরায় যশ্মৈ স্বধিয়া স্থতাপিতা ॥

—সমন্ত গুণের আধার শুদ্ধবৃদ্ধিদম্পন্ন বেদে পারদর্শী স্থতরাং বরণীয়, —এই ভেবে নীলাম্বর চক্রবর্তী সেই বরে কক্সা সমর্পণ করলেন।

মুরারি লিথেছেন,—

তমেকদা সংকুলীনং পণ্ডিতং ধর্মিণাং বরম্। শ্রীমন্ত্রীলাম্বরো নাম চক্রবর্তী মহামনা:। সমাহুয়াদদং কল্পাং শচীং স কুলকুৎসদ:।

—সংকুলীন, পণ্ডিত, ধার্মিকগণের শ্রেষ্ঠ জগন্নাথকে মহাত্মা নীলামর চক্রবর্তী
আহ্বান করে কল্পা শচীকে প্রদান করলেন।

নীলাম্বর চক্রবর্তীর ছুই পূঞ্জ ও ছুই কল্পা। তাঁর প্রথম সম্ভান যোগেশব পণ্ডিত, বিতীয় সম্ভান শচী, তৃতীয় রত্বগর্তাচার্য ও চতুর্থ সর্বজয়া। নীলাম্বর শচীদেবীকে দান করলেন জগয়াধের হাতে এবং সর্বজয়াকে দান ক্রলেন চক্রশেশব আচার্যের হাতে।

বেল পুখুবিয়া গ্রামে বাড়ি হয় তাঁর।
ছই পুত্র ছই কন্তা হইল তাঁহার।
প্রথম যোগেশর পণ্ডিত, বিভীয় শচী হয়।
তৃতীয় রম্বগর্ডাচার্য চতুর্ব সর্বজয়া কয়।

> टेडिक्कावबावनी--२।७-१ २ कविकर्श्वादव महाकारा---२।>8

७ मू क.---२।२-७

শচীরে বিবাহ কৈলা মিশ্র প্রন্দর। সর্বজ্ঞরার বিয়ে করে শ্রীচন্ত্রশেশর।

জগন্ধাথ মিশ্রের বংশ যেমন পাণ্ডিত্যের জন্ত থ্যাত ছিল, নীলাম্বর চক্রবর্তীর বংশও তেমনি পাণ্ডিত্যের গরিমায় উজ্জ্বন। শচীদেবী ছিলেন সেবাপরায়ণা গৃছিণী. ভক্তিম গীরমণী। গোবিন্দ দাস কর্মকারের কড়চা অন্থসারে তিনি ছিলেন শাস্তম্তি ও থ্বাক্লতি। শচীর মত পবিত্রহাদয়া গুণবতী সাধনী নারী সর্বকালেই তুর্লভ। কবিকর্ণপূর শচী সম্বন্ধে লিখেছেন—

শচীতি নামাতিশুচেরকণ্ঠপদ্ গুণেন সৌশীলারসেন তেইনয়া। প্রতিষ্ঠয়া গুদ্ধতমাং গরিষ্ঠতাং শচী হি যাং নাপ পুরন্ধরপ্রিয়া॥

—নামে তিনি শচী, অতি পবিত্ততা দিয়ে নির্মিত, গুণে স্থানীলতার প্রতিষ্ঠার ক্ষত্তমা গরিষ্ঠা: সেই শচীকে ইন্দ্রভার্যা শচীও অতিক্রম করতে পারেন নি।

ক্লফান্স কবিরাজ সংক্ষেপে বলেছেন —তাঁর পত্নী শচী নাম পতিব্রতা সতী। ব বুন্দাবন দাস শচীকে মৃতিমতী বিঞ্ছক্তি বলে উল্লেখ করেছেন—

> তান পত্নী শচী নাম মহাপতিব্ৰতা। মৃতিমতী বিফুভক্তি দেই জগন্মাতা॥°

মুরারীর বর্ণনার ধর্মশীলা ভক্তিমতী শচীকে লাভ করে পরম ধার্মিক জগরাথের ধর্ম বর্ধিত হয়েছিল।

> তাং প্রাণ্য সোহপি বর্ধে শচীমিব পুরন্দর:। ততো গেছে নিবসতক্তম ধর্মো ব্যবর্ধত। আতিথৈ: শান্তিকৈ: শোঠিচর্নিত্যকাম্যক্রিয়াফলৈ:।

ব্ৰুনন্দন গোস্বামী বলেছেন-

जन्ना नरु रमन् म थन् भिष्ट रूषामनि कार्वात खरानां किए नकनामय धर्मर नहां।

> ध्यमविनान—२० वि. शृ: २०२ २ (गाविन्ननात्मत्र कड्डा—क. वि.—शृ: ১२

 ^{৳.} চ. বহাকাবা—২।>

 ৪ চৈ. চ. আদি > পরি

 ৫ চৈ. ভা. আদি ২ জঃ

[•] मृ. क. २१७-३ १ (भोताक ठण्यू--७।३

— মিশ্র চূড়ামণি শঢ়ীদেবীর সঙ্গে গৃহে বাস করে সর্বদা গার্ছস্থোচিত সকল ধর্মেরই অফ্টান করতে লাগলেন।

পাঠো হোমকাতিথীনাং সপ্রা পিত্রাদীনাং তর্পণং বা বলিচ। পক্ষৈব স্থার্যে মহাস্থো মঘাস্তে মিত্রেণামী লক্ষিতা নো কদাপি ।

—শান্ত্রপাঠ, হোম, অতিথিসেবা, পিতৃপুরুষদের তর্পণ এবং বলি বা প্রাণি-গণকে থাদ্যদান—গৃহত্বের এই পাঁচটি মহৎ যজ্ঞ (কর্তব্যক্র্ম) মিশ্র কথনও লক্ষ্মন করতেন না।

পরম ভক্ত মিশ্র দম্পতির একটি মহৎ ছঃথ ছিল। তাঁদের পর পর আটটি কলা সন্তান জন্মগ্রহণ করে মারা যায়—

> তত্ত্ব কালেন কিয়তা তত্ত্বাষ্টো কক্সকা: ভঙা:। বভূব্: ক্রমশো দৈবান্তা: পঞ্চন্ধ: গতা:····· ॥১

—কালক্রমে তাঁর আটটি কন্তা জনপ্রহণ করে। দৈববশে ক্রমে তারা পঞ্চত্ত প্রাপ্ত হয়।

> অষ্টো কুমারিকা স্কস্তাং ক্রমাৎ ভূত। দিবং য: ॥৺যু তয়োগৃহৈ সংবদতো: সতো: সদা। গৃহস্বধর্ম: সত্দার সাসদৎ। ক্রমেণ চাষ্টো তমুদ্ধা: পুরোহভবন্। তথৈব পঞ্চত্ত্বমূপাযযুক্ত তা:॥°

— তাঁরা (জগন্নাথ ও শচী) গৃহে বসবাসকালে সর্বদা উদার গার্হস্থা ধর্ম আচরণ করতেন। ক্রমে তাঁদের আটটি কন্তা জন্মগ্রহণ করে তারা মৃত্যুমূথে পতিত হয়।

> জগন্নাথ মিশ্র পত্নী শচীর উদরে। অষ্টকন্তা ক্রমে হৈল জন্মি জান্ম মরে।

স্তরাং মিশ্র দম্পতির ছঃথের অস্ত নেই। তাঁরা দীর্ঘন্ধীবী সস্তান কামনার ঈশ্বর আরাধনায় নিরত হলেন।

> ততক্ষ তো সম্ভতমের দম্পতী বস্থবভূদ্ধিতমো মহন্তমো।

১ গৌরাঙ্গ চম্পূ—এ। ২ বু. ক.—২। ৩ চৈতক্ষোদমাবলী—২।১৬ ৪ চৈ. চরিতামূত বহাকাব্য—২।১৭ ৫ চৈ. চ. আদি ১৬ প্রি

প্রযন্ত্রাদার ত্রতার্থমীরতু:

था । अने अपनित्र निर्मा क्षेत्र के भी महामू ।

—তারণর সেই দম্পতি মহন্তম ত্বংখে কাতর হরে করুণাময় ঈশবের চরণপদ্মে শরণ প্রহণ করনেন।

বাৎস্ব্যত্তঃথতপ্তেন জগাম মনসা হরিম্। পুত্রার্থং শরণং শ্রীমান্ পিতৃযক্তং চকার সং ॥ १

—বাৎসল্য ত্থাৰে তথা শ্ৰীমান্ জগন্নাথ মনে মনে পুত্ৰের নিষিত্ত হরির শবণ গ্রহণ করলেন এবং পিতৃযজ্ঞ সম্পাদন করলেন।

কিছুকাল পরে তাঁরা এক রপবান্ প্রতিভাবান্ পুত্র লাভ করলেন। এই
পুত্রের নাম রাখা হোল বিশ্বরূপ। শচীদেবীর অইকক্সার অকালমৃত্যু এবং
বিশ্বরূপের জন্ম সম্পর্কে ঈশান নাগর রচিত অবৈভপ্রকাশ গ্রন্থে একটি অভূত
গল্প আছে। প্রতিবার শচী গর্ভবতী হওয়ার পরে অবৈভ শচীকে প্রণাম
করতেন এবং অবৈভের প্রণামের কলেই শচীর গর্ভন্থ সন্ধান বিনম্ভ হোত —

জগরাথ মিশ্র পত্নী শচীর গর্ভগণ। অবৈতের প্রণাম ক্রমে হইল পতন ॥°

স্ত্রাং বংশ রক্ষার **অন্ত জ**গরাপ, ও শচী অবৈত্তের বাড়ী গিয়ে কেঁদে পড়বেন—

> দয়া করি প্রাভূ মোর দেহ এই ভিক্ষা। মোহেন অভাগার যৈছে বংশ রক্ষা।

পরদিন অবৈভাচার্ধ মিশ্রগৃহে গিরে শচীকে পুত্রবর দান করলেন—প্রস্তু কছে বাছা তুমি হও পুত্রবতী। অবৈভাচার্য আদেশ করলেন গ্রন্থানান করে এনে মিশ্র দম্পতিকে দীক্ষা গ্রহণ করতে; তাহলেই তাঁরা গুণবান পুত্র লাভ করবেন।

প্রভূ কতে একমন্ত্র পাইস্থ স্বপনে।
ভক্তি করি সেই মন্ত্র লহ তৃহঁজনে।।
সর্ব স্থমক্ষক তব স্ববশু থণ্ডিবে।
পরম পণ্ডিত দিব্য তনর লভিবে।।
*

১ हि. इ. महाकावा—२।>৮

२ यू. क.—२।७

W. C. 1. W.

৪ ব. প্র. ১০ বঃ

শচী ও জগন্নাথ গলালান করে এলে অবৈত তাঁদের দিলেন গোৰ গোণাল মন্তে দীক্ষা---

> দোঁহাকারে দিলা শ্রীঅবৈতচক্র। চতুরাক্ষর শ্রীগোর গোপাল মহাময় ।

এই উত্তট গল্প আর কোন চৈতক্তজাবনীতে নেই। গৌরাজের জন্মের পূর্বেই গৌরগোপালমল্লে গৌরাজের পিতামাতাকে দীকা দান রামজন্মের পূর্বেই রামায়ণ রচনার মত ঘটনা।

যাই হোক বিশ্বরূপ ও বংশের ধারা অমুযায়ী অল্প বয়সেই অসাধাংণ স্বেধা
পাণ্ডিতা ও ভগবদমূরক্তির পরিচয় দিয়েছিলেন।

স বিশ্বরূপ: শুভরূপগবিতাং তহুং বহংশক্ত হব প্রকাশবান্। নিপঠ্য কালেন লঘীয়সাপ্যসো সমস্ত বিত্তাস্থাধি পারমাযযোঁ॥

— সেই বিশ্বরূপ প্রকাশিত চক্রের মত স্থন্দর রূপবান্ শরীর ধারণ করে মতাল্ল কালের মধ্যে পাঠ শেষ করে সমস্ত বিদ্যাসাগরের প্রপারে গিয়েছিলেন।

শিশু: স স্থাসীবয়সা লঘীয়সা
স্থারধীতাগম বেদসঞ্চয়:।
সরম্বতীয়ং বসনাগ্রনর্ভকী
বস্তুব বস্তোর সদান্তনির্ভয়ন্।"

— অল্ল বয়দেই শৈশবে স্থা বিশারণ বেদ আগম সমূহ অধ্যয়ন করলেন। সরস্থাী যেন তাঁর জিহ্নাগ্রে নৃত্য করতেন, তাঁর মূথে ভর করে বশীভূত হয়েই পাক্তেন।

वृक्षावन शंग नित्थरहन-

জন্ম হৈতে বিশ্বরূপ হইলা বিরক্তি। শৈশবেই সকল শাল্পেডে হইল ফুর্তি।।

বিশ্বরণ ছিলেন অসাধারণ প্রতিভাবান, অল্প বরুসেই ভিনি পাঙ্কিভার

> षः थः > षः

७ छत्त्रव---श२>

s कि. जा. जापि २ जः

অধিকারী ছিলেন। পিতামাতার মতই তিনি ছিলেন হরিভক্তি পরারণ,— ভাগবত রসাম্বাদনে নিরভ—পরোপকারী—

বেদাংশ্চ স্থায়শাস্ত্রঞ্চ জ্ঞাত: সন্যোগ উত্তম:।
স সর্বজ্ঞ: সুধী: শাস্ত: সর্বেধামূপকারক: ॥
হরেধ্যান পরো নিত্যং বিষয়ে নাকরোম্বন:।
শ্রীমদভাগবতরসাম্বাদমতো নিরম্ভরম ॥

বিশ্বরূপের অসাধারণ ধীশক্তি ও বিষ্ণুভক্তির বিবরণ বৃন্দাবন দাস বিস্তৃতভাবে দিয়েছেন।

প্রভুর অগ্রজ বিশ্বরূপ ভগবান্।
আঙ্ম বিয়ক্ত সর্বগুণের নিধান।
সর্বশাল্তে সকলে বাথানে বিষ্ণুভক্তি।
খণ্ডিতে ওাঁহার ব্যাখ্যা নাহি কার শক্তি।।
খবণে বদনে মনে সর্বেক্সিয়গণে।
কৃষ্ণভক্তি বিয়ু আরু না বলে না ভনে।।

বিশ্বরূপ ছিলেন অবৈত আচার্যের অহুরাগী ভক্ত। এথানেট তিনি ভক্ত-সভার রুফ্তভক্তি ব্যাখ্যা করতেন। বুন্দাবনের ভাষায় বিশ্বরূপের জীবনাচরণ—

উবাকালে বিশ্বরূপ করি গঙ্গানান।
অবৈতসভায় আসি হন উপস্থান।।
সর্বশান্তে বাথানেন কৃষ্ণভক্তিসার।
ভনিয়া অবৈত হথে করেন হকার।।
পূজা ছাড়ি বিশ্বরূপে ধরি করে কোলে।
আনন্ধে বৈষ্ণব সব হরি হরি বলে।।

ম্রারি সংক্ষেপে বিশ্বরূপের পরিচয় দিয়েছেন এইভাবে:—

শ্রীমদ্ বিশ্বরূপ: দব গুণনিধি: বোড়শান্দোহতি ভব:।
প্রাপাচার্বভ্রাক্সপ্রবণমননত: শক্তথী: প্রেমভক্তি:।।

—সকল গুণের আধার বোড়শ বংসর বরস্ক অতি পবিত্র শ্রীমান্ বিশ্বরূপ আচার্যস্থ লাভ করেছিলেন, শ্রবণ ও মননাংহতু তার বৃদ্ধির্ত্তি এবং প্রেমভক্তি পূর্ণতা লাভ করেছিল।

অনক্তসাধারণ ধীশক্তি ও পাণ্ডিত্যের অধিকারী হওয়া সংস্থও কৈশোর অভিক্রান্ত হওয়ার পূর্বেই সংসারে বীতরাগ হওয়ায় জনক জননী পুজের বিবাহের উদ্যোগ করতে থাকেন। আর এই সংবাদ পেয়ে সংসার বন্ধনে বন্ধ হওয়ার আশংকায় বিশ্বরূপ সংসার ত্যাগ করে সন্ত্রাস গ্রহণ করলেন।

জনকো বিজনে বিচিন্তা তৎতনয়ন্তোদহনোচিতাং বধুম্।
মনসা পরিচিন্তয়ন্ স্বয়ং বৃর্ধে তৎসকলং বিজাত্মজঃ।
স বিশ্বরূপঃ পিতৃরিখমনস্তশ্চেষ্টাং বিদিত্বা সকলং তিতিক্ষঃ।
তাক্ষা গৃহং স্বর্গনদীং প্রতীধ্য জগ্রাহ সন্ন্যাসমশকামকৈঃ।।

—পিতা নির্ধানে পুত্রের বিবাহযোগ্য বধ্ব বিষয় চিস্তা করছিলেন। মনে মনে চিস্তা করে পুত্র সকলই বৃঝতে পারলেন। সেই বিশ্বরূপ পিতার এইরূপ চেষ্টা জেনে সবকিছু ত্যাগ করার ইচ্ছায় গঙ্গানদী পার হয়ে অত্যের পক্ষে অসাধ্য সন্মান গ্রহণ করেছিলেন।

দ বিশ্বরূপ: পিতবং তথাবিধৈ
ধনোরথৈকংফ্কমাকল্যা তম্।
গৃহং বিহায় হানদীঞ্চ সম্ভরন্
থয়ে জিজ্ঞান্ত: দকলং মহাশয়:।।
চকার সর্যাসমদভবিভ্রমো
গুণাধৃধি: সোহধিসমাপিডক্রিয়:।
ন নিস্পৃহাণাং জগতীহ নিফলে
মহাধিয়াং ধাবতি চিত্তবিভ্রম:।।

—মহদাশয় বিশ্বরূপ পিতাকে অম্বরূপ (বিবাহ বিষয়ে) ইচ্ছায় উৎস্থক জেনে সকল পরিভ্যাগ করার বাসনায় গৃহত্যাগ করে গলা সম্ভরণপূব ক প্রশান করলেন। গুণসাগর বিপুল বিলাদ পরায়ণ ভিনি যথাবিধি কার্য সম্পন্ন করে সন্মাদ গ্রহণ করলেন। স্ব্রিদম্পন্ন নিম্পৃহ ব্যক্তিগণের নিম্ফল অগতে চিস্ত বিভ্রম ঘটে না।

> বিবাহের উদ্যোগ কররে পিতামাতা। শুনি বিশ্বরূপ বড় মনে পায় ব্যথা।

ছাড়িব সংসার বিশ্বরূপ মনে ভাবে।
চলিবাঙ বনে মাত্র এই মনে ভাগে।।
ঈশবের চিত্তবৃত্তি ঈশব সে ভানে।
বিশ্বরূপ সন্ত্রাস করিলা কতদিনে।।
ভগতে বিদিত নাম শ্রীশন্ধরারণ্য।
চলিলা অনম্ভপথে বৈশ্ববাগ্রগণ্য।।

লোচনদাসের চৈতক্তমকলেও অন্তরণ বিবরণ আছে। । জন্তানন্দ জানিয়েছেন যে বিশ্বরূপ কাটোয়ায় কেশবভারতীয় নিকট সন্ন্যাস গ্রহণ করেছিলেন। সন্ন্যাস আশ্রয়ে তাঁর গুরু প্রদেষ্ট নাম শক্ষরারণ্য—

মাএ দপ্তবৎ বাপে নমস্করি।
গঙ্গা পার হজ্ঞা গেল কাটোয়া নগরী।।
কাটোয়াজ কেশব ভারতী নিবস্তে।
বিশ্বরপ ভার স্থানে লভিল সন্ন্যাসে।।
গুরু নাম থুইল ভার শহরারণ্য।

নিত্যানন্দ দাস রচিত প্রেমবিলাসে বিশ্বরূপ সন্ধ্যাস গ্রহণ করেছিলেন ঈশ্বরপুরীর কাছে। সন্ধ্যাসকালে শচীদেবীর ভাতা রত্বগর্জ আচার্যের পুত্র লোকনাথকে তিনি সঙ্গে নিয়েছিলেন এবং মাতৃলপুত্র শিশু হয়ে স্বামী শংকরা-রণ্যের সেবা করেছিলেন।

ন্ধরপুরীর স্থানে দীক্ষিত হইল।।
রম্বগর্ভাচার্যপুত্র নাম লোকনাথ।
বিশ্বরূপ মনে কৈল তাঁরে নিতে সাথ।।
ইচ্ছামাত্র লোকনাথ আসিরা মিলিল।
তাঁরে নিয়া বিশ্বরূপ দক্ষিণদেশে গেল।।
সন্মান করিয়া নাম শহুবারণ্য পুরী।
মাতুল ভাই লোকনাথ শিশ্ব হৈল তাঁরি।।

মাত্র বোল বংসর বয়সে অসীম পাণ্ডিভোর অধিকারী হয়েও বিশ্বরূপ সংলাষ ভ্যাগ করে চলে গেলেন। মহাপ্রভু শ্রীচৈতক্তের বংশে অসাধারণ মণীবা, ঈশর-ভক্তি ও সন্মানের বীজ পুরো মাত্রায় বিদ্যমান ছিল। স্বভরাং জগন্নাথ মিশ্রের আত্মপ ও বিশ্বরূপের অভ্যুক্ত হিসাবে তিনি যে অনম্প্রসাধারণ ধীশক্তি ও প্রেম-ভক্তির পরিচন্ন দিয়ে যুগাগুরন্থায়ী কীর্তি স্থাপন করবেন, তাতে আর আতর্ব কি ?

> हैं जो. जाहि • ज: २ हैं म. जाहि श: २० ० हैं म. नहीं हो—२०।३०-३१

s ca. वि —२s विनान

তৃতীয় অধ্যায় জন্ম ও পৌগগুলীলা

বিশ্বরণের জন্মের পর জগন্নাথ ও শচী আর একটি পুত্র লাভ করলেন ১৪০৭ শকাব্দে বা ১৪৮৬ থ্রীষ্টান্দে ফান্তনী পূর্ণিমার সন্ধ্যাকালে।

চৌদ্দশত সাত শকে মাস যে কাল্গুন।
পৌর্ণমাসী সন্ধ্যাকালে হৈল শুভক্ষণ।
সিংহরাশি সিংহলগ্ল উচ্চ গ্রহণণ।
বড়বর্গ অষ্টবর্গ সর্বস্থলক্ষণ।
অকলক গৌরচক্র দিলা দরশন।।

শেইদিন ছিল চন্দ্রগ্রহণ, হরিধ্বনিতে সন্ধাকালে আকাশ বাতাস মুখন্নিত হন্দ্রে উঠেছিল, হরিধ্বনি মুখরিত নবদীপে ভূমিষ্ঠ হলেন পতিতের ভগবান গোরচন্দ্র—

শচী পর্তে বদে সর্বভ্বনের দাস।
ফাল্গুনী পূর্ণিমা আসি হইল প্রকাশ।।
অনস্ত ব্রহ্মাণ্ডে আছে যত স্থমকল।
দেই পূর্ণিমায় আসি মিলিলা সকল।।
সংকীর্তন সহিত প্রভুর অবতার।
গ্রহণের হলে তাহা করেন প্রচার।।

তত্ত জন্মসময়েহত্বশশাংকং বাভ্রপ্রসদলং তপ্রৈব।

জয়ানন্দ জানিয়েছেন যে সেইদিন পূর্বগ্রাস চন্দ্রগ্রহণ ছিল—ফাল্গুন মানে বাহ চন্দ্রে সর্বগ্রাস।8

কবিকর্ণপুর, রুঞ্চাস কবিরাজ, ঈশান নাগর প্রভৃতি জীবনীকার্গণ বলেন যে মহাপ্রভু তেরো মাস ছিলেন মাতৃজঠরে।

ক্ষমেণ মাসা দশ তে ব্রয়োধিকাঃ
সমীযুরাসরভরা সমাপ্তভাম্।
তপশ্সমাসক্ষরমঃ স্থমকলো
বস্তুব তেবাং জগভঃ স্থাধৈকভূঃ।।

১ চৈ. চ. আৰি ১৬ পরি ২ চৈ. ভা. আৰি ২ জঃ ৬ মৃ. ক. ৪) ং

 [े] देठ. य. खेखब थेख
 े देठ. इ. यहांकावा—- २।२8

—ক্রমে তেরো মাস অতীত হলে সম্ভানজন আসন্নতর হয়ে এলো, মঙ্গলকর জগতের স্থাহেতু ফালগুন মাস এসে উপস্থিত হোল।

ক্ষণাস বললেন যে শচীর গর্ভ সঞ্চার হয়েছিল ১৪০৬ শকে (১৪৭৫ খ্রীষ্টান্ত্রে) মাদ মাসে—

চৌদ্দশত ছয় শকে শেষ মাঘ মাসে। জগন্নাথ শচীর দেহে ক্লফের প্রকাশে।। গ্ল

কিন্ত শ্রীচৈতত্ত্বের জন্ম হয়েছিল—"চৌদ্দশত সাত শকে মাস যে ফাল্গুন।" ইত্তরাং হিসাব মত তেরোমাস শিশুর গর্ভবাস হয়—

হৈতে হৈতে হৈল গৰ্ভ ত্ৰয়োদশ মাস। তথাপি ভূমিষ্ঠ নহে মিশ্ৰের হৈল ত্ৰাস।।°

ঈশান নাগর জানিয়েছেন যে শচী-দেবীর পিতা জ্যোতিষক্ত নীলাঘর চক্রবর্তী গণনা করে জানালেন, শচীর গর্ভন্থিত মহাপুরুষ ত্রয়োদশ মাসে জন্মগ্রহণ করবেন।

কবিকণিপুর সম্ভবতঃ এই কাহিনীর উদ্ভাবক। কারণ শ্রীচৈতক্তের সহপাঠী ও পার্বদ ম্রারি গুপ্ত এ বিষয়ে কিছুই উল্লেখ করেন নি। বাদালা ভাষার চৈতন্যলীলার ব্যাস বৃন্দাবন দাস.এবং জীবনীকার জয়ানন্দও এ বিষয়ে নীরব। লোচনের বক্তব্যমতে স্বাভাবিকভাবেই দশমাসে শ্রীগোরাঙ্কের আবির্ভাব—দশমাস পূর্ণগর্ভ ভেল দশদিশে। শ্রীচৈতন্যের অতিলোকিকতা প্রতিষ্ঠার উদ্দেশ্যেই তাঁর জ্বোদশমাস গর্ভবাসের কাহিনীর উদ্ভাবনা। নচেৎ সমকালীন ভক্তকবিদের রচনায় এই অস্বাভাবিক ঘটনার উল্লেখ থাকার সম্ভাব্যতা ছিল।

আর একটি অভ্ত ঘটনা বিবৃত হয়েছে ঈশান নাগর প্রণীত অবৈতপ্রকাশ প্রায়ে। এই গল্পে জল্মের পরই শচীনন্দন চক্ষ্মৃত্তিত করে পঞ্চে রইলেন,— মাতৃত্থ পান করলেন না।

> শ্রীদৌরাঙ্গ জন্মমাত্রে মহাযোগীপ্রায়। নয়ন মৃদিয়া বৈল তৃগ্ধ নাহি থায়।।

শচীদেবী সদ্যোজাত পুত্তের অবস্থা দেখে কাঁদছেন, এমন সময় অবৈত আচার্য এসে শিশুকে প্রণাম করে শচীমাতাকে দ্রে সরিয়ে দিরে শিশুর কাছে গোলেন দেখতে। সেই সময় শ্রীগোরাক হেসে উঠেছিলেন অবৈতকে দেখে।

১ है. ह. जानि ३७ शति

২ চৈ. চ. আদি ১৩ পরি ও চৈ. চ. আদি ১৩ পরি

s चः थः) · चः

e दे5. म. जाविश्व

७ ज: थ: > ज:

প্রেমে ডগমগ্ অক অবৈত দেখিয়া। গোররপী শ্রীগোরাক উঠিলা হাসিয়া॥

অবৈত নবস্বাত শিশুকে জিজানা করলেন, প্রাড় তোমার জয়ই বাহায় বৎসর অপেকা করে আছি, তুমি ত্বধ থাচ্ছ না কেন ? শিশু বললেন আচার্যকে—

> याजा मौका देशना ना अनिना रुविनाय। তেঞি তান হগ্ধ মুঞি নাহি কৈলোঁ পান।।*

তথন অধৈতের প্রশ্নের উত্তরে নবজাতক জানালেন নিত্যসিদ্ধ হরিনাম—

हर्द कुक हर्द्ध कुछ कुछ कुछ हर्द हर्द्ध । হরে বাম হরে বাম বাম বাম হরে হরে।।

তিনি অবৈতকে নির্দেশ দিলেন শচীকে মন্ত্রদান করতে! প্রভুর বচন ভনে অবৈতাচার্য শিশুকে কোলে নিয়ে গেলেন নিমতলায়, শচীকে প্রদান করলেন হরিনাম মহামন্ত্র, শচীর কোলে দিলেন সদ্যোজাত দিব্যাশশুকে। এবার শিশু মাতৃত্ব পান করলেন। নিম্বুক্ষতলে শিশু মাতৃত্বত্ত পান করেছিলেন বলে আচার্ব শিন্তর নাম রাথলেন নিমাই।

এই উদ্ভট অবিশাক্ত উপস্থাস যে কেবলমাত্র শ্রীগোরাঙ্গকে ভগবান বানানোর চেষ্টাতেই বল্লিভ হয়েছে ভাতে সম্পেহ নেই। আর কোন চরিভকার এমন হাক্তকর গল্প পরিবেশন করেন নি। বুন্দাবন দাস লিখেছেন যে শিশুদ্দেরর একমান পরে গঙ্গাপুজা ও ষষ্ঠাপুজা হয়; এই সময়ে পতিব্রতা নারীগণ শিশুর নাম রেখেছিলেন নিমাই, কারণ তিক্তাম্বাদবিশিষ্ট নিমপাতা বম ভোজন করবেন না -এই স্বীষ্ণনোচিত বিশ্বাস। শচীমাতার অনেকগুলি কন্যা ইতঃপূর্বে মারা গেছে, নিমাই নাম রাথলে মৃত্যু জাতককে স্পর্ণ করবে না।

> हेहान ज्यान कार्ड कना भूख नाहे। শেবে যে জন্মায় তার নাম সে নিমাই'।।"

নীশামর চক্রবর্তী প্রভৃতি বিষর্গে শিশুর নাম রাখেন বিশ্বস্তর।°

কুফ্দাস কবিরাজের বিবরণে জাত-কর্মাছ্টান সমাপনের সময় শিশুর নামকরণ হয়। শিশুর অপূর্ব দিব্যকান্তি দেখে অপদেবতার উপত্রবের ভয়ে অবৈভভাষা সীভা ঠাকুৱানী নাম রেখেছিলেন নিমাই---

১ জঃ এ: ১ জঃ

२ आ: ४: ७ अ: ७ हे छो. आ कि ३ आ:

^{8 (}b. w), wife a w:

ভাকিনী শাকিনী হৈতে শহা উপজিল চিতে ভবে নাম গুইল নিমাই। 1

অতংপর ওভনরে মাতামহ নীবাহর চক্রবর্তী শিশুর দেহে মহাপুরুবের কক্ষণ দেখে নাম রাধকেন বিশ্বস্তর—

> সর্বলোকে করিবে এই ধারণ পোষণ। বিশ্বস্তুর নাম ইহার এই ত কারণ।।

জয়ানক বলেন জন্মের ষঠ দিবলে স্তিকা ষ্টার পূজা হয়, বিংশতিতে হয় বিশ্বতা নামকরণ, কিন্তু শিশু নিয়াই পণ্ডিত নামেই পরিচিত হন।

> বিশ্বস্তুর নাম হইল বিংশতি দিবসে। নিমাঞি পণ্ডিত নাম জগতে প্রকাশে।।*

নীতাদেবী বা অস্ত কোন ওতাথিনী নারী নিমাই নাম রেখেছিলেন, এ তথাই বিখাস্য। নিমাই নামের সঙ্গে নিমের সংখোগ থাকার জন্যই নিম গাছের কাহিনীটি কল্লিভ হয়েছে। সংস্কৃত ভাষায় বচিত জীবনী গ্রন্থগুলিতে নিমাই নামের উল্লেখ নেই, বিশ্বস্তব নামকরণের কথাই বলা হয়েছে। সম্ভবতঃ নিমাই শব্দের সংস্কৃত ক্রণান্তর সম্ভব নয় বলেই এই স্প্রাচলিত নামটি সংস্কৃত গ্রাহে অস্থলিখিত। ম্রারি গুপ্ত বললেন, এই শিশু পুরাকালে জগৎ ধারণ করেছিলেন বলে জগলাধ খন্তং পুজের নাম রেথেছিলেন বিশ্বস্থ্য—

পুরা বিভগ্তারো বিশ্বমিতি চক্রে পিতা স্বয়ং। শ্রীমবিশ্বস্কর ইতি নাম তক্ত স্থগোভনম ।

কবিকর্ণপুরেরও মতে জগরাধ স্বয়ং পুত্রের বিশ্বন্ধর নাম রেথেছিলেন।
আবৈতপ্রকাশকারের মতে বিশ্বন্ধর নাম নীলাম্বর চক্রবর্তী প্রান্ত, জগরাথ মিশ্র পুত্রের নাম দিয়েছিলেন গোর, গোরাক, শচী দেবী ভাকেন গোরা বলে, নারীবন্দ বলেন গোরহারি এবং ভক্তগণ নাম দিলেন গোরগোবিক্ষ।

বিশ্বস্তর নাম বাথে বিজ নীলামর।
গর্গসম জ্যোতিবে বাঁহার অধিকার।।
জগরাথ পুত্রের দেখি গৌরবর্ণ জঙ্গ।
বাৎসল্যে রাখিলা নাম শ্রীগৌরগৌরাজ।।

শচীদেবী **ওছ স্নেহে আ**পন অর্জকে। কভু গোরাচাঁদ কভু গোরা বলি ডাকে।

ষ্পূৰ্ব স্বভাব গোৱের দেখি সভ নারী। আনন্দে রাখিলা তাঁর নাম গোরহরি।। প্রেমানন্দে মন্ত হঞা শুদ্ধ ভক্তবৃন্দ। মহাপ্রভূব নাম রাখে শ্রীগোরগোবিন্দ।।

শিশুর যে-নাম যিনিই প্রকান করুন, জগরাথ মিশ্র নন্দন বিশ্বস্তব, নিমাই, গৌরাক, গৌর প্রভৃতি নামে কথিত ও পরিচিত হয়েছিলেন।

ছয় মাসে শিশুর অয়প্রাশন হোল। শিশু নিমাই বড় হতে থাকেন।
শৈশব থেকেই তিনি অভ্যন্ত ত্বন্ত। তাঁর ত্বন্তপনার বিবরণ প্রত্যেক
চরিতকারই অয়বিস্তর দিয়ে গেছেন। তাঁর ত্বন্তপনা প্রকাশিত হয়েছে
বিচিত্র পথে। কথনও গৃহাগত অতিথি ব্রাহ্মণের থাদ্য অয় ভক্ষণ করছেন শিশু
নিমাই, কথনও সমবয়য় বালকদের সাথে থেলা করতে করতে গাছের ভালপালা
দিয়ে তালের প্রহার করেছেন, কথনও বা অভ্যের গৃহে গিয়ে কিংবা দেবগৃহ
থেকে থাদ্য ত্ব্য চুরি করে থাছেন।

কি বিহানে কি মধ্যাকে কি রাত্রি সন্ধ্যায়।
নিরবধি বাড়ীর বাহিরে প্রভু যার॥
নিকটে বসয়ে যত বন্ধুবর্গ ঘরে।
প্রতিদিন কোতুকে আপনে চুরি করে।।
কারো ঘরে হুঙ পিয়ে কারো ভাত থার।
হাঁড়ি ভালে যার ঘরে কিছুই না পায়॥
যার ঘরে শিশু থাকে তাহারে কান্দায়।
কৈহ দেখিলেই মাত্র উঠিয়া পলায়॥
দৈবযোগে যদি কেহ পারে ধরিবারে।
তবে তার পার ধরি করে পরিহারে।।
এবার ছাড়হ মোরে না আসিব আর।
আর ঘদি চুরি করোঁ দোহাই তোমার।।

কবিরাজ গোস্বামী লিখেছেন-

ব্যাধিচ্ছলে জগদীশ হিরণাসদনে।
বিষ্ণুর নৈবেদা থাইল একাদশী দিনে।।
শিশু সব লৈয়া পাড়া পড়দশীর ঘরে।
চুরি করি দ্রব্য থায় মারে বালকেরে।।
শিশু সব শচী স্থানে কৈল নিবেদন।
শুনি শচী পুত্রে কিছু দিল ওলাহন।।
কেনে চুরি কেনে মারহ শিশুরে।
কেনে পুর ঘরে যাহ কিবা নাহি ঘরে।।
শুনি প্রভু কুন্ধ হৈয়া ঘর-ভিতর যাঞা।
ঘরে যত ভাও ভিল ফেলিল ভাঞ্জিয়া।।

অফুরপ বিবরণ লিপিবছ করেছেন মহাপ্রভুব সহাধ্যায়ী মুরারি গুপ্ত:--

বয় কৈ বাল কৈ: নাৰ্ধং বিহরং স্তক্ষপদ্ধবৈ: ।
আহতা: শিশবং সর্বে বিচক্রু পুরতো মৃদা ॥
ভূবি তিষ্ঠন্ পাদৈকেন জাহ্বনায়ত জাহ্মকম্ ।
পশ্পর্শ মর্কটিং লীলাং কুর্বন্ মায়ার্ভকো হরি: ॥
একদা ধর্তু মাত্মানমূদ্যতাং জননীং ক্ষা ।
বীক্ষা কোপপরিপূর্ণো ভাজনানি বভঞ্জ সঃ ॥
১

—বরশ্য বালকদের সঙ্গে বিহার করতে করতে গাছের ডালপাতা দিয়ে ্নিভগণকে আঘাত করলেন, তাদের সামনে সানন্দে একপদে ভূমিতে অবস্থান করে জাহুর ঘারা অন্যের জাহু স্পর্শ করে মায়া বালক হরি মর্কটীলীলা প্রকাশ করতেন। একদিন নিজেকে ধরতে উদ্যতা জননীকে দেখে কোপে পূর্ণ হয়ে তিনি পাত্রসমূহ ভেকে কেললেন।

কবিকর্ণপুরের বিবরণ:--

খেলা বিলাদেন বয়ক্তবালকৈ: বিহতুকাম: কমনীয় বিগ্রহ:। নবৈনবৈ: পল্পবদঞ্চৈরম্ন্ জ্বান ভৈত্তিমুশ্চিত: স চাহত:।।

১ है. ह. व्यक्ति ३६ श्रीत २ मृ. क.-->।६।३->>

ত্তমেকদা তৈ: শিশুভির্নিরন্তরম্ থেলন্তমেনং জননী বিলোক্য সা। অভাইধতু: রুতকৈতবং ক্ষবা সম্ভাতা তং ক্ষণমত্যদারধী: ।। বিলোক্য তামিথমসো ক্ষান্থিতো বভন্ন ভাগুনি বহুনি সম্ভতম্। তমীদৃশং তত্ত্ব বিলোক্য সা শচী ববন্ধভীতা স্বয়প্যতি ক্টম্।। উপযুপ্রহিত্তাণ্ড সংহত্তো স্থাহিত্তাণ্ড সংহত্তো স্থাহিত্তাণ্ড সংহত্তো স্থাহিত্তান্ত মহাপ্রভ্য প্রকাশয়ন্ জ্ঞানপরাং স বিজ্ঞতাম্॥?

—থেলা বিদাসহেত্ সমবয়য় বালকদের সঙ্গে বিহার করতে ইচ্ছুক কোমলদেহ গৌরাক্স নবপল্লবদমষ্টির বারা বালকদের আঘাত করতে লাগলেন, ভাদেরও
নিক্ষিপ্ত পল্লব বারা আহত হলেন। একদিন সেই শিশুদের সঙ্গে নিরস্কর থেলা
করতে দেখে জননী কট হলে তিনি বহু ভাগু বাসন ভাঙ্গতে লাগলেন, তাঁকে
এইভাবে দেখে শচী ভীত হয়ে বেঁধে ফেললেন। তারপর উপর্যুপরি ভাগুসমূহে
আকীর্ণ অপবিত্র উচ্ছিটন্রব্য ত্যাগ করার স্থানে মহাপ্রভু মায়ের সম্মুখেই
জানপূর্ণ বিজ্ঞতা প্রকাশ করে উপস্থিত হলেন।

জয়ানন্দও নিমাই-এর বাল্য ত্রস্তপনার সবিস্তার বিবরণ দিয়েছেন—
পঢ়িতে পড়ুয়া সঙ্গে করিল কন্দল।
গুরুগৃহে ভাঙ্গি কুম্ভ অনেক সকল।।
জলেতে ভাঙ্গিল যত পড়ুয়ার পুস্তক।
অকথা দেখি মা দিল চৌদিকে রক্ষক।।
কার দেব মন্দিরে বর্লিয়া সিংহাসনে।
দেবতা প্রতিমা লয়্যা পেলাএ প্রাক্তনে।।
কাহার মন্দির চূড়ে বর্লিয়া সম্বরে।
গড়াগড়ি দিয়া ভূমে পড়ে বিশ্বস্তরে।

১ हि. ह. महाकावा---२।७१-१०

কাহার মন্দিরে দেবতার দ্রব্য থাএ। দারে কপাট দিআ হাসি গড়ি জাএ।। কুন্ত কুন্ত ধ্বনি করে মন্দির ভিতরে। পারাবত ধ্বনি হেন হংসবত করে।।

উচ্ছিষ্ট কুণ্ডেতে করে জাএ রড় দিয়া।
রন্ধনশালাএ কার প্রবেশ এ গিয়া।।
দেবতাপূজার দ্রব্য গদ্ধমাল্যধূপে।
নৈবেদ্যাগ্রভাগ শয়া পেলে অন্ধকূপে।।
উচ্ছিষ্ট কুণ্ডেতে কার যজ্ঞস্ত্র পেলে।
উদ্ধৃত্ত বালক নিমাঞি কেছো কেছো বলে।।

মাকে বিপন্ন করার জন্ত অপবিত্র আঁন্তাকুড়ে উচ্ছিই হাঁড়িকুঁড়ির গাদায় বদে থাকা নিমাই-এর একটি কোতৃককর থেলা ছিল। এইজন্ত মায়ের হারা ভং দিত হয়ে একদিন তিনি মাকে চিল মেরে মুর্ছিত করে দিলেন। জীবনী-কাররা প্রায় সকলেই এই ঘটনার বিবরণ দিয়েছেন। কবিকর্ণপূর বলেছেন-— ইতীহ লোট্রেণ জ্বান মাত্রম। মুরারির বিবরণ:—

> অথ কতিপয়ে কালে মুক্তমুদ্ভাওসংহিছে। । উপবিষ্টং স্থতং বীক্ষ্য শচী বাগ্ভিরতাড়য়ং।। অপবিত্তে নিষিদ্ধেংশি স্থানে অং মন্দধী: কথম্। ভিষ্ঠদীতি বচঃ শ্রম্থা মাতৃঃ কোধসমন্বিতঃ।।

ইত্যুক্তা বদনে ডন্সাইটকং প্রাহিণোৎ কবা। ভদাঘাতেন ব্যথিতা মুছিতা নিপপাত সা॥^৩

— অনস্তর কোন সময়ে মাটির হাঁড়িকুড়ির গাদায় উপবিষ্ট পুত্রকে দেখে শচী তিরস্কার করলেন,—অপবিত্র নিষিক্ষানে, ছুই, তুমি কেন বসেছ ?—মায়ের এই কথা তনে তিনি কুছ হলেন। · · · · · এই বলে মায়ের মূখে কোথে ইট ছু ড়ে

১ है. व. नहीं ज्ञां—२७१२-६, ३-১०, ३७-১६ २ है. ह. नहीं कांचा—२।१३ ७ मू. क. ३१७१३३-२०, २२

মারলেন, সেই আঘাতে বাধিত হয়ে তিনি মৃ্ছিত হয়ে পড়ে গেলেন। কবি-ক্পুর্থ লিখেছেন—

> তদা তদাঘাতক্বতব্যথাদিতা। পণাতভূমৌ মুহুলা স্বভাবত: ।।^১

—তথন নেই সাঘাতে ব্যথিত হয়ে স্বভাবতঃ কোমনা শচী ভূমিতে পঙ্গে গেলেন।

क्त्रानम निर्श्वहन-

আর একদিনে বালক সঙ্গে।
মন্দির বেড়িয়া নাচে ত্রিভকে।।
উছাল মারিল মায়ের মূবে।
রক্ত বায়া। পড়ে শচীর বৃকে।
মূর্চা গেল শচী আবাল কেশ।
মা এর কোলে কহিল উপদেশ ৪°

আর একছিনের ঘটনার জয়ানন্দ লিখেছেন, ক্রীড়ারত গৌরাক্ষকে মা যখন গৃহে ডেকে নিরে যাচ্চিলেন সেইসময়—

বাজপথ দিয়া নিজ গৃহ প্রবেশিতে।
হবার দিয়া পড়ে উচ্ছিষ্ট কুণ্ডেতে।
সকল উচ্ছিষ্ট হাঁড়ি একত্ত করিয়া।
বন্ধ বাধানিল তার উপরে বসিয়া।

ক্ষণাস কৰিবাজ সংক্ষেপে ঘটনাটির উল্লেখ করেছেন—
কভু মৃত্ হল্তে কৈল মাতাকে ভান্থন।
মাতারে মৃদ্ধিত দেখি করমে ক্রন্সন ॥°

মাতাকে ইটক প্রহাবে মুর্ছিত করা, খগৃহে মুৎপাত্রভাষার গর লোচনদাস ঠাকুরও বিবৃত্ত করেছেন। তীর্থ প্রত্যাগত এক বাহ্মণ অতিথির জগরাথ বিশ্রের গৃহে খপাক অর ভোজন করার পূর্বেই ভ্রম্ভ বালক নিমাই উচ্ছিট করে বিয়েছিলেন।

> তীৰ্বল্যক্ত বিৰ্ভাৱং কনাৰ্যনঃ। ভূকুৰ বং কাৰ্যামাস নক্ষেত্ৰুভূব্নম্।

> हि, ह. महाकार्या—२/४० २ हि. व. नशेतां—>०/३-७ ७ हि, व. नशेतां—>১/३२-১७

৪ চৈ. চ. আছি ১৪ পরি ৫ মু. ব.--সভাগ

—তীর্থ ভ্রমণশীল এক ব্রাহ্মণের জন্ন জনার্দন নিমাই ভোজন করে নন্দগৃহের ধেলার জন্মকরণ করলেন।

কৃষ্ণাগ ও বলেছেন,—অতিথি বিপ্রের অন্ন খাইতে তিনবার।' বুন্দাবন তিন তিন বার নিমাই কর্তৃক বিপ্রের অলক্ষ্যে তাঁর অন্ন উচ্ছিষ্ট করার কাহিনী সবিস্তারে বর্ণনা করেছেন।' নিমাই বাস্তবিকই চাঁদ চাওয়া ছেলে। বুন্দাবন বলেন—

অঙুত ক্রীড়া করেন শ্রীগোর স্থনর।

যথন বে চাহে সেই পরম হন্ধর।।

আকাশে উড়িয়া যায় পক্ষী তাহা চায়।

না পাইলে কান্দিয়া ধ্লায় গড়ি যায়।।

ক্ষণে চাহে আকাশের তারাচক্রগণ।

হাত পাও আছাড়িয়া করয়ে ক্রন্দন।।

লোচনও তাই বলেছেন-

মারের গলা ধার কান্দে বিশ্বস্তুত রায়।
থেলা থেলিবারে আকাশের চাঁদ চায়।।
ক্ষণে থটি ক্ষণে খুটি মারের চুল ছিণ্ডে।
ধূলায় ধূলর কর হানে নিজ মুতে।।

শুধু কি তাই ? বালক ক্ষেদ ধরেন জগদীশ ও হিরণ্য পণ্ডিতের বাড়াতে একাদশীতে বিষ্ণু পূজার বহু উপকরণে সক্ষিত নৈবেছ থাবেন। তাঁর কারা থামে না। সকলে ব্যাকুল হয়ে উঠছে। সকলের প্রশ্নের উত্তরে নিমাই জানালেন তাঁর প্রাধিত বস্তব কথা।

প্রেড্ বলে ষদি মোর প্রাণ রক্ষা চাহ।
তবে কাট ছই ব্রান্ধণের ঘরে বাহ।।
কগদীশ পণ্ডিড হিরণ্য ভাগবত।
এই ত্ই স্থানে আমার আছে অভিমত।।
একাদশী উপবাস আজি সে দৌহার।
বিষ্ণু লাগি করিয়াছে যত উপহার।।

> कि. ह. जावि >8 श्री २ कि. जा. जावि क्य: • कि. जा. जावि क्य:

s दें म. जानि **१७**

সে সব নৈবেছ যদি খাইবারে পাও। তবে মুঞ্জি হুন্থ ইটাটয়া বেড়াই।।

এই সংবাদ ভবে পণ্ডিত্বর বিষ্ণুপুদার নৈবেন্ত এনে নিমাইকে থাইরে-ছিলেন। বৃন্দাবন আনিয়েছেন যে হরিনাম কীর্তন করলেই নিমাই-এর হুরম্ভণনা থেমে যেত।

বয়ন একটু বাড়লে গলাও ঘাটে প্রদারিত হয় বালকের উপদ্রব। স্নানার্থী নয়-নারীদের নিমাই সদলে বিরক্ত করতে থাকেন।

স্বারে লইয়া প্রভু গঙ্গায় সাঁতারে।
ক্ষণে ত্বে ক্ষণে ভাগে নানা ক্রীড়া করে।।
জলক্রীড়া করে গৌর স্থন্দর শ্রীর।
স্বাকার গায়ে লাগে চরণের নীর।।
সবে মানা করে তবু নিষেধ না মানে।
ধরিতেও কেহ নাহি পারে এক স্থানে।।
পুনঃ পুনঃ স্বারে করায় প্রভু স্থান।
কারো ছোঁয় কার অঙ্কে কুল্লোল প্রদান।।

স্বভরাং উপক্রত পুরুষগণ পিতা জগন্নাথের নিকট নালিশ স্থানাতে আদে:—

ভালমতে করিতে না পারি গঙ্গান্ধান। কেহ বলে জল দিয়া ভালে মোর ধ্যান।।

কেহ বলে খোর শিব লিক করে চুরি।
কেহ বলে খোর লয়ে পলায় উত্তরী।।
কেহ বলে পূপা তুর্বা নৈবেছ চন্দন।
বিষ্ণু পূজিবার সজ্জা বিষ্ণুর আসন,।।
আমি করি স্নান হেথা বৈদে দে আসনে।
সব ধাই পত্তি ভবে করে পলায়নে।।

কেছ বলে সন্ধ্যা করি জলেতে নামিয়া।

ড্ব দিয়া লইয়া যার চরণে ধরিয়া।।

কেছ বলে আমার না রছে সাজি ধৃতি।
কেছ বলে আমার চোরার গীতা পুঁথি ॥
কেছ বলে পুত্র অভি বালক আমার।
কর্ণে জল দিয়া ভারে কালার আবার॥
কেছ বলে মোর পৃষ্ঠ দিয়া কান্ধে চড়ে।

মৃক্রি রে মহেশ বলি ঝাঁপ দিয়া পড়ে॥
কেছ বলে বৈসে মোর পৃঞ্জার আসনে।
বৈবেছ ধাইয়া বিষ্ণু প্লয়ে আপনে।
আন করি উঠিলে বালুকা দেই অকে।
বতেক চপল শিশু সেই ভার সজে।

ত্রীবাসে প্লববাসে কর্যে বদল।
প্রিবার বেলা সবে লক্ষার বিকল।

মান্নবকে বিরক্ত ও বিজ্ঞত করার বিচিত্র উভাবনী প্রভিভা নিমাই-এর শৈশবেই প্রকটিভ হয়েছে। ভবিশ্বতে তিনি যে অনন্তসাধারণ প্রতিভার পরিচয় দেবেন তার আভাস বাল্যের ছ্রস্কপনাতেই প্রকাশ পেয়েছে। শুধুন্, পুরুষরা নয়, তুমারী বালিকারাও শচীদেবীর কাছে পর্বভপ্রমাণ অভিযোগ নিয়ে আসে। তাদের নালিশ:

বসন করয়ে চ্রি বলে অতি মন্দ।
উত্তর করিলে জন সহ করে জন।
বাড করিবারে বড আনি ফুল ফল।
ছড়াইরা ফেলে বল করিয়া সকল।
মান করি উঠিলে বালুকা দেয় আছে।
বাডেক চপল শিশু সেই তার সজে।
অলক্ষিতে আনি কর্ণে বলে বড় বোল।
কেচ বলে মোর মুখে দিলেক কুলোল।

⁾ চৈ. চ. আছি--em:

ওকড়ার বিচি দের কেশের ভিতবে।
কেহ বলে মোরে চার বিভা করিবারে॥
প্রতিদিন এই মত করে ব্যবহার।
তোমার নিমাই কিবা রাজার কুমার॥
১

কুষারীদের সংক্ষ নিমাই-এর এই রসিকতা লক্ষণীয়। বাল্যকালেই কোন কোন বালিকাকে বিয়ে করতে চাওয়াটা অকালপকতা বলেই গ্রহণ করা যায়। কিন্তু যাঁরা লোকোত্তর চরিত, তাঁদের বৃদ্ধিবৃত্তির পরিপকতা অল্ল বন্ধসেই দেখা যায়। তাঁদের এই ধরণের আচরণ বোধ হয় অসাধাণে প্রতিভারই বহিঃপ্রকাশ!

এই চুয়স্ত অথচ রপণান বালকটির হাতে উৎপীড়িত হয়েও সকলে তাকে ভালবাসতো। জগরাথ যথন বছজনেব মুখে নালিশ শুনে ক্রুছ হয়ে চেলেকে শাসন করতে গঙ্গার তীরে চলেচেন তথন কুমারীরা বিশ্বস্তরকে পালাবার জন্ত সাবধান করে দিচেছে।

কুমারিকা সভে বলে গুন বিশ্বস্তর। মিশ্র আইলেন এই পালাহ সম্বর।। °

নিমাই কিন্তু দলীদের শিখিয়ে দিলেন, পিতা এলে যেন তারা বলে ছে নিমাই স্নানে আদে নি, পড়াশুনা করে এই পথে বাড়ী গেছে। আর গৌরচজ্র ভাল মালুষ্টির মৃত পুঁথি বগলে বাড়ী চুকলেন।

আর পথে বরে গেলা প্রভূ বিশ্বস্তর।
হাথেতে মোহন পুথি বেন শশধর ॥
লিখন কালির বিন্দু শোহেত গৌর অঙ্গে।
চম্পকে লাগিল যেন চারিদিকে ভূজে॥
জননী বলিয়া প্রভূ লাগিল ডাকিতে।
ভৈল দেহ মোরে যাই সিনান করিতে।

চতুরভার নিমাই এর জুড়িনেই। জগরাধ স্নানের ঘাটে উপত্রবের জন্ত পুরুকে ভংগনা করলেন। পুরু কিন্তু নির্জনা মিধ্যা বলে পিতার কোধ থেকে আত্মরকার পথ করে নিলেন। প্রভুবলে আজি আমি ষাই নাই সানে।
আমার সংহতিগণ গেল আগুরানে।
সকল লোকেরে তারা করে অব্যভার।
না গেলে ও সবে দোষ কহেন আমার।
না গেলে ও যদি দোষ কহেন আমার।
সভ্য তবে করিব স্বার অব্যভার।
এত বলি হাদি প্রভুষান গঙ্গাস্বানে।
পুনং দেই মিলিলেন শিশুগণ স্বন।

ক্লফ্লাস ক্বিরাজও গঙ্গার ঘাটে ক্থাদের সঙ্গে বিশ্বস্তবের **আচরণের** কৌতৃকপ্রদ্বিবরণ দিয়েছেন—

কন্তাগণ মধ্যে প্রভু আসিয়া বসিলা॥
কন্তাগণে কহে আমা পূজ দিব বর।
গঙ্গা তুর্গা দাসী মোর মহেশ কিন্ধর ॥
আপনি চন্দন পরি পরেন ফুলমালা।
নৈবেন্ত কাভিয়া খান সন্দেশ চালু কলা।।
কোধে কন্তাগণ বলে শুন হে নিমাই।
গ্রাম সম্বন্ধ তুমি আমা সভাকার ভাই।।
আমা স্বার পক্ষে ইহা ক্রিতে না জুয়ায়।
না লহু দেবভা সজ্জানা কর অক্তায় ॥।
প্রভু কহে ভোমা স্বাকে দিল এই বর।
ভোমা স্বাকার ভর্তা হবে পরম স্কন্মর ॥

কেউ কেউ বর লাভ ।করে তুই হয়, কেউ পূজার নৈবেম্ব নিয়ে পালায় । কিছ নিমাই এক কৌশল অবলয়ন করলেন। তিনি বললেন, যে পালাকে তার বুড়ো বর হবে আর চার সতীন থাকবে।

কোন কন্তা পলাইল নৈবেছ লইয়া।
ভারে ভাকি প্রভু কহে সজোধ হইয়া।।
যদি মোরে নৈবেছ না দেহ হইয়া কুপনী।
বুড়া ভর্জা হবে আর চারি চারি সভিনী॥

⁾ है, का कावि—e क: २ है, है, कावि—) श्र श्री प खरवन

স্তরাং মেয়ের। ভর পেয়ে নিমাইকে নৈবেছ অর্পণ করে।

पরে বাইরে সর্বত্তই নিমাই-এর প্রবল দৌরাত্মা। জগরাথ-শচী পুত্তকে সংযত করতে পারেন না কোন প্রকাবেই।

নিবস্তর চপল হা করে সবা সনে।
মায়ে শিথালেও তবু প্রবোধ না মানে।।
শিথাইলে হয় আর বিগুণ চঞ্চল।
গৃহে যাহা পায় তাহা ভাঙ্গয়ে সকল।।
ভয়ে আর কিছু না বলয়ে বাপ মায়।
অক্তন্দে প্রমানন্দে থেলায় লীলায।।

অয়ানন্দ বলেন, নিমাই একদিন ভোক্ষনরত শিতার **ৰজ্ঞোপবীত** কেড়ে পলায়ন করেছিলেন।

> মিশ্র পুরন্দর ভোজন করে।। বাপের ষজ্ঞস্ত্র লইল কাজি। রড় দিয়া গেলা মামার বাড়ী॥

লোচনের কথায় জানা যায় জগরাথ পুত্তের শাস্তভাব কামনায় উপযুক্ত ব্যাহ্মণ দিয়ে যক্তা হার করিয়েছিলেন, কিন্তু কিছুই ফললাভ হয় নি।

একদিন ম্রাবি গুপ্ত পথে সঙ্গীর দক্ষে জ্ঞানমার্গে ভর্জার ব্যাখ্যা করতে করতে চলেছিলেন, বিশ্বস্তর চললেন সঙ্গীদঙ্গ সহ পিছনে পিছনে ভেংচি কাটভে কাটভে। এতে ম্রারি 'ক্বচন বলিল ক্ষয়িয়া।' ম্রারির ক্ষ্ট বাক্য হনে শ্রীগৌরাক—

জ্রকুটি বদন করি

বোলে বাক্ চাতুরি

ভানাইব ভোজনের ক্রে।।^৬

প্রতিশোধ নিজেন গৌরচক্র ম্রারির ভোজনের কালে। এইভাবে প্রতিশোধ নেওয়া অবক্টই শিশুর উপযোগী, কিছু কচিবিগহিত।

মধাহ্ন ডোকনবেলা

थीरत थीरत नित्र ए राम।

থাল ভারি এ মৃত মৃতিল।।8

দেবতার ভোগ বা নৈবেন্তের প্রতি আকর্ষণ বালক নিমাই-এর ছুর্নিবার ছিল বরাবরই। তাঁর এই পেটুকভার কথা উল্লেখ করেছেন রঘুনন্দন গোখামী।

> देह. चा चानि ७ चः २ देह. य. नमोश्री—>०० काहत्वत देह. य. चाण्यिक ८ काहत्वत देह य. चाण्यिक কচিদ্ ভূও জে দেবার্চন বিহিতনৈবেল্যথিলং।
কচিৎ পিত্রচার্থং চিত্তমতিমূদা বস্তু সকলম্।
কচিদ্ গঙ্গাপূজা-বিরচনকতে কল্পিতমহো
কচিদ্ সাখাদার্থং নিহিতমতি যত্নেন রহসি॥

—তিনি কথনও দেবপূজার জন্ম প্রস্তুত সকল নৈবেছ, কণনও পিতৃপুক্ষবের অর্চনার জন্ম সানন্দে সংগৃহীত বস্তুসকল, কখনও গঙ্গাপূজার জন্ম প্রস্তুত ব্যাসমূহ, কখনও বা নিজের আস্থাদের নিমিত্ত অতি যত্নে গোপনে বক্ষিত ব্যাদি ভোজন করতেন।

শচীদেবী ষষ্ঠারত অফুষ্ঠান করছিলেন। এখানেও নিমাই এর নৈৰেন্ডে লাভ। তিনি বললেন মাকে,

কুধায় আমার

পোড়য়ে অস্কর

देनदर्य बाह्य वामि।

हेश वनि धवि

সেই গৌর হরি

रेनरवच श्वन मूर्थ ॥

নিমাই-এর শৈশব ও বাল্যের চাপল্য ও ত্রস্তপনার মধ্যে নিভান্তন উদ্ভাবনী প্রতিভাব পরিচর মেলে। চূড়ামণি দাস নিমাই-এর আর একটি ছাইবুদ্ধির বিবরণ দিয়েছেন।

আর দিন প্রভাতে উঠিয়া গোর বারে।
বালকের দলে রক্তে গলাতীরে ভান ।
বিদিয়া করয়ে যুক্তি বালকের সাত।
চোরি গিরা ঘাটে পরস্তব্যক্ষাত।।
গলামান করে জত এ পুরুষনারী।
ঘটি বাটি সাজা বস্ত সবে ঘাটে ধরি।।
প্রকারে হরিব জব্য কেহু না জানিব।
কৌতুক করিয়া জার জব্য তারে দিব।।
এত যুক্তি করি প্রস্তু গোর বিশ্বস্তর।
শিত খেলে গলাজলে প্রবেশে সম্মর।।
বারকোণা ঘাটে সিয়া মিলে গৌররাজ।
ব্যা সান করে নারী পুরুষ সমাজ।।

হরিল সকল জব্য কৈহ নাঞি জানে। হরিয়া রাখিল নিঞা বাঙড়ের বনে॥ ১

সানের পরে কেউই কোন দ্রব্য খুঁছে পেল না। দ্রব্যাদি চুরি যাওয়ার কোভ নিয়ে হায় হায় করতে করতে সকলে ঘরে কিরে গেল। শ্রীগোরাঙ্গের মনে দয়া হোল, তিনি হাতখ ব্যক্তিদের কাছে সংবাদ দিলেন, আমরা থেলতে থেলতে বাঙড়েদ্র বনে অনেক চোর দেখলাম, তারা আমাদের দেখে হাতপ্রব্য কেলে রেখে পালিয়ে গেল। এই সংবাদ ভনে সকলেই বাঙড়েদ্র বনে গিয়ে খ হাত দ্রব্য কিরে পেয়েছিল।

ইহান্তনি সর্বলোক বাওড়েরে ধাএ। জার জেই দ্রব্য সর্বলোক গিয়া পাএ।।*

শ্রীগোরাকের বাল্যের আচরণে যেমন ছিল নানাবিধ দৌরাল্যা এবং সেই দোরাল্যের মধ্যে নব নব উল্নেবশালিনী সচজাত প্রতিভার প্রকাশ ঘটেছিল, ভেমনি ছিল সকল কিছুকেই উপহাস বা উপেক্ষা করার বিশ্রোহী মনোভাব এবং লকুভোভর ছুংনাহস। পরবর্তীকালে বিনি প্রবল পরাক্রান্ত শাসককুলের জ্রুটকে সনারাসে উপেক্ষা করেছিলেন এবং উচ্চনীচের ছুর্ভেছ প্রাচীর বিচুর্ণিত করে প্রেম ও সাম্যের মৃতিমান বিগ্রহক্ষণে আত্মপ্রকাশ করেছিলেন তিনিই শৈশবে ও বাল্যে সকল প্রকার শাসন ভর অগ্রান্ত করে অপবিত্র পরিত্যক্ক হাঁছিকুঁছির মধ্যে বসে ভচি অছচির বৈষম্যকে স্বন্ধীকার কবতে পেরেছিলেন। জীবনীকাররা এই সমরে আন্তাকুছে উপবিষ্ট বালক নিমাই-এর মৃথে ভচি অছচি ভেদের নিরর্থকতা সম্পর্কে জানগর্ভ তত্ত্ব কথা বসিয়েছেন। বালক নিমাই-এর মৃথে দার্শনিক তত্ত্বালোচনা হয়ত জীবনীলেবকদের স্বক্ষপোলক্ষিত, কিছ উত্তরকালে তিনি মহন্তান্তকে মর্বান্থা ছিলে যে জ্বান্তিনিক করার মধ্যে ভাবীকালের বিজ্ঞোহাত্মক মনোভাবের বীজ আবিছার করা যায়। স্বভরাং চৃডারণি হাল বথার্থই বলেছেন,—

লোক করে বালকের অমৃত চরিত। যত যত কর্ম করে মহা বিশ্বীত।।

> भौत्रांच विक्रम अः भाः मः पृः • ० २ छत्रव

० भौताम विवय-गृः ००

শ্রীগোরাঙ্গের বিদ্যান্ত ন

অবৈতপ্রকাশকার জানিয়েছেন, গৌরাঙ্গের পাঁচ বংসর বয়সে জগরাথ প্রবের হাতে বড়ি দিয়ে বিভারত করিয়েছিলেন—

গোরের বাস ধবে পাঁচ বংসর হৈল।
ভভক্ষণে মিশ্র তাঁর হাতে খড়ি দিল।।
লোকে শ্রতিধর বড় গোনাস শীমান্।
অৱ কালেতে তাঁর হৈল সর্বজ্ঞান।।

বর্ণপরিচয় কোন্ গুরুর কাছে হয়েছিল ঈশান নাগর সে তথ্য জানান নি।
সম্ভবতঃ পিতা অগন্নাথই পুত্রকে বর্ণপরিচয় করিয়েছিলেন। বৃন্দাবন দাস
নিমাই-এর হাত্তে খড়ি, তংপবে কর্ণবেধা ও চূড়াকরণ সংস্থারের বিবরণ
দিরেছেন। তিনিও গুরুর নামোল্লেথ করেন নি, বিভারজ্ঞের কালে
বিভার্থীর বয়সেরও উল্লেখ করেন নি। সাধারণতঃ পঞ্চমবর্ষে বিভারজ্ঞের
বিধি প্রচলিত থাকায় অবৈত্ত প্রকাশকারের বিবরণ মথার্থ মনে হয়। বৃন্দাবন
লিখেছেন—

হোনমতে ক্রীড়া করে গৌরাক গোপাল।
হাতে বড়ি দিবার হইল আসি কাল।।
ভঙ্গ দিনে শুভক্ষণে মিশ্র প্রন্দর।
হাতে বড়ি পুত্রের দিলেন বিপ্রবর।।
কিছু শেষে মিলিয়া সকল বন্ধুগণ।
কর্ণবেধ করিলেন শ্রীচুড়াকরণ।।

নিমাই-এর প্রতিভা বিভারত থেকেই প্রকাশ পেতে থাকে। বৃন্দাবন লিখেছেন,—

> দৃষ্টিমাত্র সকল অক্ষর লিখি যায়। পরম বিশ্বিত হইয়া সর্বজনে চায়।। দিন ছই ভিনেতে পড়িলা সর্বফলা।ও

) **ष: ब: ४० प:** २ दें छ। बाबि ६म व: ७ दें 5. छो. वाबि, ६ व:

জয়ানন্দ জানিয়েছেন যে বিভারস্তের গুরু ছিলেন ফ্রদর্শন ওঝা (পণ্ডিড)।
গৌরাঙ্গ শহুং একদিন প্রভাতে দলবল সঙ্গে করে ফ্রদর্শনের বাড়ী গিয়ে
বর্ণজ্ঞান অর্জন করেছিলেন।

আর দিন প্রভাতে বালক সব দক্ষে।
স্থদর্শন পাত্রের বাড়ী গেল নিজরক্ষে।।
ক থ চৌতিশাক্ষর কাঠনেতে দেখি।
হামাকুড়ি দিয়া পড়ে গুরুমাত্র দেখি।।
ক থ ইহার নাম গুরুরে জিজ্ঞানে।
আরু আদর্খ পড়িয়া অটু অটু হাদে।।

এ গল্পে আছিলয় আছে নিশ্চরই। কিন্তু স্থাপনি পাণ্ডত যে গৌরচন্দ্রের প্রাথমিক শিক্ষাগুরু হতে পাবেন না তা নয়। মুরাবি গুপ্ত এবং কবিকর্পুর স্থাপনি পণ্ডিত, বিষ্ণুপণ্ডিত ও গলাদান পণ্ডিতের কাছে শ্রীচৈতল্যের লৌকিক বিছা আর্জনের কাহিনী বিষুত করেছেন। এই ছই জীবনচরিতকারই বলেছেন যে, নিমাই প্রথমে স্থাপনি পণ্ডিত ও বিষ্ণু পণ্ডিতের কাছে পড়েছেন ও পরে গলাদানের কাছে পড়েছেন। কিন্তু মুরারি বলেন, পিতার মৃত্যুব প্রেই নিমাই গুরুগুহে বাস করে বেদ অধ্যয়ন করেছিলেন।

গুরোগুলৈ বদন্ বিফুর্বেদান্ স্বানধী ভবান্।

অভঃপর জগলাথের লোকাফরের পর পূর্বোক্ত তিন পণ্ডিতের কাছে পাঠ গ্রহণ করেছিলেন।

> ভতঃ প্ৰাঠ দ পুন: শ্ৰীমান্ বিষ্ণুপণ্ডিভাৎ। স্বদৰ্শনাৎ পণ্ডিভাচ্চ শ্ৰীগদাদ পণ্ডিভাৎ ।।৬

কবিকর্ণপুর লিখেছেন, বিশ্বদ্ধপের গৃহত্যাগের পরে নিমাই লেখাপড়া করে পিভামাতার পরিচর্বা করে ও সমবয়স্ক সন্ধী বালকদের সঙ্গে পেলা করে কাল কাটাতেন।

পঠন্ সপ্য্যাপর এব স্বদা ভয়োর্মহাকার্কনিক: অ্থাবহঃ। বয়স্তভাবেন বয়স্তবালকৈ-নিরস্করং খেলভি খেলহভাগি ।।

> कि. म —बहोम्रा—>ei> ७ म्. ♦ —>iण

e रेठ. ठ. वहांकावा—२।ऽ∙२

—মহাকাঞ্চনিক স্থাবহ এগোঁৱাক সর্বদা পিতামাতার সেবায় তৎপর হয়ে লেখাপড়া করতে কবতে স্থ্যভাবে ব্যস্ত বালকদের সঙ্গে নিরস্কব থেলা কবতে লাগলেন।

তারপর জগন্নাথের অর্গগমনের পর যৌবনারত্তে নিমাই বিষ্ণুপণ্ডিত, স্বদর্শন পণ্ডিত ও বৈয়াকবণ গঙ্গাদাদেব নিকট অধ্যয়ন করেছিলেন।

পপাঠ সংপণ্ডিভবিষ্ণুনায়:
স্ফলনাদপ্যতি হৰ্যভাজ:।
গুৰুত্বমাক্সা মহামুকুম্পাং
চকার হ্র্যাদনয়ো: কিমেষ:।
ততক্ষ বৈয়াক্তবাং স গলা
দাসাদভূৎ প্রভাগ্নভূতবিজ:।।

—বিষ্ণু নামক সংপণ্ডিত এবং অতি আনস্কভান্তন স্বদর্শনের নিকট তিনি পাঠ নিরেছিলেন। তিনি কি মহৎ অম্বক্ষাবশত: তাঁদের গুরুত্বে ববণ করেছিলেন? তারপব তিনি বৈয়াকবণ গঙ্গাদাসের নিকটে কুতবিছা হয়েছিলেন।

বিশ্বস্থারের সহপাঠী ম্বারির বিবরণ সর্বপ্রথম গ্রান্থ। ম্বানি ও কবিকর্ণ-প্রের বিববণ অন্নারে বিষ্ণুপণ্ডিত বা স্থদর্শন পণ্ডিত গৌরচন্তের প্রাথমিক পর্বারেব গুরু হতে পারেন না। কবিরাজ গোস্থামী খুব স্বর কথার শ্রীগৌরাক্ষের বিস্থার্জনের উল্লেখ কবেছেন, তিনি বৃক্ষাবনের উপরে ভারার্পণ করে কওব্য সমাধা কবেছেন।

কভদিনে মিশ্রপুত্রের হাতে থড়ি দিল। অব্ব দিনে বাদশকলা অক্ষর শিথিল।।

লোচন দাস ঠাকুরের বিবরণে বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণের পরে জগরাথ কনিষ্ঠ পুজের কর্ণবেধ, চ্ডাকরণ ও নবমবর্ষে উপনয়ন দেওয়ার পর ইহলোক ভাাস করেছিলেন।

চূড়াকরণ কর্ণবেধ করিল তথন। আনব্যিত হৈল সব নদীরা নগরী। বিশ্বভার মূথ দেখি আপনা পাসরি।।

নবম বরিথ পুত্তের যোগ্য সময়। উপবীত দিব বলি চিস্তিল হৃদয়।।

আতঃশর অগরাথের মৃত্যুর পর শচী দেবী বালক ানমাইকে নিয়ে পণ্ডিতদের হাতে সমর্পণ করেছিলেন।

একদিন শচীকর ধরি গৌরছরি।
পঢ়িতে গৌরাক দিল নিয়োজিত করি।।
সকল পণ্ডিত স্থানে পুত্র সমর্পিয়া।
বোলয়ে কাডরে দেবী বিনয় করিয়া।।
পিতৃশ্ব পুত্র মোর পিরিতি করিবে।
আপন তনম্ব হেন ইছারে জানিবে।।

হেনমতে নবৰীপে প্ৰভূ বিশক্তর। পঢ়িবারে গেলা বিষ্ণু পণ্ডিভের ঘর।। স্বদর্শন আর গঙ্গাদাদ বে পণ্ডিভে। পঢ়িলা অগত-গুকু তা সভার হিতে॥

লোচন, ম্বারি ও কবিকর্ণপুরকে অন্থ সংগছেন। কিছ পিছবিরোগেব পূর্বে নিমাই-এর বিভারক্ত হয়েছিল কিনা তা বলেন নি। তবে নর দশ বংসর পর্বন্ত প্রাহ্মণ পশুডের ঘরের ছেলে নিরক্ষর থাকা সক্তব বলে মনে হয় না। 'অবৈত প্রকাশ' অন্থপারে পাঁচ বংসরে হাতে খড়ি দেওয়ার অল্প পরে বর্ণজ্ঞান সমাপ্ত হলে গঙ্গাদাস পশুডের টোলে জগলাথ মিশ্র পুত্রকে পড়তে দিয়েছিলেন; ভূই বংসরে ব্যাকরণ অধ্যয়ন সমাপ্ত হলে তবে গৌরের উপনয়ন হয়েছিল।

ভবে বিশ্র গকাদাস পণ্ডিভের স্থানে।

নিমাই এর প্রতিভার প্রকাশ পড়িতে দিলেন পৌরে করিরা যতনে।।
ছই বর্বে পোরা ব্যাকরণ সমাপিলা।
দেখি পণ্ডিতের চিত্ত চমৎকার হৈলা।।
কানে ডান ভারতী দিলেন সম্ভত্ত ।
লাম্বতে মিগুরাক দিলা বিষ্ণুমন্ত।

বালক নিমাই-এর বিভার্জন সম্পর্কে সঠিক তথ্য কোথাও পাওয়া বাচছে না। তবে মনে হয় শৈশবে হাতে ওড়ির পরে বর্ণবাধ বা প্রাথমিক বিভা তাঁর বাড়ীতে পিতার কাছেই হয়েছিল। পরে বিষ্ণু পণ্ডিত, স্থদর্শন পণ্ডিত ও গলাদাস পণ্ডিতের কাছে তিনি পড়েছিলেন। কিছু কার কাছে কি পড়েছিলেন, এবং কার কাছে আগে ও কার কাছে পরে পড়েছিলেন সে তথ্য অন্ধকারেই থেকে যায়। নিমাই-এর বিভাশিকা সম্পর্কে অপেকাক্কত বিস্তৃত এবং নির্ভর্বোগ্য বিবরণ দিয়েছেন রুলাবন দাস। কিছু রুলাবন স্থদন পণ্ডিত বা বিষ্ণু পণ্ডিতের নাম উল্লেখ করেন নি। তিনি কেবল বলেছেন যে অক্তান্ত বালকদের সঙ্গে নিমাই নানা স্থানে পড়তে বেডেন।

সবার সহিত গিন্ধা পড়ে নানা স্থানে। ধরিষা রাখিতে নাহি পারে কোন জনে॥

তিনি আরও বলেছেন, বিভারত্তের পর শৈশবেই নিমাই লেখাপড়ার অত্যন্ত মনোযোগী হয়েছিলেন—অহর্নিশি লিখেন পড়েন কুত্হলী। শিশু পড়ারা গৌরস্বন্ধরের একটি মনোরম বর্ণনাও আছে চৈতক্ত ভাগবত্তে—

ধূলায় ধূদর প্রভু শ্রী গোরস্কর।
লিখন কালির বিন্দু শোভে মনোহর।।
পড়িয়া শুনিয়া দর্ব শিশুগণ সঙ্গে।
গঙ্গাস্থানে মধ্যাহে চলেন বহু রঙ্গে।।

বিশরণ সন্নাসী হরে গৃহত্যাগ করার পরে নিমাই-এর দৌরাস্থ্য অনেকটা প্রশমিত হরেছিল। পিতামাতার সঙ্গে থাকা এবং লেখাপড়া করা এই ছুটি ভার প্রধান কান্ধ হয়েছিল।

বেলা সম্বরিয়া প্রস্কু মন্ত্র করি পঢ়ে।
তিলার্থেক পৃক্তক ছাড়িয়া নাহি নড়ে।
একবার বে স্কে পড়ি প্রস্কু যায়।
আরবার উলটিয়া সবারে ঠেকায়।।
দেখিয়া অপূর্ব সবেই প্রশংসে।
সবে বলে ধক্ত পিতামাতা হেন বংশে।।

সংস্থাবে কহেন সবে জগরাথ স্থানে।
তুমি ত ক্বতার্থ মিশ্র এ হেন নন্দনে।।
এ কো স্বৃদ্ধি শিশু নাহি ত্রিভ্বনে।
বৃহস্পতি জি¹নয়া হইবে অধ্যয়নে।।
শুনিলেই সর্ব অর্থ আপনে বাধানে।
তান ফাঁকি বাধানিতে নারে কোন জনে।

কিন্দ অগন্ধাথের মনে জাগে আশংকা। প্রতিভাবান পুরে অল বন্ধনেই প্রতিভাব পরিচয় দিচ্ছে। এই বকম প্রতিভার অধিকারী ছিলেন বিশ্বরূপ। তিনি ও বহুশাস্ত্র অধ্যয়ন করেই সংসার অনিত্য জেনে যতিধর্ম গ্রহণ করেছেন। নিমাইকে লেখাপড়া এই মত বিশ্বরূপ পঢ়ি সর্বশাস্ত্র। শেখাতে জগনাথের জানিল সংসার সত্য নহে ভিলমাত্র।।

অনিছে নর্বশাস্ত্রমর্ম জানি বিশ্বরূপ ধীর।

অনিত্য সংসার হৈতে হইলা বাহির।।*

হতরাং সর্বলান্তে পণ্ডিত হয়ে বিশ্বস্তরও যদি অগ্রন্তের পদ্ধা অসুসরণ করে এই আলংকায় ব্যাকুল হয়ে জগরাধ বললেন,—

> অতএব ইহার পড়িয়া কার্য নাঞি। মূর্য হৈয়া ঘরে মোর রঙক নিমাঞি॥

শচী মা বাঞ্চালী মায়ের মত উত্তর দিয়েছিলেন, মূর্য পুজের বিলে তবে নাবে।

भागी वरत मूर्य देशल कीरवर रकमरन। मूर्याद ७ क्छा ७ मिरव ना रकान करन ॥

কিছ স্বেহাত্র পিতাব মন যুক্তি মানলে। না। তিনি বোঝেন, বিভার ধনলাভ হয় না। জীবের খাত যোগানোর ভার নিয়েছেন ভগবান শীকৃষ্ণ। বিভায় যদি ধনী হওয়া যেভ তবে জগরাধও ধনবান হতে পারভেন।

সাক্ষাভেই এই কেন দেখ ত আমাত।
পঢ়িয়াও আমাব কেন ঘরে নাহি ভাত।।
ভ লখতে বর্ণ উচ্চারিভেও যে নারে।
সহস্র পণ্ডিত সিয়া দেখ ভার ঘারে।।
অভএব পাঁচুয়া নাহিক কার্য বলিল ভোষারে।

⁾⁻e है. जा. जारि, • जः

পুত্র বিশ্বস্থরকেও ভেকে জ্বগন্নাথ লেখাপড়া নিষিদ্ধ করে দিলেন-—

এত বলি পুত্রেরে ডাকিলা মিশ্রবর।

মিশ্র বলে তন বাপ আমার উত্তর।।

আজি হৈতে আর পাঠ নাহিক তোমার।

ইহাতে অক্তথা কর শপথ আমার।

যে তোমার ইচ্ছা বাপ তাই দিব আমি।

গুহুহু বিদি পুরুম মঙ্গলে থাক তুমি॥

**

পিতৃবাক্য কবাতে না পেরে লেখাপড়া ছেড়ে নিমাই মনোতৃ:থে পুনরায় উদ্বভভাবে ত্রস্তপনা করে বেড়াতে লাগলেন। এই ত্রস্তপনা আগের দৌরাত্যাকে চাড়িয়ে গেল। বুক্লাবন লিখছেন—

কিবা নিজ ঘরে প্রভু কিবা পর ঘরে।
যাহা পায় ভাহা ভাকে অপচয় করে।
নিশা হইলেও প্রভু না আইসে ঘরে।
সর্বরাত্রি শিশু সকে নানা কৌড়া করে।।
কখলে চাকিয়া অক তুই শিশু মেলি।
বৃষ প্রায় হইয়া চলেন কুতুহলী।।
যার বাড়া কলাবন দেখি থাকে দিনে।
রাত্রি হৈলে বৃষরপে ভাকরে আপনে।।
গরুজানে গৃহস্থ করয়ে হায় হায়।
ভাগিলে গৃহস্থ শিশু-সংহতি পালায়
কারো ঘরে ঘার দিয়া বাছরে বাহিষে।
লঘ্নী শুর্বী গৃহন্থে করিতে না পারে।।
কে বাছিল ভ্রার করয়ে হায় হায়।
ভাগিলে গৃহস্থ প্রভুটীয়া পলায়।।

এত দৌরাজ্যের সংবাদেও জগরাধ অচল অটল। একদিন প্রাতন প্রতি মত পরিভাক্ত হাঁড়ির গান্বার বলে পড়লেন বিশ্বস্তর। অস্তান্ত বালকদের মুখে সংবাদ পেরে ছুটে এলেন শচী যাতা, তিরস্বার করলেন ভ্রম্ভ পুত্রকে.

১ है. डा. जानि क्याः २ है. डा. जानि क्याः

অশুচিস্থানে বসলে স্থান করতে হবে। বিশ্বস্থা উত্তর দিলেন মূর্থ ব্যক্তি কেমন কবে জানবে, কে শুচি আর কে স্থাচি ?

প্রভূবলে ভোরা মোরে না দিস পঢ়িতে।
ভক্রাভক্র মূর্থ বিপ্রে জানিবে কেমতে।
মূর্থ আমি না জানিয়ে ভাল মন্দ স্থান।
স্বত্র আমার হয় অধিতীয় জ্ঞান।
'

শচী মাধ্যের অন্থনয় বার্থ হোল, নিমাই উঠলেন না নোংরা হাঁভির গাদ। থেকে।

> প্রাভূ বলে যদি মোরে না দেহ পঢ়িতে। ভবে মুক্রি না যাইমু কহিল ভোমাতে॥

এই মত্যাশ্চর্য ব্যাপার দেখে পাড়ার লোকজন শচীকে দোষারোপ করতে থাকে। তেলেকে পছতে দেয় না, এ কেমন বাপ-মা ?

> যত্ন করি কেহ নিজ বালক পঢ়ায়। কত ভাগ্যে পঢ়িতে আপনে শিশু চায়॥°

জননা স্নেহভরে নিজ তুণালকে ঘরে নিয়ে এসে স্নান করালেন। জগরাধ
গৃহে ফিরে সব শুনলেন। পাড়ার লোক জগরাধকে অন্থরোধ করে—নিমাইকে
পড়হে দাও, বালক পড়তে চায় এত মহাভাগ্য! তারা উপদেশ দেয়—ছেলের
উপনয়ন দাও, তারপর গুলুর কাচে পঠাও। জগরাথ পুত্রের উপনয়ন
দিলেন। উপনয়নের পরে দ্বিজন্ম প্রাপ্ত শ্রীগোরাঙ্গের ইলিতে বিখ্যাত বৈয়াকরণ
গঙ্গাদাস পণ্ডিভের চতুম্পাঠীতে পুত্রকে ভিন্নি করে দিলেন জগরাথ।

নবদ্বীপে আছে অধ্যাপক শিরোমণি।
গঙ্গাদাস পণ্ডিত যে হেন সান্দীপণি।।
ব্যাকরণ শাস্ত্রের একান্ত তত্ত্ববিং।
ভার ঠাঞি পঢ়িতে প্রভুর সমীহিত।।
ব্বিলেন পুত্রের ইঙ্গিত মিশ্রবর।
পুত্র সঙ্গেদাস বিজ্বর।

গঙ্গাদাদ গোরচন্দ্রকে নিজের পুত্রের মত করে কাছে রেথে শেখাতে লাগলেন, ছাত্রের তীক্ষ মেধায় আক্তুষ্ট হয়ে অহুরাগ ভরে বিদ্যাদান করলেন।

১-৪ চৈ. ভা. আদি ৬ সঃ

দেখিয়া অঙুতবৃদ্ধি গুরু হরষিত। সর্বশিশ্ব শ্রেষ্ঠ করি করিলা পৃদ্ধিত ॥'

বৃন্ধাবন দাসের বিবরণ পড়ে মনে হয় প্রত্যক্ষদর্শীর বিবরণ—একান্ত তথ্যগত বর্ণনা। অসুরূপ ঘটনার উল্লেখ রয়েছে চূড়ামণি দাসের গোরাক্ত বিজয় কাব্যে ॥ চূড়ামণি দাসের কাব্যে নিমাই ত্রস্থপনা করে থেলে বেড়াচ্ছেন বলে শচীমাতা স্বামীর কাছে অস্থযোগ করেন,—

বালক চঞ্চল পুত্র থেলে সর্বক্ষণ।
ব্রাক্ষণ কুমার হৈয়া না করে অধ্যয়ন।।
তোমার গোটীতে যত মহা অধ্যাপক।
বেদবেদান্ত সর্ববিত্যা এ ক্ষণক।।

কিছ জগন্ধাৰ যৰাবীতি আপত্তি জানালেন,

মিশ্র কহে এক পুত্র পড়িয়া শুনিঞা।
বৈষ্ণবের সঙ্গে বুলে কি বিছা জানিঞা।
পড়িবার কাজ নাঞি থাকুক মুর্থ হৈয়া।
জে জে পাকে বভিবে নিজ্ঞধন খাইয়া।।

পিতামাতার কথোপকথন শুনে বিশ্বস্তবের মাথায় ছষ্টবৃদ্ধি চাপলো। তিনি সঙ্গীসাধী নিয়ে মাহ্য পশুর হাড় সংগ্রহ করে এনে গঙ্গার জলে কেলতে লাগলেন। এ অভ্ত থেলার সংবাদ পেলেন শচী দেবী, পেলেন মিশ্র প্রক্ষর। শচী দেবী নিষেধ করলেন পুত্তকে। গোঁরাঙ্গ উত্তরে মাকে বললেন,—

না পড়ি না করি কার্য বসি অন্ন থাই। পরলোক কার্য্য কিছু করিবার চাই।।

এই বৃত্তান্ত ভনে অগন্নাথ পুত্রকে লেখাপড়া করার অন্তমতি দিলেন।

মোর বাক্য বিশ্বস্তর শুন মন দিয়া।
পরম যত্নেতে তুমি শান্ত পড় গিয়া।।
গঙ্গাদান চক্রবতী পণ্ডিত মহান।
সমর্ণি এড়িব গিরা চল তার স্থান।।

১ চৈ. জা. আৰি ৬ জঃ ২ পৌ. বি.—পৃঃ ৫৬ ৩ গৌরাক বিজয়—পৃঃ ৫৬ ঃ গৌরাক বিজয়—পৃঃ ৫৬

এই বিবরণ অঞ্সাবে গৌরচক্রের একমাত গুরু ছিলেন গঙ্গাদাস চক্রবর্তী। পদ দাসের কাছেই নিমাই সর্ববিভাবিশারদ হয়েছিলেন। তথনও বিশ্বরূপ প্রবজ্ঞা গ্ৰহণ করেন নি. -নিমাই-এর উপনয়নও হয়নি। গলাগাসের কাছে পাঠ খেষ করার পরে নিমাই-এর উপনয়ন হয় এবং পরে বিশ্বরূপ গৃহত্যাগ করেন। নিমাইকে ন্ডাতে জগন্নাথের আপজ্জির কারণ বিশ্বরূপ পঞ্জিত হয়ে বৈফাবদের সক্ষে ভোরে। এই ব্যাপারটি মোটেই বিশাক্ত নয়। জগমাণ নিজে ছিলেন নিষ্ঠাবান ত্রাদ্ধ এবং কৃষ্ণভক্ত। জয়ানন্দ বলেন, জগন্নাথ "গভাষ্টমে যজ্ঞসূত্র দিল বিশ্বছবে"— গর্ভ ধ্রে আট বংসরে অর্থাৎ সাত বংসর বয়সে বিশ্বস্তবের উপনয়ন হয়। কিছ লোচনের মতে নয় বৎসর বয়সে বিশ্বস্তব যজ্ঞত্ত ধারণ করেছিলেন। অভ্যান व्यात्यक्रण निमारे व्यालका मण वरमात्रत वष्ट्र। विवक्रालय स्थान वरमत व्याल গৃহত্যাগের সময় নিমাই-এর বয়স ছয় বৎসর। গাঁচ সাত বৎসর বয়স বালকের 'বভারস্তের সময়। এই সম্বের মধ্যে কাব্য ব্যাকরণ স্মৃতি মীমাংসা ইত্যাদি বিষয়ে পারদ্শী হওরা সম্ভব নয়। বিশ্বরূপের সন্নাসের পাঁচ বৎসর পরে জগরাথের দেহান্ত হয়। নিমাই-এর বয়স তথন দশ এগার হওয়াই সম্ভব। মতবাং বিশ্বরূপের সন্ত্যাদের পরে নিমাই-এর গঙ্গাদাদের চতুম্পাঠীতে ভতি হওয়া, জগন্নাথের মৃত্যুকালে নিমাই-এর ছাত্রজীবন এবং চার পাচ বৎসর পরে বোল বছর বরসে ছাত্র জাবনের পরিসমাপ্তির বিবরণই অপেক্ষাকৃত সম্ভাব্য। চরিচরণ দানের 'অবৈত্তমঙ্গনে' আবার বিশ্বস্তবের জন্ম হয়েছিল বিশ্বরূপের সন্ন্যাস গ্রহণের পরে। এ বিবরণ অবশ্রই গ্রহণীয় নয়।

নিজের পছন্দমত গুরু পেলেন বিখন্তর। গঙ্গাদাসের নিকট অধ্যয়নের অ্যোগ পেয়ে নিজের প্রতিভা বিকাশের পূর্ণ অ্যোগ পেলেন তিনি। অনম্ভ সাধারণ ধীশক্তি বলে তিনি গুরুত্বত ব্যাখ্যা ওলট পালট করতে থাকেন।

ষত ব্যাখ্যা গঙ্গাদাস পণ্ডিত করেন।
সঙ্গুৎ শুনিলে মাত্র ঠাকুর ধরেন।।
গুরুর যতেক ব্যাখ্যা করেন খণ্ডন।
পুনর্বার সেই ব্যাখ্যা করেন স্থাপন।।

> বাংলা চ'ৰতপ্ৰছে শ্ৰীচৈতন্ত্ৰ-পিনিজাশ কর রাহচৌধুরী-পৃঃ ১০

२ हि. छ। वापि १ वाः

তথু তাই নয় তিনি সতীর্থদের ও নিয়ে থেলা তরু করেছেন —

যত পঢ়ে গঙ্গাদাস পণ্ডিতের স্থানে।

সভাবেই ঠাকুর চালেন অকুক্ষণে।।
শ্রীম্রারি গুপ্ত শ্রীকমলাকান্ত নাম।

কৃষ্ণানন্দ আদি যত গোষ্ঠীর প্রধান।।

সভাবে চালেন প্রভু ফাঁকি জিক্ষাসিয়া।
শিশুজ্ঞানে কেহ কিছু না বলে হাসিয়া।।

গঙ্গার ঘাটে স্মানরত পড়ুয়াদের সঙ্গেও কলহ স্থক করেন তিনি ত'দের বিষ্ণাবতা নিয়ে। পড়ুয়ারা বললে, কলহ না করে পাঁজি টীকার শুদ্ধি বিচার করে বুদ্ধির পরীক্ষা হোক—"বুত্তি পাঁজি টীকায় কে জানে দেখি শুদ্ধ।" গৌরাধ বললেন, তোমাদের ইচ্ছামত প্রশ্ন কর।

ধাতৃত্ত বাথানহ বলে সে পঢ়ুয়া।
প্রভু বলে বাথানিয়ে শুন মন দিয়া।।
সর্বশক্তি সমন্বিত প্রভু ভগবান।
করিলেন শুত্র ব্যাখ্যা যে হয় প্রমাণ।।
ব্যাখ্যা শুনি সবে বলে প্রশংসা বচন।
প্রভু বলে এবে শুন করিয়ে খণ্ডন।।
যত ব্যাখ্যা কৈল তাহা দ্ধিল সকল।
প্রভু বলে শ্বাপ এবে কার আছে বল।।
চমৎকার পবাই ভাবেন মনে মনে।
প্রভু বলে শুন এবে করি এ শ্বাপনে।।
প্রা: হেন ব্যাখ্যা করিলেন গৌরচন্ত।
সর্বমতে স্কার কোথাও নাছি মক।।
যত পব প্রামাণিক পঢ়ুয়ার গণ।
সম্ভোবে সবেই করিলেন আলিক্ষন।
ই

আহারাদির পরে শিগৌরাঙ্গ পুঁথি নিরে বদে পড়েন—রচনা করেন ব্যাকরণ স্ত্রের টিপ্লনী।

১ চৈ. ভা.—আদি ৭ অঃ > চৈ. ভা আদি ৭ অঃ

ভোজন কবিয়া মাত্র প্রভু সেইক্ষণে। পুস্তক লইয়া গিয়া বদেন নির্জনে।। আপনে করেন প্রভু স্ত্তেব টিপ্পনী। ভলিলা প্রস্কুক্যদে দব দেব-মণি।।

বন্ধাবন আরও বলেছেন --

গঙ্গাদাদের গৃহে চতুষ্পাঠীতে পাঠকালে শ্রীগোরাঙ্গের তবস্থপনার একটি নৃত্ন তথ্য পবিবেশন করেছেন জয়ানল। নিমাই সহপাঠীদের বললেন, থামার গোখ্যা যদি কেউ খণ্ডন করতে পাবে তবে তার কাঁধে চেপে মাথায় টাকর মারবো। একথা শুনে গঙ্গাদাস নিমাই-এর মাথায় পুঁথি দিয়ে আঘাত করলেন। কলে নিমাইও পুঁথি ছিঁড়ে কাঁদতে কাঁদতে পালালেন। পরে জগন্নাথ আবার পুত্তকে এনে গঙ্গাদাদের হাতে সঁপে দিলেনন্। নিমাই এর সভীক্ষ মেধায় গুরু গঙ্গাদাস বিশ্বিত হয়ে ভাবলেন—

অহো। কিমাশ্চযমিদং ময়া দরুদ্যছচ্যতে শাস্ত্রমতীব তুর্গমম্।
তদপ্যরং মিশ্রপুরন্দরাত্মজঃ
দমগ্রমভাশ্রতি যত্নমন্তরা।। ব

—আহা ! কী আশ্চর্য ! সামি একবারসাত্র অত্যন্ত ভূরোধা শাস্ত্র যা বলছি, এই পুরন্দর মিশ্রের পুত্র তা বিনা মণ্ডেই সমস্ত আয়ত্ত করে কেলেছে।

সভীর্থদের সঙ্গে শাম্বালোচনায় নিখাই-এর বিভর্ক ও পরিহাসের কথা কবিকর্ণপুরও বলেছেন—

১ চৈ. ভা আ দি । অঃ ১ চৈ. ভা, আ দি. ৭ অঃ ১ চৈ চ আ দি ১৫ পরি

⁸ टि व. नगेश्र—>७ व शोब्राक रुणु—>>।8>

সতীর্থর্নৈ: পরিহাসবস্তি-হ্বন্ বিশেষং স্বদাবদেন ততান লীলা প্রতিভানবার্তা-মুবী সহবী স্থ্রবংশরত্বম্ ॥ ১

—ব্রাহ্মণকুলরত্ব গোঁরচক্র পরিহাসকারী সতীর্থদের সঙ্গে শান্ত্রীয় কথার বিভর্ক করতে করভে প্রভিভান্তরণ মহতী লীলা বিস্থার করতে লাগলেন।

গৌরচন্দ্র অত্যন্ত পরিহাদরদিক ছিলেন। সতীর্থদের সঙ্গে তিনি সততই পরিহাদ করতেন। মুরারিগুপ্ত গৌরাঙ্গের বিদ্যার্জন ও পরিহাদ রদিকতা সম্পর্কে লিথেছেন—

বান্ধণেভা দদে বিদ্যাং যে পণ্ডিতমহন্তমা:।
তেষাং মহোপকারায় তেভাো বিদ্যাং গৃহীতবান্ ।
লোকশিকামফুচরন্ মায়ামছুজবিগ্রহ:।
ততঃ পঠন্ পণ্ডিতেষ্ শ্রীমৎ স্বদর্শনেষ্ চ।।
সতীর্ধৈঃ প্রহদন্ বিপ্রৈইদড়িঃ পরিহাসকম্।
উবাচ বঙ্গকৈবিকা রসজঃ সন্মিতাননঃ।।

—যে সকল শ্রেষ্ঠ পণ্ডিত ব্রাহ্মণগণকে বিদ্যাদান করতেন, তাঁদের মহৎ উপকার করার উদ্দেশ্যেই বিশ্বস্থার তাঁদের কাছ থেকে বিদ্যা গ্রহণ করেছিলেন। মারার মহারদেহধারী লোকশিক্ষা দেওয়ার উদ্দেশ্যে শ্রীমৎ হুদর্শন পণ্ডিতের নিকট পড়ে সতীর্থ বিপ্রাগণের ঘারা উপহসিত হয়ে হাস্তম্থে রসজ্ঞ গৌরাঙ্গ বঙ্গাল ভাষার পরিহাসজনক বাক্য বলতেন।

মুরারির বক্তব্য থেকে মনে হয়, স্থাপনি পণ্ডিত, বিষ্ণু পণ্ডিত ও গঙ্গাদান পণ্ডিত ভিন্ন অন্তান্ত পণ্ডিতদের কাছেও নিমাই পাঠ গ্রহণ করেছিলেন। বৃক্লাবন গঙ্গাদাদের চতুপাঠীতে মহাপ্রভুর বিদ্যাবিলাদের বিষ্ণৃত বিবরণ দিয়েছেন বোল বংসর বয়স পর্বস্থ তিনি অধ্যয়ন করেছেন।

বোড়শ বংসর প্রভু প্রথম যৌবন।। বৃহস্পতি জিনিয়া পাণ্ডিভ্য পরকাশ। বতম যে পুঁথি তারে করে হাস।। প্রভূবলে ইথে আছে কোন বড় জন।
আদিয়া বঙ্ক দেখি আমায় স্থাপন।।
সন্ধিকার্থ না জানিয়া কোন কোন জনা।
আপনে চিত্তয়ে পুঁথি প্রবোধে আপনা॥

সহপাঠী বয়োজ্যেষ্ঠ মুরারি গুপ্তকে নিমেও তিনি পরিহাস করতে ছাড়েন নি।
প্রভুবলে বৈদ্য তুমি ইহা কেনে পড়।
লতাপাতা নিযা গিয়া রোগী কর দড়।।
ব্যাকরণ শাস্ত এই বিষম অবধি।
কহা পিত অজীব ব্যবস্থা নাহি ইথি।।

নিমাই-এর বিদ্যাবতার অহংকার ছিল যথেষ্ট। নিজের পাণ্ডিত্যভিমান তিনি সর্বদাই প্রকাশ করতেন।

কতরূপে ব্যাখ্যা করে কত বা খণ্ডন।
অধ্যাপক প্রতি দে আক্ষেপ সর্বক্ষণ॥
প্রভু কহে দদ্ধিকার্য নাহিক বাহার।
কলিষ্গে ভট্টাচার্য পদবী ভাহার।।
হেন জন দেখি ফাঁকি বলুক আমার।
তবে জানি ভট্টিখিল পদবী সবার।।

তবে জানি ভট্টিখিল পদবী সবার।।

মাত্র বোল বৎসর বয়দেই নিমাই এর বিদ্যার্জন সমাপ্ত হয়েছিল; তিনি বিপুল পাণ্ডিত্যের অধিকারী হয়ে অধ্যাপনা অ্বক করেছিলেন। প্রথমে মৃকুন্দ সঞ্করের বাড়ীতেই তিনি অধ্যাপনা আরম্ভ করেছিলেন।

১ চৈ. জা. জাদি > জঃ ২ তদেৰ ও তদেৰ

পঞ্চম অধ্যায়

জীগৌরাঙ্গের বিতাবস্তা

এই প্রসঙ্গে নিমাই পণ্ডিতের পাণ্ডিত্য সম্পর্কে কিঞ্চিৎ ত্মাপোচনা বোধ হয় প্রপ্রাসন্ধিক হবে না। এ বিধনে বিভিন্ন পণ্ডিতের বিভিন্ন মতবাদ অক্ষাপি বর্তমান। এক মতে প্রীগোরাঙ্গ ব্যাকবণ ভিন্ন অক্যাকবণ, ক্রায়, ত্মতি, বেদান্ত প্রভৃতি বছবিধ পান্তে। অধ্যাপক দীনেশ চন্দ্র ভট্টাচার্য লিখেছেন, "মহাপ্রভুর লৌকিক শিকা ব্যাকরণ শান্ত অভিক্রম করিয়া যায় নাহ।" ও: অসিতকুমার বন্দ্যোপাধায় বিশ্বস্তরের অধীত বিভা সম্পর্কে বিশ্বত আলোচনা না করলেও তাঁর ব্যাকরণে পাণ্ডিতোর কথাই উল্লেখ কবেছেন। অক্যাপ ইন্ধিত আচার্য অক্যার দেশের গ্রন্থেও লভা। ও ভ: ক্রশীলকুমার দেশ মতে মহাপ্রভুর লৌকিক বিদ্যা সীমাবদ্ধ ছিল কলাপ ব্যাকরণ, সম্ভবত: কিছু সাহিত্য ও অলংকারের মধ্যে। ত্মামধন্ত ঐতিহাসিক বাধান দান বন্দ্যোপাধ্যায় মহাপ্রভুর গঙ্গাদান পণ্ডিতের কাছে ব্যাকরণ ও বাস্থদেব দার্বভৌমের কাছে ভায় শান্ত অধ্যয়নের উল্লেখ করেছেন। ও শিকবিও বাধান দান বন্দ্যোপাধ্যায় মহাপ্রভুর গঙ্গাদান পণ্ডিতের কাছে ব্যাকরণ ও বাস্থদেব দার্বভৌমের কাছে ভায়ে শান্ত্র অংধার ও ভায় শান্ত্রে পার্য লাভ্রে পাঞ্জিত্য

১ বাঙালীর সাবস্বত অবদান-- গুঃ ১ঃ

২ ''চৈতজ্ঞানে কিশোর বয়সে ব্যাক্রণের স্ত্রে ও টাকা এমনতাবে আয়ত্ত করিলেন বে আয়া বরসেই তাঁহার বিভাবুদ্ধির ঝা'ত ছড়াইরা পড়িল।"—'বাংলা সাহিতের ইতিবৃত্ত' ২য় পু: ১৯৬।

ও "মেধাবী ও প্রত্যুৎপল্পমতি চৈতজ্ঞের বাকেরণ ও অলংকার বিভার বৃ্ৎপত্তি ও ধণলাভের আন্তোহ জগলাথ বগালোহণ করিলেন।"—'বাংলা সাহিত্যের ইতিহাস'—১ম থও পূর্বাধ' —পুঃ ২৭৯

s'...his studies appear to have been chiefly confined to Grammar, especially Kalapa Grammar, and possibly, some literature and Rhetoric to which allusion is made."—Valsnava faith and movement—p. 71.

वाःलात हेल्हाम—२३ थ७, १: २२०

আর্জন করেছিলেন। ত: অম্লা নেনের অভিমত: নিমাই ব্যাকরণ, কিছু কাব্যনাটক ও অলংকার পাঠ কবে কিছুদিন শ্বতিশান্ত্র পাঠ অবস্থ করেই ছাত্রদের প্রাথমিক শিক্ষা দিতে হুক করেছিলেন, অন্ত কিছু অধ্যয়ন বা অধ্যাপনা কবেন নি। কান্তিচন্দ্র বাটা শ্রীগোরাঙ্গেব গঙ্গাদাদের চতুষ্পাঠীতে ব্যাকরণ পাঠেরই মাত্র উল্লেখ করেছেন। ত্র

শ্বিদিকে মহাত্মা শিশিরকুমার ঘোষ নিমাই পশুতের ব্যাকরণ ও ন্যারণাজে গভাব পাজিত্যেব এবং ব্যাকরণ ও ন্যায়ণাজেব টাকা রচনার কথা উচ্চের কবছেন 'মমিয় নিমাই চরিছে'। ১ম গণ্ড। ও Lord Gauranga গ্রন্থবে। আবার ডঃ দীনেশ চক্র দেন Chaitanya and his Age গ্রন্থে শ্রীচৈতন্তের কাব্য ব্যাকবণ ন্যায় প্রভৃতি বত বিষয়ে গভাব পাজিত্য এবং বিল্পাসাগর উপাধি লাভের কাহিনী গভার প্রভ্তাবের মতে গ্রহণ কবেছেন। প্রভূপাদ নিমাই চাঁদ গোস্বামী ব ব্যাকরণ, ন্যায় শ্বভিশান্ত সহ বহুবিশনে শ্রীচৈতনের গভাব পাজিত্যের কাহিনীকে যথার্থ সভ্যাবনে শ্রীকার করেছেন। '

পণ্ডিত সমাজে একপ মতপার্থনার কারণ শ্রাচিতনার জাবনীগ্রন্থলিতে পার্হস্ত জাবন তার বদ্যাক্তনের সম্পষ্ট বিবরণের অনাব এবং ভিন্ন গ্রিন্থ বিবরণের অনাব এবং ভিন্ন গ্রন্থ বিবরণের বিভিন্নতা। তবে গৌরাঙ্গদেবের ব্যাকবণে গভীব পাণ্ডিত্য সম্পর্কে কেউ সংশয় প্রকাশ কবেন নি। গৌরাঙ্গদেব যে ব্যাকরণে অসাধারণ ব্যুৎপাত্ত মর্জন করেছিলেন, পঞ্চাটীকাও আহত্ত করেছিলেন এবং ব্যাকরণের ফার্কি ক্ষেজ্ঞাসা করে পণ্ডিতদের বিব্রত করতেন তাই নয়, তিনি নিজেও যে একটি ব্যাকরণের টীকা বচনা করেছিলেন তার উল্লেখ কয়েক স্থানেই মেলে। শ্রন্থারাঙ্গ বঙ্গদেশে গমন কবলে সেখানকার বিদ্যার্থীবা তাঁকে বলেভিল—

উদ্দেশ্যে আমবা সবে তোমার টিগ্লনি। লই পঢ়ি পঢ়াই শুন্ত বিজয়ণি।।^৫

become proficient in Sanskrit Grammar and thetoric...He seems to have confined his study largely to grammar and the logic for which the N. badwip tols h d become famous."—The Chaitanya Movement.—pp. 14 15

[৽] ইভিহাদের ঐচৈতন্ত —পৃ: 🚥

৩ ৰবদীপ মহিমা—পৃঃ ২১৬

৪ নতাবিক শক্তি মালাকৰা

a Co. डा वाकि ३२ जः

শ্রীমন্ত্রকরি চক্রবভী ব্যাকরণ পাঠ ও ন্যাকরণের টাকা রচনার কথা উল্লেখ করেছেন—

> এই গন্ধাদাস পণ্ডিতের বাড়ী হয়। ব্যাক্তরণ পড়ে এখা শচীর তনয়।।

দিনে দিনে ব্যাকরণে হৈয়া চমৎকার। ব্যাকরণে করে যে টিপ্পনী আপনার।।১

বঘুনন্দন গোস্থামী বিশ্বস্তরকৃত কাতন্ত্র বা কলাপ ব্যাক্রণের টীকার উল্লেখ করেছেন—তদেবমধ্যয়নাধ্যাপন কুতুকেন কাতন্ত্রটীকা বিরচনেন হরতিরস্কারি-বিদ্যে বিশ্বস্তরেন। অবৈত প্রকাশে শ্রীচৈতন্যকৃত বিদ্যাদাগর টীকার উল্লেখ করা হয়েছে। কিন্তু মুরাবি বা কবিক্রণপূর মহাপ্রভুক্ত ব্যাকবণের টীকার উল্লেখ করেন নি। সম্ভবতঃ মহাপ্রভুর কৌকিক বিদ্যার বিনরণ দেওয়ার ব্যাপারে তাঁদের তেমন ইআগ্রহ ছিল না। ব্যাক্রণে পাণ্ডিত্যের উল্লেখ অবশ্ব সকল চরিতপ্রস্তেই স্থলভ। চৈতন্য ভাগবতের বিবরণে নিমাই পণ্ডিত ঈশ্বস্থার কাব্যে ব্যাক্রণ দেখি ধ্রেছিলেন—

একদিন প্রভু তান কবিছ ভানয়। ।
হাসি ছ্বিলেন ধাতৃ না লাগে বলিয়া।।
প্রভু বলে এ ধাতু আত্মনেপদী নয়।
বলিয়া চলিলা গ্রভু আপন আলয়।।

ব্যাকরণের কৃট প্রশ্নে তিনি সকলকে বিপ্রত করে তুলেছিলেন—
ব্যাকরণ শান্তে সবে বিদ্যার অবদান।
ভট্টাচার্য প্রতিও নাহিক তুণজ্ঞান।।

উটাচার্য প্রতিও নাহিক তুণজ্ঞান।।

উ

সহপাঠী মৃকুন্দ তীক্ষণী নিমাইকে বিদ্যার পরাজিত করার আনকাজ্ঞার নিমাইকে ব্যাকরণে বৃংপন্ন বলে ঈবং অবজ্ঞা প্রকাশ করেছেন।

> মনে ভাবে মৃকুক আজি জিনিব কেমনে। ইহান অভ্যাস সবে মাত্র ব্যাকরণে।।

১ ভক্তি রক্নাকর-১২।২১৮৫ ৮৬ ২ গৌরাক চম্পু-১১ আবাদ

७ हेह. **छा. जाविकि ज:** ८ हेह. ठी. जावि >• ज: ६ हेह. **डा. जा**वि >• ज:

দিখিজরী পরাজর অধ্যায়ে কবিরাজ গোসামী দিখিজয়ীর মুখে নিমাই পণ্ডিতের ব্যাক্রণ জ্ঞানের কথা অবজ্ঞার সঙ্গে উল্লেখ করেছেন—

পড়াহ নিমাই পঞ্জিত তোমার নাম।
বাল্যশান্ত্রে লোক তব কচে গুণগ্রাম।।
ব্যাকরণ মধ্যে জানি পড়াহ কলাপ।
গুনিলে কাঁকিতে লোমার শিক্সের সংলাপ।
প্রাভূ কথে ব্যাকরণ পড়াই অভিমান করি।
শিক্সেহো না বুঝে আমি বুঝাইতে নারি॥

দিধিজয়ার সঙ্গে বিতর্ককালেও দিধিজয়া বললেন নিমাইকে অবজ্ঞাভরে—
ব্যাকরণীয়া তুমি নাহি পড অলংকার।
তুমি কি জানিব এই কবিজের সাব ॥

শ্রীমন্ত্রহার চক্রবর্তীর 'ভক্তিরছাকরে' দি।খন্ধরা পণ্ডিত কেশব কাশ্মীরী ভকে প্রাক্তিত হয়ে বলেচিলেন—

শিশুশাস্ত্র ব্যাকরণ পঢ়ায়ে আস্থাণ সে মোহরে জিনে হেন বিধির ঘটন ॥° গৌরচক্রের কলাপ ব্যাকরণে বৃহ্পিত্তির কথা জয়ানন্দণ্ড উল্লেখ করেছেন— স্থবস্তু জ্ঞান কার পড়িল ঘটুকারক। স্টীক কলাপ পড়ি স্বার ব্যাপ্**ষ্**ঞা

গৌরাক্সক্রের কলাপ ব্যাকরণ পাঠের বিবরণ জয়ানন্দ অন্তত্ত্ত ও দিয়েছেন—

> গৌরাঙ্গ জন্দর পড়ে নিরম্ভর ভোট কম্বলে বসিয়া। কলাপে আলাপ কর এ প্রলাপ ঈশ্বৎ হাসিয়া।

এই সকল উল্লেখন্ত বিবরণ খেকে প্রতীয়মান হয় যে জ্রীগোরাঞ্ক করাপ

১ চৈ. চ. আদি ১৬ পরি ২ চৈ চ. আদি ১৬ পরি ৩ ভ. র.—১২ ত⊲⇒

४ के व नवीवां—>>।● ६ के म. नवीवां—>>।२

ব্যাকরণেই প্রভূত পাণ্ডিত্য সর্জন করেছিলেন এবং এই ব্যাকরণেরই সম্ভব দ: তিনি টীকা বচনা করেছিলেন।

কিন্তু ব্যাকরণ ছাড়া অক্স কোন কোন বিষয়ে নিমাই পাণ্ডিত্য অর্জন করেছিলেন চরিতগ্রন্থগুলি থেকে তার কিছুটা আভাস মাত্র পাণ্ডরা যেতে পারে।
কার্য ও অলংকারে নিমাই পণ্ডিতের অধিকার বোধ হয় অস্বীকার করা যায়
যায় না। শ্রীল বৃন্দাবন দাস জানিয়েছেন যে মৃকুন্দ নিমাই- এর তর্কগুছে নামার
আগে ছির করেছিলেন, ব্যাকরণে অভিজ্ঞ নিমাইকে অলংকার জিজ্ঞাসা করে
ঠকাবেন—ঠেকাইম্ আজি জিজ্ঞাসিয়া অলংকার। মৃকুন্দ তয়্মণ দন্তী
বৈয়াকরণকে অলংকার সম্পর্কে প্রশ্ন করলেন। বৈয়াকরণও পরাজিত না হয়ে
মৃকুন্দ কথিত অলংকার গুলির দোষ ব্যক্ত করতে লাগলেন।

বিষম বিষম যত কবিত্ব প্রচার।
পঢ়িরা মৃকুল জিজ্ঞানরে অলংকার।।
সর্বশক্তিমর গোরচন্দ্র অবতার।
থণ্ড থণ্ড করি দোষে সর্ব অলংকার।।

বিশ্বস্থরের অলংকার শাস্ত্রে পাণ্ডিত্যের সবিশেষ বিবরণ আছে দিখিজয়ী পণ্ডিতের সঙ্গে কাঁর পাণ্ডিত্যের লড়াইএর কবিরাজ গোস্বামী প্রদন্ত বিবরণে। চৈতক্সভাগবতকার দিখিজয়ী পরাভব উপাধ্যান অত্যন্ত সংক্ষেপেই উল্লেখ করেছেন। নবগাপে সমাগত দিখিজয়ী পণ্ডিত নিমাই-এর সঙ্গে বাক্ যুদ্ধে স্বীয় বিভাবস্তার পরিচয় দেবার উদ্দেশ্যে যে গঙ্গান্তোত্ত রচনা করেছিলেন, গোরাঙ্গদেব সেই স্তবে অলংকারের দোষ দেখিয়ে দিখিজয়ীকে পরাভূত করেছিলেন।

ব্যাখ্যা করিলেই মাত্র প্রভু দেইক্ষণে।
দ্বিলেন আদিমধ্য অস্তে তিন স্থানে।
প্রভূ বলে এ সকল শব্দ অনংকার।
শাস্ত মতে শুদ্ধ হৈতে বিষম অপায়।

কবিরাজ গোরামী এই অলংকারের বিচার বর্ণনা করেছেন সবিস্তারে। দিখিজমী রচিত গঙ্গান্ডোত্তের পাঁচটি স্লোকে বিশ্বস্তর অবিষ্টবিধেরাংশ, বিধেয়াংশ, বিকক্ষমতি, ভগ্গক্রম ও পুনকক্ত দোষ দেখিয়ে দোষগুলি প্রভাকটি বিচার

১ है। जानि ३ जः २ छत्तव

বিশ্লেষণ করেছিলেন। অলংকার বিচারে অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় দিয়ে-किलन औरशोबाङ।

মুবারি গুপ্ত এবং কবিকর্ণপুর দিখিজয়ী পরাভবের কাহিনী উল্লেখ না করাঃ এবং বুন্দাবন দাস ও কৃষ্ণদাস কবিবান্ধ দিখিলয়ীর নাম উহু বাথায় ডঃ বিমান বিহারী মন্ত্রমার অনুমান করেছেন যে মহাপ্রভুর অপ্রকটের পরে এই কাল্পনিক काहिनी উद्धे इसि इन वर किश्वपृष्ठीमृनक वह काहिनी वृक्तांवन अ ब्रह्मांभ লিপিবদ্ধ করেছেন। তিনি আরও মনে করেন যে কুফ্ডদাস কবিরাজ তাঁত অলংকার শাল্পে পাণ্ডিঙা মহাপ্রভুর অলংকার বিচার প্রদক্ষে প্রদর্শন করেছেন।

ড: মজমদারের বক্তব্য যথার্থ এ কথা স্বীকার করা কঠিন। কোন কে.ন প্রস্তে কোন ঘটনার অফলেখ সেই ঘটনার অনতিত প্রমাণ করে না। মুরারি বা কবি কর্ণপুর চৈত্রজীবনের প্রতিটি ঘটনা খুঁটিনাটি বর্ণনা করেন নি। মুরাবি ছাড়া চৈতন্ত্রনীলার প্রত্যক্ষদশী জীবনীকার আর কেউই ছিলেন না। অপরাপর চরিতকাররা প্রত্যক্ষণীশর মুথ থেকে ভনে নিজ নিজ আদর্শ ও দৃষ্টিভর্ঞা অফুসারে চৈতক্তচরিত বচনা করেছেন। নিজ নিজ বিখাস ও ভক্তি অফুসারে আহাধ্যের চরিত বর্ণনায় কিছু অতিরঞ্জন স্বাভাবিক, কিছু সাধক প্রকৃতিব ভক্ত কবিরা নিছক মিথ্যা ঘটনা লিপিবন্ধ করবেন তা মনে হয় না। অংচ এই চার্থানি প্রামাণ্য গ্রন্থ ছাড়া প্রীচৈতক্সের জীবনকাহিনী জানার আর কেন উপায় নেই।

কবিরাজ গোস্বামীর বিবরণ যদি নির্ভংযোগ্য হয় ভাহলে জ্রীগোরাঞ্চ কালিদাস, ভবভূত, জয়দেব প্রভৃতির রচনার দঙ্গে গভাংভাবে পরি'চত চিকেন বলে মানতেই হবে। কারণ, করণার অবতার গ্রীগোরাঙ্গ পরাজিত দিখিজয়ীকে দান্তনা দিয়ে বলেছিলেন-

> ভবভূতি জয়দেব আর কালিদাস। তা দ্বার কবিত্বে আছে গোষের আভাষ।।

দক্ষিণভারত পরিক্রমণকালে জীচৈতন্য অধ্বদংহিতা ও রফকর্ণামূতের পুঁথি সংগ্রহ করে এনেছিলেন।

১ দ্রীচৈতম্বর্চরিতের উপাদান—পু: ২০৯ ২ তদেব—পু: ২১০

৩ চৈ. চ. আদি ১৬ পরি

ব্ৰহ্মগংহিতা কৰ্ণামৃত হুই পুঁথি পাইয়া। হুই পুস্তক লইয়া আইলা উত্তম জানিয়া॥

বিভাপতি জয়দেব ও চণ্ডীদাদের কাব্য শ্রীচৈতন্তের অত্যম্ভ প্রিয় ছিল এবং অন্তর্গু পার্বদ সহ তিনি এই তিন কবির রচনা আখাদ করতেন—

বিভাপতি চণ্ডীদান শ্রীণীতগোবিন্দ।
এই তিন গীতে করে প্রভ্রের আনন্দ।।
কর্ণামৃত বিদ্যাপতি শ্রীণীত গোবিন্দ।
এই তিন গীতে করে প্রভ্রের আনন্দ।।
ংঘই যেই স্লোক জয়দেব ভাগবতে।
বায়ের নাটকে যেই আর কর্ণামৃতে।।
দেই সেই ভাবে শ্লোক করিয়া পঠন।
সেই সেই ভাবাবেশে করে আম্বাদন।।
৪

রায় রামানন্দের দগরাধ বন্ধত নাটক এবং মালাধর বহুর শ্রীকৃষ্ণবিজয়কাব্য ও মহাপ্রভুর প্রিয় গ্রন্থ ছিল। মালাধর বহুর বাসভূমি কুলীনগ্রামকে মহাপ্রভু পূণ্যতীর্থের মত শ্রন্ধার চোথে দেখতেন। কুলীনগ্রামের অধিবাদীদেরও তিনি যথেন্ত সন্মান প্রদর্শন করতেন। তিনি বলতেন—

গুণরাজ থান কৈল শ্রীক্রফবিজয়।
তাঁহা এক বাক্য তাঁর আছে প্রেমময়।।
নন্দের নন্দন ক্রফ মোর প্রাণনাথ।
এই বাব্যে বিকাইত্ব তাঁর বংশের হাত।।

স্তবাং বাঙ্গালা এবং সংস্কৃত কাব্যে ঐতিচতত্তের অধিকার ছিল, একথা বোধ হর স্বীকার অধোজিক নয়। ঐসন্ মহাপ্রভূ স্বয়ং কবিজ্পক্তির অধিকারী ছিলেন। রূপ গোস্বামী-সংকলিত পদ্যাবলীতে মহাপ্রভূ রচিত দশটি শ্লোক সংকলিত হয়েছে।

জ্বানন্দের বতে কাব্য, নাটক, স্বৃতি, তক সাহিত্য প্রভৃতি বিভিন্ন বিষয়ে মহাপ্রভূ পারদ্শিতা অর্জন করেছিলেন।

১ के ह. मधा ১ शति

२ हे. इ. यश : • भन्न

० है. ह. बाह्य ३६ शहि

৪ তদেৰ আহো২• পরি

e उरम्ब >e शत्रि

চন্দ্র সারস্বত নব কাব্য নাটকে। স্বতি তক´ সাহিত্য পঞ্চিল একে একে ।'

মহাপ্রভার শিক্ষাগুরু বিষ্ণুপণ্ডিত, স্থাপনি পণ্ডিত ও গলাদাস পণ্ডিতের মধ্যে কার কাছে কি শিথেছিলেন জানা সম্ভব না হলেও গলাদাস পণ্ডিত যে বছ বিষয়ে কতবিদ্য ছিলেন তা জানা যায় চূড়ামণি দাসের 'গৌরাঙ্গবিজয় কাব্য' ও রঘুনন্দন গোস্থামীর 'গৌরাঙ্গচম্পু' কাব্য থেকে। বঘুনন্দন গলাদাস সম্পক্ষে লিথেছেন—

যং বেদেষু পরাশরশুতনমং ক্রায়েহক্ষপাদং মুনিং যোগে শ্রীল পতঞ্জলিং কণভূজং বৈশেষিকেদর্শনে। মামাংসায়াম্ জৈমিনিঞ্চ কপিলং সাংখ্যে তথা পাণিনিং সাক্ষাৎ ব্যাকরণে বদস্তি ভরতং কাব্যেষু বিষক্ষনাঃ॥

—পণ্ডিতগণ বাঁকে (গঙ্গাদাসকে) বেদে পরাশর-তনম ব্যাস, স্থামশান্তে অক্ষপাদ গোতম মূনি, যোগদর্শনে শ্রীপতঞ্চলি, বৈশেষিকদর্শনে কণাদ, মীমাংসায় জৈমিনি, সাংখ্যে কপিল, ব্যাকর্বে সাক্ষাৎ পাণিনি এবং কাব্যে ভর্ত বল্তেন।

জয়ানন্দের বিবরণ অহ্যায়ী কোন কোন পণ্ডিত ধারণা করেন যে হৃদ্র্শন পণ্ডিত ও বিষ্ণু পণ্ডিত নিমাইকে অ আ ক খ শিথিয়েছিলেন। তিক জয়মান। জয়ানন্দের কাব্যে নিমাই-এর বিদ্যাশিক্ষার হৃশ্পষ্ট বিবরণ নেই,—জয়ানন্দের বিবরণ কতটা নিউরবোগ্য ভাও চিন্তনীয়। অবৈভ প্রকাশের বিবরণ অনেকটা হৃশ্পষ্ট। এই বিবরণে নিমাই নবনীপে ভিন পণ্ডিভের কাছে পাঠ শেষ করে শান্তিপুরে গিয়েছিলেন অবৈভ আচার্দ্বের গৃছে বেদ অধ্যমনের উদ্দেশ্যে। সেই সময়ে নিমাই-এর সহচর গদাধ্য অবৈভক্তে বলেছিলেন বাল্যবন্ধর;অধীত বিদ্যা সম্পর্কে—

প্রথমে শ্রী গঞ্চাদান পণ্ডিতের স্থানে।
ছই বর্বে ব্যাকরণ কৈলা নমাপনে।
ছই বর্বে পঞ্চিলা সাহিত্য অলংকার।
তবে গেলা শ্রীমান বিষ্ণুমিশ্রের গোচর।
তাহা তুই বর্বে স্থতি জ্যোতির পঞ্লা।
স্পর্শন পণ্ডিতের স্থানে তবে গেলা।।

> रेह. म. नमीत्रा—>७।८ २ त्योत्राच कच्यु—>>।७८ ७ हेजिशस्त्रम् विरेहण्ड—शृ: हन

তাঁর কাছে ৰডদ শন পড়িলা ছই বর্ষে। তবে গেলা বাস্থদেব সার্বভৌমের পাশে।। তাঁর স্থানে তক শাল্প পডিলা দ্বিংসরে। এবে তুয়া পাশে আইলা বেদ পডিবারে ।। ^১

लाइनमाम अकि मःवाम मिरम्राइन :

পণ্ডিত স্থদর্শন ঘরে একদিনে। পরিহাস করে নিজ সভীর্থের সনে।। বঙ্গজের কথা করে বড়ট বসাল। অতি মনোহর হাসি হাসিতে মিশাল।।

স্থাপনি পণ্ডিতের ঘরে বদে সভীর্গের সঙ্গে বাঙাল ভাষায় রসিকতা করা স্থ আ ক থ পড়া শিশুর পক্ষে সম্ভব নয়। এই ঘটনা যথাগ হলে অনুশন পণ্ডিতের কাছে পাঠকালে নিমাই এর বৃদ্ধিবৃত্তি অবশুই পরিপক্ক হয়েছিল বলে ধরে নিতে হবে। অধৈত প্রকাশের মতে বিশ্বস্তর পণ্ডিত এক বংসর শাস্তিপুরে অধৈতের নিকট বেদ ও ভাগবত অধ্যয়ন করেছিলেন।

> ক্রমে গোরের এক বর্ষ হইল অতিক্রম। তাতে বেদ ভাগবত ২হল পঠন ॥°

অবৈভাচার্য অসাধারণ মেধাসম্পন্ন ছাত্র শ্রীগৌরাঙ্গের সর্বশান্তে পারংগমতা দেখে তাকে বিশ্বাসাগর উপাধিতে ভূষিত করেছিলেন —

> এই নিমাঞি সর্বশাল্তে অতি বিচক্ষণে। বিদ্যাসাগর উপাধি মুক্তি করিলা স্থাপনে ॥°

অবৈত প্রকাশ অফুসারে নিমাই পণ্ডিত রচিত টীকার নাম বিভাসাগর টাকা। শ্রীগৌরাঙ্গ পূর্ববঙ্গে গমন করলে তথাকার আধবাদীরা বলেছিল—

> বিভাসাগর উপাধিক নিমাই পণ্ডিত। বিদ্যাসাগর নামে টীকা খাহার রচিত ॥°

নবদীপের পণ্ডিতেরাও বিদ্যাদাগরের শ্রেগত দীকার করে নিয়েছিলেন— বড বড পণ্ডিতেরে তর্কে হারাইলা। সবে কৰে নিমাই পণ্ডিত শিরোমণি।

১ জ. এ. ১১ জ:

२ है. म. आपि थ्रञ्ज ्या ७ चार्षक था: ১১ चा:

⁸ एएव

छ्राम्ब

ঐছে বিদ্যাদাগর আর কাহা নাহি তনি । ক্রমে গোরের বিদ্যায়শ সূর্ব উজলিল।

অবৈতপ্রকাশের মৌলিকতার অনেকেই সন্দেহ প্রকাশ করেন। সে বিতর্কে না দিরেও নিঃসন্দেহে বলা যার যে, মহাপ্রভুর বিদ্যার্জনের এই বিবরণে অতিরঞ্জন বা প্রক্ষেপ আছে। বিদ্যাসাগর উপাধি আর কোন চরিতগ্রহে মহাপ্রভু সম্পর্কে প্রযুক্ত হয় নি। কেবলমাত্র নরহরি চক্রবর্তী রচিত একটি প্রদে মহাপ্রভুকে গঞ্জাদাসশিক্ষ বিদ্যাসাগর বলে উল্লেখ করা হয়েছে—

বিভাসাগর উপাধির পঞ্চাদাস শিক্স বিশ্বস্তর।

मर्कविष्ठा विभावष म्य विष्ठामाशव ॥

এখানে বিদ্যাসাগর অর্থে উপাধি না বুঝিয়ে সাগরতুল্য বিদ্যার অধিকারী বোঝানোও সম্ভব। নরহরি চক্রবর্তী অষ্টাদশ শভান্দীর লোক হওরার তাঁর কথার ঐতিহাসিক শুরুত্ব কম। শ্রীগোরালকে অবৈতের ছাত্ররপে উল্লেখ অস্ত কোন চরিতগ্রহে পাওরা যার না। নিমাই যদি অবৈতের কাছে পাঠ নিয়েই থাকেন, তবে তিনি নববীপে না পড়ে শান্তিপুরে অবৈতেত্বনে বাস করতে গোলেন কেন ? ঈশানের বিবরণ অন্থলারে নববীপেও অবৈতের চতুলাঠী ছিল।

মহাপ্রান্থ ঐতিতক্ত কথনও বাস্থদেব দাবভোষের কাছে পাঠ প্রহণ করেন নি।
পুরীতে সন্ন্যানা ঐতিচতক্তের সঙ্গে দাকাতের পূর্ব পর্যন্ত বাস্থদেব তাঁকে চিনতেন
বলে মনে হর না। কবিকর্ণপুরের চৈতক্তচন্দ্রোদয় নাটকে ঐক্তেজ স্বর্ণকান্তি নবীন
সন্মানা ঐক্তক্তিক্তক্তকে দেখে বাস্থদেব সার্বভৌম তাঁর ভরীপতি সোপীনাধ

নীচৈতত বাহুদেব সাৰ্বভৌবের ছাত্র ছিলেন কি ?

٩

আচার্যকে জিজাসা করেছিলেন—"আচার্য! অরং প্রাশ্রমে গৌড়ীর বা।"— হে আচার্য, ইনি প্রাশ্রমে কি বালালী ছিলেন । উত্তরে গোপীনাথ মহাপ্রভূব পরিচয় প্রদান করে

বললেন, "ভট্টাচার্য, পূর্বাপ্রমে নবৰীপবাসিনো নীলাঘর চক্রবর্তিনো লেছিলো বলগাবিমিপ্র প্রক্ষরস্য তহুক্তঃ।"—হে ভট্টাচার্য, ইনি পূর্বাপ্রমে নীলাঘর চক্রবর্তীর লেছিল্ল এবং লগরাথ মিপ্র প্রক্ষরের পূলে। এই কথা ভানে সাধ্রে এবং সম্প্রেহ বললেন, "আহো নীলাঘর চক্রবর্তিনো হি বস্তাভাগানামভিয়াভঃ।"—অহো নীলাঘর চক্রবর্তী আযায় পিতার সভার্থ

> चः थः >>चः २ त्रीवन् छवन्त्रिनी--२४ नव

এবং পুরন্দর মিশ্র আমার পিতার অতিশর স্নেহভাজন ছিলেন।

কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থেও অস্ক্রপ বিবরণ পাই। বাস্থদেব পুরীতে তরুণ সন্মানীকে দেখে 'নমো নারারণার বলি নমস্কার কৈল'। তারণরে গোপীনাথ আচার্যকে তিনি জিজ্ঞানা করলেন —'গোনাঞির জানিতে চাহি কাঁহা পূর্বাশ্রম ?' তথন — গোপীনাথ আচার্য কহে নবহীপে ঘর।

> জগন্নাথ পদবী মিশ্র পুরন্দর। বিশ্বস্তর নাম ইহার এবে ইহোঁ পুত্র। নীলাম্বর চক্রবতা হিন্নেন দৌহিত্র।

দার্বভৌষ নীলাম্বর চক্রবর্তী ও জগরাথ মিশ্রকে চিনতেন। কেন না, নীলাম্ব ছিলেন সাবভৌষের পিতা নরহরি বিশারদের সহপাঠী এবং জগরাথ মিশ্র বা পুরন্দর মিশ্র ও বিশারদের শ্রমার পাত্র ছিলেন।

সার্বভৌম কহে নীলাম্বর চক্রবর্তী।
বিশারদের সমাধ্যায়ী এই তাঁর খ্যাতি।
মিশ্র পুরন্দর তাঁর মাক্ত হেন জানি।
পিতার সম্বন্ধে দোঁহাকে পুজা মানি।

এমতাবহার বিশ্বত্তরে চিনলে বাহ্বদেব নিশ্চরই উল্লেখ করতেন, ছাত্র হলে ত কথাই নেই। একলা ছাত্র বিশেষতঃ অসাধারণ প্রতিভাবান্ হ্বর্শন ছাত্রকে করেক বংসর পরে একেবারে চিনতে না পারার কথা নয়, ছাত্র হিসাবে অহ্বলেখ একেবারেই অসন্তব। ছাত্রের প্রতি গুরুর আচরণও ভিন্ন প্রকার হওয়ার কথা। অর্থনন্দের বিবরণে মুসলমান শাসকগণ হিন্দুদের উপরে বিশেষতঃ আহ্বনদের উপরে অত্যাচার চালাতে থাকার রাজভয়ে অনেক আহ্বনপত্তিত নববীপ ত্যাগ করে গিরেছিলেন; সেই সময়ে বাহ্বদেবও সপরিবারে নববীপ ত্যাগ করে উড়িক্সায় চলে গিরেছিলেন ও প্রতিতভ্যের সময় বাঙ্গালার হলতান হোসেন শাহের রাজভ্যাতে দেশের মাহ্ব অনেকটা শান্তিতে বসবাস করতে পেরেছিল। প্রতিতভ্যের জয়কালে জালাক্দিন কতে শাহু ও পূর্ববতী হাবশী রাজাদের রাজভ্যের সময়ে হিন্দু জনগণের উপর প্রবল অত্যাচার হরেছিল। স্বত্রাং নিমাই-এর জয়ের পূর্বে অথবা শৈশবে বাহ্বদেব নববীপ ছেড়ে উৎকলে

३ टेठ. ठटलाएक च १०० वर्ष ० शक्त ७ छरएप

s रेठ. म. महोद्यां—s

চলে গিয়েছিলেন। অধ্যাপক দানেশচন্দ্র ভট্টাচার্যও এবংবিধ অভিমত প্রকাশ করেছেন।

ঈশান নাগর কথিত অবৈতের বেদ পঞ্চানন উপাধি অস্ত কোন গ্রন্থে পাওয়া বায় না। বিশ্বস্তর রচিত বিদ্যাসাগরী টীকা ব্যাকরণের অথবা অস্ত কোন শাস্ত্রের, তার উল্লেখ নেই অবৈত প্রকাশে।

অবৈত প্রকাশে মহাপ্রভূ ঐতিচতন্ত্রকত ভাগবতের টীকার উল্লেখ আছে। অবৈততনয় অচ্যতানন্দ শ্রীগোরাঙ্গরত ভাগবতভাষ্যকে শ্রীধর স্বামীকৃত ভার অপেকা শ্রেষ্ঠ বলার মহাপ্রভূ শ্রীধর স্বামীর মর্যাদালোপের আশংকার স্বকৃত টীকা গোপন করতে আদেশ দিয়েছিলেন—

একদিন মহাপ্রস্থ অচ্যুতের স্থানে।
ভাগবতের ভ'ক্তিটকা করিলা বাথানে।।
শ্রী অচ্যুত কহে এই টীকা সর্বোত্তম।
ভাগবতে জ্ঞান স্থামি ভাগ্য আদির আর নাহি প্রয়োজন।।
সর্বটীকার সার ইপে ব্যাখ্যাধিক্য হয়।
ভানি শ্রীকৃষ্ণচৈতন্য অচ্যুতেরে কয়।।
ঘাহে বহু সাধুর মহন্ত হয় হানি।
ভাহা সংগোপন কর মোর আজ্ঞা মানি।।

শ্রীহৈতন্যকত ভাগবতটীকার উল্লেখ অন্য কোন চরিত প্রস্থে না পাওয়ায়
এ ব্যাপারের সত্যতার স্বাভাবিকভাবেই নন্দেহের উল্লেফ করে। অবস্থ ভাগবতে
শ্রীমন্ মহাপ্রভুর অধিকার সম্পর্কে সংশরের হেতৃ নেই। শ্রীমন্ ভাগবত তাঁর
অতি প্রিয় প্রস্থ ছিল। তিনি স্বয়ং ভাগবতের প্রথিব একটি অহলিণি প্রস্তুত
করেছিলেন। শ্রীনিবাস আচার্ব গলাধর পণ্ডিতের আবাসে মহাপ্রভুর হন্তলিখিত
ভাগবতের পুর্বি দেখেছিলেন। প্রভুর চোথের জলে কালির আখর অনেক্ষ
ভারগার মুছে গিরেছিল—

নে পুত্তক দেখিলাম প্রভুর হস্তাক্ষর।
অক্ষর সব মোছা তৃঃখ পাইলাম বিস্তর।।°
অধিকা কালনার গোরীদান পণ্ডিতের প্রতিষ্ঠিত মহাপ্রভুর মন্দিরে ভাগবভের

একটি হন্তলিখিত জীপ তালপাতার পুঁথি আছে। দেবাইতরা বলেন, এই পুঁষি মহাপ্রভূব স্বহন্তলিখিত। ভাগৰতের স্নোক মহাপ্রভূ প্রায়শঃই আরুন্তি করতেন। ভাগৰতের ব্যাখ্যাতেও তিনি নিপুণ ছিলেন। একটি স্নোকের (১।১।১০) তিনি একটি প্রকার ব্যাখ্যা করেছিলেন। মহাপ্রভূ বলেছেন তাঁর ভক্তদের—

ক্লফতুল্য ভাগবত বিভূ সর্বাশ্রয়। প্রতি শ্লোকে প্রতি জক্ষরে নানা অর্থ হয়।।

কৰিকৰ্ণপূরের মহাকাব্যাহ্নসারে মহাপ্রভু ভাগবতের একাদশ ঋষের ছটি খোকের আঠার রকম ব্যাখ্যা করেছিলেন—

> পৃথক্ পৃথকত্বার্রধা চকার ব্যাখ্যাং স পদ্যবিতীয়ত্ত শখং। অষ্টাদশার্থাস্ক্তরো নিশম্য মহাবিমুগ্গোহ্ভবদেব বিপ্রঃ ॥°

—পৃথক পৃথক ভাবে নয় প্রকার অবিতীয় ব্যাখ্যা তিনি তৎক্ষণাৎ করলেন। স্নোক ছটির অষ্টাদশ প্রকার ব্যাখ্যা তনে বিপ্র (বাহ্নদেব সার্বভৌম) মহাবিম্থ হয়ে গেলেন।

বৃন্দাবন দাস বলেছেন, বাস্কদেব সার্বভৌম ভাগবতের একটি শ্লোকের ভেরো প্রকার অর্থ করার পর প্রীতৈতন্যদেব আরও অধিক প্রকার ব্যাখ্যা করার বাস্কদেব তাঁকে ঐশরিক শক্তিসম্পন্ন মহাপুরুষ বলে মনে করেছিলেন। এই ঘটনাগুলি থেকে ভাগবতে প্রীতিতন্যর অসাধারণ ব্যুৎপত্তি প্রমাণিত হয়।

দ্বতিশান্ত্রেও মহাপ্রভুর পাণ্ডিত্যের পরিচয় আছে। ম্রারি গুপ্ত জানিরেছেন যে মহাপ্রভু 'লৌকিক সংক্রিরাবিধি' অর্থাৎ দ্বতিশান্ত্র অধ্যাপনা'করতেন।' সহপাঠী হিনাবে ম্রারির বিবরণ অবশ্বই অবিশান্ত নয়। জয়ানন্দ ও চূড়ামবি দাস শ্রীগৌরান্তের দ্বতিশান্তে ব্যুৎপত্তির উরেথ করেছেন। লোচনও বলেছেন যে শ্রীচৈতন্য দ্বতি ও কাব্য পড়াতেন—

লৌকিক সৎক্রিয়াবিধি পড়ে শিক্তগণ। শ্বনিশালে গাভিত্য আপনি পড়ায় প্রভু পুরুষরতন।।

১ চৈ. চ. মধ্য ২৫ পরি ২৳ চৈ. চ. মধ্য ২৫ পরি ৬ চৈ. চ. মধ্যকাব্য—১২৮১ ৪ চৈ. ডা. জ্বা—৬ বঃ ৫ মুক.—১|১৫|১–২

বৃহস্পতি জিনি ব্যাকরণ জানে। আপনি ঈশ্বর শুতি কি বলি বচনে॥

শ্বতিশাম্বে গভীর জ্ঞান ছিল বলেই বৈশ্ববিদিগের আচরণীর নব শ্বতিশাম্ব বচনায় তিনি সনাতন গোখামীকে নির্দেশ দিয়েছিলেন। বারাণনীভে সনাতনের সঙ্গে সাক্ষাৎ ছলে প্রভু আদেশ করলেন—

> ৰুন্দাবনে ক্লফসেবা বৈষ্ণৰ আচার। ভক্তি শ্বতিশাস্ত্র করি করিছ প্রচার।।

স্নাত্ৰ ভথৰ ক্য়জোড়ে বৃশ্লেন—

মৃঞি নীচ জাতি কিছু না জানি বিচার।
মো হৈতে কৈছে হর শ্বতি পরচার।।
স্তুত্ত করি দিশা যদি কর উপদেশ।
আপনে করহ যদি হৃদরে প্রবেশ।।

তথন মহাপ্রভূ বৈষ্ণবীয় শ্বতি সংক্ষেপে স্ত্রাকারে সনাতনের কাছে বিরুত করলেন—

> দামান্য সদাচার আর বৈষ্ণব আচার। কর্তব্যাকর্তব্য আর্ড ব্যবহার। এই সংক্ষেপে করিল দিগ্দরশন।⁸

মহাপ্রভূব দিগ্দর্শন অহুসরণ করে স্নাতন প্রণয়ন করেন হরিভজ্জিবিলাস নামক বৈষ্ণবীয় স্বতিশাল্প। স্বতিশাল্পে গভীর পারদর্শিতা না থাকলে নবস্থতি রচনার দিগ্দর্শন সম্ভব নর।

ন্যায়শান্ত্রেও শ্রীচৈতন্তের অধিকার ছিল বলেই মনে হয়। জয়ানক্ষের বিবরণে তিনি তর্কশান্ত্রে পাঠ নিয়েছিলেন। বৃন্দাবন দাস মহাপ্রভুর ছাত্রজীবনে তারশাত্রে অধিকার সম্পর্কে একটি ঘটনার উল্লেখ করেছেন। তদমুসারে বিশ্বস্তর তার সহপাঠী পরবর্তীকালে সম্ভবন্ধ পার্বদ গদাধরের সঙ্গে ন্যায়শাত্র বিচার করে গদাধরকে বিপর্বন্ত করে ভূলেছিলেন। তিনি গদাধরকে ভেকে বলেছিলেন—

ন্যায় শাস্ত্র পঢ় তুমি আমা যাও প্রবোধিয়া।^৫

১ হৈ, ব. আছিখণ্ড ২ হৈ চ. মধ্য ২৩ পুরি ৩ হৈ, চ. মধ্য ২৫ পুরি
৪ হৈ, চ. মধ্য ২৩ পুরি ৫ হৈ, ভা. আছি ১০ জঃ

গদাধর ন্যারের পরীক্ষা দিতে প্রস্তুত। তিনি প্রশ্ন করতে বললেন গৌরাঙ্গকে। তথন—

প্রভূ বলে কছ দেখি মৃক্তির লক্ষণ।
শাস্ত্র অর্থ যেন গদাধর বাথানিলা।
প্রভূ বলেন ব্যাখ্যা করিতে না জানিলা।
গদাধর বলে আডান্তিক হংথ নাশ।
ইহারেই শাস্ত্রে কহে মৃক্তির প্রকাশ।
নানারূপে দোষে প্রভূ সরস্বতীপতি।
নাহি হেন ডার্কিক যে করিবে দ্বিতি॥

অবৈতপ্রকাশকার জানিয়েছেন যে পূর্ববঙ্গ পরিক্রমাকালে ওজন্থ পণ্ডিতবর্গ মিলিড হয়ে বিশ্বস্তর পণ্ডিতের সঙ্গে তক'শান্ত আলোচনা করতে এসে পরাভূত হয়েছিলেন।

শান্তে স্থনিপুণ পণ্ডিতের শিরোমণি।
তক শান্তের প্রশ্নে এক কৈলা উত্থাপন।
তনিমাত্র গ্রীগোরাক করিলা থণ্ডন।
সেই ছিত্র পুন: পুন: করয়ে স্থাপন।
অবহেলে মহাপ্রাভূ করয়ে থণ্ডন।।
পূর্বপক উড়ি গেল স্থাপিতে নারিলা।
তবে পণ্ডিতের গণ পরাস্ত মানিলা।

অথৈতপ্রকাশকার আয়ও একটি সংবাদ দিয়েছেন: শ্রীগোরাক ছাত্রাবস্থাতেই ক্যায়শান্ত্রেয় একটি টীকা রচনা করেছিলেন।

প্রিপৌরাস ও পূর্বে গোরা যবে শাস্ত্র কৈলা অধ্যয়ন। রঘুনাথ তর্কশাস্ত্রের টীকা এক কৈল বিরচন ॥

একদিন বিশ্বস্থ সর্বাচিত টীকার পুঁথিথানি নিয়ে গলাপার হচ্ছিলেন, সেই সময়ে নৌকাতে এক ব্রাহ্মণ বিশ্বস্তরের পুঁথিথানি দেখতে চাইলেন। সেই পুঁথি দেখে ব্রাহ্মণ স্থাচিত স্থায়ের টীকার ন্যুনতা এবং গৌরাঙ্গ-রচিত স্থায়ের টীকার উৎকর্ষ বিচার করে শোকার্ত হওরায় করুণার অবভার গৌরচক্র স্থাচিত্ত টীকার পুঁথি গলালেলে সমর্পণ করেছিলেন।

১ है. जा. जारि ३० जः

ছিল সেই টীকা দেখি করে হাহাকার।
কহে মোর পরিশ্রম হৈল ছারথার।
ইহা দেখি মোর টীকার হৈব জনাদর।
শ্রীগোরাক কহে ভয় নাহি ছিলবর।
সেইক্ষণে দ্য়ানিধির দ্য়া উপজিল।
নিজকুত টীকা গকা মাঝে ভারি দিল।

কিখদন্তী এই যে, সহপাঠা বঘুনাথ শিরোমণির ভায়ের চীকার অনাদর আশংকার বিশ্বস্তর স্বরচিত ভায়ের চীকা বিনষ্ট করেছিলেন। অবৈতপ্রকাশের সম্পাদক সতীশ চন্দ্র মিত্র চীকার (৩১পৃঃ) লিখেছেন, "এ বিজ্প প্রসিদ্ধ নৈরায়িক রঘুনাথ শিরোমণি। তিনি একসময়ে গৌরাকের সহপাঠা ছিলেন।" মহাত্মা শিশির কুমার ঘোষ অমিয় নিমাই চরিত নামক স্থবিখ্যাত গ্রন্থের প্রথম থণ্ডে শ্রীচৈতক্তের সহাধ্যায়ী রঘুনাথ শিরোমণির গৌরব রক্ষার্থে স্বরংকত ভায় শাস্তের পুঁণি গঙ্গাজলে বিসর্জনের কাহিনী ফলাও করে বর্ণনা করেছেন। প্রমাণ স্বরূপ তিনি উক্ত ঘটনা অবলম্বনে বলরাম দাসের একটি কবিতা উদ্ধৃত করেছেন। এই ঘটনাটিকে নিছক কাল্পনিক বোধ হয়। রঘুনাথ শিরোমণি বাস্থদেব সার্বভৌষের ছাত্র ছিলেন। নিমাই যেমন বাস্থদেবের ছাত্র ছিলেন না, রঘুনাথও তেমনি নিমাই-এর সমাধ্যায়ী ছিলেন না। বাস্থদেব নিমাই-এর পাঠ্যাবস্থার পূর্বেই নবনীপ ত্যাপ করেছিলেন। সধ্যাপক দীনেশ চন্দ্র ভট্টাচার্যের মতে, "শিরোমণি মহাপ্রভুর জন্মের পূর্বে লক্ষপ্রতিষ্ঠ অধ্যাপক হইয়াছিলেন এবং ভাহার গ্রন্থ রচনাকালে মহাপ্রভু শৈশন অতিক্রম করেন নাই।" ব

কিন্ত বৃন্দাবন ও জয়ানন্দের কথার সত্যতা মেনে নিলে বিশ্বস্তবের স্তায়শান্তে কিছুটা অধিকার স্থীকার করতেই হয়।

শ্রীচৈতক্ত মহাপ্রভূব বেদাস্কদর্শনে গভীর পাঞ্জিত্যের পরিচর পাই নীলাচলে বাহ্মদেব সার্বভৌমের সঙ্গে বিভর্ককালে। এই বিভর্কের সবিন্তার বিবরণ চৈতনাচরিভামতের মধ্য লীলা ৬ পরিচ্ছেদে বিশ্বভ আছে। বাহ্মদেব মহাপ্রভূকে বেদাস্ক শিক্ষা দিভে প্রেরাসী হলে মহাপ্রভূ তাঁকে বলেছিলেন—

⁾ च. थ. >> चः २ वालानीत मात्रक्छ ज्वरान--- श: >8-> ६

স্ত্রের অর্থ ভাষ্য কহে প্রকাশিয়া। তুমি ভাক্ত কহু, হুত্তের অর্থ আচ্ছাদিয়া। স্ত্রের মুখ্যার্থ তুমি না কর ব্যাখ্যান। কল্পনা অর্থেতে তাহা কর আচ্ছাদন। উপনিষদ শব্দের অর্থ যেই হয়। সেই মুখ্য অর্থ ব্যাসক্তে কয়।

কৰিকৰ্পুরও এই ব্যাপারের বিভ্ত বিবরণ দিয়েছেন,—

ইত্যক্ত প্রতিপক্ষপং সপক্ষমেকং স তু সজ্জয়িতা। অবৈতবাদং বিনিরক্ত ভক্তিসংখ্যাপকং স্বীয়মতং জগাম ।

—এইভাবে বাহুদেবের প্রতিপক্ষরণে দপক যুক্তি দাজিয়ে অবৈতবাদ নিরসন করে ভক্তিসংস্থাপক স্বীয়মতে আনয়ন করেছিলেন।

জয়ানন্দ বলেন. --

বেদান্ততত্ত্বার্থ জিজ্ঞাসিল সার্বভৌমে। চতুমুখে ব্যাখ্যা করিল যথাক্রমে। সে অর্থ খণ্ডিয়া গোসাঞি খণ্ড খণ্ড করি। সিদ্ধান্ত কল্লিল সাৰ্বভৌম শক্তি ধবি । সেইসব সিদ্ধান্ত খণ্ডিল মহাপ্রভু। কত দিশ্বাস্ত কবিল সাবভৌম মৃহ মৃহ। ছর দর্শনে তুল্য বাখানে সার্বভৌমে। থণ্ড থণ্ড করিয়া ফেলিল যথাক্রমে ।°

মুরারি গুপ্তের কড়চাতে মহাপ্রভু কর্তৃক সার্বভৌমের নিকট বেদান্তের নিগৃঢ় তাৰ বিশ্বেষণের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হয়েছে—

> অথাপরাহে বিজবুন্দসন্নিধে দ দার্বভৌমক্ত পুরো মহাপ্রভু: खेवां दिवास निशृष्यर्थः वटा म्वाद्यक्षत्रवाष्ट्रमाध्यम् । বেদান্ত সিদ্ধান্তমিদং বিদিত্বা গতং পুরা যন্তদলং স মত্বা চৈতন্যপাদাব্দুগে মহাত্মা স বিশ্বয়োৎফুল্লমনা: পপাত।।

-জভঃপর অপরাহে বাহ্মণবর্গের নিকটে সার্বভৌমের সন্মুখে মহাপ্রভূ

শ্রীকৃষ্ণের চরণক্ষণ আশ্রেরকেই বেদান্তের গুঢ়ার্থ বলে ব্যাখ্যা করলেন। মহান্ত্রা দার্বভৌমও মহাপ্রভূব বক্তব্যকেই বেদান্তের সিদ্ধান্ত জেনে পূর্ববর্তীকালে গৃহীত বেদান্ত-প্রতিপান্ত লাক বৃবে বিশ্বরে আহ্লাদিতচিত্তে চৈতন্যের পাদাস্থলযুগলে পতিত হলেন।

মহাবৈদান্তিক বাহুদেব সার্বভৌম মহাপ্রভুর মুখে বেদান্তব্যাখ্যা শুনে স্বীর মত পরিত্যাগ করে মহাপ্রভুর ভক্ত হরে পড়েছিলেন—সকল জীবনীকারেরই এই একই বক্তব্য'জ্মসত্য হতে পারে না। সার্বভৌম সহজে পরাজর স্বীকার করেন নি। তিনি নানাভাবে পূর্বপক্ষ করে তর্করুদ্ধে অবতীর্শ হয়েছিলেন। স্বভরাং বেদান্তদর্শনে গভীর বৃৎপত্তি না থাকলে বাস্থ্দেবের মত বৈদান্তিক শ্রেষ্ঠকে স্বমতে স্থানরন সম্ভব নর। কবিরাল্প গোস্থামী বলেছেন—

ন্তনি ভট্টাচার্ষের মনে হৈল চমৎকার। প্রভূকে রুফ্চ জানি করে আপনা ধিক্কার ॥

শাৰ্বভৌষ বিষয়ী শ্ৰীচৈতক্তকে বলেছিলেন—

তর্কশান্তে জড আমি যৈছে লোহপিও। আমা দ্রবাইলে তুমি প্রতাপ প্রচণ্ড।

অসাধারণ প্রতিভাবান অবিতীয় নৈয়ায়িক ও বৈদান্তিক বাহুদেব সার্বডৌষ যে মহাপ্রভুর মতের দারা প্রভাবিত হয়েছিলেন তা প্রমাণিত হয় রূপগোত্থামীর পঞ্চাবলীতে উদ্ধৃত সার্বভৌম বচিত চাহিটি রুঞ্ভক্তিমূলক শ্লোকে। তন্মধ্যে একটি শ্লোক উদ্ধৃত কর্ছি:

> জ্ঞাতং কাণভূজং মতং পরিচিতৈরাধীকিকী শিক্ষিত। মীমাংসা বিদিতৈরসাংখ্যসরণির্যোগে চ তার্ণামতিঃ। বেদান্তাঃ পরিশীলিতাঃ সরভসং কিন্তু ক্রুরাধুরী-ধারা কাচন নক্ষপুর্বনী মচিত্তমাকর্ষতি।

—কাণভূজ অর্থাৎ কণাদের মত জানি, আম্বীক্ষিকী বিভার পরিচর পেরেছি. মীমাংসা শিথেছি, সাংখ্যদর্শনের পথ জেনেছি, যোগশাল্রে মতি উত্তীর্ণ হরেছে, বেদাস্থ বিশেষতাবে অস্থীলন করেছি, কিন্তু নক্ষনন্দনের ক্ষুরিত মাধুর্বধারা বিশিষ্ট মুরলী সবলে আমার চিত্ত আকর্ষণ করছে।

১ চৈ. চ. মধা ৬ পরি ২ চৈ. চ মধা ৬ পরি ৩ পছাবলী—১০০ সং লোক

অবৈত আচার্ব প্রথমে অবৈতবাদী ছিলেন। মহাপ্রান্ত তাঁকে নিজৰ কৈতেছের ব্যাখ্যা বিশ্লেষণের ঘারা খনতে আনয়ন করেছিলেন। এবৈতকে তিনি বলেছিলেন যে বৈতবাদী হয়েও তিনি অবৈতবাদী —

> ভো অবৈত, শ্বর কিম্বয়ং হস্ত নাবৈত ভাজো ভেদন্তদ শিংশ্বয়ি চ যদিমান রূপতোলিকভন্চ।

—হে অবৈত। ভেবে দেখ, আমরাও কি অবৈতবাদী নই, যেহেতু ভোমাতে ও ঈশবেতে রূপ ও লিঙ্গ (চিহাদি) ভিন্ন কোন প্রভেদই নেই।

গোবিন্দ দাস কর্মকাবের কড়চার দক্ষিণ-ভারতে করেকজন বৈদান্তিক পণ্ডিতের সঙ্গে মহাপ্রভুর বিতর্ক ও বৈদান্তিকদের পরাভব বর্ণিত হয়েছে। শিগুরির মঠে শহরপদ্বী সন্ন্যাসীদের পরাভূত করে প্রভু স্বমতে আনম্বন করেছিলেন।

শিঙারির মঠে থাকে শহরের চেলা।
সেইথানে গিয়া প্রভু করিলেন থেলা॥
শহরের শিক্ত যক্ত একত হইয়া।
বিচার করিতে বদে তম্ব বিচারিয়া।।
বিচারে সকল চেলা মানে পরাজয়।

বেষট নগরে বৈদান্তিক দণ্ডীস্থামীর দঙ্গে বেদান্ত বিষয়ক বিতর্কে দণ্ডীস্থামী মহাপ্রত্বর কাছে পরাভূত হয়েছিলেন। ত গোবিন্দ দাস কর্মকারের কড়চার গুর্জর নগরে অগন্তাকুণ্ডের ধারে অর্জুন নামে এক বৈদান্তিক পণ্ডিতের এবং গুর্জরীপ্রদেশে অচ্ছসর নামক জলাশয়ের ধারে অপর এক অবৈতবাদী পণ্ডিতের পরাভব বর্ণিত হয়েছে। ত ব্রহ্মবাদী পণ্ডিতের পরাভব সম্পর্কে কড়চাকার শিথেছেন—

একজন বন্ধবাদী পণ্ডিত আছিল। তার সব তর্কবাদ প্রভু ধণ্ডাইল।

মহাপ্রভূব ওড়িয়া ভক্ত এবং পার্বদ কানাই খুঁটিয়া মহাপ্রভূব বেদান্ত জ্ঞান এবং সর্বশামে পাণ্ডিডোর উল্লেখ করে লিখেছেন,—

নে প্রাণ গোরাক দর্ব শান্তের বিবেগ।

১ চৈ. চল্লোদয় নাটক—ংম অংক ২ গো ক. ৩ গো. ক.—পৃঃ ২৮

সে প্রাণ গোরাঙ্গ ঢালে বেছাস্থের আখ্যা। সে প্রাণ গোরাঙ্গ ঠারে সর্বজ্ঞান ঠুল।।

গোবিন্দ দাদের কড়চার প্রামাণিকতায় যদিও অনেকেই সন্দিশ্ব তথাপি চরিতগ্রন্থগুলিতে প্রদন্ত বিবঃণ মহাপ্রভূব বেদান্তে পারংগমতার ব্যাপারটি স্কুল্টভাবে ধরা পড়ে।

অবৈতপ্রকাশের মতে শ্রীগোরাক অবৈত আচার্যের শান্তিপুরস্থ গৃহে বেদ

অধ্যয়ন করেছিলেন। প্রভুপাদ নিমাইটাদ গোস্বামী এই ঘটনাকে সত্য বলে

মহাপ্রভুর বেদজ্ঞান

বেদপাঠের এবং বেদ অধ্যাপনার উল্লেখ করেছেন। কিছু

মহাপ্রভুর বেদজ্ঞানের উল্লেখ বা নিদর্শন চরিতপ্রস্থগুলির কোথাও নেই। মনে
হয়, বেদের সার ভাগ ও অন্তভাগ উপনিষদ তিনি অধ্যয়ন করেছিলেন।

কারণ সকল দর্শনের মূলীভূত তত্ত্বই জ্ঞানকাণ্ড বা উপনিষৎ। কিছু অবৈতগৃহে
বিদ্পাঠের ব্যাপার্টি গ্রহণ্যোগ্য নয়।

দক্ষিণভারত অমণকালে বিভিন্ন শ্রেণীর পণ্ডিত ও দার্শনিকের সঙ্গে মহাপ্রভুর ভর্কষ্ক হয়েছিল। এখানে ছিল বহুতয় ধর্মসম্প্রদায় এবং ছিলেন বিভিন্ন দর্শনে আহানীল পণ্ডিতবর্গ। তাঁদের অনেকেই মহাপ্রভুর নিকট পরাভূত হয়ে তাঁর মতবাদ গ্রহণ করেছিলেন। তৈতক্রচন্দ্রোদয় নাটকে কর্ণাটাধিপতির বার্ডানিয়ে কর্ণাটরাজামাত্য মলভট্ট, উভিন্নাধিপতি প্রতাপক্ষত্রের রাজসভায় আগমনকরে মহাপ্রভুর দাক্ষিণাত্যবিজয় বার্ডা বর্ণনা করেন। মলভট্ট বলছেন, "যথোত্তরমেব দক্ষিণজাং দিশি কিয়য়ঃ কর্মনিষ্ঠাঃ কর্তিচিদেব জ্ঞাননিষ্ঠাঃ বিরলা এব সাজহাঃ প্রচুরতরাঃ পাঙ্গণতাং প্রচুরতমাঃ পাষ্ঠিনঃ…।" উত্তর দেশের মতই দক্ষিণ দিকে কিছু সংখ্যক কর্মবাদী, কিছু সংখ্যক জ্ঞানবাদী, বল্প সংখ্যক সাজত (বিফুভক্ত), প্রচুরতর পাশ্তপত (শৈব), প্রচুরতম পার্থী অর্থাৎ বৌদ্ধ বাস করেন।

কিন্তু সকলেই স্ব স্ব মত পরিত্যাগ করে মহাপ্রভুর মতাঞ্বর্তী হয়ে পড়েছিলেন—"গর্বগত এব স্ব স্ব মত প্রচ্যাবেন তৎপথপ্রবিষ্টা বভূবু:।" ব কুফুদাস কবিরাজও লিথেছেন—

> बहाबारवकान-७३ वृष्ट २ वी श्रीविख्यात्रकाकि मा बाह्यी--१: ३১৮

८ व क -- आपा ३२ व हि. ह. ना. १व व्यक्त ६ हि. ह. ना. १व व्यक्त

যুগাবতার শ্রীকৃষ্টেচতন্য

দক্ষিণ দেশের লোক অনেক প্রকার। কেহ জানী কেহ কর্মী পাষণ্ডী। সেই সব লোক প্রভুর দর্শন প্রভাবে। নিজ নিজ যত ছাড়ি হইল বৈষ্ণবে।

কবিবাদ গোখামী আরও লিখেছেন.—

তার্কিক মীমাংসক মায়াবাদিগণ।
সাংখ্য পাতঞ্জল স্মৃতি পুরাণ আগম।
নিজ নিজ শাম্মোদ গ্রাহে সবাই প্রচণ্ড।
সর্বমত দোষি প্রভু করে খণ্ড খণ্ড।
সর্বম স্থাপয়ে প্রভু বৈক্ষব সিদ্ধান্তে।
প্রভুর সিদ্ধান্ত কেহ না পারে খণ্ডিতে।

বারাণদীতেও বছ শান্তবিদ্ পণ্ডিত মহাপ্রভুর নিকট পরাত হরেছিদেন।

লোকের সংঘট্ট আইসে প্রভূবে দেখিতে। নানা শাল্পে পণ্ডিত আইসে শাল্প বিচারিতে। সর্বশাল্প খণ্ডি প্রভূ ভক্তি করে সার। সম্বুক্তিক বাক্যে মন ফিরান্থ স্বার এ

এই বিষয়ণকে অবিশাস করার কোন হেতুনেই। মহাপ্রেক্স অলোকিক প্রতিভা কোন বিশেষ বিষয়ের গণ্ডীতে সীমাবদ্ধ ছিল না। গোকোত্তর চরিজের মাহবের বিদ্যা, বন্ধি ও শক্তির পরিমাপ সাধারণ মানদণ্ড দিয়ে করা চলে না।

সেকালে দক্ষিণ ভারতে প্রচুর বৌদ্ধ ছিলেন। মহাপ্রভু এঁদেরও তর্কে পরাজিত করতে সমর্থ হয়েছিলেন।

তর্কপ্রধান বৌদ্ধ শাস্ত্র নব মতে।
তকেই খণ্ডিত প্রভু না পারে স্থাপিতে।
বৌদ্ধার্শনে জ্ঞান বৌদ্ধার্যা নব নব প্রশ্ন উঠাইল।
দৃঢ়যুক্তিতর্কে প্রভু থণ্ড থণ্ড কৈল।
দার্শনিক পণ্ডিত সবাই পাইল পরাজয়।
লোকে হাস্ত করে বৌদ্ধদের লক্ষ্যা হয়।

১ চৈ. চ. মধ্য-১ পরি ২ চৈ. চ. মধ্য ১ পরি ৩ চৈ. চ. মধ্য ১৫ পরি ৪ তালের ১৫ পরি

মহাপ্রভু কর্তৃক বৌদ্ধবিদরের বর্ণনা গোবিন্দদাস কর্মকারও দিরেছেন। গোবিন্দের বিবরণ আরও স্পষ্ট।

ত্তিমন্দনগরে প্রভু প্রবেশ করন্ন।
বহু বৌদ্ধবাস করে ত্তিমন্দ নগরে।
আসিয়া মিলিল সবে গৌরাঙ্গ স্থপরে।
বৌদ্ধগণ সহ প্রভু বিচার করিলা।
ত্তিমন্দের রাজা আসি মধ্যত্ত হইলা।
বৌদ্ধগণ বিচারেতে পরাস্ত মানিলা।
পণ্ডিত দর্শক সব হাসিতে লাগিলা।।

বৌদ্ধদের শুরু বা প্রধান রামগিরি রায় পরাজিত হয়ে মহাপ্রভুর শর্প গ্রহণ ক্রলেন—

বৌদ্ধগণের পতি রাম গিরি রায়। প্রণমিয়া বলে পথ দেখাও আমায়।।

পাৰণ্ডের শিরোমণি ছিলাম সংসারে। কুপা করি ভক্তিমার্গ দেখাও আমারে॥ই

এই বিবরণ বদি সত্য হয় তাহলে বৌদ্দর্শনেও মহাপ্রভুর অধিকার শীকার্য হয়ে পড়ে। অথচ তিনি কোন গুরুর কাছে বৌদ্দ শাত্রে পাঠ নিয়ে-ছিলেন এমন সংবাদ কেউ দেন নি। তবে বৌদ্দর্শন সম্পর্কে অল্পবিন্তর জ্ঞান পাকা শ্রীগৌরান্দের পক্ষে অসম্ভব ছিল না, কারণ সেকালে নবধীপেও বৌদ্ধরা বাস করতেন।

অধীত বিদ্যা ছাড়াও নৃত্যগীত অভিনয়ে শ্রীচৈতক্তের পারদ্শিভা ছিল। নববীপে ও নীলাচলে তিনি একাধিকবার ক্রফলীলা অভিনয় করেছিলেন। তাঁর সঙ্গীতে পারংগমতার পরিচয় মেলে কীর্তনগানের প্রবর্তনার।

গোবিন্দ থানের কড়চার প্রীচৈতক্ত দক্ষিণীভাব। বিশেষতঃ তারিলভাবা আরম্ভ করেছিলেন এবং দক্ষিণদেশ পরিপ্রমণকালে তারিলভাবীদেম্ম বিভিন্ন ভাবার সংক্ষে তারিল ভাবার কথা বলতেন। বুংগছি কথনও তারিল বুলি বলে গোরা রায়।
কড় বা গংকত বলি প্রোভারে মাভার ॥৩

> त्याः चढ्ठां—पुः २७ २ त्याः च.—पुः ७ ७ त्याः च.—पु हऽ

গোবিন্দ দাস কর্মকার অন্তত্ত্ত্ব লিখেছেন—

একজন লোক আসি কাঁই মাই করি।

কি কহিল আমি সব বৃঝিতে না পারি।

তার বাক্য বৃলি সব প্রভু সমদিয়া।

কাঁই মাই করি তারে দিলেন বুঝিলা।

দক্ষিণী ভাষায় বৃৎপত্তি সম্পকে গোবিন্দদাস আ**রও বলেছেন—** এই দেশে তীর্থ পর্যটিয়া দীর্ঘকাল। সকলের বুলি বুঝে শচীর ছলাল।।

কডচার মতে মহাপ্রভূ দারকায় গিয়ে গুজরাটী ভাষাতেও কথা বলতে পারতেন।

কিবা পাণ্ডা কিবা গৃহী দকলে মিলিয়া—
ধর্ম উপদেশ শুনে শ্রবণ পাতিয়া।।
যেই জন নাহি বুঝে তাহারে বুঝায়।
নানা বুলি বলি প্রাভূ তাহারে মাতায়।।
কথন বা মোর প্রাভূ কাঁই মাই বলে।
কাঁই মাই কত বলি বুঝায় দকলে।।
ত

সংশ্বতজ্ঞ পণ্ডিতদের সঙ্গে আলোচনা সে যুগে সংশ্বত ভাষাতেই চলতো।
কিন্তু অসংশ্বতজ্ঞ সাধারণ মাহবের সঙ্গে আলাপ আলোচনার দেশীর ভাষা ছাড়া
আর গতান্তর কি ? গোবিন্দদাস কর্মকারের কড়চার বিশ্বন্ততার সন্দেহের
অবকাশ আছে ঠিকই, কিন্তু কাজ চলা গোছের দক্ষিণীভাষা আরত্ত করা
মহাপ্রভূব মত প্রতিভাবান্ ব্যক্তির পক্ষে মোটেই অসম্ভব ব্যাপার নয়। এরিক্ষক্ষেত্রে (এরিক্সম্) বেকট ভট্টের গৃহে মহাপ্রভূ চার মাস অবস্থান করেছিলেন।
স্বতরাং এই সময়ে অসংশ্বতক্ত লোকেদের সঙ্গে কথাবার্তা বলার জন্ম খানীর
লোকিক ভাষা অরবিশ্বর আরত্ত করা অসম্ভব নয়।

মহাপ্রভু ঐতিচতন্ত জীবনের অষ্টাদশ বংসর যাপন করেছেন নীলাচলে।
স্থতরাং উড়িয়া ভাষায় তিনি স্বাভাবিকভাবেই অধিকায় লাভ করেছিলেন।
উড়িয়া ভাষার কবিতাও তিনি আস্বাদন করতেন। কৃষ্ণদাদ কবিয়াজ এ বিষয়ে
সাক্ষ্য দিয়েছেন—

উড়িয়া পদ মহাপ্রভুর মনে স্থতি হৈল। স্বরণেরে সেই পদ গাইতে আজ্ঞা দিল। তথাহিপদং

স্বপ্রমাহন পরিমুগু যাও। মন মাতিলাবে চকা চন্দ্রকু চাঞি । (গু)।

শ্রীচৈতন্তের অবোকিক প্রতিভার বোধহর কিছুই অনায়ত্ত ছিল না। স্থতরাং তাঁর ভক্ত ও জাবনীকারেরা মিথাাই তাঁর বিভাবতার গুণকীর্তন করেন নি। বৃন্দাবন যথার্থই বলেছেন ---

মহয়ের এমত পাণ্ডিত্য আছে কোণা। হেন শাল্প নাহি যে অভ্যাস নাহি যথা ॥

নেইজক্সই নবদ্বীপের তৎকালান পণ্ডিত্বর্গ বলতেন—
মন্তয়্যের এমন পা,গুডা দেখি নাই ॥
পরম পণ্ডিত জ্ঞান হইল সবার।
সবেই করেন দেখি সম্ভ্রম অপার॥

অনক্সসাধারণ প্রতিভা ও পাণ্ডিত্যের জন্মই নবদীপের পণ্ডিতবর্গ তাঁকে স্মাহ করতেন।

যত বিভাবস্ত বৈদে নদীয়া নগরে। সকলেই সমীহা করেন বিশ্বস্তরে ॥*

জীবনে প্রথম যোল বৎসরের মধ্যে পাঁচ বৎসর বয়দে বিভারত হলে মাত্র এগারো বৎসর যাঁর অধ্যয়নকাল এবং ছাত্রাবন্ধানহ তেইশ বৎসর মাত্র যাঁর গার্হয়্য জীবন তিনি নৃত্যগীত-অভিনয় সহ ব্যাকরণ, কাব্য, অলংকার শ্বতিশাক্ষ এবং অন্ততঃপক্ষে বেদান্তদর্শনে অসাধারণ পাণ্ডিত্য অর্জন করেছিলেন তা বিশ্বয়্যক্ষর হলেও অসত্য বোধ হয় না। সম্ভবতঃ স্থায়দর্শনেও তাঁর কিছু অধিকার ছিল। লোকাত্তর বাঁদের চরিত্র, প্রতিভা বাঁদের অনক্ষসাধারণ—তাঁদের পক্ষে যাসভব সাধারণের পক্ষে তা সম্ভব নয় ঠিকহ। স্তর্গাং সাধারণের মানদণ্ডে তাঁদের বিচার করা চলে না। আধুনিককালে প্রাতঃশ্বরণীয় ঈশ্বরচন্দ্র বিভাসাগর মাত্র ১২ বৎসর পাঁচ মাস কলিকাতা সংস্কৃত কলেজে পড়ে বছবিধ বিষয়ে য়্যুৎপত্তি অর্জন করে অধ্যয়ন সমাপনাস্তে বিভাসাগর উপাধি লাভ করেছিলেন। পরম পুক্ষ শ্রীরামকৃষ্ণদেবের অধীত বিভা উল্লেখের অ্যোগ্য হলেও তাঁর জ্ঞানগর্ভ উপদেশামৃত অনেক জানী ব্যক্তিরই সমাদরের বিষয়। স্থতরাং 'লোকোভ্রোণাং চেতাংগি কো বিজ্ঞাত্মইতি'।

⁾ हৈ, চ, অ্বস্তা ১০ পরি ২ হৈ. ভা আদি ১০ আ: ৩ হৈ, ভা, আদি ১০ আ; ৪ ভক্ষিয়েগকর—১২ ডরক

ৰণ্ঠ অধ্যায়

পিতৃবিয়োগ ও লক্ষীপরিণয়

বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণ করলে জগন্ধাথ ও শচী শোকে বিহবন হয়ে পড়নেন
—''ভড: পিতা ভংপরিশ্রুত্য বিহবলো মাতা চ সাধনী বিললাপ ছঃথিতা।"

তদৈতদাশ্রত্য পিতা প্রস্ক সা বিলাপম্চৈরকরোমুমোহ চ। ততঃ সমাখাত হিতাভিলামুকো সদাশিষং তত্ত্ব স্থতে প্রচক্রতু।

— অনস্তর পিতা ও মাতা এই সংবাদ শুনে উচ্চৈ: স্বরে বিলাপ করতে করতে সৃষ্টিত হরে পড়লেন। তারপর কিছুটা আশস্ত হরে পুত্রের কল্যাণ কামনাম্ন শীকে যথেষ্ট আশীবাদও করলেন।

কুলাবন লিখেছেন-

भठी जगनाय मध रहेना क्रम्य ।

বিশ্বনশের সন্ত্রাসে গোণ্ডীসহ ক্রন্দন কররে উধ্বরায়।

শচী ৰগরাবের ভাইর বিরহে মূর্ছা গেলা গৌররায়।

শো≉ সে বিরহ বর্ণিতে বদনে নাহি পারি।

हरेल जन्मनमम जगनाथ-भूती।"

জয়ানক লিখেছেন যে শচীমাতা বিশ্বরূপের স্থাস প্রকণের সংবাদ ওলে স্কার বাঁপ দিয়েছিলেন—

> বিশক্ষণ সন্ত্যাস লয়্যা লোকমূথে। গঙ্গাক্তদে শচী সম্ভাইল পুত্রশোকে। ধরিয়া তুলিল তারে গঙ্গাক্তদ হইতে।

> त्र्. क.—>।१।१ २ हेह. ह. त्रहां—२।३६ ७ हेह. छा. चाहि ७ चः इ हेह. त्र. तहीडां—२०।३१-३৮

বিশ্বপ-লোকে পিডামাভার সভাতর কালণ্য লোচন নৰ্মপাৰী ভাষাদ্ বর্ণনা করেছেন---

> ভবে লোক কাণাকাণি কাৰ্য্য হৈল জানালানি বিশ্বরূপ সম্রাস করব। তো কাণি মো কাণি কথা ভনি জগন্নাথ পিষ্ঠা আচৰিতে ভবিদ চেত্ৰ ৷ শচী দেবী ইহা শুনি মুৰ্ছিত পজিলা ভূমি चहकात देशन जिल्लान ।

বিশ্বরূপ বলি ডাকে আন্নরে পুত্র দেখি ভোকে कि नाशि इहेना विश्वक्छ ॥'

বালক নিমাই অগ্রন্ধ বিশ্বরূপকে খুবই ভালবাসতেন। একমাত্র বিশ্বরূপের উপন্থিতিতেই তাঁর বাল্য দৌরাত্ম্য কিছুটা প্রশম্ভি হোভ।

> পিডামাতা কাহারেও না কররে ভর। বিশরণ অগ্রজে দেখিলে নম্র হয় ।*

ফতবাং দেই **অগ্রন্ধে**র গৃহত্যাগে নিমাই যে কাতর হবেন, তাতে আর আৰ্কৰ্ষ কি ? চুড়ামণি দাস লিখেছেন, অগ্ৰন্ধের বিষ্কাহে 'ভাই বলি কাঁদে ना वृत्रे आति।"° कि तारे वानावहामरे छात्र कर्डवादांव हिन क्षेत्र । শোকে ভেকে পড়া জগরাথ-শচীকে তিনি সাখনা দিলেন। তিনি বললেন পিতা জগনাধকে—"মধৈব কাৰ্য্যা ভবতত দেবা মাতৃত নিত্যং স্থথমাপু ছি তম।" -- আমিই করবো ভোমার ও মারের দেবা, ভূমি আশস্ত হও। কবি-কর্ণপরের কাব্যে বিশ্বস্তর মারের গলা অভিয়ে ধরে মাকে বললেন-

গতোহগ্ৰদো মে ভবতীমূপেক্য য নিমাই কর্ত্ ক পিতা- ডিভিক্ষাদো পিভবঞ্চ শান্তিমান। মাতাকে সান্ত্ৰনা মথৈৰ কাৰ্য্যা অনকণ্ড তেহপি চ क्रवार मनर्शा मकरेनव निकामः । প্রদান

রুফ্দাসের সংক্ষিপ্ত উক্তি: তবে প্রভু মাতা পিতার কৈল আখাসন।"

১ চৈ. ম.— बाहिथ्छ २ চৈ. জা. আদি ৬ আঃ ৩ পৌ. বি.—পৃঃ ৬৩

s मू. क.--२१११० e है. ह. यहांकारा---२१०० e है. ह. बाहि se भीत

চ্ডামণি দান লিখেছেন,—বাপ মাত্র শান্ত করাইল বিশ্বস্থ । বালক বিশ্বস্থর তথু বাপ মাকে শান্ত করলেন না, নিজেও শান্ত হয়ে গোলেন। করুণার্চ্ডরদর নিমাই পিতামাতার হৃথে এবং প্রাত্বিরহে কাতর হয়ে হয়ন্তপনা অনেকটা পরিহার করলেন এবং মনোযোগ সহকারে লেখাপড়া করডে লাগলেন।

যে অবধি বিশব্দপ হইলা বাহির।
তদবধি প্রভু কিছু হইলা স্বন্ধির।
নিরবধি থাকে পিতামাতার সমীপে।
হংশ পাসরয় যেন জননী-জনকে।
ধেলা সম্বিয়া প্রভু যত্ন করি পঢ়ে
ভিলার্থেক পুস্তক ছাড়িয়া নাই নড়ে।

কিছুকাল পরে বিশ্বস্তর তথনও ছাত্র, হঠাৎ একদিন জ্বপন্নাথ মিল্ল হ্লবে আক্রান্ত হয়ে প্রাণত্যাগ করলেন—

দৈবযোগেন তঙ্গাভৃজ্জর: প্রাণাপহারক:।
অতন্তং তাদৃশং দৃষ্টা সহমাত্রা স্বয়ংহরি: ।
জগাম জাহ্বতীরে নিজভক্ত: সমাবৃত:।
শ্রীমান্ বিশ্বস্তরো দেবো হরিকীর্ডনতংপরৈ: ।
**

— দৈবযোগে তাঁর প্রাণহারী জর হয়েছিল, স্বতরাং তাঁকে সেই অবস্থায় দেখে হরি শ্রীমান্ বিশ্বস্তর দেব স্বয়ং মায়ের সঙ্গে ভক্তকুল বেষ্টিত হরে হরি সংকীর্তন করতে করতে গঙ্গাতীরে নিয়ে গেলেন।

কবিকর্ণপুর লিখেছেন—

ততঃ পিতা তক্ত নিবৃত্তযৌবনো

প্ৰশাপৰ মৃত্যু জ্বাং স তেজে জ্বিতোহতিত্বলঃ।

তথাবিধং তং পরিলক্ষ্য স প্রাকৃ
নিনায় গঙ্গাতীয়ভূমিমাকুলঃ ॥°

—তারপর তাঁর পিত। যোবন অতিক্রাম্ভ হলে অবে অতি দ্বর্বন হয়ে পড়লেন। তাঁকে সেই অবস্থায় দেখে সেই প্রভু ব্যাকুল হয়ে তাঁকে গঙ্গাভীরে নিয়ে গেলেন।

১ পৌ. বি.—পৃ: ৬২ ২ চৈ. ভা. আদি ৬ আ: ৬ মৃ. ক.—২৮১৩-১৪

इ. इ. म्हा—२।>>1

ভধন বালক নিমাই শোকাকুল হয়ে জিজালা কয়লেন, পিড:, আমাকে কোথার রেখে যাছেন । জগরাথ বললেন, তোমাকে নারায়ণের চরণ বুগলে সমর্পণ করলাম—"সমর্পণ তে বভুনাথ পাদয়ো:।" বিশ্বস্থ ও শচী বিলাপ করতে লাগলেন, জগরাথ গলজলে দেহত্যাগ করলেন। এই বিবরণ কবি-কর্ণপ্র সম্পূর্ণ ই ম্রায়ির কডচা থেকে গ্রহণ করেছেন। বৃন্ধাবন দাস শোক-ছঃথের কাহিনী বিশদভাবে বলতে চান নি, সংক্ষেপে উল্লেখমান্ত করেছেন—

হেনমতে কতদিন থাকি মিশ্র বর। অন্তর্ধান হৈলা নিত্যক্তম্বলবর। মিশ্রের বিজয়ে প্রভু কান্দিলা বিস্তর।

লোচন শবিস্তারে জগন্নাধের মৃত্যু ও শ্রীগোরাক্ষের ও শচীর বিশাপ কলা ভাষার বর্ণনা করেছেন। জগন্নাথকে মৃষ্ধ্ অবস্থার গঙ্গাজালী দেখে বিশ্বস্তুর বিলাপ করতে লাগলেন—

আমারে ছাডিয়া পিতা কোথা যাবে তৃমি।
বাপ বলি ডাক মার নাহি দিব আমি।
আজি হৈতে শৃক্ত হইল এ বর আমার।
আর না দেখিব তুই চরণ তোমার।
আজি দশ দিগ, শৃক্ত অন্ধকার মোরে।
না পড়াবে যত করি ধরি নিজ করে।
"

এদিকে শচীও ককণভাবে বিলাপ করছেন। পিতার মৃত্যু ও মাতার বিলাপে বিশ্বস্তারের অবস্থা করুণ হয়ে ওঠে। গোচন বলেন—

> মায়ের কান্দনা দেখি বাপের মহণ। কান্দয়ে শচীয় স্বত অধায় নয়ন ॥

জয়ানক জানিয়েছেন যে বিশ্বরূপের শোকেই জগরাধ ধরাধার জ্যাপ করেছিলেন—

> হেন কালে মৃছ্যি গোলা মিশ্র পুরন্দর। বিশ্বরূপের শোকে ভাষ গাঞ স্বাইল জর॥

> कि. कि. महा.—२।>>> > कि. खा वि ७ व: • कि. म. व्यक्ति

s cb व. चाविषक

মহাবায়ু কক উধ্ব'খাস বক্ত প্ৰবে। দেখিবাৰে গেলা তাৰে সকল বৈঞ্চৰে॥

চূড়ামণি দাসৰ একই কথা বলেছেন-

অবৈত সংসক্ষে বিশ্বরূপের সন্মাস।
এত শুনি মিশ্রবর কইল হতাস।
সেই শোকানলে গঙ্গাজলে মিশ্র রাএ।
নিতা শ্রীরে কফলোক চলি ছাও।

জয়ানন্দ জগন্নাথের মৃত্যু সম্পর্কে আরও কিছু তথ্য -পরিবেষণ,করেছেন। তাঁর মতে জৈটিমাসে কৃষ্ণাষ্টমী তিথিতে বৃষ্টি ও ভূমিকম্প হলে জগন্নাথ ইছলোক ত্যাগ করেছিলেন।

জ্যৈষ্ঠমাদ নিদাঘকালে রফাইমী তিথি।
সেই দিনে ভূমিকম্প বারিপূর্ণ কিতি।
মিশ্র পুরন্দর জরে হইলা অচৈতক্ত।
মৃত্যুকালে প্রত্যাদল দেখে দর্বশৃত্য।।
বিপ্রগণ মেলি লৈল অন্তর্জলে।
ত

গিরিজাশহর রায়চৌধুরীর মতে বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণের পাঁচ বংসর পে জগন্নাথের তিরোভাব হয় (১৪৯৬ খ্রীঃ)। নিমাই-এর বয়স তখন এগাব বংসর ।8

এখন শুধু পিতৃহীন বালক আর শোকাত্রা পতিপুত্রহারা শচী,—পরক্ষার পরক্ষারের অবলয়ন।

> পিতৃহীন বালক দেখিয়া শচী আই। দেইপুত্রসেবা বই আর কর্ম নাই।

বিশম্বরও মায়ের চিত্তশান্তির নিমিত্ত মাকে প্রবোধ দিতে থাকেন।

প্রভূও মায়ের প্রীতি করে নিরস্কর।
প্রবোধেন তানে বলি আখাদ উত্তর।।
শুন মাতা মনে কিছু না চিম্বহ তুমি।
দকল তোমার আছে যদি আছি আমি।।

১ চৈ. ম. নদীরা—৩৩/৪-৫ ২ গৌরাক্ষবিজ্ব-শৃ: ১৮ ৩ চৈ. ব. নদীরা—৩৩/১৯-২০ ৪ বাংলা চরিতপ্রন্তে শ্রীচৈতক্ত-শৃ: ৫৩ ৫ চৈ. ডা. আদি ৭ জঃ ৬ চৈ. ডা. আদি ৭জঃ

জয়ানন্দ বলেন, অহতে পুরন্দর মিখকে অন্তর্জলী করার সময়ে গোরাল গুক্গুছে বলে পুঁৰি লিথছিলেন। পিতার অস্তিমকাল তাঁর গোচরে ছিল না। হ'বদাস ঠাকর জত গিরে সংবাদ দিলেন।

> হরিদাস ঠাকুর বলেন কি পুথি লেখ। তুমার বাপ অম্বর্জনে ঝট গিয়া দেখ।। পুথি আছাডিয়া গেলা গঙ্গা অন্তর্জলে। করণা করিয়া কান্দে পিতা করি কেলে।।³

অক্ত কোন হত্ত থেকে এ তথ্য সমর্থিত হয় না। জগলাথের মৃত্যু যে আকৃষ্মিকভাবে হয়েছিল তাও কেউ বলেন নি. জন্মানন্ত না। যাই হোক. ক্রিষ্ঠ পুত্র বিশ্বভারের মুখ চেষে শচী শোক সম্বরণ করলেন।

> গোরা চাঁদ দেখি শচী ছাত্ত এ নিখাস। পিতশক্ত পত্র পাঙে পারেন তরাস।। বিছারদে চিত্ত যদি ডুবরে ইহাব। তবে মনের স্থাথে পুত্র গোঙায় আমার ॥^২

নবছরি চক্রবর্তীর বিবরণে জগলাথ স্বপ্নে দেখলেন নিমাই সল্লাস গ্রহণ করেছেন। এই ছঃম্বপ্ন দেখে দাঙ্গণ ছশ্চিষ্টান্ন জগন্নাথ জরাক্রান্ত হয়ে দেহত্যাগ করলেন। ত বিশ্বরূপের গৃহত্যাগই যে জগনাথের মৃত্যুর অব্যতম কারণ, তাতে मत्नह (नहें।

পিতবিশ্বোগের পরে নিমাই অনেকটা শাস্ত হয়েছেন। এর পরে মান্তর উপরে তার অত্যাচারের একটি ঘটনারই বিবরণ বুন্দাবন দিয়েছেন। किছ এই সময়ে তিনি যে গভীব মনোযোগেব সঙ্গে বিভাচচায় আঅনিয়োগ করেছিলেন ভার ও সবিস্থার বিবরণ বৃন্দাবনের কাব্যে পাওয়া যাচ্ছে।

বিদ্যাৰ্জন শেষ হোল প্ৰীগোৱাঙ্গের। তথন তাঁর বয়স মাত্র বোল বৎসর। বোড়শ বংসর প্রভু প্রথম যৌবন।

বুহুলাতি জিনিয়া পাণ্ডিত্য পরকাশ।

সঞ্জ মৃকুন্দের বাড়ীতে চণ্ডীমণ্ডপে চতুস্পাঠী থুলে গৌরচন্দ্র অধ্যাপনা শুক করলেন।

১ हे ब. नवीष्ट्री—७८।०-८

২ লোচন—চৈ.!ম. আদিখণ্ড

৩ ভক্তি রক্নাকর--১২।১২১ --১২ ৪ চৈ. ভা. আদি ১অ:

বিষাই-এম

चशा श्वा

মৃকুদ্দ সঞ্জয় বড় মহ। ভাগাবান।

যাহার আলয় বিদ্যাবিলাসের হান।

তাহার প্রের প্রভু আপনে পঢ়ায়।

তাহারাও তাঁর প্রতি ভক্ত সর্বধায়॥

বড় চণ্ডীমণ্ডপ আছয়ে তার মরে।

চতুদিকে বিশুর পঢ়ুয়া তায় ময়ে॥

গোটী করি তাহাই পঢ়ান বিজ্ঞরাজ।

সেই স্থানে গৌরাকের বিদ্যার সমাজ॥

**

এই সমরেই বোল বংসর বয়সে জ্রিগোরাঞের বিবাহ হয় বল্পভ আচার্বের কল্পা লক্ষ্মী দেবীর সঙ্গে। গঙ্গার ঘাটে লক্ষ্মীদেবীর সঙ্গে নিমাই পত্তিতের চাক্ষ্ম্প পরিচ্য হয়, মন জানাজানিও হয়েছিল।

নৈবে লক্ষ্য একদিন গেলা গঙ্গামানে।
গৌরচক্র হেনই সমযে সেইখানে।
নিজলক্ষ্মী চিনিয়া হাসিলা গৌরচক্র।
লক্ষ্মীও বন্দিলা মনে প্রভূপদহন্দ।
তেন মতে দোহা চিনি দোহা ঘর গেলা।

মুরারি ওপ্তও এবিষয়ে সাক্ষ্য দিমেছেন-

আভায় গচ্ছতাচাশং হবিনা দদশে পথি

লন্দ্রীদেশীর সঙ্গে পরিচয় বল্লভাচাৰ্যহাইতা স্থীজন স্মাৰ্তা।

স্থানার্থং জাহ্ণবীতোয়ে গচ্চন্তী ক্ষতিরালনা।
দুটা তাং তাদুশীং আছো মনসা জন্মকারণম ॥

ख्याः क्यांच निवदः श्रायत श्रव्यतः मह।

७७। ज्यान निवद्ध यस्य यस्तः नश् ।

শ্রীমান্ বিশ্বস্তব্যে দেবো বিদ্যারস কুতৃহণী ।"

—আচার্বকে সন্তাষণ করে পথে যাবার সমর হবি (শ্রীগোরাঞ্ক) স্থীজন পরিবৃতা গলাজনে আনের নিমিত্ত গমনশীলা স্থান্দরাননা বল্পচার্বের ক্সাকে দেশে কেললেন। তাঁকে তদবস্থায় দেখে মনে যনে তাঁর জন্মকারণ জেনে বিশ্বাবসকুত্বলী শ্রীমান বিশ্বতার দেব তাঁর বাড়ীতে গিরেছিলেন।

> कि. जा. जावि > जः २ कि. जा जावि > वः ७ मृ. च.—२।≥।०-৮

কৰিকৰ্ণপুৰের মহাকাবোও গঙ্গার বাটে শ্রীগোরাঙ্গ ও গন্ধাদেবীর পরস্পারের মন বিনিমরের কবা বলা হয়েছে। পন্ধীদেবী তথন কৈশোরের সীমা অতিক্রম করে যৌবনের সীমানায় পদার্পণ করেছেন।

সা শৈশবাদেকপদেন বাকা
সমাগতা ঘৌবন দীয়ি কিঞিং।
পরিত্রটচ্চাপল জায়মান—
ত্রপা ত্যালোক্য ননন্দ শখং ॥

— সেই কল্পা (লক্ষ্মী দেবী) শৈশব থেকে কিঞ্ছিং যৌবনসীমায় একপদ স্থাপন করে চণলভা পরিহাবপূর্বক লজ্জা প্রাপ্ত হয়ে তাঁকে (নিমাইকে) দেখে শাখত আনন্দ লাভ করলেন।

গৌরচন্দ্রের বয়স তথন যোল, লক্ষার বরুস গিরিক্তা শহর রায়চৌধুরীর মতে বারো। নিষাই-এর এই বরুসে বিবাহের আকাজ্জা অস্বাভাবিক নর, কারণ "প্রতিভাসম্পর্ন বালকদের অপেকাকৃত অর বয়সেই বিবাহ করিবার ইচ্ছা প্রকাশ পার।" বৃন্দাবন দাস, মুরারি, কবিকর্ণপুর ও সোচন নিমাই-এর একদিনের সাক্ষাৎকারেই অক্সরাস সক্ষাবের (love at first sight) বিবরণ দিয়েছেন কিন্তু কৃষ্ণদাস কবিরাজের চৈতক্ত চরিভায়ত কাব্যে ত্বার সাক্ষাৎকারের বিবরণ পাওয়া যায়। বালক নিমাই যথন গলারঘাটে উপত্রব করতেন সেইকালে তিনি আনাথিনী নারীদেরও বিরক্ত করে আনন্দ উপভোগ করতেন। এই সময়ে একদিন সলান্ধানের পরে শিবপূজারভা লক্ষার সম্বৃধ্ধে নিমাই উপন্থিত হল্পে লক্ষ্মীর নিকট থেকে পূজা গ্রহণ করেছিলেন।

একদিন বল্পভাচাধের কক্ষা নাম।

কেবতা পৃজিতে আইলা করি গদামান।
তারে দেখি প্রভূব হৈল সাভিলায মন।
লক্ষী প্রীতি পাইলা পাই প্রভূব দর্শন।
নাহজিক প্রীতি দোঁহার হইল উদয়।
বাল্যভাবাচ্ছের তবু হইল নিশ্চয়।

> (5. 5. EE): 41> ·

প্ৰভু কহে আমা পূজ আমি মহেশর। আমাকে পুজিলে পাবে অভীঞ্চিত বর ॥ नची उांत जरम मिन मभुभाइनात । মত্তিকার মালা দিয়া করিল বন্দম ॥³

তথনও বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণ করেন নি। বিশ্বরূপের সন্ন্যাস গ্রহণের বেশ কিছুকাল পরে নিমাই-এর পনেরো বোল বয়সের সময়ে আর একবাব লগ্নাব সঙ্গে গৌরচন্ত্রের সাক্ষাৎকাবের বিবরণ পাই কবিরাজ গোস্বীমীর মহাগ্রন্থে-

> দৈবে একদিন প্রভু পডিয়া আসিতে। বল্পভাচায়ের কলা দেখে গঙ্গাপথে ॥ পূর্বসিক্ষভাব দোঁহার উদয় করিল। रिहरत वनमाली घठक मठीश्वारन चाहेल ॥

এই বিবরণ ঘণার্থ হলে অফুমান করতে অস্থবিধা হয় না যে গঙ্গাতীরে গৌরাকের সঙ্গে লক্ষ্মীর দেখা সাক্ষাং খনেকবারই হয়েছিল এবং কিশোর-কিশোরীর বাল্যক্রীভা অন্তবাণে পরিণত হয়েছিল। ভ্রানন্দের কালামুক্রমিক পৌর্বাপর্য রক্ষিত হয় নি। তিনি গয়া থেকে প্রত্যাবর্তনের পরে ঞ্জীগৌ**রান্দের দলে লক্ষ্মীর** সাক্ষাৎকারের বিবরণ দি**রেছেন।** তথাপি জয়ানন্দের বিবরণে লক্ষ্মীর মনে গৌরাকের প্রতি অমুবাগ সঞ্চারের ইঞ্চিত আছে। এখানে লক্ষী শিবপুলা করে শিবের কাছে গৌরাক্ষকে পতিরূপে লাভ করার বর প্রার্থনা করেছেন,---

> এক দিন গৌরচক্র গেলা গলাভটে। লক্ষী শহরপুজা করে করপুটে। श्व भूका धुनमील यालाहकान । শব্দ ঘণ্টা দর্পণ চামর ব্যঞ্জন । পুন: পুন: १७বৎ ছভিভক্তি করি। थानिक एका। यह बार्श शान कहि ॥ আমার মানদ দিছ কর জিলোচন। नवबीभक्क कक्र भाविश्रहन ।"

দেই নবৰীপচন্দ্ৰ নিমাই শ্বং দেখানে উপন্থিত হয়েছেন। ভিনি লক্ষীকে বৰ দিলেন—

> চলহ মন্দিরে লক্ষা মনের সম্ভোবে। বিধি অক্তরুল ভোর বিভা এই মাদে॥

লোচন অবশ্য আরও একটু কবিত্ব করেছেন। তিনি শক্তলার মত শক্ষীকে দিয়ে গলার গজমতি হার ছিঁ ড়িয়ে মূলা কুড়াবার ছলে গৌরাঙ্গের রূপ মাধুরী পান করার স্থাগে দিরেছেন। কিছু যেহেতু বচ্চতার্গ অত্যন্ত দরিত্র ছিলেন, কল্পার বিবাহে যৌতুক্ত্বরূপ কিছুই দিতে পারেন নি, সেইজন্ত বল্ল-নীর করে গজমতি হার থাকাটা সম্ভব ছিল না।

শাই হোক্ লক্ষ্মী পরিণয়ের ব্যাপারে বন্মালী আচার্য ঘটকরণে দেখিতা কার্য সম্পাদনে অপ্রসর হলেন। বন্মালীকে ঘটকরণে প্রেরণার বাগারে বিশ্বস্থরের হস্ত নেপথ্য থেকে অস্থূলিদ কৈত করেছে বলে মনে হর। মুরারি জানিয়েছেন যে বন্মালী শচীদেবীর কাতে লক্ষ্মীর বিলাহের প্রস্তাব করলেন। কিন্তু শচীতেমন আগ্রহ প্রকাশ করলেন না, বললেন, পিচহীন বালক নিমাই. এখন লেগাপড়া করুক — 'পিত্রাবিহীন: পঠতু' । বন্মালী ক্ষম হয়ে প্রত্যাবর্তনের কালে পথে নিমাই-এর দাথে দাক্ষাৎ হোল,—বন্মালীর কাছে শচীর উত্তর শুনে তিনি সাক্ষে এদে বললেন, "কথং ন তক্ত সম্প্রীতি: কতা মাত: প্রিয়োক্তিভি: ?" মা তুমি প্রিয়বচনের ঘারা তার (বন্মালীর) প্রতি উৎপাদন করলে না কেন ? একথা শুনে শচী পুরের মনোগত মতিপ্রায় বুঝে বন্মালীকে ভেক্ষে বিবাহে দম্মতি দান করলেন। বুন্দাবন এবং লোচন হুবহু একই বর্ণনা দিয়েছেন, এই বিবরণ কি বন্মালীর দৌত্যকার্থের ব্যাপারে নিমাই-এর অস্থ্যপ্রেরণার ইক্ষিত দেয় না ? এ ক্ষেত্রে জয়ানন্দ নিভান্ত স্প্রভাবার শ্রীগোরাক্ষ কর্ত্ব বন্মালীকে দেখিতা নিয়েগের উল্লেখ করেছেন —

ঘটক হইয়া তুমি করাহ সম্বন্ধ। একথা কহিয়া চলিলা গৌরচন্দ্র॥*

শচীদেবী প্রথমে পুত্রের বিবাহ ব্যাপারে অনিচ্ছুক হলেও পুত্রের মনোগত অভিপ্রায় বুঝতে পেরে বনমালীকে ডাকিয়ে এনে বছভ ছহিতার সঙ্গে বিবাহের

১ চৈ. ম. নদীয়া—৪০।১৩ ২ মৃ. ক.—২।৯।১১ ৩ মৃ. ক.—২।৯।১৭ ৪ চৈ. ম. নদীয়া—৪০।১৭

সংশ্ব করতে বদলেন। বল্পত ত হাতে স্বৰ্গ পোলেন। এমন তুর্গত পাত্তে কছা-দান তার পক্ষে আশাতীত সোভাগ্য। কিন্তু বল্পত নির্ধন; তিনি পশ বা বৌতুক দিত্তে অপারক। তথ্য বল্পত বললেন,—

সবে এক বচন বলিতে লক্ষা নাই!
আমি সে নির্ধন কিছু দিতে শক্তি নাই।।
কলা মাত্র দিব পঞ্চ হরিতকী দিয়া।
এই আজা সবে তুমি আনিবে মাগিয়া।

লোচন একই কথা বলিয়েছেন বলভের মুখ দিয়ে—

আমি ধনহীন কিছু দিবারে না পারি। কল্যা মাত্র আছে মোর পবস হৃদ্দী।। ইহা জানি আক্রা যদি ককেন আপনে। কল্যা দিব বিশ্বস্তর দ্বাধা হা বৃত্তনে।!:

যেখানে বর কলা মনেব মিলন হয়েছে স্থোনে যৌতুকের বাধা নিভান্তই তৃচ্ছ। লগীদেবী পন বা থৌতুক ছাডাই পুত্রের বিয়ে দিতে সম্মত হলেন। সভরাং যথারীতি বিশ্বস্থান কলমীত ভাভ পবিন্য হয়ে গেল। লচীর মন পূর্ব হবে গেল ম্বানা ও সম্মানীপুত্রেব লোকে। বিশ্বস্তা ও কাঁদলেন মায়ের সঙ্গে। যাই হোক, অবশেষে তাঁরা আশস্ত হলেন।

পিতা বিবাহের উদ্বোগ করায় বোল কংসর ব্যসে বিশ্বরূপ প্রাক্তর্জা নিয়ে গ্রহত্যাগ করেছিলেন, সেই বোগ বংসর ব্যসেই বিশ্বস্তর বিয়ে করলেন খনিবাঁচিতা বর্কে বিনা থাতুকে ঘটক নিয়োগ করে মাকে রাজি করিয়ে। সেকালে বোল বংসর ব্যসে বিবাহট। সম্বাভাবক ছিল না, কিছ এই বছসে বিবাহের জন্ত এত ব্যহাতা এবং খনীয় প্রচেষ্টা কিঞ্চিৎ বিশ্বয়কর বৈ কি! লক্ষা দেবী অবশ্বই ফলারী ছিলেন, জয়ানলা সে অপূর্ব রূপলাবণ্যের বিস্তৃত বিব্রুণ দিয়েছেন। নবহরি পিথেছেন—লক্ষীতম্ব জিনি কাঁচা সোনা।

লক্ষীকে বিরে করে গৌরচন্দ্র বেশ জ্বাই ছিলেন, অধ্যয়ন ও অধ্যাপনায় দিন কাটছিল তাঁব।

নন্দীর গণপনা অধ্যয়ন স্থধে প্রভূ বিশ্বস্তর রায়। নিরবধি জননীর আনন্দ ধাডায় ॥°

পতি ও শক্ষর দেবাতে লক্ষা ছিলেন অকুণ্ঠ এবং **আন্তরিক। তিনি** স্কলালেই শচীদেবী ও বিশ্বস্তবের অন্তব জয় করেছিলেন। জয়ানক্ষ লিখেছেন—

লক্ষী ঠাকুরাণী গৌরচদ্রের দেবা করি।
না গেলা বাপের বাড়ী নদিয়া নগরী।
শান্তড়ীর দেবা হৈতে আন নাঞি মনে।
গৌরাক চরণ ধ্যান করি রাজি দিনে।

বুন্দাবন পন্ধার সেবা পরায়ণতার একটু ইঙ্গিত মাত্র দিয়েছেন—

লক্ষী দেন অন্ধ থান বৈক্ঠের পতি।
নয়ন ভরিষ। দেখে অন্ত পুণানভী ॥
ভোজন অন্ধবে কবি ভাষ্দ চর্বণ
শয়ন করেন লক্ষ্মী দেখেন চরণ ॥

এই সমধ্যে একদিন মাধবেন্দ্র পুংগর শিশু সন্ত্রাপা ঈশ্ববপুরী; ওলেন নবদীপে। শ্রীবাবিক্সের সঙ্গের সাক্ষাৎক'র ও হ'ত

দৈবে একদিন প্রভু শগৌবস্থদ্দ।

স্বরপুরার পঢ়াইয়া আহমেন আপনার ঘর॥

আপমন পথে দেখা হইল ঈশ্বরপুরা সনে।

ভুত্য দেখি প্রভু নমর্ফ[া]লা সাপনে॥*

গৌরচক্ত সন্মাসীকে স্বগৃতে ভিকান গ্রহণের নিমিত্ত আমন্ত্রণ জানাপেন।

ভিক্ষা নিমন্ত্রণ প্রান্থ কারপেন তানে।

बहान्द्र शृंद्ध नहें 5 निना जाभरन bh

নর হরিও ঈশরপুরীর মিশ্রগৃহে ভিক্ষার গ্রহণের উল্লেখ করেছেন—

নিজভূতা ঈশ্বয় পুরীরে প্রণমিয়া।

এই ঘরে দিল ভিক্ষা যত্নেতে আনিয়া "

বৃন্ধাবন দাসের বিবরণ অনুযায়ী ঈশার পুরী এই দমর গোপ্রীনাথ আচাথের গৃহে করেকমাস অবস্থান করেছিলেন। তিনি গঙ্গাধর পণ্ডিতকে স্বর্গতি কৃষ্ণগীলায়ত নামক কৃষ্ণচরিতমূলক কাব্য শোনালেন। এখানেই শ্রীগৌরাঞ্চ

১ চৈ. ম. नशीया-- ৫৫।১-২ ২ চৈ. ভা আদি ১০ আ: ৩ চৈ. ভা. আছি ৯ আ:

s হৈ. ভা. আছি » আ: ৩ জ র --> ১)১৩৬৫

কৃষ্ণনীবায়ত কাব্য শুনে কাব্যে ব্যাকরণের দোষ দেখিয়ে ধাতুবিচার করেছিলেন। গৌরাঙ্গ তথন বিছারদে নিমগ্ন। নবদীপের পণ্ডিত ও নিজ্ব
সতীর্থদের সঙ্গে তিনি বিভিন্ন বিষয়ে বিতকে অবতীর্ণ হয়ে তাঁদের প্রাভৃত
করছেন। ঈশ্বপুরীর নবদীপে আগমন কি তরুণ প্রতিভাবান্ উদ্ধৃত পণ্ডিত
নিমাইকে বৈষ্ণবধ্যের প্রতি আরুই কবার উদ্দেশ্যে ?

নিমাই-এর উপরে ঈশরপুরার আগমনের কি কল হয়েছিল বলা যায় না।
বৃন্দাবন সানিয়েছেন যে এই সময়ে শ্রীগৌরাঙ্গ বায়ুরোগে আক্রাস্ত হয়েছিলেন।
বায়ুর প্রকোপে তাঁর উলাদ লক্ষণ প্রকাশ পার। অবশ্য বৃন্দাবন বলেছেন যে
বায়ুরোগের ছলে নিমাই প্রেম-ভক্তিব বিকার প্রকাশ করেছিলেন।

একদিন বায়ু দেহমান্দ্য করি চল। প্রকাশেন প্রেম-ভাক্ত বিকার সকল॥

নিবাই এর আচ্ছিতে প্রভু অপৌকিক শক্ষ বোলে॥
বাৰ্বোগ গড়াগড়ি যায় হাদে ঘব ভাঙ্গি ফেলে॥
ই
হুহার গর্জন করে মালদাট পুরে।
সম্মুথে দেখরে যারে ত।হাবেই নারে॥
কলে কলে দলে দ্বি অঙ্গ শুক্তাক্বতি হয়।
হুল মুছ্ হিন্ন লোকে দেখি পান্ন তয়॥
১

বন্ধুবাদ্ধৰ অভ্যাগিবৰ্গ দেখতে আদেন বিশ্বস্তরকে ভার প্রতিকারের নানাবিধ উপায় বলে যান।

শুনিলেন বন্ধুগণ বায়্য বিকার।
ধাইরা আসিয়া দবে করে প্রভিকার।।
বুদ্দিমস্ত খান আর মৃকুন্দ সম্ভয়ে।
গোষ্ঠীসহ আইলেন প্রভুর আলয়।।
বিষ্ণুভৈল নাবারণভৈল দেন শিবে।
সবে করে প্রভিকার যার যেই স্থরে।।

যথন হছ থাকেন তথন হুগদ্ধি বিষ্ণুতৈদ মাধার দিরে বিশ্বস্তব পণ্ডিত ছাত্রদের নিয়ে অধ্যাপনা করেন মুকুদ্দ-সঞ্জয়ের চণ্ডীয়ণ্ডপে—

⁾ है. जी. जाकि) क: २ हे. जी. जाकि) क:

মৃকৃদ্দ সঞ্চর পুণাবস্তের মন্দিরে।
পঢ়ায়েন প্রভু চন্ডীমগুপ ভিতরে।।
পরম স্থান্ধি পাকতৈল প্রভু শিরে।
কোন পুণাবস্ত দেয় প্রভু ব্যাখ্যা করে।।

জন্মানক ও বিশ্বস্তারের বায়ুরোগের সংবাদ দিরেছেন। জন্মানকর মতে গোরচন্দ্র তথন গলাদাস অদর্শনের ছাত্র, নিতাস্থই বাশক,—বিশ্বরূপ তথনও সন্মাস গ্রহণ করেন নি, জগন্মাথ মিশ্রও পরলোক গমন করেন নি। স্থতরাং গোরাক্ষের বন্ধস তথন আট নয় বংসরের বেশী হওয়ার কথা নয়। তবে তথনই নিমাই কার্তনে নৃত্য করতে করতে বাহ্যজ্ঞান-হারা হয়ে পড়েন। সেই সময়ে গোরচন্দ্রের বর্ণনা—

সিংহগর্জন করি মারে মারে মালসাট।
তুলিয়া আজাফু বাহু উন্মত্ত নাট।।
কিরে কিরে অবৈত ঘন ঘন ডাকে।
ক্লের রাজপথে নিঃশল হয়া থাকে।।
হাথের মোহন পূথি দূরে পেলাইয়া।
বোল বোল ডাকেন গায় আছাডিয়া॥

বলা বাহুল্য, জয়ানন্দের বিবরণ থেকে গৌরচন্দ্রের বায়ু রোগ ভিন্ন অন্ত কোন তথ্য গ্রহণযোগ্য নয়। বৃন্দাবনও এই বায়ু রোগকে ঐশবিক আবেশ বলে ব্যাখ্যা করেছেন। বহুজনে বহুপ্রকার ঠাণ্ডা তেল মাধাচ্ছেন বায়ুর প্রকোপ হাস করার জন্ম। বৃন্দাবন বলছেন—

কেছ বলে দানব দানব অধিষ্ঠান।
কেছ বলে হেন বৃদ্ধি ডাকিনীর কাম।।
কেছ বলে সদাই করেন বাক্যব্যয়।
অতএব হৈল বায়ু জানিহ নিশ্চয়॥
এইমত সর্বজনে করেন বিচার।
বিষ্ণুমায়া মোহে তল্প না জানিয়া তাঁর।।
বছবিধ পাকা তৈল সবে দেন শিরে।
তৈল্যোণে ভাগে প্রভু হাসে ধল খল।
সত্য যেন মহাবায়ু করিয়াছে বল।।

১ ছৈ. জা, জাদি ১০ জঃ ২ চৈ. ব. नशीवा—২৬।৮-১০ ৩ চৈ. জা. জাদি ১০ জঃ

কিছুদিনের মধ্যে নিষাই স্বস্থ হরে উঠলেন। এই সমরে নিষাই-এর দৈনন্দিন জীবন-বাপনের তালিকা পাই চৈতন্ত ভাগবতে। গ্রীগোরাক মৃকুন্দ-সঞ্জয়ের চন্ডীমগুণে ছাত্রগণবেষ্টিত হরে অধ্যাপনাস্তে শিশুগণ সহ গলালান করে আসেন। তারপর কৃষ্ণপূজন (শালগ্রাম শিলা ?) সেবে মধ্যাক্তোজনে বসেন ডিনি। লক্ষ্মী-পরিবেষিত অন্ন তৃপ্তিতরে ভোজন করে তামুগ্ চর্বন করতে করতে কিছুক্ষণ নিজাম্ব্য উপভোগ করতেন, লক্ষ্মী এই সময় স্বামীর পদ্সেবা করতেন। তারপর

তিনি পুস্তক হাতে নিষে নগর অমণে বেঞ্চতেন, যার সঞ্চে অনসংখোগ দেখা হয় তাদের 'সবার দহিত করে হাসিয়া সন্তাম'। এখন তিনি দারিত্রা পীড়িত মাহ্মদের বাড়ী বাড়ী গিয়ে সন্তামণ করতে থাকেন। তত্ত্বোঘের বাড়ী গিয়ে হাসিম্থে কাপড়ের দাম করলেন, গোয়ালার ঘরে গিয়ে 'রাহ্মণ সম্ভে প্রত্ পরিহাস করে'। গোপেরাও তাঁর সঙ্গে পরিহাসে যোগ দেয়—

প্রভূ সঙ্গে গোপর করে পরিহাস। মামা বলি সবে করেন সম্ভাষ ।

এবপর গৰবিণিকের বাড়ী গিয়ে গৰুজবা গায়ে মেৰে চললেন। মালাকারদের বাড়ী থেকে মালা গলার পরে তাত্ব্লির বাড়ী থেকে স্থগদ্ধি তাত্ব্ল উপহার নিয়ে চর্বণ করতে করতে তিনি চললেন শন্ধবিণিকের গৃহে. গেলেন পর্বজ্ঞের বাড়ীতে, গেলেন থোলাবেচা শ্রীধরের বাড়ী।

এই মত নবৰাপে যত নাগরিয়া। দবার মন্দিরে প্রভূ বুলেন ভ্রমিয়া।।

কিছ বিশ্বস্থারের চপলতা এখনও দ্ব হয় নি। সকলের খরেই তাঁর প্রাণ্য ক্রবাদি তিনি দাবী করেন। তাই প্রীধর বলেছেন, তোমার বয়ন বাড়লো, কিছ চঞ্চলতা কমলোনা, বরং বেড়েই চলেছে—

> শ্রীবর বলেন ওহে পণ্ডিত নিমাঞি। গঙ্গা করিয়াও কি তোমার ভর নাই।। বরন বাড়িলে লোকে কত স্থির হরে। ডোমার চাপল্য আর বিশুণ বাঢ়য়ে।।

এইভাবে পণ্ডিত বিশ্বস্তব সাধারণ মধ্যবিস্ত দ্বিজ্ঞ মান্তবের বাড়ী সিয়ে ভাদের স্থাক্থথের অংশীদার হরেছিলেন প্রথম যৌবনেই। পরবর্তীকালে যিনি হয়েছিলেন হীন পভিত্তের ভগবান তিনিই পূর্বাশ্রমে ধীনধ্বিজ্ঞের ঘরে ছুরে হয়েছিলেন ভাবেরই এক সমব্যথী। যথা দাধ্য ছংখীর ছংখ দ্ব করতে ভিনি প্রৱাদী ও গ্রেছিলেন।

প্রভু দেখি মাত্র জন্মে সবার সাধ্বস।
নববীপে হেন নাই যে না হয় বশ।।
নববীপে যারা যত ধর্ম কর্ম করে।
ভোজ্য বস্ত্র অবশু পাঠার প্রভু ঘরে।।
প্রভু সে পরম ব্যায়া ঈশ্বর ব্যাভার।
ভঃথিতেরে নিরবধি দেন পুরস্কার।।
ভঃথিত দেখিলে প্রভু বড় দরা করি।
অন্ন বস্ত্র কডিপাতি দেন গৌরহবি।।
নিরবধি অতিথি আইসে প্রভু ঘরে।
যার যেন যোগা প্রভ দেন সবাকারে॥
ব

এই দম্যে এক দিখিজয়া পণ্ডিত এসেছিলেন নবদীপে। তিনি ভারতবর্ষের সর্ববাজ্য জ্বয় করে পণ্ডিত অধ্যাধিক নবদীপে এলেন বিভার প্রতাপ জাহির করতে। তার পেলেন নবদীপের পণ্ডিত সমাজ। প্রীগোরাক্ষ এই সংবাদ ওনলেন। তিনি ছাত্র বেন্টিও হয়ে গক্ষাতীরে উপবিষ্ট, এমন দম্ম দিখিজয়ী এলেন। বিশ্বস্তরের নির্দেশমত দিখিজয়ী মুখে মুখে বচনা করলেন গক্ষান্তোত্র। অসাধারক মনীবার অধিকারী প্রীগোরাক্ষ গন্ধান্তোত্রে অলংকারের দোব দেখালেন। পরাজিত দিখিজয়ী নিমাইকে ভগবান্ত্রপে তার ভাতে করলেন। কবিরাজ গোলামীর কাব্যে নিমাই পরাজিত দিখিজয়ী পণ্ডিতের ছুংখে সমব্যুকী হয়ে তাঁকে সাজনা দিতে নিজের দীনতা প্রকাশ কবেছেন। তিনি বললেন—

ভোমার কবিত থৈছে গঞ্চাজলধার।

ছিবিজনীর পরাজ্য ভোমার সমান কবি কোথা নাছি আর।।

ভবভূতি **জ**য়দেব আর কালিদাস। তা সবার কবিজে আছে দোবের আভাস।।

দোষগুণ বিচার এই অল্প করি মানি। কবিত্ব করণে শক্তি তাহা সে বাথানি।। শৈশব চাঞ্চল্য কিছু না লবে আমার।

শিল্পের সমান মৃঞি না হই ভোষার ॥°

[ं] के. छा. जारि ३२ ज:

২ চৈ. ভা. আদি ১৬ পৰি

বৈভাত এবং নম্রতা — অহংকার এবং হংথীর প্রতি সমবেদনা— নিমাই-এর চরিত্রেব এই ছুটি আপাডবিরোধী বৈশিষ্ট্য তাঁর প্রথম জীবনে প্রকৃতিত হয়েছিল। প্রথম বৈশিষ্ট্য অর্থাৎ বিশ্বত্য বা অহংকার পরে সম্পূর্ণভাবে ভিরোহিত হওয়ার ভিনি প্রকৃতই দীন দরিত্রেব ভগবান হতে পেরেছিলেন।

বৃন্ধাবন দাস বা কৃষ্ণদাস কবিরাজ দিখিলয়ী পণ্ডিতের নাম উল্লেখ করেন নি। কিন্তু নবছরি চক্রবতী জানিয়েছেন যে পণ্ডিতের নাম ছিল কেশব কাশ্মিরী।

> দিবিজয়ী বৈষ্ণব সম্প্রদায মধ্যে হয়। কেশব কাশ্মিয়ী নাম দিয়ে প্রিচয়।।

নৱহরি জানিয়েছেন যে কেশব ছিলেস নিম্বার্ক সম্প্রদায় ভুক্ত এবং গোকুল ভাটের শিক্স। কেশব ভট কাশ্মিরী চিলেন অনক্স সাধারণ ধীশক্ষি ও পাঞ্জিতোর অধিকারী। তিনি ব্রন্ধোপনিষৎ, ভগবদ্গীতা, শ্রীমদ্ভাগবত প্রভৃতির চীকা বচনা করেছিলেন। তাঁর প্রসিদ্ধ কীতি জ্রীনিবানের কৌছভটীকার প্রভা উপটীকা এবং নিম্বার্কের বেদাস্থ পারিকাত। এতবড একজন পণ্ডিভের পরাভব কাহিনীয় মুরারি, কবিকর্ণপুর জন্তানন্দ ও লোচনেব গ্রন্থে অন্তর্কেখ এবং বৃন্ধাবন ও রুঞ্চাদের কাব্যে পণ্ডিতেব নামেব অম্বরেখ বিতর্কেব ক্ষ্টি করেছে। ড: বিমানবিহারী মজুমদার এই ঘটনাকে কিম্বদন্তীমূলক বলে মনে করেছেন। ড: স্থাল দে মনে করেন যে. বিশ্বর ও কেশব কাশ্বিবীৰ সাক্ষাৎকার সম্ভব किन्न निश्चित्रहोत अवाज्यय वर्गनाम वाषावाष्ट्रि आहि। यस वस वस वर्षनाहा অসত্য নয়। ক্লফদাস বা বন্দাবনের কাব্যে পরাছত দিয়ক্ত্রীর নাম অন্তল্লেখ্য কাবৰ এই হতে পাৰে যে একজন প্ৰসিদ্ধ পাঞ্জতৰ ভূৰ্গতিৰ কাহিনী প্ৰীচৈতন্ত্ৰেৰ অনৌকিক পাণ্ডিভোর প্রকাশক হিসাবে বর্ণনা করলেও পণ্ডিভের নাম উল্লেখ কবে তাঁর অসমান করতে চান নি। শ্রীগোরাক্ত মহং যাঁকে পরাভিত করেও তার পাণ্ডিত্য ও কবিছের ভূষনী প্রশংসা করেছেন, সেই অসামান্ত প্রভিভাবান পণ্ডিতেব নাম উল্লেখ না করে সমীচীন কাজই করেছেন। মুরারি ও করি কর্ণপুরের অন্তরেথ উক্ত কারণেই হতে পারে। ঘটনায় অতিরঞ্জন থাকা অসমত নয, কিছ অসভাতা প্রসাণের কোন তথ্য আসাদের হাতে নেই।

> W. T. >212268

[&]quot;The meeting with Chaitanya, as a fact, is not unlikely, but the account has been grotesquely exgagerated."—The Vaisnava faith and movement—p. 73, f. n.

সপ্তম অব্যায়

নদীয়া লীলা: গার্হস্থ জীবন ও রূপান্তর

এইভাবে পরম গোরবে ও আনন্দে গার্হস্য জীবন যাপন করতে করতে বিশ্বস্তব পূর্ববঙ্গ গমনের ইচ্ছা করলেন। বৃন্ধাবন গোরচজ্রের পূর্ববঙ্গ গমনের কোন উদ্দেশ্যের উল্লেখ করেন নি। এ দম্পকে তাঁর বক্তবা:

তবে কতদিনে ইচ্ছামন্ন ভগবান্।
বঙ্গদেশ দেখিতে হই গ ইচ্ছা তান্।
পূৰ্বক ব্ৰহণ
তবে প্ৰভু জননীৱে বলিলেন বাণী।
কতদিন প্ৰবাস কবিব মাতা আমি।
লন্ধী প্ৰতি কহিলেন শ্ৰীগোঁৱ স্থন্দৰ।
মান্তের সেবন তুমি কব নিরন্তর।
তবে প্ৰভু কত আগু শিশ্ববর্গ লৈয়া।
চলিলেন বক্ষদেশে হ্যবিত হৈয়া।

রুক্ষদান কবিরাজ বলেন যে বিশ্বস্তারের বঙ্গদেশ প্রমন উক্ত অঞ্চলে ছরিনার প্রচারের উদ্দেশ্যে।

> কতদিনে কৈল প্ৰান্থ বঙ্গেতে গমন। যাহা বাহ তাহা লওয়ায় নাম সংকীৰ্তন ॥

কিন্তু পরা থেকে প্রভাবর্তনের পূর্বে ছরিনাম প্রচার শ্রীগোরাক্ষ করেছিলেন, এরকম ধারণা তার জীবন কাহিনী থেকে প্রভাত হয় না। তিনি সজ্ঞানে কথনও নাম প্রচারে বহির্গত হয়েছিলেন বলেও বোধ হয় না। কবিরাজ গোখানীর মতে পূর্বক থেকে এনে গৌরচন্দ্র দিখিজয়ীয় দর্প চূর্ব করেছিলেন। কিন্তু মুরারি, জয়ানন্দ ও লোচনের মতে গৌরচন্দ্র পূর্বক পিয়েছিলেন ধন উপার্জনের উদ্দেশ্তে।

ততো গৃহাখ্রমে দ্বিদ্বা ধনার্বং প্রথমে দিশি। পূর্বকাং সঞ্জনৈঃ সাধ্য দেশান কুর্বন্ স্থনির্যসম্। ৬

১ চৈ. জা. আদি ১২ বঃ ২ চৈ চ আদি ১৬ পরি ৽ মৃ. ক. --২।১১।৫

— ভারপর গৃহাঞ্জমে অবস্থান করে ধন অর্জনের নিমিত্ত সক্ষনগণের সঙ্গে বেশসমূহকে নির্মল করতঃ প্রবিক্তে গমন করেছিলেন।

अवानत्मन्न वक्कवाः

হাসিয়া গৌরাঙ্গ সভাবে কহিলা। শুল্মী-বিভা করি আমি সংসাবে পঞ্চিলা।

পূৰ্বক গমৰের উক্ষেক্ত ইট মিত্র কুট্ছ বমণী দাস দাসী।

রক্ষণ পোষণ কবি উহা ভালবাসি।

অর্থ উপার্জন বিনে সংসার না চলে।

বক্ষদেশে আই আমি অর্থের ছলে।

অর্থ বিনা সংসার কভু নাঞি চলে।

অর্থবিত্যা অর্থরূপ সর্বলোক বলে।

লোচন যদিও বলেছেন যে হরিনাম প্রচারের উদ্দেশ্তে গৌরচন্দ্র পূর্বক গমন করেছিলেন, তথাপি তিনি মাকে বললেন যে ধন উপার্জনের জন্মই পূর্ববঙ্গে যাছেন—"মায়েরে কহিল খাব ধন উপার্জনে।" শচীমাতাও বললেন—

> ধন উপাৰ্জনে প্রদেশ যাবে তুমি। তোমারে না দেখিয়া হেখা মরি যাব আমি ॥°

শুধু তাই নয়, বিশ্বস্থ পণ্ডিত যথন কিবে এলেন পূৰ্ববন্ধ থেকে তথনও তাঁর সঙ্গে উপাজিত ধন সম্পদ ছিল।

> ঘরেতে আইলা প্রভু নানা ধন লঞা। মাতৃস্থানে দিল ধন হর্ষিত হঞা।

এই সময়ে পূর্ববেদ ছবিনাম প্রচার গৌরচক্রের জীবনের সঙ্গে সামঞ্জপূর্ব লয়। বৃন্দাবন যদিও গৌরান্দের পূর্বক গমনের কারণ সম্পর্কে কিছু বলেন নি, তথাপি তাঁর বিবরণে ধন উপার্জনের ইন্দিড আছে। পূর্বক থেকে স্বগৃহে প্রভাবিজনকালে তিনি বছমূল্য স্রবাদি উপহার পেরেছিলেন।

> ভবে প্রস্কু গৃহে আসিবেন হেন শুনি। যার যত শক্তি সবে ধন দিলা আনি।

> रेष्ठ. य. नहीत्रा—8>।>२ २ रेठ. य. व्याविश्वक ७ ज्याव्यत्र हेठ. य व्याविश्वक व व्याव्यत्र हेठ. य. व्याविश्वक

স্থবৰ্ণ রক্ষত জল-পাত্ত দিব্যাসন। স্থান ক্ষল বহু প্ৰকাৰ বসন। উত্তৰ পদাৰ্থ যাব যত ছিল ঘৰে। সবেই সম্ভোৱে আনি দিলেন প্ৰভূৱে॥

কবিরাদ্ধ গোস্থামী এক কথাতেই সেরেছেন—ঘরেতে আইলা প্রভুলঞা বহু ধন জন। ব্দরানন্দের কাব্যে জগরাধ মিশুকে পুরই ধনী বলে প্রতীতি জয়ে। জয়ানন্দের মতে জগরাধের ধনসম্পদ দাসদাসী প্রচুর ছিল।

লেখিতে না পারি দাসদাসী বত

মি**শ্রের মন্দিরে থাটে**। °

তবে এ বিবরণ কবি-কল্পনা বলেই মনে হয়। জগলাথ মিশ্র শ্রীহট্ট থেকে নববীপে বদতি স্থাপন করেছিলেন। তিনি ব্রাহ্মণপণ্ডিত অধ্যাপক ছিলেন। তাঁর পক্ষে এত বিত্তবান্ হওরা কি প্রকারে সভব ? বরঞ্গ বৃদ্ধাবন দাস জগলাথের দারিজ্যের কথা বারংবার উল্লেখ করেছেন। বিশ্বরপের সল্লাগের পরে জগলাথ যথন নিমাই-এর বিভাশিক্ষা বদ্ধ করে দিলেন, তথন শচীর স্থাগ্রহাতিশহা দেখে জগলাথ বলেছিলেন—

সাক্ষাতেই এই কেন না দেখত আমাত পঢ়িয়াও আমার কেন ঘরে নাহি ভাত ॥°

শিশু নিমাইকে দেখে জগন্ধাথ শচী দবিত্র হলেও আনন্দ সাগরে ভাসতেন—
দেখি শচী জগন্ধাথ বড়ই বিশ্বিত।
নির্ধন তথাপি কোঁছে মহা আনন্দিত।

জগন্ধাবের লোকাস্তরের পরে একদিন মারের উপরে ক্র্ছ নিমাই দরের জিনিবপরে ভেকে ফেলনেন। তথন শচী বলছেন পুরুকে—

ঘর ঘার জব্য যত সকল তোমার।
অপচর তোমার দে কি দার আমার।।
পঢ়িবারে তুমি বুল এখনি যাইবা।
ঘরেতে সকল নাই কালি কি থাইবা।

১ চৈ, জা, জাদি ১২ জঃ ্২ চৈ. চ. জাদি ১৬ পরি ৩ চৈ. ষ. নহীরা—৩১৭

এ এ ৬ জঃ ে ঐ ৪খঃ ৬ চৈ, ভা, আছি ৭ জঃ

এত এব দ্বিত্র অগরাথ-শ্চীর সস্থান নিমাই যদি বৌবনার ছেই স্বেচ্ছার বিরে করে সংলারে স্বাচ্ছল্য আনার আকাক্ষার পূর্ববঙ্গে গিরে থাকেন, ভবে ভাতে অসম্ভাব্যভাও নেই, বিশ্বরেরও কিছু নেই। বৃন্ধাবন দাসের মতে পূর্ববঙ্গ গিরে বিশ্বস্তর বহু ছাত্র শিশ্ব নিয়ে অধ্যাপনা করতে লাগলেন; এই অঞ্চলে নিমাই পণ্ডিতের বিশ্বাবন্তার থ্যাতি ছড়িয়ে পড়েছিল। পূর্ববৃদ্ধানীরা গৌরচক্রকে বলে—

যুর্তিমন্ত তুমি বৃহস্পতি অবতার। তোষার দদৃশ অধ্যাপক নাহি আর॥

বিভাগান

এবে এক নিবেদন করিরে তোমারে। বিছাদান কর কিছু আমা সবাকারে। উদ্দেশে আমরা সবে তোমার টিপ্পনী। লই পঢ়ি পঢ়াই শুন বিজমবি।

স্বতরাং নিমাই পণ্ডিতের বছতর ছাত্রশিক্ত হয়েছিল পূর্ববঙ্গে। বৃক্ষাবন বলেছেন—

বিভারদে করে প্রাকু বঙ্গদেশে রঙ্গ।
সক্ষে সহফ শিশ্র হইল তথাই।
হেল নাথি জানি কে পঢ়ারে কোন কোন ঠাঞি।
তানি সব বঙ্গদেশী আইদে ধাইয়া।
নিমাঞি পাওত স্থানে পঢ়িবাঙ গিয়া॥*

এইখানে বিশ্বস্করের সঙ্গে সাক্ষাৎ পবিচয় ঘটে সংসার বিরক্ত তপন মিশ্রের। তপন মিশ্রকে শ্রীগোরাক বারাগসী বেতে নির্দেশ দিলেন। পরে সন্ম্যাস¹ শ্রীচৈতক্তের সঙ্গে তপন মিশ্রের মিলন হয়েছিল। তপন মিশ্র বিশ্বস্করের বাছে পথের সন্ধান চাইলেন। গৌরচক্র তপন মিশ্রকে বললেন—

ন্তন মিশ্ৰ কলিযুগে নাহি তপ যক।

তপন নিখ্রের যেই জন ভজে কৃষ্ণ তার মহাভাগ্য।। সজে সাক্ষাংকার অত্এব গৃহে,তুমি কৃষ্ণ ভজ গিয়া।

কুটিনাটি পরিহরি একান্ত হইয়া ॥ b

গোরাস্থদেব তপন মিপ্রকে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে ইত্যাদি খোল নাম বিজিশ অক্ষর বিশিষ্ট মহামন্ত্র জপ কয়তে বললেন, তারপর বললেন: বারাণদাতে তপন মিপ্রের সঙ্গে তাঁর লাকাৎ হবে।

প্রান্থ করে তুমি শীব্র যাও বারাণসী।
তথাই আমার সঙ্গে হইবে মিলন।
কহিব সকল তত্ত্ব সাধ্য সাধন।।

বৃন্দাবন-প্রদন্ত বিবরণই কবিরাজ গোস্থামী সংক্ষেপে উল্লেখ করেছেন। ইই চরিতকারের বক্তব্যাস্থ্যারে তপন মিশ্র শ্রীচৈতক্তের প্রথম শিশ্র। এই বিবরণ যথার্থ হলে অবশ্রই স্থীকার করতে হবে যে শ্রীচৈতক্তের প্রথম যৌবনেই প্রথম বিবাধের পরেই ধর্মভাব ক্ষুরিত হঙ্গেছিল এবং তিনি সন্ন্যাস গ্রহণের ও বৃন্দাবন গমে-র পরিক্রন। সন্ন্যাস গ্রহণের সাত আট বংসর পূর্বেই করে রেখেছিলেন। কিন্ত শ্রীচৈতক্তের জীবনের পূর্বাপর ঘটনা থেকে এ ঘটনার কোন সমর্থন পাওরা যাছে না। বৃন্দাবনের পূর্ববতী বিবরণ ও এই বিবরণের মধ্যে অসক্ষতি থেকে যাছে। বিশ্বার্থন সমাপন করে নিমাই যখন অধ্যাপনা শুক্র করলেন, তথন তার সহপাঠি মুকুন্দ বলছেন—

মহজের এমন পাণ্ডিত্য আছে কোথা।
কেন শাল্প নাহি যে অভ্যাস নাহি যথা।।
এমত সুবৃদ্ধি ক্লফভক্ত হয় যবে।
ভিলেক ইহার সক্ষ না ছাড়িয়ে তবে।।

মৃকুন্দ বিশ্বস্থর পণ্ডিডের পাণ্ডিডের মৃথ্য, কিন্তু ক্লফভক্তির অভাব দেশে স্থা। গলাতীরে বলে যথন বিশ্বস্থ ছাত্তদের কাছে শাস্ত্র ব্যাথ্যা করতেন, তথনও এতবড় প্রতিভাবান্ তরুণের ক্লফভক্তিহীনডায় বৈফ্রগণ আন্দেশ করতেন—

> কেছ বলে হেন রূপ হেন বুদ্ধি যার। না ভজিলে কৃষ্ণ নহে কিছু উপকার॥

পণ্ডিভরা বহিও নিমাইএর ফাঁকি জিজ্ঞাসায় ভয়ে উদিগ্ন পাকভেন, তথাপি তাঁবা বসভেন---

১ চৈ. জা. আছি ১২ জঃ ২ চৈ. চ. আছি ১৩ পরি

ত বাংলা সাহিত্যের ইভিতৃত্ত, ২র, অসিতকুষার বন্দ্যোগাধার-- গৃঃ ১৯৮

s रेठ. छा. चाचि >• चः । चानि >• चः

মহন্তের এমন পাণ্ডিত্য দেখি নাঞি।
কৃষ্ণ না ভলেন দবে এই ছু:খ পাই।।
সকলেরই আকাজ্জা নিমাইএর ক্লফে রতি হোক্—
অক্সান্তে সবেই সাধেন সবা প্রতি।
সবে বোল ইহান হউক ক্লফে রতি।
দণ্ডবত হই সবে পদ্ভিলা গঙ্গারে।
সর্ব ভাগবত মেলি আশীর্বাদ করে॥
হেন কর ক্লফ্ল জগন্তাথের নন্দন।
বোর রসে মন্ত হর ছাডি অক্স মন।
নিরবধি প্রেমভাবে ভক্কুক ডোমারে।
হেন সঙ্গ ক্লফে দেহ আমা সবাকারে।
তার সকলে নিমাইকে ক্লফ্জনা করতে প্রামর্শ দিলেন।
কেহ বলে হের দেখ নিমাঞি পণ্ডিত।

কেহ বলে হের দেখ নিমাঞি পণ্ডিত।
বিদ্যায় কি লাভ কুঞ্চ ভন্দহ দ্বরিত।
পঢ়ে কেনে লোক কুঞ্চন্ডি জানিবারে।
সে যদি নহিল তবে বিদ্যায কি করে॥

গৌরচন্দ্র এই রুঞ্জক্ষদের উপহাস করে বলেন—
কভদিন পঢ়াইয়া মোর চিত্তে আছে।
চলিমু বুঝিয়া ভাল বৈঞ্চবের কাছে॥°

এহেন বিশ্বাপর্বিত ভক্তিহীন ব্যক্তি বিবাহ করে পূর্বক প্রমণ করতে গিরেই ক্ষতক হরে ক্ষতকি উপদেশ দিলেন ও কাশীতে তপন মিশ্রের সক্ষে লাভ লাট বংসর পরের সাক্ষাংকারের আভাস দিলেন এমন ঘটনা গ্রহণযোগ্য নর। গৌরচম্র হয়ত তত্ত্বজ্ঞিয়ে ভক্ত তপন মিশ্রেকে কাশীতে বাস করতে প্রামর্শ দিয়ে থাকতে পারেন, কিখা কাশীতে কোন ধর্মপ্রাণ সাধু সম্যানীর কাছে থেতে উপদেশ দিতে পারেন।

নিমাইএর পূর্ববন্ধ গমনের আর একটি হেড়ু কোন কোন প্রছে উলিখিত হরেছে। প্রভার নিধোর চৈড্ডোক্সাব্যাবলীতে কথিত ক্ষেছে যে, জ্গলাধ নিঞা

১ চৈ. ভা আছি ১০ আঃ ২ চৈ. ভা. আছি ১০ আঃ ৩ চৈ, ভা আছি ১০ আঃ

⁸ **W**T

পিভাষাভার অনভোবত্বনিত পাপে অইকল্পার মৃত্যু আশংকা করে বিশ্বরূপের অরের পর প্রীহট্টে শচী সহ পিতৃমাতৃসন্দর্শনে যান এবং কার্যনোবাক্যে পত্নীসহ পিতা উপেন্দ্র মিশ্র ও মাতা শোভাদেবীর সেবা করতে থাকেন। এই সময়ে নিমাই শচীগর্ভে আবিভূতি হলে শোভা দেবী স্বপ্নে শচীগর্ভে ভগবান্ শ্রীরুফ্টের আবিভাব প্রত্যক্ষ করে জগরাথ ও শচীকে নবদ্বীপে পাঠালেন। যাত্রাকালে শোভাদেবী শচীকে বলেছিলেন, তোমার গর্ভ থেকে যে পুত্রসন্ধান জন্মাবে ভাকে আমি দেখবো, ভাকে আমার কাছে পাঠিয়ে দিও। শচী সন্মত হরেছিলেন। লন্ধী-পরিপরের পর শচীর আদেশে গৌরচন্দ্র শ্রীহট্টে গমন করেছিলেন—"বঙ্গদেশে সমায়াতো মাতুরাজ্ঞাং বিধার সং।"

এই কাহিনী কডটা বিশাস্যোগ্য বলা কঠিন। তবে চূড়ামণি দাসের গৌরাক বিজয় কাব্যে খেচ্ছার পিছভূমি শ্রীহট্রদর্শন মানঙ্গে গৌরাজের পূর্বক গমনের উল্লেখ আছে—

> দেখিবান্ত শিতৃত্বি জাগএ অন্তর। অবশ্য দেখিব গিরা শ্রীহট্টনগর।।^২

শচী মা এখানে নিজে উজােগী হয়ে পুত্তকে পাঠান নি, বরং জঙ্গল-নদীনালা-সমাকীর্ণ পূর্বক গমনে প্রথমে বাধাই দিয়েছিলেন। গৌরচক্র মায়ের অন্তমতি আছার করলেন এবং তিন চার জন ছাত্র নিরে পিছুজ্মি দর্শনে চললেন।

> তিৰ চারিজন লইব পড়ুয়াত সঙ্গে। নানা শাহ বিচাবে সে করিবেন রঙ্গে ॥৩

পূৰ্বব্যের নানাহানে জ্ঞমণ করে জ্রীগোড়াক শেবে এসে উপস্থিত হলেন শ্রীকটে—

> ছানে ছানে বহে গৌর জবে কমে চবে। নদ-নদী পার হৈল নিজ বাছবলে। জবে নে চলিরা পারে গ্রীহটনগরে। জিজালি রহরে গিয়া নিজ বন্ধু বরে।

এখানে বৌর ভাগবত ব্যাখ্যা করে সকল বৈদাভিক বৈষাংসিক ভাকিকদের

> देशस्त्रामत्त्रावनीम्—अ५० २ वर्गते वि—्षुत्र २४ ७ वर्गते विज्ञान्त्र २००
व वो —लगूर २००

শতিভূত করেছিলেন এবং একমান অবস্থান করেছিলেন। ভিনি সম্থানে প্রত্যাবর্তন করবেন শুনে প্রীট্রবাদীরা প্রচুর উপর্চোকন দিয়েছিল।

> এত শুনি দর্বলোক উল্লাস অন্তবে। বাস পরিচ্ছদ ধন জাএ আনিবারে !

রাজধোগ্য বস্ত্র পরিচ্ছদ বছ্য্ল্য। নানাবিধ রম্ভ ধন প্রভূবর তুল্য॥

এই ছটি বিবরণ পড়ে গোঁরচস্ত্রের শ্রীহট্টগমনের ঘটনা একেবারে অত্থীকার করা ধার না। ভঃ স্কুমার সেন মনে করেন, "দেশের ভূসপাতি যাহা ছিল, ভাহার শেব ব্যবহা করিভেই তিনি বঙ্গদেশে গিয়াছিলেন।" যদি ও এরকম সম্ভাবনা একেবারে উড়িয়ে পেওয়া যায় না, তবু এ নিছক অহ্যানমাত্র। আর একজনের মতে "পৈত্রিক বাসন্থান সন্ধর্ণনই তাঁহার প্রধান উদ্দেশ্য ছিল।" বঙ্গদেশে বিশ্বত্র যে শিক্সবর্গ সঙ্গে নিয়ে গিয়েছিলেন, ভার উরেথ বুক্সাবনের কাব্যেও পাই—

তবে প্রকৃত আগুশিশ্ববর্গ লৈয়া। চলিলেন বন্ধদেশ হর্ষতি হৈয়া।

বৃন্ধাবন শলেছেন যে পূর্ববঙ্গে গলে গলে মাহৰ বিশ্বভাৱের ছাত্রস্থ স্থীকার করে ধক্ত হয়েছিল। ভারা বলে—

পূর্বক্রানীরা বলেছিল, ভোমার টিয়নী আমরা পড়ি, এখন ভোমাকে

> त्वी. वि.--मृ: ১०२ २ बालाना नाव्रिकात वेक्टिशन-->न वेक मृ: ১०

७ स्वर्णन--वर्ष वर्ष, नवर माथा। ३२४०, बीकुम्बाम प्रक्रिक देव्छ। धारण

s है. जा. चारि >२ चाट

ब हेत. का. चारि ३६ क:

প্রকরণে পেরে আমরা ধক্ত। বৃদ্ধাবন বলেন, সহস্র সহস্র শিল্প বিশ্বভারে হ কাছে। পাঠ নিতে এসেছিল।

> তনি সৰ বন্ধদেশী আইলে ধাইয়া। নিমাঞি পণ্ডিতম্বানে পঢ়িবাঙ গিয়া।।

গোরাকদেব পূর্ববক্ষে কডদিন ছিলেন তা বলা কঠিন। চূড়ামণি দাস জানিয়েছেন যে তিনি শ্রীহট্টে একমাস ছিলেন। বৃন্ধাবনের রচনার পাই, তিনি ছুইমাস পূর্ববঙ্গে বিজ্ঞমান করেছিলেন—"ছুই মাসে লবেই হুইল বিস্থাবান"। মুরারির বিবরণে তিনি ক্রেকমাস পূর্ববঙ্গে অবস্থান করে বিভাদান করেছিলেন—

> দয়ালুরনয়ৎ স্বামী মাসান্ কভিপয়ান্ বিভূ:। পাঠয়ন্ বান্ধান সর্বান বিভারসকুত্রলী ॥৬

শ্রাবির বিবরণ অবশ্যই নির্ভরযোগ্য। নিত্যানন্দ দাস রচিত প্রেমবিলাসে প্রিগোরাক্ষের পূর্ববন্ধ অন্ধানের একটি বিস্তৃত বিবরণ আছে। বিবরণটি উদ্ধৃত করছি:-

নববীপ হৈতে প্রভূ আদি বঙ্গদেশে। পদ্মার তীবেতে রহে মনের হরিবে॥

কিছুদিন থাকি প্রভু ভাবিলা মনেতে।
ঘাইতে হইল মোর শ্রীহট্ট দেশেতে ॥
পিতৃত্বরহান পিডামহেরে দেখিরা।
পদ্মার তীরেতে ঝাট আসিব চলিরা॥
এডচিন্তি মহাপ্রভু শ্রীহট্টে চলিলা।
পদ্মাতীরে ক্ষরিদপ্রে উপন্থিড হৈলা।।
ভবা হৈতে বিক্রমপ্রের ন্রপ্রে গমন।
হ্বর্ণগ্রামেতে পরে দিলা দরশন।।
ভাহা হৈতে আইলা দেশ এগার সিন্তুর।
ব্যহপুরে ভীবে পুর শ্বতি মনোহর।।

১ চৈ ভা আদি ১২.আঃ ২ চৈ. ভা. আদি ১২ আঃ ৬ মৃ. ক.—১।১১।১৬

নে দেশে বেভাল গ্রাম স্থাসিত্ব হর।
কুপা করি সে স্থানে আইলা দ্যাময়।।
ভাহার নিকটে আছে ভিটাদিয়া গ্রাম।
নানা দেশে স্থপ্রসিদ্ধ কুলীনের স্থান।।
সেইস্থানে আছেন লক্ষ্মীমাথ লাহিড়ী।
পর্ম বৈষ্ণব সর্বগুলে সর্বোপরি।।
ভার দরে কৈলা প্রভু ভিক্রা নির্বাহণে।
ছুই চারি দিবস রহে ভার ভক্তিগুলে।

প্রেমবিলাদের মতে পিতামহ পিতামহীকে দর্শন করে তিনি পদ্মাতীরবর্তী
অঞ্চলে বিভা বিতরণ করেছিলেন—

পিতামহা পিতামহে ঐগোরাক বার।
কপা করিয়া পদ্মাবতী তীরে চলি যায়।।
তথা থাকি প্রকৃত করে বিদ্যার বিলাস।।

এই বিবরণের থাটিছে সন্দেহ জাগে। প্রেমবিলাস লিখিত হয়েছে ১৫২২
শকান্দে অর্থাৎ ১৬০০ খ্রীষ্টান্দে—মহাপ্রভুর ভিরোধানের ৬৭ বৎসর পরে।
স্বভবাং অন্ত প্রমাণাভাবে শ্রীগোরাকের পূর্ববকের বিভিন্নছান ভ্রমণের খুঁটিনাটি
বর্ণনার সংশর দেখা দেওরা সাভাবিক ॥ ভাছাড়া নিভ্যানন্দ দাস বলেছেন
ভিটারিয়া প্রামের পরস বৈক্ষব দল্লীনাথ লাহিড়ীর গৃহে বিশ্বস্তর ভিক্রা
গ্রহণ ক্রেছিলেন। কোন বৈক্ষবের ঘরে চার দিন অবস্থান হর্মভ অসম্ভব নর।
কিন্তু গৃহস্থ গৃহে ভিক্নাগ্রহণ সন্ত্যানীর রীভি। শ্রীগোরাক তথন সভোবিবাহিত।
সন্ত্যানীর আচরণ তার পক্ষে বছৰ নর।

পূৰ্ববন্ধ প্ৰমণকালে প্ৰীচৈতক প্ৰীষ্ট্ট গিয়ে ছিলেন বলে মনে হয়। তিনি কয়েকমাল পূৰ্ববন্ধে কাটিয়ে ধন অৰ্জন করে গৃছে কিষেছিলেন। পূৰ্ববন্ধে গিয়ে তিনি কিভাবে ধন অৰ্জন করেন তা কোন চরিওকারই বলেন নি। নাজ কয়েক মালের মধ্যে (অবপ্রই এক বৎসংরের কম সময়) তুই মাল বা ভয়পেকা কিছু বেশীকাল বিভাহান করে ভিনি কভথানি সকলতা লাভ কয়েছিলেন, কিভাবে ধন অৰ্জন কয়েছিলেন, তা তকের বিষয়। প্রীষ্টে তাঁর পৈজিক সম্পত্তি ছিল

^{) (}अविश्व कि श्राविश्व वि

কিনা তাও জানা যার না। সে সমরেও যদি বিশ্বভবের পিতামছ-পিতামহী জীবিত থাকেন, তাহলে সম্পত্তি বিক্রয়ের অধিকার তাঁর ছিল না। সেকালে, এমনকি, প্রাগাধুনিক কালেও ধনী জমিদার ব্যক্তিরা প্রতিভাবান্ পণ্ডিতদের পোষণ করতেন। নিমাইপণ্ডিতের মত খ্যাতনামা তরুণ অধ্যাপক নানাম্বানে ত্রমণ কালে স্থানীর বিত্তবান ব্যক্তির কাছ থেকে মূল্যবান ত্রবাদি উপহাররণে প্রেছিলেন—এমত ঘটনা সভাবাতার সীমা অভিক্রম করে না।

এই সময়ে নববীপে শচীদেবীর গৃহে একটি বিরাট ছুর্ঘটনা ঘটে গেল,— একদিন নিজিত অবস্থায় সর্পদংশনে গৌরাক্ষপ্রিয়া লক্ষ্মী মারা গেলেন—"এবং শ্বিতা গৃহে কালে দ্বোদাগত্য কুগুলী অদশং পাদমূলে…।"

কবিকর্ণপুর সিথেছেন,-

দৈবাদ্ধ মন্দিরমধামাগত

লক্ষ্মীৰ মৃত্যু

শুকু: প্রবাং কুরতর: স্থপাবর:।
বধ্বাং পদং শারদপদ্ম সৌরভং
ভেজে কঠোরৈর্দশলৈ: কঠোরখী:।।

— অনস্তর দৈবক্রমে গৃহমধ্যে আগত নিষ্ঠুর পাষর কঠোর প্রকৃতির সর্প বধু (সন্ধী)র শারদ পারের মত পদে কঠোর দক্তের ছারা দংশন করলো।

লোচন ধনিও বলেছেন যে গৌরাকের বিরহই সর্পের আকারে দংশন করেছিল, তথাপি তিনি শাইভাবেই জানিরেছেন—দংশিলেক মহাসর্প লন্ধীর চরণে।

রুফদাস কবিরাজও লোচনের মতেই বলেছেন—
প্রভুর বিরহ-সর্প লন্দ্মীরে দংশিল।
বিরহ সূর্প বিবে তাঁর প্রলোক হৈল ॥

ৰয়ানৰ কিছ পাইভাবেই লিখেছেন যে নিশাকালে নিজিও অবস্থায় লন্ধীকে সাপে কাৰড়েছিল।

আর একদিনে লক্ষী পালত উপরে।
শচী সঙ্গে নিজা-লক্ষী বিলাস মন্দিরে।।
রাজি অবশেষে কাল সর্পরণ ধরি।
দংশিল দক্ষিণ পদা কনিষ্ঠ অকুলি।।

> ¥. ₩.->|>>|€>

२ टेंड. इ. बहाकाना---------

७ हे. न. जाविश्व

क देक. छ. व्यक्ति ३६ शहि

e है. म. महीक्रां—क्ष्माऽ-२

বৃন্ধাবন দাস এবং প্রস্থায় মিশ্র সন্ধার মৃত্যুর কারণটিকে অস্পষ্ট রেখে বলেছেন যে পতিবিরত্বেই সন্ধা দেহত্যাগ করেছিলেন। যাই হোক্, গোরচন্দ্র পূর্ববঙ্গ থেকে কিবে এমে প্রিয়তমা পত্নীর মৃত্যুসংবাদ শুনলেন। এই তৃঃসংবাদ শুবনে নিমাইএর প্রতিক্রিয়া বিভিন্ন চরিতকার ভিন্ন ভাবে বর্ণনা করেছেন। বৃন্ধাবন সিথেছেন--

পত্নীর বিষয় শুনি গৌবাক শ্রীহরি। কণেক রহিলা প্রাভূ হেট মাথা করি। প্রিয়ার বিরহত্ব:খ করিয়া স্বীকার। ভূষণী হই বহিলেন সর্ববেদসার।।

বৃদ্ধাবন শ্বর করেকটি কথার নিমাই-এধ পত্নী-বিরোগ জনিত ভীত্র বেদন। প্রকাশ করেছেন। প্রিরভমা বিষোগ ত্বংখের গভীরতা মুরারিও ইন্দিতে প্রক।শ করেছেন—

> ইতি নিশম্য বচো মধুস্থানঃ সমবদং ককণাৰ্ত্তদুশাধিকাম্। সাত্মগোপনবলৈৰ্বচনৈত্তদ্ গোণয়ন্ হি সকলং জগদীশঃ ১

—এই (লক্ষীর মৃত্যু) ওনে মধ্ত্দন (গৌরাস্ব) করণায় আর্প্রাইডে জননীকে নিজ মনোভাব গোপন করে আত্মহংথ গোপনস্থচক বাক্যের হারা জননীকে বললেন।

> গহন গভীর প্রভূ কিছু নাহি ভাবে। ক্ষণেক রহিয়া করে এ বাগ্ বিলাদে ॥

এ বোল শুনিঞা প্রজু বিরস অন্তর। ছল ছল করে আঁথি কলণার জল।।

এই কটি বিবরণ থেকে প্রীগোরাকের শোকের গভীরভা এবং ভীরভা সহজেই অন্তবের। তবে তিনি মাতৃতক্ত সভান, মারের গভীর শোকের কথা বরণ করেই আন্তাশেক গোপন করে মাকে সাত্তনা হিতে প্রবৃত্ত হরেছিলেন। জয়ানক ও কবি কর্ণপুর অবস্ত উত্তট সংবাদ দিরেছেন। কবিকর্ণপুরের মহাকাব্যে

> कि छ। जाकि ३२ चः २ वृ. क.—১।>-।>७ ७ तो. वि —शृ: >०० ० कि व. जाकिव⊕

গৃহপ্রত্যাপত নিমাই লন্ধী-বিয়োগ শুনে হাদতে হাদতে মাকে তবজান দিরেছেন, আর জয়ানব্দের কাব্যে তিনি প্রেমানন্দে নৃত্য করেছেন।

> লন্ধীর বিয়োগ কথা লোকমূথে ভনি। প্রেমানকে কার্ডনে নাচে বিক্ষমণি॥

এই উন্তট বিবরণ যে গৌরচক্রের অভিমানবিকতা প্রতিপাদনের প্রশ্নাদ তাতে সম্পেই নেই। অনিবাচিতা প্রিয়তমা পত্নীর আকৃত্রিক বিদ্যাল-বেদনাকে বক্ষে লালন করেই বিশ্বস্তরকে অস্ততঃ মায়ের প্রীতির নিমিন্তও আভাবিক জীবন নির্বাহ করতে হয়েছিল। এই সময়ে প্রীগৌরাক্রের জীবন পূর্বাৎ যথানিয়মে চলতে থাকে। প্রাতঃকালে সন্ধ্যাবন্ধনা সেরে তিনি জননাক্ষে প্রামান করে মৃকুন্দ-সঞ্চয়ের গৃহে অধ্যাপনা করেন, ছাত্রাকের সক্ষেক্ত পরিহাসও করতে থাকেন; বিশেষতঃ প্রীহটিয়াদের তক্ষেনীয় ভাষা বলে রক্ষরস করতে থাকেন, মাধার বিষ্ণু তেল দেন, গলা লান করেন, পুনরায় সন্ধ্যাকালে অধ্যাপনা করেন। এই ভাবেই চলে দিন। হয়ত বা লক্ষ্মীর শোক চাপা দিতেই তিনি জীবনধান্তায় বাহাতঃ আভাবিকতা রক্ষা করে চলতেন। শচী দেবী হয়ত পুনের মনের ব্যথা বুঝেছিলেন। ভাই তিনি পুনের পুনর্বিবাহের জক্ষ উল্ভোগী হলেন।

বিক্'এরা বধুপুর গৃহ দেখি পায়ে বড় চিস্তা।

পরিবর বিশৃষ্টরে বিভা দিব করে মন: কথা ॥

গঙ্গাসানকালে রাজপণ্ডিত সনাতন মিশ্রের কল্পা বিষ্ণুপ্রিরাকে দেখে শচী দেবী তাঁকে পুরুবধুরণে মনোনীত করলেন—

শচী দেবী তানে দেখিলেন যেই ক্ষণে। এই কক্সা পুত্রযোগ্য বৃঝিলেন মনে।*

বিষ্ণুপ্রিয়াও শচীকে চিনলেন। তিনি গঙ্গামানান্তে শচীকে প্রণাম করতেন। শচী বিষ্ণুপ্রিয়াকে পুত্রবধূরূপে নির্বাচিত করে কাশীনাথ মিশ্রকে ঘটকালিতে নিযুক্ত করলেন—

ততঃ শচী চিস্তবিদা বিবাহার্থং স্থতক্ত সা। কাশীনাথং বিজ্ঞান্ত প্রাহ গচ্ছত্ব সাভাতম্য

> है. व. बनोब्रा—कराऽ र लाहब—हैंह. व. जाविश्व के हैंह. छो. जावि ३० जा

জ্ঞীমংসনাতনং বিক্রং পণ্ডিতং ধর্মিণাং বয়ম্। বদস্ব মম পুরায় স্থতাং দাতুং যথা বিধি ॥ ১

—তারপর শচী পুত্রের বিবাহের নিমিত চিম্বা করে ছিলপ্রেষ্ঠ কাশীনাথকে বললেন, এখন ধার্মিকপ্রেষ্ঠ ব্রাহ্মণ দনাতন পণ্ডিতের কাছে যাও, আমার পুত্রকে বথাবিধি ক্ষা দান করতে বল।

দৈবে শচী কাশীনাথ পণ্ডিভেরে আনি। বলিকেন তাঁরে বাপ তন এক বাণী। রাজ্ঞ পণ্ডিভেরে কহু ইচ্ছা থাকে তান। আমার পুজেরে ককুন কন্তাদান।।

স্তরাং সনাতন মিশ্রের কক্তা বিষ্ণুপ্রিয়ার সঙ্গে বিশ্বত্তর মিশ্রের বিবাহ হয়ে বেল জাক্তামক সহকারে। বৃদ্ধিমন্তথান বিবাহের সমস্ত ব্যয়ভার বহন করলেন।

বৃদ্ধিমস্ত থান বলে শুন সর্ব ভাই।
বামনিঞা সজ্জ এ বিবাহে কিছু নাঞি।।
এ বিবাহ পণ্ডিতের করাইব হেন।
রাজকুমারের মত লোকে দেখে বেন।

নিমাই-এর প্রথম বিবাহ হরেছিল স্থনির্বাচিত কল্পা লক্ষীর সঞ্চে তাঁর (আ: ১৫০৭ খ্রীঃ) জননী নিজেরই স্মাগ্রহাতিশয়ে। দ্বিতীয় বিবাহ হয় প্রায় বৎসরাধিককাল পরে শহীদেবীর নির্বাচিত কল্পা বিষ্ণুপ্রিয়ার সঙ্গে। মারের দিকে চেরে এ বিবাহকে বিশ্বস্তর মেনে নিজেন। দ্বিতীয় বিবাহে বিশ্বস্তরের স্মাগ্রহ কতটা ছিল জীবনীকাররা বলেন নি। মুরারি গুর্গের রচনা থেকে একটু ইক্তি পাওয়া যেতে পারে মাত্র। মুবারির কড়চার বিবাহের দিন এক গণক এলে সনাতনকে জানালেন—

মরা অভ্যেতা পৰি মৃদা ঐমদ্বিশস্তর: প্রভু: ।।
দৃষ্ট: পৃষ্টক ভগবরধিবাসন্তবানধ ।
বিবাহস্তাদ্য কিং ডত্ত বিসম্ভাত দৃশুতে ।।
ডক্ষুপা প্রাচ্ মাং দেবো বাজৎশেরস্থামূজ: ।
কুত: কন্ত বিবাহন্তে বিধিতত্বদ্ধ মে ।।

১ বৃ. ক.—১)১খাং-৩ ২ চৈ. ভা. আছি ১০ আ: ৬ চৈ. ভা. আছি ১০ আ: ৪ বৃ. ক —:(১৬৯ ১৮.২০

—আমি পথে যেতে যেতে দানন্দে বিশ্বস্তর প্রভূকে দেখলাম, জিজাদা করনাম, হে ভগবন্, মহাভাগ, আজ ভোমার বিবাহের অধিবাদ, দে বিষয়ে বিলয় দেখছি কেন ? এই কথা ভনে হাজোৎকুল মুখপল্পবিশিষ্ট দেব বললেন, কোথায় কার বিবাহ, ভূমি ভনেছ আমাকে তা বল।

গণকের কথা ভনে স্বাভাবিকভাবেই বিচলিত হয়ে গছলেন ৰস্তার পিতা গনাতন মিখা। তাঁরর মনে উবেগ দেখা দিল। মুরারি লিখেছেন,—

> ইতি শ্রম্মা বচন্তস্ত গণকস্ত ছংথিত:। শ্রীমৎসনাতনো ধৈর্ঘ্যমবলম্বাত্রবীঘচ:।। কৃতং মহৈতৎ সকলং দ্রম্যালংকারাণি-চ। তথাপি তম্ত ন ড্রোদ্যোভূদ্বৈদেশহত:॥'

—গণকের এই বাকা শুনে সনাতন স্বৃত্থতি হয়েও ধৈর্ম অবস্থন করে বলনেন, আমি সকল দ্রব্য ও অলংকার সংগ্রহ করেছি, তবুও ত্র্ভাগ্যবশে তাঁর এ বিষয়ে সমাদ্র হোল না!

ম্রারি লিখিত এই বিবরণ পড়ে মনে হয় না যে বিশস্তর বিতীয় বিবাহে বেলী আগ্রহী ছিলেন। মনে হতে পারে যে বিশস্তর তাঁর স্বভাবসিদ্ধ কৌতুক করেছিলেন গণকের সঙ্গে। কিন্তু বিবাহপূর্ব মাঙ্গলিক অন্ধ্রান দধিবাদ, আভাদয়িক আহ প্রভাততে বিলম্ব বা অন্থংসাহের কারণ কি । গণক কি এতই নির্বোধ ছিলেন মে বিশস্তরের রিসকতা বুকাতে পারলেন না, উবিগ্ধ হয়ে থবর দিলেন সনাতনকে । আর সনাতনই বা এত ব্যাকুল হয়ে উঠলেন কেন ।

ভারপরে অবশ্য বিশস্তর করুণ। পরবশ সনাতনের ছু:থের কথা ভেবে বিবাহে নি:ছির কুর্লেন।

ভতক ভগবান ক্লফ: কলপাপরমানদ:।
তল্মেছ্ 'খমছক্ষত্য প্রাপায় নিজ বান্ধণান্।।
বাণ্যা মধুবরা বিপ্রমূখেন প্রাকৃতো যথা।
অস্থনীয় ভলোঃ:ক্লাম্বাহার্থং মনো দ্ধে।।

—ভারপর ভগবান্ রুফ (বিশ্বস্তর) তাঁদের (সনাতন ও তৎপত্নীর) হু:খ

३ मू. क.--)।>७१२-२७ २ मू. क.--)।>८१२

অন্তব করে নিজ বালগদের প্রেবণ করে বিপ্রমূপে প্রাক্ত ভাষার মত মধ্ ভাষার অন্তনর করে তাঁদের কল্পাকে বিবাহ করতে মনঃছির করলেন।

শাইড:ই বোঝা যাচ্ছে, বিবাহের দিন ও বিশ্বস্তব মন:ছির করতে পারেন নি পরে দনাতন দশ্যতির কর্ত্বের কথা ভেবেই তিনি রাজি হলেন বিয়ে করতে

বিষ্ণুপ্রিয়াকে বিৰাহ করার পর বেশী দিন আর প্রীগোরাল গাইস্থা জীবন যাপন করেন নি। লন্ধীদেবীর প্রতি তাঁর যে লাজরাগ প্রণয়পূর্ণ ব্যবহারে। উল্লেখ জীবনীকারগণ করেছেন, বিষ্ণুপ্রিয়ার সঙ্গে তাঁর আচরণের অভ্যন্তপ কোন বিবরণ দেন নি। বৃন্দাবন বলেছেন যে, নিবাহের পর গোরচন্দ্র অধারন অধারণাতেই নিবিষ্ট ছিলেন—

প্রভূবে আবিষ্ট হই আছেন অধ্যয়নে। মুরারি ও গোঁরচক্রের অভিনিবিষ্ট অধ্যাপনার উল্লেখ করেছেন— অধ্যাপনা বিভাবিলাসেন বিলোল বাহুগচ্চন্ পথি শিৱসমাকুলো হয়িঃ।

আগত্য গেহে নিজমাতৃহস্থিকে তত্মা: তথং নিত্যমধাৎ প্রিয়াসমম্।
—লখিতবাহ হরি (গোরাঙ্গদেব) পথে শিশ্বসমাবৃত হয়ে বিদ্যাবিদাসহে
গমনের পরে গ্রেও এসে প্রিয়ার মত মারেরও নিত্য আনন্দ বর্ধন করতেন।

দিতীয় বিবাহের কিছুকাল পরেই বিশ্বস্তব গ্রাযাত্রা করলেন। বিশ্বস্থিবার সক্ষে বিবাহের কতকাল পরে তিনি গ্রাযাত্রা করেছিলেন তা বলা সম্ভব নর, তবে দিতীয় বিবাহ ও গ্রাযাত্রায় মধ্যে ব্যবধান এক বংসরের অধিক বাধ হয় না। অধ্যাপক অ্থমর মুখোপাধ্যায়ের মতে বিশ্বস্থিয়ার সক্ষে গোরের বিবাহ হয় ১৫০৭ খ্রীষ্টাব্দে এবং গ্রা গ্রামন ঘটে ১৫০৮ খ্রীষ্টাব্দে। গিরিজাপাকের রায়চৌধুরীর মতে "১৫০৮ খ্রীষ্টাব্দে অক্টোবর মাদে প্রস্কৃ গ্রা গিয়াছিলেন ১৫০৯ খ্রীষ্টাব্দে আফ্রায়ীতে নবখীপ কিরিলেন।"

জীবনীকাররা জানিয়েছেন যে বিশ্বস্তবের গয়া গমনের উদ্দেশ্ত চিণ পিতৃপিগুদান—

গরাবাত্রা ততঃ স লোকানহ শিক্ষন্ মনশ্চকার কতুর্থ পিতৃকার্যমচ্যতঃ। আন্ধং স ক্রমা বিধিববিধানবিদ্ গয়াং প্রতম্থে ক্রিভিদেবভাষিতঃ ॥

১ চৈ. ভা. আদি ২ মৃ. ক.—১।৪৪।৫

७ मधाबूरभन्न वांश्ना माहित्छात्र छथा ७ कानक्रम-गृ: ১৮

—ভারণর বিষ্ণু (গোরাস) লোকশিকা দিতে পিতৃকার্য করতে মনছ করসেন। শাত্রবিদ্ তিনি যথাশাত্র প্রান্ত করে আদ্রণগণ সহ গায়া প্রস্থান করনেন।

লোচনদাস লিখেছেন--

এই মতে লোকশিক্ষা করে বিশ্বস্থ ।
গয়া করিবারে যাব করিলা অন্তর ।।
পিতৃপিওদান দিব গয়া শিরোপরি ।
গয়াধর আদি বিফুপদে নমস্বরি ।।
এত বলি ভভষাতা করিলা ঠাকুর ।
গংহতি চলিলা বিপ্রগণ মহাকুল ।।
?

কিছ বৃশাবন দাস গয়। গমনের উদ্দেশ সম্পাকে চুকিছুই বলেন নি। শ্রীকৈডান্তর গরা গমন সম্পাকে বৃদ্ধাবন লিখেছেন,—

ইচ্ছামর শ্রীগোরস্থলর ভগবান।
গরাভূমি দেখিতে ইচ্ছা হইল তাহান।।
শার্থাবিধমত প্রাদ্ধকর্মাদি করিয়া।
ঘাত্রা করি চলিলা অনেক শিক্ত লঞা।।
জননীর আঞা লই মহাহর্ষ মনে।
চলিলেন মহাপ্রভু গ্রা দ্বশনে।।

শ্রীগোরাকের পরা গমনের প্রকৃত উদেশ্ত পিতৃপিওদান হলেও অকালে সর্পাঘাতে মৃতা প্রিয়তম। পত্নী পন্ধীর সদ্গতির কথা নিশ্চমই তাঁর মনেছিল। পিতৃবিয়োগের তেরো বংসর পরে স্ক্রেরী মৃথতী এবং গুণবতী বিষ্ণু-প্রিয়াকে বিরে করার অরকাল পরেই গরাবাত্রা প্রিয়তমা লক্ষ্মীর উদ্দেশ্তে পিও দানের আকাজ্রাজাত বলেই মনে হয়। নচেৎ অধ্যয়ন শেষ করে পূর্বক শ্রমণের পূর্বে গরার পিতৃপিওদানের কথাই আগে মনে আসা ঘাতাবিক।

⁾ है. म. चाष्ट्रियक २ है. का. ३६ च्या • मू. म — siesie

জগদানন্দ গোবিন আচার্যরত্ব সঙ্গে। গ্রাযাত্তা করিলেন নব্দীদ থতে।।

পথে সঙ্গীদের সঙ্গে পরিহাস করতে করতে প্রিগৌরাণ চলেছেন শ্বয়— পছেন পণি প্রোক্ত চেইয়া হসন ন্যোক্তিভি: কৌতুকমাবহন সভাম।

> ধর্মকথা বাক্যে বাক্য পরিহাস রসে। মন্দারে আইলা প্রভুক্তক দিবসে।।°

মন্দার অতিক্রম করে পথিমধ্যে গৌরচন্দ্র জরে আক্রান্ত হলেন— এই মত কথো পথ আদিতে আদিতে।

चात्र पिन बद श्रकांनितन ८५८६८७।।8

মহন্ত শিক্ষামহদর্শয়ন্ প্রভুজ বেণ সম্প্রতন্তর্ভূব।।*

কৰিকৰ্ণপূব বলেন যে চীর নামক নদে স্নানতপ্ৰ ও পূজা ক্যাধ কালে গোরাক্ষণের জ্বরে আক্রান্ত হয়েছিলেন—

> পথি দ চীয়নদে প্রভ্রাতনোৎ প্রবন তর্পণ পূজনমূৎস্থক:। জ্বিতমশুবপু: দম ভূততো ন চরিতং চবিতং ভবতি প্রভো:॥*

শেষ পর্যন্ত বিপ্র পাদোদক পান করে গৌরচক্র বোগম্ক হলেন। ম্বারিও বৃদ্ধাবনের বিবরণে গৌরচক্র অভংপর হাজির হলেন পুনংপুন; তীর্থেও তৎপরে গরা। কবিকর্পির বলেন যে জরম্ক্তির পর জ্রিগোরাক রাজগিরি গমল করেন ও পিতৃপ্রান্ধ সম্পন্ন করেন। রাজগৃহ গমন ও ব্রহ্মকৃত্তে আনের উল্লেখ ম্বারিও করেছেন। কিন্তু জয়ানকর বিবরণ আরও বিশ্ব। জয়ানক বলেছেন, গৌরচক্র অনেক সক্ষীসহ ইক্রাণী নৈহাটি গ্রাম বামে রেখে অঞ্জন পার হয়ে চাকটা থালবনা ভাহিনে রেখে হাজির হলেন ভিলপুর গ্রামে। অভংপর একভালা, গৌড় মালাপাড়া অভিক্রম করে ভালন প্রকান কানাঞ্জির নাটশালার। ভারপর হর্গম অরণ্যসংকৃল পথ পরিভাগে করে মগ্রের প্রত্বেশ করে রাজগীর প্রবেশ। কানাঞ্জির নাটশালা, কালগ্রাম বারাড়ী, বাহলপুর, ম্বারের গড়ও পরে গয়া এই ছানের ক্রম চূড়ামণি দাসের গৌরাক্ষ বিজয় কারে

३ दि व. नशीवा—३६१२० २ मू. क.—२१३ ९ ७ दि. छा. व्यापि ३६ वह ८ देत. छा. व्यापि ३६वदः ६ दे —२१३६१० ७ देत. छ वहांकास—३६००

শ্রীগোবাকের গরাযাত্তার পথের বর্ণনার। বৃন্দাবন বলেন, গরাতে ব্রহ্মকুণ্ডে প্রান করে পিতৃপ্রাদ্ধ করে বিষ্ণুপাদপদ্ধ দর্শন করতে এলেন গৌরাক প্রভূ।
বিপ্রগণের মূপে ভিনি ভনলেন বিষ্ণুপদের মহিমা। হঠাৎ প্রেমানকে তাঁর
ছই চক্ছ ছাপিরে কপোল শেয়ে নামলো অঞ্চর বক্যা।

চহৰ প্ৰভাব ও নি বিপ্ৰগণ মুখে।

প্রেমভক্তির আবিষ্ট হইলা প্রভু প্রেমানন্দ স্থে।।

উদর অঞ্ধারা বচে হুই জীপন্ম নযনে।

लाम र्व कन्न देश्न हवन मर्नामा ।।

পাণ্ডিত্যাভিমানী তীক্ষ্ধী বিশ্বস্তুরের প্রথম প্রেম ভক্তির উদয় হোল।

সর্ব জগতের ভাগ্যে প্রভূ গৌরচন্দ্র।

প্রেমভক্তি প্রানাশ্য শবিলা আরম্ভ II°

এ এক অলোকিচ অবিখাত ব্যাপার। উদ্ধৃত নিমাই পণ্ডিতের চোখ দিরে অবিখাম ধারা করতে।

অবিচ্ছিন্ন গঙ্গা বহে প্রভুর নয়নে। পরম অন্তত সব দেখে বিপ্রগণে।।

সেই সময় ঈশবপুরী এসে উপস্থিত হলেন বিষ্ণুপদমন্দিরে—উভয়ের ঘটলো শাক্ষাংকার। ছন্তনেই ভাসতে লাগলেন প্রেমাশ্রতে।

दिनवर्यारत स्वत्रभूदी ख दमहेकरन ।

আইলেন ঈশ্বর ইচ্ছায় সেই স্থানে।।

भेरवन्त्रोत ज्ञेषवन्त्रीत किथि औरशीवक्षमत्।

निक्र शैका नमस्तित्वन क्षेत्र कतिया आहत् ।।

अस्व क्रेश्वत्रभूती श्रीत्रहत्क्रात दम्यिया।

আলিঙ্গন করিলেন মহাহর্ষ হঞা।।

দোঁহার বিগ্রাই দোঁহাকার প্রেমজলে।

निक्षिত इहेगा श्रियानम कुलूहता ।।*

ভধনি গোরচন্দ্র বললেন-

কৃষ্ণপাদ পদ্মের অমৃতর্ম পান।

আমারে করাও তুহি চাহি দান I°

১-६ रेड. का जापि अध्यः

ভারণর ঈশরপুরীর অন্তমতি নিরে গৌরচন্দ্র তীর্থ প্রান্ধ, কন্ধতীর্থে বালুকার পিঞান, প্রেভশিলার প্রান্ধ, রাম গরা যুখিন্তির গরা প্রভৃতিতে পিগুরান ইত্যাহি পরা কৃত্য সমাপন করলেন। পরাক্রতা সমাপনের পরে নিজের আন্তানার এনে গৌরাস্থের রন্ধন করলেন। প্রমন সময় হর্লন হিলেন ঈশরপুরী। গৌরচন্দ্র বিজের আরু পুরীকে ভোজন করিয়ে পুনর্বার পাক করলেন নিজের জন্ত। আরু ক্রান্থিন নিজুতে ঈশরপুরী তাঁকে হশাক্ষর মন্ত প্রধান করলেন।

শার দিনে নিভূতে ঈশরপুরী স্থানে। মন্ত্রদীকা চাহিলেন মধুর বচনে।

ভবে ভান স্থানে শিক্ষাগুরু নারায়ণ। করিলেন দশাক্ষর মন্ত্রের গ্রহণ ৪০

ৰ্যাবিত্ৰ বিবরণে ও বুলাবনের বিবরণে কিঞ্ছিৎ অনৈক্য লক্ষিত হয়।
ব্যাবিত্র বিবরণে রাজগৃহ থেকে ব্রহ্মকুণ্ডে পিতৃতর্পণ করার পর বিষ্ণুপ্দদর্শনেজ্যায়
বখন গৌরচজ্র যাজিলেন সেই সময়ে সাক্ষাৎ হয় ঈশবপুরীর সলে। সেইকালে
কথবপুরীর প্রতাবে প্রীগৌরাক ঈশবপুরীর নিকট মন্ত্রদীক্ষা প্রার্থনা করার পুরী
ভাকে হশাক্ষর মন্ত্রধান করলেন।

ভশ্বিন্ শুভং ক্যাসিবরং দশর্শ দ ঈশ্বরাশ্যং হরিপাদভক্তম্।
পূরীং পরেশঃ পরমাত্মভক্ত্যা তুইং ননামৈনমধারবীক্ত।।
দিয়াত্ম দৃইং ভগবন্ পদাস্থাই তব প্রভা ক্রহি যথা ভবাস্থিম্।
নিস্তার্থ্য ক্রফা ভিব্লাসরোক্তামুভং পশ্রামি তারে করুণানিধে শ্বরম্।। ব

— সেইকালে তিনি দেখলেন হরির চরণে ভণ্ডিমান্ ঈশরপুরী নামক সন্ন্যাসী প্রেটকে। পরম ভক্তি বারা তুই তাঁকে পরেশ (গোরাক্ষ) প্রণাম করলেন এবং বল্লেন, হে ভগবন্, হে প্রভো, ভাগ্য শে আপনার চরণকমল ধর্শন হোল, বলুন যাতে ভবসাগর পার হরে আক্রিফের অমৃততুল্য চরণপদ্ম দেখতে পাই, ছেক্যণানিধি, তার উপায় করন।

স ইখনাকণ্য হবৈৰ্বচোহযুতং মূলা দলে মন্ত্ৰবং মতিজ্ঞ:। দশাক্ষম প্ৰাণ্য স গৌৰচজ্ঞসা ভূটাৰ ডং ভক্তিৰিভাবিভ: বন্ধম্।।

⁾ हेत. था. व्यापि, se व्यः २ वृ. व.--:।selse-se ७ वृ. व.---siselse

—সেই ৰভিষান ছরির (প্রীগোরাঙ্গের) অমৃতত্ন্য এই বাকা শুনে পানকে বন্ধ ছান করলেন। গোরচন্ত্রও দশাক্ষর মন্ত্রণাত করে ভক্তিভরে জাঁর শুধ করলেন।

লোচনও বলেছেন, বিষ্ণুপদদর্শন করতে যাবার আগেই ঈবরপুরীর লভে গৌরচজ্রের নাক্ষাংকার এবং পুরীর নিকট থেকে কুফমত্রে দীকা গ্রহণ করেছিল।

> বিষ্ণুপদ দেখিবারে চলিলা ঘরার। বাইতে দেখিল পথে এক ক্যাসিবর।। মহাভাগবত নাম পুরী যে ঈশর। প্রণাম করিয়া ভারে বৈল বিশম্বর।।

কেমনে তবিব আমি সংসার সাগবে।
কৃষণাদাপুত ভাক দেহ ত আমাবে।।
কৃষণাদাপুত ভাক দেহ ত আমাবে।।
পুরাণে এ সব বাক্য সাধুম্থে সাকী।।
ঐছন ভনিঞা বাণী পুরী যে ঈশর।
নিভূতে কহিল তাবে মহামন্তবর।।
গোপীনাথ মহামন্ত্র পাঞা বিশ্বন্তর।
পুরুক্তি সব অক্স হারিব অন্তর।।

লোচন অবশুই ম্রারিকে অন্সরণ করেছেন। লোচন বলেন, গোণীনাথ বল্লে দীকালাভের পরেই প্রীগোরাকের মধ্যে প্রেমভক্তির প্রকাশ দেখা গেল এবং তিনি রাধা রাধা বলে চোথের জল কেলতে লাগলেন। অন্ত কোন প্রছে গরা থেকেই মহাপ্রভূব মূথে গাধা রাধা বোল উচ্চারিত হতে শোনা বার না। লোচন বলেন দীকার পর গোরচন্দ্র বিষ্ণুপদ দর্শন করে প্রেম ভক্তি প্রকাশ করেন, তাঁর দেহে দান্তিকভাবের প্রকাশ ঘটে।

> ভক্তি প্রকাশিয়া প্রভূ বিশ্বস্তর হরি। প্রকাশ কররে গোরা প্রেম অধিকারী।। কম্প পূলক ভেল প্রেমার আরম্ভ। নয়নে গলরে ধারা ক্ষপে হয় গুড়।।

३ कि. य. चारियक २ कि. य. चारियक

বিষ্ণুপদ্চিক্ষ দর্শন করে বিশ্বস্তর পিগুদান করলেন। মুবারির বিবরণেও দীকার পর বিশ্বস্তর পিগুপিগুদান করেছিলে।

শুরে স ভক্তিং পবিদর্শয়ন্ স্বযং ফল্ গুমুচকে পিতৃদেবার্চনম্। প্রেডাদিশৃকে পিতৃপিগুদানং ব্রহ্মান্থল বৈণুষ্তে মৃত্বতা। দেবান্ সমভ্যাচ্য দদৌ বিজাতাং পিজ্ন সমৃদিশ্য যথেষ্টদক্ষিণম্।

— শুরুকে ভক্তি প্রদর্শন কবে তিনি স্বয়ং কল্পনদীতে পিতৃকুল এবং দেবকুলের স্থাননা করে ব্রহ্মাদি দেবগণের পদাঙ্গুলিরেণু বৃক্ত প্রেতপৃঙ্গে পিতৃপিগুদান করে দেবগণকে স্মাননা করে পিতৃগণকে উদ্দেশ্য করে ব্রাহ্মণগণকে যথেষ্ট দক্ষিণা দান করেছিলেন।

লোচন মুরারিকেই অন্ধারণ করেছেন। এই সময়েই বিষ্ণুপদ দর্শন করে শ্রীগোরাক ভাষবিহ্বল হয়ে পড়েছিলেন।

স বিষ্ণুপদ্যাং হবিপাদ্চিক্ দৃষ্টাতিষ্ঠটো মনসাত্রবীচ্চ।
কথং হবে: পাদ্পয়োজলক্ষপ্রেমোদ্য়ে মে ন বভূব দৃষ্টা।
তিন্মিন্ ক্ষণে তদ্য বভূব দৈবাৎ স্থনীততোবৈবভিষেচনং মৃহ:।
কম্পোর্ধবামা ভগবান্ বভূব প্রেমাম্বধারাশতথে তবকা:।
*

—তিনি বিষ্ণুপদী শৃলে হরিপাদচিক দেখে অত্যন্ত আনন্দিত হয়ে মনে মনে বলেছিলেন, হরির পাদপদ্মাচক দেখে কেন আমার প্রেমোদর হোল না ? সেইকবে দৈবাৎ মৃত্মূর্ত্ত তাঁর শীতল জলে অভিষেক ঘটলো, কম্প রোমাঞ্চ ও প্রেমাঞ্চধারার বন্ধ প্লাবিত হোল।

কবিকর্ণপুরও বলেছেন যে গয়ায় প্রবেশ কবে ঈশ্বরপুরীর সলে তাঁর সাক্ষাৎ কার হয়েছিল। ঈশ্বরপুরীকে বিশ্বস্তর বলেছিলেন, আমাকে সেই উপদেশ দাও বাতে হরিভক্তিরণ প্রভাবে আমি ভবসমূত্র পার হতে পারি—

> বদ যথা হরিভক্তিগুণাস্তবেৎ প্রভবতো ভবতোহধি শোবণম ৷°

এই কথা শুনে পূরী মহারাজ তাঁকে কৃষ্ণমন্ত প্রদান করলেন। ভারণস্থ গোষচত্ত্ব পূসকিত দেহে সজল নেত্রে গুরুকে প্রণাম করে ফল্পডে সান তর্পণ সেবে প্রেডশিলায় পিগুদান করলেন। তৎপরে তিনি দক্ষিণ ও উত্তর মানস সরোবরে এবং গয়াশিবে পিগু দিয়ে গদাধ্যের পাদপদ্ম দর্শন করে সঙ্গীদের সঙ্গে

⁾ वृ. क.—)।>७।२-२ २ मू क >।>७।७ ० ७ हेत. ह. महा —skr

প্রস্থান কংলেন। তারপর হবির পদাস দর্শন করেও আমার হাদর কোমল হোল না কেন, এই কথা ভাবতে ভাবতেই তাঁর চোথ দিয়ে জল স্বরতে লাগলো এবং শরীর আকুল হোল।

> কথমভূন্বরে: পদপদ্ধতিং সমবলোকয়তো মৃত্তৈব ন। ইতি বিচিম্বয়তোহস্ত দৃশোঝারো বিপুরব: পুরকশ্চ তদাভবং ॥'

এই বিবরণশুলি থেকে পভীত হয় যে গয়াযাত্রাকালে বা ভার কিছু পূর্বেই পাণ্ডিভাণিভামানী উপত যুক্ত নিমাই-এর চিত্তে পরিবর্তন প্রক হয়েছিল। ঈশ্ব প্ৰীয় সঙ্গে শাক্ষাতের পবেচ ক্লফমন্ত্রাভেব জন তার ব্যাকুলতাই এই তথ্য श्रमानिक करत । भूव दि ताहन च कविकर्नभूति विवतन ये यथार्थ मान द्या গন্ধাতে ঈবাপুরার দক্ষে দাক্ষাৎকার ক্রফমন্ত্র দীক্ষা ও তৎপবে বিষ্ণুপদ্চিক দেখে নিমাই-এর ভাবান্তর হয় এবং তিনি কুঞ্প্রেমে বিহল হয়ে অঞ্নমোচন করতে পাকেন। কোন কোন চবিতকার যে পূর্ববঙ্গে নিমাই পণ্ডিত কর্তৃক হরিনাম প্রচারের বিবরণ দিয়েছেন এবং বুন্দাবনের কাব্যে নিমাইকর্তৃক তপন মিপ্রকে যে एर्ड क्ष एर्ड क्ष हेजामि मद्भ क्रिय निर्मिण का कक्षिक वर्ता मर्म हम । भन्नारक নিমাই পণ্ডিতের এই আকন্মিক পরিবর্তনের হেতু খুব স্থাপষ্ট নর। জীবনীকাররা কোন হুত্ত স্পষ্টভাবে নির্দেশ করেন নি। আমাদের অনুমান, প্রিয়তমা লক্ষীর বিয়োগ বেদনা নীববে বহন করতে করতে বিশ্বস্তারের অন্তর বৈরাগ্যময় ও ইশ্বন-म्थी रुप्त উঠেছिन। मस्यवः अभवार् मृजा नन्त्रीर आणारक मृक्षि (मध्या हिन ষ্ঠার প্রয়ার পিণ্ড দিতে বাওয়ার আভান্তরীণ প্রেরণা। সাধারণত: অপহাতে মৃত ব্যক্তিদের আত্মার মুক্তির জক্তই গরার প্রেতশিলায় পিও দেওয়ার রীতি। নিমাই বিষ্ণুপদেও পিও দিয়েছেন, প্রেতশিলাতেও পিওদান করেছেন। চরিত-कांत्रता ना वनत्त्र अ अ निनात्र निमारे य निमार मृक्ति पितिहित्नन छोछ সন্দেহ নেই। চূড়ামণি দাস লিখেছেন-

> জাতি ভাতি বিজাতিরে জত পড়ে মনে। সর্বতীর্থে পিণ্ড দিল শচীর নন্দনে ॥

> हें हें. हें. महां—siec र त्यों. वि—पृ: >•१

ভাতি বিভাতি ভাতিদের যিনি পিওদানে মুক্তির ব্যবস্থা করেছিলেন, তিনি বে প্রাণসমা অকালয়তা পত্নীর মৃক্তির চিস্তা করবেন না, তা বিখাত নয়। क्यानत्क्य कात्वा मन्नात्मव शूर्व श्रीविष्य योद्य छर्पन करबहित्नन छाएम ভালিকার গন্ধীর নামও ছিল।

याहे रहाक, विचत्रपूरीत निकड शीका ताहन करत अवर नशंवरवत्र नशंक वर्णाव क न्यर्नित हर्ता द कावन क्षित्रावित होन वीत्रीवाद्यव यस जाए जाद द्वार ষহানাধকের স্বেপ স্ক্রা রোমাঞ্চ প্রভৃতি দান্তিক ভাবেরও প্রকাশ ঘটতে থাকে। वन्नायन बान जानित्त्रह्म त्य किছ्रिन शोवहत्व गयात्र ज्यान करत्रहित्नन-क्रांपिन भन्नात्र वश्नि। श्रीवश्वि। अहे हेहेमत क्रम अ शान क्रां क्रवांफ क्रांप প্রেমভক্তি গাছতর হয়ে উঠলো, ক্ষুদাভের ব্যাকুলভাও বাছতে লাগলো। बुक्यावन बरम्हिन-

> शानानत्म खजु वाद्य अकामिया। করিতে লাগিলা প্রতু রোদন ভাকিয়া। কুফরে বাপবে মোর জীবন শ্রীহরি। কোন দিকে গেলা মোর প্রাণ করি চুরি ॥ পাইলো ঈশ্বব মোর কোন দিগে গেলা। ল্লোক পঢ়ি পঢ়ি প্ৰভু কান্দিতে লাগিগা। প্রেম-ভক্তিরসে মগ্র চইলা ঈশ্বর। **मकल धी-अक देशल ब्ला**य धुनत ॥ আর্তনাদ করি প্রভু ডাকে উচ্চৈ: স্বরে।। কোথা গেলা বাপ রুঞ্চ ছাডিয়া মোহোরে ।।

গৌরচন্তের এই আশ্চর্য পরিবর্তান লক্ষ্য করেই বুন্দাবন বলেছেন—

ৰে প্ৰভু আভিলা অতি প্রম গঞ্জীর। সে প্রভু হইলা প্রেমে পরম অছিব।"

লংসারে বৈবাপ্য এলো প্রীগোরাকের। তিনি আর গুহে কিরবেন না। ক্রফলীলাম্বল মধুবা বৃন্দাবন তাঁকে আকর্ষণ করছে। স্থতবাং ভিনি মধুৱা-বৃন্দাবৰ बाजात मरकत करानन-छाङ्गा भवार भडमियाय वयार मर्थार्वनर माथु निरविकार

ভাষ্। 3--- পরা-ভাগে করে নাধু নিবেবিত মনোরম নিধুবন পমনে ইচ্ছা একাব করবেন।

প্রাকৃ বলে তোমা সকলে বাহ ঘরে।
মূঞি আর না বাইমু সংসার ভিতরে।
মপুরা দেখিতে মূঞি চলিব সর্বথা।
প্রাণনাথ মোর রুফচক্র পাঙ্ক বধা।
?

ৰ্ণারি, বৃন্ধাৰন ও লোচনের কথামত গৌরচন্দ্র যথন মধুরা বৃন্ধাবন ঘাজাৰ উদ্যোগ করছিলেন সেই সময়ে মেঘমন্দ্ররেরে আকাশবাণী হোল, ঘরে কিন্তে যাও—চল অথন্দিরম্। উবিদ্ধ প্রকৃত তথ্য জ্ঞাপন করেছেন জয়ানন্দ। তাঁর মডে শ্রীগোরাক যথন সক্লীদের বগলেন—

> মপুণা জাইব আমি না জাইব দেশে। আমার মা এবে দভে কহির বিশেষে ।?

তথন সকাদের প্রতিক্রিয়া:

ইং। গুনি কান্দে ম্বারি গুপ্ত শ্রীনিবাস।
পুৰে প্রজাবর্তন প্রনাধর পণ্ডিত কান্দে ছাড়িআ নিঃখাস।
গোপীনাথ পণ্ডিত আচার্য বিদ্যানিধি।
শ্বসদানন্দ মৃকুন্দ কান্দ্রএ নিরব্ধি।।

দভার ক্রন্দন শুনি না গেলা মধুরা। দেশের চলিশা করি রাজিদিন অরা॥

এই বিবরণ অন্থলারে ম্বারি গুপ্ত, শ্রীনিবাস গোপীনাথ পণ্ডিড, আচার্থ বিদ্যানিধি, জগদানক ও মৃকুল শ্রীগোরাক্ষের সঙ্গী ছিলেন গয়া যাত্রায়। সঙ্গীদের অন্ধরোধেই নবখাপে কিরে এলেন নিমাই পণ্ডিড, -কিন্তু সে মান্ত্র নর,— একেবারে অন্ত মান্ত্র।

> পরম অস্তুত কথা মহা অসম্ভব। নিমাই পণ্ডিত হৈল পরম বৈষ্ণব॥

> भू क.—))>।৮ २ टि छो. वानि) व्यः ७ मू. क.—))>।> । देह. य. महोद्यां—८१।>७.;६, >१

পরম বিরক্তরূপ সকল সম্ভাব। তিলার্থেক উদ্ধত্যের নাহিক প্রকাশ।।

গয়া প্রত্যাগত গ্রীগোরাক্ষের দৈনন্দিন জীবন যাপন সম্পর্কে মুরারি লিখেছেন---

গৃহে বসন্প্রেমাবভিন্ন থৈয়াং ক্ষণভালং কৌতি মৃত্মু ৩: ছনৈ:।
সবেপথুর্গদ্গদ্যা গিরা লপভালং হয়ে কৃষ্ণ হয়ে মৃদা কচিং।
শ্রীবাসাবিপ্রাাদগণৈ: কচিন্নবং গায়ভালং নৃভাতি ভাবপূর্ণ:।
নানাবভারাহগতিং বিতরন্ বেনে নৃলোকানমূশিক্ষাংশ্চ।

—গৃহে বাসকালে প্রেমের আবেগে লুগুথৈই গৌরাঙ্গ কম্পানের সঙ্গে মৃত্যু র্ছ গদ্গদ ভাষায় সপকে বিলাপ করচেন, কথনও বা সানন্দে হরে ক্লফ হরে বলছেন, শ্রীবাসাদি বিপ্রগণেব সঙ্গে কথনও নব নব গান করচেন, নৃত্য করছেন কথনও নানাবেধ অবভারের অমুকরণে লোকশিক্ষা দিয়ে আনন্দ করতে থাকেন।

কবিকর্ণপূর বলেচেন যে গোরচন্দ্র গয়া থেকে ক্রিয়ে এসেছিলেন পৌষ-মান্সের শেষে এবং মাঘমাসের প্রথম দিন থেকে হ্রিসংকীর্তনের দারা ভাবাবেশ প্রকাশ করতে থাকেন।

> পরায়া ইত্যেবং স্বগৃহমগমভুরিকরূপ প্রভঃ পোষস্থান্তে সকলতহুভূত্তাপশমনঃ। ততো মাধস্থাদৌ নিরবাধ নিজৈঃ কীঙন রবৈঃ প্রকাশং চাবেশং ভূবি বিকিংতি স্বাহৃদিবসম্। ইতি স্ফাণোৎক্ষিপ্ত সমস্ত চেষ্টিতঃ

অভাবিত পরিবর্তন

প্রতিক্ষণং গায়াত নির্ভরং মূহ:।
পদে পদে রোদিতি রোমহর্বলৈ
বিমুক্তকণ্ঠ কঞ্চণাপয়োনিধ:।

—প্রভূত করণামর সকল জাবের তাপনাদন গ্রভূ এইভাবে পৌৰের অভে পরা থেকে স্বগৃহে আগমন কংলেন। তারপর মাদের প্রথমে নিরবধি নিজকীর্তন (রুঞ্চনাম কীর্তন) রসের দারা প্রকাশ ও আবেশ পৃথিবীতে বিকীশ করতে লাগলেন।

১ हৈ, ভা মধ্য ১জঃ ২ মৃ. ক -- ১া. ৬। ২.৬০ ৩ চৈ. চ. মহা-- ৪।৭৬-৭৭

এইভাবে কৰে সমন্ত চেটা আকিপ্ত হয়, প্ৰতিক্ৰে মৃত্যুত্ত পূৰ্ণ আবেগে গান কৰেন, পাদে পাদে কৰুণাদাগৰ বোমাঞ্চেৰ সঙ্গে উচ্চকণ্ঠে বোদন কৰছে ৰাকেন।

১৫০০ খ্রীষ্টাব্দের পৌষদংক্রান্তিতে (জামুয়ারীর মধাভাগ) নিমাই গৃচে ফিরে মায়ের চরণ বন্দনা করেছিলেন এবং ১লা মাদ থেকে তাঁর প্রেমভন্তির অভিপ্রকাশ ঘটেছিল। চারমাস পূর্বে ১৫০৮ খ্রীষ্টাব্দের অক্টোবরে তিনি গয়ায়াত্রা করেছিলেন। যদিও জয়ানন্দ জনয়াথের লোকান্তরের পরই নিমাইকে গয়ায় প্রেরপ করেছেন, তথাপি ম্বারিও অভাত জীবনীকারের বক্তব্য থেকে তা সমর্থিত হয় না। অথচ জয়ানন্দের বিবরণে নিমাই রুফ্বভাবেশে গয়া থেকে নিয়ে এসেছিলেন। শচীদেবী প্রিয়পুত্রের অভ্তপূর্ব পরিবর্তন দেখে বললেন, তুমি গয়া থেকে প্রেমধন নিয়ে এলে, আমার জয় কি আনলে ? আমাকে প্রেমধন দাও—

প্রেমাখ্যং কিং ধনং লবং গরায়াং দেবতুর্লভম্।।
তর্মাং প্রবচ্ছ তাতাত বদ্যাতি করণা মার।
যথাকুক্ষরসাস্তোধৌ বিহ্রামি নিরস্করম্।।

দেবানামবিদিতমেতদত্যলভাং
প্রেমেদং বদ্বগতং দ্বর। গরায়াম্।
দীনারৈ ভাদহ হ মে প্রবচ্ছ তাত
স্বেহত্তে বদি ময়ি তিঠতি কণঞ্।।

**The state of the s

নিষাই অবস্থ মাকে আখাদ দিয়েছিলেন যে বৈক্ষৰদের রূপার তৃষি প্রেমধন পাবে—

> বৈষ্ণব প্রসাদে প্রেম পাইবে বে তুমি। নিশ্চর জানিত কথা কহিলাম আমি।।

বৃশাবনের রচনা থেকেও নিমাই-এর অসম্ভাবিত পরিবর্তনের ব্যাপারটি পরিক্ট হরে ওঠে। বৃশাবন কানিয়েছেন বে শ্রীবাদের গৃহে বৈক্ষরগণ প্রভাতে কৃষ্ণপুৰার অন্ত কৃষ্ণকৃত্ম চয়ন করেন। গদাধর, গোপীনাধ, রামাঞি, শ্রীবাদ ইত্যাদি কুল তুলছিলেন, এমন সময় শ্রীমান্ পঞ্জি এলেন হাসঙে হাসতে।

⁾ मृ. क.--श्वाप्तर-अप २ टेंड. ह महा.--वाद ७ टेंड छा. मधा अ षाः

বৈক্ষরো জিল্লানা করলেন, প্রাভঃকালে এই হাসির কারণ কি? শ্রীমান্ পণ্ডিত উত্তরে বনলেন,

পরৰ অভ্ত কথা মহা অসম্ভব।
নিমাই পণ্ডিত হৈল পরম বৈক্ষব।।
পরা হৈতে আইলেন দকল কুশলে।
ভনি আমি সম্ভাবিতে গেলাম বিকালে।।
পরম বিরক্তরূপ দকল সম্ভাব।
ভিলাবেক ঔদভোৱ নাহিক প্রকাশ।।
নিভূতে কহিতে লাগিলেন কুক্ষকথা।

শ্রীনান্ আনালেন বে নিমাই আগামীকাল শুরাষর অমচারীর খরে বৈক্ষবদের লাথে মিলিও হবেন—শুরাষর পরে কালি মিলিবা লকালে। ওই কথা শুনে বৈক্ষবপন আনক্ষে উৎফুল্ল হরে হরিধ্বনি করলেন। শ্রীরাষ বললেন—গোত্র বাড়াউন ক্ষম আনা স্বাকার আর্থাৎ বৈক্ষবের সংখ্যা বৃদ্ধি হোক। শ্রীবাসের গৃহে বৈক্ষব সমাবেশ কীর্তনাম্ছানের ফলে পাবগুলির অভ্যাচারের ভরে শ্রীবাস কৃত্তিও ছিলেন বলেই বোধ হর শ্রীবাসের এই উক্তি। বধাসময়ে বিশ্বস্তর এলেন শুরাষরের বাড়ী—বৈক্ষব ভক্তদের সঙ্গে মিলিও হলেন। এইখানেই তিনি বিভোর হরে গেলেন হরিগুণগানে,— গান্তিক ভারসমূহ বিকশিও হোল তার দেহে,—কৃষ্ণ কৃষ্ণ বলে তিনি ধূলার স্টাতে লাগলেন। বৈক্ষব সমাক্ষ হতবাক্—অভুও আশ্চর্যক্ষনক এই পরিবর্তন।

তনিরা অপূর্ব প্রোম সভেই বিন্মিত। কেহ বলে ঈশর হইলা বিণিত। কেহ বলে নিমাই পণ্ডিত ভাল হৈলে। পাষ্থীর মুগু ছিণ্ডিবারে পারি হেলে।

(कह राज क्षेत्रत्रभूरीत मान देहाछ। किया विश्वासन क्ष्म क्षाना महारख।।

>-0 Es. WL WU > WI

গুল প্রাধান পণ্ডিতের সংক সাক্ষাৎ করতে প্রেমন পৌরচন্তা। গুলাধান বলনেন, ভোষার ছাত্ররা ভূষি পরাবাত্রা করা অবধি পুঁথি থোলে নি, কাল থেকে অধ্যাপনা হাক কর।

কালি হৈতে পঢ়াইবা আজি চল বাস।।
গুলু নমন্ত্রিরা চলিলা বিশ্বন্তর।
চতুর্দিকে পঢ়ুরা বেষ্টিত শশধর।।
আইলেন শ্রীমৃকুক্ষ সম্ভয়ের দরে।
আসিয়া বদিলা চণ্ডামণ্ডণ ভিতরে।।
ই

কিছুকাল বিশ্বতর অধ্যাপনাও করেছিলেন, কিছু অধ্যাপনা করছে গিয়ে কুককথা ছাড়া আর কিছু মূথে আলে না।

কৃষ্ণ বিনা ঠাকুরের না আইসে বছনে।
পঢ়ুয়া-সকল ইবা কিছুই না জানে।।
অহুরোধে প্রভু বিদিনেন পঢ়াইডে।
পঢ়ুয়া সবার স্থানে প্রকাশ করিতে।।
হরি বলি পুঁথি মেলিলেন শিশ্বগণ।

धनिया जानक देश्या खैनही नक्त ॥

আবিট হইয়া প্রভূ করেন ব্যাখ্যান।

প্র বৃত্তি টীকায় সকলে হরিনাম।।

প্রভূ বলে সর্বকাল সভ্য ক্রফনাম।

সর্বশাস্ত্রে ক্রফ বহি না বলয়ে আন।।

**

কিছ গৌরচজ্রের এই কৃষ্ণকথানুসক অভিনব পাঠন পছতি ছাত্রদের কাছে ছবোধা ঠেকে। শুরু ও ছাত্রের কথোপকথনে সরল সভ্য ব্যক্ত হয়ে এঠে।

আজি আমি কোন্যত প্ৰ বাধানিল।
পঢ়ুবা সকলে বলে কিছু না বুৰিল।।
যত কিছু শব্দে বাধানই কৃষ্ণ মাত্ৰ।
বুৰিতে ভোষার ব্যাধ্যা কেবা আছে পাত্ৰ দ

অভাগনা ভাগে

³⁻² CS. WI. WW. 3 WE

হাসি বলে বিশ্বস্তৱ গুন সব ভাই। পুঁথি বন্ধ আজি চল গলা আনে বাই॥

এইভাবে ক্লফলীলা ব্যাখ্যানে ছাত্রসমাজের বিভার আকাজ্ঞা ভৃত্ত হর মা পুঁৰিগত বিভা বার্থ হয়। ছাত্রদের প্রতিক্রিয়া বুন্দাবনের ভাষায়—

ন্ধনিরা প্রভূব ব্যাখ্যা হালে শিক্তগণ।
কেহ বলে হেন বৃঝি বায়ুর কারণ।।
শিক্ষবর্গ বলে এবে কেম্বড বাথান।
প্রভূ বলে যেন হয় শাস্তের প্রমাণ।।

স্তবাং নিমাই-এর ছাত্রগণ গঙ্গাদাস পণ্ডিতের কাছে গিল্পে নালিশ করে। পঞ্চাদাস মৃত্র ভংগনার সঙ্গে প্রিয়তম ছাত্র নিমাই পণ্ডিতকে বলেন—

মাতামহ যার চক্রবর্তী নীলাম্বর।
বাপ যার জগরাথ মিশ্র পুরন্দর ।।
উভয় কুলেতে মূর্থ নাহিক তোমার।
তুমিও পরম যোগ্য বিখ্যাত টীকার।।
অধ্যয়ন ছাড়িলে সে যদি ভক্তি হয়।
বাপ মাতাম্ছ কি তোমার ভক্ত নয়।।

ভাল মতে গিয়া শাস্ত্র বসিয়া পঢ়াও। ব্যতিরিক্ত অর্থ কর মোর মাথা থাও ॥

শুকার তিরস্কারে ক্ষণিকের জন্ত বিশ্বস্তবের পূর্ব অহমিক। জেনে ওঠে। তিনি বললেন—

> ব্যামি যে বাধানি স্থ্য করিয়া ধণ্ডন। নবৰীপে ভাহা স্থাপিবেক কোন জন।।8

ছাত্র নিয়ে স্বধ্যাপনায় বসেন নিমাই পণ্ডিত, চলে তাঁর পাণ্ডিত্যের স্থাক্ষালন।

> বোগণট্টছাব্দে বস্ত্র করিয়া বছন। স্থ্যের কররে প্রাভূ খণ্ডন স্থাপন।।

>-8 टेंड. की. मधा. ३वाः

প্রভূ বলে গন্ধিকার্য জ্ঞান নাহি যার।
কলিষ্গে ভট্টাচার্য পদবী ভাহার।।
শব্দ জ্ঞান নাহি যার সে ভর্ক বাথানে।
আমারে ভ প্রবোধিতে নারে কোন জনে।।
যে আমি খণ্ডন করি যে করি স্থাপন।
দেখি ভাহা অগ্রথা করুক কোন জন।।

বোৰা বার, গৌরাঙ্গদেব ছাত্রদের ব্যাকরণ শাস্ত্রই পড়াডেন। কিছ ক্ষপ্রেমে বিহ্মণ হয়ে তিনি আর পাণ্ডিতা প্রকাশ করতে পারলেন না। ক্ষম কথা বিনা আর কিছু তাঁর ডিহ্না উচ্চারণে অসমর্থ হওয়ায় গৌরচক্র মধ্যাপনা ছেড়ে দিলেন।

গঙ্গাদাসের কাছ থেকে ফিরে এসে গৌরচন্দ্র তাঁর বিভার প্রকাশ আর বটাতে পারণেন কই? রত্নগর্জ আচার্ধের বারে এসে পৌছে তিনি দেবেন ভাগবত পাঠ হচ্ছে। সঙ্গে সক্ষে ভক্তির আবেশে বিহ্বল হরে পড়লেন তিনি —তিনি মূর্ছিত হরে পড়লেন। পরদিন প্রাতে তিনি পুনরার অধ্যাপনার বসলেন। কিছ—

প্রভূর না ক্ষ্রে কৃষ্ণ ব্যতিরেকে জান। শব্দাত কৃষ্ণ ভক্তি করয়ে ব্যাখ্যান।

এইভাবে অধ্যাপনা আৰু কড দিন চালানো যায় ! রফ কথা ভিন্ন আরু
কিছুই পড়ানো নিমাই পণ্ডিতের পক্ষে বছব হোল না। তাই ডিনি ছাত্রছের
কাছ থেকে বিদার নিলেন ডাদের অক্সত্র পড়তে অহুমতি দিয়ে। ডিনি
ভাকের বললেন—

তোমা দবা হানে মোর এই পরিহার।
আজি হৈতে আর পাঠ নাচিক আমার॥
ভোমা সভাকার বার হানে চিত্ত লর।
ভার হানে পঢ় আমি দিলাও নির্ভয়॥
কৃষ্ণ বিনে আর বাক্য না স্কুরে আমার।
সভ্য আমি কহিলাও চিত্ত আপনার॥

>-२ के. का. मधा > जा

এই বোল মহাপ্রত্ন স্বারে কহিয়া। বিলেন পুস্তকে ভোর অঞ্যুক্ত হৈয়া।।

বৃন্ধাবন আরও জানালেন বে এই সময়ে গৌবাগদেব ছাত্রেছেরও ক্ল নাম গানে উৰ্ভ করেছিলেন। তিনি ভালের বললেন—

পঢ়িলাঙ ভনিলাও মতদিন ধরি। কুফোর কীর্ত্তন কর পরিপূর্ণ করি।।°

শিশ্বরণও অনুপ্রেরণা পেরে কীর্ডনে অংশ গ্রহণ করতে বাকে--দিশা দেখাইয়া প্রভূ হাতে তালি দিয়া।
আপনে কীর্ডন করে শিশ্বগণ লৈয়া।

ক্রবার নেধাসপার নিমাই পণ্ডিডকে নিজেদের মধ্যে পেরে বৈক্ষরণৰ অক্লে ক্ল পোলেন। সব নেকে খুলী হলেন অবৈড আচার্য। ডিনি পায়গুলের অভ্যাচার থেকে বৈক্ষরদের রক্ষার মানসে শ্রীরক্ষের অবভারের অভ ভণতা করছিলেন। ডিনি এখন অহভব করলেন, তাঁর লাধনার ফল করতলগত, তাবান রুক নিমাইরূপে ধরার অবভীর্ণ হরেছেন। নিমাই-এর চরিত্রের গুরুতর পরিবর্তন লশ্বিত হচ্ছে। গলায়ানে যাবার কালে বৈক্ষর্ছের সংশে সাক্ষাৎ হলে ডিনি নমন্তার করেন। বৈক্ষরণ আশীর্যার করেন—

ভোষার হউক ভক্তি কৃষ্ণের চংগে।
মৃথে রক্ষ বল রক্ষ শুনহ প্রবণে।।
প্রীকৃষ্ণ ভলিলে বাপ সব সভ্য হয়।
কৃষ্ণ না ভলিলে রূপ বিদ্যা কিছু নয়।।

পৌরচন্দ্র ভক্ত বৈষ্ণবগণের আশীবাদ মন্তকে গ্রহণ করেন, সাজি ধৃতি বছন করে বৈষ্ণবের সেবা করেন। বৈষ্ণবগণও আশীবাদ করে অন্তরের কামনা ব্যক্ত করেন—'

বলহ বলহ কৃষ্ণ হও কৃষ্ণাদ।
ভোষার জ্বদরে কৃষ্ণ হউন প্রকাশ।।
কৃষ্ণ বৈ আর নাহি খুকুক ভোষার।
ভোষা হৈছে ছ:খ আমা স্বাকাব।।

১-७ टेड. की. वया अका

s कि. का. चाचि अव:

বে অধম লোক সব কীর্ডনেরে হালে। ভোষা হৈতে ভাহারা ভুবুক রুঞ্চ রদে।। द्यत छुत्रि भाष्य गर किनित्न गरमात । তেন কৃষ্ণ ভব্দ কর পাবতী সংহার।। ভোমার প্রসামে যেন আমরা সকল। স্থাপ ক্লফ গাছি নাচি হইয়া বিহৰণ ॥³

গৌরচন্দ্রের পরিবর্তন দিন দিন গুরুতর আকার ধারণ করে। তাঁর মধ্যে ষেন উন্মন্তভার প্রকাশ দেখা যার। কথনও তিনি বৈক্ষবছেবীদের সংহার করার জন্ত হুৱার ছাড়েন, নিজেকে বলেন দানবদলন কুফ, ক্থনও বা ভিনি ভাবাবেগে বিহ্বল হয়ে পড়েন—মৃছ্ । यान।

> পাষতীর প্রতি ক্রোধ বাড়িল প্রচুর।। **गःशंति**य भव विन कत्राम् इकात । মুঞি মুঞি সেই বলে বার বার॥ কৰে কান্দে কৰে হাসে কৰে মূছৰ্। পার। नचौद्ध दम्थियां कर्ष यादिवादि यात्र ॥

ৰামুরোগ না কুক্তপ্ৰেৰ ?

> আপনে আপনে কহে মনে মনে কথা। কৰে বলে ছিতোঁ ছিতো পাৰতীর মাধা।। ক্ষণে গিয়া গাছের উপর ভালে চড়ে। না মেলে লোচন ক্ষণে পৃথিবীতে পড়ে॥ **एस क्फ्रांकि करत्र मानगा**हे, मारत् । গড়াগড়ি বার কিছু বচন না স্কুরে ॥^३

कथन व जिनि विकृष्धित्रात्क त्रत्य मात्रत्ज यान । वृत्रावतनत्र धहे कथांहि नक्षीयः विकृत्धिया नक्षीत्र साम श्रह्म कद्याउँ भारतम नि वर्लारे मन्त्र रहा। बाहे द्वाक, बठीबाजा ज्यत विकास इरत श्राप्तकत । जिमि श्राप्तत व द्वम चवशा (मर्प मान्तक राष्ट्रक रामास्क्त। फळनन नरमन, इरका विकास। चरत रमह, नारू दान, तर्द द्वाच। मामा करन नाना क्षकात क्षितियान করতে বলে।

⁾ देह. को. जानि) जः २ देह. को. मंश _{२:} जः

পূৰ্বকার বারু আসি জন্মিল অন্ধরে।
ছই পারে বন্ধন করিরা বাধ খরে।।
থাইবারে দেহ ভাব নারিকেল জল।
বাবং উন্মাদ বারু নাহি করে বল।
কৈহ বলে ইথে জন্ধ ঔবধে কি করে।
শিবান্ধত প্ররোগে লে এ বারু নিজরে।
পাক তৈল শিরে দিরা করাইবা স্থান।
যাবং প্রকাশ নাহি হুইরাছে জ্ঞান।।

অনস্তোপার হয়ে শচীমাতা বৈষ্ণবভক্তদের সংবাদ দিলেন। শ্রীবাস দেখে বললেন—মহা ভক্তিযোগ, বারু বলে কোন জনে। শ্রীবাস শচীকে আখাস দিরে বললেন—বারু নহে ক্লফ ভক্তি বলিল ভোমারে। শর্মারে উপলব্ধি: ঈশরের আবির্ভাব হয়েছে। তিনি পরীক্ষা করার জন্ত শান্তিপুরে নিজালরে গমন করলেন; বদি প্রয়োজন হয় তবে ঈশর নিজেই অবৈতকে টেনে আনব্বেন। এদিকে শ্রীগোরাল বৈষ্ণব ভক্তদের সঙ্গে কীর্তনে মেতে উঠেছেন—

মহাপ্রভূ বিশম্ভর প্রতিদিনে দিনে। সংকীর্তন করে সব বৈঞ্চবের সনে॥⁸

কীর্তনকালে নিমাই-এর দেহে সান্থিক ভাবসমূহের প্রকাশ ঘটে, কখনও প্রবল কশ হয় দেহে, কখনও অঞ্চতে বুক ভালে, কখনও অট্টহাসি হাসেন, কখনও বা মূর্ছিত হয়ে পড়েন, আবার মূর্ছ বিসানে রক্ষবিরহে বিলাপ করতে থাকেন।

> বাহ্ন হইলেও প্রভ্ সবার গলা ধরি। বে ক্রন্সন করে ভাচা কহিতে না পারি।। কোথা গেলে পাইমূ নে মূরলীবছন। বলিতে ছাড়রে খাস কররে ক্রন্সন॥

নিজগৃহে প্রভ্যাবর্তন করেও ক্লৈবণা ছাড়া আর কিছুই ক্রিড হর না— কোণা রুফ কোণা রুফ মাত্র প্রড় বলে। আর কোন কথা নাহি পার জিজাসিলে॥"

o-० हें. की. नवा. o चाः

একদিন গদাধবকে ভিনি কৃষ্ণ কোণা আছেন প্রশ্ন করার গদাধর বলেন, কৃষ্ণ ভোষার ক্ষমে। এ কথা ভনে গোরাক প্রভূ নথ দিরে বৃক্ চিরভে লাগলেন। এ এক অভূত আবেশ। ভক্তগণ উল্লমিড, শচীমাতা সম্বস্ত। সন্ধ্যার সময় ভক্তগণ সমবেত হন শ্রীগোরাকের গৃহে, ভারণর নারারাত্তি চলে কীর্তন। প্রভিবেশীরা বিরক্ত হর—তাদের নৈশ নিজার ব্যাঘাত ঘটে তুম্ল চীৎকারে। কেউ বলছে, শ্রীবাসই পাগুা, ওর ঘরটা জলে কেলে দাও, ওকে বাধ। নগরে জনরব ওঠে: রাজনৌকা আনে বৈক্ষব ধরিবারে। বিশক্তরও শ্রীবাসকে আখাস দেন—সাধু উদ্ধারিমু গৃষ্ট বিনাশিমু সব। ভিনি আরও বলেন.

হরিসংকীর্ডন ও মৃঞি গিল্লা সর্ব আগে দোকার চড়িমু।
কুকের আবেশ এই মত পিল্লা রাজ গোচর হইমু।

নবদীপের বৈষ্ণব সমাজ আত্মবিশাস কিরে পেয়েছেন। তাঁরা রাজভর, প্রতিবেশীদের রোষ উপেক্ষা করে একে একে একে এসে মিলিড হন গোঁরচক্রের গৃহাক্সে—হরিনাম মহামন্ত্রের পতাকাতলে।

মিলিলেন গদাধর পণ্ডিত গোদাঞি।
নরহরি মিলিয়া বহিলা তার ঠাঞি।
শ্রীবাস মুরারি মুকুন্দ বক্রেশব।
শ্রীধর পণ্ডিত নবদীপে বার দর।
শ্রীমান্ সঞ্জয় সে পণ্ডিত ধনজয়।
শুরাম পণ্ডিত আর মহেশ পণ্ডিত।
হরিদাস নন্দন আচার্য হ্রচরিত।
করু পণ্ডিত আর পণ্ডিত দামোদর।
শ্রেনত মিলিলা সে গোরান্দ অন্নতর।।

এই সব খ্যাতিষান বৈষ্ণব সাধু সম্ভ এসে জমারেড বলেন গোরচজের চতুর্দিকে। এই সময়ে বীরজ্যের একচাকা গ্রামের অধিবাসী হাড়াই পণ্ডিড ও পদ্মাবতীর নন্দন পরিবাক্ত অবধ্ত নিত্যানন্দ এসে মিলিত হলেন পৌর-

১-७ हि. का. मथ > क: व्यक्ति—हेह. य. मध्यक

চজের সংল। নবৰীপে শ্রীংগারাকের প্রকাশ ষটেছে জেনে ভিনি রুশাবন মধুরা থেকে চলে এলেন নবৰীপে। নিত্যানন্দ প্রথমে নন্দন আচার্বের গৃহে ভার সংল আবছান করছিলেন। গৌরচজ্রের ইচ্ছার শ্রীবাসগৃহে ব্যাসপূজা মহোৎসবে নিত্যানন্দ ব্যাসপূজা করলেন। কীর্জন মহোৎসবে মেতে উঠলেন সকলে। অবৈভও শান্তিপুর থেকে পত্নী সীভাদেবী ও পুত্র অচ্যুতানন্দ সহ বোগ দিলেন। নিত্যানন্দকে দেখে শচীদেবীর অভরে বাৎসন্সভাব জেগে ওঠে। নিত্যানন্দ নিমাই-এর বাভী যান। শচীমাতা গৌর নিতাই ছজনকে সমাদরে ভোজন করান। আরও এসে মিলিত হলেন যবন হরিদাস ও অরপ দামোদর। এই সংকীর্জন মহামগুলে এসে মিলিত হলেন গলাদাস, বনমালী, বিজয়, নন্দন, জগদানন্দ, কাশীশর, গোবিন্দ, গোবিন্দানন্দ, শ্রীধর, সদান্দিব, শ্রীগর্ভ পণ্ডিত, শুক্লামর, রাম গকড়াই, গোপীনাথ, জগদীশ, বজানন্দ, পুক্ষোত্তম প্রভৃতি। বৈক্ষব সমাজের নেতৃত্ব গ্রহণ করলেন বিশ্বভর—ভিনি বৈক্ষব ভক্তদের বললেন বে সেইবিন হত্তেই প্রতিরাত্রে সংকীর্জন করবেন।

আজি হৈতে নির্বন্ধিত করছ সকল।
নিশার করিব সঙ্গে কীর্তন মঙ্গল।
সহীর্তন করিয়া সকল গণসনে।
ভক্তিশুরূপিণী-গঙ্গা করিব মজ্জনে।
জগত উদ্ধার হউ শুনি কুঞ্চনাম।
পরমার্থে ভোমরা স্বার ধনপ্রাণ॥
*

কোনদিন শ্রীবাসের গৃহে কোন দিন চক্রশেথর আচার্বের গৃহে ভক্তগণসহ রাত্রে চলে কীর্তন নর্তন।

শ্রীবাস মন্দিরে প্রতি নিশার কীর্তন।
কোন দিন হর চন্দ্রশেধর ভবন।।
কোনদিন বা হরিনাম সহ নৃত্যুগীভের আসর বসে স্থাহে—
কোনদিন প্রভূর মন্দিরে ভক্তগণ।
সবেই গারেন নাচেন প্রীশচীনন্দন ॥
*

হরিবাসরে অর্থাৎ একাদশীর দিনে প্রভাতকাল থেকেই প্রীবাস স্কলে কীর্তন ও নৃত্য চলে।

শ্রীদরিবাদরে হবি-কীর্ডন বিধান।
নৃত্য শার্থিল প্রভু কগডের প্রাণ।।
পূণ্যবন্ধ শ্রীবাদ শক্ষনে শুভারন্ধ।
উঠিল কীর্ডনধ্বনি গোপাল গোবিক্ষ।।
উবংকাল হইতে নৃত্য করে বিশক্তর।
যুথে যুথে হইল যত গারন স্থলর ॥

গৌরচন্দ্রের পেতে ক্রম্পপ্রেমের নানাবিধ বিকার প্রকাশ পেতে থাকে।
তাঁর আজ্ঞার কীর্তন চলে ক্রম্বার গৃহে, ভক্তগণ ছাড়া আর কেউ প্রবেশ করতে
পারে না। প্রীবাদ অঙ্গনের বহির্ভাগে লোক জমারেড হয়, ভারা ভিতরে

কেহো বোলে অরে ভাই মদিরা আনিরা।
সভে রাত্রি করি ধার লোক সুকাইরা।
কেহো বোলে ভাল ছিল নিমাই পণ্ডিত।
ভার কেনে নারারণ কৈল হেন চিত।।
কেহো বোলে হেন বুরি পূর্বের সংস্কার।
কেহো বোলে সকদোব হইল ভাহার।।
নিরামক বাপ নাহি ভাতে আছে বাই।
এতদিনে সকদোবে ঠেকিল নিমাই।।
কেহো বোলে পাসরিল সব অধ্যয়ন।
মাসেক না চাহিলে হয় অবৈরাকরণ।।

নিমাই-এর এই নৃত্যগীতসহ স্কীর্তনকে সমকালীন নবৰীপের কোন ব্যক্তিবার্বােগ বলে মনে করেছিলেন। জন্নানদ গন্না থেকে প্রভ্যাগমনের পরে বদিও বার্রােগের কথা বলেন নি, তথাপি গৌরাদের প্রেমনৃভ্যের বে বিবরণ ভিনি দিরেছেন ভাতে বার্রােগের সক্ষণ প্রকটিত। জন্নানদ প্রেমনৃভ্যের বিবরণে লিখেছেন—

>-१ हे. छो. मधा १णः

মহানৃত্য দেখি সভা এ লাগে ভর।।
হাড় মাস চূর্ব হও আহাড়ের ঘাও।
দক্ত কড়মড় শব্দে শুনি ত্রাস পাও।।

কোন আধুনিক পণ্ডিভও গৌরচন্দ্রের প্রেমোয়াদনাকে বায়্রোগ সম্পৃত্ব বলে ধারণা করেছেন। তিনি লিখেছেন, "বায়ু রোগ একটা মানসিক ব্যাধি। বায়ু ব্যাধি বদি কৃষ্ণ বিরহের কারণ না হয়, কৃষ্ণবিরহও ত বায়ুব্যাধির কারণ হতে পারে। বায়ু বা ব্যাধি ছিল না, ইহা বলা সত্যের অপলাপ।" শ্রীগৌরালের এই উন্মন্তভাব বায়ু রোগ না কৃষ্ণপ্রেমের বিকার তা পাথিব মাল্বের পক্ষে বিচার করা সম্ভব নয়। প্রাক্ষত লোকের বৃদ্ধি দিয়ে অভিলৌকিক মানবের চরিজের বিচার হয়ত সম্ভব নয়। রামকৃষ্ণ পর্মহংসদেবেরও অফ্রপ প্রেমোয়াদনা দেখা যেত। পেনেটির মহোৎসবে (১৮।৬।১৮৮৩) শ্রীরামকৃষ্ণ অর্থোয়াদ অবয়ায় নৃত্যকীত ন ক্রেছিলেন।

এইভাবে ভক্তগণসহ হরিনামসংকীর্তনানন্দে এক বংসর কাল অতিবাহিত হয়ে গেল—বংসরেক নাম মাত্র কত যুগ গেল। কবিরাজ গোখামী লিখেছেন—

তবে প্রভূ শ্রীবাদের গৃহে নিরন্তর।
রাজে দহীর্তন কৈল এক সংবৎসর।।
কপাট দিয়া কীর্তন করে পরম আবেশে।
পারতী হাসিতে আইসে না পার প্রবেশে।।
কীর্তন ভনি বাহিরে তারা জলি পুড়ি মরে।
শ্রীবাসেরে ত্বংশ দিতে নানা যুক্তি করে।।

চাপাল গোপাল নামে এক ছুমূর্থ ছুই ব্রাহ্মণ একদিন রাত্রে ভবানা পূজার সামগ্রী শ্রীবাসের বারে ছাপন করে যার। তারা কলার পাতে ওড়ুফুল, হরিস্তা, সিঁহুর, রক্তচন্দন, তঙুল ও মছভাও রেথে যার। এই সমরে শ্রীবাস-অলনে শ্রীগোরান্দের সাড়ছরে অভিবেক ক্রিয়া সম্পন্ন হর। অভিবেকের স্বিস্তার বিবরণ আছে চৈডয় ভাগবতে।

> हे. म. महीम्रा—8•।>8->€

২ চৰিতপ্ৰছে শ্ৰীচৈড্ড সিরিজাশংকর রায়চৌধুরী—পুঃ ১১৭

७ अञ्जेत्रायकुक्क्यायुष्ठ, ३म--गुः । । अञ्जेत्रायकुक् क्यायुष्ठ धर्य--गुः २७

e रें ह. जापि ३१ श्रीत ७ रें ह. जो. मश्र » जः

গরা থেকে প্রত্যাবর্তনের পরবর্তী এক বংসর কালের মধ্যে ছটি উল্লেখ বোগ্য ঘটনার বিবরণ পাওরা বার চৈতন্ত জীবনীকাব্যে—একটি জগাই মাধাই উদ্ধার, আর একটি কাজিল্লন। এই সময়েই নিমাই বিক্লুর অবতার রূপে ভক্তমহলে স্বীকৃত হয়েছেন। তিনি নিজে কৃষ্ণপ্রেমর্মে নিমগ্র—কীর্তনানন্দে আত্মহারা। কিছ জীবের ছংখে তিনি কাত্র। ভক্তিহীন নবহীপে ঘরে ব্রের কৃষ্ণনাম প্রচার করার জক্ত তিনি আব্দেশ দিলেন নিত্যানন্দ ও হরিদাসকে; বললেন,—

ভন ভন নিত্যানন্দ ভন হরিদাস।

সর্বত্র আমার আজা করহ প্রকাশ।।

হরিনাম প্রতি ঘরে ঘরে গিয়া কর এই ভিকা।

প্রচার কৃষ্ণ ভব্দ কৃষ্ণ বোল কর কৃষ্ণ শিকা।।

हेहा वहि चात्र ना विनता वानाहेवा।

षिन अवनात्म आमि आमादा कहिवा॥³

স্থতরাং হরিদাস ও নিত্যানন্দ বারে বারে ব্রে ক্ফনাম বিতরণ করে চলেন।

আজ্ঞা পাই ছুই জনে বুলে ঘরে ঘরে।
বোল কৃষ্ণ গাও কৃষ্ণ ভজাহ কৃষ্ণের।।
কৃষ্ণ প্রাণ কৃষ্ণধন কৃষ্ণ সে জীবন।
হেন কৃষ্ণ বোল ভাই হুই একমন।।
এই মত নদীয়ার প্রতি ঘরে ঘরে।

वित्रा विद्यान हुई बग्रज-क्षेत्र ॥

গৃহস্থ ভিকা দিতে এলে ছুইজনে কুফনাম গ্রহণ ভিকা প্রার্থনা করেন—
নিভ্যানন্দ হরিদাস বোলে এই ভিকা।
বল কুফ ভল্ল কুফ কর কুফ শিকা।।

কেউ বা সাগ্রহে সানন্দে ছুই ভজের কথা শ্রবণ করেন, কেউ বা অসম্ভ হয়ে গালাগালি করেন।

এইভাবে ঘরে ঘরে রুফনাম বিভরণকালে একদিন নিত্যানন্দ বাগাই মাধাই নামক জুই মছণ ব্যক্তির ঘারা আক্রান্ত হলেন। অগাই মাধাই ছিল রাব্দণ শন্তান, কিন্তু অনাচারী মন্তপ জুরু তি পাপী—নগরের কোটাল।

১-७ हे छा. त्रवा ३७ जः

त्नरे इष्टानव कथा कहिए ज्ञात ।

ৰগাই-নাণাই

ভারা নাহি করে হেন পাপ নাহি আর।

বান্ধণ হইয়া মন্ত গোমাংস ভক্ষণ।

ভাকা চুরি পরগৃহদাহে সর্বক্ষণ।
দেয়ানে না দেয় দেখা বোলায় কোটাল।

मध्यारन विना चात्र नाहि घात्र काल ॥°

নিত্যানক ও হরিদানকে আসতে দেখে এই তুই মাতাল চকার বকার শক উচ্চারণ করে গালাগালি করতে থাকে। লোকের মূখে নিত্যানক্ষ শোনেন—

এই ছুই দেখিরা নদীয়া ভরায়।
পাছে কারো কোনদিন বসতি পোড়ায়।।
হেন পাপ নাহি যাহা না করে ছুইজন।
ডাকা চুরি মন্তমাংস করয়ে ভোজন।।

নিড্যানন্দ ছির করলেন এই ছই ছুর্ব্তকে পাপের পথ থেকে নির্ভ করতে ছবে। অন্ত লোকে তাঁদের নিষেধ করলেন ছুর্ব্তদের কাছে বেতে, কারণ—"গোবধে ব্রহ্মবধে বাহার অন্ত নাই।।" কিন্ত কারো নিষেধ না ভানেই হরিদাস ও নিভ্যানন্দ গেলেন জগন্নাৰ ও মাধবের কাছে, ছুই মাভালের কাছে শোনালেন ক্লকার—

> বোল কৃষ্ণ ভব্দ কৃষ্ণ লহ কৃষ্ণ নাম। কৃষ্ণ মাতা কৃষ্ণ শিতা কৃষ্ণধন প্রাণ।।*

মন্ত ছ্বুভিষয় তথন মহাক্রোধে ছুই বৈক্ষর ভক্তের পিছনে পিছনে ধাবমান হয়েছে—নিভ্যানক্ষ ও হরিদাস পালাচ্ছেন ভরে।

ধর ধর ধর বলি ধরিবারে যার।।
আবে ব্যবে নিত্যানন্দ হরিদাস ধার।
রহ রহ বলি ছই দক্ষ্য পাছে বার।।
ধাইরা আইসে পাছে তর্জ গর্জ করে।
মহাতর পাই ছই প্রভূ ধার ভরে।।

भाव**खी नव উপ**रान करत,—चाल लोकात्क्रन निजानन ७ रविशान,—

³⁻⁴ CF. W1. MUT

শিছনে শৌড়াচ্ছে জগাই-মাধাই। কিন্তু দহাদ্ব সুলদেহ নিয়ে দৌড়াতে পাবে না. পিছিয়ে পড়ে। হরিদাল বলেন নিড্যানন্দকে—"চঞ্চলর বুদ্ধেঃ আজি প্রাণ লে হারাই।" নিড্যানন্দ বললেন, দোৰ ও প্রভূ বিশ্বভারের, মহারাজার মত ডিনিই ত আদেশ দিরেছেন ববে বরে হরিনাম দিতে; তাঁর আদেশেই ত বরে বরে ব্রে বেড়াচ্ছি; লোকে বলে চোর ভণ্ড, তাঁর আদেশ শালন করলেও এই কল, না করলেও সর্বনাশ।

বান্ধণ হইরা বেন রাজ-আজ্ঞা করে।
তান বোলে বুলি সব প্রতি ঘরে ঘরে।।
কোথাও বে নাহি শুনি সেই আজ্ঞা তান।
চোর ঢক বই লোকে নাহি বলে আন।।
না করিলে আজ্ঞা তান সর্বনাশ করে।
করিলেও আজ্ঞা তান এই ফল ধরে।।

সেদিন আর মাতাল জগাই-মাধাই এ দের ধরতে পারলো না। এঁরা তথন পোঁছে গেছেন প্রভূ বিশ্বস্তরের বাড়ীতে। সব তনে বিশ্বস্তর বললেন—শণ্ড থণ্ড করিমু আইলে মোর এথা। বিশ্বস্ত নিত্যানন্দ প্রভূকে বললেন, এই ছুই ছুর্ভকে বলি হরিনার নেওরাতে পারো, তবেই ত তোমার পতিতপাবন নাম সার্থক।

এই ছুই উদার বদি দিরা ভক্তিদান।
ভবে জানি পাতকি-পাবন হেন নাম।
ভাষাকে ভারিরা যত ভোষার মহিমা।
ভডোধিক এ দোহার উদারের সীয়া॥

বিশ্বন্তর আখাস দিলেন, ভোমার দর্শন যথন ওরা পেরেছে, তথন ওদের উদার ত হরে গেছে। ভক্তগণসঙ্গে গৌরাঙ্গের চলে পরামর্শ। অবৈত বললেন, নিড্যানন্দই ওদের উদার করবেন। হুর্ভ্ডম্ব সকল হানেই বুরে বেড়ার, একা একা কেউ রাজে গলামানে বেডে পারে না। রাজিতে এই হুই দহ্য নিমাই-এর বাড়ীর আন্দে পাশে ঘোরে, মন্বের কোঁকে কীর্তনের বাজনার সঙ্গে নাচতে থাকে। প্রভূকে দেখে ভারা বলে নিমাঞি গণিত হন্দর মন্তন-

⁾⁻७ टेड. **छो. त्रवा ३७ छा**

চন্দ্রীর গীত করছে, গায়েনগুলিও ভাল—ভাদের দেখাও, ভারা বা চাইবে ভাই এনে দোব। প্রভু ও ছর্জনের কাছ থেকে দ্রে দ্বে থাকেন। অবশেবে এলো উদ্ধারের লয়। একদিন নিভ্যানন্দ নগর প্রমণ করে ফিরছেন, এমন সময় লগাই-মাধাই কে রে বে করে ধাওরা করলো। নিভ্যানন্দ বললেন, আমার নাম অবধৃত । অবধৃত নাম শুনেই মাধাই কুছ হয়ে 'মারিল প্রভুৱ শিরে মৃক্টী ভূলিয়া।' নিভ্যানন্দের মাধা দিয়ে বক্ত ঝরে পড়ে। বক্ত দেখে জগাইএর দ্রা হোল,—মাধাই আবার মারতে গেলে জগাই ভার হাত ধরলো, নিবেধ করলো—

কেন হেন করিলে নির্দয় তৃমি দড়।
দেশান্তবী মারিয়া কি হৈবা তৃমি বড়।
এড় এড় অবধ্ত নামারিহ আর।
সন্নাসী মারিয়া কোন্ লাভ বা তোমার।

নিমাইকে লোকে খবর দিরেছে। তিনি দলবল নিরে চলে এসেছেন অকুন্থলে। তথন ক্ষেত্র আবেশ হয়েছে গৌরচন্দ্রের, নিভ্যানন্দের রক্ত দেখে কোধে বাহুজ্ঞান হারিয়ে "চক্র চক্র চক্র প্রভু ভাকে ঘন ঘনে।" গুলাই মাধাই দেখলো, প্রভুর হাতে স্থদর্শন চক্র এসে হাজির হয়েছে। নিভ্যানন্দ তথন করণা পরবশ হয়ে জগাই মাধাই-এর জন্ত ক্ষা প্রার্থনা করলেন প্রভুর কাছে।

> মাধাই মারিতে প্রভু রাধিল অগাই। দৈবে সে পড়িল রক্ত ছৃঃথ নাহি পাই। মোরে জিকা দেহ প্রভু এ ছুই শরীর। কিছু ছৃঃথ নাহি মোর তুমি হও ছির।

জগাই রক্ষা করেছে ভনে প্রভু খুসী হলেন। ডিনি জগাইকে প্রেমছজি প্রদান করলেন।

জগাইরে বোলে রুফ রুপা করু ভোরে।
নিত্যানন্দ রাথিয়া কিনিলি তুঞি মোরে॥
বে অভীষ্ট চিতে দেখ ভাহা তুরি মাগ।
আভি হৈতে ইউ ডোর প্রেমভক্তি লাভ॥

³⁻⁸ टि. **ज**ी. मधा ३७ जाः

জগাই মহাপ্রভুর রুপালাভ করে ধন্ত হোল, সে দেখলো নিমাই-এর দেহে চতুতু জি বিষ্ণু। প্রভু জগাই-এর বক্ষে পদ স্থাপন করলেন। জগাই প্রভুর পারে ধরে চোথের জলে ভাসে। জগাই-এর পরিবর্তন দেখে মাধাইও প্রভুর পারে পড়লো, কিন্তু প্রভু মাধাইকে ক্রপা করবেন না, কারণ মাধাই নিত্যানন্দের রক্তপাত ঘটরেছে। কিন্তু মাধাই-এর ব্যাকুলতা দেখে তিনি মাধাইকে নির্দেশ দিলেন নিত্যানন্দের পারে পড়তে। নিতাই মাধাই-এর বিনয় বচনে তুই হয়ে ভাকে ক্ষমা করলেন। গৌরচক্রও কুপা করলেন মাধাইকে—ভার সব অপরাধ মার্জনা করলেন।

বিশ্বন্তর বোলে যদি ক্ষমিলা সকল।
মাধাইরে কোল দেহ হউক সকল।।
প্রভুর আজ্ঞায় কৈল দৃঢ় আলিকন।
মাধাইর হইল সর্ববন্ধন মোচন।।

প্রভু জগাই মাধাইকে বললেন "তোরা আর না করিস পাপ।" ছব্দনে স্বীকৃত হোল সানন্দে। প্রভু তাদের সকল দায়িত্ব গ্রহণ করলেন, বললেন,—

কোটি কোটি জন্মে যত আছে পাপ তোর।

चात्र विक ना कतिन नव कात्र (मात्र ॥°

এমনিভাবে পাপীর পাপের দায়িত্ব গ্রহণ করার দৃষ্টান্ত খ্ব স্কভ নর।
অভ:পর বৈক্ষব ভক্তদের সক্তে জগাই মাধাইকে অগ্রহে নিয়ে এসে বার ক্ষক
করে প্রীগৌরাক কীর্তনানন্দে মেতে উঠলেন। প্রভূ বিশ্বভরের ইচ্ছাম্থসারে
বৈক্ষব সমাজ জগাই মাধাইকে ক্ষমা করে তাদের আশীর্বাদ করলেন। দস্য
রত্নাকরের বাল্মীকিত্ব লাভের মত জগাই মাধাই পরিণত হোল ভক্ত
বৈক্ষবে। তারা প্রভাতে গলাল্লান করে নিরালার হরিনাম করে জীবন
অতিবাহিত করেছিল।

কণাই মাধাই ছই চৈডক্তরপার।
পরম ধার্মিকরপে বৈসে নদীরার।।
উবঃকালে গলালান করিরা নির্কনে।
তুই লক্ষ রুক নাম লর প্রতিদিনে।।

^{3-2 (}B. 10) 701 38 WE

भागनादत्र शिकांत्र कत्रदत्र भक्ष्मन । निवर्गि कथ राज कत्रदत्र कत्मन ॥

শব থেকে গুরুতর পরিবর্তন হোল মাধাই-এর। সে গলাতীরে বন্ধচারী হরে বশবাস করতো এবং সহতে কোদাল নিরে গলার ঘাট ভৈরী করতো। সেই ঘাট মাধাইর ঘাট নামে প্রসিদ্ধ।

পরম কঠোর তপ কররে মাধাই।
বন্ধচারী হেন ধ্যান্তি হইল তথাই।।
নিরবধি গলা দেখি থাকে গলাঘাটে।
বহুতে কোদালি লঞা আপনেই থাটে।।
অভাপিহ চিহু আছে চৈত্তকুপার।
মাধাইর ঘাট বলি সর্বলোকে গার।।

নবদীপে মাধাইর ঘাট আজও বর্তমান। জগাই মাধাইএর করনাতীত পরিবর্তন সাধনের কলে শ্রীগোরাকের বৈক্ষব-নেভূত্ব বেমন প্রতিষ্ঠিত হোল, তেমনি বৈক্ষবদের শক্তিও বর্ধিত হোল। জনসাধারণের মধ্যেও তাঁর প্রভাব বর্ধিত হোল তিনি অসাধারণ শক্তিমান পুক্ষ বা ঈশ্বরের অবভার অথবা স্থাং ঈশ্বররূপে পরিগণিত হলেন। লোকে বলতে লাগলো—

> প্রাকৃত মন্থ্য নহে নিমাই পণ্ডিত। এবে সে মহিমা তান হইল বিলিত॥*

নিষাইএর অলোকসাষান্ত শক্তির বহি:প্রকাশ জগাই-মাধাই উদ্ধারের ঘটনা থেকেই হুক্ল হোল। পাপী তাপী উদ্ধারের জন্তই যে তাঁর আবির্ভাব এই ভাবটিও দৃচ্নপে প্রতিষ্ঠা পার এই ঘটনার পর থেকেই।

কগাই মাধাই উন্নরের কাহিনী মুরারির কড়চার, কবি কর্ণপুরের চৈডপ্ত-চল্লোকর নাটকে এবং কৃষ্ণকাল কবিরাজের চৈডপ্ত চরিডার্ড কাব্যে উন্নিখিড হরেছে মাজ, বিশ্ব বিবরণ প্রকৃত্ত হর নি। নেইজন্ত কেউ কেউ মনে করেন বে বটনাটি করিত এবং মুরারির কড়চার প্রক্রিপ্ত। মুরারির কড়চা (২।১৩) ও অন্তান্ত প্রায় সকল চরিডগ্রন্থেই এক কুর্তরোপীর উন্থারের কাহিনী বিবৃত্ত হরেছে! কুর্তরোপী উন্থার প্রস্তাক্ত প্রবাদ বিশ্বতর প্রভূকে অন্তরোধ করেছিলেন

১-७ हे. जो. मधा ३६ जः । हे जिहारतत्र 🕮

रेजिरात्तत विकेच्छ—चनुन्त त्वन शृह १८

ভূমি অগলাপ মাধব প্ৰভৃতি পাপীদের উদ্ধার কর। এই অন্ধ্রোধে প্রভৃ বলেছিলেন তথান্ত।

পাপপূৰ্ণান্ অগলাথ-মাধবাদীন্ সমৃত্য। ও মিড্যাই ল ভগবান্ সৰ্বপাতকমূলজং ॥

মুরারি কড়চা বা রোজনামচার আকারে চৈতক্ত জীবনী লিখেছিলেন।
স্থতরাং দেখানে অনেক বিবরণই সংক্ষিপ্ত। কবিকর্ণপুর যদিও মহাকারে
জগাই-মধোই উদ্ধার কাহিনীর উল্লেখ করেন নি, তথাপি নাটকে তিনি মুরারি
অপেক্ষা কিঞ্চিৎ বিশদ। তিনি লিখেছেন—"……জগরাথ-মাধবাভিধানয়ারনর্মেরহরহরতীব বর্ষমানমানসমলরোঃ সাম্প্রগ্রহমাত্মনৈবাহুর পুরতঃ
সমানীতয়াঃ কিম্মিবিষলোভবস্তাাং ভবস্তাাং ষদ্যদেনো ব্যরচি তদ্ধিলমেব
মেহধ্বানপূর্বকং দদতমিতি গদিতয়াঃ কথং কথমপি বিশার চমৎকারকারণেন
কণং স্থিতয়োরনভরং দদাবেতি নিগদতোঃ করতো জলং গৃহীতা সভ এব
দেদীপ্যমানী ক্রিয়মানয়ো ক্রম্মিবছরমান বিপুল পুলক কঞ্কয়োরানক্ষ নক্ষ
দীক্ষণ সলিলয়োঃ রুফ রুফেভি গদ্গদগদনক্ষকঠয়োশ্চির সময়—সময়মানমনো
নির্মলভয়া চির সম্প্রমা-ভজিমোগ-মোগতো গভোদ্যাকামাদি দোবয়োঃ
পরমভাগবভানাং পদবীমার্ল্যেভাদ্শেনানক্ষবিকারেণ পঞ্চতঃ ••।"

— কগরাণ ও মাধব নামধারী নিন্দিত বান্ধণ সহোদর্বরতে যিনি অর্গ্রহপূর্বক বরং আহ্বান করিরা সন্মুখে আনিরা কহিলেন—"দেখ, ডোমরা পাণবিব-লোডে বে বে পাপকার্য করিয়াছ তৎসমন্ত নি:শক্চিন্তে আমাকে প্রদান
কর।" এই কথা বলামাত্র তাহারা একপ্রকার বিশ্বয়চকিত ও কণকাল
তক হইরা রহিল: অনস্কর 'প্রদান করি' বলামাত্র যিনি তাহাদের হন্ত হইতে
কল গ্রহণ করিরা সলে সলে ভাহাদের শরীর নিস্পাপ ও দেদীপ্যমান করিলেন
এবং তৎফলে বিপূল পূলকে ভাহাদের আলে রোমহর্ব হইল, নর্মবন্ধ আনন্দাশ্রু
পূর্ণ হইল, প্রেমক্রত্ব কঠ হইতে গদ্গদ্ ব্যরে 'রুফ রুক' এই বাণী নির্গত হইতে
লাগিল, স্থীর্ঘ পাপাসক্রির পরে ভাহাদিগের চিন্ত নির্মল হওয়ায় ভর ভক্তিবোগের আবির্ভাবে উদ্ধান কামাদি দোব শৃক্ত হইল…।"

> व्. क.—२।১७।১१ २ हे. हे. निक्-अ अरक

ত অসুবাদ-ভ্যালয়ক বিল্যালংকার

জন্মানন্দ জগাই-মাধাই উত্থারের বিবরণ বিস্তৃতভাবেই দিয়েছেন। জগাই-মাধাই-এর চরিত্র ও অপকর্ম সম্পর্কে তিনি লিখেছেন—

नवबीत् वाक्षनिका क्यांह-माथाहे।

क्रुणिनिया निथिनिया दाव क्यां क्रु जहे जहे।।

यन मित्रवा वृष्ठि करत शांक नमदान।

महानानी क्यांहे माथाहे क्रु करन।।

क्यांगन महान शांक दरन दिनाक्षता।

निक्ष ना कां दिन्दा क्यांहे-माथाहेत जरा।।

व्यव स्यांनि विचात नाहिश्व क्रु कांहे।

व्यान मक्यां विविक्षित्र क्यांहे-माथाहे।।

राग्यंश व्यवस्थ जीवश क्रु ।

वर्षा हर्षा क्ष्मण्यो हरत क्रु मेख।।

राग्यांश मृक्य मार्ग करत क्यांनान।

धर्मक्यांना चरन ना करत महाभारत।।

निक्ष मद क्यांजियां मारत निनानि ।

क्रु मेख गर्धवित गर्ड कांटि॥।

মাধাই যথন নিত্যানন্দকে আহত করলো, দ্তম্থে ভবে গোরচন্দ্র তথন—

জগাই বলে মাধাই কেন মারিলে সন্ন্যাসী।
পতিত ব্রাহ্মণ হর্যা তর নাঞি বাসি।।
জগাইরে বন্দী কৈল মাধাই পালাইল।
আর জত দহাগণ কান্দিতে লাগিল।।
নিত্যানন্দ বলে মোরে মারিল মাধাই।
আজিকার তৃঃথে মোরে রাখিল জগাই।।
হাসিরা আসিরা বলে শ্রী নিত্যানন্দ।
ছুই ভাইরে প্রেমভক্তি দেহ গৌরচক্র।।

> हे. म. नशीमा---१०१२->

ব্দাই বলে ব্দেরাধ ক্ষেম গৌরচন্ত্র।
না বানিঞা মাধাই মারিল নিত্যানন্দ।
পতিত ভারিতে তু ভাই ব্দালা। ক্ষিতিভলে।
বুণাই-মাধাই ভারিলে সংসার ভাল বলে।।
পতিতপাবন তুমার নামধানি ব্যাগে।
পতিত বুণাই মাধাই প্রেমভক্তি মাগে।।

জন্মনন্দ বলেন, কুণালাভ করার পরে জগাই-মাধাই গোঁর নিতাই-এর কাছে কর্ম প্রার্থনা করে। গোঁরচন্দ্র তুলসীপত্র গলাজল দিয়ে জগাই-মাধাইকে পাপ উৎসর্গ করতে বলেন, আর সেই জল নিজের মাধার ছিটিয়ে দেওয়ার গোঁরচন্দ্রের মুখ ক্ষণেকের জন্ত কৃষ্ণবর্ণ হল্পে বায়। পরে অবস্থ তাঁর স্বর্ণতুল্য গাত্রবর্ণ কিরে এসেছিল।

জগাই-মাধাই পাপ উৎসর্গিল হাথে।
প্রভু ও অঞ্জলি গলাজল দিল মাথে।।
কৃষ্ণবর্গ মুখ হইল দেখ্যা লোকে জাস।
নিমেবেকে হেমচন্দ মূখের প্রকাশ।।
জগাইরে প্রেমভক্তি দিল গৌরচম্র।
মাধাইরে হরিনাম দিল নিত্যানন্দ।।
ব

প্রভুর আজ্ঞার মাধাই গঙ্গার ঘাট বাঁধলো, সেই ঘাটের নাম হোল পাপ-হরণ ঘাট।

লোচন দাসের বিবরণে জগাই-মাধাইএর দৌরাত্মা তনে প্রীগোরাত্ম প্রভু সমস্ত বৈক্ষক ভক্তদের নিয়ে পথকীর্তনে বহির্গত হলেন। মতে মত্ত জগাই-মাধাই উচ্চরবে হরি সংকীর্তন সম্ভ করতে না পেরে প্রথমে দৃত মুখে হরি-সংকীর্তন নিবেধ করলো, পরে তুই ভাই ত্বরং ছুটলো ভক্ত সারতে। এই কীর্তনদলের মধ্যেই নিত্যানন্দকে আঘাত করলো মাধাই, আর নিতাই দিলেন ভাদের হরিনার।

> দীন দরার্ড্রচিড নিত্যানন্দ রার। অঞ্চপূর্ণ লোচনেতে ছুহা পানে চার॥

३ टि. य. महीया---------

সে কৰুণ আঁথি ছেখি পাণী না গলিল। কোধতরে ছই ভাই সম্বৰে দাভাল।। জগাইর মন অমনি দর্বিরা গেল। खिक वर्षेत्रा (म मांकारव ववित्र ॥ ক্রোথেতে মাধাই ধার হাতে লঞা দও। সন্মধে পাইল ভগ্নকুও একৰও।। कन्नीत कांना (म (कनिया मारत त्वारत । নির্জরে লাগিল নিভাগনন্দের মল্লকে ॥ নির্ভরে বাঞ্চিল কানা বক্ত পড়ে ধারে। प्रिथ भर्व निक कन हाराकात करत ।। कृष्टिन मुठेकी भित्र ब्रख्न शए धारत। গৌর বলি নিভাই আনন্দে নৃত্য করে।। माविनि कनमीत काना महिवादत शांवि। তোদের হুর্গতি আমি সহিবারে নারি।। মেরেছিল ভোরা ভাহে ক্ষতি নাই। স্বমধুর হরিনাম মুখে বল ভাই।।

গৌর। কবিরাজ গোস্বামী কথিত মাধ্যাসের শুক্লপক্ষ পৌ্বসংক্রান্তিতে র পারে না। চাক্সমান হিসাবে পৌ্বসংক্রান্তিতে পৌ্বমাসেরই শুক্লপক্ষ পৌ্বপূর্ণিমা। মাধী শুক্লপক্ষ পর্বতী অমাবস্থার পর থেকে।

নিকৈতক্তের জাবনের তৃটি অধ্যায়। প্রথম অধ্যায়ে তিনি পাষ্ণীদলনের ফিন ভূতারহারী চক্রী কৃষ্ণরূপে অবতীর্ণ। তাঁর নেভূত্তে বৈষ্ণবলগ সভ্যবদ্ধ ত পেরেছেন, পাষ্ণীদের ও রাজশক্তির অত্যাচার দমন করতে পেরেছেন। গ্রীয় স্থ্যায়ে তিনি জীব উদ্ধারের আকাক্রায় সন্মাস গ্রহণ করেছেন এবং শীতাপার মুক্তির সহজ্প পথ নির্দেশ করেছেন এবং কৃষ্ণপ্রেমরূসে নিমগ্ন হয়েছেন। সভংপব পরদিন গুরুকে প্রণাম করে গুরুর অষ্ট্যমিতি নিয়ে রাচ্ভূমির পথে। করলেন শ্রীচৈতক্ত। কৃষ্ণনামগান করতে করতে ভারবিহ্নল হয়ে নৃত্যা তে করতে চলেছেন নবীন সন্ম্যাসী।

নিত্যানন্দাবধুতেন সহ কৃষ্ণগাথাং মৃত্যুক্:।
পথি গচ্ছন্ লপন্ নৃত্যন্ গায়ন্ স্বভজিভাবিত:॥
ধ্যায়ন্ কৃষ্ণপদান্তোজমাত্মনাত্মাত্মবিগ্ৰহ্
বিপ্লবাক্ষ কৃষ্ণি কিল্ফুতগতিৰ্ব্জন্।
মন্তক্ৰীন্দ্ৰৰং কাপি তেজসা বৰ্ধে ক্চিং।
ক্চিদ্ গায়তি গোবিন্দ কৃষ্ণ কৃষ্ণেতি সাদ্ৰম্॥

**

— অবধৃত নিত্যানন্দের সঙ্গে মৃত্মু হ ক্লফগান করতে করতে ক্লভক্তিভাবিত

র পথে চলতে চলতে বিলাপ করতে করতে নৃত্য করতে করতে গান করতে

রতে আত্মবিগ্রহম্মনপ শ্রীক্লফের পাদপদ্ম ধ্যান করতে করতে করতে কথনও অপ্রপূর্ণ

নৈ কথনও কম্পমান ও রোমাঞ্চিত দেহে বিহলে হয়ে কথনও খলিতগভি

ধনও মত্তহন্তিত্ন্য ক্লভগতিতে চলতে চলতে কথনও ভেলের বারা ব্যতি হয়ে

ধনও গোবিন্দ কৃষ্ণ কৃষ্ণ বলে গান করতে করতে চললেন।

ম্বারির কড়চা, কবিকর্ণপূরের মহাকাব্য ও নাটক, বৃন্দাবনের চৈতস্কভাগবত ইতি চরিতগ্রন্থে কাটোরা থেকে প্রভাবর্তনকালে একটি ঘটনা উলিখিত বিছে। কৃষ্ণকথারদে ও কৃষ্ণ নাম গানে মগ্ন শ্রীচৈডক্ত রাচুদেশের কোন গ্রামে

عـجاهاو-د

উপস্থিত হয়ে ক্লফনাম শুনতে না পাওয়ার জালে দেহত্যাগ করতে উন্থত চ্চত চ্চত এমন সময়ে করেকটি রাধাল বালকের মূথে ক্লফনাম শুনে তিনি আশস্ত চ্চত রাচদেশ থেকে প্রভূ নিত্যানশকে বললেন,—

গচ্ছ খং জাহ্নবীতীরে নবৰীপং মনোরমম্ ॥
শা ৰপুরে আগমন মাতরং প্রয়া ভক্ত্যা মম নাম পুরংসরম্ ।।
সংশাস্তব্য স্থী ক্রমা শ্রীক্ষচরিতাদিনা ।
তত্ত্ত্যান্ বৈক্ষবান্ স্বান্ শ্রীবাসাদি মম প্রিয়ান্ ॥
সমানয়াচার্যগেহং যাবত্ত্ত্ব্ ব্রজাম্যহম্ । ১

—তুমি গঙ্গাতীরে মনোহর নবদীপে যাও। মাকে আমার নামে পরম গ্র সহকারে ক্লফচরিত বলে স্থী করে সেখানকার শ্রীবাস প্রভৃতি আমার বি সকল বৈষ্ণবদ্ধে অবৈতাচার্ধের গৃহে নিয়ে এস, আমি সেখানে যাব।

চৈতক্তভাগৰতে শ্রীচৈতক্ত নীলাচলে যাবার সিদ্ধান্ত করে পথে হবিদ্দ্ ফুলিয়া ও শান্তিপুরে অবৈতগৃহে অবস্থানের আকাজ্জা ঘোষণা করলেন।

প্রভূ বোলে শুন নিত্যানন্দ মহামতি।
সম্বরে চলহ তুমি নবদীপ প্রতি ।
শ্রীবাসাদি আছে যত ভাগবতগণ।
সভার করহ গিয়া তুঃখ বিমোচন ।
এই কথা গিয়া তুমি কহিও সভারে।
আমি যাই নীলাচলচন্দ্র দেখিবারে ।
সভার অপেকা আমি করি শান্তিপুরে।
কহিবাঙ শ্রী অবৈত আচার্যের ঘরে।।
ভা সভা লইয়া তুমি আসিবা সম্বরে।
আমি যাই হরিহাসের ফুলিয়া নগরে ॥
*

জন্নানন্দ বলছেন, প্রভূ গোবিন্দানন্দকে শান্তিপুরে ও মৃকুন্দকে পা^{ঠার} নববীপে আর নিত্যানন্দ রুইলেন তাঁরই সঙ্গে।

> শাস্তিপুর গেলা গোবিন্দানন্দ আনন্দিত হয়া। নবৰীপে মুকুন্দেরে দিল পাঠাইয়া।।

১ मृ. क.--- श्राह-७ २ हेत. छो. बहा ३व:

সংকীত ন সম্পটরাজ ছুই ভাই। চৈতঞ্জ নিত্যানন্দ সংকীত নৈ গাই॥'

বিষ্ণুপ্রিয়া স্বামীকে যে নৃতন গামছা উপহার দিয়েছিলেন, সেই গামছাটি প্রভূ দিলেন নিত্যানন্দকে, অবধৃত গামছাটি গলাজলে ভাসিয়ে দিলেন। জয়ানন্দের বর্ণনায় কাটোয়া থেকেই শাস্তিপুরে অবৈতগৃহে চলে গেলেন মহাপ্রভূ।

কাটোরার গোঁরাক ভারতী গৃহবাদে।
শান্তিপুর চনিলা অবৈতসন্থাবে।
অনেক পার্বদ সনে গঙ্গা তীরে তীরে।
সমূত্রগড়ি পার হয়া গেলা শান্তিপুরে।

কবিকৰ্ণপুরও মহাকাব্যে লিখেছেন, শ্রীচৈতক্ত প্রথম তিন দিন আত্মভাবে বিভোৱ হয়ে নিরবছিয় পশ্চিম দিকে চললেন, তারপর দক্ষিণ দিকে যেতে যেতে তিনি চেতনা কিরে পেয়ে ভাবলেন, কোথায় যাছিঃ ভারপর নিড্যানন্দকে বললেন, তুমি নবদীপ গিয়ে সকলকে অহৈতভবনে আসতে বল, আমিও সেখানে যাছিঃ।

ততো দৈবাদেব ভবতি গমনে দক্ষিণদিশি
প্রব্রোহন্ত্ শ্রীমান্ কচন নম্ন যামীতি মনসি।
বিচার্ব্যাহৈতজ্ঞালয়মভি দ গভং সমকরোন্মনো নিত্যানক প্রভূমণি জগদাতিমধুরম্।
প্রযাহি তং শীলং বিব্ধতটিনীতীর মধুরে
নববীপে তৎস্থান্ মন্ন নিগদিতৈক্র'হি মধুরম্।
ভবভোহহৈতজ্ঞালয়মভি চলভেব চপলং
প্রস্থাতে ভ্রাহং দশদি দ তবেতি প্রচলিভঃ।"

—ভারপর দৈবাৎ দক্ষিণদিকে গমন কালে তিনি চেতনালাভ কয়নেন, আমি কোথার যাচ্ছি মনে মনে এই বিচার করে অবৈভালরে বাবার মনছ করলেন। নিড্যানক প্রত্কে মধ্ব কঠে বললেন, তুমি শীরগলাডীরে মনোরম নববীপে বাও, সেধানে আমার কথা মধ্বভাবে বল, ভোমরা অবৈভালরের

১ हि. त्र. महानि—৮।১।६ २ हि. त्र. महानि—১६।১-२ ७ हि. हे. वहा—১১।७२-७७

অভিমুখে চল, আমি দেখানে যাব। নিভ্যানন্দ 'ভাই হোক' বলে জ্ৰুভ নৰ্থীণে চললেন।

মুরারিও বলেছেন, মহাপ্রভূ ভূতীয় দিনেও নিজের কথা শারণ করেন নি।
প্রদিনে তিনি নিজের কথা শারণ করেলেন। খামি গুরুর আজ্ঞায় এসেছি আগামী
পরত অবৈত্তত্ত্বনে সকল বাজনের সঙ্গে সাক্ষাং হবে ` এই বিবরণগুলি থেকে
ফুম্পাইভাবে জানা যাচ্ছে যে গৌবচক্র প্রথমে কাক্ষাহীনভাবে পথ চলেছিলেন
কৃষ্ণপ্রেমে বিহলে হয়ে। পরে তিনি আত্মন্ত হযে সিদ্ধান্ত করলেন, অবৈত্তগৃতে
মা ও ভক্তগণের সঙ্গে সাক্ষাং করার। তদস্সারে তিনি নিত্যানন্দকে পাঠালেন
নববীপে সংবাদ দিতে।

বৃন্দাবন দাসেব কাব্যে গুলর কাছ থেকে বিদায় নিয়ে গৌরাক্ত প্রথন থাত্রা করলেন তথন গুল কেশব ভারতী তাঁর সঙ্গে চললেন। তথন প্রীচৈচজ্যদেব চক্রশেথর আচার্যকৈ বললেন, তৃমি বাড়ী যাও, আমি বৃন্দাবনে যাব রুষ্ণ অন্তর্থনে। চক্রশেথব নবন্ধীপে এলে গৌবাক সন্ন্যাসেব সংবাদ দিলেন। ভক্তগণ যথন শোকে বিহলে তথন আকাশবাণী থেকে জানা গেল, প্রভু তু' চারদিন পরেই সকলের সঙ্গে মিলিভ হবেন। প্রভু পশ্চিমমুথে চলছিলেন, অগ্রে চলেছেন কেশব ভারতী, পশ্চাতে গোবিন্দ, সঙ্গে বয়েছেন নিত্যানন্দ, গদাধর ও মুকুন্দ। তাঁরা পশ্চিম মুখে চলতে চলতে রাচদেশে পৌছালেন, এক ব্রাহ্মণ গৃহে ভিক্ষার গ্রহণ করে রাত্রি যাপন করলেন। চারক্রোশ দুবে বক্রেশব। বক্রেশর গমনের মানসে অগ্রসর হয়েও প্রভু বক্রেশর না গিয়ে পূর্বমুখে চলতে স্কুক করলেন—"বলিলেন আমি চলিলাঙ্ক নীলাচলে।" সন্ধ্যার সময় সকলে গঙ্গাতীরে এলেন, গঙ্কার স্থান করে গঙ্কান্তব করলেন এবং এক গ্রামে রাত্রি যাপন কবলেন। এথান থেকে তিনি নীলাচলের পথে ফুলিয়া ও শান্তিপুর গমনের ইচ্ছা প্রকাশ করে নিত্যানন্দকে নবনীপে প্রেরণ করলেন।

কিছ কৰিকৰ্ণপূরের চৈতন্তচন্দ্রোদর নাটকে ও কৃষণদাস কৰিরাজের চৈতন্ত-চরিভান্ত কাব্যে আর একরকম গর পরিবেশিত হরেছে। এই তুই প্রছে সন্নালের পর জীচৈতন্ত বৃন্দাবন গমনের সিদ্ধান্ত করেছিলেন। নিত্যানন্দ চন্দ্র-শেশক আচার্যকে নববীপ প্রেরণকালেই বলে দিরেছিলেন যে তিনি কোন প্রকারে মহাপ্রস্থাকে অবৈওপৃথ্ নিয়ে যাবেন 1° তারণর পথে গমনকালে ভাববিহ্বল প্রীচৈতন্ত রাথাল বালকদের মুখে রুক্ষনাম শুনে সন্তুট হয়ে বুল্লাবনের পথ জিল্লানা করলেন। নিজ্যানন্দের নির্দেশমত একটি বালক তাঁকে গুল পথ দেখিয়ে দেয়। এই ক্রযোগে নিজ্যানন্দ বুল্লাবন বলে শান্তিপুরের অপর পারে কালনায় নিয়ে আসেন এবং গলাকে যম্না বলে পরিচয় দেন। যম্নাজ্ঞমে গলালানাদি কালে নিজ্যানন্দের চেষ্টায় অবৈতাচার্ব সংবাদ পেলেন এবং গোরহয়ির সঙ্গে সাক্ষাৎ করার পরে তাঁকে প্রকৃত তত্ত্ব জ্ঞাপন করে স্থালয়ে নিয়ে এলেন। এ কাহিনী কিল্প গরবতীকালের উদ্ভাবনা। কারণ কবিকর্ণপুর মহাকাব্যেও এ ঘটনার উল্লেখ করেন নি। ক্ষঞ্চাস কবিরাজ বৃন্ধাবনকে অস্ক্সরণ না করে কবিকর্ণপুরের নাটককেই অন্তুসরণ করেছেন। তিনি লিথেছেন:

তবে ত চলিলা প্রভু শ্রীবৃন্দাবন।।
প্রেমেতে বিহ্নল বাহ্ন নাহিক শ্বরণ।
রাচদেশে তিন দিন করিলা ভ্রমণ।।
নিত্যানন্দ প্রভু মহাপ্রভু ভূলাইয়া।
গঙ্গাতীরে লঞা গেল যম্না বলিয়া॥
শান্তিপুরে আচাবের গৃহে আগমন।
প্রথম ভিক্ষা কৈল তাহা বাত্রে সন্ধীর্তন।।
মাতা ভক্তগণের তাহা করিল মিলন।
সর্ব সমাধান করি কৈলা নীলাজিগমন॥
প

ফুলিয়া গমনের কথা কবিরাজ গোস্থামী উল্লেখ করেন নি। কিন্তু পুস্পগ্রাম বা ফুলিয়া থেকে শান্তিপুরে আগমনের কথা মুরারি তাঁর কড়চার উল্লেখ করেছেন।

নবদীপ থেকে শচীদেবী এলেন শাস্তিপুরে অবৈতভবনে, এলেন আরও বহু ভক্ত। বৃদ্ধাবন বলেন, কাতারে কাতারে আবালবৃদ্ধ নরনারী আদে ফুলিয়ায়। ফুলিয়া থেকে শ্রীচৈডক্ত ভক্তগণ সঙ্গে এলেন শাস্তিপুরে। ভক্তগণ শঙ্গে হরিনাম করে, কৌতৃক সহকারে ভোজন করে প্রস্কৃ অবৈভগৃহে রাজি যাপন করে প্রভাতে নীলাচলে যাওয়ার জক্ত প্রস্তুত হলেন।

> टिक्क हत्वांत्र-वर्ष वरक २ टिक्क हत्वांत्र-वर्ग वरक

ত চৈ. চ. মধ্য ১ম পরি ৪ মৃ. ক.—৬।৪।১২

বছবিধ আপন রহন্ত কথা বলে।

স্থান্ধ বাজি গোজাইলা ভক্তগণ সলে॥
পোহাইলা নিশা প্রভু করি নিত্যক্রতা।
নীলাচল গদন বসিলেন চতুর্দিগে বেড়ি সব ভূত্য ॥
প্রভু বোলে আমি চলিলাও নীলাচলে।
কিছু ত্বংখ না ভাবিহ ভোমরা সকলে।।
নীলাচলচন্দ্র দেখি আমি পুনর্বার।
আসিয়া হইব সকী ভোমা সভাকার॥

এই সময়ে প্রভূর ভক্তবৃন্ধ বাধা দিলেন। এখন উড়িয়ার রাদ্ধা প্রভাগ রুজের সঙ্গে গোড়ের স্থলভানের বিবাদ চলছে, অতএব উড়িয়া যাওয়া নিরাপদ নয়।

তথাপিত ত্ইয়াছে তুর্ঘট সময়
সে বাজ্যে এখনে কেতো পথ নাতি বয় ।
তুই বাজার ত্ইয়াছে অত্যম্ব বিবাদ।
মতাবৃদ্ধ স্থানে স্থানে পরম প্রমাদ ।
যাবং উৎপাত কিছু উপশম নয়।
তাবং বিশ্রাম কর যদি চিত্তে সয় ॥
*

প্রজ্বান বিপদকে গ্রাহ্মনা করে ভক্তগণকে প্রবাধ দিরে পুরীর পথ ধরনেন। মুরারিও অন্তর্মপ বিবরণ দিয়েছেন। তিনি শচীমাকে আখাস দিলেন যে মায়ের সঙ্গে সর্বদাই তিনি থাকবেন। অবৈতাচার্ব-প্রদান্ত আরু ভোজন করে রাজিতে নিজ্রা উপভোগ করার পর শেষযামে উত্থানান্তর কীর্তন করতে করতে শ্রীবাসাদি ভক্তগণকে স্ব স্থ স্থানে ক্রিরে যেতে অন্তর্মোধ করে পুরুষোভ্যম দর্শনে গমনের ইচ্ছা প্রকাশ করলেন।

যান্তামি দেবদেবেশ পুক্ৰোন্তমদর্শনে। সার্বতৌম বিক্লেন্ত্রেণ সার্ধ প্রতামি তং হরিষ ।*

—দেবদেবেশ প্রবোভ্যমদর্শনে যাব, সার্বভৌম বিজ্ঞান্তের সদে হরিকে

⁾ हे जो. ज्ञा. २व: २ हे. जो. च्या. २व: ७ मृ. च.-- ७३/६

ভক্তপণকে আলিকন করে বিধার দিরে চললেন প্রমন্ রহাপ্রভূ। এই সমরে হরিদাস দভে ভূপ ধারণ করে তাঁর পদে পতিত হলেন। ভোষার অভ জগরাধের রূপা প্রার্থনা করবো বলে তিনি নীলাচলে যাত্রা করলেন। জরানক্ষও একরাত্রি শান্তিপুরে বাসের কথাই বলেছেন — "রজনী প্রভাতে শান্তিপুর ছাড়িয়া আছ্মা এ দিল দরশন ॥" লোচনও একরাত্রি যাপনের কথাই বলেছেন। কিছ কবিকর্ণপুর বলেছেন যে একরাত্রি যাপন করে অহৈতগৃহ থেকে যথন প্রীচৈডভ নীলাচল যাত্রা করছিলেন সেই সময়ে ভক্তগণের অগভীর বিরহার্ডি দেখে তিনি কয়েকদিন অহৈতগৃহে যাপন করেছিলেন—

ততোহবৈতপ্রীত্যা প্রণতহরিদাসস্ত চ মৃদা জগরাথক্তেরে জিগমিষুরপি স্বপ্রিয়বশ:। শচীদেব্যা তৎপাচিতমতুলমরং নিজজনৈ: সমং তৈতুঞ্জান: কতি চ গমরামাস দিব্দান্॥

—তারপর ভক্তের বশীভূত গৌরচন্দ্র অগরাথকেত্রে গমনে ইচ্ছুক হরেও অধৈতের প্রীতিবশতঃ এবং প্রণতঃ হরিদাসের আনন্দের নিমিত্ত শচীদেবীর পাচিত অতুলনীয় স্থাত্ অর নিজভক্তগণের সঙ্গে ভোজন করে কতিপন্ন দিবস যাপন করেছিলেন।

কবিকর্পপ্রের নাটক অমুসারে প্রীচৈতন্মজননী ও ভক্তবর্গের প্রীতির নিমিন্ত তিন দিন অবস্থান করেছিলেন শান্তিপুরে; চতুর্থদিনে শান্তিপুর ত্যাগ করে জগরাধক্ষেত্রের উদ্দেশ্যে যাত্রা করেন। ত কবিরাজ গোস্থামী কবিকর্পপ্রের মহাকাব্যকে অমুসরণ করেছেন। তিনি বলছেন যে মহাপ্রভুর পুরুষোত্তমে অবস্থানের গিলান্ত হলে অবৈভ আচার্য আরও হু চার দিন তার গৃহে বাস করতে অমুরোধ জানালেন। তদসুসারে মহাপ্রভু আরও করেকদিন ররে গেলেনঅবৈভালরে।

তবে ও আচার্য কচে বিনীত হইরা।
দিন ছুই চারি রহ রুণা ত করিরা।
আচার্য বচন প্রভু না করে লক্ষন।
রহিলা অবৈভগুহে না কৈলা গমন।।

> रेह. म. **छरकम**—>।> २ रेह. ह. महो.—>>।१८ ७ रेह. हखा. ७ आरक ८ रेह. ह. मधा. ७ श्रीत

কৃষ্ণাস আবার বগলেন—বঞ্চিল কডকদিন নানা কুছুহলে। ' ভিনিই আবার অন্তর বলেছেন,—এই মত দশদিন ভোজন কীর্তন। ' আর্বাৎ দশদিন বহাপ্রেডু অবৈতাবাদে ছিলেন। অবৈতপ্রকাশকারও বলেছেন,—

> হেনমতে দিনকত সীতানাপের ঘরে। যে আনন্দ হৈল তাহা কে বর্ণিতে পারে ॥৩

সন্ন্যাসী শ্রীচৈতক অবৈতগৃহে কদিন বাস করেছিলেন তা যথায়থ বলা সম্ভব না হলেও মনে হয় মুরারি, বৃন্দাবন ও লোচনের বক্তবাই ঠিক। সন্ন্যাসীর পক্ষে অধিকদিন একস্থানে অবস্থান কবা রীতি বিক্ষা।

আমর। পূর্বেই দেখেছি যে সন্ন্যাসগ্রহণের পর গুরুর কাছ থেকে বিদার নিয়ে গৌরচন্দ্র নালাচল গমনের আকাজ্জা প্রকাশ করেছিলেন। লোচনও এই কথাই বলেছেন। লোচনের চৈতক্তমঙ্গলে একবাত্রি অবৈভভবনে অবস্থানের পর পরদিন প্রাতে গৌরহরি নীলাচল গমনেব সংকল্প ঘোষণা করলেন—

> नीनाठन यांच क्षत्रज्ञांच ८५वियादा। व्यन्तवहत्व यहि श्रन्त क्षत्र ॥

কিছ কবিকর্ণপ্রেব নাটকে জননীয় এবং প্রিয় জক্তবর্গের অন্থমোদন না নিয়ে সন্নাদগ্রহণের উদ্দেশ্যে বাত্রা করাব কলে বিল্ল সংঘটিত হওয়ায় মথ্বা সমনাকাজ্যা জাচরিতার্থ থাকে। মহাপ্রভু একণে প্রব্রজ্যার জন্ত সকলের অন্থমতি প্রার্থনা করলে শচীদেবী বলেন, তাঁর আত্মপ্রথের জন্ত বিশ্বস্তরকে কাছে বাথলে সন্ন্যাদীর ধর্মহানি হবে, থল বাজিরা নিন্দা করবে, স্ববচ জগলাপক্ষেত্র প্রীতে অবস্থান করলে ধর্মরক্ষাও হবে দ্রত্বের বল্পতাহেতু ভক্তগণের যাতায়াতেব ফলে শচীর পক্ষে প্রের সংবাদ পাওয়াও সর্ভ্রব হবে। তদম্সারে মহাপ্রভু জননীয় বহুত্বপ্রত্বত অন্তর্গ্রন ভক্ষণ করে ভক্তদের সঙ্গে তিনদিন অতিবাহিত কবে নীলাচলে যাতা করেন।

কবিরাজ গোস্বামী মোটাম্টি কর্ণপুরের নাটক অন্থসরণ করেছেন। তাঁর কাব্যে অবৈতগৃহে ঐতিচতন্ত ও শচীমাতার বিশনের দুস্তটি অভ্যন্ত ব্যুদ্ধগ্রাহী।

> শচী আগে পড়িলা প্রভু দওবৎ হঞা। কান্দিতে কান্দিতে শচী কোনেতে করিঞা॥

> रेठ. ह. सथा. ८ श्रीत २ रेठ. ह सथा ८ श्रीत ७ व्हा. ट्रा. २६ व्हा. ८ रेठ. स. सथा—शृः १२ ६ रेठ. हव्हा. नाः, ७ व्हारू

দোঁতার দর্শনে দোঁতে হইলা বিহবল। (क्थ ना (क्थिया मही वहना विकन।) चक्र त्यांरह यूथ हृत्य करत नित्रीक्रण। দেখিতে না পায় অঞ্চ ভবিল নয়ন।। কান্দিরা কলেন শচী বাছারে নিমাই। विश्वत्रभ मम ना कतिह निर्वेदारे ॥ সন্নাসী হইয়া পুন: না দিল দর্শন। ভূমি ভৈছে কৈলে মোর হইবে মরণ।। প্রভু ত কান্দিয়া বলে তন মোর আই। তোমার শরীর এই মোর কিছু নাই।। তোমার পালিত দেহ জন্ম তোমা হৈতে। কোটিজয়ে তোমার ঋণ না পারি শোধিতে।। জানি বা না জানি কৈল যছপি সন্নাস। তথাপি তোমাকে কভু নহিব উদাস।। তুমি থাঁহা কৰ মুঞি তাহাই বহিম। তুমি ঘেই আজ্ঞা দেহ সেই ত করিম।।°

প্রভূ ভক্তগণের কাছেও অক্সমতি প্রার্থনা করলেন। সন্ন্যাসীর পক্ষে আত্মীর কুটুম্ব নিয়ে জনমানে বাস করা নিন্দনীয়, অথচ যিনি অপ্রজ্ঞের প্রব্রজ্ঞার পরে পিতামাতার ভরণপোষণ করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তিনি কেমন করে মাকে ও ভক্তজনকে ছেড়ে দুয়ে চলে যাবেন? তাই তিনি প্রার্থনা করলেন—"সেই বৃক্তি কর্ যাতে বহে ছই ধর্ম।" এই সংকটে শচীমাতা অভ্যন্ত বিচক্ষণতার সঙ্গে বার দিয়েছিলেন—

তেঁহো যদি ইহাঁ বহে তবে মোর হুও।
'তাঁর নিন্দা হর যদি নেহো মোর হুও।
তাতে এই বুজি ভাল মোর মনে লয়।
নীলাচলে বহে যদি হুই কার্য হয়।
নীলাচলে নববীপে বৈছে হুই বয়।
লোক গতাগতি বার্ডা পাব নিবস্কর।

১ हि. ह. वश ७ शवि

তুমি দব কহিতে পার গমনাগমন। গলামানে কভু হবে তাঁর আগমন ॥

অবৈতপ্ৰকাশেও শচী দেবী বলেছেন একই কথা—

মাতা কহে বৃন্দাবন হয় দৃর দেশ। শ্রীপুরুষোত্তমের পাইমু সন্দেশ।

এই ৰথাগুলিই বাস্থঘোষের একটি পদে মহাপ্রভুর মূথে উচ্চারিভ হরেছে—

ছাড়ি নবদীপ বাস

পরিত্র অরুণ বাস

नही विकृथियादा हाष्ट्रिया।

মনে মোর এই আশ করি নীলাচলে বাস

তোমা সবার অন্তমতি লৈয়া।

নীলাচল নদীয়াতে লোক করে যাতায়াতে

তাহাতে পাইবে তব মোর॥°

কভকগুলি গ্রন্থে নীলাচলে বসবাস করার আকাজ্যা স্বয়ং গৌরাকের, কভকগুলি গ্রন্থে শচীর ইচ্ছার তাঁর নীলাচলে বাস। মনে হয়, সবদিক বিবেচনা করেই শ্রীগৌরাক পুরীতে বসবাসের কথা চিন্তা করেছিলেন। পরে শচীদেবীর অভিলাব তাঁর সেই চিন্তাকে বাস্তবে পরিণত করে। বৃন্দাবন-মণুরার বাসকরলে বান্দালার বৈষ্ণব আন্দোলনের সকে মহাপ্রভুর সংযোগ রক্ষা করা সম্ভব হোত না। পুরীর সকে বান্দালার তথা নবনীপের সংযোগ ঘনিষ্ঠ। মহাপ্রভু পুরীতে অবস্থান করার এই সংযোগ ঘনিষ্ঠতর হয়েছিল। মহাপ্রভুও তাই ভক্তক্ষের বলেছিলেন—

কভু বা করিবে ভোমরা নীলান্ত্রিগমন। কভু বা আসিব আমি করিতে গলালান ॥

জননী ও ভক্তবৃন্দের কাছ থেকে বিদার নিরে প্রীক্রমটেতক্ত যাত্রা করলেন নীলাচলের পথে। অবৈত আচার্য সঙ্গে দিলেন চারজনকে।

নিত্যানন্দ গোসাঞি পণ্ডিত জগদানন্দ।
দামোদৰ পণ্ডিত আর দত্ত মৃত্যুদ্ধ।
এই চারিকনে আচার্য দিল প্রাডু সনে।

^{, 。} ১ है। है। वर्ष ७ श्रीत १ व्य. क. ३६ व्यः—शृंड ३१८ ७ श्रीवश्य क्रविवासी—8१ मृश् व्यय १ है। है। वर्षा ७ श्रीत १ है। है। वर्षा ७ श्रीव

ants con

ঈশান প্রতাপ গঙ্গাদাস গদাধর।

সক্রী

ক্রাসীর সহিতে চলে আর বাণেশব ।°

এই চাঃ জনের সঙ্গে অবশ্য গোবিদ্দ কর্মকারও ছিলেন। বলা বাছল্য পূর্বোক্ত ভক্তবৃদ্ধকে মহাপ্রভুর সহচর হিসাবে নীলাচলেও পাওয়া যায়। বৃদ্ধাবন দাস পাচন্দ্রন সঙ্গীর কথা বলেছেন—

> নিত্যানন্দ গদাধর মুকুন্দ গোবিন্দ। সংহতি জগদানন্দ আর ব্রহ্মানন্দ।।*

এই চারজন বা পাঁচজন অফ্চর নিয়ে নবীন সন্মাসী জ্রীকৃষ্টেডক্ত চললেন নীলাচলের পথে।

উড়িয়া ভক্ত মাধ্য পট্টনায়ক শ্রীচৈতক্তের নীলাচল গমনের দলী হিসাবে অবৈত, গদাধ্য, নিত্যানন্দ প্রভৃতির নাম উল্লেখ করেছেন—

সক্ষেত্রত গদাধর পণ্ডিত।

নিত্যানন্দাদি আর যে যে ভকত ॥ •

এঁদের মধ্যে অবৈত কিছুদ্র গিয়ে মধ্যপথ থেকে কিরে এসেছিলেন।

ত্রীচৈতন্ত সকলকে নির্দেশ দিলেন ঘরে বলে হরিনাম সংকীর্তন করতে—

যুগাভিয়ত্ত কর্তব্যং সদৈব হরিকীর্তনম্। বুন্ধাবন বলেন, চৈতন্তদেব কিছু
দিনের মধ্যেই নদীরায় কিরে আসার আবাসও দিরেছিলেন—

রুঞ্চনাম সভে বসি লহ গিরা বরে। আমিছ আসিব দিন কথোক ভিতরে।।

চৈতন্তভাগৰত অমুসারে সে সমরে গৌড়রাজ ও উৎকলরাজের মধ্যে সংঘর্ব চলছিল, স্বতরাং পথ বিপদসক্ষে হওরার জন্ত অবস্থা আভাবিক না হওরা পর্বত ভক্তপণ তাঁকে পুরী বেতে নিবেধ করেছিলেন।

১ চৈ. চন্দ্ৰ. ৬ আংক ২ জ. এ. ১৫ জঃ ৩ গো. ক. ৪ চৈ. ভা. জন্তা.

e क्रिक्कविनाम नवन हान्य-e-, क्रिक्क क्रीतरकत्र क्रेशांशान-शः-२४२

७ छह्नय--) व होन १ मू. क.--थशर७ ४ हे. छो. जहार जः

নীলাচলে বাজাপণ তথাপিত হইরাছে তুর্ঘট সময়।
সে বাজ্যে এখনে কেন্টো পথ নাছি বর।।
ছই রাজার ইইরাছে অভ্যন্ত বিবাদ।
মহাযুদ্ধ ছানে ছানে পরম প্রমাদ॥
যাবৎ উৎপাৎ কিছু উপশম নয়।
ভাবৎ বিশ্রাম কর যদি চিত্তে লয়॥

প্রভু কিন্তু কোন বিপদের ভয় গ্রাহ্ম করলেন না। তিনি সঙ্গী কয়েকজন নিয়ে চলেছেন পথে। পথে তিনি দলীদের কাছে কার কি সংল আছে জিজাস: করলেন। সকলেই নি:সম্বল জেনে তিনি বিশেষ প্রীতিলাভ করলেন। চলতে চলতে প্রভু আঠিগারা নগরে এদে অনম্ভ নামে এক পণ্ডিতের গৃহে ভিক্ষাঃ গ্রহণ করে কৃষ্ণকথালাপনে বাত্তি যাপন করে প্রভাতে যাত্তা করলেন। শান্তিপর থেকে আছবীর পূর্ব কূলে কুলে অগ্রসর হয়ে গৌরচন্দ্র উপনীত হলেন ছত্তভোগ। বর্তমান চব্বিশ পরগণা চ্ছেলার মথুবাপুর থানার অন্তর্গত জন্মনার মজিলপুর থেকে তিন ক্রোশ দূরে মথুবাপুর গ্রামের নিকটে ছত্তভোগ প্রাম। " এথানে গঙ্গা শতধারায় বিভক্ত হয়ে সাগরাভিমুখে চলতো। শতমুখী গকাধারার প্রভু স্নান করলেন। ছত্রভোগে অমূলিক্সাটে জলরূপী অমূলিক শিব আছেন। দক্ষিণ অঞ্চলের অধিকারী হোসেন শারের লম্বর রামচন্দ্র থানের **অধিকারে ছিল ছত্রভোগ। রামচন্দ্রের অহুরোধে প্রভু তাঁর গৃহে ভিক্ষার**গ্রহণ করে শান্তিক ভাবসমূহ প্রকটিত কবে কীর্তনানন্দে রাত্রিযাপন করলেন। রামচন্দ্র বলেছিলেন, গৌড়দেশ ও উৎকলের মধ্যে যাতায়াত বন্ধ: স্থানে স্থানে ত্রিশুল পুঁতে রাজ্যের সীমানা চিহ্নিত হয়েছে; পথ বিপদসংকুল, কোন অঘটন ঘটলে রামচক্রকে বিপদাপন্ন হতে হবে। কিন্তু শ্রীতিতক্ত পুরী গমনে দুচ্প্রতিজ্ঞ। রাত্রি ভৃতীর প্রহরে বাসচক্র থান প্রভৃকে গলা পার করে দেবার ব্যবন্থা করলেন। প্রিপ্রয়াগ বাটে তীরে উঠে প্রভু উৎকল দেশে প্রবেশ করলেন।

গোবিন্দদাসের ক্ড়চার ছত্তভোগের উল্লেখ নেই। ক্ড়চার মহাপ্রভু বর্ধমানে গোবিন্দদাসের গৃহে উপস্থিত হয়েছিলেন এবং গোবিন্দের পত্নীর

১ চৈ. ভা. অৱাংকঃ ২ চৈ. ভা অৱাং কঃ

৩ উৎকলে প্রীকুক্চৈউন্ত—সারদা চরণ সিত্র, পৃ: ১১

বাাকুলভা থেখে প্রভূ গোবিদ্দকে গৃহে থাকতে নির্দেশ দিলেন। কিছ গোবিদ্দ দে কৰা না ভনে প্ৰভূৱ সংকই যাত্ৰা করে। মহাপ্ৰভূ অভঃপর **হাজিপু**ৰে এসে শব্রিয়াপন করলেন। হাজিপুর থেকে ভিনি পৌছালেন মেদিনীপুর। এখানে क्य नामस **९ जनान धनवान वाक्तिएत निका पित्र** जिनि डेलनीज इरनन নাবারণগড়ে। নারারণগড়ে তিনি গ্রাম্যদেবতা ধলেশব শিব দর্শন করলেন। কোন প্রামাণ্য প্রবে এই স্থানগুলির উল্লেখ নেই। শান্তিপুর থেকে পশ্চিমে वर्धमान ना निष्य गन्नात जीत्त जीत्त हिक्स भवनभाव हवाछात याश्वाहे নী লাচলের সহজ ও সংক্ষিপ্ত পথ। গঙ্গার পশ্চিমতীরে শ্রীপ্রস্থাগ ঘটে। বর্তমান চব্বিশ প্রগ্ণার কতক অংশ এবং মেদিনীপুরের দক্ষিণাংশ উৎকল বা ওছ্রদেশ নাৰে পরিচিড ছিল ১৮০৪ খ্রীষ্টাব্দে দ্বিতীয় মহারাষ্ট্র যুদ্ধ শেব হওয়ার পূর্ব श्वत ।' श्रीम चारि श्रीते छन्न चरत चरत छिन्ना श्वास्य करात्रात. स्मामानम করলেন বছন এবং প্রভূ সগণে পরমানন্দে ভোজন করলেন। দানী এসে বাধা দিন, তার পাণ। কর না পেলে দে জগরাণ কেত্রে যেতে দেবে না। কিছ প্রভূষ করুণাতি ও প্রবল অঞ্জােচন পেথে দানী বিগলিত হয়ে পথ ছেড়ে দিল। ৰুদাবনের মতে ভাগীরণী পার হয়ে ক্লফপ্রেমে মাতোমারা প্রীক্লফচৈতন্ত চলতে চলতে উপনীত হলেন অবর্ণরেখার তীরে, অবর্ণরেখার নির্মল জলে স্থান করে থেকে এলেন অধুয়া (অধিকা কালনা), তৎপরে কুলীনগ্রাম, তৎপরে দ্বেনদ (नारमान्त ? : भाव हरत्र निम्नाथाना हरत्र उत्मानित्थ भौहान। भूवाविक मराश्राक्त बांबागरथ जामानिश्यत উत्तिथ करवाहन । मृतादि वानन, औरेहजक ज्ञांनित्ध मन्त्रप्रतय (जिक्कु नावायन) विश्वष्ठ पर्यन करविष्ट्रानन-

> তমোলিথে মহাপুণ্যে হরে: ক্ষেত্রে জগদ্ধক:। ব্যক্তে কৃতসানো দশ্শ মধুস্দন: ।*

আধুনিককালে মেদিনীপুর জেলায় রূপনারায়ণ নদীর তীরে ভয়োলিও বাং তার্মলিও (ত্যসূক্) বন্দর অবহিত। এককালে তার্মলিও সমূত্রতটে তার্মলিও প্রদেশের রাজধানী ছিল। প্রায়তান্থিক পরিভবর্গের মতে এই প্রদেশ কলিক রাজ্যের অন্তর্গত ছিল। প্রীচৈতন্তের সময়ে ভার্মলিও উৎকলের অন্তর্গত ছিল।

१ त्या. स. गु:--१७.३४ १ डेश्स्टल बैक्स्टेड्ड -- गृ: ३२-३७

এখানে দ্বপনারারণের ঘাটের উপরেই জিফুনারারণের মন্দির ও বর্গভীমার মন্দির ছিল।

জন্মনন্দ বলেন, ভমলুকের পরে স্থবর্ণরেখা নদী পার হরে প্রতিচতন্ত আসেন বারাশতে, তৎপরে দাতিন জলেশর পার হয়ে আমরদা, বাশদা ও রামচন্দ্রপুর অতিক্রম করে, রেম্পাতে গোপীনাথ দর্শন করে শবনগরে দেউলে সিছেশর লিঙ্গ দর্শনান্তর বাঙ্গালপুরের মাঝ দিয়ে অন্তরগড় ডাইনে রেখে ভক্রকে পৌছালেন। ভক্রকে জগন্নাথ দর্শন করে তিনি উপনীত হলেন যাজপুর; যাজপুরে আন্তাশজি বিরক্তা দর্শন করে লবণ সম্প্রকৃলে অগ্রসর হয়ে তিনি উপনীত হলেন পুক্ষোত্তম-পুর, তৎপরে অমরাল্য, একামকানন বা ভ্বনেশ্বর, ক্মলপুর, আঠারনালা পার হয়ে তিনি উপন্থিত হলেন পুক্ষোত্তমক্ষেত্র নীলাচলে।

গোবিন্দের কড়চা অন্থসারে নারায়ণগড়ের পরে শ্রীচৈতন্ম উপনীত হয়ে ছিলেন জলেখরে, এথানে বিশ্বেশর শিব দর্শন করে পরদিন তিনি স্থবর্ণরেথাব তীরে উপন্থিত হন।" কিন্তু বৃন্দাবন বলেছেন, আগে স্বর্ণরেথা পবে জলেশর। স্বর্ণরেথা পার হয়ে গোরচন্দ্র ক্ষপ্রেমে বিহ্বল হয়ে চলেছেন আগে আগে, পশ্চাতে চলেছেন নিত্যানন্দ, শ্বরণ, জগদানন্দ প্রভৃতি। নিত্যানন্দের হাতে দও দিয়ে প্রভৃ একাই গেলেন ভিক্ষায়। স্থযোগ বুঝে নিত্যানন্দ প্রভৃত্ব দও ভেঙ্গে তিন থপ্ত করে ক্ষেলনেন। প্রভৃ দও ভর দেখে ক্ষিত্র অস্ত্রের প্রকাশ করলেও কাউকে ভিরম্বার করলেন না, ভিনি মন্ত সিংহেব স্বত্ব সকলের অপ্রে পথ চলতে চলতে এসে পৌছালেন জলেখর গ্রামে, জলেখরে পৃক্ষায়ভি দেখে প্রভৃ প্রীত হলেম।

গোবিন্দদাস কর্মকারের কড়চার উলিখিত নারারণগড় মেদিনীপুর থেকে ৩২ কি. মি. দক্ষিণে অবস্থিত। অরানন্দ উলিখিত দাতন বা দাতন বেলল-নাগপুর বেলপথের একটি ষ্টেশন। দাঁতন বা দত্তপুর অলেখর থেকে ছর কোশ উদ্ধেনে, সন্তব্যালীদের বিশ্লামন্থান ছিল। হিন্দু ও বেছির তীর্থক্ষেত্র ছিল দাঁতন। " অলেখন বেলল-নাগপুর বেলপথের ষ্টেশন, অভ্যন্ত পুরাতন

১ উरक्टन विकृष्टिक्य -- गृः ১१ २ हि. म. উरक्न-- ১

[ে] নীলাচলে বহাপ্রভুদ্ন বাজাপথ—অমৃত ১৬ বর্ব, ৪১ সংখ্যা পৃ: ২৮

[•] छरक्रा विदेवस्य--गृ: ১৮-১৯

হান। ইট ইখিয়া কোম্পানীর চুর্গ বা কুঠি ছিল এখানে, এখনও ধাংবারশেষ আছে। সারদাচরণ মিত্রের মতে সেকালে জলেশর হুবর্ণরেখার পশ্চিমে ছিল। ওঃ প্রভাতকুষার মুখোপাধ্যার বলেন, জলেশর হুবর্ণরেখার তীরে অবস্থিত। এখানে একটি পুকুরের প্রধান ঘাটের নাম চৈড়ন্ত ঘাট; জনশ্রুতিঃ এই ঘাটে শ্রীচৈডন্ত স্থান করেছিলেন। ই হুবর্ণরেখা বর্তমান উদ্বিধা ও পশ্চিম-বলের সীমা। জ্বানন্দ উদ্বিধিত অমরদা বা অর্মদা গ্রাম অন্থাপি বর্তমান। মর্মদার কাছে হুন্দরকুলি গ্রামে ভিক্লার গ্রহণ করে শ্রীচৈডন্ত রাত্রি যাপন করেছিলেন বলে জনশ্রুতি প্রচলিত।

वृक्षायन वर्णन, करणचरत थक वालि यांभन करत वांभमर धरमन महाथाए. এখানে এক শাক্তের সঙ্গে আলাপ করে তিনি পৌছালেন যাজপুর বান্ধণ নগর। क्यानत्ल्वत मटा वानना, त्रामहत्त्वभूत ७ ७९भद (त्रम्भा ।⁸ वाननात्र चाधूनिक नाम नहानम्मभूत, तामठळ्मभूत वाल्यदात्र कार्ष्ट, वाल्यत त्थरक शांठ माहेल मृत्त (त्रमुना। " "(त्रमाना वारमध्त मरुरवत शक्तिरम आक्राहेरकाम मुरत श्वी वाहेवात বাজপথে অবস্থিত। এথানে কান্তন মাদে গোপীনাথের তের দিন ধরিয়া মেলা হয়। পোপীনাথের মন্দির দাক্ষিণাত্য রীতিতে নির্মিত ।... রেম্ণার यिन्द्राक्षां विक्रम प्रनीयत वानकृष्य वर्षार शामान पृष्टि।" द्रम्गात গোপীনাথের নাম ক্ষীরচোর। গোপীনাথ। গোপীনাথ ভক্ত মাধবেন্দ্র পুরীর জন্ত কীর চুরি করেছিলেন বলে প্রনিদ্ধি আছে ৷ মহাপ্রভূ গোপীনাথ মন্দিরে একরাজি বাপন করে ক্ষীর প্রসাদ গ্রহণ করেছিলেন। রেমুনা থেকে বা**লপ্**রের পথে গোবিলদাসের কড়চায় হরিপুর বালেশ্বর ও নীলগড়েব উপর দিয়ে মহাপ্রভুর গমনের কথা উল্লিখিত হয়েছে। বালেখর বর্তমান জেলা শহর-(रक्न-नार्शभूत (दन अरब ट्रेनन। अवानत्कत विवत्तत (दम्भात भरत मवनगर, বালালপুর, অভরগড় ও ভত্তক। ভত্তকে মহাপ্রভু জগন্নাথ দর্শন করেছিলেন। ভত্তকের উপকর্তে সাইথা প্রামের মদনমোহন-মন্দিরে প্রীচৈতত্তের ব্যবস্তৃত কাঁথা আছে। ধর্মনগর বা 'ধামনগর ভক্তক থেকে ৪৮ কি. মি. 'দক্ষিণ-পূর্বে।" যাজপুর

[›] উ**२क्टन और ५४७—१:** २১-२२

२ खत्रुष्ठ-->७ व, ৪) मर--- पृः २४

४ व्यक्षुष्ठ--->७ व. ८० गर १३ ९४

৪ চৈ. জা. জন্তা ২ অঃ

C OLUM

छरकरन बिक्करेडस्ड—गृह २६ २७

ণ हৈ, इ. वश्. ৪ পরি ৮ বো. ক.—পৃঃ ১৮ স অম ত—১৬ ংর্ব, জচ নাংখা—পৃঃ ২৮

हेफिहान-अनिष शान, हिम् ६ व्योक्ट्डिय भवित छीर्व। अभारन बचा चमराम यक्ताकृष्ठीत्नय बाता विकृतक छुट्टे करत व्यक्ताबान करन्निकान वरण कियमची ভাছে, বজ বেকে যাজপুর নামের উৎপত্তি। যাজপুর উড়িকার কেশরী রাজানের রাজধানী ছিল। কেউ কেউ মনে করেন, রাজা ম্যাতি কেশরীর नाव (शतक बाजनात नाम हरत्रहा। याजनारत देवछवनी नहीं श्रवाहिछ। अधारम चाकि वदाह वा चळवताह विश्रह ऋशिक। देवज्वनीय क्यांचरमध चार्ट প্রীচৈতর স্থান করে আদি বরাত বিপ্রত দর্শন করেছিলেন। এথানে আরও আনেক কেবমন্দির ও বিপ্রাই ছিল, গ্রাভূ স্বট দর্শন করলেন। । যে স্থানে তিনি বৈত্রবীতে স্থান ও পিততর্পণ করেছিলেন, দেই গ্রামের নাম গৌরাকপুর। अधारन रशीवाक्त्रकारत श्रीत होत कृष्ठे के है रशीवाक्त विद्यार चारह । रशीवाक्त्रत थ्यक एम मारेन पृत्त वर्डमान याजशूत । शाजशूत जानामकि विवजान অইভুল বিগ্রহ আছে। বিরজা একার মহাপীঠের অন্যতমা পীঠদেবতা। মুরারি ও জন্মনন্দ বলেছেন বে মহাপ্রভু বিরজা দর্শন করেছিলেন। একরাত্তি বাজপুরে যাপন করে তিনি কটকে উপস্থিত হয়ে সাক্ষিগোপাল দর্শন করেছিলেন। গোবিক্ষ কর্মকার বলেন, মহানদী পার হয়ে তিনি সাক্ষিগোপাল দর্শন করে-ছিলেন। अत्रानस्मय कार्या याष्ट्रशास्त्र शव मनाकिनी नही शाद हरत शुक्रवाख्यश्रुत, शाहेना ও जायवांना, उरशास कर्षेक । कविकर्गश्रवय महाकार्या ও নাটকে মহাপ্রভুর রেমুণায় গোপীনাথ দর্শন, কটকে সাক্ষিগোপাল দর্শন. যাজপুরীতে আগমন, তৎপরে একামকেত্রে বা কমলপুরে গমন ও সর্বশেষে শ্রীক্ষেত্রে স্থাগমনের বার্ডা উল্লিখিত হরেছে। ° মুরারির কড়চায় প্রভুর যাজপুরে বিরন্ধা-क्नान भरबरे अकासकामन वा कृत्रत्यादा निववस्था. श्रीक एकन ६ छ९भाव মহাপ্রভুর অগনাধকেতে উপস্থিতির বিবরণ রয়েছে। যাজপুরের দক্ষিণ উপকর্ষে ভালুটমল গ্রামের পাশ দিয়ে মন্দাকিনী প্রবাহিত ছিল। পুরুষোত্তমপুর वाक्यूय (बंदक ১२ कि. त्रि. विकर्त । वहां श्रेष्ट विक्रमा नवीय वांच वहां नवीय উত্তরে অবস্থিত চৌবারে পৌছেছিলেন। মহানদীর চাবাপাড়া বাটে একটি

১ উৎকলে একুক্টেডন্ত-পু: ২৮ ২ চৈ. ভা. অস্তা ২ অঃ

७ वाबृष्ठ-->७ वर्ष, ३> तर, शृ: २४ । इ. इ. इ. वहां. >> तर्ग. देह. इस बाहेक-- व:

चम्छ-->७ वर्ष, ३० मरबार--गृः २४

পরে কটক। বেক্ল-নাগপুর বেলওরের পুরী যাওয়ার শাখা রেলপথের টেশন সান্দিগোপাল। টেশন থেকে কিছু দ্রে ওপ্তর্ক্ষাবন প্রামে সান্দিগোপালর মন্দির। দীর্ঘকাল উড়িস্কার রাজধানী ছিল কটক। কটকের পরেই ভ্রনেশ্বর বা একাশ্রকানন। বৃক্ষাবন দাস বলেছেন, কটকে আগমনের পরে মহানদীতে স্থান করে প্রভু সান্দিগোপাল দর্শন করেন। তৎপরে তিনি ভূবনেশ্বর উপনীত হলেন। ভূবনেশ্বর শিবের পূজা করলেন গৌরচন্দ্র।

শিব রাম গোবিন্দ বলিয়া গৌরবায়।
হাতে তালি দিয়া নৃত্য করেন সদায়।
আপনে ভূবনেশ্বর গিয়া গৌরচন্দ্র।
শিবপুজা করিলেন লই ভক্তবুন্দ।

অতঃপর মহাপ্রভূ এলেন কমলপুরে। এখান থেকেই জগরাথ মন্দিরের ধ্বজা দেখা যার। প্রেমাতি প্রকাশ করতে করতে তিনি পৌছালেন আঠারনালার। এখানে বনে মহাপ্রভূ পার্বদদের সঙ্গে পরামর্শ করলেন জগরাথ দর্শন সম্পর্কে। মৃকুন্দ বললেন, 'তুমি আগে যাও।' মন্তুসিংহের গতিতে চললেন ঐটৈতন্য নীলাচলে জগরাথ মন্দিরে।

> छरकाल बीकुक्टेशक्क शृ: ==

শবৰ অধ্যায় শীলাচল পৰ্ব

সাৰ্বভৌম মিলন

নীলাচলে উপস্থিত হলেন তরুণ সন্ন্যাসী শ্রীকুষ্ণচৈতন্ত। জগরাধ মন্দিরের সমীপে গমন করে তিনি প্রেমাবেশে বিহবল হরে পড়লেন। বৃন্দাবন দাসের বিবরণে প্রভু আঠারনালা থেকে সরাসরি জগরাধমন্দিরে প্রবেশ করলেন: জগরাধ-স্কুজ্যা-সম্বর্গ বিগ্রহ দুর্শন করে প্রভুর ভাববিকার উপস্থিত হয়।

দেখি মাত্র প্রভু করে পরম হকার।
ইচ্ছা হৈল জগরাথ কোলে করিবার ।
লক্ষ্ণ দেন বিশ্বস্তর আনন্দে বিহ্বল।
চতুর্দিকে ছুটে দব নরনের জল ।
ক্ষণেকে পড়িলা হই আনন্দে মূর্ছিত।
কে বুঝরে ঈশরের অগাধ চরিত ।

এই সমরে জগন্ধাথ-মন্দিবের পড়িহারির। তাঁকে প্রহার করতে উদ্ভত হোল।
সেই সমরে বাস্থদেব সার্বভৌম মন্দিরে উপন্থিত ছিলেন, তিনি অতি ক্রত নবীন
সন্ন্যাসীর পৃঠের উপরে পড়ে তাঁকে রক্ষা করলেন। তৎপরে সার্বভৌম হির
করলেন, এই মহাপ্রুবটিকে অগৃহে নিয়ে যাওয়া উচিত। সার্বভৌমের অম্প্রোধে
পভিহারিগণ মৃছিত প্রীচৈতক্সকে তাঁর গৃহে নিয়ে গেলেন। নিত্যানন্দ প্রভৃতি
পবিকরবর্গপ্ত সার্বভৌমগৃহে সমাগত হলেন। সার্বভৌম সকলেরই জগন্নাথ
দর্শনের ব্যবহা করে দিলেন। তিন প্রহর পরে প্রভৃত্ বাহ্মজ্ঞান লাভ করে
নিত্যানক্ষের নিকট সমস্ত বৃত্তান্ত অবগত হয়ে সার্বভৌমকে কোলে করলেন
এবং অভঃপর জগন্ধাথের নিকটে না গিয়ে দুয় থেকে গরুভুভভের পাশে দাঁড়িকে
কগন্নাথ দেখবেন বলে সিভান্ত করলেন।

আজি হৈতে আমি এই বলি চচাইয়া। জগরাথ কেথিবাও বাহিরে থাকিয়া। জভ্যন্তরে আর আমি প্রবেশ নহিব। গরুতের পাক্ত বহি ঈশ্বর দেখিব।

> कि. का. बहा २वः

কবিরাজ গোধারী ঐতিতন্তের জগরাধ দর্শনের বিবরণ প্রধান করেছেন বৃন্ধাবনের জহুসরণে। তাঁর প্রছেও বাহুদের জগরাধ মন্দির থেকে বৃছিত্ত চৈতল্যদেবকে অগুতে এনেছিলেন পড়িছাদের হাত থেকে রক্ষা করে। ভারপর বাহুদেবের ভগিনীপতি গোপীনাথ আচার্য পূর্বপরিচিত মৃকুন্দের কাছ থেকে মহাপ্রভুর সন্ন্যাস গ্রহণ, নীলাচলে আগমন প্রভৃতি বৃত্তান্ত ভনলেন এবং চৈড্ডেল পার্যদেশন সহ বাহুদেবের গুত্তে উপনীত হলেন।

> ঈশর দর্শনে প্রভু প্রেমে অচেডন। দার্বভৌম লইয়া গেল আপন ভবন ॥

বাস্থদেব পূত্র চন্দনেশ্বরকে প্রেরণ করলেন, নিজ্যানন্দাদি ভক্তগণকে জগরাধ দর্শন করাতে। জগরাধ দর্শনান্তে প্রভ্যাবর্তন করে সকলে উচ্চরবে ইরিসংকীর্তন করতে থাকলে বেলা তৃতীর প্রহরে প্রভূর চৈডক্ত সম্পাদিত হয়। তৎপরে সম্ত্রনান্তে প্রভূ সার্বভৌমগৃহে সগণে জগরাথের মহাপ্রসাদ গ্রহণ করেন।

ম্বারি ও কবিকর্ণপূরের বিবরণ উপরি-উক্ত বিবরণ থেকে ভিন্ন। ম্বারি বলেন, চৈতক্তপ্রভূ নীলাচলে পৌছেই আগে বাহুদেবের গৃহে গিরে তাঁকে জগরাথ দর্শনের ব্যবস্থা করতে অহুরোধ করেছিলেন।

গন্ধাদে বাহুদেবত সার্বভৌমত বেশ্মনি।
সন্ধরং স ননাম দওবং স্থনী:।
দৃষ্টা তং প্রাহ ভগবান্ সগদগদগিরা হরি:।
কথং ক্রক্যামি দেবেশং জগরাধং সনাতনম্।

—প্রথমে বাস্থদেব সার্বভৌষের গৃহে উপস্থিত হলেন। সেই স্থনী (বাস্থদেব) সম্বর উঠে তাঁকে দণ্ডবং প্রণাম করলেন। তাঁকে দেখে ভগবান হরি (গৌরাঙ্গ) গদগদভাষার বললেন, দেবেশ অগরাধ সনাতনকে কথন দেখবো ?

বাস্থানের অপূর্বদর্শন তরুণ সন্ধাসীকে দেখে বিশ্বরাপর হয়ে পুত্তকে প্রেরণ করনেন জীচৈতভার অগরাই দর্শনের ব্যবস্থা করে দিতে —

ইতি সঞ্চিত্তা মনসা তহুজং প্রাচ্ তহুধী:।
গল্প বং শ্রীধৃতেনান্ত চৈতত্তেন মহাত্মনা।
পূরং তগৰতঃ শীব্রং বধাসৌ পূরুবোভমন্।
পঞ্জানভপুরুবনাহাসেন তৎকুর।

> है. इ. यथा ७ शति

२ हैंड. इ. इस्तु. ७ शति । ७ मृ. च.---७।১১।১৪-১৫

a 董· 金· ─al? >18-€ .

—এই কথা মনে মনে চিন্তা করে গুদ্ধতি (সার্বডোম) পুত্রকে বললেন, ভূমি মহাম্মা প্রীয়ক্ত চৈতন্তের সলে আকই ভগবানের মন্দিরে যাও, যাতে তিনি অনস্ত পুরুষ পুরুষোত্তমকে অনায়াসে দুর্শন করতে পারেন, তাই কর।

তথন সার্বভৌমনন্দন ঐতিচতন্তকে সন্দে নিয়ে জগনাথ মন্দিরে গমন করলেন, ঐতিচতন্তও পুরুষোত্তম দর্শন করে প্রেমে বিহ্বল হয়ে পড়লেন। তাঁর চোথ দিয়ে জল ঝরতে লাগলো, দেহ কন্পিত হতে লাগলো, ঝড়ে ভয় হেমান্তিশ্বের মত ভূপতিত হয়ে তিনি মৃ্ছিত হয়ে পড়লেন। আন্ধাগণ তাঁকে সহয় বাহ ঘায়া খয়ে কেলে কোলে করে সার্বভৌমালয়ে নিয়ে গোলেন। সার্বভৌমগৃহে তিনি কীর্তন ও নৃত্য করলেন, ভিকা কয়লেন এবং ভক্তগণ সহ মহাপ্রসাদ ভোজন করলেন।

কবিকর্ণপূর্ব মুরারিকে অন্থসরণ করেই বলেছেন যে ঐতিচ্ডন্য ঐক্জেজ উপনীত হরে বাক্ষ্যের সার্বভৌষের গৃহে উপন্থিত হয়েছিলেন, বাক্ষ্যের এই দিব্যকান্তি তরুপবর্ষ সর্যাসীর নরনাভিরাম রূপ দেখে মৃগ্ধ হয়ে তাঁকে পাছ অর্ঘ্য আসন দান করে প্রণামপূর্বক তাঁর পরিচয় জ্ঞাত হওয়ার পর প্রকে ঐতিচ্ডন্যের অগলাথ দর্শনের ব্যবদা করতে আদেশ করলেন। ঐতিচ্ছন্ত বাক্ষ্যেবতনরের সমভিব্যাহারে অগলাথ দর্শন করে ফুটাছাকরণে ছতিনতি ও প্রদক্ষিণ করে ইটাছাকরণে ছতিনতি ও প্রদক্ষিণ করে ইটাছাকরণে ছতিনতি ও প্রদক্ষিণ করে

কবিকর্ণপ্রের নাটক অন্থগারে ঐতিতন্যের পার্বদ মৃকুন্দের সঙ্গে বাহ্যদেশ সার্বভৌষের ভগিনীপতি গোপীনাথ আচার্বের পরিচর ছিল। গোপীনাথ মৃকুন্দের মুথে গৌরচন্দ্রের সন্থাস বুড়ান্ত ও জগন্ধাথ দর্শনাকাজ্ঞার কথা অবগত হয়ে বললেন, সার্বভৌষের চেটা ব্যভীত জগন্ধাথ দর্শনের হ্যোগ হওয়া সভ্যব নর। হাত্রাং গোপীনাথ সপরিকর হৈতভাদেবকে সার্বভৌষের গৃহের নিকটে অবস্থান করতে বলে অধ্যাপনান্তে অন্তঃপুরে প্রবেশোভত সার্বভৌষের নিকট মহাপ্রভাবশালী মহাপুক্ষের আগমনবার্তা জাপন করলেন। সার্বভৌষ স্বরং অগ্রবভী হয়ে ঐতিভভাকে স্থানত জানালেন এবং গোপীনাথকে জিল্পানা করে ভক্রণ সন্থানীয় পরিচয় জাত হলেন। সার্বভৌষের আদেশে তৎপুত্র চক্ষনেশ্বর স্থাব্দ ঐতিভভাকের নির্বাধ জগন্ধাধন্দন্যের ব্যবস্থা করেছিলেন।

व. क. क्यांकांचा-->२।>-»

^{· (5, 50 9/80-48} W.S

লোচন দাস মুবারি ও কবিকর্ণপূরের বিবরণকেই অন্ধ্যরণ করেছেন। তাঁর কাব্যেও ঐতিভক্ত প্রথমে বাহ্নদেব সার্বভৌমের শরণাপর হরেছিলেন অগরাধ দর্শনে সহায়তা লাভের আশার।

উত্তরিল বাস্থদেব সার্বভৌম ধর।
সার্বভৌম প্রভূবে দেখিয়া হরবিতে।
সন্ধাই হইয়া দিল আসন বসিতে।
নমো নারায়ণ বলি কৈল নমন্ধার।
বাধাকৃষ্ণে শীল্ল মতি হউক ডোমার।
প্রভূ আশীর্বাদ বাণী শুনি ভট্টাচার্ব।
ব্রিলেন বৈক্ষব সন্মাসী মহাচার্ব।
সার্বভৌম দেখি প্রভূ কহিল বচন।
দেগরাথ দেখিবারে উৎক্তিত মন।
কেমনে দেখিব আমি দেবদেব রায়।
সাক্ষাৎ করিতে মোর সম্লম হিয়ার।

এই কথা শুনে সার্বভৌম পুত্রকে বললেন—
সম্বরে চলহ ভূমি চৈতক্ত সংহতি।
নাবধানে শুনিবে যে কহে মহামতি।
প্রীক্তগন্ধাধ সহিত ইহান্ন থোবে তার কাছে।

জ্ঞারাথ দর্শনের পর প্রভূ কিরে এলেন সার্বভৌম গৃহে, সার্বভৌম তাঁকে ভিক্ষার গ্রহণ করতে আমন্ত্রণ জানালেন এবং জগরাথের মহাপ্রসাদ এনে প্রভূকে ভৌজন করালেন।

> তবে মহাপ্রভূ নৃত্য অবসানে। ভিক্না আমন্ত্রণ তারে দিল সার্বভৌমে। প্রসাদ আনিতে দিল ব্রাহ্মণের গণ। প্রভূ সদে সার্বভৌম করত্রে মিলন।

জগরাথ জর মহাপ্রসাদ পাইরা। মন্তবে বন্দিলা প্রভু হাসিরা হাসিরা।*

>-9 Es. H. HUING

গোড়ের ফলতান হোলেন শাহের নলে উৎকলাধীশ প্রতাপক্রমেবের विवाद थाकाव बखरे हाक वा हालान नाहबत देवस्वत छिस्तात मर्ठ-मस्ति ধ্বংস করার অন্তই হোক জগরাধ মন্দিরে রাজপুরুষগণের অভুমতি ভিন্ন व्यविष्ठिष्ठ विस्नीव श्राद्यमाधिकां हिन ना वर्ग मत्न इत्र । छाहे भूवं भविष्ठिष्ठ গোপীনাথের সাহায্যে মহারাজ প্রভাপক্ত্রের সভাপণ্ডিত বাস্থদেব সার্বভৌমের সঙ্গে পরিচিত হওয়ার পরই দার্বভৌষের দাহায়ে শ্রীচৈতনাের জগরাধ মন্দিরে व्यत्म मस्य राष्ट्रिम । क्ष्णवार मुताति, कविकर्गभुत ७ लाहरून विवतन यथार्थ বোধ হয়। বিশেষত: মুরাম্বি সমসাময়িক লেখক এবং তাঁর বিবরণ বাল্কবতা-সমত।

ৰাই হোক নবীন সন্ন্যাসী এচিতন্যকে দেখে বাহুদেব ভাবলেন— অরং মহাবংশসমূম্ব: পুমান স্থপতিত: স্বর্বরা: কথং চরেং। সম্যাসধর্মং ভদষুং বিজং পুন: কুত্বাত্মবেদান্তম শিক্ষামহি ॥

---এই মহৎ বংশে উদ্ভূত পুরুষ স্থপিতে স্বল্পবয়ন্ধ ইনি কি করে সন্নাসধর্ম चाहरा करत्व १ अँक भूनतात्र वाचान करत त्वनास्त निका त्नाव।

ক্ৰিকৰ্পুথের মহাকাব্যে সাৰ্বভৌম বলেছেন—

व्यत्त्री महावः भम्मुख्यक महानव्यक्तां विकामः। কলো তদৰ্ছাং যতিতাং স্কুৰ্গাং কথং তরিক্বত্যহহাতিকট্টম ॥*

—होनि बहादश्य चारु, बश्नामग्न, चन्नदश्य श्रवहार । हा चर्छि दहे ! কলিতে ভদক্ষরণ স্বত্ন্য যতিধর্ম কিরূপে পার হবেন ?

> তদেতমত্যস্তস্থশান্ত চিত্তং সংপ্রাব্য বেদান্তমজন্তমের। করোমি বৈরাগ্যবদেন ভাত্ত আনৈকভানেন চ মোকপাছ্য 🕪

— স্থতরাং এই অত্যন্ত স্থান্ডচিন্ত ব্যক্তিকে অবিরত বেশান্ত প্রবণ করিয়ে বৈরাগ্য রসের বারা এবং ভাক্তজান বা ব্রক্তজানের একডানের বারা উাকে মোক্ষ পথের পথিক করতে হবে।

কৰিকৰ্ণপুরের নাটকে বাস্থাৰে সার্বভৌম গোপীনাথের কাছে ঐঠৈতন্ত ভারতী সভাদারভুক্ত কেশবভারতীর নিকট থেকে দীকাগ্রহণ করেছেন কেনে কিকিৎ चनकाण्टाहर नामहिलन - ज्वज्य नामहोत्रिक्षित्नाः नुनार्वागनहेर बाहित्रका

⁾ मू क्.—काऽराक २ देत. ठ. म**हा**—>२।>६ ७ रह है. नहीं- अश्री क

বেদান্তপ্রবেশনারং সংকর্ণীরঃ । > — কোন ভক্তর সম্প্রদারের সরাসীর বারা পুনরার তাঁকে যোগপট্ট গ্রহণ করিরে বেদান্ত ওনিরে সংকার সাধন করা উচিত। জয়ানন্দের কাব্যে সার্বভৌষ বলেছেন—

এ হেন বন্ধদে ভূমার ধর্ম নর ।
বেদান্ত না পড়িলে সন্ত্যাস নিতে নাই।
বেদান্ত পড়াব গোসাঞি ভূমার ঠাই ।
শিখাস্ত্র ধর পুন বেদান্ত পড়িয়া।
সন্ত্যাস লইবে ভূমি বারাণদী গিয়া।

বৃন্ধাৰন ও কৃষ্ণদাস একই প্ৰকাশ বিষয়ণ দিয়েছেন। চৈডক্স ভাগৰভে সংগ্ৰেম বলনেন.—

না বুঝিয়া শহরাচার্বের অভিপ্রায় ।
ভক্তি ছাড়ি মাধা মৃড়াইয়া কুংথ পার ॥
অভএব তোমারে সে কহিলাঙ আমি।
হেন পথে প্রবিষ্ট হইলা কেনে ভূমি ॥
যদি পুষ্ণভক্তিযোগে করিব উদ্ধার ।
ভবে শিথাস্ত্রভ্যাগে কোন লভ্য আর ॥
যদি বোল মাধবেন্দ্র আদি মহাভাগ ।
ভাঁরাও করিয়াছেন শিথাস্ত্র ভ্যাগ ॥
ভথাপিছ ভোমার সন্যাস করিবার ।
এ সমরে কেমতে হইল অধিকার ।

বাহ্নদেব রীভিমত তর্কে অবতীর্ণ হয়েছেন। কিন্তু মহাপ্রভূ তর্কের পঞ্ গ্রহণ করলেন না। তিনি বললেন যে ক্লফবিরকে তিনি সন্মানীর বেশ ধারক করেছেন—

প্রাত্ বোলে গুন সার্বভৌষ মহাশর।
সন্মানী আমারে নাহি আনিহ নিচ্চর।
ক্রমের বিরবে মৃঞি বিশিপ্ত হইয়া।
বাহির হইসুঁ শিখাক্তর মৃড়াইয়া।

> देठ. इस. महिक-- शक

⁴ Co. 4. 8444-12

সন্মাসী করিরা জ্ঞান ছাড় মোর প্রতি। কুপা কর যেন মোর ক্লফে হর মতি ॥

বৃন্দাবন বলেন, অভঃপর প্রীচৈতন্য সার্বভৌষের কাছে ভাগবত ব্যাণ্য প্রবণের আকাজ্বা প্রকাশ করেছিলেন। সার্বভৌষ আত্মারামশ্চ মূনরো ইত্যাদি ভাগবতের প্রথম স্বন্ধের যঠ স্নোকের তেরো প্রকার ব্যাথ্যা করলেন। তথ্য গোরচন্দ্র উক্ত শ্লোকের অন্যপ্রকার ব্যাথ্যা শোনালেন এবং সার্বভৌমকে বড়ভুজ মূর্তি দেখালেন। এই আশ্চর্ব মূর্তি দেখে সার্বভৌম মূর্ছিত হলেন, গৌরাঙ্গদেব ও 'ওঠ' বলে তাঁর মাথায় হাত দিলে সার্বভৌম চেতন। ফিরে পেলেন, তথ্য প্রিচিতন্য 'পাদপদ্ম দিলা তাঁর হৃদর উপর।' সার্বভৌম পুলকিত অস্তবে শত স্নোকে প্রীচৈতন্যের স্তব করলেন। এই শত শ্লোক সার্বভৌম শতক নামে পরিচিত।

কবিরাজ গোস্বামীর মতে সার্বভৌম ঐতিচতন্যের অবস্থানের জন্য তাঁব নাতৃষ্বদার গৃহ নিদিট করে দিলেন এবং তরুণ সন্ম্যাসীকে বেদান্ত পঞ্চাবার সিদ্ধান্ধ গ্রহণ করলেন।

নিরম্বর ইহাঁবে আমি বেদাম্ব শুনাইব।
বৈরাগ্য আবৈতমার্গে প্রবেশ করাইব।
কহেন যদি পুনরপি যোগপট্ট দিয়া।
সংশ্বার করিয়ে উত্তম সম্প্রদায় জানিরা।

এরপর ঈশরতত্ব ও কলিতে ভগবানের অবভারত্ব নিয়ে আলোচনা হোল. সার্বভৌম ভট্টাচার্ব সপার্বদ প্রীতৈতন্যকে নিমন্ত্রণ করে থাওয়ালেন। অন্ত একদিন অগরাথ দর্শনের পরে বাহ্মদেব সর্যাসী প্রীতৈতন্যকে বেদান্ত পড়াতে আর্থ করলেন। প্রভু সাভিদিন ধরে মৌনভাবে বেদান্ত ব্যাথ্যা শুনলেন, কোন কথ বললেন না। বাহ্মদেব বললেন.

তুমি শুনি শুনি রহ মৌনমাত্র ধরি। হৃদরে কি আছে ভোমার বৃদ্ধিতে না পারি ³⁸ প্রকৃতিত্তরে জানালেন, সার্বভৌমক্ত বেদান্ত ব্যাধ্যা **ফটিপূর্ব, ছ**র্বোধ্য।

১ হৈ. জা. অস্ত্রা ও জঃ ২ হৈ. জা জস্ত্রা ও জঃ ৬ চ. চ. মধ্য ৬ পরি

• হৈ. চ মধ্য ৬ পরি

প্রভূ কহে খ্রের অর্থ বৃধিরে নির্মন ।
ভোমার ব্যাখ্যা শুনি মন হয়ও বিকল ।
খ্রের অর্থ ভান্ত কহে প্রকাশিরা ।
ভূমি ভান্ত কহ খ্রের অর্থ আচ্চাদিরা ।
খ্রের মৃখ্যার্থ ভূমি না কর ব্যাখ্যান ।
কল্পনা অর্থেতে ভাহা কর আচ্চাদন ।
ভূমার শুকর শুক কিছু জানে বেদাস্ত ।
বেদাস্ত হইল কি কবিকল সিদ্ধাস্ত ॥ ই

মহাপ্রভূর পক্ষে এই দভোক্তি যেমন স্বস্থাভাবিক, তেমনি বাস্থদেবের প্রনিক্রিয়াও সায়ও স্বস্থাভাবিক। জয়ানন্দ বলেন,—

একথা শুনিয়া কোধে সার্বভৌম উঠে।
হাসিয়া চৈতন্য গোসাঞি গেলা সিদ্ধৃতটে দ
জগন্নাথের আজ্ঞা সার্বভৌম বার বাবে।
আসিতে না দিহ বলি সিংহ্পারে থাকে।
আমার সনে বিবাদ করিলে চিড়ি পো।
নীলাচল হইতে বাহির কর্যা থো।
চক্রবেড় প্রবেশিতে বেজ মার শিরে।
সার্বভৌম বলেন জগনাথের আজ্ঞা শিরে।

মন্দিরের ছারে পাহারা দিয়েও বাস্থদেব প্রীচৈভন্তের চগরাথ দর্শনের পথ ক্ষ করতে পারলেন না, কারণ জগরাণ সার্বভৌমকে আজা দিলেন—"চৈতন্ত্র-দেবের ঝাট করাহ সভেট।" বাস্থদেব তথন জগরাণ ও চৈতন্ত্রদেবকে অভিন্ন জেনে কৌমবস্থ উপহার দিয়ে প্রীচৈভন্তকে তুই করলেন, প্রীচৈভন্তও বাস্থদেবকে ভালিক্সন করে বন্ত করলেন।

জন্মানন্দ পরিবেশিত এই গর নিছক ছেলেভোলানো গর। ক্রফপ্রেমে মাতোরারা সর্যাসী প্রীচৈতন্তের পিতৃত্ব্য বৃদ্ধ ভারভের অন্তত্তম শ্রেষ্ঠ নৈরাহিক ও বৈদান্তিক পণ্ডিভের প্রতি আশ্বানকর হভোক্তি যেমন অম্বাভাবিক—

১ देठ ह. त्रवा ७ पत्रि २ देह. य. **छरक**न—>२।>२ ७ देह. य. **छरक**न—>२।>२->४

শ্রীচৈতন্তের বৈষ্ণবীর আন্তর্শের পরিপন্থী, তেমনি বৃদ্ধ পণ্ডিতের পক্ষেও ক্রেণ্ডে আত্মহারা হয়ে অগরাধমন্দিরের হারে পাহারা দেওরাও অসত্তব। কুলাবনের বিবরণও অকণোলকল্পিত মনে হয়। বেলান্ড শিক্ষা দিতে গিয়ে বাহ্মদেব কেন যে ভাগবতের একটি প্লোকের তেরো রকমের ব্যাখ্যা করে নিজের পাণ্ডিত্যের প্রমাণ দিতে গেলেন ভাও যেমন বলা কঠিন, তেমনি বাহ্মদেবের বক্ষে শ্রীচৈতন্তের পদস্থাপনও অবিশ্বাহ্ম ব্যাপার। কবিরান্ধ গোস্বামীর মতে প্রান্থ বাহ্মদেবের বেলান্ধব্যাখ্যা খণ্ডিত করে নিজের মত অর্থাৎ অচিন্ত্যা-তেলাভেদ্তত্ব প্রতিষ্ঠিত করেছিলেন।

বিতপ্তা-ছল-নিপ্ৰহাদি অনেক উঠাইল। সৰ খণ্ডি প্ৰভ নিজ মত সে স্থাপিল॥

দার্বভৌম চৈতক্সদেবের অসাধারণ পাণ্ডিত্যে বিশ্বিত হলেন। মহাপ্রভুর অভিপ্রায় অক্যায়ী তিনি আত্মারামশ্চ মৃনরো ইত্যাদি (১।৭।১•) শ্লোকটির নয় প্রকার ব্যাখ্যা শোনালেন। এটিচতক্ত বাহ্মদেবের পাণ্ডিত্যের প্রশংসা করেও উক্ত প্লোকের আঠার প্রকার ব্যাখ্যা করেছিলেন।

নানাবিধ অর্থ তর্কশাস্ত্রমত্ত লৈয়া।
তানি মহাপ্রভু কহে ঈবং হাসিয়া॥
তাটাচার্য জানি তুমি সাক্ষাং বৃহস্পতি।
শাস্ত্রব্যাথ্যা করিতে কারো নাহি এছে শক্তি॥
কিন্তু তুমি অর্থ কৈলে পাণ্ডিতা প্রতিভার।
ইহা বৈ স্নোকের আছে আর অভিপ্রায়॥
তাটাচার্যের প্রার্থনায় প্রভু ব্যাথ্যা কৈল।
তার নব অর্থমধ্যে এক না ছুইল॥
আত্মারামাদি প্লোকে একাদশ পদ হয়।
পূথক পূথক্ কৈল পদের অর্থ নিশ্চর।
তত্তং পদ প্রাথান্তে আত্মারাম মিলাইয়া।
অত্তং পদ প্রাথান্তে আত্মারাম মিলাইয়া।
অত্তং পদ প্রাথান্তে আত্মারাম মিলাইয়া।

চৈডক্সচল্লের এই অনাধারণ শক্তিতে মৃগ্ধ হরে বাহ্মদেব তাঁকে স্বন্ধ শ্রীকৃষ্ণ ভেবে তাঁর শরণ গ্রহণ করলেন।

১ চৈ. চ. মধ্য ৬ পরি ২ চৈ. চ. মধ্য. ৬ পরি

তনি ভট্টাচার্বের মনে হৈল চমৎকার। প্রভূকে কক জানি করে আপনা ধিকার। ইহোঁ ত সাক্ষাৎ কৃষ্ণ ইহা না জানিয়া। মহা অপরাধ কৈন্তু গবিত হইয়া। আতানিন্দা করি লৈল প্রভূর শরণ।

অতঃপর চৈতক্তদেব দার্বভৌমকে চতুর্ভ মূর্তি দেখালেন। দার্বভৌমও ঠাকে ক্ষণজ্ঞানে শুব করলেন। তিনি বললেন—

> তর্কশান্তে জড় আমি থৈছে লোহপিও। আমা ত্রবাইলে তুমি প্রতাপ প্রচও ।

ম্রারি বলেছেন, সার্বভৌম মহাপ্রভূকে বেদান্তলান দিয়ে সন্নাস ত্যাগ করাতে ইচ্ছুক জেনে মহাপ্রভূ হেনে বললেন, আমার আবার উপনয়ন হবে—
যজ্ঞোপবীতং পুনরেব মে ভবেৎ।ও তারপরে অপরাচ্ছে মহাপ্রভূ সার্বভৌমের কাছে গিয়ে বেদান্তের গুঢ়ার্থ ব্যাথ্যা করলেন, সার্বভৌমও বেদান্তের সারসতা উপলব্ধি করে প্রীচৈতনাের পদে শর্ম নিলেন ।

তথাপরাকে বিজবৃন্দসরিধে স সার্বভৌমক্ত পুরো মহাপ্রভু:।
উবাচ বেদান্ত নিগৃত্মর্থং বচো ম্রারেশ্চরণাম্বলাপ্রম্ ।
বেদান্তসিদ্ধান্তমিদং রিদিতা গতং পুরা যন্তদলং স মতা।
চৈতন্যপাদাক্রব্যে মহাত্মা স বিশ্বরোৎফুলমনাঃ পপাত ॥°

—অনন্তর অপরাকে বাহ্মণগণের সান্নিধ্যে মহাপ্রভূ সার্বভৌষের সমক্ষেক্ত চরণপদ্ম আশ্রম্ভরপ বেদান্তের নিগৃত অর্থ ব্যাখ্যা করলেন। এই-ই বেদান্তের দিলান্ত কেনে পূর্ববর্তী ব্যাখ্যা অনর্থক বুঝে মহাজ্যা সার্বভৌষ বিশ্বরে শানন্দিতমনে শ্রীচৈতনাের পাদপদ্মধৃগলে পতিত হলেন।

কবিকর্ণপূর চৈতন্য চল্লোগর নাটকে জানিরেছেন যে মহাপ্রভূ মঞ্চল আরভির পরে জারাথের প্রদান গ্রহণ করে সার্বভৌমগৃতে উপনীত হরে শব্যাত্যাগ করে হস্তম্থ প্রকালনের পূর্বেই সার্বভৌমের হাতে মহাপ্রাদ প্রদান করলেন। সার্বভৌমও উন্নত্তবং বাসিম্থেই সেই প্রসাদ তক্ষ্য করে ক্লপ্রেমে বিহলন হয়ে পড়লেন। তৎপরে তিরি জীর মাতৃষ্পার আলরে প্রিচিতন্যের অবস্থান

১ চৈ. চ. মধ্য. ৬ পরি ২ চৈ. চ. মধ্য ৬ মৃ. ক.—ভা১২১ ৪ মৃ. ক.—ভা১২১২-১৩

স্থানে গমন করে ক্লফ্টানে প্রীচৈতন্যের তব আবৃত্তি করলেন ছটি শ্লোকে। আত্মপ্রশংসা তনে প্রীচৈতন্য স্থায় কর্ণবর আচ্ছাদিত করেছিলেন। অতঃপর দামোদর ও অগদানন্দ সার্বভৌম ভট্টাচার্ব রচিত ছটি শ্লোক আনম্বন করেন ও মৃকুন্দ শ্লোকবর পাঠ করেন। শ্লোকছটি নিমন্ত্রণ:

বৈরাগ্যবিদ্যা নিজভক্তিযোগশিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ।
শ্রীকৃষ্ণতৈতন্য শরীরধারী
কুপাস্থবিভ্রমহং প্রপত্তে ।
কালারটং ভক্তিযোগং নিজং যঃ
প্রান্থমতুর্থ কৃষ্ণতৈতক্তনামা।
আবিদ্ধৃতিক্তক্ত পাদার্ববিদ্ধে
গাচ্ন গাচ্ন লীরভাং চিত্তক্তরঃ।

— বৈরাগ্য বিভা ও নিজ (কৃষ্ণ) ভক্তিযোগ শিক্ষা দেবার জন্ত পুরাণ-পুরুষ **শীক্ষ্ণতৈভন্তর**পে দেহধারণ করেছেন, যিনি দয়ার সাগর, তাঁর আমি শরণ প্রহণ করি।

—কানপ্রভাবে নষ্ট নিজভজিযোগ (কৃষ্ণভজিযোগ) পুনক্তারের জন্ত শ্রীকৃষ্ণতৈভন্ত নামে যিনি আবিভূতি হয়েছেন, তাঁরই পাদপল্লে আমার চিত্তভূক প্রগাঢ়ভাবে লীন হোক।

এই স্নোকছটি ষদি কবিকর্ণপূরের রচিত না হয়ে সার্বভৌমের রচিত হয়, তাহলে সার্বভৌমের চৈতক্তশরণাগতি সম্পর্কে কোন সংশরের অবকাশ থাকে না। তবে বাস্থদেব প্রীচৈতক্তের প্রভাবে জ্ঞানমার্গ ছেড়ে ভক্তিমার্গ আশ্রয় করেছিলেন তা রূপ গোষামীর পভাবলীতে উদ্ধৃত প্লোকাবলী থেকেই জানা বার। কবিরাজ গোষামী কবিকর্ণপূরের নাটক থেকে স্নোক ছটি উদ্ধৃত করে সার্বভৌমের চৈতত্তভক্তির বিবরণ দিয়েছেন—

এই হুই শ্লোক ভজিকঠে রত্বহার। সার্বভৌমের কীর্ভি ঘোবে চকাবাদ্যকার। সার্বভৌম হৈল প্রভূৱ ভক্ত একভান। বহাপ্রভূ বিনে সেব্য নাহি স্থানে স্থান।

३ है, इ. ७ व्यक्ष २ है, इ. नथ

প্রেমবিশাসে সার্বভৌম মহাপ্রভুকে বলেছেন--

অবিভয়ানের কথা কি কহিব আমি।
বে তোমার মনে হর তাহা কর তুমি ॥
তার দাক্ষী আছে প্রভু! মোর মারাবাদ।
মৃক্তি ছাড়ি ভক্তিব্যাখ্যা ভোমার প্রদাদ॥
মৃক্তি ছাড়ি ভক্তি পথে হৈছ তব দাস।
প্রভুব দর্শনে মোর বন্ধ গেল নাশ॥

সার্বভৌম এবং তাঁর বংশ যে মহাপ্রভুর প্রভাবে বৈঞ্চব হয়েছিলেন, ভার আর একটি প্রমাণ সার্বভৌমের পৌত্র জলেশ্বর বাহিনীপভির পুত্র স্বপ্লেশরাচার্য ভক্তিশালের জাকর গ্রন্থ শান্তিস্যস্ত্রের ভারা রচনা করেছিলেন।

বুন্দাবন দাদ বলেছেন, বাস্থদেবকে ক্লম্পরায়ণ নিজভত্তে পরিণত করার পর মহাপ্রত কীর্তন-বিহারে কাল্যাপন করতে থাকেন—

হেন মতে করি দার্বভৌম উদ্ধার।
নীলাচলে করে প্রভু কীর্তন বিহার॥
নিরবধি নৃত্যগীত আনন্দ আবেশে।
বাত্তিদিন না জানেন প্রভু প্রেমরসে॥
ও

অতঃপর একে একে ভক্ত পরিকরগণ সমবেত হতে লাগলেন। নীলাচলে এসে উপনীত হলেন পরমানন্দ পুরী, অরপ দামোদর, প্রভায় মিশ্র, প্রছায় বন্ধচারী, তুই ভাই পরমানন্দ ও রামানন্দ, দামোদর পণ্ডিত, শহর পণ্ডিত, অবৈত আচার্য প্রভৃতি।

> এই মত বতেক দেবক যথা ছিলা। সভেই প্রভুর পালে আসিয়া মিলিলা।

কিছুদিন পরে প্রভূ সুমুস্তীরে বাস করতে লাগলেন, এথানে তিনি সপরিকর কীর্তনবুসে নিমন্ন থেকে নুভাগীতে বাজি যাপন করতে থাকেন।

> ভক্তগণ সঙ্গে প্রভু সমূত্রের তীরে। সর্ববৈকুঠান্দিনাথ কীর্জনে বিহরে। বাসা করিলেন প্রভু সমূত্রের তীরে। বিহরেন প্রভু ভক্তি আনন্দ-সাগরে।

১ এের, বি. ১ম বি. २ औरिह्यक्रिकित উপাদান—পৃ: ७८४

७ हेह. छो. ब्रह्मा. ७ व्यः । । १ हेह. छो. व्यह्मा, ७ व्यः । १ हेह. छो. व्यह्मा, ७ व्यः

দাক্ষিণাত্য পরিক্রমা

মাঘ শুরুপক্ষে প্রভূ সন্নাস গ্রহণ করে কান্তন মাসে নীলাচলে উপনীত হরেছিলেন। ফান্তনে তিনি নীলাচলে দোলযাত্রা উৎসব প্রত্যক্ষ করেন, চৈত্রমাসে বাহ্মদেব সার্বভৌমকে স্ববশে আনয়ন করে বৈশাথের প্রথমে তিনি দক্ষিণ ভাবত যাত্রা করেছিলেন।

> চৈত্তে রহি কৈল সার্বভোম বিমোচন। বৈশাখ-প্রথমে দক্ষিণ যাইতে হৈল মন॥

বৃন্দাবন দাস নীলাচল থেকে প্রভ্র গোডে গমন বর্ণনা করেছেন, দক্ষিণ দেশে গমনের উল্লেখ করেন নি। কিন্তু অন্তান্ত চাবত গ্রন্থগুলি সমন্বরে প্রভ্ব দান্দিণাত্য পরিক্রমার বিবরণ দিরেছে বা উল্লেখ করেছে। কনিকর্ণপূব মহাকাব্যে লিখেছেন—

অথৈষ নাথ: কতিচিদ্দিনানি নীতা প্রযাত্ং দিশি দক্ষিণভাষ্।
চক্রে মনস্তং সমস্ত্রজন্তঃ সর্বে চ জ্বামুহ্বিনামপূর্বকম্ ॥
গতা কিয়দ্ব্যসে কপাবান্ বিদর্জয়ামাস ভদা সমস্তান্।
তত্তাভবে বর্মনি সোহপি গোপীনাথাক্রয়ে। ভূত্বর আননাম ॥

**

—তারপর প্রভু কতিপয় দিবস যাপন করে দক্ষিণ দিকে ষাত্রায় মনস্থ করেন, তাঁর ভক্তগণও সকলেই হরিনাম কীর্তন পূর্বক অহুগামী হয়েছিলেন। কিছুদুর গিয়ে রূপাময় সকল ভক্তকে পরিত্যাগ করেন। সেই সময় গোপীনাথ নামক এক ব্রাহ্মণ এলে প্রভুকে প্রণাম করেছিলেন।

প্রভূগোপীনাথের হাতের পুঁথিখানি নিয়ে বৃক্ষতলে বসে পছতে লাগলেন।

বৈ পুঁথিতে বাহুদেব সার্বভোষের রচিত কাব্যে রুঞ্চ নামটি দেখে রুষ্ধেরেয়ে
বিহ্বল হয়ে বৃক্ষতলে অবশিষ্ট দিন ও রাত্রি বাপন করলেন। পরে সার্বভৌষের
ভার কৃষ্ণভক্তকে পরিত্যাগ করে আসা অছ্চিত কর্ম ভেবে শ্রীচৈতন্ত পুনর্বার
কিরে গেলেন নীলাচনে। পরদিন প্রাতে প্রভু সার্বভৌষের প্রাতঃরুত্যাদি

সমাপনের পূর্বেই অগন্ধাথের মহাপ্রসাদ ভোজন করালেন। এই সময়ই প্রভূ লার্বভৌমেব ইচ্ছাছ্মসারে ভাগবতের একাদশ স্বজের ছটি শ্লোকের পৃথক্ পৃথক্ ভাবে নয় প্রকার নয় প্রকার অর্থাৎ মোট আঠারো প্রকার ব্যাখ্যা করনেন। সার্বভৌমও প্রভূব অসাধারণ শক্তিতে মোহিত হয়ে তার স্তব্ছতি করেন। এই সময়েতেই সার্বভৌম রচিত বৈরাগাবিছা ইত্যাদি শ্লোক ছটি সংভৌম মহাপ্রভূব নিকট প্রেরণ করেছিলেন। শ্লোকছটি পড়ে মহাপ্রভূ পরিকাটি ছি'ড়ে ফেলনেন। অতঃপর অন্তাদশ দিবস নীলাচলে যাপন কবে ভীগ্রমণার্থ দক্ষিণদেশে যাত্রা করেছিলেন।

দিলণভারতে যাত্রা করে পথিমধা থেকে কিরে এদে সার্বভৌমকে স্বয়তে মান্যনের কাহিনী অন্য কোন চরিতগ্রন্থে নেই। ক্ষদান কবিরাজ বনেছেন, বাহ্নদের প্লোকছটি লিথে পত্রিকাটি জগদানন্দের হাতে দিয়েছিলেন মহ'প্রভুকে দেবার জন্য। মৃকুন্দ দত্ত শ্লোকছটি প্রাচীর গাত্রে (বাহির ভিতে) লিথে রেথেছিলেন। মহাপ্রভু প্লোকছটি পড়ে পত্রিকাটি ছিঁড়ে কেললেও ভিত্তি গাত্রে লিখিত শ্লোকছটি ভক্তগণ মৃথস্থ করেছিলেন। কবিরাজ গোস্থামী কবি-কর্ণপূরের মহাকার্য অফ্লারে এই কাহিনী রচনা করেছেন। কবিকর্ণপূরের নাটকে দক্ষিণযাত্রাপথ থেকে ফিরে আদার কথা বলা হয় নি। ম্বাবি কেবল বল্লেন যে, সার্বভৌম কৃষ্ণরূপে মহাপ্রভুর স্বতি করেছিলেন, সেই সমরে মহাপ্রভু তাঁকে সত্তর বাত্র্যুগলে আবদ্ধ করে হৃদ্যে ধারণ করেছিলেন। মনে হয়, পথ থেকে ফিরে আদার গল্লটি কবিকর্ণপূরের কল্পনা প্রস্থত।

চরিতামৃত অনুসারে দাকিশাতা গমনের উদ্দেশ্য সম্পর্কে মহাপ্রভু ভক্তদের বংস্ভিলেন —

দাক্ষিণাত্য বিশারপ উদ্দেশ্তে আমি অবশ্র ঘাইব। বিশানর উদ্দেশ্ত একাকী ঘাইব কাঁছো সকে না লইব।

দক্ষিণে যাত্রাকালে তিনি বাস্থানের <mark>দার্যভৌমের অনুমতি</mark> নিতে গিয়েও বলেছিলেন—

সন্ন্যাস করি বিশ্বরূপ গিন্নাছে দক্ষিণে। অবস্থ করিব আমি তার অধেষণে।

১ চৈ. চ. মহা ১২ সর্গ ২ চৈ. চ. মহা ৬ পরি ৩ চৈ. চ. মহা ৭ পরি ৪ মৃ. ক.—৩১২ ৫ তেকেব ৭ পরি ৬ চৈ. চ. মহা ৭ পরি জ্যেষ্ঠন্তাতা । বশ্বরপের অন্তব্যানই কি শ্রীচৈতন্যের দক্ষিণপ্রমণের উদ্দেশ্ত ছিল ? বিশ্বরপ সন্ধান গ্রহণের ছ বংসর পবে মাত্র আঠারো বংসর বন্ধমে দেচ রক্ষা করেছিলেন । স্থতবাং বিশ্বরপের অন্তব্যাদানে কল কি ? এ সম্বন্ধে কবিবাছ গোম্বামী বলেছেন যে বিশ্বরপের লোকাস্তর সম্পর্কে যদিও শ্রীচৈতন্য অবিহ্ন ছিলেন তথাপি বিশ্বরপের অন্ত্রসন্ধানের ছলে তিনি দাক্ষিণাত্যবাসীদের উদ্ধানকরতে গিয়েছিলেন।

বিশ্বরপের সিদ্ধিপাপ্তি জানেন সকল। দক্ষিণ দেশ উদ্ধারিতে কবেন এই ছল॥

বিশ্বরূপের লোকান্তর প্রাপ্তির সংবাদ সকলেব জানা থাকা সন্ত্বেও এরণ ছলনা অর্থহীন। হরিনাম প্রচার করতে যাওয়ার জন্য ছলনার আশ্রম প্রহণের বা কি প্রয়োজন ছিল ? হরিনাম প্রচার কবে দক্ষিণদেশের মাম্বকে উদ্ধার করার বিবরণ কবিবাজ গোস্বামীর প্রস্থে অরুপন্থিত, জন্য কোন প্রামাণিক চরিত গ্রম্থেও পাওয়া যায় না। কেবলমাত্র গোবিদ্দ দাস কর্মকারের কড়চ ব দক্ষিণদেশে মহাপ্রভু কর্তৃক পাণী তাপী পাযওী উদ্ধারের বিবরণ আছে কবিকর্শপ্রের নাটকে মল্লভট্ট বাজা প্রতাপক্ষদ্রকে জানিরেছেন যে দক্ষিণ দেশে জ্ঞাননির্দ্দ, কর্মনির্চ্চ, শৈব, সাত্বত, পাযত্তী (বৌদ্ধ ?) প্রভৃতি বিভিন্ন মন্তবাদের ব্যক্তির স্থাপর তাগে করে শ্রমিত গ্রম্থত পরিত্যাগ করে শ্রীকৈতনার মত প্রহণ করেছিলেন। বিভিন্ন চরিত গ্রম্থে তীর্থ সক্ষণনের উদ্দেশ্তে মহাপ্রভূব দক্ষিণ-শ্রমণের কথাই উল্লিখিছ হয়েছে। ম্বারির বিবরণে মহাপ্রভুক কাশী মিশ্রের গৃহে জক্ষদের বলেছিলেন—

ভবন্ত এব পশান্ত পুৰুষোত্তমনীশ্বন্। অহং তীৰ্বাটনে যামি জগলাপেন বঞ্চিত: ॥৬

—ভোমরা ভগবান্ পুরুষোত্তম দর্শন কর, আমি জগন্নাথ বিবহিত হযে তীথ প্রতিনে গমন করবো।

কবিকর্ণপূবও তীর্থযাত্রাব কথাই উল্লেখ করেছেন—
অষ্টাৰশাহানি তত্র নীমা বিলোক্য তং দেবমতিহর্বাৎ।
প্রচক্রমে চংক্রমণায় নাথো বিমোক্য়ন্ কাংশ্চন বিপ্রবার্থয়।।

১ চৈ চ. মধা ৭ পরি ২ চৈ. চক্স ৰাটৰ ৭ কংক ৩ মু ক.--৩/১৭/১৫

⁸ CS. 5 481 -- 32128

—আঠারো দিন সেথানে কাটিয়ে জগন্নাথদেবকে দর্শন করে ভক্তগণকে বিরুচে কাতর করে প্রভূ তীর্থ পর্যটনে বাহির হলেন।

নাটকে ৰাস্থানের সার্বভৌম রাজা প্রতাপক্ষত্রকে বলেছিলেন,—"তীথী কুরন্তি ভার্থানি স্বস্থাকে গদাভূতা ইতি সামাক্রানামের মহতাময়ং নিসর্গঃ। পরস্থ ভগবানের স্বস্থান্য শেষ্ম ॥" — মহৎ ব্যক্তিগণের স্বভাবই এই যে তাঁয়া নিজের হৃদরে শাধর বিষ্ণুকে ধারণ করে তীর্থযাত্রায় তীর্থ সকলকেই তীর্থ স্বর্ধাৎ পরিত্র করে শবন। ইনি ত স্বয়ং ভগবান।

লোচনদাস কেবলমাত্র বলেছেন—"সেতৃবন্ধ দেখিবারে চলিলা ঠাকুর।" মনে হয় তার্থদর্শনই মহাপ্রভাৱ দক্ষিণ ভ্রমণের উদ্দেশ্ত ছিল। তবে স্থযোগমন্ত তিনি দক্ষিণাঞ্চলে নিজ মতবাদও প্রতিষ্ঠিত করেছিলেন। প্রভার দৃঢ়সংকর দেখে ভক্রন্দ প্রভাৱ বিরহত্বংথ সন্থ করেও তাঁকে দক্ষিণদেশে গমনের অস্মতি দিলেন। বাস্থদেব সার্বভোম গোদাবরী: নদীর তীরে পরম ভক্ত বৈঞ্চব রামানন্দ রায়ের শঙ্গে সাক্ষাৎ করে যেতে অস্থরোধ করলেন—"গন্তব্যমিতি নিশ্চরে ক্বতে মরোক্ষং গোদাব বীতারে রামানন্দা বর্ততে সোহবশ্যমেবাস্থগ্রাহাঃ।"

তত্রান্তি পরমো মহাত্মা শ্রীকৃষ্ণপাদাযুদ্দমন্তভূক:। নোপজিহীণা বিষয়ীতি রামানদ্দং ভবানদ্দভত্তজয়ত্বম্ ॥°

— দেখানে পরম মহাত্মা শ্রীক্লফের চরণ কমলের মত্তত্ত্ব ভবানলের পুত্রের দ র'মানন্দ, তাঁকে বিষয়ীজ্ঞানে ত্যাগ কোরো না।

কবিরাজ গোস্থামী এই কথারই প্রতিধ্বনি করেছেন—
রায় রামানক্ষ আছে গোদাবরীতীরে।
অধিকারী হয়েন তেঁহো বিভানগরে।
শৃত্তবিষয়ীজ্ঞানে তারে উপেক্ষা না করিবা।
আমার বচনে তারে অবশু মিলিবা।
তোমার সঙ্গের যোগ্য ভেঁহো একজন।
পৃথিবীতে বসিক ভক্ত নাহি তাঁর সম।

**

ম্রারি এ ব্যাপারের উল্লেখ করেন নি। মহাপ্রভু ভক্তগণকে শীত্র প্রত্যাবর্তনের আখাস দিরে দক্ষিণ দিকে রওনা হলেন। কবিকর্ণপুরের চৈতক্ত

১ চৈ. চন্ত্ৰ, না. ৭ আংক ২ চৈ. ম. শেৰণাও ও চৈ. চন্ত্ৰ, না. ৭ আংক

в रेठ. ठ. वहां.—>২।>> € रेठ. ठ. वशा ९ श्रीत

চন্দ্রোদয় নাটক অন্থসারে বাস্থদেব সার্বভৌম কর্তৃক নিযুক্ত একদল বিপ্র গোদাবরী-তীরবতী বিভানগরে অবস্থানরত রায় রামানদের আবাস প্রয় গিয়েছিলেন। তৎপরে তাঁরা প্রত্যাবর্তন করলে শ্রীচৈতন্ত একাই দক্ষিণাপথে অগ্রসর হন। চৈতন্ত চরিতামৃত অন্থসারে মহাপ্রভু একাকী দক্ষিণ দিকে যাওয়ার সমল করলে নিত্যানন্দপ্রভুর অন্থরোধক্রমে তিনি কৃষ্ণদাস নামে

কৃষ্ণদাস নামে এই সরল আহ্মণ
ইহা সঙ্গে করি লহ ধর নিবেদন।
জ্বলপাত্র বন্ধ বহি তোমার সঙ্গে যাবে।
যে তোমার ইচ্ছা বর কিছু না বলিবে।
তবে তাঁর বাক্যে প্রভূ কৈল অঙ্গীকারে।
তাহা সবা লঞা গেল। সার্বভৌম ঘরে।।

কবিকর্ণপুরের মহাকাব্যে দাক্ষিণাত্য ভ্রমণে মহাপ্রভুর সদী ছিলেন এ। ক্ষ ক্ষদাস। অন্য কোন প্রামাণিক চরিতগ্রন্থে মহাপ্রভুর দাক্ষিণাত্য ভ্রমণের সঙ্গীব উল্লেখ নেই। গোবিন্দদাসের কড়চা অস্থ্যারে মহাপ্রভুর একাকী দাক্ষিণাত্য ভ্রমণের সংকল্পে ব্যাকুল হয়ে নিত্যানন্দ আহ্মণ কৃষ্ণদাসকে সঙ্গী হিসাবে গ্রহণ করতে অস্থ্রোধ করলে মহাপ্রভু স্বীকৃত হলেন না। শেষপ্রভ সকলের অন্থরোধ তিনি গোবিন্দ কর্মকারকে সঙ্গে নিতে রাজি হলেন।

গোবিন্দ কর্মকারের নাম অন্তত্ত পাওয়া গেলেও দাক্ষিণাত্য প্রমণকালে গোবিন্দের নাম সনী হিসাবে অন্ত কোথাও উল্লিখিত না হওরার সংশ্বের স্ষ্টি হরেছে। সে যাই হোক্, দক্ষিণে যাত্রার সহাপ্রস্কৃ প্রথমে উপনীত হলেন আলালনাথে।

चानाननाथमागठा त्यामाद्यस्थित । ^८

১ है। है। नशा १ পরি २ পো. क — भृ: २১ ♦ मृ. क.— ०।১৪।২

সালালনাথ দৰ্শনে প্ৰেমাপুতদেহে কৃষ্ণ কৃষ্ণ বাম গোবিন্দ নাম গান ক্রডে করতে প্রভূ কথনও হলেন ভূলুগ্ঠিত, কথনও হলেন মুৰ্চিত।

> কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি উবাচোঠৈচমু হিমু হ:। ক্ষণং বিলুঠতে ভূমে কণং মুৰ্চ্চতি জল্লাত। ক্ষণং গায়তি গোবিন্দ কুষ্ণ রামেতি নামভি:। মহাপ্রেমপ্রতং গাত্রমালালনা গদর্শনে ॥

আলালনাথে তিনি একরাত্রি অবস্থান করেছিলেন—"আলালনাথ কেত্রে স রাত্রৈকং সংক্রাসয়ৎ।">

মালালনাথে চতু ছু ৰ বিষ্ণুত্তি দর্শন করে মহাপ্রভু উপনীত হংলন কুর্মকেতে, দর্শন করলেন বিফুর ক্মাবতাব বিগ্রহ—আবাতে কুর্মকেতে চ **ক্র্মর**পী জনাদন: ৷ ত কবিকৰ্পুর লিখেছেন,—"ততন্তবৈৰ ক্মক্তে কুম্দেৰং প্রণমা স্তবা কৃষ্নায়ো দিজবরতা গৃহমুকীর্ণবান্।"

> এই মত ঘাইতে ঘাইতে গেলা কুৰ্মস্থানে।° ज्यतान् क्रभानः त्कीरम क्रमाम श्रवमः खरमानार । "

ক্র্মক্ষেত্রে প্রীচৈত্তা ক্র্ম নামক এক বান্ধণেব গৃহে আতিখা গ্রহণ করে-ছিলেন। মুবারি, কবিকর্ণসূত্র ও কৃষ্ণদাস ক্রিবাজ এখানে বাস্থদের নামক এক কুষ্ঠরোগীব মহাপ্রভুর কুপাশাভ ও কুষ্ঠরোগ মোচনের বিবরণ প্রদান করেছেন। অতঃপর মহাপ্রভু এদে হাজির হলেন জিয়ড় নৃদিং হকেত্রে—

> কিয়দ, বং সমাগত্য জিয়ড়াখ্যং নৃসিংহকম্। দদর্শ পরমপ্রীত: প্রেমাশ্রপুলকাঞ্চিত: ।°

—কিয়দুর গিয়ে জিয়ড় নামক নৃসিংহ দর্শন করলেন প্রেমাঞ্রামাঞ্চিত দেহে পরম প্রীত হয়ে।

> অবৈষ তন্মাৎ প্রমঃ রূপালুর্জন্ নুসিংহঃ স তু নারসিংছে। ক্ষেত্রে সমাগত্য নৃসিংহদেবং নমক্ষার গুরুষাপ্যকার্যীৎ।

—তারপর দেই ছান্, থেকে অগ্রসৰ হয়ে পরম কুপাময় নুসিংহ নারসিংহ ক্ষেত্রে আগমন করে নৃসিংহদেবকে নমস্তার করলেন, স্তবও করলেন।

১ মৃ. ক.—গ>ঃ।ঃ

২ মৃ. ক.—৩)১৪/৮ ৩ মৃ. ক.—৩)১৪/১১

в टेठ. हम्म नाष्ट्रेक—१ जरक ६ टेठ. ह. मश् १ श्रीत ७ टेठ. ह. महा.—>२।১००

१ म्.क.—७।३८।३३

७. टेह. यहां—>२।>>

"ততক বৃসিংহকেত্রমূপগম্যাগম্যান্তাবো ভগবস্তং বৃদিংহং দৃষ্টা স্বস্থা প্রণম্য প্রদক্ষীকৃত্য প্রতম্মে।"

জিয়ড় নূসিংহক্ষেত্রে গেলা কওদিনে ॥
নৃসিংহ দেথিয়া কৈল দগুবং নভি।
প্রেমাবেশে কৈল বছন্তাগীত স্থতি ॥
তবে গোৱা পছ জীয়ড় নৃসিংহ দেথিয়া।
চলিলা ত প্রদিনে সে দিন বঞ্চিয়া ॥
2

ক্রিকেত্র ও নৃসিংহকেত্রে মহাপ্রভূর গমনের কথা গোবিন্দের কডচার পাওরা যার না। কড়চার শ্রীগোরাঙ্গ আলালনাথ থেকে একেবারে গোদাবরীতে উপস্থিত হয়েছেন। স্বরানন্দ ক্রিয়ান বাদ দিলেও নৃসিংহকেত্রের উল্লেখ কবেছেন—

> জিয়রে নৃসিংহ দেখি তবে গেলা পঞ্চনথী। গোদাবরী নদী পার হয়্যা॥°

"কুৰ্মস্থান মাজ্রাজের গঞ্জাম জেলায় একটি প্রাসিদ্ধ হিন্দুতীর্থ। এই স্থানে বিষ্ণুর বিতীয় অবতার কুর্মদেবের মন্দির আছে। জিয়ড় নুসিংহক্ষেত্র বা সিংহাচলম্ ভিজাগাণ্ট্রম জেলার। এথানে ভগবান নুসিংহদেবের মৃতি বিরক্তিয়ান।"

চরিতকারেরা সকলেই অতঃপর ঐতিচতন্তের গোদাবরীতীরে রায় রামানন্দের সঙ্গে সাক্ষাৎকার বর্ণনা করেছেন।

> ইহা ওনি গোদাবরীতীরেতে আইন। সেই স্থানে রামানন্দ আসিরা মিলিল।

কৃষণাস কবিরাজ গোদাবরীতীরে লোকজন সহ রাজকীয় আড়মবে লানে আগত রার রামানন্দের সঙ্গে মহাপ্রভূর সাক্ষাৎকারের বর্ণনা দিয়েছেন। এথানে এক রান্ধণের গৃহে ভিকা গ্রহণের পরে সন্ধ্যাকালে রায় রামানন্দের সঙ্গে মহাপ্রভূর তত্ত্ব আলোচনা হয়। ° গোবিন্দের কড়চাতেও রামানন্দের সঙ্গে

১ চৈ. চন্দ্ৰ. বা. ৭ আৰু ২ চৈ. চ. বধা ৮ পরি ৩ চৈ. ম. লোচন—শেষথও

⁸ टि. म. अन्नानम—छे९कल—>•

[«] टेडक्काररपत्र एकिक्डन्न, २३, हाक्रक्त क्रीवानि—शृ: sz

७ (भी. क.--१: २) १ हे. इ. मशु ४ भन्नि

শ্রীচৈতন্তের তত্ত্বালোচনার বিবরণ আছে। কিন্তু ম্বারি গুপ্ত বলেছেন বে প্রদিন প্রাতঃকালে রামানন্দের দক্ষে মহাপ্রভুর সাক্ষাৎ হয়েছিল।

ততঃ প্রভাতে বিমলে ভতে প্রভূগায়ন্ হরিং প্রেমবিভিন্ন থৈছি।
যথে দ কাঞানগরং জগদগুরু প্রিয়ানান লাথ্য রায়ম ॥ ১

ম্বারির বিবরণে মহাপ্রভু রামানন্দের গৃহে গিয়েছিলেন, রুঞ্পুজার অবসানে রামানন্দ সম্মুণে আশ্র্র্য কান্তিময় সন্ন্যাসা শ্রীরুঞ্চিতন্তাকে দেখেছিলেন। মহাপ্রভু রামানন্দকে বৃন্দাবনলীলা শ্বরণ করিয়ে তাঁকে শ্রীক্তেরসমনের আদেশ দিরে আরও দক্ষিণে যাত্রা করেছিলেন। এখানে রামানন্দের সঙ্গে শ্রীচৈতন্তার ভ্রালোচনা একেবারেই অহালিখিত। কবিকর্গপুরের নাটকে মহাপ্রভুর সলোকিক কণগুণের কথা শুনে রায রামানন্দ তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে এসেছিলেন গোদাববাতীবে এবং এখানেই উভয়ের মধ্যে তত্বালোচনা হয়েছিল। কবিকর্পপুর আবার মহাকাব্যে বলেছিলেন যে উদাসীনতা দেখিয়ে শ্রীচৈতন্তা বামানন্দের সঙ্গে সাক্ষাৎ না করেই দক্ষিণ দিকে চলে গেলেন—তথাপ্যভিব্যজ্য বিভূবিরাগং ন তং বিলোক্যের যণা বাচীম্। তিতন্তাচরিতামৃতকারের মতে মহাপ্রভু দশদিন রামানন্দের সঙ্গে কৃঞ্চ কথায় কাল্যাপন করেছিলেন।

এইরপে দশরাত্তি রামানন্দ সঙ্গে। হথে গোডাইল প্রভু কুফকথা রঙ্গে॥

কৃষ্ণদান বলেছেন, স্বরূপ দামোদরের কড়চা অমুসারে তিনি রামানন্দ মিলন বর্ণনা করেছেন। জয়ানন্দ রামানন্দ-প্রদঙ্গই বর্জন করেছেন। লোচন রামানন্দ মিলনের উল্লেখ মাত্র করেছেন।

> রায় রামানন্দ আর প্রভূতে মিলন। গোরাগুণ গাথা গায় এ দাস লোচন॥

কবিরাজ গোস্থামী ব্য কবিকর্ণপুরের নাটক অহুসরণ করে রামানন্দ সংবাদ বর্ণনা করেছেন তাতে সন্দেহ নেই। ডঃ বিমানবিহারী মজুমদার শ্রীচৈতক্ত ও রামানন্দের সাধ্য-সাধন আলোচনা কথোপকথনের রিপোর্ট নয় বলেই সিদ্ধান্ত করেছেন। ত কথোপকথনের রিপোর্ট না হলেও রায় রামানন্দের সঙ্গে চৈতক্ত-

১ মু. ক ---খা১৫।১ ২ চৈ চন্দ্ৰ. না ৭ আংক ৩ চৈ চ মহা -->২।খা১১

a to. p. वश्र- म भवि क to. व. ब्लब्बक क खोटेडक्काविट व डेलावान-- गृ: eas

দেবের, তন্ত্রালোচনা হয়েছিল ২লেই মনে হয়। কারণ ঐতিচতন্তের জীবন সাধনা এর প্রান্তন পথে অগ্রসর হয়েছিল।

রক্ষদাসের বিবরণে-মহাপ্রভূ অভঃপর গোতমী গন্ধায় স্থান করে মল্লিকার্জুন তীর্থে মহেশ্বর দুর্শন করে অহোবলে নুসিংহকে দুর্শন করেছিলেন।

> গোতমী গন্ধায় যাই কৈল গন্ধানান। মলিকাজুন তাঁথে যাই মহেশ দেখিল।

অহোবল নৃসিংহেবে কবিল গমন।

অহোবল ও মলিকাজুন কণুল জেলায় অবন্ধিত তুটি প্রাদিদ্ধ তাঁর্থ।
"অহোবল রামামুজাচার্য প্রতিষ্ঠিত এবটি মঠের নাম।" অন্ত কোন চরিতপ্রাদে
এই ছই তীর্থে শ্রীটেতন্তের আগমনের উল্লেখ নেই। গোবিন্দদাসের কড়চা
অমুদারে মহাপ্রভু দশদিন বামানলের দক্ষে রুক্ষরথায় যাপন করে ক্রিমন্দ নগবে
উপন্থিত হলেন। এখানে ছিল বৌধদেল বাদা। বৌধদের প্রধান রামগিবি
বায় বিতর্কে প্রাজিত হয়ে মহাপ্রভুব শবন গ্রহণ করেছিলেন। মুরারির কাবো
(কড়চা) গোদাবরী পাব হযে শ্রীটেতনা প্রুবিটি বনে উপান্ধত হন। করিবাজ
করেলেন। সিদ্ধবট কুড়াপা নগরের দশ মাহ্ন পূর্বে সিজাট। সিদ্ধবটে মহাপ্রভু
সীতাপতি রভুনাথের বিগ্রহ দর্শন করেন। সেখানে এক ব্রান্ধণের গৃহে ভিকা
গ্রহণ করে তিনি এলেন ক্ষলক্ষেত্র।

স্কলক্ষেত্রতীর্থে কৈল স্কল দরশন। ত্রিমঠ আইলা তাঁহা দেখি ত্রিবিক্রম ॥

স্বন্ধক্ষেত্র স্থল-কাতিকেয়ের বিগ্রাহ দর্শন কবে শ্রীচৈতন্য তিমঠে দেখলেন ত্তিবিক্রম বিষ্ণুর মৃতি। স্থলক্ষেত্র চিন্দেলপুট জেলায় চেযুর গ্রামে। এখানে স্থল্পতা স্বামী বা ষড়ানন কার্তিকেয়ের মৃতি বিরাজমান। গোবিন্দদাস কর্মকারের ত্তিমন্দ কি ত্রিমঠ চাক্ষচন্দ্র শ্রীমাণি লিখেছেন, "আমার বোদ হয়, ত্রিমন্দ ত্রিমঠ হইবে। কাঞ্চীকে ত্রিমঠ বলে। কাঞ্চীপুরে বৌদ্ধিগের,

১ है. ह. मथा व शक्ति २ हैहर खरादि व मिक्न खमन-शः ४०

৩ চৈ. চ. পরাণটার গোৰামী সম্পাদিত, পারটীকা- পৃঃ ১১৭

s মু ক.—পৃ: ২০ ৫ চৈ চ. মধ্য ১ আ: ৬ চৈতক্তদেৰের দক্ষিণপ্রমণ—পৃ: ৪৪

শৈবদিগের এবং বৈষ্ণবদিগের মঠ ছিল বলিয়া উহা ত্রিমঠ নামে পরিচিত।" তিমঠ থেকে মহাপ্রভূ পুনরায় শিদ্ধবটে ফিরে এলেন সেই আন্ধানের গৃহে এবং রামভক্ত বিপ্রকে ক্লোপাসকে পরিণত করলেন। মুরারির কড়চায় ও লোচনের চৈতন্যমঙ্গলে কাঞ্চীতে রামানন্দের সঙ্গে শ্রীচৈতন্যের সাক্ষাৎকার হয়। ভারপর মহাপ্রভূ গোদাবরী পার হয়ে পঞ্চবটী বনে প্রবেশ করেভিলেন।

এই মনে ক্রমে ক্রমে পথ চলি যায়। গোদাবরী করি পঞ্চবটীতে সাস্ভায়॥^৬

শ্রীবাম গোবিন্দরফেতি গায়ন্ত ত্রীয়া গোদাবরীমের রক্ষঃ। বিবেশ শ্রীপঞ্চবটীবনং মহৎ শ্রীবামদাতাম্মরণাতিবিহ্বলঃ॥

গোদাবরী পার হয়ে শ্রীচৈতন্ম কাবেরী নদীর তীরে এসে হাজির হলেন।
মুরারির মতে কাবেরী নদী উত্তীর্ণ হয়ে তিনি শ্রীক্ষনাথ দর্শন করেছিলেন।

কাবেরীমৃত্তীর্য শ্রীরঙ্গনাথং দৃষ্টাতি ৯টো হি ননর্ত সাদরম্। বু কবিকর্ণপুরও কাবেরীর প্রপারে বঙ্গনাথ দর্শনের কথা বলেছেন— শ্রীরঙ্গক্ষেত্রকমসো দয়ালুঃ কাবেরিকাবেষ্টিতমূচ্চদেশম্। :

জ্য়ানন্দ মহাপ্রভুর দক্ষিণদেশ ভ্রমণের সংক্ষিপ্ত নিবরণে লিখেছেন যে মহাপ্রভু গোদাবরী পার হয়ে পঞ্চনটা দর্শন করে এক ভেলেঙ্গা ব্রান্ধণের ঘরে অবস্থান পূর্বক কাবেরী নদীর জলে লান করে বেখটে পর্বতে জিমলনাথ দর্শনের পরে প্রমোদা নদা উত্তীর্ণ হয়ে অরণাপথে বানর রাজার দেশে প্রবেশ করে সেতৃবন্ধে উপনীত হয়েছিলেন। ক্ষিঞ্চাদ কবিরাজের বিবরণে সিদ্ধিরট জিমঠ পরিক্রমার পর তিনি "বৃদ্ধকালী আদি কৈল শিব দর্শনে।" এখান থেকে একটি গ্রামে এসে তিনি বিশ্রাম করেছিলেন। বিভিন্ন মতাবলম্বী পণ্ডিত দার্শনিক বৌদ্ধ প্রভূবিদের পরাজিত করে গৌরাঙ্গ প্রভূ স্বীয় মত প্রতিষ্ঠিত করেছিলেন। তারপর তিনি জ্রিপতি জিমলে চতুর্ভু বিষ্ণু দর্শন করে এলেন বেছটাচলে, জ্রিপতিতে শ্রীরামচন্দ্রকে প্রণাম জানালেন—

মহাপ্রভূ চলি আইলা ত্রিপতি ত্রিমলে। চতুর্ভু স্বৃতি দেখি বেঙ্কটাজ্যে চলে॥

১ চৈত্রেদেবের দক্ষিণ অমণ-পৃ: ৪০ ২ চৈ. চ মধ্য ৰ জঃ

o . लाइन-टेइ. म. त्नवंशंध 8 म् क.--१।३१।७ ६ मृ. क. -७।३६।१

७ टि. ठ महा—>८।० १ सवानम — टेंड. म.—उर्वन ३०

ত্ত্ৰিপতি আদিয়া কৈল শ্ৰীৱাম দ্বশন। বঘুনাথ আগে কৈল প্ৰণাম ন্তব্ন॥

তারণর প্রভু এলেন পানা-নৃসিংহে, নৃসিংহ মূর্তি দর্শন করে নৃসিংহেব স্তবস্থাতি করলেন। পানা-নৃসিংহ রুষণা জেলার বেজওরাদা সহরের সাত মাইল দ্রে মকলগিরির মধ্যে অবস্থিত। তিরুপতি এম্. এস্. এম্. রেলপথের বেলষ্টেশন। বেকটাচলেব উপত্যকাষ 'নিয় তিরুপতি' অবস্থিত। এখানে গোবিন্দরাজ ও রামচক্র বিগ্রহ আছেন। পানিবকাঞী কঞ্জিভরম্—দক্ষিণকাশী নামে প্রসিদ্ধ। বিষ্ণু কাঞ্চী কঞ্জিভরম্ থেকে পাচ মাইল দ্বে। বিষ্ণুকাঞীর পরে প্রভুর গমনস্থান ব্রিমলয়, ব্রিকালহন্তী, পক্ষিতীর্থ, বুজকাল ভীর্থ ও শিরালী।

জিমলয় দেখি গেলা জিকালহন্তী স্থানে।
মহাদেব দেখি তাঁবে করিল প্রণামে।।
পক্ষিতীর্থ দেখি কৈল শিব দরশন।
বৃদ্ধকোলতীর্থে তবে করিলা গমন।।
খে চবরাহ দেখি তাঁরে নমন্ধরি।
পাতাখর শিবস্থানে গেলা গোরহরি।।
শিয়ালী ভৈরবী দেবী করি দরশন।
কাবেরীর তীরে স্থাইলা শচীর নক্ষন।।

জিমলয় তাঞ্চোর জেলায়, পক্ষিতীর্থ চিংলিপট থেকে মাইল দক্ষিণ-পূর্বে,
বৃদ্ধকোল মহাবলিপুরম্ থেকে এক মাইল দক্ষিণে, পীডাম্বর চিদাম্বর কুডালোর
নগর থেকে ২৬ মাইল দক্ষিণে, শিয়ালি তাঞ্জোর জেলায় তাঞ্জোর সহর থেকে
৪৮ মাইল উত্তরপূর্বে। তৈতক্ষচরিতায়ত অহসারে অতঃপর শ্রীচৈতক্ত কাবেরীতীরে গো সমাজ শিব, বেদাবন অমৃতলিক শিব, দেবস্থানে বিষ্ণু, কুন্তকর্ণকপালে
সরোবর, শিবক্ষেত্রে শিব, পাপনাশনে বিষ্ণু দর্শন করে শ্রীরক্ষক্ষেত্রে উপনীত
হয়েছিলেন। তিবদাবন তাঞোর জেলায় তিক্ষত্তরাইপণ্ডি তালুকের ক্ষিণপূর্ব কোণে এবং পরেন্ট্ কলিমিয়ারের পাচ মাইল উত্তরে, কুন্তক্বিপাল

১ চৈ. চ মধ্য ৯ পরি ২ চৈ. চ. গৌড়ীর মঠ সং – পৃঃ ৪৯১

৩ চৈ. চ. গৌড়ীর ষঠ সং—পৃঃ ১৯১ । ১ চৈ চ মধা ৯ পরি

e छात्रव शुः sae ७ है है. है. यथा व शति

কুস্তকোনম্, —ভাঞাের জেলায়, পাপনাশন কুস্তকোনম্ থেকে আট মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

গোবিক্ষকর্মকারের কড়চায় মহাপ্রভূ-পর্যটিত ছান নামের সঙ্গে বত ঘটনার বিবরণ আছে। কড়চায় ত্রিমন্দ নগরের পরেই ঢুন্টিরাম তীর্থে ঢুন্টিরাম স্বামী নামক এক পণ্ডিত মহাপ্রভূর রূপা প্রাপ্ত হয়ে ধন্ত হলেন। তারপর চৈতল্পদেব অক্ষরতের কাছে বটেশ্বর শিবের নিকটে রাজি যাপন করলেন। ভীর্থপতি নামে এক ধনবান ব্যক্তি সত্যবাই ও লক্ষীবাই নামী ছই বারাক্ষনার সাহায়ে শ্রীচৈতক্তকে পরীক্ষা করতে উত্তত হয়ে বিকল হয়ে বাগাঙ্গনাদয় সহ তীর্থবাম মহাপ্রতুর ক্লপা লাভ করে, তীর্থবাম সর্বস্ব ত্যাগ করে হরিনাম গ্রহণ করেন। প্রভু মুমানগবের পাশে জঙ্গল দিয়ে চলছিলেন, মুমাবাসীদের কাছ থেকে ভিকা নিয়ে তিনি এক তৃ:খিনীকে দান করলেন। এইখানে গ্রামানন স্বামীর সঙ্গে তার সাক্ষাং হয় এবং রামানন স্বামী বিতর্কে পরাজিত হয়ে মহাপ্রভুর ভক্ত হয়ে পড়েন। এরপর মহাপ্রান্থ এলেন বেক্কটনগরে, এখানে তিনি তিনদিন অবস্থান করেছিলেন। প্রভীল নামে এক দম্বা দম্বাতা ত্যাগ করে সর্বত্যাগী সন্ন্যাসী হয়ে গেলেন। সেথান থেকে তিন ক্রোশ দুরে গিরীশর শিবের পূজা করলেন তিনি। তারপর মহাপ্রভূ এলেন ত্রিণপদী (ত্রিপদী ?) নগরে। মথুরানাথ নামে এক রামাত পণ্ডিত তাঁর ভক্ত হয়ে পড়েন। মধুবানাথকে বিদায় দিয়ে প্রভ এলেন পালা নরসিংছে। পূজারী মাধবেক্ত ভূজা প্রভূকে আপ্যায়িত করেন। প্রভূ বিষ্ণুকাঞ্চাতে উপনীত হয়ে পন্মীনারায়ণ দর্শন করার পরে ছয় ক্রোল দ্বে ত্রিকাল ঈশ্বর শিব দর্শন করেছিলেন। পঞ্চতীর্থে ভন্তা নদীতে স্থান করে পঞ্চক্রোণ দূরে কালতীর্থে (বৃদ্ধকোশ তীর্থ ?) বরাহদেবের বিগ্রহ দর্শন করেন। পাঁচ ক্রোশ দূরে নন্দা ও জন্তানদীর সঙ্গমন্থলে সন্ধিতীর্থে সান করে অবৈতবাদী স্বানন্দপুরীকে তর্কে পরাজিত করে তিনি চাইপলীতীর্বে সিছেশ্রী নামে এক ভৈরবীর দর্শন পেলেন। শুগালী ভৈরবী সন্দর্শনের পরে ভিনি কাবেরী নদী প্রাপ্ত হলেন। তিন দিন নাগর নগরে হরিনামে মাহুবজনকে মাতিরে মহাপ্রতু সাতকোশ দুরে তাঞ্চার নগরে (বর্তমান নেগাণ্টম্) রাধারুক্বিপ্রাহ্ গোসমাজ শিব, কুম্বকর্ণ কর্পর সরোবর ও চণ্ডালু গিরি দর্শন করলেন। ভট্ট নামে

১ হৈ. চ. গোড়ীর মঠ সং--পৃঃ ১২

এক ভক্ত রাহ্মণ, সন্ন্যাসী হ্বরেশর ও অক্সান্ত বহু লোককে হরিনামে মাভিয়ে প্রভূ এলেন পদ্মকোট, পদ্মকোটে অইভূজা ভগবতীকে প্রণাম করলেন তিনি। এথানে এক অন্ধকে ভিনি দিলেন দৃষ্টি, ত্রিপাত্র নগরে এসে তিনি চণ্ডেশর শিব দর্শন করলেন। বৃদ্ধ শিবভক্ত ভর্গদেবকে কুপা কবে ছুই সপ্তাহ ত্রিপাত্র নগরে অবস্থান কবে ঝাবিবনের মধ্য দিয়ে অরণাপথে বঙ্গধামে (প্রীরঙ্গমে) এসে শ্রীচৈভক্ত নৃসিংক মৃতি দর্শন করলেন। এখানে এক ভক্ত ব্রাহ্মণের ব্রাম্ভিপূর্ণ শ্রীভাপাঠকে মহাপ্রভূমথায়থ বলে সমর্থন করে ঋষভ প্রত্তে গমন কবেন।

শ্রীরঙ্গনাথক্ত সমীপং বিপ্রো গীতাং পঠন গুদ্ধবিচার শ্নাম্। প্রেমাশ্রুপুর্বং স নিরীক্ষ্য রুঞ্চ আলিঙ্গ্য প্রাক্ত শ্রুতমেব যোগ্যম্॥ শ্রীবঙ্গমে বৈঞ্চবভট্ট নামে এক বৈঞ্চব ভক্ত মহাপ্রভূকে নিমন্ত্রণ করে তার বাড়াতে বাধলেন—

> শ্রীবৈষ্ণব এক বেশ্বটভট্ট নাম। প্রাভূবে নিমন্ত্রণ কৈল করিখা সন্মান॥°

বেষ্টভট্ট চাব মাদ তাঁব গৃহে অবস্থানের জন্য শ্রীচৈতন্যকে অক্সরোধ কবেন। চৈতন্যদেবও এক এক ব্রাহ্মণেব গৃহে এক একদিন ভিক্ষান্ন গ্রাহণ করে দেখানে চাব মাদ যাপন কর্মেন।

> এক এক দিনে চাতুর্মাশু পূণ হৈল। কতক ব্রাহ্মণ ভিক্ষা দিতে না পাইল॥ তার প্রেমে মহাপ্রভু তার বশ হঞা। চাতুর্মাশু রহিল পরম স্থা দিয়া॥
>
> **

এরক্সকং প্রবিলোক্য দেবং নিনায় মাসাংশত্রঃ কুপালু:।"

ভট্টগৃহে বর্ধাব চারমাস যাপন করে চাতৃর্মাশু ব্রত সমাপনাস্তে বেকটভট্ট ও তাঁম পত্নীপুত্রেব সেবায় পরিতৃষ্ট প্রভূ আবাব যাত্র! করলেন দক্ষিণ দেশে—

> চাতুর্মাম্ম পূর্ণ হৈল ভট্ট আজ্ঞা লঞা। দক্ষিণ চলিলা গ্রভু শ্রীরঙ্গ দেথিয়া॥

মুরারির কডচায়, কবিকর্ণপূরের চৈতন্যচরিতামৃত মহাকাব্যে ও লোচনের

১ গো. ক. পৃঃ ৪০, গৈ. চ. মধা. ১০পরি ২ মৃ. ক.—১৫৮

১৯ চ. বধ্য, ৯ পরি ৪ চৈ. চ. বধ্য, ৯ পরি ৫ চৈ. ব. লোচন—শেবথও

৬ চৈ. চ. মহা—১৩/৫ ৭ চৈ. চ. মধ্য ৯ পরি

্ৰতন্য মকলে আন্ধণের নাম জিমলভট্ট। জিমলভট্টের পুত্র গোপালের মন্তকে পাদপলস্থাপন করে প্রভু কুপা করেছিলেন। ট্র

শীরক্ষম ত্যাগ করে যাবার পথে দেখা হোল মাধবেক্ত পুবার শিক্ত পরমানন্দ পুরীর সকে।

উৰিত্বিং রঙ্গক্ষেত্রাদ গচ্ছন্ পথি দদর্শ স:।
শ্রীমাধবপুরী শিল্প: পরমানন্দ নামকম্ ॥
মহাস্ভাবং পরমং পুরস্তাদানন্দমধ্যং পুরী চ তদস্তম্।
বিলোক্য সংভাল্য স্কাতহর্বে বভুবুস্তো পরমপ্রভাবেশি।

— মহাত্ত্তর পরমানন্দ পুরীকে দেখে সম্ভাষণ করে উভরে আানন্দিত হয়ে উভয়ে পরম পরিজ্পু হলেন।

গোবিন্দর কড়চা অহসারে ঋষভ পবতে মহাপ্রভূ পরমানন পুরীর',সঙ্গে সাকাৎ করেছিলেন।

ঋষভ পর্বত তবে কারলা গমন।
ঋষভ পর্বতে থাকে পরমানন্দ পুরা।
তাহারে দেখিতে প্রভু কৈল আগুদারী॥৬

ঞ্ফদাস কবিরাজ ঋণত পর্বতে প্রমানন্দ সাক্ষাৎকার বর্ণনা করেছেন—

ঋষত পর্বতে চলি আইলা গৌরংরি।
নারায়ণ দেখিলা তাঁথা নতি-স্তুতি করি।।
পরমানন্দ তাহা রহে চতুর্মাদ।
ভূমি মহাপ্রভূ পেলা পুরা গোদাঞির পাশ।।

মহাপ্রভূপরমানদের সঙ্গে তিন দিন কাটালেন—

তিন দিন পুরী প্রেমে দোহে রুফ্তকথারঙ্গে। সেই বিপ্রদরে দোহে রহে একদঙ্গে।।

ভিন দিন পরে পুরী গেলেন পুরুষোত্তৰক্ষেত্রে, মহাপ্রভূ যাতা। করলেন দক্ষিণে। ঋষভ পর্বত দক্ষিণ কর্ণাটে মাহুরা জেলায়, মাহুরার ১২ মাইল উত্তরে পাল্নি হিল্। ৬ এর পরে প্রভূ এনেন শ্রীণৈল। শ্রীণৈলে ভিনদিন স্বস্থান করে

১ মুক —৬/১৫/১৫ ২ মুক,—৬/১৪/১৯ ৩ চৈ. চ. মহা.—১৬/১৫ ৪ গো. ক.—পৃ: ৪০ ৫ চৈ. চ. মধ্য ৯ পরি ৬ চৈ. চ. মধ্য ৯ পরি ৭ চৈ. চ. গোড়ীর মঠ সং—পৃ: ৫১৩

প্রভ্ এলেন কামকোণ্ঠী—কামকোণ্ঠী থেকে দক্ষিণ মথুরা, এখানে রুতমালায় স্নান করলেন তিনি। তৎপরে প্রভু এলেন ত্র্বসন (দর্ভশয়ন) তীর্থে, তৎপরে মহেন্দ্র শৈলে পরন্তরাম সন্দর্শনের পরে, তিনি পৌছালেন সেতৃবন্ধ রামেশর। গোবিদ্দেব কড়চায় স্কাৰভ পর্বতের পরেই মহাপ্রভু এসেছিলেন রামনাথ নগরে, এখানে শ্রীরামচন্দ্রের বিগ্রহ দর্শন করলেন তিনি। তৎপরে তিনি উপনীত হলেন রামেশরে—

রামেশর তীর্থে গিয়া তথি স্নান করি। শিব দয়শন করে মোর গৌরহরি।।

দক্ষিণ মথুরা বর্তমান মাত্রা, ভাগাই নদীর তীবে, এখানে মীনাক্ষী দেবীব মন্দির স্থপ্রসিদ্ধ। ক্ষতমালা ভাগাই বা বৈগাই নদীর একটি অববাহিক। মহেন্দ্র পর্বত পূর্বঘাট পর্বতমালা। গোবিন্দদাদের কড়চায় প্রীশৈল, কাম-কোষ্ঠা, দক্ষিণ-মধুরা ও ক্রতমালার উল্লেখ নেই। রামনাথের অস্কল্লেখ চৈওক্ত চরিতামতে, ত্র্বসন বা দর্ভশয়ন অস্কলিখিত গোবিন্দের কড়চায়। কবিকর্পপ্রের মহাকাব্যে রঙ্গনাথের পরেই মহাপ্রভু রামেশ্বর এসেছিলেন। ম্রারির কড়চাডেও একই বৃত্তান্ত, পরমানন্দপুরীকে বিদায় দিয়েই সেতৃবদ্ধে এসেরামেশ্ব লিক্ষ দর্শন করেছিলেন—

ইত্যাদি নামায়ত পানমত্ত: শ্রীসেতৃবন্ধং পরিব্রজ্য সত্ত্রম্। দদর্শ রামেশ্বর লিক্ষয়ভূতং শ্রীশঙ্করং প্রেষ্ঠতমং সদাহরি:॥°

লোচনের চৈতক্তমকল অহসারে মহাপ্রভূ পথে শাপন্ত গদ্ধর সপ্তভালকে মুক্ত করে সেতৃবন্ধ রামেশর পৌছেছিলেন—

> সেতৃবন্ধ উত্তরিল পথে ক্রমে ক্রমে। সেতৃবন্ধ গিয়া দেখে রামেশ্বর লিঙ্গ ॥ 8

গোবিন্দদাদের কড়চায় আছে-

বামেশ্ব তীর্থে গিয়া তথি স্নান করি। শিব দরশন করে মোর গৌর হরি॥

জন্মানন্দের চৈত্তন্যমঙ্গলে কাবেরী নদীর তীরে জিমঃনাথ বেষ্ট প্রতের প্রেই প্রীচৈতন্যের আগমন হয়েছিল সেতৃবন্ধে—

বানর রাজার দেশে

অবেশিয়া মহাঙ্গেশে

त्मकृत्क क्षिन मण्रूष । b

১ हि. इ. लावक १ हो। क. --१: १० १ म. क. --१: १० १ है। इ. लावक १ हो। क. ७ है। इ. लावक १ है। इ. लावक १ है। इ. लावक १ है।

হৈতনাচরিতামতে মহাপ্রভু দেতৃবদ্ধে এসে ধর্তীর্থে (ধর্কোটি) স্নান করে রামেখর দর্শন করেন।

বিলোক্য দেঙ্ং রখুনাথকী তিং দেতোগুড: শ্রীময় গৌরচন্দ্র:।
নিবর্তিত্ব তত্ত্ব রুপালদম্ত্রশ্চকার চিত্তং পরমপ্রভাব:॥
দ তেনৈব পথা বিলোক্য শ্রীরধন্দেবং পুনরার্দ্রচিত্তঃ।
গোলাবরীমেত্য তথৈব রামানন্দশু দর্শনমেষ চত্তে ॥?

—রবুনাথের কীতি সেতৃবন্ধ দর্শন করে মহাপ্রভাব করুণাসাগর শ্রীমান্ গৌরচন্দ্র প্রত্যাবর্তনে মনস্থ করলেন। সেই পথে আর্দ্রিটিত্তে রঙ্গনাথ দর্শন করে গোলাবরী প্রাপ্ত হয়ে তিনি রামানন্দের সঙ্গে সাক্ষাৎ করলেন।

ম্বারি কেবল বলেছেন যে খ্রীগোরাক সকল তীর্থ দর্শন করে জগরাথ দর্শনের আকাজ্জার নীলাচলে প্রত্যাবর্তন করেছিলেন। সেতৃবদ্ধের পরে আর কোন তার্থদর্শনের উল্লেখ মুবারি করেন নি। তিনি লিখেছেন—

দর্বাণি ভৌর্থাণি ক্রমেণ দৃষ্টা পরাবৃত্য কুপাষ্টি: প্রভু:। শ্রীমজ্জগরাথদিদৃক্ষয়া ভূশং শ্রীক্ষেত্রবাদং গময়াঞ্চকার ॥

—ক্রমে ক্রমে সকল তীর্থ দর্শন করে কপাসমূত্র মহাপ্রভূ শ্রীমন্ জগরাথ-দর্শনের অভিলাষে ক্রভ শ্রীক্ষেত্রে গমন করলেন।

কবিকর্ণপূরের তৈতন্যচন্দ্রোদয় নাটকেও সেতৃবন্ধ থেকে প্রত্যাগমনের কথা আছে—যাবং সেতৃবন্ধং ততঃ প্রত্যাগমনাবধি । । জয়ানন্দও লিখেছেন—সেতৃবন্ধ ছাড়িয়া চলিলা নালাচলে। । লোচনও সেতৃবন্ধ থেকেই প্রত্যাবর্তনের কথা বলেছেন।

কিন্তু চৈতন্যচরিতামতে এবং গোবিন্দ দাসের কড়চার মহাপ্রত্বর এই পরিক্রমণ বোঘাই ও গুলরাট পর্যন্ত প্রসারিত। কিন্তু চৈতন্যচরিতামত অফুলারে মহাপ্রত্ একরাত্রি রাদেখরে অবস্থান করে পাণ্ডাদেশে তাম্রপণীতে স্নান করে নয় ত্রিপতি (তিরুপতি) অর্থাৎ নয়তি মন্দিরে নয়তি বিষ্ণুমন্দির (তিনিভেলি থেকে ১৭ মাইল দক্ষিণপূর্বে), চিয়ড়ভলায় রাম লক্ষণের বিগ্রহ, তিলকাফীতে শিব, গজেল্রমোক্ষণভীথে বিষ্ণুম্ভি, পানাগড়ি ভীর্থে (তিনিভেলি থেকে ত্রিবাশ্রমের পথে ৩০ মাইল দক্ষিণে) রামচক্র এবং চামতাপুরে রামলক্ষণ

১ হৈ. চ. মহা.—১৩|৩৩-৩৪ ২ মৃ. ক.—৩|১৬|৮ ৩ চৈ. চন্তা. ৭ জংক ৪ চৈ. মৃ. উৎকল—১১

এবং বৈকুঠে (সালোধার তিক্নগরী থেকে ৪ মাইল উত্তরে এবং তিনিভেলি থেকে ১৬ মাইল দক্ষিণ পূর্বে ভাত্রপণী নদীর বামতটে অবস্থিত) বিষ্ণু দর্শন করে কন্যাকুমাবী এসে পোঁছালেন—

> মলম্ব পর্বতে কৈল অগন্তাবন্দন। কন্যাকুমারী তাঁহা কৈল দবশন॥

তারপর মলার দেশে? (মালাবার) আমলিতলায় জীরাম বিগ্রহ দর্শন করে তমালকার্তিক (তিনেভেলির ৪৪ মাইল দক্ষিণে এবং অরম্বল্পী গিরিস্কট থেকে ছুই মাইল দক্ষিণে)^৬, চেতাপণি (বাতাপানী—ত্ত্বিবাস্কুর রাজ্যে)-তে রামচন্দ্রেব বিগ্রহ দর্শন করেন প্রীচৈছন্য। এখানে রাত্রিবাদ করে প্যস্থিনী (ত্রিবাস্কুর ৰাজ্যে তিম্পবন্তর) নৈদীর তীবে আদিকেশব বিগ্রহ দর্শনকালে তিনি নতিপ্রতি নুভাগীতে সর্বজনকে মোহিত কবেন। এখানে তিনি ব্রহ্মসংহিতাব পুঁথি নকল কবিয়ে সংগ্রহ করেছিলেন। অনস্ত পদ্মনাভ (ত্রিবাস্কুরে) এ ং শ্রীজনার্দন (ত্রিবাজ্রমের ২৬ মাইল উত্তবে—বারকলাই) দর্শনাম্বর তিনি শক্ষরাচায প্রতিষ্ঠিত শঙ্গেবি মঠে (মহীশূর রাজ্যে, কাডাব জেলায়) উপনীত হন। মৎস্ত-ভীর্থ (সম্ভবত: মালাবার জেলায় সমূলোপকূলে মাহে নগর) গদর্শনের পরে মহাপ্রভু তুক্ত ভদ্রায় স্নান কবেন। মাধবাচার্যের জন্মস্থান উভূপীতে মধ্বাচায প্রতিষ্ঠিত রক্ষবিগ্রহ ও নর্ভক গোপাল দর্শনের পরে তত্ত্বাদী বৈষ্ণবের অহংকার চুৰ্ব কৰে প্ৰভু এলেন ফল্কভাৰ্থে। ত্ৰিভকুপে বিশালা গিবিবংলুবি মধ্য দিয়ে পঞ্চাপুসরা তীর্থ প্রটন, গোকর্ণে (কানাড়া জেলায়) মহাবলেশ্ব লিব, বৈপায়নী তীর্থ, স্পারক (বোষাই থেকে ২৬ মাইল উত্তরে থানা জেলায় সোপারা), কোলাপুরে শক্ষা, ক্ষার ভগবতা, লাকন গণেশ ও চোরা ভগবতী, পাওপুরে (পাগুরপুরে —শোলাপুর) বিঠ্ঠলদেব জ্রীচৈতন্য দর্শন করেছিলেন। মাধবেল্র-পুরীর শিক্ত শ্রীরকপুরীর দকে পাণ্ডরপুরে তাঁর দাক্ষাৎ হয। শ্রীরকপুরীর মৃথে মহাপ্রভু সংবাদ পেলেন যে এখানে বিশ্বরূপ সিদ্ধি প্রাপ্ত হয়েছেন। ভারঞ্পুরী গেলেন বারকা দর্শনে। এখানে চারদিন অবস্থান করে ভীমরখী নদীতে স্নান करत कृष्ट्या नहीत्र छोरत छेननीछ हरनन हेछ्छनाएन । अथान थ्याक छिनि

১ হৈ. চ. গৌড়ীয় মঠ সং পৃঃ ৫০৪ ২ হৈ. চ. মধ্য ৯ পরি হৈ. চ. গৌড়ীয় সং—পৃঃ ৫০৭ ৪ হৈ. চ. গৌড়ীয় সং—পৃঃ ৫০৭

কৃষ্ণপ্রেম্পূলক কৃষ্ণকর্ণায়ত ও ব্রহ্মণাহিতার পুঁথি সংগ্রহ করেন, তৎপরে তাপ্তী নদাতে সান করে এলেন মাহিমতীপুরী। এর পরে তিনি আগমন করেন নমণা তারে, দর্শন করেশেন ধহস্তার্থ, নিবিদ্ধাতে সান করে ঋষ্যমৃক পরত ও দওকারণ্য অতিক্রম করে উপনাত হলেন পম্পা সরোবর ও পঞ্চবটী বনে। নাদকে আহক শিব দর্শন করে ব্রহ্মগিরি ও গোদাবরীর উৎপতিম্বান কুশারত (প ক্মঘটি পর্বতের নিকট কুশট্ট) পেরিয়ে মহাপ্রভু সপ্ত গোদাবরী অতিক্রম করে প্রত্যাবর্তন করলেন রায় রামানন্দের আবাসে বিষ্যানগরে।

গোনক দাদের কড়চার বিবরণে চৈতক্সচরিভামতের বিবরণ থেকে কিছু পার্থকা লাক্ষত হয়। কড়চায় মহাপ্রভু তিন দিন সেতৃবদ্ধে যাপন করে মাধ্বীবনে গমন করলেন।

তিনদিন দেতুব**দ্ধে করিয়া কী**র্তন। বামে চলে মাধ্ববিন করিতে দর্শন॥

মাধ্বীবনে এক যোগী সন্ত্রাদীর দক্ষে সংস্কৃত ভাষায় আশাপ করে, তর্বকৃতী
তার্থে স্থান করে, ভামপণা নদীর তারে একপক্ষকাল অবস্থানের পর মাঘী
প্নিমায় তামপণী-সান দেরে সম্প্রতারে মহাপ্রভু চললেন ক্যাকুমারা। পণে
একদল সন্মাদার দক্ষে মিলিত হয়ে গোবিন্দের সঙ্গে চৈতক্তদেব পনেরো ক্রোণ
পথ হেঁটে হাজির হলেন গাঁতাল পর্বতে। প্রদিন প্রভাতে যাত্রা
করে তারা উপনাত হলেন ত্রিবস্থনগরে। এখানে এক অবৈতবাদী সন্মাদার
নিকট মহাপ্রভু মহাভাবময়া প্রীরাধার প্রেমের মহিমা ব্যাখ্যা করেন। ত্রিবস্থুর
রাজা ক্ষপ্রতি প্রেমভক্তিতে আরুই হয়ে মহাপ্রভুর শরণ গ্রহণ করনেন।
অতঃপর প্রভু এলেন রামপিরি পর্বতে। পর্বতের উপরে উঠে তিনি রামনাতা-লক্ষণের বিপ্রামন্থল দর্শন করেন। পয়োফ্ষি নগরে উপনীত হয়ে
তিনি শিবনারান্ত্রণ বিপ্রহু দর্শন করেলেন। শিশুরির মঠে শহরপন্থীদের
বিচারে পরান্ত করে মংস্থতার্থ দর্শনান্তর কাচাড়ে (বেদাবতা নদীর তীরবতী
কডার) ভগবতী দর্শন করে, ভজা (বেদাবতা) নদীতে স্থানান্তে নাগ
পঞ্চপদীতে উপন্থিত হন প্রীগৌরাক। এখানে তিন্দিন অবস্থানের পরে চিতোল
গমন, তুক্তজ্ঞা নদীতে স্থান, কাবেরীয় উৎপতিন্থল কোটিগিরি দর্শন, বামে

১ গো. ক.—পৃ: ১১

পত্যগিরি বেথে চণ্ডপুর নগরে আগমন, চণ্ডপুরে খ্রীচৈতন্তের নিকট ঈখং ভারতী নামে এক সম্যাসীর পরাভব ও শ্রীচৈতত্তের মত তাংণ, অজ্ঞাতপরী শতিক্ৰমের পর কাণ্ডার দেশের কাছে নীলগিরি পর্বতে আগমন কডচায বিল্ হয়েছে। গুর্মবী নগবের ধারে অগস্তাকতে মহাপ্রভ মান করেছিলে এখানে অর্কুন পণ্ডিত মহাপ্রভূব ক্রমপ্রেমে মৃদ্ধ হ্যেছিলেন। মহাবাই খিন ঠার অন্তত প্রেমাতি দেখার জন্ত দলে দলে সমবেত হয়। ওর্জরী নগং পরিত্যাগ করে পূর্ণনগবের (পুনা) পথে বিজাপুর পর্বতে আরোহণ করে হরগোবা বিগ্রহ দর্শন করে, সম্বাধত (উত্তব পশ্চিমঘাট) দেখে ডিনি পূর্ণনগরে উপস্থিত হয়েছিলেন। অচ্ছসর (পুনার দক্ষিণস্থিত হ্রম) দর্শন ব'ং নাটস (পারশ্) গ্রাম পেরিয়ে গোরঘাটের (পারঘাট ?) নিকটে পর্বতেব উপরে প্রকাণ্ড মন্দির মধ্যে ভোলেশর শিব দর্শন করে নিকটবতী নিদ্ধকূপের জলে স্নান সমাপন কবে নিকটম্ব দেবলেশ্বর পর্বতে দেবলেশ্বর দর্শন ও জিজুরী নগরীতে थाखरात्मव मर्नन करलनन, थाखरात्र नात्री नात्म পরিচিত দেং-ব্যবসায়িনীদের কৃষ্ণনাম দিয়ে মহাপ্রভু উদ্ধার করলেন। জিচ্ছুরী থেকে প্রীচৈতত এলেন চোরাবন্দী বনে। এই অরণ্যে দহাস্দার নারোন্ধী সদলে দহাবাত করতো। নারোজা মহাপ্রভুর কুণালাভ করে সর্বত্যাগী সন্ন্যাসীতে পরিণত हरबहित्न । टावावन्मी कानन थ्यरक व्यक्त मुना नमीजीरव थखना जीर्थ (भूना **জেলা**য়) দর্শন, মূলানদীতে স্থান, নাসিকনগর দর্শন, তিমুকের (তাছক) কাছে রামের কুটীরে প্রস্তরোপরি রামচন্দ্রের চরণ চিহ্ন দর্শন, পঞ্চবটীতে লন্ধণের প্রতিষ্ঠিত গণেশ দর্শন, প্রভাতে দমন নগরী গমন, পাথকে একপক্ষকাল ভ্ৰমণ করে হুরাট নগবে প্রবেশ ও তত্ত্বস্থ হাজা প্রতিষ্ঠিত অইভুজা ভগবভী দর্শন প্রভৃতি সমাধা করে তিন দিন হ্যাটে অবস্থান করেন। এইখানে দেবীমন্দিরে পশুবলিদানের বিধোধিতা করে মহাপ্রভু বলিদান রহিত করতে সমর্থ হয়েছিলেন। তৎপরে তিনি মহাতীর্থ তাপ্তী নদীর কাছে বলিরাজা প্রতিষ্ঠিত বামনদেবের বিগ্রহ দর্শন করেন এবং উরোচ নগরে (Broach-ভাককচ্চ) বলিরাশার যজকুও দর্শনে ইচ্ছুক হয়ে নর্মদার তীরে উপস্থিত হরেছিলেন। যজ্ঞকুও দেখে আনন্দিত হলেন তিনি, সান করলেন নর্মদার करन । এবার ভিনি এলেন বরোদা নগরে, দর্শন করলেন বরোদার পর্বভাগে जीदनात्रको ठीकृत अवः शाविन वाफ़ीएक शाविन विश्वह । अहेशात्नहे कक

নাৰোজীর মৃত্যু হয়, প্রভূ অরং নাবোজীকে সমাধিছ করেন। পরে মহানদী
অতক্রম করে আনেদাবাদ পৌছালেন জীচিতক্ত ও তাঁর সঙ্গী গোবিন্দ দাস।
অতঃপর গুলামতী নদী পার হয়ে গৌরাজদেব ঘারকার পথে চল্লেন। পথে
তঃত তক্ত বাঙ্গালী তীর্থযাত্ত্রী কুলীননগর নিবাসী রামানন্দ দাস ও গোবিন্দ্চরণের
সংক্ত তাঁদের সাক্ষাৎ হয়। সকলে মিলে ঘারকা যাত্ত্রার পথে ঘোগা নামে এক
গণ্ডগ্রামে বারম্থী নামে এক বারাজনাকে প্রভূ কুপা করেন। বারম্থী পতিতাবৃ'ও ত্যাগ করে অসংপ্রে উপার্জিত সমস্ত ধনসম্পদ বিলিয়ে দিয়ে হরিনামে
নিমর হয় তুলসীতলায় জপমালা নিয়ে। প্রভূ সদলে সোমনাথের পথে বওনা হন।

বারম্থী কুলটারে প্রভূ ভক্তি দিয়া। গোমনাথ দেখিবারে চলিল ধাইয়া।

এরপর মহাপ্রভু এলেন জান্ধরাবাদ, এথানে এক মালীর বাগানে রাত্তি যাপন করর সোমনাথের পথে অগ্রসর হন তাঁরা—ছয়দিন পরে তাঁরা সকলে গোমনাথ পৌছালেন। দোমনাথ ছেড়ে তাঁরা পৌছালেন জুনাগড়। এথানে আছেন বণছোড়জী। জুনাগড়ে গৌরচন্দ্র হৃদিন যাপন করলেন। বণছোড়জী দর্শন করে গুণার (গির্ণার) পর্বতের পাশ দিয়ে চলেছেন খ্রীচৈতক্ত ও তাঁর তিন সঞ্চী। পথে স্ব্রাসীদের দলপতি ভর্গদেব অহত হয়ে পড়লে প্রস্তুর चारमा त्यां विक्य कर्मकात, तामानक ७ त्यां विक्य ठत्र औत त्यां करत अवः নিষের রস থাইরে হুত্ত করে তোলেন এবং সন্ন্যাসীদলের সঙ্গে গিণার পর্বতের চূড়ায় প্রক্রফের চরণযুগল দর্শন করলেন। পর্বত থেকে নেমে তন্তানদীর তারে বাত্তি যাপন করে প্রভাতে নদী পার হয়ে ধরিধর ঝারিতে জললে প্রবেশ করেছিলেন শ্রীচৈতক্ত। ধরিধর ঝারি নামক জকলটি সাতদিনে অভিক্রম করে অমরাপুরী গোপীতলা বা প্রভাসতীর্থে এসে পৌছালেন সকলে। প্রভাসের দক্ষিণে ষতুপতির ষ্প্রকৃত দর্শন করে তাঁরা সমুদ্রতীর ধরে এলেন হার্মাধাম व्याचित्रत क्षथम हित्त । वात्रकाशास्त्र शत्नद्धा हिन श्रांभन करत्र नीनांहरनत्र शर्ध প্রত্যাবর্তনের উদ্দেশ্রে যাত্রা করলেন। থাড়ির ধার দিরে গুলরাটে এনে হাজির रुलन छाता. चाचित्नव त्नव हित्न छाता ववहा अत्म लीहात्नन। त्वान हिन পরে তারা উপনীত হলেন নর্মলার তীরে। এখান থেকে ভর্গদেব সন্ন্যাসীর দল नर महाक्षेज्य काष्ट्र विहास निष्य पश्चिम पिक हरन शासन। होत्रकरन हनतन নৰ্মদা তীব ধৰে। দোহদ নগৰে তাঁরা বাত্তি যাপন করলেন। সঙ্গলের ভেতর

দিয়ে তাঁরা এলেন আমঝোরা, তারপর উপনীত হলেন লক্ষণকুণ্ড। অত:পর বিশ্বাপর্বতে তাঁরা সমাগত হলেন —বিশ্বাপর্বতের উপরে মন্দ্রা নগর। সেখানে গৌরচন্দ্র পর্বতগুহায় এক তপস্বীর সঙ্গে সাক্ষাৎ করেন। বামে বিশ্বাগিবি ও দক্ষিণে নর্মনাকে রেখে তারা তিন দিনে পৌছালেন দেবদর, তাবপরে চুদিত উপস্থিত হলেন ত্রিশ ক্রোশ দুরবতী শিবানী নগরে। শিবানী নগরের ৪:৫ মুলমু প্রত দুর্শন করে চঞ্জীপরে চঞ্জীদেনী দুর্শন করে গোরচক্র উপনীত হলেন বায়পুর। অত:পর বিভানগরে এদে রায় রামানন্দের সঙ্গে মিলিত হলেন মহাপ্রভূ। বিভানগব থেকে চারদ্ধনে এলেন রতুপুর, রতুপুর থেকে স্বর্ণগড । चर्नगरफद नाजा भारतीचरदर श्रार्थनाम् श्रीटेहरू चौक्रक शतन जिका श्रह्म कदर र. তার জিপতে গোবিন্দ কর্মকার ভিক্ষা করে আনলেন, বৃক্ষভলে রাজিঘাপন করে প্রভাতে চৈতন।চক্র সম্পর্বার দিকে রওনা হলেন। সম্পর্বার বাত্তি কাটিযে দশ কোশ দূরে ভ্রমরা নগরীতে বিষ্ণুক্ত নামে এক ভক্ত বৈষ্ণব ত্রাহ্মণের সঙ্গে মিলিত হযে প্রতাপনগরীতে হরিনাম দান কবে পরদিন রসালকুতে কুর্মদেনেব সঙ্গে সাক্ষাৎকারের পব জিন দিন তথার অবস্থান করে আবালবৃদ্ধবনিতাকে হরিনাম।মৃত দান করে এক পাষ্ও মাড়ুয়া বাহ্মণকে প্রেমভক্তিদানে উদ্ধার করে ঋষিকুল। নদীর তীর দিয়ে এদে উপস্থিত হলেন আলালনাথে। মাঘ মাদের তৃতীয় দিনে দশমাস পরে ঐতৈতন্য পুরীতে ফিরে এদেছিলেন।

> মাবের তৃতীয় দিনে মোর গোরা রায়। শাকোপাক দহ মিলি পুরীতে পৌছায়।

মহাপ্রান্থ প্রীচৈতন্যের দাক্ষিণাত্য ভ্রমণের বিবরণ বিভিন্ন প্রায়ে বিভিন্ন প্রকার সন্দেহ নেই। কিন্তু এই বিবরণগুলির যাথার্থ্য বিচার নিঃসন্দেহে হুঃসাধ্য ব্যাপার। ক্রফানাস কবিবাজের বিবরণে স্থানেব অহক্রম ঠিক নেই। ক্রফানাস নিক্ষেই সে কথা স্থাকার করে লিখেছেন—

জ্বভএৰ নামমাত্ৰ কৰিয়ে গণন। কহিতে না পাৱি তার যথা জ্বয়ক্তম ॥

১ চৈ. চ. यश ৯ পরি

বুলাবনে বদে মহাপ্রভুর জীবন বুরান্ত লিখেছেন কুফ্রান্স কবিরাজ মহাপ্রভুক তিবেংধানের প্রায় অর্থশতাব্দী পরে। স্থতরাং মহাপ্রভুর দক্ষিণদেশ অমণের বিবরণে ছানেব অমুক্রম না থাকাই সম্ভব। শ্রীমদ ভাগবতের দশম হাছের ৭৯ অধ্যায়ে বলদেনের তীর্থ যাতার বর্ণনায় যে সকল স্থানের উল্লেখ আছে, কুফুলাস সেই ক্রম অনুসরণ করেছেন। অবশা ভাগবত বহিভুতি কিছু তীর্থের উল্লেখ চৈতন্য চবিতামতে মাছে। গোবিন্দ দাসের কড়চার উল্লিখিত তীর্থগুলির সঙ্গে হৈ চনাচবি ভাষতের কভকাংশের মিল থাকলেও গ্রমিল যথেষ্ট। চাকচন্দ্র শ্রীমাণি গণনা করে দেখিয়েছেন যে চৈতনা চরিতামতে দাক্ষিণাতোর ১০টিরও অধিক তীর্থ উল্লিখিত হয়েছে, গোবিলের কডচায় ৭২টি তীর্থের উল্লেখ আছে, তুই গ্রন্থের মধ্যে সাধাবণ তীর্থের নাম ৩৬টি, চৈতন্য চরিতামতে অতিহিক্ত ৫৪টি তীর্গের উল্লেখ আলে, কিন্তু কড়চায় এই ৩৬টি বাদে আরও ৩৬টি তীর্থে মহাপ্রভু পদার্পন করেছিলেন। ' রুফদাসের রচনায় কিছু কিছু বাদপড়া অস্বাভাবিক নয়, কিছ গোবিন্দদাস যেহেতু মহাপ্রভুর দান্দিণাত্য অমণের সঙ্গী ছিলেন বলে উলিখিত এবং তিনি দিনপঞ্জী বচনা করেছেন, সেইজাল তাঁর কেতে বিবরণ যথার্থ হওয়া উচিত। নানা কারণে গোবিন্দদানের কডচার প্রামাণিকতায় অনেকেট সন্দিহান। চাকচন্দ্র শীমাণি দেখিয়েছেন যে গোবিন্দের অফুক্রমে ভুল আছে। কিন্তু গোবিন্দর বিবরণ পড়ে প্রত্যক্ষদশীর বিবরণ বলে বোধ হয়। ১১তক্রচরিতামতে ঐচিতক্ত নাদিক পর্যন্ত গিয়ে প্রত্যাবর্তন করেছেন। যিনি নাদিক এসেছিলেন তিনি যে প্রভাগ ও বারকা পরিদর্শন না করেই ফিরে যাবেন তা মনে হয় না, বিশেষতঃ শ্রীচৈতন্তের মত ক্রফপ্রেমবিহ্বল ব্যক্তি! তবে কৃষ্ণনাস স্বাবকাকে তীর্থভ্রমণ তালিকা থেকে বাদ দিলেন কেন ?

বিশ্বরের কথা এই বে মহাপ্রভুর সমকালীন কবি ও ভক্ত মুরারি গুপু, কবিকর্ণপূর, প্রমানন্দ সেন, জয়ানন্দ এবং লোচন সেতৃবন্ধ রামেশর থেকেই প্রীচৈতন্তের পুরীতে প্রভ্যাবর্তনের বিবরণ দিয়েছেন। বুন্দাবন দাস মহাপ্রভুর দান্দিণাত্য ভ্রমণ প্রস্কৃতীর গ্রন্থ থেকে নির্বাসিত করলেও আদিখণ্ডে গ্রন্থবিষয় বর্ণনা কালে লিখেছেন,—শেষথণ্ডে সেতৃবন্ধে গেলা গৌর রায়। স্বভরাং সেতৃবন্ধ পর্যন্ত সমান বুক্তান্ত বুন্দাবনত জানতেন। বুন্দাবন প্রিচৈতন্ত-

১ हिडनारम्द्रत मिन्न ख्रम्-भृ: ८७

পার্বদ নিত্যানন্দের মুথে শুনেছেন চৈতক্ত-জীবন-কাহিনী; লোচনদাস শুনেছেন চৈতক্ত-পার্বদ নরহরির মুথ থেকে। ক্রফদাস মুরারি ও কবিকর্ণপূর্কে দান্দিণাত্য প্রমণবিবরণ সম্পর্কেও অস্থারণ করেছেন। তবে অতিরিক্ত তথা তিনি কিভাবে সংগ্রহ করলেন? তবে কি অতিরিক্ত সংবাদগুলি পুরাণাদি থেকেই সংগ্রহ করেছেন গ গোবিন্দের কড়চায় যে সকল তীর্থ ও তীর্থাত্রাকালে বৈচিত্রাময় ঘটনার উল্লেখ রয়েছে, তা কি সকলই কাল্লনিক গ মুরারি কবিকর্ণপূর প্রভৃতি সেতুবন্ধতেই মহাপ্রভৃত্ব দক্ষিণ ভ্রমণে ইতি টানলেন কেন গ এ সকল প্রশ্নের উত্তর দেওবার মত অক্য কোন তথা আমাদের হাতে নেই।

খাভাবিকভাবেই মহাপ্রভু শ্রীচৈতত্ত্বের সেতৃবন্ধের পরে অক্যান্য তীর্থ ল্রমণ-वृक्षां मन्नार्क मत्नि भाग । ७: विभाग विहाती भक्षमात निर्थहिन, "চরিতামতে জ্রীচৈতন্তের দাক্ষিণাত্য ভ্রমণ প্রসকে সর্বসমেত ১৭টি ঘটনা আছে। ভন্নধ্যে ১৪টি কৰিকৰ্ণপুর ও মুরারির নিকট হইতে লওয়া। বাকী তিনটির মধ্যে একটি হইতেছে খ্রীচৈতক্তের বন্ধসংহিতা ও কৃষ্ণবর্ণামৃত থেকে সংগ্রহ করা।" › চরিতামতে যে খ্রীচৈতত্ত কর্তক বৌদ্ধগণের পরাভবের কথা উল্লিখিত হয়েছে দে সম্পর্কে ডঃ অমৃল্য সেন বলেন, "১৬ শতকে দাকিণাত্যে জৈনদের কথা রুঞ্দাদ জানিতেন না বলিয়া তাহারা অজিত রহিয়া গিয়াছে।"? ভ: প্রভাতকুমার মুখোপাধ্যায় লিখেছেন "কুঞ্চলাস কবিরাজ কুঞ্কর্ণামুভের र्शेषि मःशारद क्र भौतिष्णारक क्रकरिन। नमी भर्षक निरंत्र शिलन ७ ७४ भूषि मःश्रद्ध प्रक यां बन्ना यिन विश्वामरायां ग्राम ना इत्र, छाई निर्दिका। नमीव নিকট আরেক ধত্নতীর্থ পর্যন্ত তাঁকে নেওয়া হলো। সেকালে অনেক শৈব ভক্ত চারধাম পর্যটন করতেন। কবিরাজ গোস্বামী রামেশ্বর থেকে শৈবপীঠ খারকা পর্যন্ত অমণের কাহিনী শুনে থাকবেন। কিছু তিনি আরও কয়েকটি शास्त्र नाम कूछ मिलन। ... शामायतीत छे शासत का ह नामिक थिएक र्शामायदीय त्यांचानाय बाज्यरहत्ती यावाव कान यातीलव हिल ना। क्रक्मान এই দীর্ঘ পদযাজার কোন বিবরণ দেন নি: কারণ তাঁর ভৌগলিক জান নীমিত চিল।"ত

১ খ্রীচৈতক্ত চন্মিতের উপাদান—পৃঃ ৩৯১ ২ ইভিহাসে খ্রীচৈতক্ত—পৃঃ ১১১

৩ উৎকলে প্রীচৈতত ও চরিতামতের ঐতিহাসিকতা—অমৃত, ১৬ বর্ব, ৪১ সংখ্যা, পৃঃ ২৬

সম্ভবতঃ মহাপ্রভূ সেতৃবন্ধ পর্যন্ত গিয়ে প্রত্যাবর্তন করেছিলেন। তাঁর সমকালীন চরিতকারেরা সেতৃবন্ধের পরবর্তী তীর্থ প্রদক্ষ উল্লেখ করলেন না কেন? ক্রফালাদেব চরি চামুতেও মহাপ্রভূ দক্ষিণ্যাত্রা কালে ভক্তদের বলেছিলেন—

নেতৃবন্ধ হৈতে আমি না আদি যাবং। নীলাচলে তৃমি সব রহিবে তাবং।

মোটকথা ১৫১০ খ্রীষ্টান্দের বৈশাথ মাদের প্রথম সপ্তাহ থেকে মাদ মাস পর্যন্ত কাল মহাপ্রভূ দাক্ষিণাত্যে তীর্থ পর্যটন করেছিলেন এবং অন্ততঃপক্ষে দেতৃবন্ধ পর্যন্ত গিয়েছিলেন, এ বিষয়ে সন্দেহের অবকাশ নেই।

দক্ষিণ ভারতকে শ্রীতৈতক্ত যে কিছুটা অন্ততঃ প্রভাবিত করেছিলেন তা একটি তাম্রনিপি থেকে জানা যায়। মহামণ্ডলেশর বীরপ্রতাপ বীর অচ্যুতদেবের রাজত্বকালে রয়প বোদেয়রের পূত্র চেন্নপ তার গুরু চৈতক্তদেবকে অন্নিগেছছি শ্বল নামে ঘটি প্রাম দান করেছিলেন। বিপিন বিহারী দাসগুপ্ত 'Govinda's Kadcha, a black forgery' গ্রন্থে 'Epigraphica Carnatika' থেকে উক্ত তাম্রনিপিটি উদ্ধৃত করেছেন। বিজয় নগরাধিপতি রুক্ষদেব রামের (১৫০১-৩০) পর অচ্যুতদেব (১৫০০-৪২) রাজত্ব করেছিলেন। ' দক্ষিণ ভারতীয় ভক্তিগীতি থেকে এবং সাধু তুকারামের 'চৈতক্ত' উপাধিক গুরুকরণ থেকে দক্ষিণে তৈতক্ত প্রভাবের আভাব পাওয়া যায়।

১ চৈ. চ মধা ৭ পরি ২ ত্রীচৈতজ্ঞচরিতের উপাদান—পা. টা.— পৃঃ ৩১৪

কবিকর্ণপুরের নাটক, কবিরাজ গোস্থামীর চৈ এলচরিতামৃত কান,
ম্রারির কড়চা, জয়ানন্দের চৈতল্পমঙ্গল, লোচনের চৈতল্পমঙ্গল এবং গোবিল
কর্মকারের কড়চার চৈতলুদের দক্ষিণ ভানতে যাত্রার পথে রায রামানন্দের
সলে মিলিভ হয়েছিলেন এবং বৈঞ্চবীয় প্রেমতত্ব সম্পর্কে আলোচনা
করেছিলেন। কিন্তু কবিকর্ণপুরের মহাকাব্য অফুসারে সেতৃবন্ধ থেকে
প্রভাবর্তন পথে মহাপ্রভু রামানন্দের গৃহে উপনীত হয়ে তাঁব সঙ্গে সাক্ষাৎ
করেছিলেন—

গোদাবরীমেত্য তথৈব রামানক্ষম্ম সকর্শনমেষ চক্রে।। উপেত্য গোদাবরিকাং স নাথঃ প্রযোদস্তৎ পরিচালনার। জগামস্তবেশানি শীতরশিরিবোদয়াক্রিং জলদামাস্কে।।

—গোদাবরীভীরে উপস্থিত হয়ে তিনি রামানন্দকে সন্দর্শন করলেন। বর্ষার অপগমে শীতাংজ চন্দ্রের উদয়াচলে গমনের মত সেই প্রভূ সামন্দে রামানন্দকে দেখবার জন্ম তাঁর গুহে গমন করেছিলেন।

নাটকে তত্বালোচনার উল্লেখ থাকলেও মহাকাব্যে মহাপ্রভুর ইচ্ছামুসাবে রামানন্দ প্রথমে বৈরাগ্য বিষয়ক ও পরে প্রেমভক্তি সম্পর্কিত কবিতা পাঠ করেছিলেন। প্রীচৈভক্তকে দেখে রামানন্দ প্রণাম করলেন। মহাপ্রভুও তাঁকে জলদগন্তীর স্বরে আদেশ করলেন,—ভো: কবিতাং পঠেতি,—ওং কবিতা পাঠ কর। রামানন্দ তথন বৈরাগ্য বসাপ্রিত কবিতা পাঠ করলেন। মহাপ্রভু কবিতা পাঠ করলেন। মহাপ্রভু তথনও বললেন, এও বায়ু, অভ্রভিবিরিনী কবিতা পাঠ করলেন। মহাপ্রভু তথনও বললেন, এও বায়ু, অভ্রভিবিতা পাঠ কর। রামানন্দ তথন প্রণাম করে রাধা গোবিন্দের প্রেমেব প্রগাঢ়তা বিষয়ক ব্রন্ধবৃলি ভাষার স্বর্ধিত প্রদিদ্ধ "পহিলহি রাগ নয়ন ভঙ্গ ভেল' ইত্যাদি পদটি পাঠ করলেন এবং মহাপ্রভু এই কবিতা প্রবণ কবে পুলকাঞ্চিত বিগ্রহে রামানন্দকে আলিঙ্গন করলেন।

⁾ हि. ह. महा. ऽ७१८8-७६

মুরারির কড়চায় মহাপ্রভু কাঞ্চীনগরে রামানন্দ রায়কে দর্শনের নিমিত্ত गमन करत्रिलन-यर्ग न काकीनगतः जनमञ्जूकर्तिहः विदामानकाथावावम् । রামানন্দ তথন নিজগুহে কৃষ্ণপুছায় নিরত ছিলেন। তিনি চকু উন্মালিত করেই সম্মাসী প্রীচৈতভাকে দেখলেন। সম্মাসীকে প্রণাম করে ক্বডাঞ্চলিপুটে র'মানন্দ জিজ্ঞাদা করলেন, প্রভু কোথা থেকে আদছেন? হেদে প্রভু জিজ্ঞাসা করলেন, রাধিকার চরণভূক শারণ করতে পারছ নাকেন? প্রভূ নিজেকে স্বয়ং ক্লফরপে উল্লেখ করে বাছ্যুগলের ঘারা রামানন্দকে আলিঙ্গন করলেন। বুন্দাবনকেলি রহ্স প্রকাশ করে রামানন্দকে সান্ধনা দিয়ে ভিনি প্রস্থান করলেন। কবিকর্ণপুরের নাটকেও দাক্ষিণাত্য গমনকালেই নৃসিংহক্ষেত্রে नृमिः ट्रान्यक पूर्वन करत (शाप्यवदी जीटत महाश्रज्य जागमन मःवाप श्राह्मज হলে রামানন অন্তান্ত বাহ্মণগণের সক্ষে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে এসে তাঁর চরণে পতিত হয়েছিলেন। মহাপ্রভুবললেন রামানলকে: সার্বভৌমের অহুরোধে সামি ভোমায় দেখতে এসেছি, তুমি এখন আমাকে কিছু বল। রামানল বললেন: মন বশীভূত না হলে তপস্থার কি প্রয়োজন? চিত সংষমে কি প্রয়োজন যদি শ্রীকৃষ্ণে মন নিযুক্ত না হয় ? চিত্ত বিগলিত না হলে হরিচিস্তা অর্থহীন এবং বাসনা কয় না হলে চিত্তবিগলিত হওয়া নির্থক।

> মনো বদি ন নিজিতং কিমমূন। তপস্থাদিনা কথং সমনতে জয়ো বদি ন চিস্তাতে মাধব:। কিমস্ত বা বিচিম্ভনং যদি ন ক্ষণচেতোল্লব: সুবা কথমহো ভবেদ যদি ন বাসনাক্ষালনম্।।

এর পর প্রভূ জিজ্ঞাসা করলেন, এ ত বাহ্ন, বিচা কি ?
রাষানন্দ—হরিভক্তিই প্রকৃত বিচা, বেদাদিভে পাণ্ডিত্য নয়।
প্রভূ—কীর্তি কি ?
রাষা—ভগবংপরভাজনিত খ্যাতি, দানাদি জনিত খ্যাতি নয়।।
প্রভূ—শ্রী বা সম্পদ কি ?
রাষা—কৃষ্ণপ্রিয়তা, ধনজন গ্রামাদি নয়।
প্রভূ—দুঃধ কি ?

२ हि. हन्त्र ना --११३०

রামা—ভগবস্ত ক্তিব অভাব, রোগষন্ত্রণা জনিত ছঃখ নয়। প্রভূ—মুক্ত কে ?

বামা—শ্রীহরির চবণে বাঁদের আদস্কি, বিষয়সম্পত্তিতে নয়; সপ্রেম হরি ভক্তিতে প্রীতি, অষ্টাঙ্গ ঘোগে নয়; ভগব্দিগ্রহে আশ্বা, ডড দেহে নয়, তাঁবাই প্রকৃত মৃক্ত।

প্রভূ-গানেব বিষয় কি ?

वामा -- बक्रमीमा।

প্রভূ—এ জগতে শ্রের: কি ?

রামা---সাধুসঙ্গ।

প্রভূ-শ্ববণীয় কি ?

রামা-কৃষ্ণ নাম।

প্রভু – ধ্যানের বিষয় কি ?

বামা-মুরারির চর্ণ।

প্রভু-কোথায় বাদ কবা উচিত ?

বামা--ব্ৰঞ্জ।

প্রভু-শ্রবণের পক্ষে আনন্দদায়ক কি ?

त्रामा-- तृत्मावननीना ।

প্ৰভূ—উপাস্ত কি ?

রামা---রাধাকৃষ্ণ

মহাপ্রভূ আরও জানতে উৎস্কৃক হলে রামানন্দ বাধা ও গোপী-প্রেম-বিল্সিত তম্ম শ্রীক্ষণের স্তুতি করলেন। প্রভূ এতেও ভূষ্ট না হওয়ায় রামানন্দ বললেন—

স্থি ন স রমণো নাহং রমণীতি ভিদাবরোরান্তে।
প্রেমবদেনোভন্নমন ইব মদন নিম্পিপের বলাং॥
অহং কান্তা কান্তভ্যতি ন ভদানীং মতিরভূন্মনোবৃত্তিপূপ্তাত্ত্বিতি নে ধীরপি হতা।
ভবান্ ভর্তা ভার্বাহিমিতি যদিদানীং ব্যবসিতি
স্তথাপি প্রাণানাং দ্বিতিরিতি বিচিত্রং কিমপরম্॥

১ চৈ. চ. না. ৭ অংক

—তথন আমি কান্তা ও তুমি কান্ত এই বৃদ্ধি ছিল না. প্রেমরডসের দারা মদন উভরের মন সবলে নিম্পেষিত করেছিলেন, তথন চিত্তবৃত্তি লুগু হওয়ার আমি আমরা ত্জন—এই বৃদ্ধিও লুগু হয়েছিল, তুমি ভর্তা ও আমি ভার্যা এই ভেদবৃদ্ধির এখন উদয় হওয়া সবেও আমার প্রাণ রয়েছে, এর চেয়ে আর আশ্রেষ কি?

রামানন্দের মৃথে রাধাক্ষের নির্মল প্রেমের কথা আবন করে এই প্রেমকে পরম পুরুষার্থ জেনে মহাপ্রভূত্ হাত দিয়ে মৃথ আবৃত করলেন। রামানন্দ ও তার পদ্যুগলে পতিত হয়ে ঈখরজ্ঞানে স্থাতি নতি করলেন। মহাপ্রভূত রামানন্দকে আলিকন দানে ক্রভার্থ করে দক্ষিণ গমনে উত্তত হলেন।

কবিরাজ গোস্বামীর চৈতক্সচরিতামৃত কাব্যে শ্রীচৈতক্সের সঙ্গে রামানন্দ র:য়ের সাক্ষাৎকারের পরে প্রভূ তাঁকে সাধ্যাসাধ্য নির্ণয়স্চক শ্লোক পাঠ করতে বললেন।

রামানক্দ অধর্মাচরণে বিষ্কৃত্তি, কৃষ্ণে কর্মার্পণ, অধর্মভ্যাগ, জ্ঞানমিশ্রা ভক্তি, জ্ঞানশৃষ্ঠ ভক্তি, প্রেমভক্তি, দাশ্রপ্রেম, সংগ্রপ্রেম, বাৎসঙ্গাপ্রেম ও কান্তাপ্রেমকে পর্বায়ক্রমে শ্রেষ্ঠ বলে উল্লেখ করেছেন। ভন্মধ্যে কান্তাপ্রেম বা মধুর রসকে তিনি সর্বোচ্চ আসনে স্থাপন করেছিলেন। শ্রীচৈতক্ত আরও কিছু অর্থাৎ মধু রসের অপেক্ষাও উজ্জ্ললভর সাধন পর্বায় জানতে ইচ্ছুক হওরার রামানক্দ মহাভাব-অরূপিণী শ্রীরাধার প্রেমকেই শ্রেষ্ঠতম পর্বায়ে স্থাপন করেন। মহাপ্রত্ব অভিলাবান্থ্যারে রামানক্দ রাধাকৃক্ষপ্রেমের স্বরূপ ব্যাথ্যা করনেন।

হ্লাদিনীর দার অংশ ভার প্রেম নাম।
আনন্দ চিন্ময় রদ প্রেমের আখ্যান।
প্রেমের প্রম দার মহাভাব জানি।
দেই মহাভাবরূপা বাধা ঠাকুরাণী॥

মহাপ্রস্থ এর উপরের অবস্থা কিজাসা করায় রামানন্দ স্বরচিত— পহিলহি রাগ নয়ন ডঙ্গ ডেল।

অফ্দিন বাড়ল অবধি না গেল। ই ইত্যাদি গানটি আর্ডি করলেন। প্রভূব অহুরোধে রামানক সাধ্যতত্ত্ব ব্যাখ্যা অর্থাৎ গোপীপ্রেমের

১ চৈ. চ. মধ্য ৮ পরি ২ চৈ. চ. মধ্য ৮ পরি

মহিমা কীর্তন করলেন। রামানন্দের অহুরোধে দশদিন তথার অবস্থান কবে রাধারুক্তের অবর মূর্তি তাঁকে দেখিরে শ্রীচৈতত দক্ষিণে বাত্রা করেচিলেন।

গোবিন্দদান কর্মকারের কড়চায় সংক্ষেপে মহাপ্রভূ ও রামানন্দেব ভবালোচনা কথিত হয়েছে—

প্রভূ কহে কোন তবে শুক হয়.মন।
রায় কহে দেই তব সাধুব মিলন।।
তাহাতেও ক্ষেত্র চাই তব ঠাই।
রায় কহে ভ্যাগ বিহু আর তব নাই।
প্রভূ কহে ক্ষেত্র হয় অফুরক্তি।
রায় কহে তা হতেও উচ্চ প্রেমভক্তি।
প্রায় কহে আরো সার কহ মহামতি।
রায় কহে সর্বসার রাই রস্বভী॥

রায় রামানন্দের দক্ষে মহাপ্রভুর দাক্ষিণাত্যগমন কালেই তল্বালোচনা হয়েছিল নিঃসন্দেহে। কবিকর্ণপুর মহাকাব্যে মহাপ্রভুর দক্ষিণাপথ থেকে প্রত্যাবর্তনকালে রামানন্দের সঙ্গে তত্বালোচনা বর্ণনা করলেও নাটকে দাক্ষিণাত্যগমনকালেই তত্বালোচনাব বিবরণ দিয়েছেন। নাটকটি মহাকাব্যেব প্রে বচিত হওয়ায় নাটকের বিবরণই যথার্থ।

কৃষ্ণদাদ কৰিবাজ বামানন্দ ও মহাপ্রত্ব মধ্যে যে সাধ্যাসাধ্য নির্বহ আলোচনা করেছেন তা যে কবিকর্ণপুরের নাটক ও মহাকাব্যের অস্কুসরণে ভাতে সন্দেহ নেই। মহাকাব্যে, নাটকে এবং গোলিন্দের কড়চার রামানন্দ রাধা প্রেমকে সর্বোজ্ঞম বলে ব্যাখ্যা কবেছেন। কবিবাজ গোস্থামী রাধারুষ্ণ প্রেমের মহত্ব সম্পর্কিত কবিকর্ণপুরের আলোচনার উপরে বৈক্ষবশ্য রস্পাস্তের রঙ্মিশিয়েছেন। কবিকর্ণপুরের বিবংশ অধিকতর নির্ভরযোগ্য। এ সম্পর্কে ডঃ বিমানবিহারী মন্ত্র্মান লিখেছেন—'কবিরাজ গোস্থামী ভজিরসামৃতিসিদ্ধ সাধন ও উজ্জল নীলমণি বর্ণিত সাধ্যতত্ব কবিকর্ণপুরের বর্ণনার সহিত বোগ করিয়া এই অধ্যায় লিখিয়াছিলেন। চরিতামৃতে লিখিত প্রিক্তিক রামানক্ষ সংবাদ যে প্রকৃত কথোপকথনের রিপোর্ট নহে, ভাহা প্রকার্মান্তরের কবিরাজ গোস্থামী নিজেই বলিয়াছেন। সং

> त्या. क.--गृ: २२ २ औरिह्यक्तिविट व छेगानान--गृ: ७६०

ৰাদশ অধ্যায়

এতাপরুদ্র উদ্ধার

মহাপ্রভূ শ্রী চৈত্ত যথন সন্ত্যাস গ্রহণ করে পুরীতে উপনীত হন সে সমরে ইংকলাধিপতি প্রভাবকজনের পুরীতে উপস্থিত ছিলেন না। তিনি বিজয়-এগর-রাম্ব কৃষ্ণাদের বায়ের সাক্ষ যুদ্ধে গিয়েছিলেন।

বে সময়ে ঈশ্বর আইলা নালাচলে।
তথনে প্রতাপক্ত নাহিক উৎকলে॥
যুক্ষদে গিয়াছেন বিজয়ানগরে।
অতএব প্রভু না দেখি সেইবারে।।

'

বুন্দাবন দাস বলেন যে, প্রতিচতল গোড পরিভ্রমণ করে যখন ক্লিরে এলেন নালাচলে সেই সময়ে যুদ্ধ থেকে প্রত্যাবর্তন করলেন রাজা প্রতাপক্ষান্ত, তিনি শ্রীচৈতন্যের দর্শনলাভের আশাব রাজবানী কটক থেকে জগন্নাথক্ষেত্রে উপস্থিত ইলেন।

প্রতা কলেব স্থানে হইল গোচর।
নীলাচলে আইলেন শ্রীগোরহুকর॥
সেইক্ষণে শুনি মাত্র নুপতি প্রতাপ।
কটক চাড়িয়া আইলেন জগরাথ।।

আমরা জানি যে সন্ন্যাসী জ্রীচৈতত নীলাচলে উপনীত হওরার ছই মাস পরে দক্ষিণ ভারতে তীর্থল্লমণে গিয়েছিলেন। গৌড় পরিক্রমা তিনি করেছিলেন পরে। দক্ষিণ ভারত থেকে ফিরে এসে রাজা প্রতাপক: এর সঙ্গে ভার সাক্ষাৎকার হয়েছিল।

যাই হোক, বৃন্দাবন বলেন যে রাজা প্রভুর দর্শনের জন্ম ব্যাক্ল। তিনি সার্বভৌম প্রভৃতি চৈতন্মভক্তকে ধরলেন। কিন্তু চৈতন্মদেবের বিরাগের ভয়ে কেউ তাঁর কাছে রাজার ইচ্ছার কথা ব্যক্ত করতে সাহসী হচ্ছিলেন না। ভখন সকলে মিলে যুক্তি করে দ্বির করলেন যে মহাপ্রভু যখন বাহ্জান হারিরে

১ চৈ. জা. অস্ত্র্য ত অঃ ২ চৈ. জা. অস্ত্র্য ত অঃ

কীর্তন নর্তন করবেন দেই সময়ে রাজা অগোচরে থেকে দর্শন করবেন এই প্রেমবিহ্বল সন্ন্যাসীকে। ধূলা ধুসরিত প্রভুর চোথের ধারা মৃষ্ণের লালা ও

বাজদর্শনে প্রভুর অনিচ্ছা

তিনি অবজ্ঞাভরে স্থালয়ে চলে এলেন। রাত্রিতে স্থপ্র

বাজা জগরাধদেব ও চৈতক্সদেবকে অভিয়রণে প্রভ্যক করে

প্রভাৱ দর্শনলাভের জন্ত ব্যাকুল হয়ে উঠলেন। মহাপ্রভূ পূপাকাননে উপবিষ্ট থাকাকালীন প্রতাপক্ষম একদিন প্রভূর চরণোপাস্তে সাষ্টাক প্রণিপাত করে। গিয়ে মৃষ্টিত হয়ে পড়েন এবং প্রভূর হস্তম্পর্শে সংজ্ঞালাভ করে প্রভূর ভবস্ততি করতে প্রথাকেন। প্রভূ প্রভাপক্ষকে বর্ষটিলেন ক্লিফ্ডক্রিলাভের, উপদেশ্দিলেন ক্লফনাম সমীর্ভন করতে। তিনি বললেন—

তুমি দার্বভৌম ও রামানন্দ রায়। নিজের নিমিত্ত মৃত্রি আইলু এথায়।

প্রভুর গলার মালা উপহার নিয়ে প্রভাপক্স ফিরে গেলেন নিজাবাদে মুবারি বলেছেন যে, নিত্যানন সহ গৌরাক্ত দর্শনের আশায় প্রতাপক্ষ সার্বভৌম ও রামানন্দের সঙ্গে পরামর্শ করলেন। সার্বভৌম বললেন, সন্মুগ ভাগে ত দর্শন সম্ভব নয়, গৌর-নিতাই যখন সংকীর্তনানন্দে নৃত্য করবেন তখনই তাঁদের দর্শন লাভ সমীচীন। তদমুদারে উৎকলেশর অঞ্চকম্পাপুলকাদি সম্বিত প্রেমকবিগ্রাহ গৌরাক-নিত্যানন্দকে দর্শন লাভে ধক্ত চয়ে স্বগৃহে প্রস্থান করলেন। বাজিতে প্রতাপক্তর বার তিনেক রম্ম সিংহাদনে উপবিং মহাপ্রভু ও নিজ্যানন্দকে দেখে প্রভাতে শ্রীচৈডক্তের নিকটে গিয়ে ভূমিে সাষ্টাব্দে প্রণাম করে তাঁর পায়ে ধরে স্থতি করতে লাগলেন। প্রভূও স্তে তুই হয়ে বাভাকে দেখালেন বড়্ড্জ মৃতি। কবিকর্ণপুরের মহাকাব্যেও সার্বভৌমের পরামর্শ অভুসারে গব্দপতিরাক প্রভাপক্তদেব অভ্যান থেকে গৌরচক্রকে দেখে গলদশ্রনম্বনে ভূতলে পতিত হয়ে তব করতে থাকলে শ্রীচৈতন্ত তাঁকে আলিক্সন করলেন।" কবিকর্ণপুরের নাটকে দক্ষিণভারত থেকে প্রভাবর্তনের পরে বাহুদেব সার্বভৌম ঐতিচভত্তের কাছে মহারাজ প্র ভাপকরের দর্শনাকাজে। বিজ্ঞাপিত করেছিলেন। এই কথা ভনেই মহাপ্রভূ ত্হাত দিয়ে কান ঢেকে বলেছিলেন-

১ हि. छ। जला ७ ज: २ मू. क.—३।>७ ७ हि. ह. वहां. ১७ मर्न

নি**ছিকিনন্ত** ভগবদ্ভলনোমুখন্ত পাংং পরং জিগমিধোর্ডবদাগরন্ত। সন্দর্শনং বিষ মণামধ ধোষিতাঞ্চ হা হস্ত হন্দ্র বিষতক্ষণডোইপাসাধু॥

—রিক্ত, ভগবদভিম্থী এবং ভবসাগরের পরপারে পদনে ইচ্ছুক বিষয়ীকের এবং রমনীগণের দর্শন বিষভক্ষণ অপেকাও অনিটকর।

মহাপ্রভু সার্বভৌমকে স্পষ্টভাবে জানালেন, সার্বভৌম এ বিষয়ে প্রায় তাকে অন্বরোধ করলে ভিনি পূরী ত্যাপ করবেন। এছিকে রাজাও প্রভুষ কথা তান সংকল্প করলেন, মহাপ্রভুর সাক্ষাৎ হর্শন না পেলে তিনি প্রাণ্ড্যাপ করবেন।

দার্বভৌষ পরামশীগলেন, জগরাবের রথবাজার দিন থাঁচেডভ নৃত্যের পর যথন বিপ্রাম করবেন, দেই সমন্ত্র রাজা সাধারণ বেশে তার নিকটে নিয়ে তাঁকে দর্শন করবেন। ইতোমধ্যে রথবাজা উপদক্ষ্যে গৌড়বেশ থেকে ল্যাবিভ হলেন হৈতক্ত ভকুরুল। রথবাজার দিন নৃত্যাবলানে থাঁচৈডভ পার্বহণপদ্ ধবন তুফাজাবে অবস্থান করছিলেন, লেই সমরে রাজা প্রভাগকরেবে সাধারণ বেশে মহাপ্রভুর চরণবর ছই বাজ্য বারা দৃচভাবে আলিক্স করেব। মহাপ্রভু আন্থানন্দে বিভোর অবস্থাতেই নিমালিভ নেত্রে রাজাকে আলিক্স করেব বল্লন—

কো হ রাজনিজিয়বান্ মৃত্ত্রপাত্তম্। ন ভজেং গর্বতো মৃত্যুক্তপাভ্যমরোত্তমৈঃ ॥

—রাজন, সর্ব ড: মৃত্যু দেখেও কোন্ ইন্দ্রিবান্ খেট দেবগণেরও উপাস্ত মৃকুন্দের চরণপথকে না ভজনা করে ?

ক্ষিকর্ণপুরের কাব্যেও অন্তর্নতাবে বাস্থাবের মুখে রাজার অভিনাৰ তনে প্রভু কানে হাত দিয়েছিলেন। ক্ষিরাজ গোখামীর বিষয়ণে অগরাধের রথযাত্রায় চোক্ষ মাদল ও নাত সাত সম্প্রদায়ের গজে কীর্তন নর্তনকালে রাজা প্রতাপক্ষত্র প্রীচৈতকাকে দেখে বিশ্বিত হলেন—

> প্রতাপক্ষত্রের হৈল প্রম বিক্ষর। দেবিতে শরীর যার হৈল প্রেমসর।*

> to. ser. 41.-- 129

প্রতাপকর মন্ত্রী হরিচন্দনের কাঁথে হাত দিরে প্রভুর নৃত্য দর্শন করছিলেন—
হরিচন্দনের ক্ষমে হস্ত আলম্বিয়া।
প্রভুর নৃত্য দেখে রাজা আবিষ্ট হইয়া।

ছরিচন্দন নুপতির অব্যে নৃতারত শ্রীনিবাস (শ্রীৰাস)কে বার বার ঠেলে একপাণে থাকতে বলছিলেন। বিরক্ত হয়ে শ্রীবাস হরিচন্দনকে এক চড় ক্যালেন। হরিচন্দন কুদ্ধ হয়েও রাজার ইঙ্গিতে নীরব রইলেন। প্রার্থাক্সান হারা হয়ে শ্রীচৈত্ত সুত্য কংছিলেন। এই সময় তাঁকে পড়ে বাবার উপক্রম দেপে রাজা প্রভূকে ধরে কেললেন। রাজাকে দেপেই প্রভূর বাহ্নজান দিরে এলো।

রাজা দেখি মহাপ্রভু করেন ধিকার। ছি ছি বিষয়িম্পর্শ হইল আমার ॥ ১

নিত্যানন্দ সতর্ক না থাকায় তিনি অসস্কট হরেছেন। কবিরাদ গোস্থামী বললেন, রাজাকে রথের সম্মুখে পথ মার্জনা করতে দেখে মহাপ্রভু সঙ্কট হরেছিলেন, কেবল ভক্তগণকে শিক্ষা দেবার জন্তই তাঁদের ভংগনা করেছিলেন। নৃত্য শেষে মহাপ্রভু পরিপ্রান্ত ঘর্মাক্ত দেহে পুল্পোছানে গৃহণিগুর ভয়েছিলেন, এমন সময় সার্বভৌমের পরামর্শাহ্ণগারে রাজা বৈষ্ণব বেশে সেধানে আগমন করে ভক্তগণের অহ্মভিক্রমে প্রভুর চরণ ধারণ করলেন, তাঁর পদসেবা করলেন এবং রাসলীলার স্নোক পড়ে ছভি করলেন। প্রভু ভূট হয়ে বার বার "বোল বোল" বলতে লাগলেন এবং উঠে রাজাকে প্রেমালিকন দিলেন। এইভাবে প্রভাগক্তদেব মহাপ্রভুর কুপা লাভ করে নিজেকে ধন্ত মনে করলেন।

প্রতাপক্ষ-উদারের ঘটনা বর্ণনায় কবিরাজ গোখামী পূর্বস্থরীদের দৃষ্টান্ত অন্থারণ করেও কিছুটা নিজৰ ভাবনার দারা পরিচালিত হয়েছেন। প্রভাণ-ক্ষের মত বিষয়াসক্ত নরপতির সংসর্গ যে সর্বত্যাগী সন্থ্যাসী প্রীক্রফটেতছের অনভিপ্রেত ছিল তা জীবনীকাররা কেউ স্পষ্টভাবে, কেউ ইলিতে বলেছেন। রামানক্ষ বা বাহদেব সার্বভৌমের সলে রাজার পরামর্শ এবং অভ্যাল থেকে প্রীচৈতন্তের দর্শনলাভের ঘটনা থেকেই তা প্রমাণিত হয়। অবশেষে রাজার ব্যাক্ষভার এবং বৈশ্বপ্রকাশে প্রভু সভোষ প্রকাশ করে ভাঁকে কুণা

> हे. इ. मध्य १७ शति २ हे. इ. मध्य १७ शति

করেছিলেন, রাজা প্রভাপকম মহাপ্রভুর একজন অহুরাগী ভক্তে পরিণত হরেছিলেন।

প্রভাপকরদেব কোন সময়ে মহাপ্রভুর কুণালাভ করেছিলেন এ বিষয়ে জীবনীগ্রন্থলিতে ভিন্ন ভিন্ন মত বেখা যায়। বুলাবন দানের মতে গৌছ রামকেলি থেকে প্রভাবর্তনের পরে প্রভাপক্ষকে প্রভু কুপা করেছিলেন, কৰিকৰ্ণপুৰ ও কৃষ্ণদাস কৰিবাজের মতে দক্ষিণভারত থেকে প্রভ্যাবর্ডনের পরে এই ঘটনা ঘটে, কিন্তু মুরারি গুণ্ডের মতে মহাপ্রজুর মধুরা-বুন্ধাবন থেকে #जावर्जनव निवर में बहे चहेन।। ब क्लाब कविकर्नभूतिव विवत्र में शाह ; কাবণ মহাপ্রভুর লোকাভরের পরে শোকার্ড রাজা প্রভাপক্তকে সাভ্না ণে বাব উপেন্তে কবিকর্ণপুর হৈত গ্রচন্দ্রে নাটক লিখেছিলেন। প্রভাপক্ষের দমক্ষে যে নাটক অভিনীত হরেছিল, তাতে প্রতাপক্ষা সম্পর্কে বথার্থ বিৰবৰট প্ৰত্যাশিত। কৰিৱান গোস্বামীর গ্রন্থ থেকে জানা যার বে উত্তর, পুর এবং দক্ষিণভারত পরিক্রমায় মহাপ্রভুর ছন্ন বৎসর সমন্ন অভিবাহিত চয়েছিল। প্রতাপক্ষের সভাপণ্ডিত তীক্ষরী উৎকলে বিশেষভাবে প্রতিষ্ঠাবান দার্বভৌম মহাপ্রভুর ভক্তে পরিণত হয়েছিলেন মহাপ্রভু দাক্ষিণাত্যবাজার পূর্বেই সন্ন্যাদগ্রহণের তুমাস পরেই। চৈতক্তক্তেশেদর নাটকে দেখা বার, মহাপ্রভু দৃক্ষিণে যাত্রা করলে রাজা তাঁর সম্পর্কে বিশেষ কোতৃহলী হয়েছিলেন अतः जांत्र चाष्ट्रका विशास्त्र वाानारत् वितन्य चार्वही हरत्रहिलन । उक्न নমানীর প্রতি রাদার অমুরাগ যে ভাবে বর্ধিত হচ্চিল, ভাতে তাঁর পকে ছয় বংগর অপেক। করা সম্ভব বোধ হয় না। লোচন মুরারিকে অঞ্সরণ करत्रह्म। मुत्रातित विवत्र कान का चाह भारत हम। मृत्रातित क्ष्राम উল্লিখিত ১৪৩৫ नक वा ১৫১৩ औड़ाय यहि श्रष्ट ब्राउनांत्र कान हिनाद वर्षार्थ द्य जाहरल এই जरून विवद्य श्रीकश्च, बांत्र यनि श्रव्यत्तनांत्र कारणाह्य जून हत्र जाहरतन कण्डा व्यर्थार मिनलिशिक काव्याकारत क्रश मिनाव नमप्र हत्र छ কালাকুক্ষের বিপর্বর হতেও পারে।

ত্তরোদশ অধ্যাদ শ্রীটেতশ্যের গৌড় ভ্রমণ

উৎকলাধীশার প্রতাপকত মহাপ্রভুর শারণ গ্রহণ করার পরে বচাগ্রছ্ মধুরাগমনের অন্ত ব্যপ্ত হরেছিলেন। কিছু রায় রামানক্রের অন্তরোধক্র আজ বাব কাল বাব কবে তিনি তুই বংগর নীলাচলে বাপন করেছিলেন— "তেন তত্বপরোধারপুরাং জিগমিষুবলি বর্ষব্যসভাধ ইতি ক্রডা বিলখিছে। ভগবান্।" কৃষ্ণদাস কবিবাজ কবিকণ্পুরকে অন্সমূপ করেই বলেছেন—

তবে প্রভু সার্বভৌম রামানক্ষানে।
আলিক্সন করি কছে মধুর বচনে।
বভত উৎকণ্ঠা মোর ঘাইতে বৃন্দাবন।
ভোমার হঠে তৃই বৎসর না কৈল গমন।
অবশ্য চলিব দোঁতে করহ সম্মতি।
ভোমা দোঁহা বিনা মোর নাহি অশ্তগতি॥

দা কণাত্য থেকে প্রভাবেতনের পর চুই বংসর মহাপ্রভু ভক্তপর নাসা লৈ কীর্তনানন্দে যাপন করেছেন। বাস্থাবে সার্বভোমের ব্যবস্থানার কাশী মিশ্রের গৃহে মহাপ্রভুর বাসস্থান নির্দিষ্ট হয়েছিল। এই কীলৈ উভিন্তার অনেক বৈক্ষব ভক্ত তাঁর চরণতলে মিলিও হলেন। জগনাথের সেবক জনাদন, অর্থবেরধারী কৃষ্ণাস, লিখন-সাধ্যারী শিখি মাহিতী, উৎকলরাদের আমাত্য চন্দনেশ্বর, দিংহেশ্বর, ত্রাহ্মণ ম্বারি, বিষ্ণুণাস মহাপাত্র প্রহংরাক, পর্মানন্দ, রায় রামানন্দের পিতা ভবানন্দ রায় প্রভৃতি মহাপ্রভুর অর্থব্যক্তিন্বের প্রভাব এবং কৃষ্ণপ্রমের মাধুর্যে আক্রেট হরে সমবেত হতে লাগলেন। এদিকে নিত্যানন্দ, জগদানন্দ, মুকুল ও দামোদর পরামর্শ করে মহাপ্রভুব অঞ্বতিক্রমে কৃষ্ণাগনের প্র থেকে মহাপ্রভুব কৃষ্ণি ভারত থেকে শ্রীক্ষেত্রে প্রভাবিতনের সংবাদ পেয়ে অইবভাদি ভক্তবৃন্দ শচীমাতার অন্থতি নিয়ে নীলাচলে শ্রীচৈতন্তের নিকট উপনীত হলেন। অইবভের সঙ্গে এলেন কুলীন গ্রামনিবাদী

গ্রারাজ, রামানক, প্রীথণ্ড থেকে এলেন মৃকুক্ষ, নরহরি ও রঘুনক্ষন, হক্ষিণ গ্রেড থেকে নবদীপ খুরে উপনীত হলেন পরমানক পুরী, উপনীত হলেন গ্রানা ক্ষম দামোদর (পূর্বাপ্রামে পুরুষোজ্ঞম আচার্য)। ঈশ্বর পূরীর বিছ গোবিক্ষ গুরুষ সিদিপ্রাধির পূর্বে প্রদত্ত আদেশাম্নারে নীলাচলে এলেন দ্রীচৈতক্তরে নেবার নিমিত্ত। কয়েকদিন পরে ব্রদ্ধানক ভারতী মিলিত হলেন ভৈত্তদেবের সক্ষে। গোড থেকে তৃইশত ভক্ত এনেছেন। ব্যবহা হোল।

দক্ষিণ দেশ থেকে প্রত্যাবউনের থেকেই গোপীভাব বা রাধাভাবে ক্র্ব হতে থাকে গ্রীটেডক্তের আচরণে। সান্যাত্রা দর্শনের পর ভিনি গোপীভাবে রক্ষবিবে ব্যাকুস হরে আশাসনাথ চলে গেলেন একাকী। আবার সংবাহার ভাকে ক্ষিরিয়ে আনলেন নীলাচলে —

োপীভাবে প্রভূ বিরছে ব্যাকৃষ হটয়া।
আলালনাথে গেলা প্রভূ সবারে ছাড়িয়া।
পাছে প্রভূর নিকট আইল ভক্তগণ।
গোড় হৈতে ভক্ত আইল কৈলে নিবেদন ॥
সার্বভৌম নীলাচলে আইলা প্রভূ লঞা।

বধ্যাত্রার ভক্তগণসহ কীর্ত্তন নর্তন, রগধাত্রার পূর্বদিনে চার সম্প্রদার সহ বিদার বেইন করে বেড়ান্ত্য, পরের দিনে জগরাথের নেত্রোৎসব, পরদিন পাশু বিজয় বা রখারোহণ উৎসব, সাত সম্প্রদায়ের চোদ্দ বাদল সহ কীর্তন-নৃত্য, হোরাপঞ্চমী ও লন্ধীবিজয় মহোৎসব দর্শন, নরেন্দ্র সরোবরে ভক্তর্কসহ কলক্রীড়া, উন্থানে বনভোজন, জগরাথের পুনর্যাত্রা উৎসবে ভক্তগণসহ কীর্তন-নর্তন ইত্যাদি প্রকারে প্রভূ চারমাস যাপন করলেন। কৃষ্ণ জন্মোৎসবে প্রিচৈড্জ রুফ্ জন্মনীলিভিনয় করেন ভক্তগণ দকে। দাপাবলী যাত্রা, রাস্যাত্রা ও উথান ঘাদশী যাত্রা উৎস্বান্ধে প্রিচিড্জ ভক্তগণকে গোড়ে প্রেরণ করলেন। ভক্তবৃক্তের প্রভাবনের পরে বান্ধকে নার্বভৌম প্রভূকে স্থাতে আমন্ত্রণ করে পাঁচ দিন ভিন্নার গ্রহণে সম্বত্ত করান। সার্বভৌম-কামাতা যন্ত্রীর আমী অবোদ প্রভূষ ভালন দেবে তীর অস্থান করার সার্বভৌম পত্নীসহ কামাতাকে তির্কার

করেন এবং অযোগ বিস্টিকা রোগে আক্রান্ত হলে মহাপ্রভূ তাকে কয়। করেন, অযোগও স্থন্থ হয়ে প্রভূৱ ভক্তে পরিণত হয়।

এবার প্রীচৈতত্তের আকাজ্জা হোল, তিনি বৃন্ধাবন'দর্শনে বাবেন। এট বার্তা শুনে মহারাজ প্রতাপকজ প্রভূব বিবহচিন্তায় ব্যাকৃল হয়ে বায় রামানন্দ ও বাস্থ্যের সার্বভৌমকে অফ্রোধ কবলেন প্রভূকে নীলাচলে ধরে রাথতে। তাঁরা নানা অভ্যাতে প্রভূকে বৃন্ধাবন গমন থেকে নিবৃত্ত করণ্ডে সচেট।

রামানন্দ সার্বভৌম তুই জনা স্থানে।
তবে যুক্তি করে প্রভূ যাইতে বুন্দাবনে॥
দোঁহে কহে রথষাত্রা কর দরশন।
একদিন তো প্রভূ ষম্নাল্রমে সম্প্রেই ঝাঁপ দিলেন, শেব পর্যস্ত জোলের জালে তাঁকে পাওয়া গেল।

এইভাবে দিব্যোমাদ অবস্থায় মহাপ্রভুর অতিবাহিত হয় বাদশ বৎসর। তবে সব সময়েই বে তিনি বাহ্নজান-হারা হয়ে থাকতেন, তা নয়। যথন বাহ্মজান থাকতো তথন তিনি ভক্তদেব সঙ্গে আলাপ, নবদ্বীপের তথা শচী-মাতার সংবাদগ্রহণ ইত্যাদিতেও কাল্যাপন করেছেন।

কেউ কেউ মনে করেন যে মহাপ্রভুর দিব্যোয়াদ অবছা ক্রফপ্রেনেব উত্তেজনা জনিত বার্রোগ বা উন্মাদ রোগের প্রকাশ। মহাপ্রভুর জীবনীকাররা আনেকেই তাঁর বার্রোগ বা মৃগীরোগের কথা বলেছেন। কিছু ভক্তরা এই বোগকে ক্রফপ্রেমের বিকার বলে গ্রহণ করেছিলেন। নীলাচলে জগদানন্দ মহাপ্রভুর বার্রোগ প্রশমনের নিমিন্ত মাথায় দেবার স্থাছি তেল এনেছিলেন। স্তরাং এই ধবণের কোন রোগ তাঁর বাল্যকাল থেকেই ছিল বলে অছমিত হয়। অবশ্র দিব্যোয়াদ অবছা খেদ, কম্প, রোমাঞ্চ, আল, মৃছ্ প্রভৃতি ক্রফপ্রেম-জনিত সাজ্বিভাবের প্রকাশরূপে ব্যাথ্যাত হয়। এ সম্পর্কে একজন পাজিতের অভিমত,—"বাহিরের প্রেরণার ক্রফপ্রেম মনে উদয় হয়। উদয় হওয়া মাত্রই বার্জনিত মূছ প্রাসারা পড়ে। মানসিক অবছার এই বিশ্লেষণ অভ্যন্ত প্রয়োজন। কেন না দিব্যোয়াদের শেষ ছাদশ বংলর এইরূপ মানসিক

১ চৈ. চ. অস্ত্য ১৫ পরি ২ চৈ. চ. অস্ত্র্য. ১৮ পরি

चरु।नीन।

ক্ষ আমাদের মত প্রাকৃত জনের পক্ষে দিব্যোয়াদ একদিনে হর নাই।" কিছ আমাদের মত প্রাকৃত জনের পক্ষে দিব্যোয়াদের রহস্ত উদ্ঘটিন করা সম্ভব নর। অনেক বৈশ্বব সাধকের দেহে সাল্পিকভাবের প্রকাশের কথা শোনা যার। প্রীপ্রীরামক্ষদের অনেকবার মহাপ্রভুর তিন অবস্থার উদ্ভেখ করেছেন ঃ অন্তর্দশা (যেন কড়বৎ সমাধিত্ব), কথন অর্থবাত্ব; কথনও বা বাত্বদশা। গতিনি বলতেন, "চৈতন্যদেবের তিনটি অবস্থা ছিল। অন্তর্দশার সমাধিত্ব— বাত্ত্বদ্ধার আবিষ্ট হইয়া নৃত্য করতে পারতেন, কিছ কথা কইতে পারতেন না। বাত্ত্বশায় সংকীর্তন।" রামকৃষ্ণদের বলতেন, গৌরাকের মহাভাব প্রেম, এই প্রেম হলে জগৎ ত ভূল হয়ে বাবেই। আবার নিজের দেহ যে এত প্রিয় তাও ভূল হয়ে যায়। গৌরাকের এই প্রেম হয়েছিল।" কিছ সাধক পুক্রদের আচরণ— তাঁদের অবস্থা— প্রাকৃত জনের বৃদ্ধির অগোচর,— সিদ্ধ সাধকগণই উপলব্ধি করতে পারেন। স্থতরাং চৈতন্যদেবের বায়ুরোগ অথবা ক্ষপ্রেমের ভাববিকার তা নির্ণয় করা সাধারণ বৃদ্ধিতে সম্ভব নয়। প্রীম কথিত প্রীরামকৃষ্ণ কথামৃত গ্রেছ প্রীরামকৃষ্ণের এইরপ দিব্যোয়াদ অবস্থার বর্ণনা পাওরা যায়।

১ वांश्ना চत्रिष्ठश्राष्ट्र औरेडण्ड-शित्रिकांगरकद बांबरहोशूबी-गृः ১১७

२ जीवीतां वक्ष्मक्षां वृष्ट-->व काश-->वम प्राप--शृः व

७ ज्ञान वर्ष जान--- श्र मर--- गृः ১৯२

⁴ छात्र-- गृः २३

বোড়শ অধ্যায় মহাপ্রভুর অপ্রকট

মহাপ্রভুক্ষতৈত যা শেষ বাদশ বৎসর কথনও স্বাভাবিক অবস্থার কথনও বাফ্টারা দিব্যোরাদ অবস্থার নীলাচলে অবস্থান করলেও প্রতি বৎসর মায়ের কাছে নবদ্বীপে পণ্ডিত জগদানন্দকে পাঠাতেন জগনাথের প্রসাদ সহ। জগদানন্দ নবদীপ থেকে শাস্তিপুরে অবৈত আচার্যের সঙ্গে সাক্ষাৎ করে শ্রীক্ষেত্রে আসতেন। অবৈত আচার্য মহাপ্রভুর কাছে একটি প্রহেলিকা বা তর্জা জগদানন্দের মারুকতে প্রেরণ করলেন। তর্জাটি এই:

বাউলকে কহিহ, লোক হইশ বাউল।
বাউলকে কহিহ, হাটে না বিকায় চাউল।
বাউলকে কহিহ, কাৰ্বে নাহিক আউল।
বাউলকে কহিহ, ইহা কহিয়াতে বাউল॥

এই ছড়াটি শুনে মহাপ্রভূ হাক্ত করলেও তাঁর কৃষ্ণবিরহে উন্নাদ-দশা স্বারও ব্যতি হয়।

সেই দিন হইতে প্রভুর আর দশা হইল।
ক্রেম্বের বিচ্ছেদ-দশা দিগুণ বাড়িল।
উন্মাদ প্রলাপ চেষ্টা করে রাজি দিনে।
রাধাভাবাবেশে বিরহ বাড়ে অফুক্রণে।
আচ্ছিতে ফুরে কুফের মথ্রা গমন।
উদ্যুশ্-দশা হৈল উন্মাদ-লক্ষণ।

অবৈতাচার্য-প্রেরিত তর্জার অর্থ করা হয়: মহাপ্রাকৃকে বোলো যে লোক প্রেমে উন্মন্ত হয়েছে, প্রেমের হাটে প্রেমরূপ চাউল বিক্রয়ের স্থান নেই। মহাপ্রাকৃকে বোলো যে আউল অর্থাৎ প্রেমোরান্ত বাউল কাজে লিপ্ত নয়, মহাপ্রাকৃকে বোলো বে এই কথা বলেছেন অবৈত আচার্য।

বক্তব্য এই বে, ঐতিভক্তের কার্ব সমাধা হরেছে, মাছব ক্রফপ্রেমে পাগল হয়েছে। স্থভরাং তার আর ধরাধানে থাকবার প্রয়োজন নেই। অবৈভের

১-২ চৈ. চ. জন্তা---> পরি

মত কৃষ্ণভক্ত— যিনি কৃষ্ণরূপী চৈতন্তের আবির্ভাব ঘটিরেছিলেন সাধনার ধারা— তিনি আরাধ্য জীবস্ত কৃষ্ণকে ইহলোক ত্যাগ করতে বলবেন, একথা বিশাস করতে ইচ্ছা হয় না।

গিবিজ্ঞাশংকর রায়চৌধুনী এই ভর্জার ভিন্ন অর্থ করেছেন। তাঁর মতে এই প্রহেলিকায় প্রকৃত পক্ষে নিত্যানন্দের প্রচার ধর্মের বিরুদ্ধে অভিযোগ আছে। মহাপ্রভুর আদেশে নিত্যানন্দের গোড়ে ফিরে এনে সংসার ধর্ম গ্রহণ ক'রে, আচণ্ডাল ববনে জাতিভেদ না করে চৈতক্সনাম প্রচার ও মহোৎসবে ভিক্ষা করে কীর্তনে নৃত্য অনেকেই পছন্দ করতে পারেন নি। মহাপ্রভুর কাছে পুরীতে নিত্যানন্দের আচরণের বিরুদ্ধে নালিশও গিয়েছিল। সম্ভবতঃ অবৈভ ভরজায় নিত্যানন্দের প্রচার ধর্মে মৃল্লমান চণ্ডাল ব্রাহ্মণ একাসন লাভ করায় প্রচিতদ্রের প্রেমধর্ম ব্যাপ্তি লাভ করছে না, এরূপ অভিযোগ নিহিত ছিল। নেইজক্সই ভর্জা শেষের পর মহাপ্রভুর দিব্যোমাদ বর্ধিত হয়েছিল। ভঃ অসিভকুমার বন্দ্যোপাধ্যায়ও এই মতবাদকেই সমর্থন করেছেন। তাঁর মতে এই তর্জার অর্থ: প্রীচৈতত্যের অরুপন্থিতিতে গোড়ীয় বৈঞ্চব সমাজে শৈথিল্য এসেছে, ভক্তিধর্মপ্রচার ব্যাহত হচ্ছে, চিড়াদধি মহোৎসবে নিত্যানন্দ জাতিধর্ম নিবিশেষে চৈভক্তনাম বিভরণ করছেন। স্ক্রোং আছিজচণ্ডালকে চৈভন্যপ্রেমে একাকার ও বাউল করার বিরুদ্ধে রক্ষণশীল বৈঞ্বের এই নালিশ। ব

যাই হোক, তাঁর কর্তব্যকর্ম সমাপ্ত হয়েছে বলেই হোক আর তার সাধনায় প্রেমংর্মপ্রচারের খার: জীবের উদ্ধার কার্য যথায়থ হচ্ছে না বলেই হোক অবৈতের হেঁয়ালি শোনার পর মহাপ্রভুর দিব্যোম্মাদ বৃদ্ধি পেয়েছিল।

প্রভাব কৃষ্ণবিরহ ভীব্রভর হয়ে ওঠে। তিনি সর্বত্রই ভগবান শ্রীকৃষ্ণকে দর্শন করেন, রাত্রি জাগরণ বরে নাম সংকীর্তন করেন। স্বরূপ দামোদর এবং রামানন্দ রায় তাঁকে গছীরার মধ্যে ভইয়ে দেন। স্বরূপ ও গোবিন্দ দারে প্রহুরার রত। কৃষ্ণবিরহে ব্যাকৃল শ্রীচৈতন্য দিব্যোয়াদ স্বস্থার গছীরার দেওয়ালে মুধ্ ঘ্রতে থাকেন—

ৰিবৰে ব্যাকুল প্ৰভূ উৰেগে উঠিলা। গন্তীবাৰ ভিন্তো মূৰ বৰিতে লাগিলা।

> वारना हित्रख्यात् औरहरूस-गृ: ०००

২ বাংলা সাহিত্যের ইভিযুক্ত-২র বও--২র সং-পৃঃ ২২৪

মূথে গণ্ডে নাকে ক্ষত হইল অপার।
ভাবাবেশে না জানেন প্রভু, পড়ে বক্তধার ॥
সর্বরাত্তি করেন ভাবে মূখ সংঘর্ষণ।
গৌ গৌ শব্দ করেন, অরূপ শুনিলা ভখন॥

এমনি ভাবেই রায় রামানন্দ স্বরূপ দামোদরের সঙ্গে কৃষ্ণ কথা জালাপনে স্বর্গতি স্নোক জাস্বাদনে কৃষ্ণপ্রেম-তন্ময় শ্রীকৃষ্ণতৈতন্য শেব কটা দিন যাপন ক্রলেন। ঈশান্ট্রাগর এই সময়ে শ্রীতৈভন্যের অবস্থা সম্পর্কে লিখেছেন—

শ্রীরাধার দিব্যোন্মাদ হৈল উদ্দীপন।
হা নাথ হা ক্রফ বুলি কররে ক্রন্সন।
দিবানিশি নাহি জ্ঞান মহাভাবাবেশে।
ভরাল লাগরে ভক্তগণের মাননে।

এই সময়ে মহাপ্রভূ তিনটি অবস্থার মধ্য দিয়ে অতিবাহিত করতেন, এই তিন অবস্থা; অন্তর্গনা, বাহ্দশা ও অর্থবাহ্দশা।

তিন দশায় মহাপ্রভু রহে সর্বকাল।
অন্তর্দশা বাহ্দদশা অধ্বাহ্ম আর ।
অন্তর্দশায় কিছু ঘোর কিছু বাহ্মজান।
সেই দশা কছে ভক্ত অর্ধবাহ্ম নাম।
অর্ধবাহ্মে কহে প্রভু প্রালাপ বচনে।
আভাবে কহেন সব তুন ভক্তজনে।

মহাপ্রভূ ঐতিভয়ের জীবংকাল ৪৮ বংসর—প্রাক্ সন্ন্যাস জীবন ২৪ বংসর ও সন্ন্যাসোত্তর জীবন ২৪ বংসর। কবিরাজ গোস্থামী লিখেছেন—

চিক্কিশ বৎসর ঐছে নবছীপ গ্রামে।
লগুরাইল সর্বলোকে কৃষ্ণপ্রেম নামে।
চিক্কিশ বৎসর ছিলা করিয়া সন্মাস।
ভক্তগণ লঞা কৈল নীলাচলে বাস।
ভার মধ্যে নীলাচলে ছয় বৎসর।
নৃত্যু গীত প্রেমছজিয়ান নিরম্বর।

সেতৃবন্ধ আর গোড় ব্যাপি বৃন্ধাবন। প্রেমনাম প্রচারিয়া করিলা গমন।

বাদশ বংগর শেষ রহিলা নীলাচলে। প্রেমাবস্থা শিথাইল আমাদন চলে॥

ক্ৰিকৰ্ণপুর চৈতনাচরিতামৃত মহাকাব্যে বলেছেন যে শ্রীচৈতনোর প্রক্টকাল ৪৭ বংসর।

চতুর্বিংশে তাবং প্রকটিতনিজপ্রেমবিবশঃ
প্রকামং সম্মানং সমকত নবদীপতলতঃ।
ব্রিবর্ষণ ক্ষেত্রাদপি তত ইতো যন্ত্রগমরতথা দৃষ্টা যাত্রা: ব্যানমদখিলা বিংশতি সমাঃ॥
ইখং চত্মাবিংশতা সপ্তভাজা শ্রীগোরাকো হামনানাক্রমেণ।
নানালীলালাক্সমানাত ভূমো ক্রীড়ন ধাম স্থং ততোহসো জগাম॥
*

— চিবিশ বংশরে ক্লফপ্রেমে বিবশ হয়ে নবদীপ থেকে সন্ন্যাস গ্রাহণ করেছিলেন, তিন বংসর শ্রীক্ষেত্র থেকে ইডক্তভঃ গমনাগমনে কাটিয়ে বিশ বংসক যাত্রা (কেবোংসব) কেথে কাল দাপন করেছেন।

এইভাবে শ্রীগোরাক ৪৭ বৎসরে ক্রমে ক্রমে নানা লীলা বিধান করে পুথিবীতে ক্রীড়া করে স্বধামে গমন করেছিলেন।

क्रकांत्र कविदांच चांद्रश्च निर्थाहन.

শ্রীকৃষ্ণতৈতন্য নবদীপে অবতবি।
আইচরিশ বংসর প্রকট বিহুদ্ধি।
চৌদ্দশত দাত শকে জন্মের প্রমাণ।
চৌদ্দশত পঞ্চারে হইল অন্তর্গন।
"

১৪৫৫ শকে অর্থাৎ ১৫৩০ খ্রীষ্টাবে শ্রীচৈতন্তের তিরোভাব হয়। লোচন দাসের মতে আবাঢ় মাসের সপ্তমীতে ববিবাবে মহাপ্রভূম তিরোধান হরেছিল। ফণিভূমণ দত্ত গণনা করে বলেছেন যে, ১৪৫৫ শকে ৩১শে আবাঢ় বা ১৫৩৩ খ্রীষ্টাব্দে ২১শে জুন শ্রীচৈতন্য দীলাসহরণ করেছিলেন। ১৪৮৬ শ্রীষ্টাব্দে

১ হৈ. ৪. আছি ১৬ পরি ২ হৈ. ৪. মহা. ২০।৪০-৪১ ৬ হৈ. চ.

[ঃ] খ্রীট্রেড চরিতের উপাধান--পৃঃ ১৮

ফাল্গুণ মানে জন্ম ও ১৫৩০ জীটান্ধে আবাত মানে শ্রীচৈতন্যের মহাপ্রেরাণ হওগায়
এই সময়ে তাঁর বন্ধন হয়েছিল ৪৭ বংশর ৪ মান। জন্মানন্দের মতে শ্রীচিতন।
আঠাশ বংশর নীলাচন্দে ছিলেন—নীলাচনে বছিলা অইবিংশতি বংশরে।
জন্মানন্দ বলেছেন, শ্রীচৈতন্য মহাপ্রভু টোটার সমাগত ইম্রাদি দেবগণবে
বলেছিলেন, আবাত শুক্লা সপ্তমীতে বৈক্ঠে যাব, তোমবা রথ পাঠাও।

ইক্স শংকর সঙ্গে চলিলা আপনি।
সকল দেবতা মেলি করিয়া ধরণী॥
নীলাচলে নিশাএ চৈতন্য টোটাখ্রমে।
বৈকুণ্ঠ ঘাইতে নিবেদিল একাক্রমে॥
আবাত সপ্তমী শুক্লা অঙ্গীকার করি।
ব্যাধাইহ জাব বৈকুণ্ঠপুনী।।

নিত্যানন্দ প্রভূ বথযাত্রাব সময় রথের কাছে গেলে চৈতন্যদেব বৈকুঠ-গমনেচ্ছা প্রকাশ কবে অবৈভকে নিত্যানন্দেব দায়িত্ব অর্পণ কবে বললেন—

নিত্যানন্দে অবৈত্বে সমর্পণা করি।
সঙ্কীর্তন যজ্ঞ সব তোমার অধিকারী॥
আঠাইশ বংসর আমি নীলাচলে রচি।
ভানান্তরে জাব আমি নিষ্কপটে কহি।।
ভ

জয়ানন্দ পরিবেশিত তথ্য অবস্থাই যথার্থ নয়। ঐতিচতন্য ২৮ বংসর নীশাচলে ছিলেন না, ছিলেন ২৪ বংসর। মহাপ্রভুর তিরোধান দিবস সম্পর্কে লোচন ও জয়ানন্দ একমত।

শ্রীচৈতন্য মহাপ্রভুর তিরোভাব সম্পর্কে নানাবিধ বিষদভীমূলক কাহিনী গভে উঠেছে। তাঁর তিরোধানে ভক্তদের মধ্যে যে গভীর বেদনার সঞ্চার হয়েছিল তার পরিমাপ সাধ্যারত্ত নয়। কবিকর্ণপূরের মহাকাব্য ১ম সর্গ, লোচনের চৈতন্যমলল, অবৈতপ্রকাশ, নরোত্তম বিলাস প্রভৃতি গ্রহে মহাপ্রভূব অপ্রকটের পরে নববীপ, বৃদ্ধাবন ও নীলাচলের ভক্তদের মর্মান্তিক বেদনা বর্ণিভ হয়েছে। অনেকেই মহাপ্রভুর বিরোগ বেদনা সহু করতে না পেরে অক্সকাল পরেই দেহত্যাগ করেছেন। এই ভরাবহ ত্বংথকর ঘটনার বিবরণ প্রামাণ্য

> TE, 4. BUT->>> 2 CE. 4. BUT->2>-4> 0 CE, 4. BUT->40-44

চৈতন্যচরিত গ্রন্থে অফুপন্থিত। কবিরাজ গোস্বামী, বৃদ্ধাবন, কবিকর্ণপুর কেউই এই ঘটনার বিবরণ দেন নি। ন্বারির কড়চার কেবলমাত বলা হরেছে—

তারমিতা জগৎ কুৎক্ষং বৈকুঠছৈ: প্রদাধিত:। জগাম নিলয়ং ক্টো নিজমেব মহন্দিমং॥

—সমগ্র জগৎকে উদ্ধার করে বৈকুঠবাসীদের বার। প্রদাধিত হরে সহান্ ঐশর্থবান্ প্রভু আনন্দিত হয়ে খীয় বাসস্থানে (বৈকুঠ) গমন করেছিলেন।

ক্ৰিকৰ্ণপুর কেবলমাত্র বলেছেন যে গোপনারীদের বিরহে কাভর হরে শ্রীহরি (গোরাঙ্গ) গোপাক্লাদের কাছেই গমন করেছেন।

প্রামাণ্যগ্রন্থ সমূহে স্পষ্ট বিবরণের অভাব-থাকাতেই শ্রীচৈতন্তের তিরোধান সম্পর্কে নানাবিধ কিম্বদস্তী গড়ে ওঠা সহজ হয়েছে।

লোচনদাস লিখেছেন-

আষাত মাদের তিথি সপ্তমী দিবদে। নিবেদন করে প্রভু ছাজিয়া নিঃখাদে । সভ্য ত্রেভা দ্বাপর সে কলিযুগ আর। বিশেষতঃ কলিয়গে সন্ধীর্তন সার॥ কুপা কর জগন্ধাথ পতিতপাবন। কলিয়ুগ আইল এই দেহ ত শরণ। এ বোল বলিয়া সেই ত্রিষ্ণগত হায়। বাছ ভিডি আলিকন তুলিল হিয়ায়। छजीय श्रद्धा दिना विविश्व मित्न। জগল্লাথে লীন প্রভু হইলা আপনে। গুঞাবাড়ীতে ছিল পাঙা ব্রাহ্মণ। कि कि विन मचदि (म चारेना उथन । বিপ্রে দেখি ভক্ত করে শুনহ পভিছা। ৰুচাহ কণাট প্ৰভূ হেখিতে বড় ইচ্ছা। ভক্ত আর্তি দেখি পঞ্চিছা কহরে তথন। ভঞাৰাড়ীর মধ্যে প্রভুর হৈল অংশন।

লাক্ষাতে দেখিল গৌড় প্রভুর মিলন। নিশ্চয় করিয়া কহি জন সর্বজন।

লোচনের মতে রবিবারে আবাঢ় মাসের শুক্লা সপ্তমীতে রথযাত্রার পাঁচদিন পরে শ্রীচৈতক্ত শুক্তাবাড়ীতে জগরাধের বিগ্রাহে দীন হরে গিখেছিলেন।

ভক্তি রত্বাকর প্রণেতা শ্রীমররহরি চক্রবর্তীর মতে টোটা গোপীনাথের মন্দিরে প্রবেশ করে মহাপ্রভূ গোপীনাথের বিগ্রহে মিশে গিয়েছিলেন। শ্রীমাম্ গোষামী নরোন্তম দাস ঠাকুরকে বলেছিলেন—

অহে নরোন্তম ! এইখানে গৌরহ,র।
না জানি কি পণ্ডিতে কহিল ধীরি ধীরি ॥
দোঁহার নরনে ধারা বহে অভিশয়।
তাহা নিরখিতে ত্রবে পাষাণ হৃদয়।।
ভ্যাসি শিরোমণি চেষ্টা বুঝে সাধা কার ?
অকশ্বাৎ পৃথিবী করিলা অভকার ॥
প্রবেশিলা এই গোপীনাথের মন্দিরে।
ভইলা অদর্শন পূন: না আইলা বাহিরে।।

কশান নাগর বলেন, অবৈতের তর্জা শোনার পর থেকেই ঐচিতক্তের দিব্যোক্সাদ দশার বৃদ্ধি হয়েছিল, দিবানিশি তাঁর বাফ্জান থাকডো না। । ফলে ভক্তবৃন্দ তীত হরে পড়েন। তারপর একদিন মহাপ্রভূ জগরাধমন্দিরে (গুলা-বাড়ীতে নয়) প্রবেশ করে জগরাথ বিগ্রাহে বিলীন হয়ে গেলেন।

একদিন গোরা জগন্নাথে নির্থিয়া।
শ্রীমন্দিরে প্রবেশিলা হা নাথ বলিয়া।
প্রবেশ মাত্রেডে ছার ছারং ক্লছ হৈল।
ভক্তগণ মনে বছ আশহা জন্মিল।।
কিছুকাল পরে ছারং কপাট খুলিলা।
গৌরাকাপ্রকট নভে জছুমান কৈলা।।

সহাপ্রভূত্র অক্তভম ভক্ত ঈশ্বর দাস চৈতন্যভাগবতে বারে বারে শ্রীচৈতন্যের অগরাথ মুডির সধ্যে লীন হয়ে বাওয়ার কাহিনী উল্লেখ করেছেন। তাঁর বিবরণে

> कि. म. त्यम वक-मृ: >>१ व.म.-मान्द्र-६१ ७ मृ: वी: २> मा-मृ: २६४

বৈশাখের ভক্না ভৃতীয়ার অর্থাৎ অক্ষয় ভৃতীয়ার জগন্নাথের চন্দ্রনায়ারার দিনে রাজা প্রভাপক্ষা ও অন্যান্য ভস্তগণের সঙ্গে কীর্তন করতে করতে শ্রীচৈতন্য জগন্নাথেয় অঙ্গে লীন হয়ে গিয়েছিলেন:

ঈশ্ব দাস লিখেছেন, অকে চন্দন লেপন করার সময়ে জগন্ধাথ মুখব্যাদান করেছিলেন, আর প্রীচৈতনা মুখ মধ্যে লীন হয়েছিলেন।

চন্দন খোরা হস্তে পড়ি। শ্রীক্ষগন্ধ ভূক্স ভিড়ি।।
মুখ বিস্তারি গোসাঞি। গর্ভে চৈতন্য লীন হোই।।

विष्णवाथ जरू मीन रम्थि मर्व विष्कृत । "

ষ্ঠাপ্রভূর অক্সতম ভক্ত কবি অচ্যুভানন্দ শ্ন্যগংহিতার ঐতিচতন্যের জগন্ধণবিপ্রাহে লীন হওয়ার কথাই উল্লেখ করেছেন—

চৈতন্যঠাকুর মহানৃত্যকার রাধা রাধা ধ্বনি কলে। জগরাথ মহা হ ভূ শ্রী অকরে বিদ্যুৎপ্রায় মিশি গলে॥৪

পরবর্তীকালে কবি দিবাকর দাস (এ: ১৭শ শতান্ধী) অচ্যুতানন্দকে অসুসরণ করে বলেছেন যে মহারাজ প্রতাপক্ষতের সময়েই অগরাণের কেহে চন্দন লেপন করতে করতে অগরাণের দেহে মিশে গিয়েছিলেন।

> এমন্ত কছি প্রীচৈতন্য প্রীজগরাধ অংক লীন। গোপন হইলে অদেহে দেখি কার দৃষ্টি মোহে।।

আবার অটাদশ শতানীয় উৎকলীয় ভক্ত কবি প্রেয়-ভয়দিশী রচয়িতা (কবি হর্ম) সদানন্দ বলেছেন, মহাগ্রভুর অন্তর্ধান হয় 'টোটা গোপীনাথ খানে'।

> नेवन पारंत्रत देवरकात्रवर्ष ०० वा:—यः वाकाक्यूनात प्रवागाधारतत वेवृष्टि गृः ००। २ व्यक्त ० देव. व. व. —विवान विद्याती बसूप्रवात—गृः ००० ० गूक्तरहिठी—०न वाः व्यक्त शृः २०० ० आहम्—गृः ३०० ० हेव्स्थितत औदेवरक्र—गृः ১००

জনমাথ বিপ্তাহে ও টোটা গোপীনাথের বিপ্তাহে লীন হরে মহাপ্রত্ব অন্তর্গনের ঘৃটি কাহিনীই বিশেষভাবে প্রচলিত। উক্ত মত ঘৃটি ছাড়া আরও ঘৃটি মত এ বিষয়ে প্রচলিত আছে। একটি মত অন্থলারে প্রতিভনা দিব্যোমাদ অবস্থায় সম্প্রে বাঁপে দিয়ে সম্প্রের জলেই দেহত্যাগ করেছিলেন। M. T. Kennedy লিখেছেন, "However, the common supposition that the end came by drowning in the ocean during one of his fits of ecstasy has a great deal of probability in his favour, considering the many times Chaitanya was rescued from just such a death. The body was probably buried in the temple by the priests, and the miraculous tales that arose, of the master's disappearance in various images were doubtless created and encouraged by them for purposes of revenue."

এ বক্ষ ঘটনা হয়ত অসম্ভব নয়। কিছু প্রীচৈতক্তের সঙ্গে তাঁর ভক্তবা সকল সময়েই থাকতেন। আব সমূদ্রে পতন জনিত মৃত্যু ঘটলে সে ঘটনা গোপন থাকা সম্ভব ছিল না। জীবনীকাররা কেউ এ বিষয়ে ইন্দিতও কবেন নি। আচার্য দীনেশচক্র সেন প্রমাণ করেছেন যে প্রীচৈতন্তের লোকান্তর সমূদ্র গর্ভে হয় নি। ও তথাপি ডঃ প্রভাত কুমার মুখোপাধ্যায় বিনা যুক্তিতেই মহাপ্রভুর সমূদ্রগর্ভে লীন হওয়ার কাহিনী বিশাস্যাগ্য বলে গ্রহণ করেছেন। ও

শ্রীচৈতক্ত জগরাধ বিপ্রাহে লীন হওয়ার কাহিনী অবক্তই জনেকের কাছে বিশ্বাসযোগ্য হয় নি। প্রভূব আত্মা জগরাধে লীন হতে পারে, প্রভূব ভক্তবা বিভাগপ্রায় বাশোরটা দেখতেও পারেন, কিন্তু তাঁর দেহটা কি করে দাকবিগ্রহে মিশে যাবে? ঈরর দাসের চৈতক্তভাগবতে তাই আর এক রকমের গর তৈরি হরেছে। এই গল্পে সম্পূর্ণ নগরের রাজা অগন্তাম্নিকে শ্রীচৈতক্তের মরদেহের বিষয়ে প্রশ্ন করলে ঋষি বললেন, জগরাথ তাঁব পার্শবেতা ক্ষেত্রপালকে আদেশ করলেন পিশু (শব) অস্করীক্ষে বহন করে গলার জনে নিক্ষেপ করতে।

ক্রেরপালংকু জাজাদেই। 'এপিও নিজ বেগকরই। অন্তক্তে নিজ গলালল। বেলিণ দিজ ক্রেরপাল'।

> The Chaitanya movement—p. 51.

२ औरनीवाद्यव गोनावनान थक्स - वायक्षर्य, कान्यन-> •• वोरिवक्रवाहिक - गृः •>

ক্ষেপাল অগলাথের আফাহ্নারে শব গলার জলে বিদর্জন দিলেন, চৈতত্ত ৰূপ প্রকাশ করে গলায় লীন হয়ে গেলেন।

প্রান্ধগরাথ আক্রা পাই। অস্তক্ষে নেলে শব বছি।।
গঙ্গাবে মেলি দেলে শব। সে শব হোইলা কি সর্ব॥
বৈচতন্ত রূপ প্রকাশিলে। গঙ্গাবে লীন ছোই গলে॥

ড: প্রভাত কুমার ম্থোপাধ্যারের মতে পুরী থেকে ত্রিশ মাইল দূরে অমরেশর মন্দিরের কাছে গোমতীর তীর্থে প্রাচী নদীকে গঙ্গা বোঝান হয়েছে। অক্ষয় হতীয়ার দিন গঙ্গা এখানে উপনীত হন বলে 'প্রাচী মাহাত্মা' প্রছে বলা হয়েছে। সতরাং জগরাথ মন্দিরের গুপু বার দিয়ে মহাপ্রভুর দেহ এনে এখানে জলে কেলা হয়েছিল।

ড: ম্থোণাধ্যার যদিও মহাপ্রভ্র সমৃত্রে ঝাপ দিয়ে অস্তর্হিত হওরার গাহিনীতে আহাশীল তথাপি এ কাহিনীকে তিনি সম্পূর্ণ অবিধাস করেন গাহিনীতে তাঁর বক্তব্য: ভাবাবেগে সক্ষাৎ জগরাথ মন্দিরের গর্ভগৃহে মহাপ্রভ্র মৃত্যু হলে মন্দির শোধন করতে হোত। তাই লোক জানাজানির ভরে গুপুর পথ দিয়ে মহাপ্রভ্র দেহ প্রাচী নদার জলে ভাসিয়ে দিয়ে জগরাথের বিপ্রহে শীন হওরার কাহিনী প্রচার করা হয়।

এখানেও একই প্রশ্ন থেকে যায়। চন্দন যাত্রায় উৎসবে বছলোকের ব্দগরাথ যন্দিরে সমাগম হয়। শ্রীকৈতন্যের ভক্তরাও ত ছিলেন। তবে গোপনে গুপ্ত দার দিয়ে বার করে তাঁর দেহ ত্রিশ মাইল দ্বে নিয়ে যাওয়া হোল কি করে ? দাসলে অনেক গরের মত এও একটি কার্যনিক গরা।

প্রাতে এরপ জনপ্রতি নাকি প্রচলিত যে বাজা প্রতাপক্ষদেবের জনাধারণ চৈতন্যভক্তি এবং প্রীতেতনাদেবেরও প্রাতে অভ্তপূর্ব প্রভাব বৃদ্ধির কলে দগরাথ মন্দিবের পাঙাদের স্বার্থহানি ঘটার তারা মহাপ্রভ্রেক জগরাথ মন্দিবের মধ্যেই গোপনে হভ্যা করে মন্দির মধ্যেই সমাধিহ করে এবং প্রীচৈতন্যর দগরাথ-বিপ্রতে লীম হওরার কাহিনী প্রচার করে। এই কিম্বন্ধীর সভ্যতার বিশ্বাদী সিরিজাশংকর বার চৌধুরী। যদিও এ গর নিছক জন্মান নির্ভর,

> बोटेन्डकाडेक गृः ६३ ६ बोटेन्डकाडेक गृः ०१ ७ बोटेन्ड काडेक गृः ०४

তথাপি এ অনুমানের কারণ হিসাবে গিরিজাশংকর লিথেছেন, "এই মৃতদেহেই আক্সিক অন্তর্গনে গুপ্তহত্যার সন্দেহ বৃদ্ধি পার। জগরাথে দীন হওর সাধারণভাবে ভক্তদের বিশেবভাবে প্রতাপক্ষত্রকে প্রবোধ দিবার জন্য হত্যাকারীদের তৈরি কথা।'

ক্ষিত্ব এই গল্পের কতথানি গ্রহণযোগ্য তা বিচার করা প্রয়েছন।
উৎকলাধীশ প্রতাপরুদ্রদেব মহাপ্রভুর একাস্ত অহুরাগী ভক্ত ছিলেন
মহাপ্রভুর স্বথমাছলেয়র দিকে তার সতর্ক দৃষ্টি ছিল। পুরীতে বহু উৎকলীর
ভক্ত প্রীচৈতন্যকে বিরে থাকতেন। স্বরূপ দামোদর, জগদানক্ষ পণ্ডিত,
গদাধর, রামানক্ষ রায়, গোবিন্দ প্রভৃতি ভক্তবৃদ্ধ সকল সমরেই মহাপ্রভুর
কাছে কাছে থাকতেন। এমতাবস্থার তাঁকে অচেতন বা অধ্চেতন অবস্থার
খুন করে শব গোপন করে কেলা সহজ্পাধ্য মনে হয় না। ভঃ অসিত কুমার
বন্দ্যোপাধ্যায় এই গরকে উর্বর মন্তিক্ষের কল্পনাপ্রত্যত এবং লোমচর্বক
ভিটেকটিভ গল্প বলে মন্তব্য করেছেন।

ভঃ জন্মদেব মুখোপাধ্যার "কাঁহা গেলে তোমা পাই" গ্রন্থে উপন্যাদের আজিকে প্রীচৈতন্যকে গুমধুন করার কাহিনীকে প্রভিত্তিত করতে প্রয়ামী করেছেন। এব্যাপারে তিনি অলাস্থ প্রমাণ সংগ্রহ করেছেন বলে গ্রন্থমধ্যে বলা হরেছে। কিন্তু উক্ত গ্রন্থে যথার্থ তথ্য প্রমাণের দ্বারা বক্তব্য প্রতিষ্ঠিত হয় নি। ভঃ মুখোপাধ্যারের মুক্তিঞ্জলি নিম্ননপঃ

- ১। দীনেশ চন্দ্ৰ দেন Chaitanya and his age গ্ৰন্থে দিখেছেন বে শ্ৰীচৈতন্যের দেহাবসানের প্রচণ্ড আঘাতে (great shock) উড়িয়ার এবং বাঙ্গলায় ৫০ বংসর কীর্তন বন্ধ ছিল।
 - ২। উৎকলে সার্ভ পণ্ডিভরা মহাপ্রভুর প্রতি রুষ্ট হয়েছিল।
- ৩। প্রতাপরুরুদেবের বৌদ্ধ বিবেবের ফলে উভিয়ার বৌদ্ধরা শ্রীচৈজন্যের উপরে কট হয়।
 - ৪। পুরীর পুজারী ও পাণ্ডারা বহাপ্রভুর প্রতি বিধিষ্ট হর।
- e। ক্লুক্তেৰ বান্ধের কাছে প্রভাপক্রদেবের প্রাক্তরের কারণ ছিলাবে বিপক্ষক প্রীচৈডমাকে নির্দেশ করতেন। রাধাক্ষাস বক্ষ্যোপাধ্যায় এবং হরেইফ

> इतिख्यास् बोटेक्ट शृः ४३० । २ वाला नहिस्छात देखितृत शृः २०

বহাতাব (History of Orissa, vol. I, p. 319)-এর মতে রাজা প্রতাপক্ত চৈতন্যভক্ত হওরায় উড়িয়ার সামরিক শক্তি তুর্বস হয়ে পড়েছিল।

- ৬। উৎকলের সিংহাসনলোভী হীন বড়বন্তকারী গোবিন্দ বিভাধর ডেবেছিল, প্রতাপক্ষেরের রাজকার্থে সকল প্রকার পরামর্শদাতা এবং সর্বজনের প্রভা ও
 ভক্তির আসনে অধিষ্ঠিত প্রীচৈতন্যকে পৃথিবী থেকে না সরালে প্রতাপক্ষরের
 সিংহাসন অধিকার করা সম্ভব নয়। অবৈতের তর্জায় এই বড়য়ন্তের ইকিত
 ছিল। গোবিন্দ মহাপ্রভু ও পরে প্রতাপক্ষত্রের তৃই পুত্র কালুয়াদেব ও
 কথাকয়াদেবকে পৃথিবী থেকে সরিয়ে উড়িভার সিংহাসন অধিকার কয়েছিলেন।
- १। উৎকলীয় কবি বৈষ্ণবচরণ দাসের 'চৈডপ্ত চকড়া' অনুসারে মহাপ্র হৈ হলাতের পর রাজা প্রতাপরুত্র দারুণ ত্রাসে বিড়ানেসী বা কটকে পলায়ন করেছিলেন, তবে তিনি প্রীচৈতপ্তের মরদেহ হরিনাম সহকারে সমাধিত্ব করার আদেশ দিয়েছিলেন। রাত্রি দশদণ্ডের সময় মহাপ্রভূব দেহ জগরাথ মন্দিরে গরুভাততের পিছনে পতিত হলে টোটা গোপীনাথে নিয়ে যাওরা হয়েছিল।
- ৮। সেই বংসর রথযাত্রা উপলক্ষ্যে গৌড়ীয় বৈষ্ণবগণ নীলাচলে এসে
 শচীদেবীর মৃত্যুসংবাদ জ্ঞাপন করায় শ্রীক্ষেত্রে বাস মহাপ্রভুব কাছে মর্মান্তিক বেদনাদারক হয়েছিল। তিনি সবার অলক্ষ্যে টোটা গোপীনাথে পলায়ন করে-ছিলেন। এখানে এসে জটাজ টুখারী সন্ন্যাসীর বেশ ধারণ করে ঘোলাত্বলী নামক এক গ্রামে আত্মগোপন করেছিলেন। সেদিন তিনি আত্মগোপন না করলে গোবিক্ষ বিভাধরের অন্নতরেরা ভার জীবনান্ত ঘটাতো।
- ১। লোচনের বিবরণে মহাপ্রভুর মন্দিরে প্রবেশ করার পরই গুঞাবাড়ীর দরজা বন্ধ করে দেওয়া হয়। দীনেশ চন্দ্র সেন লিথেছেন যে মহাপ্রভু অপরাছ চার ঘটিকার দেহত্যাগ করেছিলেন ও রাজি ১১টা পর্বন্ধ মন্দিরের দরভা বন্ধ ছিল। সম্ভবতঃ প্রতাপরুত্রের অন্তমত্যস্থসারে ঐ সময়ের মধ্যে সমাহিত করে এবং মেরোমত করা হয় এবং জগলাথ বিপ্রহে লীন হওয়ার সংবাদ প্রচার করা হয়।
- ১০। রাজমতেজা থেকে বার বামানক মহাপ্রভৃকে একটি পত্তে জানিরে-ছিলেন বে তার উৎকলীয় ভক্তবুক্ষের মধ্যে অনেকেই গোবিক বিভাধবের শাপ চক্তের চর।
 - ১)। म्हनभूव निवानी अभिष देवकव देवकवहत्र देहण्य कानवरक निर्श्यक्त

যে মহাপ্রভুর তিরোধানের পরে তাঁব অনেক ভক্ত স্পরীরে জন্তর্গ_ন করেছিলেন।

১২। মহাত্মা শিশিরকান্তি বোষের অমির নিমাই চরিত ১৪ থণ্ডে
১৫ অধ্যায়ের শেষে পাদটীকার আছে যে, মহাপ্রভুর অন্তর্ধানের পর ভক্তগণ
মৃচ্ছিত হয়ে পড়েছিলেন, তর্মধ্যে স্বরূপ দামোদর মারা যান। তাঁর হ্বদ্য কোটে প্রাণ বেবিয়েছিল। এ থেকে ড: মুগোপাধ্যায়ের অন্থ্যান যে, স্বরূপ দামোদরকে এমন ভাবে হত্যা করা হয়েছিল যে তার গভীর ক্ষত থেকে হৃৎপিও দেখা গিয়েছিল।

ডঃ মুখোপাধ্যায়েব বস্তব্য: বেবলমাত্র যে প্রীচৈতন্তকেই হত্যা কর। হয়েছিল তাই নয়, তাঁর অনেক ভক্তকেও হত্যা কবা হয়েছিল, আর এই অমাস্থাকি হত্যাকাণ্ডের নায়ক গোবিন্দ বিভাধন ও তার সহযোগী উভিন্তার মার্ড বাহ্মণ, বৌদ্ধ ও পাগুরা।

তঃ মুখোপাধ্যায়ের যুক্তিগুলি বেশ চিত্তাকর্ষক,--কিন্তু ধোপে টেঁকে ন গোবিন্দ বিভাধবের পাপচক্রে মহাপ্রভৃকে কোথার কিভাবে খুন করেছিল এবং কোথার তাঁর দেহ সমাহিত করা হয়েছিল, সে ব্যাপারটি তিনি হেঁরালিতে আরক্ত রেখেছেন। তাঁর প্রকৃত্ত যুক্তিগুলি পর্বালোচনা করা যাক।

(১) দীনেশ চন্দ্র সেন কথিত ঐতিচততের দেহত্যাগের পরে ৫০ বংসর বাঙ্গালার ও উড়িয়ার কীর্তন বন্ধ ছিল, এ মন্তব্য তথ্য-সমর্থিত নর। বাংলাষ নিত্যানন্দ এবং অবৈত আচার্য জীবিত ছিলেন। তাঁবা মহাপ্রভুর প্রেমধর্ম প্রচার করেছেন, হবিনাম সংকীর্তনও করেছেন। নিত্যানন্দ দাসের প্রেমবিলাস অক্ষারে মহাপ্রভুর অপ্রকটের ছুই বংসর পরে নিত্যানন্দ কীর্তন কালে অপ্রকট হন। ওড়িয়ার যদি বৈষ্ণব নিখন হয় তাহলে ভয়ে বাঙ্গলার কীর্তন বন্ধ হবে কেন? গৌড় বাঙ্গালা তথন মূললমান অলতানদের শাসনভূক। উড়িয়ার তাতি এখানে থাকার কথা নর। তাছাড়া ডঃ দীনেশচক্র সেন মহাপ্রভুর হত্যা সম্পকিত কাহিনীর উল্লেখ করেন নি। তিনি স্বাভাবিক মৃত্যুর কথাই বলেছেন। (২) উড়িয়ার স্বার্ডরা মহাপ্রভুর প্রতি বিধিট হরেছিলেন, এ নিছক অন্থ্যান। তিরিহীন অন্থ্যানের উপর নির্ভর করে সভো উপনীত হওরা বার না। (৩) প্রতাপক্ষক্রের বৌদ্ধ বিদ্বেরের সঙ্গে প্রেমধর্মের প্রবন্ধা পতিতের লাভা পৌরচক্রের সম্পর্ক থাকা সন্ধ্ব নর। যহাপ্রভুর উড়িরা

ভক্তরা তাঁকে দ্বগন্ধাপের অবভার বলে গণ্য কর্তন, অনেকে বৃদ্ধ অবভার ও বংলছেন। স্বভরাং বৌদ্ধরা শ্রীতৈভক্তের উপর রুষ্ট হয়ে তাঁকে খুন করার বড়বন্ধে লপ্ত হবেন কেন ? বৌদ্ধরা বড়বন্ধে লিপ্ত হবে প্রভাপরুক্তের ক্রোধ বিধিত হওয়ার ক্যা। দ্বগন্ধাথ মন্দিরের পাণ্ডাবা অবশ্য মহাপ্রভুর প্রতি রুষ্ট হতে পারে। এও নিছক অহমান। প্রভাপরুদ্ধদেব দ্বীবিত থাকতে অহ্বচর বেষ্টিত তৈত্তদেবকে হভাা করার কাহিনী নিছক আজগুবি কল্পনা। শ্রীতিভগ্তের ভিরোভাবের পর ৫০ বংসর যাবং উড়িয়া ও বাঙ্গালায় কীর্তন গান বন্ধ হয়ে গেলে বোড়েশ শতান্ধীর শেষ ভাগে (১৫৮২ খ্রীঃ) থেতরীর মহোংসবে এত বিপুন সংখ্যক বৈষ্ণব-সমাগ্রম ও সাড়েছরে কীর্তন অহ্বান সম্ভব্পর হতো না।

- হ। ঐতিহাসিক রাথানদাস বন্দ্যোপাধ্যায় ও ড: হরেরক্ষ মহতাব উড়িছার সামরিক ত্র্বলতা ও বিষয়নগর রাজ্যের রুফ্টেশেব রায়ের হস্তে প্রভাপক্ষদেবের প্রাজ্যের কারণ হিদাবে রাজার তৈতন্যায়রজি ও প্রাতৈতন্যের প্রেমধর্মের কল বলে ঘোষণা করলেও এ অভিমত ঘথাথ নয়। এ বিষয়ে এই প্রস্থেষ শেষ অধ্যায়ে আলোচনা করা হয়েছে।
- ভ। মহাপ্রত্র মত সংসারবিবাগী আত্মভাবনগ্ন সন্থাসীর ক্ষেত্রে প্রতাপক্ষতের বাজকার্বে পরামর্শ দেওয়াও সম্ভব নয়। বিষয়ীর সংস্পর্শ তিনি সর্বপ্রয়ত্ত্বে এড়িয়ে চলতেন। প্রতাপক্ষতেও প্রীচৈতত্ত্যের অহরাগী হওয়া সন্থেও রাজকার্য পরিত্যাগ করেন নি। তিনি রাজকার্য পরিচালনার জন্ত কটকে বাস করতেন। এ বিষয়টও পরবর্তী অধ্যায়ে আলোচিত হয়েছে। গোবিন্দ বিভাধর দিব্যোয়াদ অবস্থায় কথনও অচেতন কথনও অর্ধচেতন সম্মাসীকে হত্যা করে সিংহাসন লাভের পয়া নির্ধারণ করলেন কি করে, তা বুদ্ধির অগম্য। মহাপ্রভুর তিরোধানের পরেও প্রতাপক্ষত্তেদের জীবিত ছিলেন এবং তাঁর আভাবিক মৃত্যুই হয়েছিল। প্রতাপক্ষত্তের মৃত্যুর পরে তাঁর অপদার্থ প্রতারের আমলে উড়িয়ার সিংহাসন নিম্নে বড়মন্ত্র ঘনীভূত হয়েছিল। কবি-কর্ণপ্রের বক্তব্য যদি বিখাস্য হয় তবে মহাপ্রভুর তিরোধানের পর প্রতাপক্ষত্ত প্রত্যাপক্ষত্ত বিরোধানের পর প্রতাপক্ষত্ত বিরোধানের পর প্রতাপক্ষত্ত প্রত্যাপক্ষত্ত বিরোধানের পর প্রতাপক্ষত্ত বিরোধান্র পরাজরের অন্ত মহাপ্রভুর কিলোকানার করেছিলেন। প্রতাপক্ষত্তের বিরোধ্যরের পরাজরের অন্ত মহাপ্রভুর কোনপ্রকারেই দায়ী ছিলেন না।

আহৈতের ভর্জার মহাপ্রভূব বিক্লছে বড়যত্তের ইকিত ছিল, এ কথা কি প্রাফ্ হতে পারে ? অহৈভ প্রেরিত ইেরালিতে প্রীচৈতঞ্জের কার্যকাল শেব হওরার ইন্ধিত ছিল বলে সাধারণতঃ ব্যাখ্যা করা হয়। তাঁর প্রবর্তিত প্রেমধর্ম দেশের লোক প্রহণ করছে না, এরুণ ব্যাখ্যাও আছে। আবার নিত্যানন্দ প্রভূ গোছে মহাপ্রভূ-আচরিত পদ্ম পরিহার করে স্বাধীনভাবে বিচরণ করতেন বলে নিত্যানন্দের ক্রিয়াকলাপ সম্পর্কে শ্রীচৈতন্তকে অবহিত করা অবৈতের উদ্দেশ্ত বলে কোন কোন পণ্ডিত ব্যাখ্যা করেছেন। নবৰীপে-শান্তিপুরে অবস্থান করে উডিয়্রায় গোবিন্দ বিদ্যাধর ও পুরীর পাণ্ডা স্বার্ত পণ্ডিত এবং বৌদ্ধদের চৈতন্তক্ত হত্যার সম্মিলিত চক্রান্ত সহদ্ধে সংবাদ জানা ও পুরীতে মহাপ্রভূকে সাবধান করে দেওয়া কিভাবে সম্ভব ? বড়বন্ধের কথা নবদাপ-শান্তিপুরে ঘদি পৌছে থাকে তবে প্রতাপরুদ্ধদেব এবং উড়িয়্রায় স্থিত শ্রীচৈতন্তের ভক্তবৃন্দের পক্ষেই সর্বার্থে অবগত হওয়া স্বাভাবিক ছিল।

৭। বৈষ্ণবচরণ দাসের চক্ডা কোন্ সময়ে লেখা আমাদের জানা নেই।
এই প্রন্থের যদি কোন প্রামাণিকতা থাকেও তাহলেও বৈষ্ণব চরণের বন্ধবা
প্রায় হতে পারে না। মহাপ্রভুকে খুন করার পরেই প্রবল প্রতাপাধিত
উড়িন্তাধিপতি তাঁর মরদেহ সমাহিত করার আদেশ দিয়েই দারুণ আসে পুরী
ছেড়ে বিড়ানেসী বা কটকে পলারন করলেন তাঁর একান্ধ প্রজাজনন
শ্রীচৈতন্তের হত্যাকারী বা সিংহাসনের জন্ত বড়বছকারীদের অন্ধ্যন্ধান না করে,
এ কাহিনী কেমন করে বিশাস্ত মনে হবে? ডঃ বিমান বিহারী মন্ধ্যদার
কৈতন্তুচরিতের উপাদান প্রন্থেও ডঃ প্রভাত মুখোপাধ্যায় শ্রীচৈতন্ত্রাইক প্রশ্বে
মহাপ্রভুর উড়িয়া ভক্তদের যে তালিকা দিয়েছেন তাতে বৈশ্বন চরণ দাসের
নাম উল্লিখিত নেই। উড়িয়া ভক্তগণ শ্রীচৈতন্তের অলোকিক ভিরোভাবের
কথাই উল্লেখ করেছেন।

৮। মহাপ্রত্ব তিরোধানের পরে শচীদেবীর মৃত্যু হয়েছিল, পূর্বে নর।
জ্বানন্দ লিখেছেন যে প্রীচৈতজ্বের দেহাত্যয়ের সংবাদ প্রবণ করে শচীদেবী
মৃদ্ভিত হয়ে পড়েছিলেন। লোকনাথ দাসের 'নীতা চয়িত্র' অহুসারে মহাপ্রত্রু
তিরোধান বার্তা স্বরূপ দামোদর নববীপে শচীদেবী ও শান্তিপুরে অবৈত প্রভূব নিকট প্রেরণ করেছিলেন। স্তরাং রথযাত্রা উপলক্ষ্যে সমাগত গৌড়ীর বৈক্ষবদের মুখে শচীদেবীর মর্যান্তিক মৃত্যু সংবাদ প্রবণে মহাপ্রত্রুক্ত জীবন সম্পর্কে বীভয়াগ হওয়াটা নিতান্তই অবান্তব। স্বার অসক্ষ্যে গোশীনাথে শশান্ত্র আরপ্ত অবান্তব। টোটা গোপীনাথে গিরে জটাজুট্ধারী সন্ন্যাসীর ছদ্মবেশ ধারণ করে ঘোলা ছবলী প্রামে মহাপ্রতুর জাজগোপনের কাহিনী শুধু জবাজবই নর,— চৈভজ্ঞ-চরিজের বিরোধী এবং শ্রীচৈতক্তের চরিজমহিমার পক্ষে জসমানজনক। যিনি জগাই, মাধাই, নরোজী দহ্য, পাঠান বিজলী থার মত ব্যক্তিদের নির্ভয়ে সমুখীন হয়ে তাদের চরিজের আমৃল পরিবর্তন সাধন করেছিলেন, যিনি নির্ভীকভাবে প্রবল প্রতাপান্থিত মুসলমান শাসকের শাসন উপেক্ষা করে কাজীকে শাসন করেছিলেন, যিনি জন্মায়ের কাছে মাধা নত করেন নি কথন ও — যিনি তৃপের মত দীন অথচ তক্রর মত সহিষ্ণু,— তার পক্ষে কিছু সংখ্যক লোকের বড়যন্ত্রের অথবা প্রাণনাশের ভয়ে ছদ্মবেশে পলায়ন করে প্রাণ বাঁচানোর গল্পকাহিনী কোন প্রকারেই বিখাস্য নয়।

- >। রাজমহেন্দ্রী থেকে রায় রামানন্দ পত্র মারকতে মহাপ্রভৃকে ছন্মবেশী উৎকলীয় ভক্তদের সম্বন্ধ সাবধান করে দিয়েছিলেন বলে উল্লেখ করা হয়েছে।
 এ সম্পর্কে কোন গ্রন্থে ইক্সিডমাত্র পাওয়া যায় না। উৎকলীয় ভক্তবৃদ্ধ
 সকলেই বিদ্যাধরের চর হতে পারে না। যদিই বা রামানন্দ কয়েকজন
 ভক্তবেশী চয়ের সম্পর্কে সাবধান বাণী উচ্চারণ করে থাকেন, তাহলে তথায়া
 কি প্রপ্রহত্যা প্রমাণিত হয় ?
- ১০। মহাপ্রভুর ভিরোধানের পরে ভাঁর অনেক ভক্তের বলরীরে অন্তর্ধানের ব্যাপারটি বেমন আক্ষরিক অর্থে গ্রহণ করা চলে না, ভেমনি ভক্তদের নির্বিচারে হত্যা করা হয়েছিল, এমন অর্থ করাই বা যার কি ভাবে ? কোন কোন ভক্ত প্রভুর বিরহ সন্থ করতে না পেরে হয়ত অল্পকালের মধ্যে দেহত্যাগ করেছিলেন। ভক্তি রত্মাকর অন্তর্পারে প্রীনিবাস আচার্ধ মহাপ্রভুর তিরোধানের কিছুকাল পরেই নীলাচলে এসে গদাধর, বাস্থানের নার্বভৌম, রার রামানক্ষ, বক্তেশ্বর পণ্ডিত, পরমানক্ষ প্রী, শিশি মাছিতি মাধবী দাসী, কানাই প্রিয়া, বাণীনাথ পট্টনায়ক, গোবিক্ষ, শংকর, গোপীনাথ আচার্য প্রমুথ হৈতক্ত পরিকর ও ভক্তগণের সাক্ষাৎ লাভ করেছিলেন।

ঝী: বোড়াশ শতকের শেষভাগে খেডবির মহোৎসবের আগে নরোন্তম শাস ঠাকুরও নীগাচলে গিরে মহাপ্রভূর পরিকরণের অনেকের সাক্ষাৎ <পরেছিলেন। নীলাচলে যে ছিলেন প্রভূ প্রিন্ন গণ। সে সবে শুনিলা নয়োন্তমের গমন॥

ভক্তি বছাকবের মতে গোপীনাথ আচার্য, শিথি মাহিতি, মামু গোস্থানী. গোপালগুরু, জগরাথ দাস প্রভৃতি চৈতক্ত পরিকরম্বন্দের সঙ্গে নরোন্তমের সাক্ষাৎ হরেছিল। নরোন্তম বিলাদের মতে নরোন্তমের সাক্ষাৎ হরেছিল গোপীনাথ আচার্য, শিথি মাহিতি, বাণীনাথ পট্টনায়ক, কানাঞি খুঁটিয়া, মামু গোস্থামী প্রভৃতির সঙ্গে। ওওতরির মহোৎসবে বৈশ্বব ভক্তদের যে ভাবে সমাবেশ হয়েছিল ভাতে প্রীচৈতক্তের অপ্রকটের পরে উড়িয়্রায় বৈশ্বব হনন হয়েছিল, এ কথা বিশ্বাস করা সম্ভব নয়। থেতরির উৎসবেও উৎকল থেকে ভক্তগণ এসেছিলেন—

রসিক ম্রারি আদি ভক্ত সঙ্গে করি।
উৎকল হইতে খ্যামানন্দ আইল থেতরি।
স্থতরাং চৈতক্সভক্তদের হত্যার কাহিনীটি সম্পূর্ণ অলীক।

১১। মহাত্মা শিশিরকুমার ঘোষ উদ্ধিথিত স্বরূপ দামোদরের হাদর কেটে প্রাণ বাহির হওয়ার গল্প সম্ভবতঃ ভিত্তিহান। কারণ লোকনাথ দাদের সীভা চরিত্র অপ্রসারে স্বরূপ মহাপ্রভুর অপ্রকট সংবাদ নববীপ ও শান্তিপুরে প্রেরণ করেছিলেন। নববীপ চন্দ্র গোস্বামী রচিত বৈষ্ণবাচার দর্পণ নামক প্রায়ে এই ঘটনার উল্লেখ আছে (পৃ: ৭৭)। রঘুনাথ দাস গোস্বামীর মুকা চরিতের ১র্থ ক্লোক থেকে ডঃ স্থশীল কুমার দে অসুমান করেন যে স্বরূপ জীবনের শেষ দিনগুলি বুলাবনে অভিবাহিত করেছেন।

"ৰদর কেটে প্রাণ বেরিয়ে গেল" বা "বুক কেটে প্রাণ বেরিয়ে গেল' বাকাটি বালালার একটি বিশিষ্ট বাগ্ধারা। আক্রিক অর্থে কথাটি কেউ প্রহণ করে না। ছুরিকাঘাতে বক্ষংছলে গহরর স্টে করাও এই কথার বোঝার না। গভীর হৃঃথ শোক পাওয়া বোঝাতে বাকাটি ব্যবহার করা হয়। অরপ দামোদরের বুকে ছুরি মেরে বুক কাটিয়ে দেওয়া হয়েছিল, এ রকম অর্থ নিতাশ্ভই হাক্সকর।

শতএব প্রীচৈতপ্তকেও তার ভক্তদের হত্যা করার কাহিনী কোন প্রকারেই প্রতিষ্ঠিত হতে পারে না। ডঃ জয়দেব মুখোপাধ্যার প্রকৃতপক্ষে

> छ. त्र. भारक> २ म. वि. वर्ष वि. ७ दश्यमविनाम-->» वि.

রহত উপস্থাস বচনা করতে প্রয়াসী হরেছেন। তিনি শ্রীচৈতন্তের অপ্রকট--রহত উদ্যাটনে অপ্রসর হলেও মহাপ্রভূকে যে যথার্থই হত্যা করা হরেছিল এবং তাঁকে খুন করা হলে কোথায় কিভাবে হরেছিল, তা কিছুই প্রতিষ্ঠিত করতে পারেন নি।

জন্মানন্দ মহাপ্রভূব তিবোভাব সম্পর্কে আর একটি থবর দিয়েছেন। তাঁর মতে রথযাজার দিন ভাবোন্মত্ত অবস্থায় নৃত্যকালে পায়ে ইটে আঘাত লাগার ছয় সাতদিন পরে অসহ্ছ বেদনায় মহাপ্রভূব টোটায় শ্যাগ্রহণ করেন এবং আযাঢ়ের শুক্লা সপ্তমীতে তিনি মায়া শরীর ভ্যাগ করে বৈকুঠে চলে যান।

আষাত বঞ্চিতা রথ বিজয় নাচিতে। ইটাল বাজিল নাম পায় আচম্বিতে। অবৈত চলিলা প্রাতঃকালে গৌড়দেশে।

চরণে বেদনা বড় ষষ্টি দিবসে।
সেই লক্ষে টোটা এ শয়ন অবশেষে॥
মায়া শরীর থাকিল ভূমে পড়ি।
চৈতক্ত বৈকুঠ গেলা অমুখীপ ছাড়ি॥

জগন্ধাথের রথযাত্রা উপলক্ষ্যে বহু জনসমাগমকালে গে। অর্থ প্রভৃতি জীবজন্তর পূরীবাকীর্ণ দূর্যিতধূলি সমাচ্চন্ন পথে হোচটু লেগে রক্তপাত হলে সেপটিক্ জরে বা ধরুইক্ষারে মৃত্যু অসম্ভব ব্যাপার নয়। জয়ানন্দ স্পাইতাবেই জানিয়েছেন যে মায়া শরীর পড়ে রইলো মর্ডে—টোটায়। জয়ানন্দ আয়াঢ়ের ভক্লা সপ্রমীতে রাত্রিকালে মহাক্রভুর টোটায় মৃত্যুর কথা স্পষ্টভাবেই ছোষণা করেছেন।

নীলাচলে নিশাএ চৈতক্ত টোটাপ্রমে। বৈকুণ্ঠ যাইতে নিৰেদিল একাক্রমে।

ভঃ দীনেশচন্দ্র সেন জন্নানন্দের বক্তব্যকেই যথার্থ বলে মনে করেছেন।
শচী দেবী অবৈত ও নিত্যানন্দকে বারংবার জন্মরোধ করেছিলেন, ভাবমন্ন
নৃত্যরত নিমাইকে পতন-জনিত আখাত থেকে রক্ষা করতে। কথনও বা তিনি
নারারণের কাছে নিমাইকে বক্ষা করার বর চাইতেন। ভঃ সেন বলেন শচীমাতার

১ हे. व. केस्वर्->8१, ३८१, ३८३ २ क्टर्वर->४∙

সেই আশংকা কলে গিরেছিল। বর্ণধাত্তার সময়ে মহাপ্রভু প্রাভাহিক রীতি অহসারে গুণ্ডিচার বা গুঞাবাড়ীতে খেতেন। স্কতরাং পারে ক্ষত জনিত অফ্রডাকালে গুঞাবাড়ীতে তাঁর মহাপ্রয়াণ অসম্ভব নয়। কেউ কেউ মনেকরেন যে তাঁর মরদেহ গোপনে টোটা গোপীনাথের মন্দিরে সমাধিত্ব করে হয়। সেকালে টোটা গোপীনাথের বা জগরাথের বিগ্রহে লীন হওয়ার কাহিনী প্রচার করা হয়। সেকালে টোটা গোপীনাথের মাটির কুঁড়েবব ছিল। এই মন্দিরেরই চম্বরের ক্ষিণে ইয়াকার মন্দিরটি মহাপ্রভুর অস্তর্ক গদাধ্যের সমাধি বলে ক্ষিণজীতে পরিচিত। টোটা গোপীনাথের প্রস্তরময় মন্দির নির্মাণকালে কোন করিন ক্রেয়ে ভিত্তি থনন বাধাপ্রাপ্ত হয়েছিল।

শ্রীচৈতন্তের মবদেহ যেখানেই সমাধিশ্ব করা হোক না কেন, তাঁর দেহত্যাগের যে বিবরণ জয়ানন্দ দিয়েছেন, তাকে অবিশাস করার কোন হেত্
পাওয়া যায় না। অন্ত কোন গ্রন্থে যথন অন্য কোন বিবরণ বা ইঙ্গিত নেই,
তথন জয়ানন্দের স্বস্পষ্ট উল্লেখ সন্তেও নিছক অহমান বা কিছদন্তীর উপরে নির্ভর
করাব কোন যুক্তি নেই। জয়ানন্দ ছিলেন শ্রীচৈতন্যের ভক্ত এবং শ্রীচৈতন্যেব
অক্তরঙ্গ ভক্ত পার্বদ গদাধরেব শিশু। তিনি কাব্যমধ্যে চৈতন্যদেব ও গদাধরের
চরণ বন্ধনা করেছেন বারংবাব। আদিখণ্ডে তিনি বৈকুণ্ঠ থেকে বিকৃত্র
শ্রীচৈতন্যরূপে মর্ভাবতার কাহিনী বর্ণনা করেছেন ক্রক্ষ-অবতার কাহিনীর সাদৃশ্রে।
এমতাবস্থায় জয়ানন্দ মিধ্যা কথা কেন লিখবেন শ্রীচৈতন্যের তিরোভাবের
অনোক্ষিক কাহিনীর বর্তমানতা সন্তেও ? জয়ানন্দ নিশ্চয়ই চৈতন্য-তিরোভাবের
ঘটনাক্ষে মহাপ্রপ্রত্ব অবভারস্ক্রানিকর বলে মনে করেন নি।

মাতৃগর্ভ থেকে যে পাঞ্চতোতিক দেহ ভূমিষ্ঠ হয়, তার স্বাভাবিক বিনাশ আছেই। প্রীচৈতনার মত অলোকিক গুণসম্পন্ন মহামানবের দেহের মৃত্যু স্বাভাবিক রীতিতে বর্ণিত হলে কি তাঁর অমরত ক্ষা হোতা । মহাভারত-কর্ণার ভগবান্ প্রীক্ষের জরা ব্যাধের শ্রাঘাতে মৃত্যু বা রামচক্ষের সরব্র জলে আত্ম-বিসর্জনের কাহিনী বর্ণনা করতে কৃষ্টিত হন নি মহাভারত-রামান্তবে মহাকবিষয়। মানবদেহের স্বাভাবিক অবসানের জন্য ভগবান্ রামচক্ষ বা বীক্ষের মহিমা কিছু মাত্র ক্ষা হয় নি। মৃগাবভার পরমপুক্র প্রীরামকৃষ্ট

> वृक्षण-क. वि. २७४२--गृ: ७१>

२ हेज्हिरातत बैटिडण-चम्ना रात-नुः ১৯৮

পরসহংসাদেবের গলার ক্যানসার রোগে মৃত্যু তাঁর মহিমা কিছু মাত্র করে নি । স্কুডরাং প্রীচৈডন্যের স্বাভাবিক মৃত্যু বর্ণনা তাঁর লোকোত্তর মহিমাকে কিছুমাত্র ধর্ব করতো না নিঃসন্দেহে।

প্রাক্তঃ একটি কৌতুককর বিষয়ের অবতারণা করছি। বৈশ্বব সাধক, মহাজন এবং চৈতনাভক্তদেরও প্রীচৈতন্যের মত অলৌকিক প্রয়াণ বর্ণনা করা বৈশ্ববীর প্রহকারদের একটা রোগ বিশেষ। গৌরাঙ্গ প্রিয়া বিশ্বপ্রিয়াও মহাপ্রত্ব দাকবিগ্রহে লীন হয়েছিলেন বলে কিম্বন্তবী আছে। সাধিকা বিশ্ব-প্রিয়াকে দেববালীর বারা মহাপ্রভু বলেছিলেন,—

প্রিয়তমে বিষ্ণুপ্রিয়ে ! বান্ধমূহুর্তে আজি দাক্ষ্তে লীন। হবে তুমি মোর অঙ্গে, (নহি) তুমি আমি ভিন্।

ভারপর প্রভাতে অকশাৎ শচীর অভিনা ঘন অন্ধকারে আচ্ছর হয়ে গেল দ সকলের কাছ থেকে বিদায় নিয়ে প্রেরাজী গৌরাক বিপ্রাকে দীন হয়ে গেলেন

> প্রবেশিলা বিষ্ণুপ্রিয়া মন্দিরাভ্যস্করে। পড়িল কবাট তবে অতি ধীরে ধীরে॥ ব্রাহ্ম মৃহুর্তে প্রভুর জন্মদিনে। দাক্ষয়র্তে লীন দেবী হইলা আপনে॥

মহাপ্রভুর ঘনিষ্ঠ সহযোগী নিত্যানন্দের অপ্রকটণ্ড বর্ণিত হয়েছে অস্থ্যপ পছাভিতে। প্রীটেতনোর অপ্রকটের ছুই বৎসর পরে (প্রেমবিলাসের মতে) একদিন কীর্ত্তন নর্ভনকালে খড়দহে খগৃহে নিত্যানন্দপ্রভু সকলের অগোচরে। চলে গেলেন।

অলক্ষ্যেতে নিত্যানন্দ অন্তর্ধান হৈলা।
বাহুক্তি পাই বত মহান্তের গণ।
নিত্যানন্দে না দেখিয়া করে অধ্যেষণ।
দর্বতত্ত্বভাতা প্রভু অবৈত ইশর।
বৃষিণা শ্রীনিত্যানন্দ হৈলা অধ্যেচর ॥

১ গৌরবীপিকা-হরিদান গোখামী কৃত গভীরার বিভূপিরা এবের ৪৪৮ পুঠার উদ্ভ ৮

२ वर्षि श्नताबकुरु विकृतिका नकम--वे गृः १६० 💎 चा दाः २२ चा---गृः २६४.

নিত্যানন্দের অপ্রকট সহছে বৃন্দাবন দাসের নামে প্রচলিত নিত্যানন্দ বংশ বিস্তার নামক গ্রন্থে আর একপ্রকার কাছিনা লিখিত আছে। প্রীচৈতক্তের অপ্রকটের পরে একদিন খড়দহে অবৈত, গৌরীদাস প্রভৃতির সঙ্গে গৌরাদ-গুণকীর্তন করতে করতে নিত্যানন্দ হঠাৎ শ্রামস্থলরের মন্দিরে প্রবেশ করে শ্রামস্থলরের বিগ্রহকে আলিক্সন করে বিলীন হয়ে গেলেন।

> কে বৃঝিতে পারে নিভ্যানন্দের প্রভাব। মন্দিরে প্রবেশ করি কৈল ভিরোভাব॥

উক্ত প্রস্থে আর এক অন্তুত ঘটনার বিবরণ আছে। খ্যামস্করের বিপ্রথে লীন হওরার পর নিত্যানন্দ পত্নীছয় বস্থা ও জাহ্নবাকে সঙ্গে নিয়ে জন্মভূমি একচাকা প্রাথম গিয়ে বন্ধিমচন্দ্র বা রুঞ্চের দেহে পুনরায় লীন হয়েছিলেন।

> তথা হৈতে এক চাকা করিল গমন। বহ্মি দেবেরে গিয়া করে দরশন॥ কত দিন বহ্মিদেবেরে দেখি তথা। বহ্মিদেবে অন্তর্ধান হইল সেথা॥

অফুব্রণ ভাবেই নিত্যানন্দ বংশবিস্তার ও রাজবল্পত গোস্বামীকত মূরলীবিলাস গ্রাহে আছবাদেবী বৃন্দাবনে গমন করে ব্রজের কাম্যবনে গোপীনাথের বিগ্রহে লীন হরে গিয়েছিলেন। শ্রীটেভন্তের প্রধান প্রধান পরিকরগণের অনেকেই এইভাবে স্বশরীরে অন্তর্হিত হয়েছেন। অবৈতপ্রকাশ অফুসারে অবৈত আচার্হ গৌরনাম কীর্তন করতে করতে মদনগোপালের মন্দিরমধ্যে অদুষ্ঠ হয়েছিলেন —

> হঠাৎ মদন গোপালের শ্রীমন্দিরে পেলা। প্রাকৃত জনের প্রভু অগোচর হৈলা। প্রভু চাহি ভক্তগণ ইতি উতি ধার। তানে নাহি পাঞা কান্দি ধূলায় লোটার।

গদাধর গোখামী বৃন্ধাবনে বসে মহাপ্রাভুর বিরহে ক্ষীণতম্ হরে অক্ষাৎ একছিন বিলীন হয়ে গেলেন। সামু গোসাঞি নরোন্তমদাসকে বলেছিলেন — অগ্নিশিধা প্রায় দীর্ঘ নিঃখাস সম্বনে। অক্ষাৎ সন্ধোপন হইলা এইখানে। বিষ্ণু প্রিয়ার অপ্রকটের পর গদাধর দাস কার্তিক মাসের ক্লাইনীতে অদৃত্ত হরে যান।

ক্রমে অতি কীণ হৈলা দাস গদাধর।
অন্ধদিন মধ্যে হৈলা পৃথি অগোচর।।
কাতিকের রুফাষ্টনী দিনে গুপ্ত হৈলা।
নরহরি সরকার ঠাকুরও এইভাবে সকলের অগোচর হরেছিলেন।
এইরূপে নরহরি শোকেতে কাতর।
একদিন হৈলা স্বার নেত্র অগোচর।
অগ্রহায়ণের রুফা একাদশী দিনে।
সক্ষোপন দেখি সবে করয়ে ক্রুলনে॥
১

নবোত্তম দাস ঠাকুরের মৃত্যু কাহিনা আরও অঙ্ত। নরোত্তম তেলিরা বৃধ্রী প্রাম থেকে গান্তীলে গেলেন, দেখানে গঙ্গান্তান করে গঙ্গান্তলে বংসে ছই অন্তর রামকৃষ্ণ ও গঙ্গানারায়ণকে বঙ্গানেন,—মোর অঙ্গ মার্জন করছ ছই জনে। তারপরের ঘটনা আরও অঙ্ত। তুজনে নরোত্তমের দেহ শর্প করার সঙ্গে সঙ্গে নরোত্তমের দেহ তুধ হয়ে গঙ্গার জলে মিশে গেল।

দোঁহে কিবা মার্জনা করিব পরশিতে। তথ্য প্রায় মিশাইল গলার জলেতে।

এই সকল বিবরণ থেকে দেখা যায় যে অনেক বৈষ্ণব সাধুসম্বের মানবলীলা সম্বরণ তাঁদের অলোকিক মহিমা ধর্ব হওরার আশংকাতেই অস্বাভাবিক ভাবে বর্ণিত হয়েছে। এ থেকে নিশ্চয়ই সিদ্ধান্ত করা যায় যে প্রীচৈতন্তের মরশেহ টোটাতে বা জগন্নাথ মন্দিবের নিকটবর্তী কোখাও সমাহিত করা হয়েছিল এবং তাঁর ঐশবিক মহিমা প্রকট করার উদ্দেশ্রেই অলোকিক কাহিনী প্রচার করা হয়েছে।

সপ্তদশ স্বায় শ্রীচৈতন্য চরিত্র

সহাপ্রস্থা শ্রীচৈতন্তের চরিত্র মহিমা হাজার হাজার নর নারীকে তাঁর চরণতলে আকর্ষণ করে এনেছিল। তাঁর দিব্য আকৃতি প্রথম দর্শনেই উচ্চ নীচ নির্বিশেষে মাহ্যকে আকর্ষণ করতো। তাঁর চরিতকারগণ ও ভক্তবৃন্দ সকলেই তাঁর অনিক্ষাকান্তির উল্লেখ করেছেন। দিবাকান্তি স্থবৰ্ণ বর্ণ, আজাহলন্ধিত ভুজ, দীর্ঘ দেহ, উন্লেড নাসা,

বিশ্বত বক্ষ অনেককেই মৃথ্য করেছে। মুবারির কড়চার বাহ্মদেব দার্বভৌষ ধথক সন্ত্রাসী শ্রীচৈতক্তকে দেখলেন তথনকার তাঁর রূপের বর্ণনাঃ

অতথকাঞ্চনাভাসং মেকশৃত্ব মিবাপরম।
রাকাস্থাকরাকারম্থং জলজলোচনম্॥
স্বনসং কস্কগাঢাং মহোরস্কং মহাভূজম্।
বন্ধ্ব্রারক্তদভাচন মনোহরম্॥
কুলাভদভামতাত চক্রবামিভিতশিতম্।
আজাস্প্রিতভূজং বিলসংপাদপক্ষম্।
কৃষ্পপ্রেমাজ্জনং শশুং পুলকাঞ্চিতবিগ্রহম্।
কৃষ্পেরারতপদবন্ধং দুষ্টাদৌ বিশ্বিতোহভবং॥

— অপব একটি মেরপর্বতের শৃক্ষের মত তপ্তকাঞ্চনের বর্গ, পূর্ণিমার চন্দ্রমাতুল্য মৃথমণ্ডল, বেঘনদৃশ চক্ষ্বিশিষ্ট, স্থলর নাসিকা বিশিষ্ট, শথ্যকুল্য কণ্ঠ
শোভিত, বিশালবক্ষঃসমন্থিত, মহাবাহ, বন্ধুকুকুস্মতুল্য রক্তবর্গ গুঠাধরে
মনোহর, কুম্ফুক্সতুল্য শুল্লন্ধ শোভিত, চন্দ্রকিরণজ্বরী মৃত্হাস্ত শোভিত,
আলাহালন্ধিত ভূলবের বিশিষ্ট, প্রানদৃশ পাদশোভিত, কুক্সপ্রোমে কান্ধিমর,
কুক্সপ্রোমজনিত পূলকে রোমাঞ্চিত দেহ, কুর্মের মত উন্নত প্রবন্ধ বিশিষ্ট
চৈতক্সচন্দ্রকে দেখে বিশিষ্ট হরেছিলেন (বাস্থ্রের সার্বত্যেম)।

क्रम भाषात्री निर्धाहन-

বিশালবক্ষে। দীৰ্ঘাৰ্যলয় খেলাছিত ভূজ:। - বিশাল বক্ষ ও দীৰ্ঘ কৰ্মলবন্ধ নদুশ বাহৰন্ন বিশিষ্ট।

> ₹. **₹.**—0|>>|१-:•

প্রবোধানন্দ সর্বতী মহাপ্রভুর রূপ বর্ণনা করে লিখেছেন—
উচ্চৈরাক্ষালরত্তং করচরণমহো হেমদওপ্রকার্তো
বাহু প্রোদ্ধত্য সভাওবভরলতহুং পুঞ্জরীকারভাক্ষম।
বিশন্যামকলম্বং কিম্পি হরিহরীভূারাকানন্দনাদৈবিশ্বে তং দেবচুড়াম্পিমভূলরসাবিইটেডজ্ঞচন্ত্রম্॥

—নৃত্যাবেশে কর ও চরণকে যিনি উপের উৎক্ষিপ্ত করছেন, যাঁর প্রকাও অর্ণদণ্ডের মত বাহুদর, নৃত্যদারা চঞ্চল দেহ, পল্লপর্ণ সদৃশ আরভ চন্দ্র, বিশের অমঙ্গল নাশী হরি হবি এই ধ্বনি যিনি আনন্দে উন্নত হয়ে উচ্চারণ করছেন, সেই দেবচুডামণি অতুল রসাবিষ্ট চৈড ক্লচক্রকে ৰক্ষ্ণাকরি।

কবিরাজ গোখামীর বর্ণনায়-

প্রকাণ্ড শরীর গুদ্ধ কাঞ্চন বরণ। আজাহুলম্বিত ভূজ কমল নরন।

वृक्षायन हान श्राप्त वर्गना :

চাঁচর চিকুরে শোভে মালতীর মালা।
মধ্র মধ্র হানে জিনি সর্বকলা।
ললাটে চন্দন শোভে কাপ্তবিন্দনন।
বাছ তুলি হরি বোলে শ্রীচন্দ্রবদনে।
আজাঞ্চাহিতমালা সর্ব অক দোলে।
সর্ব অক ডিডে পল্প নয়নেয় জলে।
ছুই মহাত্তক যেন কনকের গুল।
প্রক্র শোভরে যেন কনক কছন।
স্বাহ্ন অধর অভি ফ্লের দর্শন।
ইভিম্নে শোভা করে শুরুরপান্তন।
সঞ্চেন্দ্র জিনিঞা করে শুরুর ফ্লীন।
ভবি শোভে ভক্লয়ক্তম্ব অভি কীণ।

[·] COMB SELECTION ..

२ देह. इ. म्या->१ नहि

চরণারবিন্দরমা তৃলসীর স্থান।
পরম নির্মল ক্ষম বাস পরিধান।
উন্ধত নাসিকা সিংহগ্রীব মনোহর।
সভা হইতে স্থপীত স্থদীর্ঘ কলেবর।

এই খনন্তসাধারণ দেবোপম কান্তি এবং খনিত ব্যক্তিত্ব উচ্চ নীচ নারাপুরুষ নির্বিশেষে খনংখ্য মাহুষকে খারুর্বণ করে এনেছিল। শ্রীগৌরাঙ্গের
দেবহর্গত কান্তির সঙ্গে সমিলিত হয়েছিল তার অসাধারণ ব্যক্তিত্ব। এই
ব্যক্তিত্বই তাঁকে সর্বজনের শ্রন্থার খাসনে প্রতিষ্ঠিত করতে সহায়তা
করেছিল। চরিতগ্রন্থগুলিতে গৌরচন্দ্রের মানবিক সন্তাকে উপেকা করে
তাঁর ভাগবত সন্তার উপরেই অধিকতর গুরুত্ব খারোপ করা হয়েছে, তথাপি
মানবিক রূপটি একেবারে আচ্চাদিত হয়ে যায় নি। বিশেষতঃ চৈতন্ত
ভাগবতে প্রাক্-সন্তাস জীবনের বিবরণে শ্রীচৈতন্তের মাহুনী মূর্তি স্থ্রতিষ্ঠিত।

বাল্যের ছুরস্ক বালক নিমাই ছুরস্কপনার যেমন সাধারণ বালকদের
অভিক্রম করেছিলেন, তেমনি অনস্তসাধারণ প্রতিভাব পরিচর দিরে
নববীপের তৎকালীন ছাত্র ও অধ্যাপক্ষবর্গকে বিশ্বিত
গ্রিভা
করেছিলেন। মাত্র বোল বৎসর বয়সে তিনি বহুশাগ্রদশী
হয়ে ব্যাক্রণের টীকা রচনা করে অধ্যাপনার প্রবৃত্ত হয়ে বিপুল যশের
অধিকারী হয়েছিলেন। গয়া থেকে প্রভাগেমনের পরে ক্লফপ্রেমে মাডোযারা
নিমাই পণ্ডিত যথন নতুনরূপে আত্মপ্রকাশ করলেন তথন তাঁর অসাধারণ

রূপ ও ব্যক্তিত্ব তাঁকে উৎপীড়িত বৈক্ষৰ-সমাজের সহজ স্বাভাবিক নেতৃত্ব দিয়েছিল। এই নেতৃত্ব গ্রহণের জন্তেই তাঁর নব-স্বাধির্তাব।

বাগ্যকাল থেকেই অসাধারণ নির্তীক ছিলেন বিশ্বস্থ । তার নির্তীকতার প্রমাণ তার জীবনীগ্রন্থে বাল্যলীলার ভূবি ভূবি ছ্ডানো। এই উন্নতশির নির্তীক পুরুষটি অক্তার অত্যাচারের বিহুদ্ধে একাই বাধা ভূলে দাড়াতেন। তার নেতৃত্ব

বিনাম-কীর্তনের পভাকাতলে সমবেত হয়েছিল অগনিত নরনারী। অগাই-মাধাই নারোজীর মত পাষ্থই তথু নর, মত্যাচারী শাসকশ্রেণীভূক্ত কাজিকেও মাধা নত করতে হয়েছিল। এমনিই ছিল ভার ব্যক্তিবের মহিমা।

১ টৈ. ছা. মণ্য—২০ অ:

বক্সাদিপি কঠোর অথচ কুষ্মাদিপি মৃত্ লোকোত্তর চরিত্রবিশিষ্ট এই পুরুষটির অন্ত:করণ ছিল পরত্ঃথকাতর—কাবের তুঃথে সদাই বিগলিত। দীন দরিত্র শিল্পনীবী মান্থবের ঘরে ঘরে উপছিত হল্পে তিনি তাদের জীবে দল্লা স্থতঃথের অংশতাক্ হতেন। গোপ, তত্তবায়, গত্তবিকি, মালাকার, তাত্বলি, শত্তবিকি প্রভৃতি বিভিন্ন বৃত্তিধারী মান্থবের গৃহে উপনীত হয়ে, দরিত্রের দীন উপহার সানন্দে গ্রহণ করে তাদের আপ্যায়িত করেছিলেন, থোলাবেচা প্রীধরের ফুটো লোহার বাটিতে জলপান করে দরিত্রের মর্বাদা তুদে ছাপন করেছিলেন। দীনহীন পতিতের তুঃথমোচনের উদ্দেশ্রেই তিনি বাৎসল্যমন্ত্রী জননী ও প্রেমমন্ত্রী-স্কলরী যুবতী পত্নীকে তুঃথলাগরে ভাসিয়ে সন্থাস্থত্ব ক্রেছিলেন। দীনতঃখীর জন্ত তাঁর ত্রুংথর অন্ত ছিল না।

গৃহাশ্রমে অবস্থানকালে ও লক্ষ্মী পরিণয়ের পরে দীনদরিজের ছঃখ মোচনের জন্ম তিনি যথাসাধা দান করতেন।

> ছ:খিতেরে নিরবধি দেন পুরস্কার । ছ:খিত দেখিলে প্রভূ বড় দরা করি। অন্ন বন্ধ কড়িপাতি দেন গৌরহরি ॥

অতিথি সর্রাদী আর্ডন্সন স্বগৃহে এলে গৌরচন্দ্র তাদের অরাদি প্রদান করে তৃপ্ত,করতেন। বৃদ্ধাবন আরও লিথেছেন—

অতএব হুঃথিতেরে ঈশ্বর আপনে। নিজ গৃহে অন্ন দেন উদ্ধার কারণে ॥

নালাচলেও কীর্তনীয়াদের ও ভক্তদের আকণ্ঠ জগরাথের প্রসাদ ভোজন করিয়ে, দীন দ্বিজ্ঞদেরও তিনি ভোজন করিয়ে প্রম তৃত্তি লাভ করেছিলেন।

প্রভুর আন্ধার গোবিন্দ দীনহীন জনে।
ছংখিত কাঙ্গাল আনি করাইল ভোজনে।
কাঙ্গালের ভোজন বঙ্গ দেখি গৌরহরি।
ছরিবোল বলি তারে উপদেশ করি।।

**

সর্বজীবের প্রতি গভীর প্রেম থেকেই অপরাধীকে অনারাসে ক্ষা করার ক্ষতা তিনি লাভ করেছিলেন। পাবও অগাই-মাবাই কেবল তাঁর ক্ষা পার নি, মহাপ্রত্ম তাক্ষের সমস্ত পাপ গ্রহণ করেছিলেন। তিনি বল্লেন—

> देह, छा, चाहि ३२ च: २ देह, छा, चाहि ३२ च: ७ देह, ह, वश ३६ गति

কেণ্ট কোট জরে যত আছে পাপ তোর।
আর যদি না করিদ দব দার মোর ॥
তিনি অক্তান্ত বৈষ্ণব ভক্তদের উদ্বেশ্ত করে বলেছিলেন—
এই তৃইরে পাপী হেন না করিছ মনে।
এ তৃইর গাপ মৃ্ঞি দইদুঁ আপনে ॥

শুধু লগাই মাধাই নয়, দকল পাণীতাপীই মহাপ্রভুর ক্ষমা পেয়েছিল। লার্বভোষ লামাতা অমোদ তাঁকে অপমান করেছিল, তাঁর অহেতুক নিদ্দা করেছিল, তবু করণার অবভার প্রতিতক্ত তাকে ক্ষমা করতে কুটিত হন নি। আমোদ বিশ্বচিকা রোগে আক্রান্ত হলে মহাপ্রভু দ্বির থাকতে পারেন নি, তিনি লার্বভৌমের গৃহে আগমন করে অমোদের বুকে হাত দিয়ে কৃষ্ণভজ্জিপ্রদান করেছিলেন।

চৈডক্ত চরিত্রের অক্সতম বৈশিষ্ট্য তাঁর ভক্তবৎসলতা। সকল পতিও তৃঃথিত মান্থবের প্রতি যাঁর করুণার অস্ত ছিল না তাঁর যে নিজ ভক্তের প্রতি স্নেহ পারবস্ত থাকবে, তাতে আর আশ্চর্যক্তি? নীলাচলে ভক্তবংসলতা অবস্থানকালে ভক্তদের প্রতি তাঁর সদর ব্যবহার সম্পর্কে মুরারি শুপ্ত লিখেছেন,—

ज्कः। च्ड्रिंशः खेदाः ज्कमःकद्मभागकः।

ट्रांकप्रामान चान् ज्कान् भृद्ध्याद्मभागकः।

पः ज्क्कः ज्कः ज्ट्कः ज्टकः जि वारममानम मृष्टिमान्।

प्रश्निम् चक्रभारेमार्चारेश्द्रव मन्ना निषिः ॥

वदः क्रम्म खेक्शारेमार्चारेश्द्रव मन्ना निषिः ॥

वदः क्रम्म खेक्शारेमार्चार्वारा क्रिम्माविजः।

मरखाका ज्ञिक्ददान गाजृतिसान विक्यान् ॥

मक्ष्माविक्ताः मर्वः ममाना जनमीचनः।

क्रम्म भूज्यामाण्डाः ज्वित्रवा वश्वक्रम्॥

निज्ञानस्यादेष म्थान् ज्कान् (नोज्ञ वामिनः।

क्रम्मक्रानि द्यक्तिभ्यान् देवक्यान् क्रज्यः॥

मानवावान क्रम्भा वारममान् ज्ञ्यवरममः।

"

—ভক্তের ইচ্ছাপ্রণকারী মহাপ্রভূ চতুর্বিধ ভোজা ভোজন করে নিজ ভক্তগণকে পুত্রের স্থার পালন করে ভোজন করিরেছিলেন। সুভিষান্ বাৎসল্যরনের বিপ্রাহ, দ্যানিধি অগদীখর 'তুমি খাও তুমি খাও' বলে অগদানক শ্বরূপ প্রভূতির মাধ্যমে ক্রমে ক্রমে প্রত্যক্ষভাবে কৌশলে প্রবাধিত করে চতুর্বিধ প্রভূত খাছ্মন্রব্যের হারা বৈষ্ণবদের ভোজন করিয়ে গঞ্ম প্রভূতি সকল কর্ম সমাপন করে চন্দন ও পুস্মাল্যহারা বথাক্রমে ভূষিত করেছিলেন। নিত্যানক প্রমুখ গৌড্বাসী ভক্তগণকে এবং উৎকলবাসী খেড্হীপবাসী বৈষ্ণবগণকে ভক্তবৎসল কঞ্গাময় বাৎসল্যবশে লালন করেছিলেন।

গোবিন্দাস কর্মকার লিখেছেন, দক্ষিণভারতে এক সন্ন্যাসী প্রীচৈডক্সকে আতিথ্যগ্রহণ করতে অন্থ্যোধ করলে তিনি সন্ন্যাসীর নিকট থেকে নিজের জন্য ছটি মাত্র 'পরটা' নামে ফল গ্রহণ করলেন এবং গোবিন্দকে ছ চারটি ফল দিল্লেছিলেন। অ্বাত্ কল বেয়ে প্রভুর কলত্টির দিকে গোবিন্দ কোভাতুর দৃষ্টিতে ভাকানোর কলে মহাপ্রভু তাঁর ফল ছটিও গোবিন্দকে দিন্নে ভোজনের আদেশ দিলেন—

লোভ করি কভবার এ পাপ নয়ন। প্রভুর ফলের পানে চাহে অফুকণ।। গৌরাক স্থন্দর ভাহে ঈবৎ হাসিয়া। নিজফল তুটি দিলা আহারে ধরিয়া॥

প্রভূ গোপনে গৃহত্যাগ করে সন্ন্যাস গ্রহণ করার পরে নিত্যানন্দকে প্রের\$
করেছিলেন নবৰীপে ভক্তগণকে প্রবোধ দেবার জন্য। নীলাচলে গমনের
প্রাক্তালে তিনি ভক্তদের বলেছিলেন সান্ধনা দিয়ে—

চিত্তে কেহো কোনো কিছু না ভাবিহ ব্যথা।
তোমা সভা আমি নাহি হাড়িব সর্বথা।।
কৃষ্ণনাম সভে বসি লহ গিয়া বরে।
আমিহ আসিব দিন কথোক ভিডরে।।
এত বলি মহাপ্রভু সর্ব বৈষ্ণবেরে।
প্রভ্যেকে প্রভ্যেকে ধরি আলিদন করে।।

⁾ त्यां. क.—गृह ७३ २ हि. **छा. बह्या.** २ **छा**

সনাতন সংসার ত্যাগ করে কাশীতে এসে মহাপ্রভুর সলে মিলিত হলে প্রভু সনাতনের দেহে হাত বুলিয়ে ভক্ত বাংসল্যের চরম দৃষ্টাভ ছাপন করেছিলেন—

তবে প্রত্ তাঁর হাত ধরি লঞা গেলা।
পিণ্ডার উপর আপন পাশে বসাইলা।।
শ্রীহত্তে করেন তার অঙ্গ সমার্জন।
তি হো কহে মোরে প্রত্ না কর স্পর্শন।।
প্রত্ কহে তোমা স্পর্শ আত্ম পবিত্তিতে।
ভক্তি বলে পার তুমি ব্রহ্মাণ্ড শোধিতে।।

কঠিন চর্মরোগাক্রাস্ত সনাতন যথন নীলাচলে এসেছিলেন ওখন মহাপ্রভূ সনাভনের নিষেধ অগ্রাহ্ম করেও তাঁকে আলিক্ষন করেছিলেন। তখন জগদানন্দ্র পণ্ডিভকে বলেছিলেন—

> নিবেধিতে প্রভূ আলিকন করে মোরে। মোর কণ্ডুরসা লাগে প্রভূর শরীরে।। অপরাধ হর মোর নাহিক নিস্তার। জলরাথ না দেখিয়া এ তৃঃথ অপার।।

সনাতন মহাপ্রভুকে বলেছিলেন—

সহজে নীচ জাতি মৃঞি হুট পাপাশর।
নোরে তুমি ছুঁইলে মোর অপরাধ হয়।।
তাহাতে আমার অকে রক্তরস চলে।
তোমার অকে লাগে তবু স্পর্শ তুমি বলে।।
বীতৎস অক স্পর্শিতে না কর ঘুণালেশ।
এই অপরাধে মোর হবে সর্বনাশ।।

তথন-

প্ৰাভূ কৰে সনাতন না ভাবিহ হুঃখ। ভোষা আলিকনে আমি পাই বছ সুখ।।*

১ হৈ. চ. বধা ২০ পরি ২ জনের অস্তা ৪ পরি ৩ হৈ. চ. আন্তা ৪ পরি
৪ হৈ. চ. আন্তা ৫ পরি

প্রভাৱ করে ভক্ত সনাভনকে আলিলন করতেন। অবশেবে প্রভূরকুপার সনাভন বীভৎস চর্মরোগ থেকে মৃক্তি পেরেছিলেন। অবৈতালরে
মহাপ্রভূ শ্রীচৈডক্ত ভক্তদের বলেছিলেন,—জন্ম জন্ম তৃমি সব আমার
জীবন।

যদিও মহাপ্রভূ ভক্তসঙ্গে সদাই আনন্দিত, তথাপি প্রতি বৎসর গৌড় থেকে নীলাচলে বাভারাতের কটের জন্ত ভক্তদের নিবেধ করেছিলেন।

প্রতিবর্গ আইন সবে আমারে দেখিতে।
আনিতে যাইতে ছংখ পাহ বহুমতে।
তোমা সবার ছংখ জানি চাহি নিষেধিতে।
ভোমা সবার সক্ষম্ম লোভ বাড়ে চিতে।।

কাশীমিশ্রের গৃহে ঐতিচতক্তের অবস্থানের ব্যবস্থা হলে তিনি সার্বভৌমকে বলেছিলেন—এই দেহ তোমাদেরই, ভোমরা যা ব্যবস্থা করবে তাতেই স্থামার মত।

রঘুনাথ দাস গৃহত্যাগ করে পথক্লেশ স্বীকার করে নীলাচলে আগমন করলে মহাপ্রভু সাদরে রঘুনাথকে আলিজন করে স্বরূপ দামোদরের হাতে তাঁকে সমর্পন করেছিলেন। পথক্লান্ত রঘুনাথের হুপ্রবার জক্ত তিনি ভূত্য গোবিন্দকে আদেশ করেছিলেন। ক্লফদাস কবিরান্ত ঠিকই বলেছেন— চৈতন্তের ভক্তবাৎসল্য কহিতে না পারি। বুন্দাবন দাস লিথেছেন—

প্রভূ সে কানেন ভক্ত হংথ থণ্ডাইতে।

হেন প্রভূ হংথী কীব না ভক্তে কেমতে।

করণাসাগর গৌরচক্র মহাশর।

দোব নাহি বেথে ওণমাত লয়।।

ত

ভত্ত বংসলভার এমত শ্রীকৈতন্তের আবাল্য শিতৃমাতৃভক্তি অটুট ছিল। বাল্যে ও কৈশোরে বায়ের উপরে নানাবিধ।অভ্যাচার করলেও ভিরোধানের পূর্ব পর্যন্ত সন্মানী শ্রীকৈতন্ত মায়ের প্রতি আশুর্ব মমতা প্রকাশ করেছেন এবং

১ হৈ. ডা. অস্ত্য ২ আ: ২ হৈ. চ. অস্ত্য. ১২ পরি ৩ হৈ. চ. মধ্য ১০ পরি
৪ অফের অস্ত্য ৬ পরি ৫ হৈ. ডা. অস্ত্য ১ আ:

বারের দুঃধ দ্রীকরণের প্রয়াস করেছেন। নিমাই-এর বাল্যে মণন বিশবরণ সংসারাশ্রম ত্যাগ করলেন, ক্যেষ্ঠপুত্তের প্রব্রজ্যা গ্রহণের শাত্শিত ভক্তি শোকে যথন শিতামাতা ব্যাকুল তথন বালক নিমাই তাঁদের পরিচর্বার সংক্র ঘোষণা করে তাঁদের আশস্ত করেছিলেন।

> ততো হরিঃ আহ শিতর্গতো মে আতা ভবস্কং পরিহার দূরম্। মরৈব কার্ব্যা ভবতশ্চ সেবা মাতৃশ্চ নিতাং স্বথমাপ্ল,হি অম্॥ ১

—ভারপর হরি বললেন, পিড: ! আমার ভ্রাডা ভোমাকে ভ্যাগ করে দুরে চলে গেছে। আমি ভোমার এবং মান্নের নিভ্য দেবা করবো—ভূমি আমন্ত হও।

তিনি মাকে বললেন-

গতেহিপ্রকো মে ভবতীমূপেক্ষ্য ব-ভিতিক্ষাসো পিতরঞ্চ শান্তিমান্। মর্বৈর কার্য্যা জনকন্ত তেহপি চ্বী ক্ষণাৎ সপর্ব্যা সকলৈব নিত্যশঃ॥ এ

—মা, আমার অগ্রম তোমাকে ও শাস্তিমান পিতাকে উপেকা করে তিতিকাবশে চলে গেছেন, আমি স্বর্গাল মধ্যে তোমার ও জনকের সেবা নিত্যই করবো।

বৃন্ধাবন বলেছেন, বিশ্বরূপ সন্নাস গ্রহণের পরই নিমাই-এর ছ্রম্বপনা বিছুটা প্রশমিত হয়েছিল, তিনি পিতা-মাতার নিকটেই থাকডেন পিতামাতার ছঃধ লাঘ্য করতে—

নিরবধি থাকে পিডামাতার সমীপে। ছঃথ পাসরর হেন জননী জনকে।।"

তারপর এল বখন বোরতর তুদিন,—অগরাথ মিশ্র হলেন অকলাথ লোকাভরিত, তথন নডোবিধনা শচীর মত নিমাইও শোকে বিহনে হরে পড়েছিলেন—মিশ্রের বিভয়ে প্রতু কালিলা বিভর । মুরারির াববরণে মুমুর্ পিডার চরপ্যর ধারণ করে গ্লগদভাবে বিলাপ করতে করতে নিমাই বলেছিলেন, আমার পরিত্যাগ করে তুমি কোধার বাচ্ছ ?—

⁾ मू क.—)।१।० २ हि. इ. नहां.—२।०० ७ हि. छा. खाति ७ ख: ६ हि. छा. खाति १ ख:

অথ তত্ত পদ্ধরং হরি: পিতুরালিক্য সগদৃগদ্ধরম্
অবদং পিতরাও মাং প্রভা পরিহার ক তবান্ পমিয়সি॥
কবিকর্ণপুরের মহাকাব্যেও নিমাই-এর অন্তর্নপ আচরণ ও বিলাপের
বিবরণ আছে:

পিতৃ: পদং বক্ষসি তৃ:খিভাত্মনা
নিধার তেপে নিতরাং কুপাবতা।
পিতঃ ক মাং প্রোজ্ব্য ফ্দীনমেকং
শিশুং কথং হস্ক ভবান গমিয়সি।।

—কুপামর ছ:ধিতাত্মা নিমাই পিতার পদ বক্ষে ধারণ করে অভ্যস্ত শোক করতে লাগলেন—হে পিতঃ, একাকী হুদীন শিশু আমাকে ফেলে ভূমি কোধার যাচ্ছ?

লোচন লিখেছেন,—

পিতার চরণ ধরি কাঁদে বিশ্বস্তর। সম্বরিতে নারে কণ্ঠ গদগদ স্বর।।

লক্ষীদেবীর সঙ্গে পরিণয়ের প্রাক্তালে পরলোকগত জগন্নাথের কথা শারণ করে মাতাপুত্তে শোক বিহ্বল হয়েছিলেন।,

অমুণম বল্পতের পূত্র, রূপদনাতনের প্রাতৃপ্য প্রীজীব গোস্বামী বন্ধ্রী প্রতিভার অধিকারী চিলেন। তিনি বিভিন্ন বিষয়ে বন্ধতর গ্রন্থ রচনা করেছিলেন। গোপালচম্পু, সংকল্প কল্পজ্ম, মাধ্ব মহোৎদব মহাকাব্য, গোপাল বিক্লাবলী কাব্য, হবিনামায় এ ব্যাকরণ, স্থুমালিকা (ধাতৃ সংগ্রহ —ব্যাকরণ গ্রন্থ), ভক্তির্পায় ও শেব, তৃর্গমলক্ষণি ও লোচনরোচনী রেদশাস্ত্রবিষয়ক), বৈক্ষব দর্শন বিষয়ক ভাগবত সন্দর্ভ বা বট্ট সন্দর্ভ, বৈক্ষব শ্বতি ও ধর্ম ভত্তবিষয়ক ক্লোচাদীপিকা, ক্রন্ধসংহিতার গোপালতাপনী টীকা, ক্রম সন্দর্ভ ও লঘুতোষণী। তত্ত্বসন্দর্ভ, ভগবৎসন্দর্ভ, পরমাত্মসন্দর্ভ, প্রিক্রমন্দর্ভ, ভক্তিসন্দর্ভ ও প্রীতিসন্দর্ভ—এই হুয়খানি সন্দর্ভগ্রন্থ রচনা করে প্রীজীব বৈক্ষব দর্শনকে ভারতীয় অন্ধান্ত দর্শনের পর্যায়ভুক্ত করে ভোলেন। ভক্তিরত্বাকর অন্থসাবে প্রীজাবের গ্রন্থনংখ্যা প্রচিশ। প্রীসক্ষরবৃক্ষ, রসাত্বভীকা, উজ্জননীলমণির টীকা, যোগসারস্তবের টীকা, ও অগ্নিপুরাণহ গান্ধত্রীভাত্তা

১ ভিজ্ঞিপুৰ্ব -- ১/১৯১-৯৯ ২ ভ. ব -- ১/৮৩০.৪২

শ্বীটেডভের পিড়ব্য কংসারি মিশ্রের পুত্র প্রত্যন্ন মিশ্র শ্রীক্রফটেডনোদর্যাবলী নামে শ্রীটেডনোর জীবনী বিষয়ক একটি ক্রেকাব্য রচনা করেছিলেন। গ্রন্থটি রচিত হয়েছে ১৫১০ খ্রীষ্টাব্দে। শ্রীটেডনোর জন্ম থেকে
সন্ম্যাস গ্রহণ পর্যন্ত ঘটনা এই গ্রন্থে বর্ণিত হয়েছে। অবশ্র অনেকে গ্রন্থটির
প্রামাণিকতা সম্পর্কে সন্দেহ পোষণ করেন।

শবং মহাপ্রভ্ প্রাচৈতন্য রচিত বৈশ্ববীয় ভক্তি ও নীতি বিষয়ক কয়েকটি স্লোক পাওয়া যায়। চৈভন্যচরিতামুতে আটটি শ্লোক চৈতনাটক নামে উদ্ধৃত হয়েছে। রূপ গোসামীর পদ্যাবলীতে ঐ আটটি শ্লোক ছাড়াও আরও তিনটি শ্লোক উদ্ধৃত হয়েছে। রুঞ্চাস কবিরাক্ষ গোবিন্দলীলামুভ নামে একটি সংশ্বৃত মহাকাব্য রচনা করেছিলেন। তিনি বিল্মন্দল ঠাকুর রচিত প্রাকৃষ্ণকর্ণামৃত কাব্যের সারক্ষ রক্ষা নামে একটি টীকাও রচনা করেছিলেন। প্রীষ্ঠীয় অষ্টাদশ শতাব্দীর শেবভাগে বর্ধমান জ্বেলার মাড়গ্রামের অধিবাদী নিত্যানন্দ-বংশীয় রঘুনন্দন গোস্থামী গোরাক্ষের জাবনী বিষয়ক চম্পুকাব্য গোরাক্ষচম্পু রচনা করেছিলেন। গ্রন্থটি অসম্পূর্ণ—অগন্ধাথের মৃত্যুতে শচীর বিলাপের পরাই শেব হয়ে গেছে। এছাড়াও রঘুনন্দন লিখেছিলেন: গৌরাক্ষ বিক্ষাবলী, রুঞ্জীলাবিষয়ক রাধামাধ্যোদয়, দেশিকনিণ্য ও বৈশ্ববভানিণ্য নামে ত্থানি শ্বতিগ্রন্থ, গ্রন্থবৈবর্তপুরাণ, বিশ্বপুরাণ প্রভৃতি শ্বক্রমনে গীতামালা।

প্রীষ্টার সপ্তদশ শতানীতে বিশ্বনাথ চক্রবর্তী প্রীচৈতন্ত সংস্কৃতির ধারক ছিসাবে বিচিত্র বিষয়ে বছবিধ রচনা করেছিলেন। বিশ্বনাথ রচিত গ্রন্থাবলী: সারার্থদর্শনী নামে ভাগবতের টীকা, কৃষ্ণভাবনায়ত থণ্ডকাব্য (১৯০৭), প্রীচমৎকার চল্রিকা, প্রেমসম্পূট, ব্রজরীতি চিন্তামণি, সংকল্পকল্লম (স্তবায়ত লহরীর অন্তর্গত্ত), প্রীস্থবতকথায়ত (আর্থাশতক), প্রীনিকৃষ্ণকেলিবিক্লাবলী, ভক্তিরসায়ত সিন্ধুবিন্দু, উজ্জ্বনীলমণি, কিরণম্ (ভক্তিরসায়তসিদ্ধু ও উজ্জ্বননিমণির সংক্ষিপ্রসার), রাগবত্ম চল্রিকা, মাধুর্থকাদ্দিনী, ভাবনাসারসংগ্রহ (৪০টি গ্রন্থ থেকে ৩০০ লোকের সংগ্রহ), চৈতন্তরসায়ন প্রভৃতি। বিশ্বনাথ হিরিবল্পত নামে পদাবলী রচনা করতেন। ক্রণদাগীতি চিন্তামণি বিশ্বনাথকত বিশ্বাত পদাবলী সংক্ষন। এই সংক্রমনে বিশ্বনাথ রচিত ১০টি পদ আছে। প্রাযাক প্রভৃত্ব অধ্যান পঞ্চম পুরুষ বলদেব বিশ্বাত্মণ অভান্থাক প্রায়নীক

প্রথমভাগে বেদান্তস্ত্রের গোবিক্ষভান্ত, সাহিত্যকৌমুদী ও কাব্যকৌন্তভেব রচিন্নতা। গোবিক্ষদেব কবি অষ্টাদশ সর্গে গৌরক্সফোদর কাব্য রচনা করেছিলেন। বলদেবের গুরু রাধাদামোদর রচনা করেছিলেন ছক্ষঃকৌন্তভ। প্রসিদ্ধ পদকর্তা গোবিক্ষদাস কবিরাজ (ঝ্রীঃ বোড়শ শতান্ধী) সন্ধীতমাধব নাটক ও অষ্টকালীয় 'একারপদ' রচনা করেছিলেন সংস্কৃত ভাষার। মুকুক্ষদাস গোত্থামিকত ভক্তিরসামৃত সিন্ধুর টীকা অর্থরত্বারদীপিকা, মধুস্থদন সরস্বতীকত ভক্তিরসায়নম্, রসিকোন্তংসের প্রেমপন্তন কাব্য (জন্ম ১৯০৫ বিক্রমান্ধ), রসিকানক্ষের স্থামানক্ষ শতক প্রভৃতি হৈতক্তপ্রভাবিত সংস্কৃত সাহিত্য। হৈতক্ত প্রভাবিত সংস্কৃত সাহিত্য গ্রীঃ উনবিংশ শতান্ধী পর্বস্ত প্রসারিত। হরিমোহন শিরোমণি গোত্থামী (জন্ম ১৮৪৬ গ্রীঃ) প্রীকৃষ্ণ-হৈতক্তসক্ষর্ত, প্রীশ্রীগদাধরসক্ষর্ত ও বৈষ্ণব্রতদিন নির্ণর রচনা ও প্রকাশিত করে (১৯২৯-৩১ গ্রীঃ) হৈতক্ত প্রভাবিত সংস্কৃত সাহিত্যকে বিংশ শতান্ধীতে উত্তরিত করেছেন।

সংহিত্য দর্শন শ্বতিগ্রন্থের পাশাপাশি আর এক ধরনের রচনা প্রচলিত হয়। এইগুলি পদ্ধতি গ্রন্থ। অইপ্রহেবে বৈফব ভক্তের শারণ-মনন-সাধনাদিব নিম্নাবলী সম্পর্কিত গ্রন্থ পদ্ধতিগ্রন্থ। এই বিষয়ে গোরেশ্বর পণ্ডিত গোশামীর শিশ্ব গোপালগুরু গোশামীর প্রণাম শারণ পদ্ধতি ও সেবাশ্বরণ পদ্ধতি প্রধন পদ্ধতি গ্রন্থ। চৈতন্তোত্তর যুগে গোপালগুরুর শিশ্ব ধানচন্দ্র গোশামীর দিতীয় পদ্ধতি প্রশ্নীকৃষ্ণশ্বরূপ নিরপণ ও সাধনামুভচক্রিকা নামে ছইভাগে বিভক্ত। ভূতীয় পদ্ধতি রচনা করেন গোবর্ধন নিবাসী কৃষ্ণদাস বাবাজি। মহাপ্রভুর ভক্ত ও নিত্যানন্দ প্রভুর শশুর স্থাদাস সরবেলের নামে প্রচলিত ভোগ নির্ণয় পদ্ধতিতে গৌরগোবিন্দের ভোগারাধনার পংক্তি ক্রম নিম্নপিত হয়েছে। ঘনশাম দাস বা নরহারি চক্রবর্তী রচনা করেন পদ্ধতি প্রদীপ। হরিমোহন গোশ্বামী শিরোমণি হরিভক্তিবিলাস অন্তুসরণে বৈঞ্চব ব্রত দিন নির্ণয় ও গৌরাচন প্রয়োগ নামে ভূথানি গ্রন্থ লিখেছেন।

শ্রীচৈতত্ত্তের অলোকিক দিব্যশীবন বাদালা সাহিত্যেও নববোরনের পোরার এনেছিল: বাদালা সাহিত্য দেবতার কালোক ছেড়ে

> त्रीकीत्र देवकर नाहिका, हतिहान शाम-- २ त्र चंक,--गृः ४-७

নেৰে এলো হাসিকানার ভরা মর্ত্যভূমির আক্লিনায়। দেবচবিত ছেড়ে

বা**লালা সাহিত্যে** মহাপ্রভার প্রভাব দেবোপম মানব চরিত বর্ণনার মুখর হরে উঠলো বাকালা সাহিত্য। বাকালা ভাষার প্রীচৈতক্তের প্রথম জীবনীকাব্য বুলাবন দাসের চৈতন্যভাগবত। আভারিক

ভক্তিরসপ্রবাহে, তৎকালীন সমান্ত চিত্তপে, চৈতন্যচন্ত্রের বাস্তব জীবন বর্ণনার, সহজ কবিস্কৃত্বপে বৃন্দাবনেব চৈতন্ত্র ভাগবতের তুলনা মধ্যমুগের বাদালা সাহিত্যে তুর্লভ। কিন্তু প্রীচৈতন্যের শেষজীবন বৃন্দাবনের কাব্যে বণিত না হওয়ায় বৃন্দাবনের গোষামীদের অহ্বরোধে রুফ্যাস কবিরাজ বৃদ্ধবন্ধনে বুন্দাবনে বসে বচনা করেছিলেন প্রীক্রফ্টেডগুচবিতামৃত, সংক্রেপে চৈতন্ত্র-চিবতামৃত। বৈক্ষব বসশাল্প, চৈতন্যভল্ব, জীবনী ও কাব্যের সন্মিলনে চিতন্যচরিতামৃতও একটি অনন্যসাধাবণ গ্রন্থ। ম্বারির কভ্চাব অন্তক্তরে চৈতন্যচরিতামৃতের আগেই সম্ভবতঃ লোচন দাস ঠাকুর লিখেছিলেন চৈতন্যমন্ত্রন। লোচনেব কাব্যে ঐতিহাসিক তথ্যনিষ্ঠা অপেক্ষা কবিত্ত কাল্পনিকতাকেই প্রাধান্য দেওয়া হয়েছে। বর্ধমান জেলার আমাইপুরা নিবাসী স্ববৃদ্ধি মিপ্রের পুত্র জয়ানন্দও চৈতন্যমন্ত্রল রচনা করেছিলেন। প্রীচৈতন্য স্বয়ং নাকি স্ববৃদ্ধি মিপ্রের গৃহহ এসে শিশুর গুরিয়া

জীবনী কাবা
নাম পরিবর্তন করে জয়ানন্দ রেখেছিলেন। জয়ানন্দও
গান করার জনাই চৈতন্যসকল রচনা করেছিলেন। ঐতিহাসিক তথানিষ্ঠা
জয়ানন্দের কাব্যেও কম। অনেকগুলি অক্তাতপূর্ব অভ্ত সংবাদ পরিবেষণ
করায় জয়ানন্দের কাব্য বৈক্ষব সমাজে সমাদৃত হয় নি। প্রীচৈতন্যের জীবনী
মূলক আর একথানি কাব্য গোবিন্দাস কর্মকারের কড়চা। পণ্ডিতদের
মধ্যে অনেকেই গোবিন্দের কড়চার প্রামাণিকতায় সন্দেহ প্রকাশ করলেও
মহাপ্রভুর দক্ষিণভারত পরিক্রমা সম্পর্কে বহু অক্তাত তথ্য এই প্রস্থে স্থলভ।
অশিক্ষিত গোবিন্দ কর্মকাবের পাণ্ডিত্য এবং কবিত্ব এই প্রস্থে স্থলভ।
অশিক্ষিত গোবিন্দ কর্মকাবের পাণ্ডিত্য এবং কবিত্ব এই প্রস্থে স্থলভ।
অশিক্ষিত গোবিন্দ কর্মকাবের পাণ্ডিত্য এবং কবিত্ব এই প্রস্থে স্থলভ।
অনিক্ষা সম্পর্কে অবিশাস্য ঘটনাও এখানে সমিবিষ্ট। নিভ্যানন্দ শিক্ষধনরম্ব পণ্ডিতের শিক্ষ চূড়ামণি দাসের কেথা গৌরাক-জীবন কাহিনী অবলখনে
গৌরাক্ষ বিজয় নামে একটি কাব্যের থণ্ডিত পুঁথি আচার্ধ স্থক্মার
সেনের সম্পাক্ষার এসিরাটিক লোসাইটি থেকে প্রকাশিত হয়েছে।

औरहाउत्मात कीवनीत अञ्चलता आत्र अत्मक अत्मक नार्कक महाकरनक

জাবনী কাব্য রচিত হয়েছে। বৃন্ধাবন দাসের রচিত (?) নিত্যানন্দ চরিতামৃত ও নিত্যানন্দ বংশবিস্তাব নামে তৃথানি গ্রন্থ প্রচলিত আছে। অবৈত আচার্থের শিশু হরিচরণদাসের অবৈতমঙ্গল, অবৈতবিলাস এবং অবৈতপ্পতা ঈশান নাগরেব রচিত অবৈতপ্পকাশ—অবৈতের জীবনী। অবৈতপ্রকাশকে থাঁটি বলে অনেকেই মনে করেন না। অবৈত শিশু শ্রামদাস আচার্বেব লেখা অবৈতমঙ্গল পাওয়৷ যাব 'ন। অবৈতের পত্নী সীতা দেবার জীবনী অবলম্বনে বিফুলাস আচার্থ লিখেছেন সীতাগুণকদম্ম এবং লোকনার্থ দাস লিখেছেন সীতাচরিত্র।

খুলীয় যোড়শ শতাব্দীৰ শেষ ও সপ্তদশ শতাব্দীতে বৈফৰ মহাজন সাধক দৱ भीवनी, नानाविश विकवीय चुिल, माधनदोणि हें आहि द्रविष्ठ हाम्राह । भीवनी-গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য নিভাগনন দাসের প্রেমবিলাস, যত্নন্দন দাসের কর্ণানন্দ, মনোগর দাসের অহুরাগবল্লী, গোপীজন বল্লভদাসের রসিক্মগুল প্রভৃতি। শ্রীপণ্ডের বৈশ্বরংশকাত বলরাম দাস বা নিত্যানন্দ দাস নিত্যানন্দ পদ্ধী জাহ্নবাব শিষ্য। প্রেমবিলাগে নিভানিন্দ দাস এনিবাস আচার্যের জাবন काहिनो वर्षना करत्रह्म। श्रीनिवाम ब्याहाय हाष्ट्रां अथात नरत्राख्यकाम-ভাষানন্দ-জাহবা-বাবচন্দ্রেব কাহিনী প্রাধান্তলাভ করেছে। এই প্রদক্ষ শ্রীনিবাস व्याठाई ७ नदबाख्य मान ठीकूदबन कर्ड्याशीत वृन्मावन थ्यत्क त्थीए शासामि-গ্রন্থ আনম্বন, বার হাম্বীর কর্তৃক গ্রন্থ অপহরণ, গ্রন্থ-উঙ্গার, সপরিবারে মল্লরাজ বার হাষীর কর্তৃক মাচাবের শিক্সম গ্রহণ, নরোত্তম অভ্রিতি খেভরির মহোং-नव. बारुवादनवी. वीत्रहन्त ७ अञ्चान देवस्थव महास्वादन दथलतित महारमद खांगमान, जारमद कीवरनत नाना भरवाम, नरवाखरात कीवन कथा, महाळाजू প্রীচৈতত্তের নালাচলে অবস্থানকালে নবদ্বীপের অবস্থা-মহাপ্রভুর জ্বীবনের কিছু কিছু ঘটনা, বিষ্ণুপ্রিয়া ও চৈতক্ত পার্ষদগণের বিবরণ, অপ্রকট ও বিভিন্ন বৈষ্ণব সম্প্রদার প্রভৃতির বিষয়ে বিভৃত আলোচনা আছে। এই গ্রন্থটিতে এই ডিহাসিক দৃষ্টিভন্নী ও তথ্যনিষ্ঠা প্রশংসনীয়। ডঃ স্বৃষার সেনের মতে প্রেমবিলাদ বাঙ্গালা-সাহিত্যের প্রথম ইতিহাসগ্রন্থ।

কাটোয়ার নিকটবর্তী মালিহাটী গ্রামে বৈশ্ববংশে জাত শ্রীনিবাস স্বাচার্যের কন্যা হেমলতার শিশ্ব এবং শ্রীনিবাসের পৌত্র স্থবল ঠাকুরের ভক্ত বছুনন্দন দাস পদক্রতা হিসাবে প্রসিদ্ধ। তিনি কর্ণানন্দ, রাধাকুফ্সীলারস্কদ্ধ প্রভৃতি কাব্য রচনা করেছিলেন। যত্নক্ষন রূপগোষামীর বিদয় মাধ্ব এবং কৃষ্ণাস কবিবাজের সারক রক্ষা চীকা সহ বিষমকল ঠাকুরের কৃষ্ণকর্ণামৃত এবং কৃষ্ণাস কবিরাজের গোবিন্দলীলামৃত কাব্যের বাঙ্গালা পভাছবাদ করেছিলেন। কর্ণানন্দের সাভটি নির্বাদে শ্রীনিবাস আচার্বের জীবন কথা ও তাঁর শিশ্ত-সম্প্রধারের বিবরণ প্রদত্ত হয়েছে।

শ্রীনিবাস আচার্থের শিস্তাহ্ণশিশ্ব মনোহর দাস ১৯৯৬ এটান্থে শ্রীনিবাস আচার্থের জীবন কথা অবশ্বদন করে অহ্বরাগণন্ধী রচনা করেন। নরোন্তম ও শ্রামানন্দের জীবনীও স্থান পেয়েছে এই গ্রন্থে। মহাপ্রভু শ্রীচৈউন্যোর প্রতিবেশী উক্ত বংশীবদন চট্টের জীবনী বংশীবিলাস বা মুরলীবিলাস রচনা করেছিলেন বংশীবদনের উত্তব প্রশ্ব রাজবল্পভ। জাতিধর্ম নির্বিশেবে চৈতন্যধর্ম প্রচারে সক্সকাম শ্রামানন্দের শিশ্ব রাসকানন্দের জীবনকাহিনী অবলখনে রিসিক মঙ্গল রচনা করেছিলেন রিসকানন্দের ভক্ত শিশ্ব গোপীজনবল্পভ দাস ১৯৬০ প্রীষ্টান্থে। এই কালেই তিলকরাম দাস নিত্যানন্দ শিশ্ব অভিরাম দাসের জীবনচবিত বর্ণনা করেছেন অভিরামলাস্থাত। এই গ্রন্থগুলিকে শাখা নির্ণন্ন কাব্য বলা হয়। সপ্তদেশ শতান্ধীর শেষভাগে রচিত শাখা নির্ণন্ন জাতীর আর একথানি গ্রন্থ উদ্ধেব দাসের অজ্যপ্রল। অষ্টাদেশ শতান্ধীর প্রথম ভাগে প্রেমদাস বংশীবদ্দনচট্টের জাবনী অবলম্বনে বংশীশিক্ষা নামে আর একথানি গ্রন্থ বচনা করেছিলেন। এই ধরণের গ্রন্থগুলির কাব্য-মূল্য খ্ববেশী না থাকলেও ঐতিহাসিক মূল্য নগণ্য নয়।

পুঞ্বোত্তম মিশ্র (প্রেমণাস) কবিকণপুরের চৈতক্সচন্দ্রেদয় নাটকের সরল
পত্যাস্থ্রাদ করেছিলেন চৈতক্সচন্দ্রোদয় কৌম্দী নামে। রামচন্দ্র গোত্থামীর সমাজ
ও শিশ্র বাঘনাপাড়। নিবাসা অকিঞ্চন দাস 'বিবর্তবিলাস' নামক প্রছে বৈক্রা
সমাজ ও সহজিয়া সম্প্রদায় সম্পর্কে অনেক তথ্য পরিবেষণ করেছেন। অষ্ট্রা
শতাব্দীতে প্রতিচ্তক্ত ও চৈতক্ত পরিকরদের জীবনী অবলম্বনে যে সক্র
রচিত হ্রেছিল তল্মধ্যে ভগীর্থের চৈতন্য সংহিতা, ক্রদানন্দের চৈতন্য
রামরন্দ্রের চৈতন্য রত্মাবলী, পুরন্দরের চৈতন্যচিরত, বিজ নিত্যানন্দের
পাঁচালী, রামশরণের চৈতন্যবিলাস, ধুপরাজের গোরাজ সয়াস
প্রিয়ামজল, জগরাও বৈছের প্রীচৈতন্য পাঁচালী প্রভৃতি উরেধ্যোগ্য
কানের 'শ্রামানন্দ প্রাণ'-এ বৈক্রবাচার্য খ্যানন্দের জীবনী

হরেছে। স্বনী দাস (১৫২৮-৬০) চৈতন্য ভাগবভের অন্থকরণে জগমোহন ভাগবভ রচনা করেছিলেন। রাধার্মণ দাস রচিত পদকর্তা গঙ্গারাম ঘোষ বা বঞ্চিতের জীবনী বঞ্চিত চরিত্র, কবির দাস বৈষ্ণব রচিত বাষরক গোস্বামীর (১৫৭৬-১৬৫২) জীবনী রামকৃষ্ণ চরিত্র, মঙ্গশভিহির পাছঠাকুরের শ্রামটাদ বিগ্রহ প্রতিষ্ঠার কাহিনী অবলম্বনে জগদানন্দের শ্রামচক্রোদ্য প্রভৃতি বৈষ্ণব মহাস্কাদের জীবনীকাব্য।

নরহরি চক্রবর্তী বা ঘনশ্রাম দাস অষ্টাদশ শতাব্দীর প্রথমতাগে তব্তিরশ্বাব্দর ও নরোত্তমবিলাস নামক তুথানি অতি মূল্যবান গ্রন্থ রচনা করেছিলেন ভক্তি রম্বাব্দর শ্রীনিবাস আচার্বের জীবনকেন্দ্রিক রচনা হলেও বৃন্দাবনের ষড়ু গোত্বামী ও বৈষ্ণব সমাজ ও বৈষ্ণবতত্ত্ব সম্পর্কে বহুতর মূল্যবান তথ্যের সন্ধিবেশে একধানি অমূল্য গ্রন্থে পরিণত হয়েছে। শ্রীনিবাস, নরোত্তম ও শ্রামানদের জীবনী, বৈষ্ণবর্ধর্ম প্রচার ও বৈষ্ণব তত্ত্বের বিপুল সমাবেশ ঘটেছে এই গ্রন্থটিতে। এই গ্রন্থের পঞ্চম তরক্ষে নরহরি মার্গসঙ্গীত সম্পর্কেও আলোচনা করেছেন। আদশ তরক্ষে আলোচিত হয়েছে শ্রীচৈতন্তের জীবনকথা। নরোত্তমবিলাসে নরোত্তম দাস ঠাকুরের জাবন কথা অবলম্বনে সমকালীন বৈষ্ণব সমাবেশর বিবরণ প্রদন্ত হয়েছে। এছাড়া নরহরি শ্রীনিবাস চরিত্র নামে অরচিত একটি গ্রন্থের উল্লেখ ভক্তিরম্বাকরে করলেও গ্রন্থটি অভাবধি লোকচক্ষ্র গোচরে শ্রাসে নি।

নবোত্তম দাস সাবগর্ভ উপদেশপূর্ণ প্রেমভক্তিচ দ্রিকা এবং হাটপত্তন নামে ছটি নিবন্ধ রচনা করেছিলেন। নবোত্তমের নামে প্রচলিত প্রস্থাবলী: দেহকড়চা, শ্বরণমঙ্গল, স্বরূপ করতক, ছয়তত্ব মঞ্চরী বা ছয়তত্ববিলাস, বস্তুতত্ব বা বস্তুতত্বসার, ভজন নির্দেশ, আশ্রয় নির্ণন্ধ বা আশ্রয়তত্ব, রাধাতত্ব বা নবরাধাতত্ব, রাগমালা, ভক্তিলতাবলী, ভক্তিসারাৎসার, প্রেমবিলাস, বৈক্ষবায়ত, মঙ্গলারতি প্রভৃতি। এইগুলি সবই হয়ত নরোত্তমের রচনা নর, ভবে প্রেমভক্তি-চন্দ্রিকাকেই তাঁর শ্রেষ্ঠ রচনা বলা চলে।

জীবনী ও দার্শনিকতত্ত্বমূলক গ্রন্থ ছাড়াও বহুপ্রকার বৈষ্ণবীয় সাধনা নিবন্ধ সপ্তদশ অটাদশ শতাকীতে বচিত হয়েছিল। অনেকগুলি সাধনা নিবন্ধ কৃষ্ণদাস

> बालाबा नाहिरछात्र हेफिशन ३४, भूबी४, भू:-३३७-३३ ,व्यमदा४, २व नः-भू: ३१-७३

কবিরাজের নামে প্রচলিত। ড: স্কুমার সেন এই সাধনা নিবদ্বগুলির একটি বৃহৎ তালিকা বাঙ্গালা সাহিত্যের ইতিহাস প্রায়ে প্রদান করেছেন। অবৈড কড়চা প্রে, চৈতক্ত কড়চা, আত্মজিজ্ঞাসা, আত্মনিরূপণ, সাধনা নিবদ চিতক্তত্ত্বদার, জ্ঞানরত্বমালা, রাগময়ীকণা, রাগরত্বাবলী রসকদম কলিকা, চৈতক্তত্ত্বদীপিকা প্রভৃতি এই শ্রেণীর রচনা। অভাভ নিবদ্ধকার মৃকুন্দ দেব, বিকি দাস, বযুনাথ দাস, জীব গোত্থামী, জ্ঞানদাস, গোবিন্দ দাস, প্রীরূপ, শ্রীম্বরূপ, রাধামোহন দাস, রাধাবন্ধভ দাস, প্রামদাস, যুগলকিশোর দাস, গদাধর দাস, বৈঞ্বদাস প্রভৃতি।

শ্রীচৈতক্ত ও তাঁর পরিকরগণের সম্পর্কে নানাবিধ গ্রন্থ আধুনিক কালেও বিচিত হয়েছে এবং হচ্ছে। রাধাগোবিন্দ নাথের শ্রীগোরাঙ্গ, মহাত্মা শিশির ক্ষার ঘোষের অনিয় নিমাই রচিত, বিমানবিহারী মন্ত্র্মদারের চৈতক্তচরিতের উপাদান, গিরিজাশংকর বায়চৌধুরীর চরিতগ্রহে শ্রীচৈতক্ত, সভী ঘোষের প্রত্যক্ষদর্শীর কান্যে মহাপ্রত্ শ্রীচৈতক্ত, ববীক্রনাথ মাইতির চৈতক্ত পরিকর, নরেশচন্দ্র জ্ঞানার বৃদ্ধাবনের বড় গোস্থামী, হরিদাদ দাসের অসমোধর্ম শ্রীচৈতক্ত, হরিদাদ গোস্থামীর গন্তীরায় শ্রীচৈতক্ত, গন্তারায়বিষ্ণুপ্রিয়া, শ্রীকৃষ্ণচৈতনা: নদীয়া গালা ও নালাচল লালা, সারদাচরণ মিত্রের উৎকলে শ্রীচৈতক্ত প্রভৃতি আজও বাঙ্গালা সাহিত্যেকে সমৃদ্ধ করছে। বৈষ্ণবায় ধর্ম, দর্শন, সাহিত্য প্রভৃতি বিষয়েও বহু গ্রন্থ রচিত হয়েছে এবং হচ্ছে। বাধাগোবিন্দ নাথের গোড়ীয় বৈষ্ণব দর্শন, হীরেন্দ্রনাথ দন্তের প্রেমধর্ম, থগেক্রনাথ মিত্রের গোড়ীয় বৈষ্ণব দাহিত্য, হরিদাদ দাসের গোড়ীয় বিষ্ণব অভিধান, গোড়ীয় বৈষ্ণব সাহিত্য প্রভৃতি উল্লেখযোগ্য।

মহাপ্রভূ শ্রীটেডন্তের প্রেরণায় একদিকে বেমন জীবনী ও তথ্যুলক কাব্য অজন্মধারার ববিত হয়েছে, তেমনি বাধাডাকা বক্তার জলের মত পদাবলী সাহিত্য বিপুল প্রাণবেগ্রে বহুধা বিস্তৃত হয়ে ব্যাপ্তিলাভ করেছিল। প্রাক্চৈডন্তমুগ্রে রাধাকৃষ্ণ প্রেমলীলা হুচক কাব্যে রাধাকৃষ্ণের মানবিক্তা স্থাপ্টরূপে প্রকটিত হয়েছে। জায়দেব, বিভাপতি ও বডু চণ্ডীদাসের রচনাই তার প্রমাণ।
শ্রীটেডন্তেরে অলোকিক দিব্য জীবনে ও সাধনার রাধাভাবের পদাবলী সাহিত্য প্রবল প্রাণের বেগ সঞ্চার করে প্রভাকে বোড়াল শতাকী থেকে বিংশ শতাকীতে উত্তরিত করে দিল ভাই

> वा. मा. ₹. >म चनतांव, २ मः नृঃ ३१-७>

নয়, তাকে এক অভ্তপ্র অলোকিক ভাবসপানেও সমুদ্ধ করে তুললো। চৈতন্ত্রমূপে এবং চৈতন্তোত্তর কালে ভক্ত কবিকুল আরাধ্যের আরতি করলেন পদাবলী
রচনা করে। তাই রাধারুক্ষ আর মানব মানবা রইলেন না, রাধাভাবছাতিহ্ববিত
কৃষ্ণত্বপ প্রতিভ্যের প্রভাবে মহাভাব অরণিণী আরাধিকা প্রীরাধার অপাণিব
অকৈতব কৃষ্ণপ্রেমের চিত্র অংকিত হোল,—বর্গ ও মর্তের হোল মেলবদ্ধন।
মূরাবিগুপ্ত, শিবানক্ষ দেন, নরহরি সবকার, জ্ঞানকাদ, গোবিক্ষ দাস, বলরামদাস
প্রভৃতি থেকে মাইকেল মধুস্থন দত্তের ব্রজাকনা, রাজেক্র লাল মিত্রের পিতা
অনমেজর মিত্রের সংকর্ষণ ভণিতার সঙ্গাতরসার্থন এবং রবীক্রনাথের ভাল্লসিংহের
পদাবলা পর্যন্ত বৈক্ষর পদাবলীতে মহাপ্রভৃত্ব স্কৃত্বপ্রসারী প্রভাবের সাক্ষ্য বচন
করছে। প্রীচৈতন্য স্বরং প্রীকৃষ্ণ বা বাধারক্ষের অবন্ধ বিগ্রহরূপে ভক্তম্বরে
প্রতিভিত্ত হওয়ার রাধারক্ষলীলা বর্ণনার বা গানের পূর্বে রসাহ্মরূপ গৌরচক্র বিবন্ধক
পদাবলা রচনা বা গাওয়ার রীতি প্রবর্তিত হয়। প্রীচৈতন্যের সমসামন্থিক বাস্থ
বোব, গোবিক্ষ ঘোব, মাধব ঘোব, নরহরি সরকার, ম্রারি গুপ্ত, শিবানক্ষ দেন
প্রমুগ্ধ ভক্ত কবিবৃক্ষ গৌরাক্ষ বিষয়ক পদাবলা রচনা করেছিলেন। রাধার চরিত্রেও
প্রীরোক্ষর মূর্তি প্রকাশ পেল। নরহরি সরকার হধার্থই লিখলেন—

যদি গোরান্ধ না হইড, তবে কি হইড, কেমনে ধরিত দে। রাধার মহিমা প্রেমরস সীমা, জগতে জানাত কে ?

চৈতন্যোত্তর সকল বৈষ্ণৰ কবিই গৌরাক বিষয়ক পদাবলী রচনাকে অবশ্ব কর্তব্য বলে মেনে নিয়েছিলেন। গোবিন্দ দাস কবিরাক্ত গৌরাস বিষয়ক পদের অপ্রতিহন্দা কবিরপে প্রতিষ্ঠা লাভ করেছেন। ডঃ দীনেলচন্দ্র সেনের বঙ্গভাষা ও সাহিত্য গ্রন্থে ১০০ জন বৈষ্ণৰ কবির ৪৬০০টি পদের উল্লেখ থাকলেও আরও অনেক অধ্যাতনামা অথবা বল্প খ্যাত কবি ছিলেন বা আছেন, তাতে সন্দেহ নেই। গৌর নাগর ভাবের পদের সংখ্যাও কম নয়।

মহাপ্রভূ স্বরং বিভাপতির পদাবলীর অভ্যন্ত সমাদর করতেন। তাঁব দৃষ্টান্তে বিভাপতি বৈষ্ণব মহাজনরপে প্রতিষ্ঠিত হওয়ায় এবং বিভাপতির পদাবলীর দক্ষে বাঙ্গালীমনের গভীর নাযুজ্য প্রতিষ্ঠিত হওয়ায় ঞীয়িয় বোড়শ শতাকী থেকেই এজবুলি ভাষার চর্চা ব্যাপকভাবে চলতে থাকে। কবি গোবিক্ষ দান কবিরাক্ষ একবুলি ভাষার প্রেষ্ঠ পদক্তা হিনাবে শ্রহার আসন লাভ ক্রেছেন।

চৈতন্য সংস্কৃতির অন্যতম বাহক নরহরি চক্রবর্তী বা ঘনশ্রাম দাস ছব্দংসমূত্র নামক প্রয়ে বাঙ্গালা ছব্দের প্রথম ধারাবাহিক আলোচনার স্কুলাভ করে এই বিষয়ে অপ্রশবিকের গোরব অর্জন করেছিলেন।

পদাবলী রচনার প্রবল ভাববন্যা যথন অনেকটা স্থিমিত হয়ে এলো, তথন বৃদ্ধ হোল পদাবলী সংকলনের হিড়িক। রাধামোহন ঠাকুরের পদায়ত সমূন্ত্র, বিশ্বনাথ চক্রবর্তীর ক্ষণদায়ীতি চিস্তামণি, রামগোপাল দাসের পদসংকলন রসকরবন্ধী (১৬৭৩ খ্রীঃ), শ্রীনিবাস আচার্বের শিল্প পদকর্ত্তা, গোবিন্দ চক্রবর্তীর বংশধর, রাধাম্কুল দাসের মৃকুলানক্ষসংগ্রহ, রামগোপাল দাসের পূত্র পীতাম্বর দাসের বসমঞ্জরী, মৃকুল্যলাসের সিদ্ধান্ত চল্রোদর, গৌরক্ষমর দাসের কীর্তনানন্দ, দীনবন্ধুদাসের সংকীর্তনামৃত, নিমানন্দ দাসের পদরস্কার (২৭০০ পদের সংকলন), কমলাকান্ত দাসের পদর্শ্বাকর (১৩৫৮টি পদের সংকলন), ক্রগদ্ম ভাতের গৌরপদ তর্ম্বিলী, গৌরমোহন দাসের পদকরাত্বাক্রা, সত্যালচক্র রায়ের পদর্শ্বাবলী প্রসাদ দাসের পদতিভাষণিমালা। (১২৮৩ খ্রীঃ), আউল দাস মনোহর দাসের পদস্কুল, বৈক্ষব দাসের পদকরাতক (শ্রীঃ ১৮ শতান্ধীতে ১৪০ জন পদকর্তার—৩০০০-এরও অধিক পদ্), অক্ষয়চন্দ্র সরকারের প্রাচীন কবিতা সংগ্রহ, সত্যালচক্র রায়ের পদকরাতক প্রভৃতি সংকলনগ্রন্থ উল্লেখযোগ্য।

কেবলমাত্র বৈষ্ণব সাহিত্যেই নয়, বাঙ্গালা সাহিত্যের অন্যান্য বিভাগেও প্রীচৈতন্যের প্রভাব বিশেষভাবে কার্যকরী হয়েছিল। মঙ্গলকাব্যের দেবদেবীদের বিষ্ণবীর প্রভাবে হিস্তেভা অনেকটা প্রশমিত হয়েছিল। রণরন্ধিনী ভীষণা চণ্ডী হলেন মঙ্গলচন্ত্রী, পরে অষ্টাদশ শতাকীতে ভারতচন্ত্রের সাহিত্যের অস্তাভ অয়দামঙ্গলে তিনি হলেন বয়াভয়দাত্রী অয়পূর্ণা—অয়দা। বৈষ্ণব পদাবলীর প্রভাবে শাক্ত সাহিত্য পরিণত হোল শাক্ত পদাবলীতে। বাৎসল্যরনের বৈষ্ণব পদাবলী নবকায়া লাভ করলো শাক্ত পদাবলীতে। বালকৃষ্ণ ও মা যশোদা অথবা বালক নিমাই ও শচীমাভার অহের নিবিভ সম্পর্ক উমা ও মা মেনকার নিবিভ সেহ সম্পর্কে-এবং ভক্ত কবি ও আরাধ্যা আমা মারের বাৎসল্য মধুর সম্পর্কে পরিণত হোল। বিপ্রালভ শৃঙ্গারের মান ভক্ত কবি ও আমা মারের সম্পর্কে নিবিভৃতা লাভ করলো। ছিল মাধ্বের চণ্ডীমঙ্গল কাব্যে ছোট ছোট বিষ্ণুপদগুলি মঙ্গলকাব্যে বৈষ্ণব প্রভাবের অস্তাভ

সাক্ষ্য। কবি ক্তিবাস চৈতন্য পূর্বকালের হলেও ক্তিবাসী রামায়ণে বৈশ্বতার প্রবলতা চৈতন্যোত্তর কালে অহপ্রবেশ করে আপন স্থান করে নিয়েছে বলে অস্থান হয়।

বাউল গানে ও বাউলদের সাধনতত্ত্ব প্রতিতন্য প্রবর্তিত গৌড়ীয় ধর্মের প্রজাব প্রগাঢ়তর। বাউল সম্প্রদায় প্রীচৈডন্যকে তাঁদের মহাগুরু বলে বিখাদ করেন। তিনি রাধা ক্লফের মিলিত বিগ্রহরূপে বাউলদের বাউলগানে প্রটেডভর্গ ধর্ম ও দার্শনিক ওত্ত্বের দিশারী। মান্বরূপে অবতীর্ণ হরে মহাপ্রভু বাউল ধর্মের তত্ত্বকেই প্রতিষ্ঠিত করেছেন। মূসলমান ফকিররাও রাধারুক্ষতত্ত্ব ও চৈতন্যতত্ত্ব থেকে প্রেরণা লাভ করেছেন এবং মহাপ্রভু তাঁদেরও মহাগুরুরূপে স্বীকৃতি পেয়েছেন। লালন ফকিরের একটি গানে প্রীচিডন্য কর্তৃক জ্লাই মাধাই উদ্ধারের উল্লেখ রয়েছে—

গোঁদাই আমার দিন কি যাবে এই হালে।
আমি পড়ে আছি জঙ্গলে।
(তুমি) কত মধম পাপীতাপী অবহেলে তারিলে।
জগাই মাধাই চুটি ভাই
কান্দা ফেলে মারগে গায়,
তারে তো নিলে।
আমি পাপী ডাকছি দদায়
দয়া হবে কোন্ কালে।

আর একটি গানে লালন গৌরের রুপা প্রার্থনা করেছেন—
জানাবো হে এই পাপী হহতে
যদি এস হে গৌর জীবকে ডারিডে।
নদীয়া নগরে যত জন
স্বারে বিলালে প্রেমধন।
জামি নর-অধম
না জানি মরম,
চাইলে না হে গৌর জামা পানেতে।

১ বাংলার বাউল ও বাউলগান—উপোত্রনাথ ভটাচার্ব—পৃ: es-ee ২ ডদেব পৃ: er> ৩ ডদেব

সাহিত্য ছাড়াও বাঙ্গালার সংস্কৃতির অভান্ত বিভাগেও প্রীচৈতত্তের দান গামাল্ল নয়। তিনি নবদীপে অবস্থানকালে চক্রণেথর আচার্ধের গৃছে অভবদ পার্যদ্রের সঙ্গে নিয়ে যে ক্রফ্টীলা অভিনয় করেছিলেন তার বিবরণ চৈতক্ত ভাগবত, হৈতত্ত্বিভাম • মুবারির কড়চা, কবিকর্ণপুরের কঞ্যাত্রণ ও ঐতিচতম্য মহাকাব্য ও নাটকে বিশ্বতভাবে প্রদত্ত হয়েছে। অভিনয়ের প্রকৃতিদৃষ্টে মনে হয়, এই অভিনয় যাত্রাগান ছাড়া অক্স কিছু হডে পারে না। পরে ভিনি নীলাচলে ও রুফ জন্মাষ্টমী উপানক্যে নন্দোৎপর অভিনয় করে-ছিলেন। যাত্রাভিনয়ের এত বিস্তৃত বিবরণ কেন. কোন যথার্থ সংবাদও ইতঃপূর্বে আমরা পাই নি। যাত্রাগান অন্তর্গানের এই যে রীতির প্রচলন দেখা গেল তা পরবর্তীকালে को অবস্থায় চিল ছানা না গেলেও অষ্টাদশ উনবিংশ न्डाकीएड श्रीमाम-श्रदत त्थाभंग, तमन व्यक्षिकात्री, त्यादिन व्यक्षिकात्री, নীলকণ্ঠ মুখোপাধ্যায় প্রভৃতির রুফ্যাত্রায় পুনরুজ্ঞীবিত হয়ে ওঠে। কৃষ্ণকৃমল গোস্বামা পূর্ববঙ্গে বরিশাল অঞ্চলে রাইউন্নাদিনী, বিচিত্র বিলাস ও নিমাই স্ব্যাস যাত্রাপালা রচনা ও অভিনয় করে প্রীচৈতন্তের দিবাজীবনের ভাবায়তকে ষ্ঠ করে তুলেছিলেন। নিমাই সন্ন্যাস পাগা ক্লফ্যাত্রায় এবং গীতাভিনয় ষাজার বিপুল জনপ্রিয়তা লাভ করেছিল। এমন কি চৈতগুজীবনাখ্যান বিশেষ জনপ্রিয়ত। অর্জন করতে সক্ষম হয়েছিল। নট ও নাট্যকার গিরিশচক্র ঘোষের रेठजम्बनीना ও निमांडे मन्नाम चलिनम् विरम्भलात खर्गीम राम्न चार्छ। ম্ভিরায়ের যাত্রায় নিমাই সন্ন্যাস পালাও অভ্যন্ত জনপ্রিয় ছিল।

বাঙ্গালার সঙ্গীতের ক্ষেত্রে প্রীচৈডন্তের অবদানও স্বর্ধ নয়। কীর্তনগান
বিদ্ প্রীচৈডন্তের স্বয়ংস্ট না হয়, তাগলেও তা তার প্রেরণাসঞ্জাত। ছরিনাম
সঙ্কীর্তনই জাবের মুক্তির উপায় বলে মহাপ্রভূ প্রচার
করিনান করেছেন। নিজেও নবছীপে অবস্থানকালে সাকোপাঙ্গ সহ
বিনাম সংকীর্তন করতেন। ছাত্রদের তিনি হরিনাম সন্ধীর্তন করার রীতি
শিক্ষা দিয়েছিলেন।

শিক্তগণ বলেন কেমন সন্ধীর্তন। আপনে শিখায় প্রাভূ শ্রীশচীনন্দন।

[ু] এছকারের যাত্রাগানে মতিলাল রার ও তাঁহার সম্প্রদায়—পূ: ২০-২১ জঃ

হবি হবরে নম: রুফ বাদবার নম:।
গোপাল গোবিন্দরাম শ্রীমধূস্দন: ।
দিশা দেখাইয়া প্রাভূ হাততালি দিয়া।
আপনে কীর্তন করে শিক্ষগণ লইয়া ॥

স্তরাং শ্রীচৈতন্তকেই কীর্তনগানের প্রবর্তক বলা হয়ে থাকে। কবিকর্ণপূরের নাটকে রাজা প্রতাপক্ত বলেছেন, এরকম কীর্তনের কোশল কথনও দেখি নি —ইয়মিয়ং কীর্তন-কোশলং কাপি ন দৃষ্টম্। উত্তরে বাস্থদেব দার্বভৌম বললেন এই কীর্তনকোশল শ্রীচৈতন্তের স্ষ্টি—ইয়মিয়ং ভগবচ্চৈতন্তুসস্ক্টি:।

বৃন্দাবন দাসও বলেছেন,—

চৈতন্ত্রচন্দ্রের এই আদি সংকীর্তন। ভক্ষপণ গায় নাচে শ্রীশচীনন্দন। ত

কৃষ্ণদাস কবিরাজ লিখেছেন—

চৈতক্তের স্বাষ্ট এই প্রেম সংকীর্তন। অবতরি চৈতক্ত কৈল ধর্মপ্রচারণ॥°

হবেরুক্ষ মুখোপাধ্যার বলেন, "সক্ষবদ্ধভাবে হবিনামকীওনের প্রথা তাঁহারই প্রবিভিত।" নীলাচলে স্বরূপ দামোদর মহাপ্রভৃকে চণ্ডীদাস বিছাপতি ও জরদেবের পদাবলী গান করে শোনাতেন। মুখোপাধ্যার মহাশরের মতে লীলাকার্ডনের স্বর্জণাত সেখান থেকেই হরেছিল।

আচার্য দীনেশ চক্র সেন বলেন যে জয়দেব, চণ্ডাদাস-বিদ্যাপতির পদাবলী গানে নিমাই মাঝিমালার স্থর সংযুক্ত করে নবপ্রাণ সংযোজিত করেছিলেন। ভারই ফলে মনোহরশাহী কীর্তনের রীতি প্রচলিত হয়। অনেকের মতে যথার্ঘ শীলাকীর্তনের স্ত্রপাত হয়েছিল নরোত্তম দাস প্রবৃতিত পেতরির

১ চৈ. ভা. মধা—১অঃ ২ চৈ. চক্র. না. ৮ অংক ৩ চৈ. ভা. মধা—২৩ অঃ

[ঃ] চৈ. চ. মধ্য-->১ পরি । বাংলার কীর্তন ও কীত নীয়া--পুঃ ৭৪

७ वांश्वाद कोर्जन ७ कीर्जनीया-नः १०

resusciated the pastoral time of boatman's songs adding to it a lovely musical mode which was quite original, it sprang from his intense and fervid emotion. This was the origin of the famous Manoharshabi"—Chaitanya and his age—p. 145.

মহোৎসবে। শ্রীনিবাস আচার্য ও ভাষানন্দকে সঙ্গে নিয়ে বুন্দাবন থেকে প্রভাবর্তনের পরে উত্তরবাদ খেডরি প্রামে ছয়টি বিগ্রহ প্রভিষ্ঠার সমরে নরোত্তম যে মহোৎসব করেছিলেন তাতে তিনি গৌরচন্ত্রিকাস্থ নুতন धवरनव नीनाकीर्जनव दोष्ठि क्षविष्ठि करविष्ठान । वृन्नावरन क्ष्यपन वा ঞ্পদ গানের প্রচলন ছিল। নরোত্তম বুন্দাবনে অবস্থানকালে বরুপ দামোদর গ্রীক্রীব গোস্বামী বা ব্রুমীথ দাস গোস্বামীর নিকট থেকে গ্রুপদ গান শিক্ষা করেছিলেন এবং বিলম্বিত লয়ে গ্রুপদী হীতিতে কীর্তনগান প্রচলন করেছিলেন থেতবির মহোৎসবে। থেত্রী গছের হাট বা গ্রানহাট প্রগ্ণায় অবিশ্বিত হওয়ায় নবোত্তম প্রবৃতিত কীর্তনবীতি গডেবহাটী বা গডানহাটী শৈলী নামে পরিচিত হয়। কিন্তু এই বিলম্বিত লয়ের কীর্তন-রীতি আহত্ত করা কঠিন হওয়ায় কীর্তনগানের আরও চারপ্রকার রীতিব উত্তব হয়: মনোহরশাহী, वागीशि वा द्वाराति, मन्माविगी ७ बाष्ट्रथे । वना वाह्ना उह्नवहारनव নামামুদারে কীর্তনের শৈলীর নামকংণ হয়েছে। নরোত্তম স্প্রি করেছিলেন গভানহাটী। গোকুলানন্দ ঠাকুর রেণেটি, বেণাদাস মন্দাবিণা, ক্বীক্র গোকুল ঝাডখণ্ডী এবং বিপ্রদাস ঘোষ মনোহরশাহী রীতির প্রবর্তক। কীর্তনগানে মণিপুরী রাতি নরোভ্তমের রীভির নিকট ঋণী, নরোত্তমই আসামে বৈষ্ণবধর্ম প্রচারে আত্মনিয়োগ করেছিলেন।²

মনোহরশাহী চঙের প্রবর্তক মহাপ্রভূ স্বয়ংই হোন, আর বিপ্রদাস ঘোষই হোন, বাঙ্গালার সংস্কৃতির যে অন্ততম প্রধান অক কীর্তনগান তা যে মহাপ্রভূ শ্রীচৈতক্তের প্রভাবে সঞ্জাত তাতে সন্দেহ নেই।

বোড়শ শতাকীতে বাকালার ধর্মে, সমাজে ও সাহিত্যসংস্কৃতিতে বে প্রবল প্রাণবন্ধার আবিষ্ঠাব হয়েছিল—যে অভাবিতপূর্ব জাগরণ দেখা দিয়েছিল—যার প্রেরণায় পাঁচশত বংসরের বাকালী সংস্কৃতি গড়ে উঠেছে, পুষ্ট হয়েছে, তার কেন্দ্রে একটিমাত্র ব্যক্তি—যিনি 'বাকালীর হিয়া অমির মথিয়া' কায়া ধারণ করেছিলেন।

বাঙ্গালার সাহিত্য ও সংস্কৃতিতে ঐ্রৈটেডয়ের অবদান সম্পর্কে ডঃ রাধা-গোবিন্দ নাথ লিথেছেন, 'বাঙ্গালার সাহিত্যে' বাঙ্গালার দর্শনে, বাঙ্গালার

ভাবধারার, বাঙ্গালার কৃষ্টিতে গৌড়ার বৈক্ষব-সম্প্রাণায়ের অবদান অভ্লনীর। বাঙ্গালার কৃষ্টি বলিতে মুখ্যতঃ শ্রীশ্রীগোরস্থারের প্রভাবে পরিপৃষ্ট কৃষ্টিকেই বুঝার—একথা বলিলেও বোধহর অভ্যক্তি হইবে না। বাঙ্গালার প্রাণের ঠাকুর শ্রীশ্রীগোরস্থার প্রবিভিত্ত প্রেমধর্মের প্রভাব যে বাঙ্গালার কৃষ্টিকেই এক অপূর্ব রসে পরিসিঞ্জিত করিয়াছে, তাহা নহে; সমগ্র ভারতের কৃষ্টিতেও ভাহা সঞ্চারিত হইয়াছে।"

শ্রীচৈতন্তের প্রভাবে উড়িয়া সাহিত্যেও নৃতন প্রাণ সঞ্চারিত হয়েছিল। বোড়শ শতান্ধীতে পঞ্চনথা নামে প্রদিদ্ধ পাঁচজন উডিয়া কবি--বলরাম দাস, জগরাথ দাস, অনন্ত দাস, যশোবস্ত দাস এবং অচ্যতানন দাস ঐতিচততার ক্রণালাভ করেছিলেন এবং তার ভক্ হয়েছিলেন। জগরাথ দাস চিলেন ঐতিচতরের সমব্যস্ক ভক্ত। অপর চারজনের কাছে তিনি ছিলেন ধর্মগুক। ঈশ্বদাসের চৈতন্মভাগবত অমুসাবে তিনি প্রীচৈত্তায়র নিকট দীক্ষা গ্রহণ করেছিলেন। অচ্যতানন্দ প্রথমে শ্রীচৈতত্ত্বের নিকট দীক্ষা গ্রহণ করতে গিয়েছিলেন, কিন্তু চৈতনুদেব তাঁকে সনাতনেব নিকট দীকা গ্রহণ করতে উপদেশ দেন। ই ইশ্বর দাসের মতে वलवाम मान टेडज्अरम्टवर निक्ट मोका श्रद्धन करविहालन। । भवाकर मान বলেন যে, বলরাম স্থল সময়েই শ্রীচৈতক্তের নিকটে থেকে তাঁৰ সেবা করতেন। **ঈশরদানে**র বিবরণে অনস্ত মহান্তি শ্রীচৈতলের নিকট দীক্ষিত চরার বাসনা क्षकान नर्दिक्षान, किन्नु महाश्रेष्ठ निष्ठानन्त्रक अग्रदाश करवृद्धिनन জগন্নাথকে দীকা দিতে। ত এই পঞ্চনথা বা পঞ্কবি আহৈতভেৱ কুপালাতে ধন্য হয়েছিলেন। অচ্যতানন্দের মতাহুগারে তারা কীর্তনের মিছিলেও যোগদান কবতেন।⁸ পঞ্চনথা মহাপ্রভুকে গুরু বা ইশ্বররণে দেখেছেন, কিন্তু তাদের মতবাদ গোড়ীয় বৈষ্ণব ধর্ম ৰা বৃন্দাবনেও প্রেমধর্মের থেকে ত্রুর। তৎসত্তেও তাঁদের সম্মনী প্রতিভা বে প্রীচেতন্যের দিব্য প্রভাবে দ্রীবিত হয়েছিল ভাতে সন্দেহ নেই।

> শ্রীনীতৈ ভশ্বচরি চামুভের ভূমিকা—গর সং—পৃ: ৩৪

२ रेड्ड इतिराज्य छेनामान-नृ: ४०० ७ रेड्ड इतिराज्य छेनामान-नृ: ४००-०४

[•] History of Gajapati Kings of Orissa-p. 102.

e The Chaitanyas presence at Puri was a great, though indirect,

প্ৰকাণাৰ মধ্যে বলবাম দাস (জন্ম ১৪৭২) ছিলেন ব্যোজ্যেষ্ঠ এক সর্বাপেকা প্রতিভাশালী। শেষ জীবনে গুরু চৈতন্তের মত অঞ্চৰপাদি শাল্পিক ভাবরাজি তাঁর দেহে ক্রিত হোত। তিনি মন্ত বলরাম নামে अभिक राय्र्डिलन। 3 वनवाम विश्वचारत थाणि वर्धन करविहासन উष्टिया ভাষার রামায়ণ রচনা করে। বলরাম বেদান্ত সার গীতা, গুরুগীতা, বিরাটগীতা, লপ্তক্ষোগদারটীক। প্রভৃতি তত্ত্বমূলক গ্রন্থও রচনা করেছিলেন। বট অবকাশ গ্রন্থে ডিনি জগন্নাথদেবের স্থাতি করেছেন। ৭৫ • টি স্তবকে ভক্তি ও আম্বরিক আবেগময় লিরিককাব্য ভাবসমূত্র। মুগুনীস্ততি ও লম্মীপুরাণ হৃত্যঙ্গ নামক ভক্তি রসাতাক কাব্যধন্ন বলবামের অক্তম স্ষ্টি। বলবামের রামান্ত্র সরলাদাসের মহাভারত ও জগরাথদাসের ভাগবত উডিয়া সাহিত্যের ক্তম শ্বভ্রপ। সরলা দাস পঞ্চস্থার অন্তর্গত নন, তিনি এ দের পথ প্রদর্শক। এই তিনখানি গ্রন্থই উড়িক্সায় বিপুলভাবে জনপ্রিয়। জগন্নাথ দাসকে ক্ষেত্র করে উভিয়া ভাষায় অনেকগুলি জীবনীকাব্যও রচিত হয়েছে। মহাপ্রভুর উড়িয়া আগমনের পূর্বেই জগন্নাথ ভাগবত রচনা করেছিলেন এবং জগন্নাপের ভাগবতপাঠ তনে মহাপ্রভু মুগ্ধ হয়েছিলেন। পঞ্চমথার অপর ছই কবি বভ প্রতিভার অধিকারী ছিলেন না. কবি হিসাবে বিপুল যশেরও অধিকারী হতে পারেন নি। অনম্ভ এবং যশোবস্ত তন্ত্র, যোগ এবং ভক্তি সম্পর্কে কভক্তাল श्रद्ध बहना करबिहालन।" यानावस्त्रमात्रत्र शाविन्तहस्त, वनवारमत्र योज পই বা লক্ষীপুরাণ হুঅঙ্ক, জগন্নাথের মুগুনীস্ততি গাণা জাতীয় কাব্য। क्षत्रवाच मात्मत्र दाभकीका. वनदाम मात्मत्र वह-व्यवकाम ও विकारिमीका. यत्मावस দাসের শিব খরোদয় এবং অচ্যতানন্দের অনাকার সংহিতা নিরাকার বন্ধ, রাধাকুঞ্পুজা ও বত্তিশ অক্ষর জপ সংক্রান্ত তত্ত্বমূলক রচনা।

অচ্যুতানন্দ ছিলেন পঞ্চসখার মধ্যে সর্বকনিষ্ঠ। তিনি কবি অপেকা সাধক এবং ভবিশ্বৎক্ষা হিসাবেই অধিকতর স্মরণীয় হয়ে আছেন। অচ্যুত

blessing to the Panchasakha literature in Orissa, there is no doubt.' --History of Oriya Literature—Dr. Mayadhar Mansinha—p. 90.

> ibid--p. 91.

Restory of Oriya Literature-pp. 92-94.

o ibid—pp. 97-100.

নন্দের শৃশ্বসংহিতা ও অনেথসংহিতা বিশেবভাবে প্রসিদ্ধ। এই ছুই প্রছে মহাযান বৌদ্ধতের প্রভাব আছে। অচ্যুতানন্দের নামে বহু প্রছ প্রচলিত আছে। প্রীকৃষ্ণের জীবনী অবলহনে বলরামের হরিবংশ মৌলিক রচনা। জনশ্রুতি এই যে তিনি উদ্বিয়া ভাষার এক লক্ষ্ণ প্রছ রচনা করেছেন। অতিবল্পত মহাস্থি বলেছেন যে অচ্যুতানন্দ ৩৬টি সংহিতা, ৭৮টি সীতা, ২৭টি বংশাস্কুচরিত, ৭ থণ্ড হরিবংশ, ১২টি উপপুরাণ, ১০০ মালিকা, কতকগুলি কেলি, চৌতিশা, টীকা, বিলাস, নির্ণর, ওগল, গুজ্জরি, ভঞ্জন প্রভৃতি ধ্যীর প্রস্থ রচনা করেছিলেন। ডঃ মারাধ্র মানসিংহ মনে করেন যে অচ্যুতানন্দ্র লাস একাধিক ছিলেন। কিরাকার দাসের ঝুমর সংহিতা শ্ন্যসংহিতা জাতীয় গ্রন্থ।

উড়িলার চৈতক সংস্কৃতির আকর গ্রন্থ ঈশর দাসের চৈতক্ত ভাগবত।
প্রভাত কুমার মুখোপাধ্যায়ের মতে ঈশরদাস গ্রীষ্টীয় বোড়ল শতান্দীর শেবদিকের
লোক। তঃ বিমান বিহারী মন্তুমদারের মতান্ত্সারে তিনি সপ্তদল শতান্দীর
কবি। ত ঈশর দাস শ্রীচৈতক্তকে বৃদ্ধ অবতার এবং জগলাথের অবতাররূপে
বর্ণনা করেছেন। শ্রীচৈতন্য সম্পর্কে কিছু কিছু নৃতন সংবাদও তিনি পরিবেষণ
করেছেন। অভিনব সংবাদগুলির অন্যতম শিখগুরু নানকের সঙ্গে শ্রীচৈতন্যের
সাক্ষাংকারের বিবরণ।

উড়িরা ভাষার অপর একটি উদ্ধেবযোগ্য গ্রন্থ দিবাকরদানের জগন্নাথ চরিতামৃত। ড: মজুমদারের মতে দিবাকর খ্রীষ্টার সপ্তদশ শতান্ধীর মধ্যভাগে বর্জমান ছিলেন। জগন্নাথ চরিতামৃতের প্রথম সাত অধ্যায়ে কবি শ্রীচৈতন্য সম্পর্কে কিছু কিছু বিবরণ দিয়েছেন। দিবাকর দাস গোডীর ভক্তদের সঙ্গে উদ্ধিয়া ভক্তদের বিরোধের উল্লেখ করেছেন। কিছু ড: প্রভাত কুমার মুখোপাধ্যার এই ঘটনার সম্ভাব্যতা অস্বীকার করেছেন ° গোবিক্সদেব নামক উদ্ধিয়া কবি শ্রীগৌরক্সফোদ্রকাব্যম্ নামে সংস্কৃতভাষার একটি কাব বচনা করেছিলেন কৃষ্ণদাস কাব্যান্দের চৈতন্যচরিতামৃত কাব্যের অনুসরণে

> History of Oriya Literature-p. 103.

২ সাহিত্য পরিবদ পত্রিকা—১৩৪০, হর সংখ্যা—পৃ: ৭৬

৩ ঐতিচত চরিতের উপাদান—পৃ: ১৯৭

a Hist. of Gajapati Kings of Orissa-p. 102.

উড়িয়া ভাষার মাধব (পট্টনারক ?) চৈতন্যবিলাস নামে একটি কাব্য রচনা করেছিলেন। মাধব ছিলেন চৈতন্য পার্বদ গদাধরের শিশ্র। চৈতন্য বিলাদের সঙ্গে লোচনের চৈতন্যমঙ্গলের প্রভূত সাদৃশ্রহেত্ ভঃ মন্ত্রদার লোচনকেই মাধবের অন্থলারী বলে প্রতিপন্ন করেছেন।

মহাপ্রভাৱ অন্তর্ম ভক্ত কানাই খুঁটিয়া প্রীচেডনা সম্পর্কে মহাভাব প্রকাশ নামে পজে একটি গ্রন্থ রচনা করেছিলেন। ড: মজুমদার হুরঙ্গীর রাজার গ্রন্থানারে রক্ষিত উড়িয়া ভাষায় লেখা প্রীচেডনা সম্পর্কে নিয়লিখিত গ্রন্থপ্রার, পূঁথির উল্লেখ করেছেন:—(১) চৈডনা চল্লোদয়, (২) চৈডনা চল্লোদয় কৌমুদী, (৬) চৈডনা ভাগবত, (৪) চৈডনা সম্প্রদায়, (৫) চৈডনা পূজাময়, (৬) ভজ্তি চল্লোদয়, (৭) স্বপ্রদাস রচিত বৈষ্ণব সারোভার, (৮) গোবিন্দ ভট্ট রচিত চিডনাবলী, (৯) চৈডনা মহাপ্রভুজ্ ঝুলন ছন্দ, (১০) সবক্ষা প্রীরাধাকান্ত, (১১) মহাপ্রভুজ্ মহিমাসাগর। এ ছাড়া সদানন্দ মোহন কয়লতা নামক পূঁথির শেবে তাঁর ব্রন্ধাগ্রমগুল নামক প্রস্থে চৈডনোর বাল্যলীলা বর্ণনার উল্লেখ করেছেন। প্রটাদশ শতকের উড়িয়া ভক্ত কবি কবিস্থা সদানন্দ প্রেম্বার্কাণী কার্যে চৈডনাজীবনকথা বর্ণনা করেছেন।

শ্রীচৈতন্য প্রবৃতিত বৈষ্ণবধর্মের প্রভাবে রাম ও ক্লুফ্রিয়ন্ধ বহু কাব্য কবিতা বিচত হয়েছে উড়িয়া ভাষায় প্রীষ্টার অষ্টাদশ উনবিংশ শতাকীতে। এই মুগে প্রাণকাব্য, বৈষ্ণব কাব্য এবং বৈষ্ণবীয় নীতি-কবিতা উড়িয়ার ভাষায় প্রচুব পরিমাণে লিখিত হয়েছে। আলংকারিক বৈষ্ণব কাব্যের কবি দীনকৃষ্ণ, অভিমন্থ্য, ভক্তচরণ, যাত্মণি, তুর্গভ দেব, ভূপতিপণ্ডিত প্রভৃতি। বৈষ্ণবীয় সঙ্গীত রচরিতাদের পথ প্রদর্শক উপেন্দ্র। জগরাথ দাসের ভাগবত ও বৈজ্ঞবীয় গীতি রচয়িতাদের পথ প্রদর্শক উপেন্দ্র। জগরাথ দাসের ভাগবত ও বৈজ্ঞবীয় গীতি রচয়িতাদের পথ প্রদর্শক উপেন্দ্র। জগরাথ দাসের ভাগবত ও বৈজ্ঞবী ধর্মের প্রভাব বৈষ্ণবীয় গীতিতে প্রেরণা বুগিরেছে। বৃন্দাবতী দাসী গান রচনা করেছিলেন কৃষ্ণলীলা অবলম্বন। দীনকৃষ্ণদাস রসকল্পোল এবং আর্ড-জ্ঞাণটোতিশা নামে তুথানি কাব্য রচনা করেছিলেন। রসকল্পোলে দীনকৃষ্ণ বৃধ্বা-বৃন্দাবনে শ্রীকৃষ্ণের লীলা বর্ণনা করেছেন সরল স্থমিষ্ট ভাষার। অভিমন্থ্য সামন্ত সিংহ (১৭৫৭-১৮০৭ ব্রীঃ) বৈষ্ণবীয় বিদয়চিন্তামণি রচনা করেছিলেন।

> औरिक्छ प्रतिराज्य छेनामान-नृ: २१३ २ छरम्ब नृ: ८०८-७

দীনকৃষ্ণের প্রায়ে ক্ষেত্র মণুরা যাত্রা ও কংসাদি দানবব্ধের বিবরণ প্রাধান্য পেরেছে। যাত্মণি মহাপাত্র প্রবন্ধ পূর্ণচন্দ্র-এ ক্লফ ও ক্লিণীর পরিণরের ঘটনা বর্ণনা করেছেন। ভূপতি পণ্ডিত রাসলীলার বিবরণ ও ব্যাখ্যা দিরেছেন প্রেমপঞ্চাযুতকাব্যে।

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে রাধা-ক্ষের প্রণয়লীলাকে দ্রিক সন্দীত বৃচিত হরেছে উড়ির। ভাষার প্রচুর। কবিসুর্য বলদেব রখ (মৃত্যু ১৮৪৫) ৫০০ প্রচার সীতিধর্মী কাব্য বা সঙ্গীত রচনা করেছেন। জয়দেবের গীতগোবিন্দেব আদর্শে কিশোরচন্দ্রানন্দ-চম্পু নামে উডিয়া ভাষায় গছ ও পছে রাধারুফলীলা বর্ণনা করেছেন কবিস্থা। কবিস্থেগ মত গোপালক্ষ্ণ শতশত প্রেমগীত বচনা করেছেন। এর কাবো রাধা ও ক্ষ কেবলমাত ধ্যীয় প্রতীক নন---কবি মানবীয় প্রেমকথাকে আম্বরিক আবেগে অমুভূতিব গভীবতায় স্বগায় প্রেমে উত্তরিত করেছেন। গোপালকুক বালাপ্রেমকে যৌবনের গভীরতায় পৌছে দিয়েছেন। গোপালক্ষেত্ৰ গীতাবলী এবং দামস্থ সিংহেব বিদম্ব চিম্বামনি উদ্ভিয়া ভাষায় বৈষ্ণবীয় দাহিতোর সম্পদ। ' ড: হরেক্লফ মহতাব চৈত্যপ্রভাবিত উভিয়া সাহিত্য সম্পর্কে মন্তব্য করেছেন—"A useful outcome of this religious up-heaval of the period on account of the cult of love was that Oriya literature received a strong impetus. Various discourses on religious subjects were written, love episodes of Radha Krishna were mainly described in poetry and achievements of Sri Chaitanya were given shape in literature."?

অসমীয়া সাহিত্যে ঐতিতত্যের প্রভাব তেমন ব্যাপক না হলেও অপ্রেংখনীয় নয় ভট্টদেব 'সং সম্প্রদায় কথা' গ্রন্থে ঐতিচতত্যের আসাম ভ্রমণ কাহিনী লিপিবদ্ধ করেছেন। কৃষ্ণভারতীয় সম্প্রনির্ণয় গ্রন্থে কৃষ্ণ আচার্বের সম্ভ বংশা-বলাতে এবং দাপিকাচান্দ নামে একটি গ্রন্থে ঐতিচতন্ত সম্পর্কে কিছু কিছু তথ্য পরিবেশিত হয়েছে। আসামে বৈফ্বধর্ম প্রচায়ক মহাপুক্র শহরদেবের সঙ্গে ঐতিচতন্তের সাক্ষাৎকার হয়েছিল বলে কিম্বন্থী আছে। কোন কোন অসমীয়া

History of Oriya Literature-pp. 135-37, 140.

History of Orissa-p. 92.

প্রমেপ্ত উক্ল ঘটনার উল্লেখ আছে। শ্রীকৈতক্ত ও শংকবদেব সমসামরিক হওরার এবং শংকরদেব শ্রীকৈতক্তের জীবৎকালেই পুরী গমন করার এই সাক্ষাৎকার অসম্ভব নয়। শংকবদেব প্রচারিত ধর্মে গৌড়ীয় বৈফার ধর্মের সহঙ্গ সাদৃত্ত বর্তমান। শংকর শিক্ত দামোদরের মতাম্বর্তিগণ শ্রীকৈতক্তমে অবতার বলে স্বাকাব করেন। দামোদর পদ্বী ও মহাপুক্ষীয়াপদ্বীদের প্রমেশ শংকরদেশের জাবন প্রসংগে শ্রীকৈতক্তের উল্লেখ পাওয়া যার। অসমীয়া সাহিত্যে শংকরদেশের প্রভাব যতটা গভার শ্রীকৈতক্তের প্রভাব ততটা নয়। কারণ আসামে গৌড়ীয় বৈফাবধর্ম প্রচাবিত হয়েছিল নরোন্তম দাস ঠাকুরের ঘারা সপ্তদশ শতান্ধীর শেষভাগে। তথাপি অসমীয়া সাহিত্যেও শ্রীকৈতক্ত থানিকটা শ্রান দথল করে নিয়েছেন, এটাও কম গৌরবের কথা নয়।

মহাপ্রভূ শ্রীচৈতক্ত যেমন ভারতবর্ষের একটা বিশাল ভূথণ্ডে ভাববক্তা এনে
নৃতন প্রাণ সঞ্চাব করেছিলেন, তেমনি সংস্কৃত. বাঙ্গালা ও ৬ড়িয়া সাহিত্যের
বিপুল বিকাশের কারণ হয়েছিলেন। বাঙ্গালার সংস্কৃতিকেও কয়েক শতাকী ব্যাণী
সঞ্জীবিত করে রাথতে সমর্থ হয়েছিলেন। ভারতীয় সাহিত্য ও সংস্কৃতিতে
শ্রীচৈতক্তের অবদান সভাই অপরিমেয়।

একবিংশ অধ্যায় যুগাবতার শ্রীক্লম্বটেতন্য

মহাপ্রভূ **ঐক্তফটেডক বৃগপুরুষ—বৃগের প্রয়োজনে তাঁর জাবি**ভাব। বালালেশ যথন ইসলামী শাসনে অত্যাচারে উৎপীড়নে দিশাৰারা ভীত कल्लामान-नाना कांद्रर्श हिन्दू त्वीक यथन करन करन हेम्नाम धर्म श्रवण করছিল,—ভয়াবহ অভ্যাচার উৎপীড়ন থেকে বাঁচার রাম্ভা না পেয়ে মাছুষ যথন তথাক্ষিত লোকিক দেবদেবীতে আত্মসমর্পণ করে বাঁচার বার্ধ প্রদাস कविहिन, चार अकरन विनारम वामरन वृक्षा चर्च चन्न करत श्रवक धर्मकर्म विमर्कन पिष्ट थावरीन चाठांत चक्रांति नितर्थक चार्याप श्राह्म कानयानन করছিল-শ্বতিশাল্প শাসিত হিন্দুসমাজ যথন জাতিভেদ্বের সংকীর্ণ গঙীকে **সংকীর্ণতর** করে আত্মরক্ষার নামে আত্মহননের পথ বেছে নিয়েছিল,— সেই ৰুগদংকটের কালে জাতির পরিজাতা হিদাবে আবিভূতি হলেন যুগাবভার ঐক্ষটেতত্ত্ব। নাতিহীন, ধর্মহীন, ভক্তিহীন, আত্মঘাতী সংকীর্ণতায় আছের আত্মবিশাদ্যীন ক্ষিষ্ণু হিন্দুসমাজের সমূথে তিনি আবিভূতি হলেন বরাভয় हास, -- निर्वाध मिक ও विनिष्ठं वास्किष निष्म উপन्थि हालन कां जित्र जानकर्छ। হিসাবে বৈষ্ণৰ সমাজের তথা সমগ্র জাতির নেতা হিসাবে অটুট মনোবল निष्य--- जिन्होन प्राप्त धार्याहज क्रालन जिन्द बन्हा-- जिन्द बारक করলেন আবালবৃদ্ধবণিতা জাতিধর্ম নির্বিশেষে অগণিত মাহুষকে। গন্না থেকে প্রভাবের্ডনের পরে পরিবর্ভিত নৃতন মাহুষ শ্রীগোরাক নেতৃত্ব দিলেন উপেক্ষিত নিপীড়িত বৈষ্ণব সমাঞ্চের। ক্ষমবার গৃহে অবৈত হরিদাস ঞীবাসাদি বৈক্ষবগণ সহ করতেন হরিনাম সংকীর্তন রূপেগুণে পাণ্ডিত্যে অমুপম ত্রীগৌরচক্র। ক্রমে ক্রমে আরও অনেকে সমবেত হলেন শ্রীগোরাঙ্গের চারিপাশে। শক্তিবৃদ্ধি হতে থাকে বৈষ্ণব সমাজের। তুরুত্ত জগাই মাধাই খ্রীচৈডন্যের প্রেমধর্মের প্রভাবে রূপান্তবিত হোল নৃতন মাহুবে—ভক্ত বৈরাগীতে। কলে নবৰীপের বৈঞ্ব সমাব্দের শক্তি বছগুণ বর্ধিত হোল। নবজাগ্রত জনশক্তির প্রতাপ জহুভূত হোল অত্যাচারী শাসকের প্রতিনিধি কাজিকে শাসন করার रेक्ट नगरकर

ঘটনার। ইরিপ্রেমধর্মের প্রভাবে জাগ্রত হরে উঠলো নব্য

वाकानाव खब्द्याव क्र-अन्तन । विश्न जनमःष्ट्रे मनान हाटण

সাধির বাড়ীর দিকে চলেছে বাছভাও বহু হরিনাম সংকীর্ডন করতে করতে

শ**তি**শৃদ্ধি

মার মার রব তুলে। ভাঙ্গলো তারা গাছপালা আর ঘরের দরজা।

আজ অন্থাবন করা কঠিন কিন্তু সেদিনের মৃতপ্রায় বঙ্গবাসীর ভাষা মেকদণ্ডকে সোজা করে দাঁড়াবার প্রেরণা দিরেছিলেন জাপ্রত বাঙ্গালার জনশক্তির জাগ্রন প্রাণপুরুষ প্রিগোরাঙ্গদেব। হীনমন্যভার পংকৃত্ত বেক্কে জেগে উঠলো বাঙ্গালী হিন্দু—জাগলো প্রবল ভেন্ত এবং শক্তি নিম্নে বিপ্ল গোরবে আত্মবিশানে অটল অভ্যাচারী পরাক্রান্ত শাসক শক্তির বিক্লন্তে কথে দাঁড়াবার অসাম শ্র্পা নিয়ে। এইভাবে মহাপ্রভূ প্রীচৈতন্য বাঙ্গালীর নব জাগরণের প্রাণপুরুষ—বাঙ্গালী মানসের নবযুগের উদ্যাভা হয়েছিলেন। ভঃ রমেশচক্ত মন্ত্র্মদার জিখেছেন, "Bengal had not raised her head in protest against Muslim oppression and in defence of her religion for 300 years; she had silently suffered the depth of humiliation and insults in the shape of demolition of her temples and the destruction of her idols. The leadership of Chaitanya worked wonders,"

ড: মৰ্মণাৰ আৰও লিখেছেন, "The Hindus of Bengal were infused with a new life by the example and ideal of Chaitanya and the moral uplift that he had brought about all round."

বালাবার প্রাণপুরুষ প্রাচৈতনাের অভ্যাদরে বালাবার রাজনীতিতে সাহিত্যে সমাজে হােল নব্যুগের অভ্যাদর। মহাপ্রভুর কাজিগৃহ অভিযান এদেশে প্রথম অহিংস সভাাগ্রহ।

শ্রীকৈতন। জানতেন, নিখিত ভাবে উপদেশ দেওয়া অপেকা নিজের আচরণ দিরে চারিত্রিক দৃষ্টাস্ত দিরে জনশিকা দিলে তার উপযোগিতা অনেক বেৰী। তাঁর জীবন লোক শিকার পুঁথিশালা। নববীপে বিক্লুমন্দির মার্জন ও নীলাচলে প্রতি বংগর দগণে গুণ্ডিচামন্দির মার্জনের বারা তিনি কারিক শ্রমের

History of Mediaeval Bengal-p. 203.

[₹] ibid

মর্বাদা ছাপন করেছেন; সয়্যাসীরও কর্মের প্রয়োজনীরতা খ্যাপন করেছেন।
তাঁর জীবনে সয়্যাসীর আচরণীয় বিধি কঠোরভাবে পালন,
লোঞ্দিকা
পভার মাতৃভজি, দরিস্তের সেবা, সংখ্যা গণনাপূর্বক হরিনাম
জপ প্রভৃতি সবই লোক শিকার উদ্দেশ্তে। জাতিভেদ প্রথা সম্পর্কে তি ন ম্পষ্ট
ভাবে কিছু না বললেও তাঁর আচরণ থেকেই এ সম্পর্কে তাঁর মনোভাব

হিন্দুর বর্ণাশ্রম ধর্মকে অগ্রাহ্ম করেন নি শ্রীচৈতক্ত অর্থাৎ জাতিভেদ প্রথাকে বাহ্মতঃ তিনি অস্বীকার করেন নি। যবন হরিদাদ নীচকুলে জন্ম বলে জগন্নাথ মন্দিরে প্রবেশ করতেন না, এতে মহাপ্রভূ সম্বোষ প্রকাশ করেছিলেন।

কাতিভেদ ও শ্রীচৈতক

হবিদাস কহে মৃঞি নীচ জাতি ছার।
মন্দির নিকটে বাইতে নাহি অধিকার।
নিজ্তে টোটা মধ্যে যদি খান থানিক পাঙ।
তাঁহা পজি বহোঁ একা কাল গোরাঙ।
জগরাপের সেবক মোর স্পর্শ নহি হয়।
তাঁহা পজি রহোঁ মোর এই বাছা হয়।
এই কথা লোক গিয়া প্রভুরে কহিল।
ভূমি মহাপ্রভু মনে স্থুখ বড় পাইল॥
১

একবার বৈশাধ মাসে সনাতন এসেছিলেন নীলাচলে। একদিন জৈাষ্ঠমাসে
মধ্যাহ ভিক্ষার জন্ত প্রভু ভেকে পাঠালেন সনাতনকে। যবনরাজের জনতোজন
ও যবনরাজের সংস্পর্ণহেতু সনাতনের মনে ছিল হীনমন্ততা। তিনি মন্দিএের
সিংহ্ছার ছেড়ে সম্জের তীরে তীবে তথ্য বালুকার উপর দিয়ে এলেন প্রভূষ
ভাবাসে আইটোটায়। গ্রম বালুকার উপর দিয়ে হেঁটে আসার জন্ত তাঁর পায়ে
কোন্ধা পড়েছে। এত ক্লেশ সন্ত করে বালুকাময় পথে আগমনের কারণ প্রভূ
ভিক্তাসা করায় সনাতন বলেছিলেন পাছে জগলাথের সেবকরা তাঁর স্পর্ণে অভচি
হয়ে য়ান, এই আশংকায় তিনি তথ্য বালুকায় উপর দিয়ে ঘুর পথে এসেছিলেন।

ভনি মহাপ্রভূ মনে সম্ভোষ পাইলা। ভূষ্ট হঞা তাঁরে কিছু কহিতে লাগিলা।

> है. ह. यथा >> পदि

२ हे. ह. ज्ञा । श्वि

তিনি বললেন স্নাতনকে---

যম্ভণিও তৃষি হও ভগংশাবন।
তোষা স্পর্লে পবিত্র হর দেব মৃনিগণ॥
তথাপি ভক্ত স্বভাব—মর্বাদা-রক্ষণ।
মর্বাদা পালন হয় সাধুর ভূষণ॥
মর্বাদা লক্জনে লোক করে উপহাস।
ইহলোক, পরলোক— তুই হয় নাশ॥
মর্বাদা রাখিলে তুই কৈলে মোর মন।
তৃষি ঐছে না করিলে করে কোন স্থন।

অবৈতপ্রকাশে একটি গল্প আছে। একদিন বর্ধা বাদলের দিনে নীলাচলে আবৈতের আবাসে অবৈত ও সীতাদেবী মনের সাধ মিটিয়ে চৈতক্ত প্রভুকে ভোজন করিয়েছিলেন। সেই সময়ে ঈশান (নাগর) শ্রীচৈতক্তের পা ধুইছে দিতে গেলেন, ঈশান লিখেছেন—

গোরের পাদধোত লাগি মৃঞি কীট গেছ। তিঁহ কহে বহু বহু বিপ্র বিষ্ণু তছু।

গৌরাঙ্গ পদ ধৌত করার সোঁভাগ্য থেকে বঞ্চিত হওয়ার ক্ষোতে ঈশান যজোপবীত ছিন্ন করে কেললে গৌরচজ্র ঈশানকে তিরস্কার করে পুনরায় যজোপবীত পরিরেছিলেন। ঈশান লিখেছেন—

এত ভাবি যজ্ঞ স্থ ছিণ্ডিম্ন তখনে।
তাহা দেখি মোর প্রভূ হাসিয়া কহিলা।
কি লাগি ঈশান বিপ্রধর্ম বিনাশিলা।
কিলাতি যজ্ঞ স্থ চিন্তান্ত দাতা।
নিরম্ভর পরব্রমে হাদ্য নির্যোক্তা।
এত কহি প্রভূ পুন পৈতা দিলা মোরে।

এই ঘটনা যদি সত্য হয় তাহলে মহাপ্রত্ত আদাণ মাত্রকেই উচ্চ মর্বাদা ছিতেন, একণা যথার্থ সত্য হয়ে ওঠে।

মহাপ্রভূ বর্ণাশ্রম ধর্মকে বহিয়ে চূর্ণ করতে না চাইলেও এর সংকীর্ণতাকে ভিনি বিচুর্ণিত করেছিলেন এর মর্মমূলে কুঠারাঘাত করে। অস্পৃষ্ঠতার মত

১ कि. ह. खबा 8 श्री २ च. थी. ३৮ चः

দ্বিত ব্যাধি দ্বীকরণে এ দেশে প্রথম এবং সক্ষ আন্দোলন স্কুক হয়েছিল মহাপ্রভূ প্রীচৈতজ্ঞের প্রবর্তনায়। তিনিই ঘোষণা করেছিলেন—চণ্ডালোহণি বিজ্ঞান্তিঃ হরিভক্তিপ্রায়ণঃ। তিনি বল্লেন—

> চণ্ডালেহো মোহার শরণ বছি লয়। সেহো মোর মৃঞি ভার জানিহ নিশ্চয়। সন্মানীও যদি মোর না লয় শরণ। সেহো মোর নহে সভ্য বলিলু বচন॥

তাঁরই মতাদর্শ বৃন্দাবন দাস ব্যক্ত করেছেন স্পষ্টভাবে—
চণ্ডাল চণ্ডাল নহে যদি রক্ষ বলে।

विश्व नरह विश्व यहि अनः श्रव हरन ।

মধ্বার অবন্থান কালে মহাপ্রভু অনাচরণীয় পতিত সনোডিয়া ব্রাহ্মণের গৃহে ব্রাহ্মণ পাচিত অন্ন গ্রহণ কবেছিলেন।

> যন্তপি সনোড়িয়া হয় সেই ত ব্রাহ্মণ। সনোড়িয়া ঘরে সন্যাসী করে ভোজন ॥

ভিনি কায়স্থ রখুনাথ দাসকে ব্রাহ্মণেশ একচ্ছত্র অধিকার থর্ব করতে নিজের পৃষ্ঠিত শালগ্রাম শিলা (গোবর্ধন শিলা) পৃষ্ঠা করতে দিয়েছিলেন।

দীন দরিত্র মূর্ব পতিত অস্পৃষ্ঠ অন্তচি পাপী তাপীর জন্ত পরম কারুণিক শ্রীচৈতন্তের অস্তঃকরণ কেঁদে উঠেছিল। এঁদের মৃক্তির জন্তই তাঁর সন্ন্যাস গ্রহণ। সন্ন্যাসেব পূর্বে তিনি বলেছিলেন—

সন্মাসেনোদ্ধরাম্যেব তেন ছষ্টানপি ক্ষিতে। 18

মুরারির বিবরণামুসারে তিনি বলেছিলেন-

উৰবামি জনান দ্বান সন্থাদাশ্ৰমমাখিত:।

--- সন্ত্রাসাপ্রম গ্রহণ করে সকল লোককে উদ্ধার করবো।

পূর্ব, দক্ষিণ এবং উত্তর ভারত পরিক্রমা করে মহাপ্রভূ সর্বত্ত হরিনাম প্রচার করেছেন। শেব ঘাদশ বংসর অন্তর্ম ভাবরসে মর থেকেও তিনি দীন দরিজের কথা বিশ্বত হন নি। তাই তিনি নিত্যানক্ষকে পরিতের ভগবান গোডে পাঠালেন আচপ্রাল সকল মান্ত্রকে হরিনাম মহামন্ত্রে মুক্তির পথ দেখাতে।

> देह छा. यथा ३७ छा: २ देह. छा. यथा ३ छा: ७ देह. ह. यथा ३९ शति

बोक्क्टेक्स्डालबावनी—४।३४

বিভাানশ্যে তিনি বললেন-

মূর্থনীচলড়াছাথ্যে। যে চ পাতকিনোহপরে।
তানেব সর্বথা সর্বান কুক প্রেয়াধিকারিণ:।

— মূর্ব নীচ জড় অন্ধ ও অক্তান্ত যার। পাতকী তাঁদের সকলকে সর্বপ্রকারে কক্ষেবের অধিকারী কর।

कुलावन मान निर्धाहन--

প্রভূ বোলে তান নিত্যানন্দ মহামতি।
সদ্ধের চলহ তুমি নবছীপ প্রতি ॥
প্রতিজ্ঞা করিয়া আছি আমি নিজমুখে।
মূর্য নীচ দরিস্র ভালাব প্রেম স্থথে ॥
তুমিও থাকিলা যদি মূনিধর্ম করি।
আপন উদ্দামভাব সব পরিছরি।।
তবে মূর্য নীচ যত পতিত সংলার।
বোল দেখি আর কেবা করিব উদ্ধার ॥
ভক্তিরলদাতা তুমি সম্বরিলে।
তবে অবতার বা কি নিমিত্তে করিলে ॥
এতেকে আমার বাক্য সত্য যদি চাও।
তবে অবিলম্বে তুমি গৌড়দেশে যাও ॥
মূর্য নীচ পতিত দ্বংখিত যত জন।
ভক্তি দিয়া কর গিয়া সভার মোচন ॥
১

নিত্যানক মহাপ্রভুর আদেশ অস্থসারে নীলাচণ ছেড়ে গৌল্পদেশে আগখন করে নীচ অধম পতিতদের হরিনামে মন্ত করে তুলেছিলেন। তিনি সপ্তগ্রাম জিবেণীর ব্যক্তবৃদ্ধত উদ্ধার করলেন—

নিতানন্দ মহাপ্রভুর মহিষা অপার।
বণিক্ অধম মুর্থ যে কৈল নিস্তার ॥
নীলাচলে নিত্যানন্দ গৌড় থেকে এসে মিলিড হলে এটৈচতন্ত বলেছিলেন—
নীচ জাতি পতিত অধম বত জন।
তোমা হৈতে সভার হইল বিমোচন ¹⁸

১ মু. ক,--।২১।১০ ২ ট্যে ভা. অস্তা. ৫ অঃ ৩ চৈ. ভা. এস্তা ৫ অঃ ৪ চৈ. ভা. অস্তা ৭ অঃ

অবৈত আচাৰ্যকেও মহাপ্ৰভু নীৰাচলে আচণ্ডাল সকল মাস্থকে কৃষ্ণভদ্ধি বিভৱণ করতে আদেশ করেছিলেন—

> আচার্বেরে আক্সা দিলে করিরা সন্মান। আচণ্ডালাদিরে করিও কুঞ্চভক্তি দান।

অবৈত-নিত্যানন্দের হারাই কেবলমাত্র নয়, চৈতদ্যদেব হয়ং লোকশিক্ষার নিমিত্ত হীন পভিতদের কোল হিয়েছিলেন, এরপ দৃষ্টান্ত চরিত গ্রাহণ্ডলিডে অপ্রতুল নয়। বায় রামানন্দ জাতিতে শুক্র বলে মহাপ্রভুর আলিঙ্গনে ধরা হিতে কৃতিত হলেও মহাপ্রভু অসংকোচে তাঁকে আলিঙ্গনাবদ্ধ করেছিলেন।

তেঁহো কৰে সেই মৃঞি দাস শৃদ্র মন্দ ॥
তবে প্রভূ কৈন্স তারে, দৃঢ আলিঙ্গন। ই
তথন প্রত্যক্ষদর্শী বৈদিক ব্রান্ধণেবা বলেছিলেন—
এই ত সম্মাসীব তেজ দেখি ব্রহ্মসম।
শৃদ্র আলিঙ্গিয়া কেনে করেন ক্রন্ধন॥ ৩

রার রামানন্দের মত সনাতনও মহাপ্রভুর সারিধ্যে অত্যস্ত ক্র্থাবোধ করেছিলেন। মহাপ্রভু সনাভনকে আলিঙ্গন করভে যাছেনে আর সনাতন পিছু হটছেন। সনাতন বলছেন,—

যবন হরিদাস মহাপ্রভুকে বলেছিলেন—
হীন জাতি জন্ম মোর নিন্দ্য কলেবর।
হীন কর্মে রড মৃই জ্বংম পামর।
অদুশ্র অম্পুশ্র মোরে জ্বনীকার কৈলে।
রৌরব হইডে মোরে বৈকুঠে চড়াইলে।

হরিদাসের দেহাতারের পর মহাপ্রভু খয়ং তাঁকে সমাধিত্ব করে মহোৎসৰ করেছিলেন। হরিদাসকে সমাধিত্ব করার বিবরণ প্রসঙ্গেক কবিরাজ বলেছেন—

১ চৈ চ. মধ্য ১০ পরি ২ চৈ. চ. মধ্য ৮ পরি ৩ চৈ. চ. মধ্য ৮ পরি

• তদেব অস্তা, ৪ পরি
• তদেব অস্তা, ৪ পরি

• তদেব অস্তা, ৪ পরি

• তদেব অস্তা, ৪ পরি

• তদেব ১১ পরি

বাল্কায় গর্জ করি তাহা শোরাইল।
চারিদিগে ভক্তগণ করেন কীর্জন।
বক্তেশ্বর পণ্ডিত করেন আনন্দে কীর্জন।
হরিবোল হরিবোল বলে গৌর রায়।
আপন শ্রীহন্তে বালু দিল তার গায়।

জাতিধর্ম নির্বিশেষে দকল মান্থবের প্রতি এই অহৈতৃকী অপরিদীম রূপা ব্রীচতক্তকে পতিতের ভগবানে পরিণত করেছিল। মহাপ্রভু স্বয়ং বলতেন—

> ন মে ভক্তক তুর্বেদী মন্তক্তঃ স্থপচঃ প্রিয়ঃ। তব্যৈ দেয়ং ততো গ্রাহাং স চ প্রায়ো যথা হাইম্ ॥

—চতুর্বেদাধ্যায়ী ব্রাহ্মণ আমার ভক্ত নয়, চণ্ডাল যদি আমার ভক্ত হয়, তাহলেও লে আমার প্রিয়, তাঁকেই দান করা উচিত, তাঁর দানই প্রহণীয়, আমি বেমন পূজা, ভিনিও ভেমনি পূজা।

পরম কারুণিক গৌরচন্দ্র সম্পর্কে কবিকর্ণপূর তাই বললেন—
ন জাতিকুশীলাখ্রমবিদ্যাকুলাছ্যপেকী হি হরে: প্রসাদ: ।"

— শ্রীহরির (গৌরাকের) প্রসাদ জাতি, শীল, আশ্রম, ধর্ম, বিভা, কুল সপেকা করে না।

লোচন দাসও বলেছেন যথাৰ্থ ই :--

করুণাসাগর প্রভূ সদন্তহদর। আজিদন দেখি প্রভূ তথনি দ্রবয় ॥

গোবিন্দ্রদাস কবিরাজ একটি পদে লিখেছেন-

পতিত হেরিয়া কাঁদে

শ্বির নাহি বাঁধে

कक्ष्म नज्ञात्न ठात्र।

নিক্পম হেম জিনি

উক্ষার গোরাতম

व्यवनी घन शक्ष यात्र I

মহাপ্রভূ প্রীচৈতন্তের সর্বব্যাপী করুণা, বিশেষতঃ হীন পতিতের **জন্ত** ইমিনাম মহামত্র প্রহণে মুক্তির আখাস তাঁর সমকালে ও পরবর্তীকালে ভক্তদের

১ है. है. ब्रह्म ১১ পরি । १ है. हिंदिलायुक महाकारा-->१।১६ ; है. हेट. हेट. मी. ३ व्याप

७ हे. हेन ना-११० ६ हे. म. जाक्षिक ६ त्रीत्रभवजानियी--अ०३

ষারা বারংবার সপ্রশংসভাবে উলিখিত হয়েছে। মহাপ্রভূর রুগাপ্রাপ্ত অবৈভবাদী-বৈদান্তিক প্রবোধানন্দ সরস্বতী চৈতন্যন্ততি প্রসঙ্গে লিখেচেন—

পাত্রাপাত্র বিচারণাং ন সং পরং বীক্ষতে
দরাদেরবিমর্শকো নহি ন বা কালপ্রীক্ষ: প্রভঃ।
সাধ্যো যং শ্রবণেক্ষণ প্রণমনধ্যানাদি তুর্লভং
দত্তে ভক্তিরসং স এব ভগবান্ গোরং পরং মে গভিঃ।
পাপীরানপি হীনজাতিরপি তঃশীলোহপি তৃত্বর্যপাং
সীমাপি স্বপচাধমোহপি সভতং ত্ব্যসনাচ্যোহপি চ।
ত্বর্দেশপ্রভবোহপি তত্ত্ব বিহিতবাসোহপি তঃসক্রতো
নাষ্টোহপাত্বত এব যেন ক্রপষা তং গৌরমেবাশ্রারে।

—যে প্রাক্ত পাত্রাপাত্রবিচার না করে, আত্মপর না দেখে, দের আদের ভেদ না করে, কাল অকাল প্রতীক্ষা না করে প্রবণ, দর্শন প্রণাম ও ধ্যানাদির ছাবা ছর্গভ ভক্তিয়স দান করেন, সেই ভগবান গৌরই আমার প্রেষ্ঠ গতি।

পাণী, হীন জাতি, হুর্তি, হুন্ধরে সীমা অতিক্রমকারী, চণ্ডালের অধম, লভত হুর্বাসনে নিরত, কুম্বানে জাত, কুদেশে বসবাসকাবী ৎ কুসক্ষহেতু বিনই ও বার কুশার উদ্ধার পেয়েছে, সেই গৌরচক্রকে আঞ্চর করি।

রূপগোস্বামী লিখেছেন-

ভবস্থি ভূবি যে নরা: কলিতছ্কুলোংপশুর) ত্মুদ্ধরদি ভানপি প্রচ্রচাক্লবারণ্যত: ॥ ১

—এই পৃথিৰীতে যে মাহ্ম নীচ কুলে জন্মগ্ৰহণ কলছে, প্ৰভৃত কৰুণা-বশে তুমি তাদেৱও উদ্ধার করেছ।

আইৰতকে মহাপ্ৰভূ বর প্ৰাৰ্থনা করতে বললে আইৰতও নীচ দ্বিজ্ঞো প্ৰতি প্ৰভূব কুপাবর প্ৰাৰ্থনা করেছিলেন—

অবৈত বোলয়ে প্রভূ মোর এই বর।
মূর্ব নীচ, দরিজেরে অন্থ্রহ কর।°

উড়িরাভক্ত কানাই খুঁটিয়া লিখেছেন— যাহার কফণারে পাপী জান্তি তরি ৷ চঙাল জনমক মুক্তি লাভ করি ॥°

> टेडि**डिडिश्चान्यान्य-११-१४** २ **इराजा-८** ७ टेड. छ। प्रशाप २० थाः ३ प्रशास्त्रकान-अप वृक्ष লোচনদাস ঠাকুর একটি পদে লিখেছেন—
হেন অবভার ভাই কভূ ভনি নাই।
পাতকী উদ্বার কৈলা ঘরে ঘরে যাই।

প্রেমানম্বের একটি পদে আছে—

তুরমতি অতি পতিত পাষণ্ডী প্রাণে না মারিল কারে।

হরিনাম দিয়া হৃদয় শুধিল যাচিঞা যে হরে হরে।

ইরিদাসের একটি পদ—

দেপি জীব বড ছঃমী

হৈয়া সকরণ আঁথি

হরিনাম গাঁথি দিল হার।

নিজ গুণ প্রেম্খন

দিল গোবা জনে জন

পতিতেরে আগে দান করে।

নিজ ভক্ত দক্তে করি

াফরে প্রভু গৌরহবি

যাচিয়া যাচিয়া ঘরে ঘরে ।°

লোচনদাস আর একস্থলে বলেছেন—

অবনি মণ্ডলে গোরারণের অবধি।
বিলাইলা প্রেমধন আচণ্ডাল আদি॥
বাচাল কররে গোরা গুণেম্ক জনে।
পলু গিরি লংকা অদ্ধে দেখে ভারাগণে॥
৪

প্রকৃতই অসম্ভব সম্ভব করেছিলেন গোরা। পাপীতাপী হুঃঝী নীচজাতি
দীনহান জনে হারনাম বিতরণ করে, তাদের বৈক্ষর ধর্মের উদার আঙিনার
দ্বান দিয়ে তিনি তাদের মহাক্সবোধে প্রতিষ্ঠিত করেছিলেন। হীনপতিতরাও
গৌরচন্দ্রের কুপার মাহুবের মর্বাদা কিবে পেয়েছিল। এইভাবে জাতিভেদের
তথা অস্পৃষ্ঠতার অভিশাপ থেকে ধর্মবোধের সংকীর্ণ গণ্ডী থেকে মহাপ্রভূ
হিন্দু তথা ভারতবাসী তথা বিশ্ববাসীকে মৃক্তির পথ নির্দেশ করেছিলেন। দশ্য ভক্ষরও তাঁর কুপালাত করে মহারুজ্ কিবে পেয়েছে। গোবিন্দ কর্মকারের
কড়চা অসুসাবে দ্বা নারোজী, পন্থভীল প্রভৃতি তাঁর কুপালাত করে দশ্যম্বিত্তি

১ গৌরপদতরজিণী—৫।১৩ ২ সৌরপদতরজিণী—৩।৪ ৩ গৌরপদতরজিণী—৩২৪ ৪ টে. ব. শেবৰণ্ড

ভাগ করেছে। গোবিন্দ কর্মকারের বিবরণে যদি কিছু সভ্যভা থাকে তাহলে বলভে হবে বারম্থীর মত পভিতা নারী, বিট্ঠলদেবের ম্মারি নামক পভিতাইন্তিধারিণী নারীরাও তাঁর কুপার সংজীবন যাপনে প্রত্ত হরেছে। জগাই মাধাই-এর পুনক্লেথ নিভায়োজন। চৈতক্সজীবনীকাররা তাঁর ভাবজীবন বর্ণনায় এত ব্যস্ত যে এইসব খুঁটিনাটি বিবরণের দিকে তভটা নজর দেন নি।

ম্বারি বলেছেন যে গৌড়গমনকালে শ্রীচৈতক্ত বাচস্পতি মিশ্রের গৃংক কয়েকদিন অবস্থান করে জড়, অন্ধ, বধির প্রভৃতি সকলকে উদ্ধার করেছিলেন—

> দিনং কতিপয়ং রুঞ উষিতা বিজমন্দিরে। উদ্ধার জনং সর্বং জড়াদ্ধবধিরাত্মকম্।'

সন্নার্গ গ্রহণেব পূর্বে তিনি প্রতিজ্ঞা করেছিলেন—

চণ্ডাল যুবকগৃহী বালবৃদ্ধনারী।
নামে মন্ত হয়ে দাণ্ডাইবে সারি সারি।
বালকে বলিবে হরি বালিকা বলিবে।
পাবণ্ড অঘোরপদ্মী নামে মন্ত হবে।
আকাশ ভেদিয়া নামের পতাকা উড়িবে।
রাজাপ্রজা একসঙ্গে গড়াগাড় দিবে।

এই প্রতিজ্ঞা প্রীচৈতক্ত সক্ষল করেছিলেন তাঁর ভক্ত পরিক্রগণের মাধ্যমে। তাঁর হরিনাম মহামন্ত্রের পতাকাতলে উৎক্লাধীশর প্রতাপক্ষদেবে, ভারতথ্যাত নৈয়ায়িক ও বৈদান্তিক বাহ্নদেব দার্বভৌম, বাহ্নদেবের প্রাতা বাচন্দতি মিপ্র, বহীয়ান্ সহপাঠা বৈদ্য ম্বারিগুল্ল, বৃদ্ধ বৈক্ষবাচার্য অবৈত্ত-প্রীবাস, হরিভক্ত যবন হরিদাস, গোড়েশবের অমাত্য রূপ সনাতন, পিতৃত্তা মাতৃত্বাপতি চক্রশেশর আচার্য, খোলাবেচা দরিক্র প্রীধর, উৎকলবাসী রাম্ব রামানন্দ, অচ্যতানন্দ, কানাই খুঁটিয়া, বলবাম দাস প্রভৃতি সমাজের উচ্চত্য পর্যায়ের মাহ্ন্য থেকে নিম্নতম পর্যায়ের মাহ্ন্য পর্যন্ত হয়ে এক মহান্ ঐক্যের আদর্শ গড়ে তৃলেছিলেন। এইডাবে প্রীচৈতন্ত হিন্দুসমাজের কাঠানোর মধ্যে এক বিরাট সাম্যের আদর্শ প্রতিষ্ঠিত করেছিলেন।

মহাপ্রভূ কেবল হরিনাম প্রচারের হারা এবং স্বীয় আচরণের হারা নিয়বর্ণের মাহ্যকে উচ্চ মর্বাদা দিয়েছিলেন তা নর, ডিনি ঘণার্থই বুগের আডা হরে এলে-

ছিলেন। তিনি শৃত্র রামানন্দ রায়কে উপদেষ্টার গৌরবে শ্বাপন করে তাঁর
কাছ থেকে তত্ত্ব কথা ওনেছেন; আবার শৃত্র রূপ ও
স্ক্রের মর্বাদা

দিয়ে শৃত্রকে শাত্রপ্রপেতার মর্বাদা দিয়েছেন। কবিরাজ গোস্বামী বলেছেন—

সন্ন্যাসী পণ্ডিতগণের করিতে গর্বনাশ।
নীচ শৃক্ত বারা করে ধর্মের প্রকাশ।
ভক্তিতত্ব প্রেম করে রান্ন করি বক্তা।
আপনি প্রত্যান্ন মিশ্র সহ করে শ্রোতা।
হরিদাস বারা দাস মাহাত্ম্য প্রকাশ।
সনাতন বারা ভক্তিসিদ্ধান্ত বিলাস।
শ্রীরূপ বারা ব্রজের রস প্রেমলীলা।
কে কহিতে পারে গন্তীর চৈতক্তের লীলা॥

চৈতক্ত প্রভাবিত বৈশ্ববগণও মহাপ্রভুব দৃষ্টান্তে জাভিভেদের ম্লোচ্ছেদে বতী হয়েছিলেন। রঘুনাথ দাসের জ্ঞাতি খুড়া কালিদাস ব্রাহ্মণ-শুড়া নির্বিশেষে সকল বৈশ্ববেরই উচ্ছিষ্টভোজন করতেন। তিনি ভক্ত বৈশ্বব ভূমিমালী জাতীয় ঝডুব বাড়ীতে আতিথ্য গ্রহণ করে গর্তে ক্লো উচ্ছিষ্ট আমের আঁটি চুষে জাতির অহংকার ধ্লাবলুন্তিত করেছিলেন। অব্রাহ্মণ বৈশ্বব ভক্ত আনায়াসে বাহ্মণ বা ব্রাহ্মণেতর জাতিকে দীকা দান করতে পারতেন। এই নীতি অহুসাবেই উত্তরকালে কারন্থ নরোত্তম দাস (দত্ত), শ্রীনিবাস আচার্য, শ্রামানক্ষ প্রভৃতি আবাহ্মণ হয়েও অনেক বাহ্মণসন্থানকে মন্ত্রদীকা দিতে কুন্তিত হন নি। এইভাবেই শ্রীচৈতক্ত জাতিভেদক্ষনিত হীনভাকে সর্বভোভাবে তিরোহিত করার মহন্তর দৃষ্টান্ত আপন করেছিলেন।

হিন্দুধর্মের আচার-সর্বস্থতা মহাপ্রভুর কাছে নিতাস্তই নির্থক বলে প্রতিভাভ হয়েছিল। তাই একদিকে যেমন নিপ্রাণ নির্থক আচার অন্তানগুলি বর্জন করে কেবলমাত্র হরিনাম জপ ও কীর্তনের বারা তিনি সহজ ধর্মচর্বার নির্দেশ দিয়েছেন,

তেমনি জটিলতামূক সহজ্ঞসরল সামাজিক জছুঠানের জন্ত সহজ্ঞ ধর্মাচরণ বৈক্ষবীয় স্থাতি রচনায় সনাতনের নিকট স্থোকারে ছিণ্কর্মন করিয়েকেন, ধর্মচর্যার নামে আচার জন্ম্ঠানের বাহুল্য ও ব্যর বাহুল্যকে

বর্জন করে সহজ্বতম পদা হরিনাম আশ্রের করার পরামর্শ দিরেই তিনিট্রথার্থই বুগের প্রবর্তক বা যুগের অবতার হয়ে রইলেন। মুরারি লিখলেন—

কলো তু কীর্ত্তনং শ্রেয়ঃ ধর্মঃ সর্বোপকারকঃ।
সর্বশক্তিময়ঃ সাকাৎ পরমানন্দ দায়কঃ।
ইতি নিশ্চিষ্ক্য মনসা সাধ্নাং হৃধমাবহন্।
জাতঃ ত্বয়ং পৃথিব্যান্ধ শ্রীচৈতন্যো মহাপ্রভুঃ।
কার্তনং কারমামাস ত্বয়ং চক্রে মুদায়িতঃ।

—কলিযুগে কীর্তনই সকলের উপকারী—সর্বশক্তিমর শ্রেষ্ঠ ধর্ম, পরম আনন্দদারক, এই মনে চিস্তা করে সাধ্ব্যক্তির স্থাবে জন্য পৃথিবীতে স্বরং শ্রীচৈতন্য
মহাপ্রভু জন্মগ্রহণ করেছিলেন, আনন্দিত হয়ে তিনি নিজেও কীর্তন করেছিলেন,
স্থাবকেও করিয়েছিলেন।

মহাপ্রভূ নিজেই বলেছিলেন—

সংকীর্তন আরম্ভে মোহোর অবতার।
উদ্ধার করিম সর্বপতিত সংসার ॥
যে দৈত্য যবনে মোবে কভু নাহি মানে।
এ যুগে তাগাও কান্দিবেক মোর নামে॥
যতেক অস্পৃষ্ঠ হুই যবন চণ্ডাল।
ত্মী শুদ্র আদি যত অধম রাখাল।।
হেন ভক্তিযোগ দিমু এ যুগে সভারে॥
*

গৌড়বাত্রাব পথে নবধীপে বিভাবাচ পতির গৃহে বখন মহাপ্রভু অবস্থান কর্মছিলেন, সেই সময়ে দলে দলে মান্ত্র ঠার কাছে এসে রুপা প্রার্থনা করে। প্রভু তথনও গুধু কৃষ্ণনাম গান করতে সকলকে উপদেশ দিয়েছিলেন।

> ঈবং হাসিয়া প্রভূ সর্বলোক প্রতি। আশীর্বাদ করেন ক্লফে হউ মতি। বোল কৃষ্ণ ভজ কৃষ্ণ শুন কৃষ্ণ নাম। কৃষ্ণ হউ সভার জীবন ধন প্রাণ।

দুরারির কড়চাতেও মহাপ্রভুর মূথে অফ্রণ উজি তনি—

মুম্মাভিরত্ত কর্তব্যং সদৈব হরিকীর্ডনম্।

বিষৎস্বৈরবিশেষেণ জাগরে হরিবাসরে ॥°

—মাৎস্থ্যরহিত হরে জাগরে হরিবাসরে নির্বিশেষে ভোমরা স্বঁদাই এখানে হরিনাম সংকীর্তন কর।

সন্ন্যাস গ্রহণের পূর্বদিনে এগোরাক তাঁর বিরহ চিন্তার বিহবল রক্ষ নাম অপ ও রক্ষ ভলনা করতেই উপদেশ দিয়েছিলেন।

আজ্ঞা করে প্রভূ সভে কৃষ্ণ গাও পিয়া।
বোল কৃষ্ণ ভব্দ কৃষ্ণ গাও কৃষ্ণ নাম।
কৃষ্ণ বিষ্ণু কেহো কিছু না,ভাবিই আন॥
যদি আমা প্রতি স্নেহ থাকে সভাকার।
তবে কৃষ্ণবাভিরিক্ত না গাইব আর।
কি শরনে কি ভোচ্বনে কিবা জাগরণে।
অহনিশ চিম্ত কৃষ্ণ বোলহ বদনে॥
*

वैरामित अन्त कीर्जनकारण शोबहत्त अञ्चल उपहम्म हिरहत्त ।

আপনে সভারে প্রভু করে উপদেশে।
কৃষণনাম মহামশ্ব শুনহ হরিবে।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।
প্রভু বোলে কহিলাও এই মহামশ্ব।
ইহা গিয়া জপ সভে ক্রিয়া নির্বদ্ধ।

উপদেশ দিয়ে তিনি নিজেই কীর্তন স্থক করলেন—

হরি হররে নম: কৃষ্ণ যাধ্বায় নম:।

গোপাল গোবিন্দ রাম শ্রীমধুস্দন ॥°

নরহরি চক্রবর্তী লিথেছেন, সন্ন্যাসের পূর্বে মহাপ্তভু ভক্তদের পরামর্শ দিয়েছিলেন 'হরে কৃষ্ণ করে কৃষ্ণ' ইত্যাদি মন্ত্র জপ করতে এবং দিবারাত্র কৃষ্ণনাম কীর্তন করতে, কারণ নামজণে কার্যসিদ্ধি এবং প্রমানস্থলাভ হবে।

⁾ मू. क —णंडा२७ २ हेह. छां. यथा २१ व्यः ७ हेह. छां. यथा २७ व्यः इ. हेह. छां. यथा २० व्यः १ व्यक्ति त्रष्ट्राक्य-->२।२०८१-०२

ধর্মাচরণের এই সহজ্ঞতম পদ্বাই তৈতক্তধর্মকে ব্যাপক জনপ্রিয়তা দান করেছিল। তাই আবালবৃদ্ধ নরনারী এই সহজ্ঞপদ্বা গ্রহণ করে একস্ত্ত্তে থাবিত বিচিত্রপুশগ্রাধিত মালিকার আকাব ধারণ করেছিল। বিশেষতঃ দীনহীন পতিত শ্রেণীর মাহুব বৈহ্ণব ধর্মের আশ্রেরে ইসলামী উৎপীড়ন থেকে আত্মরক্ষার পথ খুঁজে পেরেছিল। এইভাবেই শ্রীচৈতক্তের প্রেমধর্ম ছিন্দুসমাজকে মছতী বিনষ্টির হাত থেকে বক্ষা করেছিল। মহাপ্রভূ যে সাম্যের আদর্শ প্রতিষ্ঠিত করেছিলেন তাতে জাতিধর্মের গোঁডামি এবং অস্পৃষ্ঠতার ম্বণ্যতা খড়কুটোর মত ভেনে গিরেছিল প্রেমধর্মের ব্যায়।

থড়কুটোর মত ভেদে গিয়েছিল প্রেমধর্মের বন্ধার।

হিন্দুসমাজকে সর্বপ্রকার বিনাশ থেকে রক্ষার আযোজন চৈতন্ত-প্রবৃত্তিত উদার ধর্মাদর্শের মধ্যেই ছিল। হোসেন শাহের বাল্যকালেব প্রভু স্বৃত্তির রায় কর্তবাচ্যুতির অপরাধে একসময়ে হোসেনকে পৃষ্ঠে বেজাঘাত করেছিলেন। সেই বেজকতিছিহ দেখে পরবর্তীকালে গৌড়েশ্বর হোসেনের বেগমের প্রতিহিংসা প্রবল হয়ে ওঠার বেগমের ইচ্ছাত্মসারে স্বল্ডান স্বৃত্তিবাধের জাতিনাশ করেছিলেন। হিন্দুধর্ম ও সমাজ থেকে বহির্গমনের পথ খোলা আছে অজল্র, প্রবেশ পথ কর। স্বৃত্তি বারাণসী এসে পণ্ডিভের কাছে প্রায়েশ্চিন্তের বিধান জিজ্ঞাসা করায় পণ্ডিভরা বিধান দিলেন—'তথ্য ন্থত খাইঞা ছাড প্রাণে।' এই নিচুর বিধান শভাবতঃই হিন্দুসমাজের মৃমূর্থ অবস্থার কথা বিজ্ঞাপিত করে। পঞ্চলশ শভানীতে রাজা সংগেশ ধর্মান্তরিত পুরের প্রায়ালিকের ছল্প স্বর্ধিন্ত দান করেও ব্রান্ধণ-পণ্ডিভদেব

প্রভূ কহে ইহা হৈতে যাহ বুন্দাবন।
নিরস্তর কর কুঞ্চনাম সমীর্ডন।
এক নামাভাবে ভোমার পাপ দোব যাবে।
আর নাম লইতে কুঞ্চরণ পাবে।

ভূট করতে পারেন নি। মহাপ্রভূর সঙ্গে কানীতে সাক্ষাৎ করে অ্বৃদ্ধি পরামর্শ চাইলে মহাপ্রভূ স্বৃদ্ধিকে পরামর্শ দিলেন বুন্দাবন গিয়ে ক্লফনাম জপ করে

এই উদারতা দেকালে যে অপ্রত্যাশিত ছিল তাই নয়, সভাব্যতারও

) के ह मधा २० शबि

প্রায়ন্ডির করতে।

অভীত ছিল। এই উদারতাগুণেই চৈতক্তথর্ম হিন্দু সমাজকে বিল্পি দশা থেকে উদার করেছিল। এই অত্যাশ্র্য ব্যাপার ব্যাহাবতারে বিষ্ণু কর্তৃক নিমজন দশা থেকে ধরণীকে উদ্ধারের পৌরাণিক কাহিনীর সঙ্গে তুলনীয়। স্ব্তরাং হিন্দু সমাজের প্রথাবদ্ধতার বিরুদ্ধে একটা সোচ্চার বিল্লোহ শ্রীচৈডণ্ডের মতাদর্শের মধ্যে মুর্ভ হয়ে উঠেছিল।

শ্রীটেডন্তের আদর্শ তাঁর পরিকর ও ভক্তবৃদ্ধ বহন করে নিয়ে গেছেক উত্তর কালের কাছে। তাঁর আদর্শের বাহক নিত্যানক্ষও চৈতনা ভক্তদের মাদর্শবহন পরি হাস্চলে—

> হেন জাতি নাহি না খাইলা যার ঘরে। জাতি আছে হেন কোন জন বলে তোরে॥

যবন হরিদাসের লোকান্তরের পর চৈতন্যভক্তবৃন্দ হরিদাসের চরণ বন্দনা করেছিলেন—সর্বভক্ত বন্দে হরিদাসের চরণ। তাঁর। হরিদাসের পাদোদকও পান করেছিলেন—হরিদাসের পাদোদক পিয়ে ভক্তগণ। তাইভাবে মহাপ্রভু ভঙ্গু ভক্তমহিমা বৃদ্ধি করেন নি, জাতিভেদের সংকীর্ণ দৃঢ় প্রাচীরটাকেও ধ্লিসাৎ করে দিয়েছিলেন। বৃদ্দাবন বলেছেন যে, যে বৈক্ষব তার যে কুলেই জন্ম হোক না কেন সে সর্বোত্তম; বৈক্ষবের কোন জাতি নেই।

যে-তে কুলে বৈষ্ণবের জন্ম কেনে নছে।
ভথাপিত সর্বোত্তম সর্বশান্তে কতে।

*

*

যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবৃদ্ধি করে। জন্ম জন্ম অধম যোনিতে ভূবি মরে॥°

যবন হরিদাসকে মহাপ্রাভূ বলেছিলেন—তোমারে যে শ্রন্থা করে সে করে আমারে ॥°

সকল মাত্রকেই এক ধর্মসত্তে বাঁধবার ইচ্ছা ঐতিচতন্তের মনে স্ক্রির ছিল। কিছ তাঁর দৃষ্টি কেবলমাত্র হিন্দু সমাজের দিকেই নিবছ ছিল না, মুসলমান ন্যাজের প্রতিও তাঁর মানবিক দৃষ্টি প্রসারিত হয়েছিল। তিনি যবন হরিদাসকে বলেছিলেন—

১ চি ভা. সধাৰণ অব. ২ চৈ. জা. বধান আ: ৬ চৈ. জা. সধান আ:

হিৰাস কলিকালে যবন অপার।
গো বান্ধণ হিংসা করে মহাত্রাচার ॥

ইংচডেড ও ম্সলমান
সমাজ
তাহার হেডু না দেখিয়ে এ তুঃথ অপার ॥
*

তিনি যে বলেছিলেন, মুসলমানগণও তাঁর প্রেমধর্মের প্রভাবে চোখের জল কেলবে তা একেবারে অসত্য বোধ হয় না।

মৃশবান সমাজে শ্রীচৈতন্যের প্রভাব কডটা কার্যকরী হরেছিল বলা কঠিন, তবে তাঁর প্রেমধর্ম কিছু কিছু মৃশবামানকেও যে আরুষ্ট করেছিল তাতে সন্দেহ নেই। মৃশবামান সমাজেও তাঁর প্রেমধর্ম শ্রীকৃতি পেয়েছিল। মৃরারি কেবল বলেছেন যে মহাপ্রভু শ্লেছ প্রভৃতি জাতিকে উদ্ধার করেছিলেন—সেজেছালীফ্রন্থবারাসোঁ। যবন হরিদালের প্রতি মহাপ্রভুব শ্রদ্ধা ও সদর ব্যবহারের তুলনা হয় না। আরও করেকজন ইশবাম ধর্মাবল্যীর চৈত্যত কুপালাভের উল্লেখ পাই চরিতগ্রন্থগুলিতেও। কবিকর্পপ্রের নাটকে এক স্চীকর্মজীবী দর্জি যবনেব শ্রীচৈতক্তের অপূর্ব রপ্নাধুরী দর্শনে বিমৃত্বতা ও প্রেমধর্ম গ্রহণের বিবরণ প্রদন্ত হয়েছে। ত

কবিরাজ গোলামী পাঠান বিজ্লি থান ও তাঁর অক্চরবর্গেব প্রেমধর্ম প্রহণের বিবরণ দিয়েছেন। মহাপ্রভু তথন মথুবা-বৃন্ধাবন থেকে প্রভ্যাবর্জন করছিলেন। প্রায়াগ থেকে গলার তীরে তীবে গমনকালে এক গোপবালকের বংশীধ্বনি তনে প্রভূর ভাষাবেশ হওয়ায় ভিনি মৃছিত হয়ে পড়েছিলেন, তাঁর মৃথ দিয়ে কেনা ঝরতে থাকে, খাস রুদ্ধ হবার উপক্রম হয়। সেই সময়ে দশজন পাঠান বোড় সওয়ার ঐ পথে যাবার সময়ে ভাবলো যে সয়াসীর কাছে প্রচূর ধনরত্ব ছিল, তাঁর সলী পাঁচজন তাঁকে ধৃত্রা থাইয়ে সব কেড়ে নিয়েছে।

তারা এই ভেবে পাঁচজনকে বন্দী করে। প্রভূ চৈতন্ত্রগাভ পাঠান বিকুলিখানের পরিবর্ডন এই পাঠানদের মধ্যে কৃষ্ণবন্ধপরিছিত এক পীর ছিলেন।

প্রভূতার সঙ্গে শাস্তালোচনা করে তাকে পরাজিত করেছিলেন। মহাপ্রভূর অসাধারণ ব্যক্তিমে ও কৃষ্ণপ্রেমবিহ্বসভায় পীর মহাপ্রভূর কাছ থেকে কৃষ্ণনাম গ্রহণ করেছিলেন। প্রভু তার মাম রাথলেন রামদাস। এই পাঠানদলের অধিনারক ভক্ষণবয়স্ক রাজকুমার বিজ্লি খান মহাপ্রভুর চরণে পড়ে তাঁর রুপাভিকা করেছিলেন। সেই দশজন পাঠানই মহাপ্রভুর প্রভাবে বৈরাধী হয়েছিল। তর্মধ্যে বিজ্লীখান পর্ম বৈক্ষবরূপে তীর্ষে তীর্ষে মহাপ্রভুর নাম প্রচার করে বেড়িয়েছিলেন।

সেই ত পাঠান সব বৈরাগী হইলা।
পাঠান বৈঞ্ব বলি হইল ভার খ্যাতি।
সর্বত্র গাহিল্পা বুলে মহাপ্রভূর কীতি।
সেই বিজ্পূলিখান হৈল মহাভাগবত।
সর্বতীথে হইল ভার প্রম মহন্ত॥
১

কুঞ্দাস কবিরাজ ভাই বলেছেন,—

ঐছে লীলা করে প্রভূ শ্রীক্লফটেডক্স। পশ্চিমে আদিয়া কৈল যবনাদি ধক্ত॥

স্থাসিদ্ধ সাহিত্যরথী প্রমধনাধ চৌধুরীর মতে বিজ্লি থান কাঞ্জির ছুর্গাধিপতি বিহারথান আফ্গানের পালিতপুত্র। স্তরাং বটনাটি ইতিহাসাঞ্জিত।

কবিরাজ গোন্থামী আরও জানিয়েছেন যে গোড়দেশে গমনকালে ওড়ুদেশের দীমা অতিক্রম করার পর গোড়েশরের অধীনস্থ পিচ্ছলদা পর্যন্ত ভূতাগের অধিকারী শাসক মহাপ্রভূর অপূর্ব কৃষ্ণপ্রেম দেখে বিম্পা হল্পে দীনবেশে মহাপ্রভূর শরণ নিয়েছিল এবং পিচ্ছলদা পর্যন্ত জলপথে ১৮ডল্ডাদেবকে পৌছে দিয়েছিল।

হিন্দুবেশ ধরি সেই যবন আইল।

দ্র হৈতে প্রভূ দেখে ভূমিতে পড়িয়া।

দণ্ডবৎ করে অঞ্চ পুলকিত হৈয়া।

৪

হিন্দ্-বৌদ্ধ-মুসলমানের ভেদের গণ্ডী রাথেন নি শ্রীচৈতগুদেব। রুঞ্নামের সীমাহীন আকাশের নীচে সকল মাহুবেরই স্থান আছে, সেখানে মাহুবের একমাত্র পরিচয় রুঞ্প্রেমী—কুঞ্জ্জ ।

হৈ, চ, ষ্থ্য, ১৮ পরি ২ হৈ, চ, ষ্থ্য ১৮ পরি ও নানাচর্চা—পৃঃ ১১১-২৭ ভ হৈ, চ, ষ্থা ১৬ পরি মহাপ্রভাষ এই প্রেমধর্ম প্রচারের ভার নিয়েছিলেন অবৈত আচার্য ও তৎপুত্র অচ্যতানন্দ, নিত্যানন্দ-প্রভু, তৎপত্নী আহ্বা দেবী এবং তৎপুত্র বীরভন্ত বা বীরচন্দ্র, পরবর্তীকালে শ্রীনিবাদ আচার্য, ভাষানন্দ্র, নরোভ্তম দাদ ঠাকুর প্রম্থ। এ রা হিন্দুম্দলমান নির্বিশেষে হরিনাম মহামন্ত্র প্রদান করেছিলেন। নিত্যানন্দ দাদ বীরচন্দ্র সম্পর্কে লিখেছেন—

হরিনাম দিয়া উদ্ধার করে পতিত জন। হিন্দু মুদলমান কিছু না করে গণন॥°

চৈড্যন্তেরকালে তাঁর মতাবলমী বৈষ্ণব আচার্ষণণ প্রেমধর্ম প্রচারকালে দর্বশ্রেণীর মামুকেই স্বীকৃতি দিয়েছেন। নিত্যানন্দ প্রভূ ও তার পত্নীপুত্র জাতি-ধর্মনিবিশেষে বৈষ্ণবধ্য প্রচার করেছিলেন। স্থামানন্দ ও

চৈড্ডেগ্ডরকালে চৈড্ডেগ্র্য প্রচার

ধনী জমিদার মৃদলমান দহ্যকে শিক্স করেছিলেন। গোপীজনবল্লভদাস খ্যামানন্দ-শিশ্ব বিদিকানন্দের জীবনীজে

জানিরাছেন বে রসিকানন্দের ভক্তগণের মধ্যে মুসলমানও ছিল। মেদিনীপুরের কাজি আহম্মদ রসিকানন্দের শিশু হয়েছিলেন। লবনী মোহনের জগন্মোহন-ভাগবত অহসারে জগন্মোহনের (১৫২৮-৬০ খ্রী:) কিছু মুসলমান শিশু হিন্দু নাম গ্রহণ করেছিলেন।

মনস্থর থাঁর নাম হইল মনোহর দাস।
হিন্মৎ থাঁর হৈল নাম জদাননদ দাস॥
বাণেশর দাস নাম বাহাত্র থাঁর হৈল।
সর্বপরিভাাকী ভিনে বৈবাগা কবিল॥
*

ঞ্জীয় সপ্তদশ শতান্দার গোড়ায় সৈয়দ ইরাহিম (১৯১৪ ঝী: জীবিত) বৈক্ষবধর্ম গ্রহণ করে প্রেমভক্তিমূলক পদাবলী রচনা করেছিলেন।

পূর্ব ও পশ্চিমবঙ্গে বছসংখ্যক বৈষ্ণবভাবাপন্ন মুদলমান কবির কথা জানা গেছে। সম্ভবতঃ এঁবা মুদলমান ধর্ম ত্যাগ করেন নি। কিছু এঁবা গোড়ীর বৈষ্ণবধর্মের প্রতি জারুট হয়ে বাধারুষ্ণ বিষয়ক ও গৌরাঙ্গবিষয়ক পদ রচনা করেছিলেন। যতীক্রমোহন ভট্টাচার্য 'বাঙ্গালার বৈষ্ণব ভাবাপন্ন মুদলমান কবি'

> ध्यत्रविनाम -- २८ वि.

२ नाजाना गाहित्काव देखिराग—७: श्क्यांच रमन ->४, जनवार्य-भृ: ध्यर

৩ ভারতীর মধাযুগে সাধনার ধারা—ক্ষিতিমোহন সেন—পৃ: ••

গ্রছে কতকণ্ডলি বৈষ্ণবভাবাপন্ন ম্সলমান কৰিব পরিচয় সহ প্রাবলী-উদ্ধৃত করেছেন। সৈরদ মতুঁ দা, কালালী মীর্জা, মহম্মদ আলী, কএদোলা, হবিব, সেরচান্দ, সালবেগ, যোছন আলী প্রভৃতি কবিবৃন্দ বৈষ্ণবপদ রচনা করে চৈড্রেল প্রবিভিত বৈষ্ণবধ্যের ব্যাপকতা ও সর্বগ্রাহ্মতার প্রমাণ দৃঢ় করেছেন। সৈরদ মতুঁ দাব পদগুলি বৈষ্ণবভাব্কতার প্রকৃষ্ট উদাহরণ। সৈরদ মতুঁ দা যথন বলেন—

সৈয়দ মতু জা ভণে

কান্থর চরণে

निर्वान छन रुति।

স্ক্র ছাড়িয়া

বৃহিলু তুমা পায়ে

জীবন মরণ ভরি॥

তথন কবির সকৃত্রিম বৈঞ্বোচিত কুঞ্চে শরণাগতি দেখে বিশ্বিত না হয়ে পারি না। সাহ সাক্ষর গোরাঙ্গ সম্বন্ধ লিখেছেন—

জাউ জাউ মেরে মন-চোর গোরা।
আপহি নাচত আপন রসে ভোরা।
থোল করতাল বাজে ঝিকি ঝিকিয়া।
আনন্দে ভকত নাচে লিকি লিকিয়া।
পদ হুই চারি চলু নট নটিয়া।
থির নাহি হোয়ত আনন্দে মাতোয়া লিয়া।
ঐছন পত কৈ যাহ বলিহারী।
নাহ আকবর তেরে প্রেম ভিথারী।

লাল মামুদ লিখেছেন,—

সোনার মান্ত্র নদে এল বে।
ভক্ত সংক্র প্রেমতরকে ভাসিছে শ্রীবাসের ঘরে।
সোনার সাক্ষ্য সোনার বরণ।
সোনার নৃপ্র সোনার চরণ।
চারিদিকে সোনার কিরণ ছুটছে আলোকিত করে।
কত লোহার মান্ত্র সোনা হ'ল গৌর অবভারে।

> बाकानात देक्त काराशव प्रतनमान कवि--शृः ३५-३२

२ ७८एव १: ७১

উক্ত পদ্বয়ে কবিৰয়ের গৌরাকভক্তির অক্লমিতার সংশয় প্রকাশ করার কোন হেতৃ নেই। প্রীচৈতন্যের প্রেমধর্ম কিভাবে হিন্দু মৃসলমান সকলকেই প্রভাবিত করেছিল তার নিশর্শন মৃসলমান বৈষ্ণব কবিবৃন্দ।

নৃপ্তপ্রায় বৌদ্ধর্মের শেষভাগে যে সকল বৌদ্ধ হিন্দুধর্মে দ্বান পান নি—
ইসলাম ধর্মপ্ত গ্রহণ করতে পারেন নি, —নেড়ানেড়ি নামে বারা উপেক্ষিত ও
দ্বণিত হয়ে কাল যাপন করতেন বীরচন্দ্র প্রভূ তাঁদের খড়লতে এনে বৈফ্রবধর্মে
নীক্ষা দিয়েছিলেন। এইটি ছিল বীরচন্দ্রের মহন্তম কীতি।

কেবলমাত্র গোড় বা বাঙ্গালাদেশ নর, বৃন্দাবন, মধুরা, উদ্ভিন্থা ও দক্ষিণ ভারত মহাপ্রভুর প্রেমধর্মে আকণ্ঠ নিমক্ষিত হয়েছিল। ফলে মহাপ্রভুর প্রেমধর্ম মহামানবের মিলনক্ষেত্রে পরিণত হয়েছিল।

কৃষ্ণাস কবিরাজ দক্ষিণভারতে বৈষ্ণব ধর্মের প্রসার সম্পর্কে চৈভক্তপ্রভাব লিখেছেন—এই মত বৈষ্ণব হৈল সব দক্ষিণ দেশ।' হয়ত

नमक मिन्दिनात्मत रेठिकानही दश्यात छेत्वत्थ अिनदाकि आहि. ভবে দাব্দিণাত্যে যে মহাপ্রভুর প্রভাব বল্প ছিল না, কবিকর্ণপুরের চৈত্ত চল্লোদ্য নাটক থেকে তা জানা যায়। মহাপ্রভু পুরী থেকে যখন দক্ষিণভারত खमाप शिराहित्तन, त्रहे नमन्न महाछहे महात्राक क्षांजानकरूट क्रांनातन व শৈব পাৰও, জ্ঞানমাৰ্গী, কৰ্মমাৰ্গী প্ৰভৃতি বিভিন্ন সম্প্ৰদায়ভুক্ত ব্যক্তিবৰ্গ স্ব স্ব মত পরিত্যাগ করে চৈতক্তমত গ্রহণ করেছিল। গ দক্ষিণভারতে মহাপ্রভর স্থায়ী প্রভাবের প্রমাণ পাওয়া যায় দক্ষিণ ও পশ্চিম ভারতে বৈফবভার ব্যাপ্তিতে, দক্ষিণ ভারতীয় ভক্তিগীভিতে এবং ভক্তিতত্ত্বের সাধক তৃকারামের (আ: ১৬০৮—৫০ খ্রী:) চৈতগ্রপদ্বীদের গুরুরূপে স্বীকৃতিতে। সাধু তুকারামের শুকর নাম ছিল কেশব চৈতক্ত বা বাবাদী চৈতক্ত। স্থতরাং চৈতক্তদেব প্রবর্তিত বৈষ্ণবধর্মের সঙ্গে তুকারামের সংযোগ স্থাপাই হয়ে ওঠে। ড: স্থান কুষার দে দক্ষিণ ভারতে ত্রীচৈতক্সের প্রভাব সম্পর্কে লিখেছেন—"One important result, however, of Chaitanya's visit might have been that at many points his living faith touched, stimulated and left its general impress upon southern and western vaisnavism, its tendency towards a more emotional form of

> देह. ह. नशु. १ शति २ देह. इस्त. न्।डेक्—१ **स**रक

worship. A reference is sometimes made to contemporaneous outburst of Kanarese hymnology......and emotional singing in the south, obtaining from the time of the Tämil Alvars may have received a fresh impetus from the personal example of Chaitanya. It is probable also that he left behind some general influence in the Maratha country, which survived as it did through a century to the days of Tukaram, who acknowledges his debt to Chaitanya teachers.

বৃন্ধাবনের পৃথ্যতীর্থ উদ্ধাব ও গোড়ীয় বৈষ্ণবগণের অবস্থান বৃন্ধাবনকে গোড়ীয় বৈষ্ণাবনের বাট নির্মাণ ইত্যাদির ফলে বৃন্ধাবন রুষ্ণবীলার পীঠস্থান হিশাবে সর্বভারতীর তীর্থরণে প্রক্লজীবিত হয়ে উঠেছিল। বৃন্ধাবন গোড়ীয় বৈষ্ণব সংস্কৃতিরও পীঠস্থান। প্রাতন বৃন্ধাবন সম্ভবতঃ বৃন্ধাবন—বৈষ্ণব সংস্কৃতির কেন্দ্র হয়েছিল। গোড়ীয় বৈক্ষর্থয়কৈ কেন্দ্র করে নৃতন বৃন্ধাবন নগরী গড়ে উঠলো—শ্রীটেডনাের পদরেগু বারা পবিত্র টেডনাভক্ত জ্ঞানী গুণী সন্ন্যাসীদের অবস্থানের মহিমায় নৃতন বৃন্ধাবন পবিত্রতা ও নবগোরবের আধার হয়ে উঠেছিল। টেডনা দংস্কৃতি দক্ষিণভারত উড়িয়া গোড়বঙ্গ থেকে বৃন্ধাবন মথুরা পর্বস্ত প্রসায়িত হওয়ার ভারভের এক বিশাল অংশ অথণ্ড সংস্কৃতির অস্তর্জ্ করছেছিল। পরবতী কালে নরোভ্রম শ্রীনিবাস ইত্যাদির চেটার আসাম মণিপুর পর্বস্ত টেডনা ধর্ম ব্যাপ্তি লাভ করেছিল।

আসামে অবভার পুরুষ রূপে কীতিত বৈক্ষবধর্ম প্রচারক শ্রীষম্ভ শংকর দেবের সক্ষে পুরীতে মহাপ্রভু শ্রীচৈতন্যের সাকাৎকার হয়েছিল বলে প্রানিষ্টি আছে। জঃ বিমান বিহারী মন্ত্র্মদার চৈতন্য-শংকর মিলন সম্পর্কে রামকান্তের গুকলীলা, রামচন্দ্র ঠাকুর, দৈত্যায়ি ঠাকুর, ভূষণ ছিল কবি, ছিল রাম বারের গুক লীলা, রুক্ষ ভারতীর সম্ভ নির্ণর প্রভৃতি গ্রন্থ ও প্রন্থকারের বক্তব্য শংকরবের ও শ্রীচৈতক্ত ভিছ্নত করেছেন শ্রীচৈতন্য চরিতের উপাদান (২র সং, পৃঃ ৪৯) বিছে। শংকরদেবের উপরে মহাপ্রকুর প্রভাব কভটা কার্যকরী হয়েছিল ভা বলা

Vaisnava Faith and Movement-P. 92.

সহজ না হলেও চৈতন্যদেবের ধর্মতের সঙ্গে শংকরদেবের ধর্মতের গভীর সাদৃষ্ণ চোথে না পতে পারে না। শংকরদেব মহাপ্রভূব মতই হরিনামকে করি বৃগে একমাত্র ধর্ম বলে ঘোষণা করেছিলেন; তাঁর মতেও নাম ও নামী অভিন্ন শংকরদেবের উপদেশ—

যিটো দেব ভগবন্ত বেদে বাক ন জানন্ত তেন্তে নিজ কীর্তনত বশ্য। জানি মাধবর নাম কীর্তন করিরো সদা ইটো সবে শাল্পর রহস্ত ॥

भःक्यास्य वालन--

হরিনাম হরিনাম এ মৃশমন্ত্র।
কলিত নাহি তপ ষজ্ঞ যন্ত্র ॥ ই
তাঁর মতে ভগবানের সহস্রনামের মধ্যে রুঞ্চ নামই সার—
সহস্রেক নাম জপি পাবে যত কল।
এক রুঞ্চনাম জপি পাব ত সকল॥ ই

শংকরদেবও মহাপ্রভুর মতই জাতিধর্ম বর্ণ নির্বিশেষে সকলকে তাঁর ভাগবৎ ধর্মে অধিকার দিয়েছিলেন। প্রীচৈতন্যের অচিস্তা ভেদাভেদ তত্ত্ব এবং রাধারুক্ষের যুগল উপাদনা শংকরদেব স্বীকার চরেন নি, কিন্তু সদা রুক্ষনাম কীর্তনের ঘারা সর্বসাধারণের সহজ ধর্মাচরণের উপদেশ শ্রীচৈতন্তের প্রভাবপৃষ্ট হওয়া অসম্ভব নয়।

উড়িরা কবি ঈশ্বরদাসের চৈতক্ত ভাগবতে শিথগুরু নানকের শ্রীচৈতথের কুপাপ্রাপ্তির উপাধ্যান ডঃ বিমানবিহারী মন্ত্র্মদার সম্ভব বলে মনে করলেও দাতিধর্মনির্বিশেষে স্বীয় ধর্মমত প্রচার করা এবং সর্বধর্মের মাহ্ন্যকে শিথধর্মে আশ্রয় দেওয়া ছাড়া নানকের ধর্মতে চৈতক্তপ্রভাব লক্ষিত হয় না।

नाजाकीत रिन्मी जरूमान वार अक्षमानी नात्म वृत्मावनवामी अक अक्षमानि

> अभक्ष भारकत-स्त्रात्माहम शाम-खत्राहाण-भुः २०

२ छाएव शुः २»

৩ তাৰে গৃ: ৫৫

३ देठ. ठ. छ. २४ मः—णृः ०००

হৈতক্তভক্তের উল্লেখ আছে। কিন্তু বাদালা ভক্তমাণে কৃষ্ণদাস গুৱামালী নামে

একজন পাঞ্চাবী ভক্তের উল্লেখ পাওয়া যায়। গুজরাটে

শক্তিমভারতে

হৈতক্তভক

মহাপ্রভূব গাণি বড় গোডীয়া এবং অবৈতশাখাভূক্ত চক্রপাণি
প্রভিষ্ঠিত গাদির নাম ছোট গোডীয়া। ডঃ বিমান বিহারী

মন্ত্রদার বলেন যে, খ্রীষ্টীয় অই।দশ শতাব্দীব মধাভাগে রুক্ষদানেব বাঙ্গালা ভক্ত মাল রচনাকালে মূলতান, পাঞ্জাব, সিন্ধুদেশ ও গুজরাটে বহু ব্যক্তি গৌডীয বৈষ্ণব সম্প্রদাযের শিশু হয়েছিনেন। আমৃতসভবে তুর্গামন্দিরের নিক্টস্থ হল্লমানজার মন্দিরে এখনও শ্রীচভক্তের চিত্রপট আছে, সেখানে প্রভাহ সন্ধ্যাকালে তৈতগুভক্তর। গুলিনাম সংকাতন করেন।

চৈতন্যচরিতামুতে নীলাচলে চৈতন্যশাথাভূক চৈতন্যভক্ত কামাভট্ট (কাম ভট্ট), নিঙ্গাভট্ট সিংহভট্ট), হাব ভট্ট (१) ও শিবানন্দ দম্ভবের নাম উদ্বিখিত আছে। ত ডা বিমান বিহারী মন্ত্র্মদারের স্বত্নমান, এই ভট্টত্রম ছিলেন মহারাষ্ট্রীর এবং শিবানন্দ দম্ভব খুব সম্ভবতঃ গুজরাটী, কাবণ দম্ভব উপাধি শুজরাটির পাশি সম্প্রদাযের মধ্যে দেখা যায়।

মহাপ্রভূব ব্যাপক প্রভাব সম্পর্কে আচার্য ক্ষি তমোহন সেন কিথেছেন, শাজপুতানার বৈষ্ণবদের উপরও চৈতন্যমতের বেশ প্রভাব লক্ষিত হর। স্বত জেলায় বলসার প্রভৃতি স্থানের বানিয়াদের মধ্যে স্থান্য পাঞ্চাবে ডেয়া-ইন্মাইল খা-বাসীদের মধ্যেও গৌডীযভাবের বৈষ্ণব দেখিয়াচি। তাঁহারা বুলাবন ও নব্রীপকে মহাতীর্থ মনে করেন। তাঁহারা ভক্তিভাবে তু একটি গৌডীয় পদকীর্তনও করেন।

আচার্য দেন আরও জা নয়েছেন যে আসাম-মাজুলির চারিধামের গোঁদাইরা বালালার ভাব প্রচার করতেন। বিখ্যাত ভন্দন গায়িক। ও গীতি-রচয়িত্রী নারার, ঈর বিলালের শিতারেপে খ্যাত। হলেও জীব গোলামার সঙ্গে তার সাক্ষাংকারের কিম্বন্তা প্রচলিত আছে এবং অনেকের ধাবণা মীরা বাঈব উপরে গোড়ীয় মতের প্রভাবও ছিল।

১ চৈ. চ উ. ২র সং —পু: ১৯০ স্চারচন্দ্র পাকড়াশীর নিকট শ্রুত

৬ চৈ. চ. আদি ১ পরি ১ চৈ. ম. উ.—পৃ: ৬ ০ ৪

ভারতীয় সধাবুদে সাধনার ধারা—পৃঃ ৪»

७ छाएव ९ छाएव

ভাবের হৃ:থে কাতর হরে মহাপ্রত্ ঐতৈতন্য জীবের মৃক্তির যে সহজ্জহ পথ প্রবর্গন করেছিলেন ভাতে কেবলমাত্র 'শান্তিপুর তুর তুরু নদে ভেলে যায়' নি, ভারভবর্ধের এক বিশাল ভূভাগও ভেলে গিরেছিল। সর্বব্যাপী এক সাম্য ও ঐক্যের সঙ্গীত ধ্বনিত হরেছিল আসমুস্র হিমাচল ভারভবর্বে, জেগে উঠেছিল ন্তন প্রাণ—ন্তন শক্তি—হারানো আত্মপ্রত্যের,—সঙ্গীবিত হয়ে উঠেছিল লাহিত্য ও সংস্কৃতি।

এমনি এক ভাবৰন্যা সমগ্র ভারতভূমিকে প্লাবিত করে দেশ দেশান্তরে উপনীত হরেছিল আরও বহুকাল পূর্বে ঐতিভন্যের আবির্ভাবের প্রার ত্রহালার বংলর আগে। জীবের দ্বংথে কাতর হয়ে জীবের মৃক্তির পথ আবেষণে সর্বত্যাগ करत करोत उनक्षीत त्यांथ अर्जन करत कीवरक क्यांवाधि-मृक्ता व्यक्त মুক্তির পথ দেখিয়ে সামা মৈত্রী ও করুণার মল্লের উদ্গাড়া কপিলাবছর রাজকুমার গৌতম বুদ্ধ যুগাবভাররূপে চিহ্নিত হরেছিলেন। বুদ্ধদেবও তৎকালে প্রচলিত আমুষ্ঠানিক ধর্মচর্বাকে অর্থাৎ বাগযজ্ঞের অমুষ্ঠানকে औरिंग्ड व बुद निका करत नर्वमाधात्रावत श्राह्मरागा महत्राज्य धर्माहतरमद পধ নির্দেশ করেছিলেন। জরা ব্যাধি মৃত্যুর মত জীবের হুংথের মৃল উৎপাটন व्यर्थार निर्वापनाफ छिल वृद्धाहरवत छेशरहरमत नका। छात छेशनिक रहान: শ্বাস্বপের মূল জাভিপ্রভার বা জীবন ধারণ, জাভিব মূল ভবপ্রভার বা শ্বর. करबाद मूल अभिवामि थांजू, शांजूब मूल कृष्णा, कृष्णात मूल (वहना, विहर्माद मूल न्धर्म, न्यार्यंद यून वक्षांद्रजन, वक्षांद्रज्ञानद यून नायद्वल, नायद्रालय यून विकान. विकारमद मृत मश्कात ও সংখারের মৃत चित्रण। এই चित्रणामात्महे जीत्रत निर्वाप वा मुक्ति । अन्नत भवप धारप वा नेपात्वत व्यवधार वाजित्वत्वरू मान्य আত্মজিজাগার মাধ্যমে সভ্যজান লাভ করে অবিভা বিনাশ করে মৃক্তিলাভ করতে পারে। ^১ সংলার বা ক্রমাণত কর মৃত্যুর কারণ ভূষণ বা আসকি। এই স্ফালাভ লবা ব্যাধি মৃত্যু,—বার মূলে আছে অবিদ্যা তা থেকে মৃক্তি পেতে हरन बुरुव या देनिकिकविधि वा **नैन**धर्म भानन करत्र नमाधि वा मनःमःधन च्छात क्रांक हरत। नवांवि च्छारनत वाता नांच क्रांक हरत नक्का व क्षका। नैनधर्मन मर्था चारक शक्तीकि, चडेनीकि, नवनीकि, वननीकि,

[·] ओ श्रीबृष्क स्टब्स्यता —हः र होक्यविषम टर्म्यू हो —गृः ०१-०४

আজীবট্ঠমকনীল আর্থাং সদাচরণ এবং চতুপরিস্থন্ধিনীল আর্থাং পরিত্র আচরণ।
জীবৰত্যা, পরস্থাপহরণ পরকীয়া নামীর সংসর্গ, মিথাভাষণ ও মঞ্চপান ত্যাগ—
পঞ্চনীতির অন্তর্গত। অইনীতিতে উক্ত পঞ্চনীতির সঙ্গে সংযুক্ত হয়েছে
মধ্যাহ্বের পর থাত্তগ্রহণ, নৃত্যুগীতবাত্যাদি বর্জন, গদ্ধমাল্যপুষ্পপ্রসাধন বর্জন ও
আরামপ্রদি শ্ব্যায় শন্ত্রন বা উপবেশন বর্জন। নবনীতিতে অইনীতির সঙ্গে
সদিচ্ছা সংযুক্ত এবং দশনীতিতে নবনীতির সঙ্গে স্থর্ণ ও রোপ্যালংকার বর্জন
বিহিত। গ্রপ্রশীলধর্মগুলি প্রমণদের আচর্যীয়।

বৃদ্ধদেব অগণিত মান্থৰের স্থান্থ করে করেছিলেন আপন ব্যক্তিত্ব ও বিশ্ববাপী করুণা বর্ণণের দারা। তিনি মান্থ্যের মধ্যে কৃত্রিম ভেদ দূর করে প্রতিষ্ঠা করেছিলেন শাম্য, নৃতন ধর্মনীতি প্রবর্তন করে ধর্মের জগতে এনেছিলেন বিপ্লব।

ধর্মে বিপ্লব আনয়ন করে অসীম করুণাধারা বর্ষণ করে মহাপ্রভূ ঐচৈডন্যও সামোর ও প্রেমের পতাকাতলে মিলিত করেছিলেন সকল খ্রেণীর মাছুরকে ভেদের গণ্ডী অগ্রাফ করে। অনেকে মনে করেন বৌদ্ধর্মের কল্পা মৈত্রী প্রেম চৈতনাধর্যে প্রভাব ফেলেছে। কিন্তু বুদ্ধের আত্মজিঞাসার পরে সমাধির শাহাব্যে প্রক্রায় উত্তরিত হয়ে অবিভানাশ করার ব্রত অপেকা প্রীচৈতনে।র ছরিনাম কীর্তনের দার। মৃক্তিগাভের পদ্ব। অনেক সহজ্ঞতর,—বুদ্ধের জ্ঞানমার্গ অপেকা চৈত্রার প্রেমভক্তির পথ সাধারণ মাহুষের পক্তে অনেক বেশী উপযোগী। তবে যুগের প্রয়োজনে ধর্মাচাধের আবির্ভাব ঘটে। প্রটেডনা তার মুগে দেশের ধর্ম, সমাজ ও মানবজীবনের পরিপ্রেক্ষিতে হিন্দু সমাজকে তথা মানব্দমালকে বাঁচাতে সহজ্বম সর্লত্ম পস্থার নির্দেশ দিয়েছিলেন। बह्याम्य प्रवास प्रवास के विद्या के प्रवास के विद्या के प्रवास के विद्या के আরোপ করেও তিনি কেবলমাত্র হরিনাম লপ ও হরিনামকীর্তনকে সর্বোচ্ছান नित्त (करन नमकात्नत नेत्र, नर्रकात्नत नकन मासूर्यत পत्रिखां जानन नाञ्ड করেছেন। আজ তাই গোড়ীর মিশনের চেটার চৈতন্যধর্ম বিশ্বমানবকে আকর্ষণ করতে পেরেছে। বিভিনার, অশোক, কণিষ্ক, বর্ষবর্ধন, ধর্মপাল, দেবপাল প্রভৃতি সার্বভৌষ নুগতিদের পৃষ্ঠপোষকতার এবং প্রচার অভিযানের কলে বৌত্তধর্ম ভারভের বাইরে বিশের নানা স্থানে প্রভার দক্ষে বৃত হয়েছে। চৈতন্য

> बुद्ध-- छ मू--क. वि.-- गृः ११-६)

ধর্ম অহরণ ভূপতিবর্ণের সহায়তালাভের ছবোগ না পেলেও আপন মহিমার ও সর্বগ্রাহ্বতাব গুলে বিশ্বমানবের মনে আদন পেতেছে। সমাজ সংস্কারক না না হওয়া সরেও প্রাচৈতনাের প্রভাবে বাঙ্গালী সমাজে যে সংস্কার সাহিত হ্ছেছিল দে সম্পর্কে প্রীক্রীক্রফ দাস লিখেছেন, জ্বাতি সমাজ সংস্কার
ভেদ বহিত, অবর্ণ বিবাহ, প্রাত্তাব সংস্কাপন, বিধবা বিবাহ প্রভৃতি যে সম্দর সামাজিক পরিবর্তনের জন্ম উনিঃংশ শতান্দীর সংস্কাবকগণ সর্বদা চাৎকার ও আনেক টেবল থাবডাইয়াও সভ্য বলিলে কিছুই করিতে পাবিতেছেন না, চৈতন্ত এ সকল কর্তব্যবিশেষের হন্ত কিছুমাত্র যত্ব না করিষা এক্রমাত্র ধ্যপ্রচাবেব ছারা আনকাংশে ক্রতকায় হুইয়াছিলেন।"

তথু পুরুষ নয়, নাবীজাগরণও হয়েছিল এটেতন্যের প্রভাবে। যাধ্ব মহাপ্রত্ব সন্থাসীর পক্ষে নারীসংশর্শ বজনকেই শ্রেমঃ মনে করতেন, তথাপি তাঁর ভক্ত ছিলেন অনেক বাঙ্গালী ও উডিয়া নারী। নাবী জাগরণ শিবানন্দ সেনের পত্নী প্রতি বংসব স্বামীব সঙ্গে রথবাত্তাব সময় পুরী যেতেন মহাপ্রভুকে দেখতে। সাতাদেবী, মালিনীদেবী প্রম্ব বৈষ্ণব-পত্নীরাও আসতেন। ফলে অবরোধে বন্দিনী নারীরা মৃক্তির আসাদ্ধ লাভ করেছিলেন। অবৈতপত্নী সাতাদেবা, প্রীবাসপত্নী মালিনী, নিত্যানন্দ-পত্নী জাহ্বী, প্রীনিবাস আচার্টের কন্যা হেমলতা প্রভৃতি বৈষ্ণব সমাজের নেতৃত্বানীয়া হযেছিলেন, অনেককে দীক্ষাও দিয়েছিলেন। প্রীটেতনাও নিত্যানন্দেব অপ্রকটের পরে জাহ্বীদেবী বৈষ্ণব সমাজকে নেতৃত্ব দিয়েছিলেন নরোক্তম আয়োজিত থেতরির মহোৎসবে। এচভাবে প্রীটেতনাের ধর্মান্দোলনে নাবীমৃক্তিবও স্থচনা হয়েছিল।

আনেকে মনে করেন যে ঐটিচভন্যের বৈষ্ণবভাব প্রভাবে বাঙ্গালী বীর্বহীন ত্বল জাতিতে পরিণত হয়েছে। কিন্তু এ ধারণা যে কভটা ভ্রান্ত তা বোঝা যাবে ঐটিচভন্যের কঠোর জীবনাচরণ ও ধর্মযভের পর্বাচৈতন্তপ্রভাবে বাজানীর বীর্বহীনভাগ করার শক্তি চৈতন্যদেবই বাজালীকে যুগিয়েছিলেন।
জগাই-মাধাই উদ্ধার ও কাজি শাসনের ব্যাপারে প্রীগোরাক্ষের ভূমিকা বীর্বহীন

১ চৈতত্ত —বঙ্গদৰ্শন, ৫ৰ্থ বৰ্ধ —৬৪ সংখ্যা, ১২৮২ জ্ঞাশনাল লিটাৱেচার কোং-এর দারা পুনসুক্তিত (১৩৪৬)—গৃঃ ২৬১

কাপুকৰতার লক্ষণ নয়। সমস্ত কামনা বাসনা ত্যাগ করে কঠোর বৈরাসীর জীবনাচরণ,—কোন আকাজ্ঞা পোষণ না করে ঈরবলাভের কঠোর সাধনা বলহীন ব্যক্তির আয়ন্তাধীন নয়। তুণ অপেক্ষাও দীন, তরু অপেক্ষাও সহিষ্ণু অমানী হয়ে মানীর সম্মান প্রধানের যে দৃঢ্ভা তাও নিবীর্ষের পক্ষে সম্ভবপর নয়। ডঃ স্কুমার সেন যথার্থই বলেছেন, "চৈতন্যের বৈরাগ্যধর্ম কর্মবিমুখ ভিক্ত্কের নয়। এ ধর্ম অত্যম্ভ কঠিন বীর্ষবানেরই আচরণীয়।" তিনি প্রীচৈতন্যের প্রেমধর্মের অভিযোগের উত্তরে আয়ও বলেছেন, "চৈতন্য বাঙ্গালীকে নিবীর্ষ করেন নাই। বাঙ্গালীর বীর্ষহীনতা বলিতে যাহা বোঝায় তাহা তাহার দেশ-সমাজ-সংসাবের পরিবেশ। অল্লায়াসলত্য শস্ত্র, প্রাম-নিবছ নির্মণ্ডর জীবনযাত্রা, পরম্পর সহনশালতা ও উচ্চাকাজ্ঞাহীনতা—এই সব মিলিয়া বাঙ্গালীকে ঘরপোষা ও নিরুগ্তম করিয়াছিল। বার্ষহীনতা যদি কিছু খাকে তবে তা নিরুগ্যের প্রত্তে আসত।"

হরেরক্ষ মুখোপাধ্যায় ঐতিচতত্ত্বর বিশাল কীর্তির মূল্যায়ন প্রাপ্ত লিখেছেন, "রাজকীয় সহায়তা নাই, আইনের বাধ্যতা নাই, অন্তশন্ত্রের ঝনঝনা নাই, বলপ্রয়োগের ভীতি নাই, যেন কোন ঐক্তজালিকের ঘাতৃদগুম্পার্শে বাঙ্গালার একটা মঙ্গলময় রূপান্তর ঘটিয়া গেল। একজন কৌপীনসম্বল পুরুষের অঙ্গলী-হেলনে কোটি কোটি বাঙ্গালীর এই জাতীয় অভ্যুখান।"

প্রথাত ঐতিহাসিক রাথানদাস বন্দোপাধ্যায় স্বল্টভাবে চৈতক্স পরবর্তী যুগে উড়িয়ার পতনের জন্ম শ্রীচৈতন্তকে দায়ী করে নিথেছেন, "Suddenly from the beginning of the 1⁵th century a decline set in the

power and prestige of Orissa, with a corresponding decline in the military spirit of the people. The decline is intimately connected with the long residence of the Bengali Vaisnava Saint Chaitanya in the country. If we accept the truth of what the Sanskrit and Bengali biographies of Saint state about his influence over Prataparudra and the people of the country, even then, we must admit that Chaitanya was one

১ ৰাজালা সাহিত্যের ইতিহাস-১ম, পূর্বার্ধ-পু: ৩১৪

२ वा. गा. हे. १४ পूर्वाय - नृ: ७०३ ० वाजानात्र की उन ७ की उनीवा-- नृ: १७৮

of the principal causes of political decline of the empire and the people of Orissa. Not only that acceptance of vaisnavism rather Neo-Vaisnavism was the cause of the Muslim conquest of Orissa in twenty-eighth year after the death of Prataparudra."

রাখাল দাসের অভিমত অন্তান্ত অনেক পণ্ডিভই গ্রহণ করেছেন। ড: হরেরুক্ষ মহাভাবও এই মভাহুলারী হয়ে বলেছেন, "A doctrine that preaches inaction and sentimentalism is harmful to the ordinary man in his daily walk of life and it is simply fatal to administrator who holds the destiny of millions. The attempt to make the Bhakti cult a mass religion and to influence the king and his officers by its sweet pessimistic philosophy had no doubt been fatal to the social political life of the country."

জয়ানন্দ জানিয়েছেন যে মহাপ্রভু প্রতাপরুত্তকে বাঙ্গালাদেশ জাক্রমণ থেকে বিয়ত কয়েছিলেন।

প্রতাপকর গোড জিনিতে করে আশা।
শুনিঞা গোড়েন্দ্র তারে করেন উপহাসা॥
চৈতক্তদেবের রাজা আজ্ঞা মাগিল।
প্রত্ বলেন প্রতাপকর কুবুদ্ধি লাগিল॥
কাল যবন রাজা পঞ্চগোড়েশর।
দিংহ শার্ল দেখ কতেক আশ্বর॥
ভড়ুদ্দেশ উদ্ধের করিবেক যবনে।
জগরাথ নীলাচল ছাড়িবেক এতদিনে॥
লক্ষ্যা পাবে প্রতাপকর আমার বাক্য ধর।

কিন্ত জয়ানক্ষের এই বাক্যে যুক্তিযুক্তভাবেই সংশয় প্রকাশ করেছেন দ্রুঃ প্রভাতকুষার মুখোপাধ্যায়। যে বিষয়-বিহক্ত সন্ত্যাসী শ্রীচৈতক্সবিষয়ীয় সংশার্শ ভারে প্রভাপকজের সঙ্গে সাক্ষাং করতে স্বীকৃত হন নি তিনি প্রভাপকজের মুক্ত-বিগ্রহাদি রাজকার্যে হস্তক্ষেপ করবেন, তা সন্তাব্য বিবেচিত হর না।

[:] History of Orissa-Vol. I-P. 330.

२ History of Orissa—p. 92 🌼 हिस्स नवन —विस्त — २।२৮-७२

বিশেষতঃ মহাপ্রভূ শেব বাদশ বংগর যেতাবে আত্মভাবমর থাকতেন, তাতে। বিষয়কর্মে শ্রামর্শদান তার পক্ষে সম্ভব বলেও মনে হয় না।

ইামানন্দের বাতা গোপীনাথ পট্টনায়ক বাজা প্রতাপক্ষণেবের হুই লক্ষ্ কাইন কড়ি আত্মসাৎ করায় চালে চড়িয়ে তাঁর প্রাণদণ্ডাদেশ হয়েছিল। মাচার উপর থেকে থড়েগর উপরে কেলে বধ করাকে চাকে চড়ানো বলা হয়। লোকজন এসে এই সংবাদ মহাপ্রভুকে দিলে—

> প্রভূকহে রাজা আপন লেখার দ্রব্য লৈব। আমি বিরক্ত সন্ত্যাসী তাহে কি করিব॥°

রামানন্দের গোটা প্রভ্র ভক্ত, স্তরাং এ ক্ষেত্রে প্রভ্র উদাসীন থাকা উচিত নর বলে স্করণাদি ভক্তবৃন্দ মহাপ্রভ্র কুপা প্রার্থনা করলে তিনি বললেন যে, তিনি পাঁচগণ্ডার ভিক্ষ্ক, তুইলক্ষ কাহন তাঁকে রাজা ভিক্ষা দেবেন কেন ? লোকে এসে মহাপ্রভ্কে জানাচ্ছে, গোপীনাথকে থজ্গের উপরে রেথেছে। মহাপ্রভ্ জানালেন, তাঁর কিছুই করণীয় নেই, জগন্নাথের কাছে প্রার্থনা করলে, তিনিই ক্ষা করতে পারেন। তথন সার্বভোমতনর হরিচন্দনের চেষ্টায় গোপীনাথের প্রাণরক্ষা পার। বাণীনাথকেও রাজার লোক বেঁধে নিয়ে গিয়েছিল। বন্দীশালার বাণীনাথ হয়েরক্ষ নাম জপ করেছিলেন শুনে প্রভ্ সন্তই হলেন। তিনি কাশী মিশ্রকে বললেন যে তিনি পুরীতে থাকবেন না কারণ এথানে বিষয়ীর উপত্রব, বারবার লোক এসে তাঁকে তাংথ দিয়েছেন, বিষয়ীর কথায় তাঁর মন কুর ইয়।

ইহা বহিতে নারি যাব আলালনাথ। নানা উপত্রবে ইহা না পাই সোয়াথ।

বিষয়ীর বার্ডা তনি কোভ হয় মন। ভাতে ইহা বহি মোর নাই প্রয়োজন।

প্রতাপরুত্তক কাশীনাথ তাঁকে আখাস দিয়েছিলেন—
তুমি বসি বহু কেনে যাবে আলালনাথ।
কেই ভোমা না শুনাবে বিষয়ীর বাত ॥

বিষয়ীর শর্প বার এডই কটকর ছিল, তিনি প্রতাপরুত্রকে রাজ্যজ্ঞরে বা মুক্তবিপ্রাহ সম্পর্কে যে পরামর্শ দেবেন, তা মনে হয় না।

জ্বানন্দ বলেছেন যে মহাপ্রভু প্রতাপক্তকে পরামর্শ দিয়েছিলেন বাদালা দেশের পরিবর্তে কাঞ্চী জয় করতে। এ ঘটনাও সত্য নয়। প্রত্নলিপি থেকে আমরা জানতে পারি যে ১৫১০ ও ১৫১৫ খ্রীষ্টাকে রাজা প্রতাপক্ষদেব मिन्दिन मर्गित यांवा करवि लग काकीत बाक्यांनी हर्जार्गत काम्र के নম বিজয়নগরের থাজা কৃষ্ণদেব রায়ের আক্রমণ থেকে স্থরাজ্য বক্ষার উদ্দেশ্যে। ১৫.৪ এটাকে মহাপ্রভু ষথন বুলাবন যাত্রা কবেছিলেন, তথন প্রভাপক্তদেব পুরীতে ছিলেন না, তিনি রাজধানীতে রাজকার্যে ব্যাপ্ত ছিলেন ঞ্জীষ্টাব্দে তিনি ক্লফদেবরায়ের দক্ষে সন্ধিত্বাপন করতে ও শর্ত হিদাবে কন্থার বিয়ে দিতে বাধা হন। ১৫১৭ খ্রীষ্টান্দ পর্যস্ত প্রতাপকদ্রদেব বাজকার্যে স্ক্রিয় [†]ছলেন। কিন্তু অসম্মানজনক সন্ধি ও সাহসা বীর যুবক পুত্র বীরভন্তের অকাল মৃত্যু তাকে ভাষোত্তম করে তুলেছিল। তাঁর অপর দুই পুত্র ছি । অপদার্থ। স্বতরাং ভগ্ন-হুদ্ধ বাজা ধর্মের মধ্যে নিজেকে নিমগ্র করে রাথলেন। এমন কি কুফনেক রায়ের মৃত্যুর পরও প্রতাপঞ্জ হুডরাজ্য পুনকদ্ধারের কোন প্রয়াস করেন নি। হোসেন শাতের মৃত্যুর প: ১৫৩০ খ্রীষ্টানে গিয়াস্থানন মহম্মদ শাহ্ গোড়ের সিংহাসন অধিকার শবেছিলেন। গিগাস্থাদ্দিনের রক্তাপ।চ্ছল রাজত্বাল তাকে অপ্রিয় কবে তুলেছিল। এই স্থোপে প্রতঃপরুজদেব হোসেন শাহ কর্তৃক বিভিত রাষ্ট্র পুনরুদ্ধারের চেষ্টা করতে পাবতেন। কিন্তু তিনি কোন প্রয়াসই করলেন না।

প্রতাপরুদ্ধনের মহাপ্রভু ইতিত তার একার অকরাগী ভক্ত হলেও চৈত ক্রথমর্থ বা গৌড়ার বৈষ্ণব ধর্ম প্রোপ্রি প্রতাপ করেন নি। প্রীচৈত ক্রপ্ত প্রীতে আত্মভাবরের নিমগ্র থাকতেন। প্রতাপরুদ্ধ ভবিষ্কৎ সম্পর্কে হতাখাস হয়ে জীবনের শেষদিকে একপ্রকার নিজ্ঞিয় হয়ে পড়েছিলেন। স্বভরাং এই সময়ে তিনি ধর্মের দিকে অধিকতর মনোযোগী হওয়ার প্রীচৈত তার প্রতিও অধিকতর পরিমাণে আগ্রহী হয়ে ওঠেন। এই স্থযোগে সামান্ত প্রদেশের শক্তিশালী সামন্ত রাজারা কার্যতঃ খাধীন হযে উঠলেন। কৃষ্ণকোটের শাসক বাছবলেক্র এবং নক্ষপুরের শাসক বিশ্বনাথ দেও প্রাধান্য অর্জন করে রাজকীয় শাসন উপেক্ষা করেছিলেন। গোলকুগুরে শাহ কুলি কতুর বিনা বাধায় কোণ্ডপরী দখল করলেন। প্রতাপরুদ্ধের মৃত্যুর অর পরেই গোদাবরী কৃষ্ণায় অববাহিকা উঞ্জিয়ার হাডছান্তা হয়ে গেল। স্বভাগে উঞ্জিয়ার ত্র্বলতার ও মুদলমান অধিকারের

Gajapati Kings of Orissa—pp. 91-92.

ৰঙ্গ ইতিভন্তকে দায়ী কৰা স্মীচীন নয়। উড়িয়ার প্তনের জন্ম প্রধানতঃ দায়ী প্রভাপক্ষের বংশধরদের ত্র্বজ্ঞা। ডঃ প্রভাতকুমার মুখোপাধ্যায় যথাপই বংশহন, "R. D. Banerjee has done great injustice to the memory of the great saint by holding him responsible for military decline of Orissa in the reign of Pratapa Rudra."

আচার্য স্থকুমার দেন এ সম্পর্কে নিথেছেন, "কেন্ট কেন্ট্ এমনও ইন্দিত করিয়া থাকেন যে চৈতন্তের প্রভাবেই নীর্যনান উড়িয়ারা স্বাধীনতা হারাইয়াছিল। এসব ভাবনা অনস কর্নামাত্র, ইতিহাস সম্থিত যুক্তিযুক্ত চিম্ভান য় । উড়িয়ার গঙপতি রাজা ছই পুরুষ—পুরুষোত্তম ও প্রতাপরুদ্ধ—ক্রমে ক্রমে রাজ্যাংশ হারাইতেছিলেন। চৈতন্ত নীলাচলে যাইবার ঠিক আগেই বাঙ্গালাউড়িয়া সীমান্তে হোসেন সাহার সঙ্গে প্রতাপরুদ্ধের যুদ্ধ হইয়াছিল এবং ভাহাতে উড়িয়া সীমান্তের কিছু অংশ মৃদলমান অধিকারে আদে। চৈতন্তের গতায়াতের বারাই উড়িয়া-বাঙ্গালার উপকৃস সীমান্তপ্র আবার খুলিয়া যায় এবং চৈতন্ত নীলাচলে থাকার ক্রেই বাঙ্গালার স্থলতানের সঙ্গে প্রতাপরুদ্ধের আরু সংঘর্ষ বাধে নাই। তৈতন্তর ভিরোগানের আট নয় বংসর পরে তবে উড়িয়া মৃদলমান শক্তি কর্তৃক আক্রান্ত হয়। প্রতাপরুদ্ধের মৃত্যুর পরে উড়িয়ার অবনতি চৈতন্য প্রভাবিত বৈষ্ণবভাবের জন্য নয়। তাহার সাক্ষাৎ কারণ রাজসভার ষড়যন্ত্র এবং রাজপুরদের যোগ্যতাহীনতা।"

স্করাং নির্থিয় বলা যায় যে জ্রীচৈতন্য ও তার প্রেমধর্ম বালালা ও উড়িয়ার ক্ষতিসাধন করেনি। বরঞ্চ সাহিত্য, সংস্কৃতি, ধর্ম ও সমাজের ক্ষেত্রে প্রভাব বৈপ্লবিক পরিবর্জন সাধন করে নথয়ুগ আনম্বন ক্ষাবভাররপে প্রতিষ্ঠা করেছিল। তার অপৌকিক শক্তি ও অবভারতে কেউ কেউ অবিধাস করতে পারেন কিন্তু তার জাবন সাধনা ও সর্বব্যাপী কালাভিশারী প্রভাব তাঁকে প্রকৃতই ব্যাবভাররপে প্রভিত্তিত করেছে। প্রত্যায় মিশ্র মহাপ্রভ্বেক ব্যাবভাররপেই উরেথ করেছেন—যুগাবভারং বিজ্ঞায় জ্বানজ্ব চ ভক্তিত:। ও এরানন্দও তাঁকে বুগাবভার বলে ঘোষণা করলেন—ধর্মান্থানা হেতৃ বুগ অবভার। তাঁক

> Gajapati Kings of Orissa-p. 107.

২ ৰাজালা সাহিত্যেৰ ইতিহাস-->ৰ পূৰ্বাৰ্ব--পৃ: ৩১৪

৩ চৈতৰ্ভদেৰের অবতাৰত স্থীকা-সভাপদ সাহিত্যাচাৰ্য

३ अक्निदेठछरकामन्नावनी—७।३४ **१ टिडक्टबनन**—वाहि—१।३७

পরিশিষ্ট

মহাপ্রভূ শ্রীটেডক্স রচিত জোকাবলী:—
(রূপ গোস্বামীর প্রভাবলী বেকে সংক্লিড)
চেতো দর্পণমার্জনং ভব মহাদাবাগ্নি নির্বাপণং
শ্রেয়: কৈরবচাক্রকাবিতরণং বিভাবধু জাবনম্।

আনন্দাম্ধিবর্ধনং প্রতিপদং পূর্ণামৃতামাদনং সর্বাত্মাম্মপনং পরং বিষয়তে উক্তিম সংকীর্তনম ।

- চিত্তদর্পণের মালিক্সনাশকারী, সংসাব রূপ মহাদাবানলের নিধাণকারী, কল্যাণরূপী কুমুদে জ্যোৎসা বিভরণকারী, বিভাবধুর জীবনস্বরূপ, আনন্দসাগরের বৃদ্ধিকারী, প্রতিপদে পূর্ণ অমৃতের আস্বাদনরূপী, সমগ্র আস্বাব সিম্বকারী শ্রীকৃষ্ণসংকীর্তন জন্মস্কু হোক।
 - নামামকারি বহুধা নিজ সর্বশক্তিভ্রাণিতা থিলপ্তরো শ্বরণে ন কালম্।
 এতাদৃশা তব কুণা ভগবয়মাপি
 ছুইদিবমাদৃশমিহাজনি নায়্রাগঃ॥

3 1

- —হে ভগবন্! তুমি নিজের জনেক রকমের নাম করেছ, নিজের সমস্ত শক্তি সেই নামে অর্পণ করেছ, হে অথিল জগতের গুরু, তোমার নাম শ্বরণে কোন কালবিচার নেই, তোমার এডাদৃশী রুপা, আমার এমন ছুদৈব বে ডোমার নামে আমার কোন অস্থাগ জ্যাছে না।
 - ভাৰতি ভ্ৰীচেন ভৱোৱিব সহিশ্না।

 ভ্ৰানিনা মানদেন কীউনীয়: সদা হরি।
- —ভূব অপেকাও স্থনীচ, তরু অপেকাও সহিষ্ণু, মানশৃষ্ঠ ও অপরের সন্ধান -হাভা ব্যক্তির হারা হরি সর্বদা কীর্তনীর।
 - গ্রনিক্তয়্জ বিবরং
 পতিতং মাং বিবমে ভবায়্ধো ।
 কুপয়া ভব পাদ পয়য়ভিতয়্বি সদৃশং বিভাবয় ।

- —হে নন্দনন্দন রুঞ ! ভয়হর ভবসাগরে পতিত ভোমার কিছর আমাকে কুপা করে ভোমার পাদপহজন্বিত ধূলির মত মনে কর ।
 - নয়নং গলদখ্ধারয়া বদনং গদ্গদক্ষরা গিরা।
 পুলকৈনিচিতং বপু: কদা তব নাম গ্রহণে ভবিশ্বতি ।
- —হে রুঞ্ তোমার নাম গ্রহণে কবে আমার চোখ গলিত অঞ্ধারায়, মুখ গদ্গদ কর বাক্যে, দেহ পুলকরোমাঞে পূর্ণ হবে ?
 - । ন ধনং ন জনং ন জ্বনরীং কবিতাখা জগদীশ কামরে।
 মম জন্মনি জন্মনীখরে ভবতায়্রক্তিরহৈতৃকী ছরি।
- —হে জগদীশ! আমি ধন, জন, স্থলরী বা কবিতা চাই না, কেবল জয়ে জয়ে ঈশবে তোমাতে আমার অহৈতৃকী ভক্তি থাকুক।
 - १। দ্ধিমধন নিনাদৈত্যক্তনিত্ত: প্রভাতে
 নিজ্তপদমাগারং বল্পবীনাং প্রবিষ্টা।
 মূথ কমল সমীরৈ রাক্স নির্বাপ্য দীপান্
 কবলিত নবনীতঃ পাতৃ মাং বাল ক্লফঃ॥
- দধিমন্থনের শব্দে নিজাত্যাগ করে প্রভাতে নিঃশব্দ পদে গোশিকাদের গৃহে প্রবেশ করে মৃথপদ্মের বায়্য (ফুৎকারের ঘায়া) সম্বর দীপ নির্বাশিত করে বিনি নবনী হস্তগত করেছিলেন নেই বালক ক্রম্ম আমাকে রক্ষা করুন।
 - ৮। সব্যে পাণৌ নিয়মিভরবং কিছিনীদাম গ্রথা
 কুজাভুর প্রপদগতিভির্মন্দং মন্দং বিহস্ত।
 আক্ষোর্ভদ্যা বিহনিভম্থীবার্যন্ সম্পীনা
 মাতৃঃ পশাদহরত হরিজাতু হৈয়কবীনম ॥
- —বাঁ হাতে কিছিনীদাম ধাৰণ করে শব্দ নিবাৰণ করে, কুঁজো হরে পদের অপ্রভাগের সাহায্যে গমন করে মন্দ মন্দ হেসে চোধের ভঙ্গী বারা হাত্তমুখী সন্মুখহ গোপীদের নিবৃত্ত করে মারের পশ্চাৎ থেকে হরি কোন সমরে ননী চ্রিকরেছিলেন।
 - বৃগারিতং নিমেবেণ চক্ষা প্রাবৃধারিতং

 শ্ন্যারিতং অগৎ সর্বং গোবিন্দ বিরবেশ রে।
- —গোবিন্দের বিরহে আমার এক নিমেব মনে হচ্ছে বৃগ, চোথে নেমেছে বর্ষা, সমস্ত অগৎ শৃক্ত মনে হচ্ছে।

— তাঁর চরণে অহ্বক্তা আমাকে আলিঙ্গন করে পিট করুন, অথবা অদর্শনেব থারা আমাকে মর্মাহত ককন, সেই লম্পট যা যা ইচ্ছা তাই করুন, কিন্তু তিনিই আমাব প্রাণনাণ, অন্ত কেউ নয়।

জন্ধানন্দের চৈতন্তমঙ্গণে ঐচিতন্ত বচিত একটি শ্লোক আছে। বারাণদীর সন্মাদীরা নালাচল সন্মাদীব যোগ্যক্ষেত্র নয়, বারাণদীই সন্মাদীর বসবাদেব বোগ্য স্থান এই মর্মে একথানি পত্ত মহাপ্রভূব কাছে প্রেরণ করলে মহাপ্রভূত হোলার ধরণে নিম্নোদ্ধত শ্লোকটি বচনা করে বাবাণদীতে প্রেরণ করেছিলেন। শ্লোকটির বাহ্নিক অর্থ অন্থ্যাবে বিরক্ত সন্মাদী ঐচিতন্তের রচনা কিনা সন্দেহ হয়।

(চৈ. ম. প্রকাশ— ২• ˈ

সিংহোবলী বিরদ শৃকরমাংসভোগী
সংবংসরেণ কুরুতে বভিমেকবারম্।
পারাবতঃ থলু শিলাকণমাত্রভোগী
কামী ভবেদমুদিনং বদ কোহত্ত হেতু: ॥


—শৃকর ও হস্তার মাংসভোজনকারী বলবান্ সিংছ বংসরে একবার মাঞ রতিক্রিয়া করে, পাথবের কুচা শশুের কণা থেরে পারাবত সারাদিনই কামী হয়ে থাকে, এর হেতু কি বল।

শ্রীমন্মহাপ্রভু চৈতন্যের রাশিচক্রে ধর্মভাববিশ্লেষণ —অধ্যাপক তঃ রামজীবন আচার্য

বাংলা তথা ভাষতের ইতিহালে শ্রীমন্ মহাপ্রাঞ্ হৈতজ্ঞচন্দ্র এক বিষ্ঠবিশার। বিলাল ৮৯২, শকাল ১৪০৭, ২৩শে কাল্কন, গ্রীষ্টাল ১৪৮৬, ২৭শে কেব্রুসারী তাঁর আবির্ভাব সমগ্র জাতির নিকট পূর্ণ চল্লোদরের মতোই স্থপ্রাল। কাল্কনী রাকাতিথিতে তাঁর শুভ আবির্ভাব। বৈশ্বন মহাজন বাস্থ্ ঘোৰ তাঁর একপদের প্রাঞ্জন প্রাবে তিথি নক্তত্তের উল্লেখ করে শিখলেন:

জর জয় কলরব নদীয়া নগরে।
জনম লভিলা গোরা শচীর উদরে।
ফান্তন পূর্ণিমা তিথি নক্ষত্র ফান্তনী।
ভাতকণে জনমিলা গোরা বিজমণি।

শীমন্ মহাপ্র হা রাশিচক আমাদের হাতে এসেছে তা এরপ:



লগ্ন ও বাশির নবম গৃহ থেকে ধর্মভাবের সাধারণ বিচার করতে হয়।
প্রীচৈতন্তের সিংহলগ্ন ও সিংহরাশি হওরায় ধর্মস্থান একটিই হয়েছে—তা মেব।
মেব রাশি মঙ্গলের মূল ত্রিকোণ রবির তৃঙ্গন্থান। ধর্মস্থানপতি মঙ্গল পঞ্চম
কোণে বৃহস্পতিসরিধানে ধছুরাশিতে থেকে জাতককে করেছেন গুরুন্দুর্বী ও অপার
আলোকের অভিযাত্রী। মঙ্গল যেথানেই থাকুন গুরু-বৃহস্পতির বারা দৃষ্ট বা
মৃক্ত হ'লে তিনি অশেব ও ভক্নপ্রাদ হন। ধর্মপতি মঙ্গল বৃহস্পতিক্ষেত্রে
বৃহস্পতিযুক্ত হয়ে প্রতিচতন্তের ধর্মভাব নিয়ম্বণ করেছেন।

জ্যোতিষশালে যে সকল সন্নাসযোগের উল্লেখ আছে তার একটি হলো এই যে চার, পাঁচ বা ছয়টি গ্রহ যদি এক গৃহত্ব হন তবে ভোগদায়ক রাজযোগ নষ্ট হয়, স্ট হয় প্রবিজ্ঞা যোগ:

গ্রহৈন্ড চুর্ভিষনি পঞ্চতির্বা বড়জিন্তথৈকালরসংস্থিতৈন্ড।

নশ্বস্থি দর্বে থলুরাঞ্বোগা: প্রাব্রাঞ্চিকো যোগ ইতি প্রাদৃষ্ট: ।

লগ্নের দপ্তমে রবি, বৃধ, শুক্র, রাজপ্রমুখ চারিটি গ্রহের একজাবস্থান শ্রীচৈডয়কে সন্ন্যানযোগে দীক্ষিত করেছিল।

স্বার এক স্বর এখানে উল্লেখ্য। যাদ বলবান ধর্মপতি কেন্দ্রকোণস্থ হন এবং বলবান লগ্নপতি লগ্নদর্শী হন তবে জাতক ভোগস্থখাভিলাষ পরিত্যাগ করে তাপসত্রত গ্রহণ করেন:

বলবতি শুভনাথে কেন্দ্রকোণোপয়াতে শুভ শুভমুপয়াতি স্বামিদৃষ্টে বিলয়ে। স্বরগুরু নবভাগবিংশদংশবিজ্ঞাগে দশমভবনণে বা বীতভোগতপত্মী।

শ্রীগোরাক্ষের নবমপতি মঙ্গল বৃহস্পতির ক্ষেত্রে বৃহস্পাতসন্ধিধানে পঞ্চমে থেকে বলবান। লগ্নপতি রবি সপ্তমে থেকে লগ্নদর্শী। তাই শ্রীগোরাঙ্গের ভোগস্থবর্জন ও তপশ্চর্যা। ভাগ্য বা ধর্মস্থানপতির পঞ্চমাবদ্ধান বিষয়ে জ্যোতিষ্বচন এখানে উল্লেখের অপেকা রাথে। ভাগ্যপতি যদি পঞ্চমে থাকেন তবে তিনি কাতককে গুরুভক্তিরত, ধীর, ধীবগুণসমন্বিত, ভাগ্যবান ইত্যাদি ক'রে থাকেন:

ভাগ্যেশে পঞ্চয়ে লাভে ভাগ্যবান জনবল্লভ:। গুৰুভক্তিৰতো মানী, ধীবো ধীবৈ গুণৈযুঁত:।

আব লয়ে সৌমগ্রহ সোম সংযুক্ত কেতৃ জাতককে অধ্যাত্মচিস্তার উৰ**্ছ** করেছেন, চতুর্থে ষষ্ঠ-সপ্তমণতি ত্যাগপর গ্রহ শনি জাতককে সংগার ত্বথ বর্জনে সহায়তা করেছেন।

শ্রীমন্মহাপ্রত্ব সন্ন্যাসগ্রহণ ও ধর্ষভাবচিন্দার আবো নানা কর জার রাশিচক্র থেকে মিললেও একরটি যথেষ্ট সাহায্য করবে ব'লে আমাদের বিশান।
শ্রীকৈতন্তের রাশিচক্রে ধর্মভাব বিশ্লেষণ প্রয়াস আমার প্রতি তারই কুপাকটাক্র মাত্র ব'লে মনে করি। জন্ন চৈতন্ত জন্ম চৈতন্ত।